মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

দ্রোণপর্ব্ব

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকস্থূরিবর্ম্মস্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৪৫ বঙ্গাব্দে

কলিকাতা ৪১ সংখ্যক-সূরিবর্ত্ম স্থ-

সিদ্ধান্তযন্ত্রে

সহকারিসম্পাদক—শ্রীহেমচন্দ্রভট্টাচার্য্যেণ মুদ্রিতম্‌।

নিবেদন

ভগবানের অনুগ্রহে মহাভারতের দ্রোণপর্ব্ব প্রকাশিত হইল। এই পর্বে সানৎসুজাত ও ভগবদ্গীতাপ্রভৃতির ন্যায় কোন দুরূহ অংশ না থাকায় এই পর্ব পরিমাণে বৃহৎ হইলেও অপেক্ষাকৃত সরল। সম্ভবতঃ এই জন্যই দর্শনাচার্য্য নীলকণ্ঠ প্রথমের দিকে মোটেই টীকা করেন নাই, শেষের দিকে দুই একটী শ্লোকের একটু একটু টীকা করিয়া গিয়াছেন। ইহাতে হয় ত কেহ বলিতে পারেন যে, এই পর্ব্ব বস্তুতই যদি সরল হইল, তবে আর ইহার প্রত্যেক শ্লোকের বঙ্গানুবাদ ও টীকা করিয়া গ্রন্থকলেবর বৃদ্ধি করা হইল কেন? ইহার উত্তরে বক্তব্য এই যে, সংস্কৃতভাষায় অনভিজ্ঞ অনেক পাঠক ও পাঠিকা যথানিয়মে এই গ্রন্থ পড়িয়া থাকেন; তাঁহাদের পড়িবার বিষয় একমাত্র বঙ্গানুবাদ। সুতরাং সেই বঙ্গানুবাদই না থাকিলে তাঁহারা পড়িবেন কি; বিশেষতঃ সরল শ্লোকগুলিরও বঙ্গানুবাদ না থাকিলে বঙ্গানুবাদগ্রন্থখানি অসম্পূর্ণ থাকিয়া যায়। এই জন্যই প্রত্যেক শ্লোকের বঙ্গানুবাদ করা হইয়াছে। তা'র পর এই পর্বেও দুরূহ শ্লোক অনেক আছে; তথাপি নীলকণ্ঠ সরল শ্লোকগুলির সঙ্গে সঙ্গে দুরূহ শ্লোকগুলিকেও পরিত্যাগ করিয়া গিয়াছেন; তাহাতে একপক্ষে যেমন নীলকণ্ঠের পরিশ্রমের লাঘব হইয়াছে, পক্ষান্তরে প্রক্ষিপ্তবাদীরাও বিশেষ সুবিধা পাইয়াছেন। কেন না, অনেক প্রক্ষিপ্তবাদীই তাঁহাদের অমনোনীত শ্লোকগুলিকে প্রক্ষিপ্ত বলিয়া থাকেন এবং তাহার অনুকূলে একথাও বলেন যে, এ স্থান যদি প্রক্ষিপ্তই না হইবে, তবে অবশ্যই নীলকণ্ঠ ইহার টীকা করিয়া যাইতেন। সুতরাং আমি মহাভারতের প্রত্যেক শ্লোকই ধরিয়া তাহার কিছু না কিছু ব্যাখ্যা করিয়াছি। তাহাতে ভবিষ্যতে অবশ্যই সমালোচকেরা এইরূপ মনে করিবেন যে, অন্ততঃ আমি (ভারতকৌমুদীটীকাকার) সেই সেই শ্লোক প্রক্ষিপ্ত বলিয়া ধারণা করি নাই, মৌলিক বলিয়াই মনে করিয়াছি। আর এক কথা—শঙ্করাচার্য্য, শ্রীধরস্বামী, মধুসূদনসরস্বতী ও নীলকণ্ঠপ্রভৃতির সময়ে যে সকল মতবাদের আবির্ভাবই হয় নাই, বর্ত্তমান সময়ে পাশ্চাত্যশিক্ষার প্রভাবে সেই সকল মতবাদের পূর্ণ বিকাস হইয়াছে। যথা—উদ্‌যোগপর্বে হস্তিনারাজসভায় সন্ধিস্থাপনপ্রসঙ্গে কৃষ্ণের বিশ্বরূপপ্রদর্শন (১) এবং ভীষ্মপর্বে ভগবদ্গীতা প্রক্ষিপ্ত ইত্যাদি, (২) অর্জ্জুন বিধবা উলূপীকে বিবাহ করিয়াছিলেন বলিয়া পূর্বকালে সমাজে বিধবাবিবাহ প্রচলিত ছিল, (৩) মহাভারতরচনার পরে রামায়ণরচনা, (৪) কুরুক্ষেত্রযুদ্ধের সময়ে অর্জ্জুনের বয়স ৪২ বা ৪৮ বৎসর, (৫) স্বকার্য্যসাধনের জন্য রামের বালিবধ অসঙ্গত হয় নাই এই

(১) উদ্‌যোগপর্ব্ব ১২২ অধ্যায় ৪—৫ শ্লোকের ভারতকৌমুদী টীকা ১০৯০ পৃষ্ঠে।

(২) ভীষ্মপর্ব্ব ২৫ অধ্যায় প্রথমে ভারতকৌমুদী টীকা ১৯৫ পৃষ্ঠে।

(৩) ভীষ্মপর্ব্ব ৮৭ অধ্যায় ৯ শ্লোকের ভারতকৌমুদী টীকা ১১৫৭ পৃষ্ঠে।

(৪) দ্রোণপর্ব্ব ১২৪ অধ্যায় ৪৯ শ্লোকের ভারতকৌমুদী টীকা ১১৯৩ পৃষ্ঠে।

(৫) দ্রোণপর্ব্ব ১৬৭ অধ্যায় ৪৪ শ্লোক ভারতকৌমুদী টীকা ১৭৫৮ পৃষ্ঠে—

মত পূর্বেও ছিল (৬) ইত্যাদি। এই সকল মতবাদের প্রতিবাদ আমি ভারতকৌমুদী-টীকায় করিয়াছি। কিন্তু সরল বলিয়া সেই সকল শ্লোক ছাড়িয়া গেলে সে প্রতিবাদ-গুলির সম্ভাবনাই থাকিত না। সুতরাং বাধ্য হইয়াই আমার সরল ও কঠিন সকল শ্লোকেরই টীকা করিতে হইয়াছে।

পাঠান্তরে লিখিত সাঙ্কেতিক অক্ষরগুলির বিবরণ।

পি—আমার পিতামহ ৺কাশীচন্দ্রবাচস্পতিমহাশয়লিখিত পূর্ব্ববঙ্গদেশীয় পুস্তক।

বঙ্গ—বঙ্গবাসীসংবাদপত্রকার্য্যালয়মুদ্রিত পশ্চিমবঙ্গদেশীয় পুস্তক।

বর্দ্ধ—বর্দ্ধমানরাজমুদ্রিত পশ্চিমবঙ্গদেশীয় পুস্তক।

বা—বাপুদেবশাস্ত্রিসংশোধিত কাশীপ্রদেশীয় মুদ্রিত পুস্তক।

রা—রামশাস্ত্রিসংশোধিত মুদ্রিত দাক্ষিণাত্যপুস্তক।

নি—নির্ণয়সাগরযন্ত্রমুদ্রিত কুম্ভঘোণপ্রকাশিত পুস্তক।

বিশেষ বিশেষ স্থানে অন্যান্য পুস্তকও আদর্শরূপে ব্যবহৃত হইয়াছে। ইতি—

কলিকাতা ৪১ নং স্থরিলেন,
সিদ্ধান্তবিদ্যালয়।
১৩৪৫ সাল ১২ শ্রাবণ

চিরবিধেয়—
শ্রীহরিদাসদেবশর্ম্মা।

"যদা গতং বয়ো ভূয়ঃ শিষ্টমল্পতরঞ্চ নঃ। তস্যেদানীং বিকারোঽয়মধর্ম্মোঽয়ং কৃতো মহান্॥"

অর্জ্জুনের এই স্পষ্টোক্তিবশতঃ কুরুক্ষেত্রযুদ্ধের সময়ে তাঁহার বয়স ৭০ বৎসরের কম হইতেই পারে না।

দ্রোণপর্ব্ব ১৩৬ অধ্যায় ৮৬ শ্লোক ১৩৩৯ পৃষ্ঠে—

"তময়স্ময়বর্ম্মাণং দ্রৌণির্ভীমাত্মজাত্মজম্। জঘানাঞ্জনপর্ব্বাণং মহেশ্বর ইবান্ধকম্॥"

ভীমের পুত্র ঘটোৎকচ, ঘটোৎকচের পুত্র মহাযোদ্ধা অঞ্জনপর্ব্বা অশ্বত্থামার হস্তে নিহত হইয়াছিল। সুতরাং যাঁহার পৌত্র মহাযোদ্ধা, সেই ভীমের বয়স ৭১ বৎসর হওয়া সম্পূর্ণ সম্ভবপর। অতএব ভীম হইতে অল্প কনিষ্ঠ অর্জ্জুনের ৭০ বৎসর হওয়াই একান্ত সম্ভব।

দ্রোণপর্ব্ব ১০৯ অধ্যায় ৩৯ শ্লোক ১০০৯ পৃষ্ঠে—

"নিহতে চেদিরাজে তু তৎ খণ্ডং পিত্র্যমাবিশৎ। অমর্ষবশমাপন্নঃ পুত্রোঽস্য পরমাস্ত্রবিৎ॥"

শিশুপাল কৃষ্ণ অপেক্ষা অনেক বয়ঃকনিষ্ঠ ছিলেন, শিশুপালের পুত্র ধৃষ্টকেতু এবং ধৃষ্টকেতুর পুত্রকে 'পরমাস্ত্রবিৎ' বলা হইল। সুতরাং সেই কৃষ্ণের প্রায় সমবয়স্ক অর্জ্জুনের বয়স ৭০ বৎসরের কম হইতেই পারে না; তবে অনেক স্থানে অর্জ্জুনপ্রভৃতিকে যুবা বলা হইয়াছে, তাহার কারণ—তৎকালে সত্তরবৎসরপর্য্যন্ত যৌবন থাকিত, কিংবা সত্তরবৎসরের লোক যৌবনোচিত কার্য্য করিতে পারিত। এরূপ যুবা মহাভারতে অন্যকেও বলা হইয়াছে। যথা—দ্রোণপর্ব্ব ১৩৬ অধ্যায় ২২ শ্লোক ১৩২৬ পৃষ্ঠে—

"পুত্রপৌত্রৈঃ পরিবৃতো ভ্রাতৃভিশ্চেন্দ্রবিক্রমৈঃ। শ্যালস্তব মহাবাহুর্ব্রহ্মসংহননো যুবা॥"

এস্থানে যুদ্ধযোগ্য পুত্র ও যুদ্ধযোগ্য পৌত্রসমন্বিত শকুনিকে যুবা বলা হইল। সুতরাং সত্তরবৎসরবয়স্ক অর্জ্জুনকে যুবা বলা অসঙ্গত হয় নাই।

(৬) দ্রোণপর্ব্ব ১৬৭ অধ্যায় ৩৫ শ্লোক ১৭৫৬ পৃষ্ঠে—

"চিরং স্থাস্যতি চাকীর্ত্তিস্ত্রৈলোক্যে সচরাচরে। রামে বালিবধাদ্যদ্বত্তদ্বদ্দ্রোণে নিপাতিতে॥"

এস্থানে অর্জ্জুন রামের বালিবধকে অসঙ্গত বলিলেন। সুতরাং তৎকালেও বালিবধের অন্যায্যতার মতই প্রচলিত ছিল।

উদ্ধৃত শ্লোকগুলি মহাভারতের সকল সংস্করণেই আছে, তবে বিভিন্ন সংস্করণে অধ্যায় ও শ্লোকসংখ্যায় বৈষম্য দেখা যাইতে পারে।

পাঠক্রমে মহাভারতের বৃহৎ সূচীপত্র।

দ্রোণপর্ব্ব।

পাঠক্রমে দ্রোণপর্ব্বের বৃহৎ সূচীপত্র।

পাঠক্রমে দ্রোণপর্ব্বের বৃহৎ সূচীপত্র।

পাঠক্রমে দ্রোণপর্ব্বের বৃহৎ সূচীপত্র।

পাঠক্রমে দ্রোণপর্ব্বের বৃহৎ সূচীপত্র সমাপ্ত ॥০॥

দ্রোণপর্ব্বের অধ্যায় ও শ্লোকসংখ্যা।

মহর্ষি মহাভারতের আদিপর্ব্ব-দ্বিতীয় অধ্যায়ে গণনা করিয়াছেন—

"অত্রাধ্যায়শতং প্রোক্তং তথাধ্যায়াশ্চ সপ্ততিঃ ॥২৬৯॥
অষ্টৌ শ্লোকসহস্রাণি তথা নব শতানি চ।
শ্লোকা নব তথৈবাত্র সংখ্যাতাস্তত্ত্বদর্শিনা ॥২৭০॥"

অর্থাৎ এই দ্রোণপর্ব্বে ১৭০ অধ্যায় এবং ৮৯০৯ শ্লোক আছে। নিম্নলিখিত তালিকাটী দেখিলেই ইহার সম্পূর্ণ মিল বুঝা যাইবে।

অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা
১	...	৪৯	৩১	...	৪২	৬১	...	৩২
২	...	৩৭	৩২	...	২৯	৬২	...	২৩
৩	...	৪১	৩৩	...	৪৫	৬৩	...	২৬
৪	...	৪৩	৩৪	...	৩৬	৬৪	...	৮৭
৫	...	৪৩	৩৫	...	৫৫	৬৫	...	৪৫
৬	...	৩৬	৩৬	...	৩৭	৬৬	...	৩৪
৭	...	৪৩	৩৭	...	২৬	৬৭	...	৫৮
৮	...	৭৪	৩৮	...	২২	৬৮	...	২৬
৯	...	৫১	৩৯	...	১৯	৬৯	...	৪৩
১০	...	৩১	৪০	...	৫১	৭০	...	৪৩
১১	...	২৮	৪১	...	২৬	৭১	...	৮৮
১২	...	৮৭	৪২	...	৩৪	৭২	...	৩৪
১৩	...	৩৭	৪৩	...	৫৩	৭৩	...	৬৩
১৪	...	৫৩	৪৪	...	২১	৭৪	...	৫২
১৫	...	৪৯	৪৫	...	৬৮	৭৫	...	৫৬
১৬	...	৩১	৪৬	...	৫৭	৭৬	...	৬১
১৭	...	৩৯	৪৭	...	৪৮	৭৭	...	৩৫.
১৮	...	৩৪	৪৮	...	১১	৭৮	...	৪৪
১৯	...	৬১	৪৯	...	১১	৭৯	...	৭৪
২০	...	৩০	৫০	...	১৪	৮০	...	৭০
২১	...	৮৪	৫১	...	২৪	৮১	...	৭৪
২২	...	২০	৫২	...	১৩	৮২	...	৫১
২৩	...	৬২	৫৩	...	৮	৮৩	...	৩১
২৪	...	৬০	৫৪	...	১৮	৮৪	...	৩৫
২৫	...	৩১	৫৫	...	১০	৮৫	...	৫৫
২৬	...	২৯	৫৬	...	১৬	৮৬	...	৫৮
২৭	...	৪৫	৫৭	...	১১	৮৭	...	৩৯
২৮	...	৪১	৫৮	...	২০	৮৮	...	১২৭
২৯	...	২৯	৫৯	...	২০	৮৯	...	৩৩
৩০	...	৭৯	৬০	...	১৬	৯০	...	৩৮
		১৪০৭			৮৯১			১৫৩৫

অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা	অধ্যাসংখ্যা	শ্লোকসংখ্যা
৯১	৪৬	১১৮	৪৮	১৪৫	৭৩
৯২	৮১	১১৯	২৮	১৪৬	৪৩
৯৩	৩৫	১২০	১১০	১৪৭	৬৮
৯৪	১০৩	১২১	২৪	১৪৮	৫৩
৯৫	৫০	১২২	৩৬	১৪৯	৩৯
৯৬	৭৯	১২৩	৭০	১৫০	৬৩
৯৭	৬৫	১২৪	৫৩	১৫১	১১৬
৯৮	১০১	১২৫	২৮	১৫২	২১
৯৯	৫৬	১২৬	৯৩	১৫৩	৮৮
১০০	৪৪	১২৭	৯১	১৫৪	৬৩
১০১	৩৬	১২৮	৯০	১৫৫	৬৪
১০২	১৮	১২৯	৪১	১৫৬	৪৭
১০৩	৫১	১৩০	৩০	১৫৭	৫১
১০৪	৪৭	১৩১	৭৫	১৫৮	৫৫
১০৫	৫৭	১৩২	৩৪	১৫৯	৩৭
১০৬	৬৬	১৩৩	৪০	১৬০	৫৭
১০৭	৩৩	১৩৪	৩৭	১৬১	১০২
১০৮	৪৪	১৩৫	৪৫	১৬২	৬৩
১০৯	৭৬	১৩৬	১৮২	১৬৩	৬০
১১০	১১৫	১৩৭	৪৩	১৬৪	১০৬
১১১	৫১	১৩৮	৬৬	১৬৫	৩৯
১১২	৩৫	১৩৯	৯৪	১৬৬	৪৭
১১৩	৪০	১৪০	৫৫	১৬৭	১৬৩
১১৪	৫৭	১৪১	৭২	১৬৮	১৩৪
১১৫	৪১	১৪২	৩৩	১৬৯	৬৮
১১৬	৭৪	১৪৩	৩৪	১৭০	১২৩
১১৭	৭৭	১৪৪	১০৪		
	১৫৭৭		১৬৫৬		১৮৪৩

একুন—১৪০৭+৮৯১+১৫৩৫+১৫৭৭+১৬৫৬+:৮৪৩=৮৯০৯

দ্রোণপর্ব্বের উপপর্ব্ব।

দ্রোণপর্ব্ব

——:✻:——

(১। দ্রোণাভিষেকপর্ব্ব।)

প্রথমোঽধ্যায়ঃ।

——○:::○——

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীঞ্চৈব ততো জয়মুদীরয়েৎ॥

জনমেজয় উবাচ।

তমপ্রতিমসত্ত্বৌজোবলবীর্য্যপরাক্রমম্।
হতং দেবব্রতং শ্রুত্বা পাঞ্চাল্যেন শিখণ্ডিনা॥১॥
ধৃতরাষ্ট্রস্ততো রাজা শোকব্যাকুললোচনঃ।
কিমচেষ্টত বিপ্রর্ষে! হতে পিতরি বীর্য্যবান্॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী *

আশুতোষ ইতি বিশ্ববিশ্রুতো মেশ! তুষ্যসি চিরার্চ্চনাদপি।
ত্রীণি দেব! নয়নান্যপি শ্রয়ন্ নেক্ষসে চ নিজভক্তদুর্দ্দশাম্॥
অবিষয়ো বচসো মনসস্তথা ভবসি নাপ্যপরেন্দ্রিয়গোচরঃ।
অসি চ বেদনিবেদিতবৃত্তিভাক্ তদিহ তেঽধিগমে বদ বর্ত্ম কিম্॥

অথ ভীষ্মপর্ব্বোপান্ত্যাধ্যায়ে ভীষ্মপতনানন্তরং দুর্য্যোধনাদেশাদ্দুঃশাসনস্য দ্রোণান্তিক-গমনেন সূচিতং দ্রোণপর্ব্বারভতে জনমেজয় উবাচ তমিতি। হে বিপ্রর্ষে! বৈশম্পায়ন!

(১)…বলবীর্য্যসমন্বিতম্…বা। (২)…শোকব্যাকুলচেতনঃ। কিমকুর্ব্বত…পি। *

অস্য কিল দ্রোণপর্ব্বণঃ প্রথমাবধি বহুদূরং যাবন্নীলকণ্ঠকৃতা টীকা নোপলভ্যতে। ততশ্চেতঃ পরমীদৃশো ভারতকৌমুদ্যাঃ শীর্ষলেখো ন দেয়ঃ।

যস্য পুত্রো হি ভগবন্! ভীষ্মদ্রোণমুখৈ রথৈঃ।
পরাজিত্য মহেষ্বাসান্ পাণ্ডবান্ রাজ্যমিচ্ছতি ॥৩॥
তস্মিন্ হতে তু ভগবন্! কেতৌ সর্ব্বধনুষ্মতাম্।
যদচেষ্টত কৌরব্যস্তন্মে ব্রূহি তপোধন! ॥৪॥

বৈশম্পায়ন উবাচ।

নিহতং পিতরং শ্রুত্বা ধৃতরাষ্ট্রো জনাধিপঃ।
লেভে ন শান্তিং কৌরব্যশ্চিন্তাশোকপরায়ণঃ ॥৫॥
তস্য চিন্তয়তো দুঃখমনিশং পার্থিবস্য তৎ।
আজগাম বিশুদ্ধাত্মা পুনর্গাবল্গণিস্তদা ॥৬॥

পিতরি পিতৃজ্যেষ্ঠভ্রাতরি ভীষ্মে, হতে সতি, ততঃ, বীর্য্যবান্ রাজত্বেন যুদ্ধপ্রবর্ত্তননিবর্ত্তনয়োঃ শক্তিমান্, রাজা ধৃতরাষ্ট্রঃ, তম্, অপ্রতিমা নিরুপমাঃ সত্ত্বমধ্যবসায়ঃ ওজস্তেজঃ বলং দৈহিকী শক্তিঃ বীর্য্যং মানসিকী শক্তিঃ পরাক্রমশ্চ পরাভিভবনসামর্থ্যং তে যস্য তম্, দেবানামিব ব্রতং শৌচাচারাদৌ কঠোরনিয়মো যস্য তম্, অথবা দেবে ব্রতং পূজাদিনিয়মো যস্য তং ভীষ্মম্, পাঞ্চাল্যেন পাঞ্চালরাজদ্রুপদপুত্রেণ শিখণ্ডিনা, হতম্, শ্রুত্বা, শোকেন ব্যাকুলে বিকলে লোচনে যস্য স তাদৃশঃ সন্, কিম্, অচেষ্টত অকরোৎ ॥১—২॥

যস্যেতি। পুত্রো দুর্য্যোধনঃ। ভীষ্মদ্রোণমুখৈর্ভীষ্মদ্রোণাদিভিঃ, রথৈঃ রথিভিঃ। ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপতি অনেনেতি ইষ্বাসো ধনুঃ মহান্ত ইষ্বাসা যেষাং তান্ ॥৩॥

তস্মিন্নিতি। তস্মিন্ ভীষ্মে। কেতৌ ধ্বজে। কৌরব্যো ধৃতরাষ্ট্রঃ ॥৪॥

নিহতমিতি। পিতরং পিতৃপর্য্যায়ং জ্যেষ্ঠতাতং ভীষ্মম্ ॥৫॥

তস্যেতি। তস্য ধৃতরাষ্ট্রস্যান্তিকে। গবল্গণস্যাপত্যমিতি গাবল্গণিঃ সঞ্জয়ঃ ॥৬॥

জনমেজয় বলিলেন—'ব্রহ্মর্ষি! (বৈশম্পায়ন!) অতুলনীয় অধ্যবসায়, তেজ, বল, বীর্য্য ও পরাক্রমশালী ভীষ্ম নিহত হইলে, দ্রুপদপুত্র শিখণ্ডী তাঁহাকে বধ করিয়াছেন ইহা শুনিয়া শোকে আকুলনয়ন হইয়া শক্তিশালী রাজা ধৃতরাষ্ট্র কি করিলেন? ॥১—২॥

ভগবন্! যাঁহার পুত্র দুর্য্যোধন ভীষ্ম ও দ্রোণপ্রভৃতি রথিগণদ্বারা মহাধনুর্দ্ধর পাণ্ডবগণকে জয় করিয়া রাজ্যলাভ করিবার ইচ্ছা করিতেন ॥৩॥

ভগবন্! তপোধন! সমস্ত ধনুর্দ্ধরের মধ্যে ধ্বজস্বরূপ ভীষ্ম নিহত হইলে, ধৃতরাষ্ট্র যাহা করিলেন, তাহা আপনি আমার নিকট বলুন' ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! কৌরবনন্দন রাজা ধৃতরাষ্ট্র জ্যেষ্ঠতাত ভীষ্মকে নিহত শুনিয়া চিন্তান্বিত ও শোকাকুল হইয়া শান্তিলাভই করিতে পারেন নাই ॥৫॥

শিবিরাৎ সঞ্জয়ং প্রাপ্তং নিশি নাগাহ্বয়ং পুরম্।
আম্বিকেয়ো মহারাজ! ধৃতরাষ্ট্রোঽন্বপৃচ্ছত ॥৭॥
শ্রুত্বা ভীষ্মস্য নিধনমপ্রহৃষ্টমনা ভৃশম্।
পুত্রাণাং জয়মাকাঙ্ক্ষন্ বিললাপাতুরো যথা ॥৮॥

ধৃতরাষ্ট্র উবাচ।

সংশোচ্য তু মহাত্মানং ভীষ্মং ভীমপরাক্রমম্।
কিমকার্ষুঃ পরং তাত! কুরবঃ কালচোদিতাঃ ॥৯॥
তস্মিন্ বিনিহতে শূরে সুদুর্দ্ধর্ষে মহৌজসি।
কিংনুস্বিৎ কুরবোঽকার্ষুর্নিমগ্নাঃ শোকসাগরে ॥১০॥
তদুদীর্ণং মহৎ সৈন্যং ত্রৈলোক্যস্যাপি সঞ্জয়!।
ভয়মুৎপাদয়েত্তীব্রং পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥১১॥

শিবিরাদিতি। শিবিরাৎ কুরুক্ষেত্রস্থাৎ। নাগাহ্বয়ং হস্তিনাখ্যম্ ॥৭॥
শ্রুত্বেতি। বিললাপ ধৃতরাষ্ট্র ইত্যনুবৃত্তিঃ, আতুরো রোগাদিনা পীড়িতঃ ॥৮॥
সংশোচ্যেতি। হে তাত! বৎস সঞ্জয়! কালচোদিতা দৈবপ্রেরিতাঃ ॥৯॥
ব্যগ্রত্বাদুক্তমর্থমেব পুনরাহ তস্মিন্নিতি। কিংস্বিদিত্যেকমেবাব্যয়ং প্রশ্নে ॥১০॥

রাজা ধৃতরাষ্ট্র সেই ভীষ্মবিনাশদুঃখ চিন্তা করিতেছিলেন, সেই সময়ে নির্ম্মলচিত্ত সঞ্জয় পুনরায় আগমন করিলেন ॥৬॥

মহারাজ! সঞ্জয় কুরুক্ষেত্রের শিবির হইতে রাত্রিতে হস্তিনানগরে (ধৃতরাষ্ট্রের নিকটে) আগমন করিলে, অম্বিকানন্দন ধৃতরাষ্ট্র তাঁহার নিকট জিজ্ঞাসা করিলেন ॥৭॥

পুত্রগণের জয়াভিলাষী ধৃতরাষ্ট্র ভীষ্মের নিধনবৃত্তান্ত শুনিয়া অত্যন্ত বিষণ্ণ-চিত্ত হইয়া পীড়িতের ন্যায় বিলাপ করিতে লাগিলেন ॥৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'বৎস সঞ্জয়! কৌরবেরা, ভয়ঙ্করপরাক্রমশালী ও মহাত্মা ভীষ্মের বিষয়ে বিশেষ শোক প্রকাশ করিয়া পরে দৈবপ্রেরিত হইয়া কি করিলেন? ॥৯॥

মহাতেজা ও অতিদুর্দ্ধর্ষ সেই বীর নিহত হইলে, কৌরবেরা শোকসাগরে নিমগ্ন হইয়া কি করিলেন? ॥১০॥

---

(৮)···জয়মন্বিচ্ছন্। (১০)···শূরে দুরাধর্ষে মহাত্মনি···বা ব রা নি। (১১)···ত্রিলোক-স্যাপি···পি।

দেবব্রতে তু নিহতে কুরূণামৃষভে তদা।
যদকার্ষুর্নৃপতয়স্তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥১২॥

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্নেকমনা বচনং ব্রুবতো মম।
যত্তে পুত্রাস্তদাকার্ষুর্হতে দেবব্রতে মৃধে ॥১৩॥
নিহতে তু তদা ভীষ্মে রাজন্! সত্যপরাক্রমে।
তাবকাঃ পাণ্ডবেয়াশ্চ প্রাধ্যায়ন্ত পৃথক্ পৃথক্ ॥১৪॥
বিস্মিতাশ্চ প্রহৃষ্টাশ্চ ক্ষত্রধর্ম্মং নিশাম্য তে।
স্বধর্ম্মং নিন্দমানাস্তে প্রণিপত্য মহাত্মনে ॥১৫॥
শয়নং কল্পয়ামাসুর্ভীষ্মায়ামিততেজসে।
সোপধানং নরব্যাঘ্র! শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥১৬॥ (যুগ্মকম্)

তদিতি। উদীর্ণং যুদ্ধায়োদ্যতম্, মহত্তৎ মহাত্মনাং পাণ্ডবানাং সৈন্যং কর্তৃ ত্রৈলোক্যস্যাপি তীব্রং ভয়মুৎপাদয়েৎ। অতো মৎসৈন্যানামপি ভয়োৎপাদনসম্ভব ইতি ভাবঃ ॥১১॥

দেবেতি। দেবব্রতে ভীষ্মে। ঋষভে শ্রেষ্ঠে ॥১২॥

শৃণ্বিতি। পতিতস্যাপি হতত্বাবশ্যম্ভাবাৎ হত ইত্যুক্তম্, মৃধে যুদ্ধে ॥১৩॥

নিহত ইতি। প্রাধ্যায়ন্ত অচিন্তয়ন্, পৃথক্ পৃথক্ বিষাদেন আনন্দেন চ ॥১৪॥

বিস্মিতা ইতি। বিস্মিতা ভীষ্মদেহে পতিতশরাণাং নিরন্তরত্বদর্শনাৎ। নিশাম্য

সঞ্জয়! মহাত্মা পাণ্ডবগণের সেই যুদ্ধোদ্যত বিশাল সৈন্য ত্রিভুবনেরও গুরুতর ভয় উৎপাদন করিয়া থাকে ॥১১॥

সঞ্জয়! কৌরবশ্রেষ্ঠ ভীষ্ম নিহত হইলে, তখন রাজারা যাহা করিলেন, তাহা তুমি আমার নিকট বল' ॥১২॥

সঞ্জয় বলিলেন—'রাজা! ভীষ্ম যুদ্ধে নিহত হইলে, তখন আপনার পুত্রেরা যাহা করিলেন, তাহা আমি বলিতেছি; আপনি একাগ্রচিত্ত হইয়া শ্রবণ করুন ॥১৩॥

রাজা! যথার্থপরাক্রমশালী ভীষ্ম নিহত হইলে আপনার পক্ষের যোদ্ধারা এবং পাণ্ডবেরা পৃথক্ পৃথক্ ভাবে চিন্তা করিলেন ॥১৪॥

নরশ্রেষ্ঠ! তদনন্তর কৌরবেরা বিস্মিত ও পাণ্ডবেরা আনন্দিত হইয়া

(১৩)…দেবব্রতে নৃপ!—পি, দেবব্রতে মৃতে—বা। (১৫) বিস্মিতাশ্চ প্রহৃষ্টাশ্চ স্খলন্তশ্চ বিশাংপতে!। জুগুপ্সমানাঃ পরমং ক্ষত্রধর্ম্মং বিশাংপতে!—পি,…নিশম্য তে…বা। (১৬)…ভীষ্মায়ামিতকর্ম্মণে…বা নি।

বিধায় রক্ষাং ভীষ্মস্য সমাভাষ্য পরস্পরম্।
অনুমান্য চ গাঙ্গেয়ং কৃত্বা চাপি প্রদক্ষিণম্ ॥১৭॥
ক্রোধসংরক্তনয়নাঃ সমবেত্য পরস্পরম্।
পুনর্যুদ্ধায় নির্জগ্মুঃ ক্ষত্রিয়াঃ কালচোদিতাঃ ॥১৮॥ (যুগ্মকম্)
ততস্তূর্য্যনিনাদৈশ্চ ভেরীণাঞ্চ মহাস্বনৈঃ।
তাবকানামনীকানি পরেষাঞ্চ বিনির্যযুঃ ॥১৯॥
ব্যাবৃত্তেঽর্য্যম্ণি রাজেন্দ্র! পতিতে জাহ্নবীসুতে।
অমর্ষবশমাপন্নাঃ কালোপহতচেতসঃ ॥২০॥
অনাদৃত্য বচঃ পথ্যং গাঙ্গেয়স্য মহাত্মনঃ।
নির্যযুর্ভরতশ্রেষ্ঠ! শস্ত্রাণ্যাদায় সর্ব্বশঃ ॥২১॥ (যুগ্মকম্)

আলোচ্য, তে কৌরবাঃ। তে পাণ্ডবাশ্চ, মহাত্মনে ভীষ্মায়। শয়নং শয্যাম্, কল্পয়ামাসুর্যথাসম্ভবং স্থাপনেন ॥১৫—১৬॥

বিধায়েতি। রক্ষাং বিধায় রক্ষিস্থাপনপটমণ্ডপনির্ম্মাণাদিনা। অনুমান্য সম্মান্য, গাঙ্গেয়ং ভীষ্মম্। সমবেত্য মিলিত্বা। কালেন চোদিতাঃ প্রেরিতাঃ ॥১৭—১৮॥

তত ইতি। তাবকানাং যোদ্ধৃণাম্, অনীকানি সৈন্যানি ॥১৯॥

ব্যাবৃত্ত ইতি। ব্যাবৃত্তে অস্তাচলাবলম্বিনি, অর্য্যম্ণি সূর্য্যে। জাহ্নবীসুতে ভীষ্মে। বিপৎপথে সাধু ইতি পথ্যং হিতজনকম্। সর্ব্বশঃ সর্ব্বস্মাদ্দেশাৎ ॥২০—২১॥

ক্ষত্রিয়ধর্ম্মের পর্য্যালোচনা করিয়া এবং সেই নিজধর্ম্মের নিন্দা করিতে থাকিয়া মহাত্মা ভীষ্মকে প্রণিপাত করিয়া সেই অমিততেজার জন্য নতপর্ব্ব বাণসমূহদ্বারা উপধানের (বালিসের) সহিত শয্যা রচনা করিয়া দিলেন ॥১৫—১৬॥

তৎপরে সেই ক্ষত্রিয়েরা ভীষ্মের রক্ষাবিধান, তাঁহার প্রতি সম্মানপ্রদর্শন, তাঁহাকে প্রদক্ষিণ এবং পরস্পর আলাপ করিয়া, ক্রমে ক্রোধে আরক্তনয়ন, পরস্পরমিলিত ও কালপ্রেরিত হইয়া পুনরায় যুদ্ধের জন্য নির্গত হইলেন ॥১৭—১৮॥

তাহার পর আপনার পক্ষের এবং পাণ্ডবপক্ষের সৈন্যেরাও তূর্য্যধ্বনি ও ভেরীর শব্দের সহিত নির্গত হইতে লাগিল ॥১৯॥

ভরতবংশপ্রধান! রাজশ্রেষ্ঠ! সূর্য্য অস্ত যাইতে লাগিলে এবং ভীষ্ম পতিত হইলে, দুই পক্ষের যোদ্ধারাই ক্রুদ্ধ ও কালকলুষিতচিত্ত হইয়া মহাত্মা

---

(১৮)··সমবেক্ষ্য পরস্পরম্···পি। (১৯)·ভেরীণাং নিনদেন চ···বা ব রা নি। (২০) ব্যাবৃত্তেঽহনি···পি বা। (২১)··ভরতশ্রেষ্ঠাঃ শস্ত্রাণ্যাদায় সত্বরাঃ—বা ব রা নি।

মোহাত্তব তু পুত্রস্য বধাচ্ছান্তনবস্য চ।
কৌরব্যা মৃত্যুনাহূতাঃ সহিতাঃ সর্ব্বরাজভিঃ ॥২২॥
অজাবয় ইবাগোপা বনে শ্বাপদসঙ্কুলে।
ভৃশমুদ্বিগ্নমনসো হীনা দেবব্রতেন তে ॥২৩॥
পতিতে ভরতশ্রেষ্ঠে বভূব কুরুবাহিনী।
দ্যৌরিবাপেতনক্ষত্রা হীনং খমিব বায়ুনা ॥২৪॥
বিপন্নশস্যেব মহী বাক্ চৈবাসংস্কৃতা যথা।
আসুরীব মহাসেনা নিগৃহীতে পুরা বলৌ ॥২৫॥
বিধবেব বরারোহা শুষ্কতোয়েব নিম্নগা।
বৃকৈরিব বনে রুদ্ধা পৃষতী হতযূথপা ॥২৬॥ (বিশেষকম্)
শরভাহতসিংহেব মহতী গিরিকন্দরা।
সা সেনা ভরতশ্রেষ্ঠে পতিতে জাহ্নবীসুতে ॥২৭॥

মোহাদিতি। পুত্রস্য দুর্য্যোধনস্য। শান্তনবস্য ভীষ্মস্য ॥২২॥

অজেতি। অজাশ্ছাগাশ্চ অবয়ো মেষাশ্চ তে, অগোপা পালকরহিতাঃ ॥২৩॥

পতিত ইতি। ভরতশ্রেষ্ঠে ভীষ্মে। দ্যৌরাকাশম্, অপেতনক্ষত্রা তিরোহিততারা, খমাকাশম্। বিপন্নানি নষ্টাশিস্যানি যস্যাঃ সা। অসংস্কৃতা ব্যাকরণসংস্কারশূন্যা। নিগৃহীতে বিষ্ণুনা নিরুদ্ধে, বলৌ বলিরাজে। বরারোহা উত্তমাঙ্গনা। নিম্নগা নদী। বৃকৈর্ব্যাঘ্রবিশেষৈঃ, পৃষতী হরিণী, হতো যূথপো যূথপতির্যস্যাঃ সা ॥২৪—২৬॥

ভীষ্মের হিতবাক্য অগ্রাহ্য করিয়া অস্ত্র লইয়া সকল দিক্ হইতে নির্গত হইলেন ॥২০—২১॥

মহারাজ! আপনার পুত্রের মোহে এবং ভীষ্মের বধে সকল রাজার সহিত কৌরবগণকে যেন মৃত্যু আহ্বান করিল ॥২২॥

হিংস্রজন্তুপরিপূর্ণ বনে পালকশূন্য ছাগল ও মেষগণের ন্যায় ভীষ্মবিহীন কৌরবগণ অত্যন্ত উদ্বিগ্নচিত্ত হইয়া পড়িলেন ॥২৩॥

ভরতবংশশ্রেষ্ঠ ভীষ্ম পতিত হইলে, কৌরবসেনা—নক্ষত্রবিহীন আকাশ, বায়ুশূন্য গগন, নষ্টশস্যা ভূমি, ব্যাকরণসংস্কাররহিত বাক্য, পূর্ব্বকালে বিষ্ণু বলিকে বদ্ধ করিলে বিশাল অসুরসেনা, পতিবিহীন উত্তম স্ত্রী, জলশূন্য নদী এবং বনে ব্যাঘ্ররুদ্ধা যূথপতিরহিতা হরিণীর ন্যায় হইয়া পড়িল ॥২৪—২৬॥

(২২) মোহাত্তব সপুত্রস্য···বা ব রা নি। (২৫)···আসুরীব যথা সেনা নিগৃহীতে নৃপে বলৌ—বা ব রা নি। (২৭)···ভারতী ভরতশ্রেষ্ঠে···বা ব রা নি।

বিম্বগ্‌বাতহতারোহা নৌরিবাসীন্মহার্ণবে।
বলিভিঃ পাণ্ডবৈর্বীরৈর্লব্ধলক্ষৈর্ভৃশার্দ্দিতা ॥২৮॥
সা তদা কৌরবী সেনা ব্যাকুলাশ্বরথদ্বিপা।
বিপন্নভূয়িষ্ঠনরা কৃপণা ত্রস্তমানসা ॥২৯॥
তস্যাং ত্রস্তা নৃপতয়ঃ সৈনিকাশ্চ পৃথগ্বিধাঃ।
পাতাল ইব মজ্জন্তো হীনা দেবব্রতেন তে।
কর্ণং হি কুরবোঽস্মার্ষুঃ সর্ব্বে দেবব্রতোপমম্ ॥৩০॥
সর্বশস্ত্রভৃতাং শ্রেষ্ঠং রোচমানমিবাতিথিম্।
বন্ধুমাপদ্‌গতস্যেব তমেষামগমন্মনঃ ॥৩১॥

শরভেতি। শরভেণ তদাখ্যেন মহাজন্তুনা আহতঃ সিংহো যস্যাঃ সা, গিরেঃ কন্দরা গুহা, "দরী তু কন্দরো বা স্ত্রী" ইত্যমরঃ। সা কৌরবী, বভূবেত্যনুবৃত্তিঃ ॥২৭॥

বিম্বগিতি। বিম্বক্ সর্বত আগতো বাতো বিম্বগ্‌বাতো ঘূর্ণিবাত্যা তেন হত আরোহ আরোহী যস্যাঃ সা। লব্ধং লক্ষং কৌরবপক্ষরূপং লক্ষ্যং যৈস্তৈঃ ॥২৮॥

সেতি। বিপন্না আহতা ভূয়িষ্ঠা নরা যস্যাঃ সা, কৃপণা দীনা আসীৎ ॥২৯॥

তস্যামিতি। তস্যাং সেনায়াম্। অস্মার্ষুঃ স্মৃতবন্তঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

সর্ব্বেতি। আপদগতস্য বিপন্নস্য জনস্য মনঃ, অতিথিং গৃহাগতং বন্ধুমিব এষাং কুরূণাং মনঃ কর্ত্তৃ, সর্ব্বশস্ত্রভৃতাং শ্রেষ্ঠম্, রোচমানং বীরশ্রিয়া দীপ্যমানম্, তং কর্ণমগমৎ ॥৩১॥

আর ভরতশ্রেষ্ঠ ভীষ্ম নিপতিত হইলে, সেই কৌরবসেনা—শরভ সিংহকে আহত করিলে বিশাল পর্ব্বতগুহার ন্যায় হইয়া গেল ॥২৭॥

বলবান্, বীর ও লব্ধলক্ষ্য পাণ্ডবেরা অত্যন্ত পীড়ন করিতে লাগিলে, ঘূর্ণিবাত্যায় আরোহী নিহত হইলে মহাসমুদ্রে নৌকার ন্যায় কৌরবসেনা বিপন্ন হইয়া পড়িল ॥২৮॥

হস্তী, অশ্ব ও রথ আকুল হইয়া পড়িলে এবং বহুসংখ্যক মানুষ বিপন্ন হইলে, সেই কৌরবসৈন্য তখন কাতর ও উদ্বিগ্নচিত্ত হইয়া গেল ॥২৯॥

ভীষ্ম না থাকায় সেই সেনাস্থিত রাজারা, নানাবিধ সৈনিকেরা এবং কৌরবেরা সকলে ভীত হইয়া পাতালে যেন মগ্ন হইতে থাকিয়া ভীষ্মের তুল্য পরাক্রমশালী কর্ণকে স্মরণ করিতে লাগিলেন ॥৩০॥

বিপন্ন লোকের মন যেমন গৃহাগত বন্ধুর প্রতি গমন করে, সেইরূপ ইঁহাদের

(২৮) বিম্বগ্‌বাতাহতা রুগ্না…বা, বিম্বগ্‌বাতাহতা ক্ষুব্ধা…ব, বিম্বগ্‌বাতাহতিক্ষুব্ধা…নি। (২৯) সা তদাসীদ্ভৃশং সেনা…বা ব রা নি। (৩০) কর্ণস্য কুরবোঽস্মার্ষুঃ…নি।

চুক্রুশুঃ কর্ণ কর্ণেতি তত্র ভারত ! পার্থিবাঃ ।
রাধেয়ং হিতমস্মাকং সূতপুত্রং তনুত্যজম্ ॥৩২॥
স হি নাযুধ্যত তদা দশাহানি মহাযশাঃ ।
সামাত্যবন্ধুঃ কর্ণো বৈ তমাহ্বয়ত মা চিরম্ ॥৩৩॥
ভীষ্মেণ হি মহাবাহুঃ সর্ব্বক্ষত্রস্য পশ্যতঃ ।
রথেষু গণ্যমানেষু বলবিক্রমশালিষু ॥৩৪॥
সংখ্যাতোঽর্দ্ধরথঃ কর্ণো দ্বিগুণঃ সন্ নরর্ষভঃ ।
রথাতিরথসংখ্যায়াং যোঽগ্রণীঃ শূরসম্মতঃ ।
সাসুরানপি দেবেশান্ রণে যো যোদ্ধুমুৎসহেৎ ॥৩৫॥ (যুগ্মকম্)
স তু তেনৈব কোপেন রাজন্ ! গাঙ্গেয়মুক্তবান্ ।
ত্বয়ি জীবতি কৌরব্য ! নাহং যোৎস্যে কদাচন ॥৩৬॥

চুক্রুশুরিতি। চক্রুশুঃ উচ্চৈরাজুহুবুঃ। তনুত্যজং যুদ্ধে দেহত্যাগায়োদ্যতম্ ॥৩২॥
স ইতি। মা চিরং তদাহ্বানে বিলম্বং মা কুরুত ॥৩৩॥
ভীষ্মেণেতি। রথেষু রথিষু। দ্বিগুণঃ সন্নপি অতিরথস্যেতি শেষঃ। শূরসম্মতঃ শূরত্বেন সর্ব্বৈরভিমতঃ। উৎসহেৎ শক্নুয়াৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪—৩৫॥
স ইতি। স কর্ণঃ। গাঙ্গেয়ং ভীষ্মম্। কিমুক্তবানিত্যাহ ত্বয়ীত্যাদি ॥৩৬॥

মন সমস্ত অস্ত্রধারিশ্রেষ্ঠ এবং বীরশোভায় শোভিত কর্ণের প্রতি গমন করিল ॥৩১॥

ভরতনন্দন ! তখন রাজারা কৌরবপক্ষের হিতৈষী ও যুদ্ধে দেহত্যাগোদ্যত রাধানন্দন কর্ণকে 'কর্ণ ! কর্ণ !' বলিয়া উচ্চস্বরে ডাকিতে লাগিলেন (ও বলিলেন—) ॥৩২॥

মহাযশা কর্ণ অমাত্য এবং বন্ধুবর্গের সহিত তখন দশ দিন যাবৎ যুদ্ধ করেন নাই। অতএব তাঁহাকে আহ্বান কর, বিলম্ব করিও না ॥৩৩॥

যিনি বীর বলিয়া সকলের অভিমত, এমন কি যিনি সমস্ত বীরের অগ্রগণ্য এবং যিনি সমরাঙ্গনে অসুরগণের সহিত দেবশ্রেষ্ঠগণের সঙ্গেও যুদ্ধ করিতে পারেন, সেই নরশ্রেষ্ঠ কর্ণ দ্বিগুণ অতিরথ হইলেও, রথ এবং অতিরথ গণনা করিবার সময়ে সমস্ত ক্ষত্রিয়ের সমক্ষে বল ও বিক্রমশালী রথীদিগের গণনায় প্রবৃত্ত ভীষ্ম সেই মহাবাহু কর্ণকেই অর্দ্ধরথ বলিয়া গণনা করিয়াছিলেন ॥৩৪-৩৫॥

রাজা ! কর্ণ সেই ক্রোধেই ভীষ্মকে বলিয়াছিলেন—'কৌরব ! আপনি জীবিত থাকিতে আমি কখনও যুদ্ধ করিব না ॥৩৬॥

(৩৫)···ত্রিগুণঃ স রথর্ষভঃ···পি।

ত্বয়া তু পাণ্ডবেয়েষু নিহতেষু মহামৃধে।
দুর্য্যোধনমনুজ্ঞাপ্য বনং যাস্যামি কৌরব ! ॥৩৭॥
পাণ্ডবৈর্ব্বা হতে ভীষ্মে ত্বয়ি স্বর্গমুপেয়ুষি।
হন্তাস্ম্যেকরথেনৈব কৃৎস্নান্ যান্ মন্যসে রথান্ ॥৩৮॥
এবমুক্ত্বা মহারাজ ! দশাহানি মহাযশাঃ।
নাযুধ্যত তদা কর্ণঃ পুত্রস্য তব সম্মতে ॥৩৯॥
ভীষ্মঃ সমরবিক্রান্তঃ পাণ্ডবেয়স্য পার্থিব ! ।
জঘান সমরে যোধানসংখ্যেয়পরাক্রমান্ ॥৪০॥
তস্মিংস্তু নিহতে শূরে সত্যসন্ধে মহৌজসি।
ত্বৎসুতাঃ কর্ণমস্মার্ষুস্তর্ত্তুকামা ইব প্লবম্ ॥৪১॥
তাবকাস্তব পুত্রাশ্চ সহিতাঃ সর্ব্বরাজভিঃ।
হা কর্ণ ইতি চাক্রন্দন্ কালোঽয়মিতি চাব্রুবন্ ॥৪২॥

ত্বয়েতি। মহামৃধে মহাযুদ্ধে। অনুজ্ঞাপ্য মদ্বনগমনে অনুজ্ঞাং কারয়িত্বা ॥৩৭॥
পাণ্ডবৈরিতি। উপেয়ুষি গতে। কৃৎস্নান্ সর্ব্বান্ ॥৩৮॥
এবমিতি। পুত্রস্য প্রাধান্যাদ্দুর্য্যোধনস্য, সম্মতে সম্মতৌ সত্যাম্ ॥৩৯॥
ভীষ্ম ইতি। যোধান্ যোদ্ধৄন্ ॥৪০॥
তস্মিন্নিতি। তর্ত্তুকামা নদীমিতি শেষঃ, প্লবং নৌবিশেষম্ ॥৪১॥

আর আপনি মহাযুদ্ধে পাণ্ডবগণকে বধ করিতে পারিলে, আমি দুর্য্যোধনের অনুমতি লইয়া বনে যাইব ॥৩৭॥

পক্ষান্তরে পাণ্ডবেরা আপনাকে বধ করায় আপনি স্বর্গে গমন করিলে, আপনি যাহাদিগকে রথী বলিয়া মনে করেন, আমি একরথেই তাহাদের সকলকে বধ করিব' ॥৩৮॥

মহারাজ ! মহাযশা কর্ণ তখন এইরূপ বলিয়া দুর্য্যোধনের সম্মতিক্রমে দশ দিন যাবৎ যুদ্ধ করেন নাই ॥৩৯॥

রাজা ! সমরবিক্রমশালী ভীষ্ম যুদ্ধে (দশ দিন যাবৎ) পাণ্ডবপক্ষের অসাধারণবিক্রমশালী যোদ্ধাদিগকে বধ করিয়াছেন ॥৪০॥

বীর, সত্যপ্রতিজ্ঞ ও মহাতেজা ভীষ্ম নিহত হইলে, নদীপারগমনাভিলাষী লোকেরা যেমন ভেলার স্মরণ করে, সেইরূপ আপনার পুত্রেরা কর্ণের স্মরণ করিতে লাগিলেন ॥৪১॥

(৩৮) হতে বা ত্বয়ি পার্থৈস্তু যুধি···নি। (৩৯) এবমুক্ত্বা মহাবাহুঃ···বা ব রা নি। (৪০)···অসংখ্যেয়পরাক্রমঃ—বা ব রা নি। (৪২) ইতঃ পরম্ 'এবং তে স্ম হি রাধেয়ং সূতপুত্রং তনুত্যজম্। চুক্রুশুঃ সহিতা যোধাস্তত্র তত্র মহাবলাঃ ॥" ইত্যধিকঃ শ্লোকঃ ব নি।

জামদগ্ন্যাভ্যনুজ্ঞাতমস্ত্রৈর্দুর্বারপৌরুষম্।
অগমন্নো মনঃ কর্ণং বন্ধুমাত্যয়িকেম্বিব ॥৪৩॥
স হি শক্তো রণে রাজন্! ত্রাতুমস্মান্মহাভয়াৎ।
ত্রিদশানিব গোবিন্দঃ সততং সুমহাযশাঃ ॥৪৪॥

বৈশম্পায়ন উবাচ।

তথা তু সঞ্জয়ং কর্ণং কীর্ত্তয়ন্তং পুনঃ পুনঃ।
আশীবিষবদুচ্ছ্বস্য ধৃতরাষ্ট্রোঽব্রবীদিদম্ ॥৪৫॥

ধৃতরাষ্ট্র উবাচ।

যত্ত্বৈকর্ত্তনং কর্ণমগমদ্বো মনস্তদা।
অথাপশ্যত রাধেয়ং সূতপুত্রং তনুত্যজম্ ॥৪৬॥

তাবকা ইতি। তাবকাস্ত্বৎপক্ষীয়াঃ সৈন্যাঃ। আক্রন্দন্ আহ্বয়ন্, "ক্রন্দনে রোদনাহ্বানে" ইত্যমরঃ। অয়ং কালঃ কর্ণাশ্রয়স্যেতি শেষঃ ॥৪২॥

জামেতি। জামদগ্ন্যেন অভ্যনুজ্ঞাতং সর্ব্বাস্ত্রাভিজ্ঞতয়া অনুমতম্। দুর্ব্বারং পৌরুষম্ আক্রমণরূপঃ পুরুষকারো যস্য তম্। নঃ অস্মাকম্। আত্যয়িকেষু মহাবিপৎসু ॥৪৩॥

স ইতি। স কর্ণঃ, হি যস্মাৎ। ত্রিদশান্ দেবান্, গোবিন্দো বিষ্ণুঃ ॥৪৪॥

তথেতি। আশীবিষবৎ সর্প ইব, উচ্ছ্বস্য নিশ্বাসং ত্যক্ত্বা ॥৪৫॥

তৎপরে আপনার পক্ষের যোদ্ধারা এবং আপনার পুত্রেরা নিজপক্ষের সকল রাজার সহিত মিলিত হইয়া 'হা কর্ণ!' বলিয়া ডাকিতে লাগিলেন এবং 'ইহাই কর্ণকে অবলম্বন করিবার সময়' এইরূপ বলিতে থাকিলেন ॥৪২॥

'তোমার সমস্ত অস্ত্রশিক্ষা হইয়াছে' এইভাবে পরশুরাম যাঁহার প্রতি অনুমোদন করিয়াছিলেন এবং সমস্ত অস্ত্র অবগত থাকায় যাঁহার পুরুষকার বিপক্ষের দুর্নিবার, মহাবিপদে বন্ধুর ন্যায় সেই কর্ণের উপরে আমাদের মন গেল ॥৪৩॥

কারণ, রাজা! অতিমহাযশা বিষ্ণু যেমন দেবগণকে মহাভয় হইতে রক্ষা করিতে সমর্থ, সেইরূপ কর্ণও যুদ্ধে মহাভয় হইতে আমাদিগকে রক্ষা করিতে সমর্থ' ॥৪৪॥

বৈশম্পায়ন বলিলেন—সঞ্জয় এইভাবে বার বার কর্ণের নাম কীর্ত্তন করিতে লাগিলে, ধৃতরাষ্ট্র সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিয়া এই কথা কহিলেন ॥৪৫॥

---

(৪৩)···অস্ত্রে দুর্ব্বারপৌরুষম্··বা ব। (৪৪) ইতঃ পরম্ 'দেবানিব মহাবিষ্ণুস্ত্রায়তে মহতো ভয়াৎ' ইতি পাদদ্বয়মধিকং পি। (৪৬) যত্তু বৈকর্ত্তনম্··· পি; অপ্যরক্ষৎ স রাধেয়ঃ সূতপুত্রস্তনুত্যজঃ—নি।

অপি তন্ন মৃষাকার্ষীদ্‌যুধি সত্যপরাক্রমঃ।
সম্ভ্রান্তানাং তদার্ত্তানাং ত্রস্তানাং ত্রাণমিচ্ছতাম্ ॥৪৭॥
অপি তৎ পূরয়াঞ্চক্রে ধনুর্দ্ধরবরো যুধি।
যত্তদ্বিনিহতে ভীষ্মে কৌরবাণামপাবৃতম্ ॥৪৮॥
তং খণ্ডং পূরয়ন্ কর্ণঃ পরেষামাদধদ্ভয়ম্।
কৃতবান্ মম পুত্ত্রাণাং জয়াশাং সফলামপি ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি দ্রোণাভিষেকে ধৃতরাষ্ট্রপ্রশ্নে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

যদিতি। বৈকর্ত্তনং তদাখ্যম। বো যুষ্মাকম্। অথেতি প্রশ্নে ॥৪৬॥
অপীতি। সত্যপরাক্রমঃ কর্ণঃ। সম্ভ্রান্তানাং বিচলিতানাং কৌরবাণাম্ ॥৪৭॥
অপীতি। যৎ বীর্য্যম্। অপাকৃতং পাণ্ডবৈর্ন্যূনীকৃতম্ ॥৪৮॥
তমিতি। খণ্ডং ভীষ্মাভাবাত্তদীয়ং শূন্যমংশম্। আদধৎ জনয়ন্ ॥৪৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ধৃতরাষ্ট্র কহিলেন—'সঞ্জয়! তখন বৈকর্ত্তন কর্ণের প্রতি তোমাদের মন যে গিয়াছিল, তাহাতে তোমরা যুদ্ধে দেহত্যাগে উদ্যত রাধানন্দন কর্ণকে দেখিতে পাইয়াছিলে ত? ॥৪৬॥

তৎকালে কৌরবেরা বিচলিত, পীড়িত ও ভীত হইয়া রক্ষা পাইবার ইচ্ছা করিতেছিলেন; তখন যথার্থপরাক্রমশালী কর্ণ সমরাঙ্গনে তাঁহাদের সে ইচ্ছা মিথ্যা করেন নাই ত? ॥৪৭॥

ভীষ্ম নিহত হইলে, পাণ্ডবেরা কৌরবপক্ষের যে শক্তি নষ্ট করিয়াছিল, ধনুর্দ্ধরশ্রেষ্ঠ কর্ণ যুদ্ধে সে শক্তি পূর্ণ করিয়াছিলেন ত? ॥৪৮॥

কর্ণ ভীষ্মের শূন্যস্থান পূর্ণ করতঃ শত্রুপক্ষের ভয় জন্মাইতে থাকিয়া আমার পুত্ত্রগণের জয়লাভের আশা সফল করিয়াছেন ত? ॥৪৯॥

———:০:———

(৪৭)…কচ্চিৎ সত্যপরাক্রমঃ…বা নি। (৪৮)…কৌরবাণামপাশ্রিতম্—পি, কৌরবাণামুপাশ্রয়ে—বা ব। (৪৯)…আদধদ্ভয়ম্। স হি বৈ পুরুষব্যাঘ্রো লোকে সঞ্জয়! কথ্যতে ॥ আর্ত্তানাং বান্ধবানাঞ্চ ক্রন্দতাঞ্চ বিশেষতঃ। পরিত্যজ্য রণে প্রাণাংস্তত্ত্রাণার্থঞ্চ শর্ম্ম চ। কৃতবান্ মম পুত্ত্রাণাং জয়াশাং সফলামপি ॥—বা ব রা নি।

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

হতং ভীষ্মমথাধিরথির্বিদিত্বা ভিন্নাং নাবমিবাত্যগাধে কুরূণাম্।
সোদর্য্যবদ্ব্যসনে সূতপুত্রঃ সন্তারয়িষ্যংস্তব পুত্রস্য সেনাম্ ॥১॥
শ্রুত্বা তু কর্ণঃ পুরুষেন্দ্রমচ্যুতং নিপাতিতং শান্তনবং মহারথম্।
অথোপযাতঃ সহসারিকর্ষণো ধনুর্দ্ধরাণাং প্রবরস্তদা নৃপ ! ॥২॥
হতে তু ভীষ্মে রথসত্তমে পরৈর্নিমজ্জতীং নাবমিবার্ণবে কুরূন্।
পিতেব পুত্রাংস্ত্বরিতোঽভ্যয়াত্ততঃ সন্তারয়িষ্যংস্তব পুত্রস্য সেনাম্ ॥৩॥

কর্ণ উবাচ।

যস্মিন্ ধৃতির্বুদ্ধিপরাক্রমৌ চ সত্যং স্মৃতির্বীরগুণাশ্চ সর্বে।
অস্ত্রাণি দিব্যান্যথ সন্নতির্হ্রীঃ প্রিয়া চ বাগনসূয়া চ ভীষ্মে ॥৪॥

হতমিতি। অথ আধিরথিঃ অধিরথপুত্রঃ; সূতপুত্রঃ কর্ণঃ, লোকমুখাদ্ভীষ্মং হতং বিদিত্বা, কুরূণাং ব্যসনে তস্যাং বিপদি, সোদর্য্যবৎ সহোদর ইব, অগাধে জলে, ভিন্নাম্ অধষ্টঙ্কঘাতাদিনা বিদীর্ণাং নাবমিব, তব পুত্রস্য সেনাম্, সন্তারয়িষ্যন্ আজগামেতি শেষঃ ॥১॥

আবেগাৎ পুনরাহ দ্বৌ শ্রুত্বেতি। অচ্যুতং ব্রহ্মচর্য্যব্রতাদভ্রষ্টম্। অরিকর্ষণঃ শক্রবিজয়ী ॥২॥

হত ইতি। নিমজ্জতীং নিমজ্জন্তীম্। কুরূন্ বিপদর্ণবে নিমজ্জত ইতি শেষঃ ॥৩॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর অধিরথনন্দন কর্ণ লোকমুখে ভীষ্ম নিহত হইয়াছেন শুনিয়া অগাধ জলে বিদীর্ণ নৌকার ন্যায় আপনার পুত্রের সেনাকে নিস্তার করিবেন বলিয়া কৌরবগণের সেই বিপদের সময়ে সহোদরের ন্যায় আগমন করিলেন ॥১॥

রাজা! তখন ধনুর্দ্ধরশ্রেষ্ঠ ও শক্রবিজয়ী কর্ণ—পুরুষশ্রেষ্ঠ, চিরব্রহ্মচারী ও মহারথ ভীষ্ম নিপাতিত হইয়াছেন শুনিয়া সত্বর উপস্থিত হইলেন ॥২॥

বিপক্ষেরা রথিশ্রেষ্ঠ ভীষ্মকে নিহত করিলে, সমুদ্রে নৌকার ন্যায় কৌরবেরা বিপদে নিমগ্ন হইতেছিলেন; সুতরাং পিতা যেমন পুত্রগণকে উদ্ধার করিবার জন্য আগমন করেন, সেইরূপ কর্ণ আপনার পুত্রের সেনাকে উদ্ধার করিবার জন্য আগমন করিলেন' ॥৩॥

(১)···ভিন্নাং নাবং বারিধাবত্যগাধে·· নি। (২)···অথোপযায়াৎ···বা ব রা নি। (৩) ·· রথযূথপে পরৈর্নিমজ্জতীং নাবমিবার্ণবে তদা। পিতেব পুত্রম্···তব পুত্রসেনাম্—পি। (৪)···সন্নতির্হ্রীঃ···পি নি,·· সন্নতির্হিঃ···ব।

সদা কৃতজ্ঞে দ্বিজশত্রুঘাতকে সনাতনং চন্দ্রমসীব লক্ষ্ম।
স চেৎ প্রশান্তঃ পরবীরহন্তা মন্যে হতানেব চ সর্ববীরান্ ॥৫॥ (যুগ্মকম্)
নেহ ধ্রুবং কিঞ্চন জাতু বিদ্যতে লোকে হ্যস্মিন্ কর্ম্মণোঽনিত্যযোগাৎ।
সূর্য্যোদয়ে কো হি বিমুক্তসংশয়ো ভাবং প্রকুর্বীত মহাব্রতে হতে ॥৬॥
বসুপ্রভাবে বসুবীর্য্যসম্ভবে গতে বসূনেব বসুন্ধরাধিপে।
বসূনি পুত্রাংশ্চ বসুন্ধরাং তথা কুরূংশ্চ শোচধ্বমিমাঞ্চ বাহিনীম্ ॥৭॥

যস্মিন্নিতি। ধৃতিৰ্ধৈৰ্য্যম্। সন্নতির্নম্রভাবঃ. হ্রীঃ অকার্য্যকরণে লজ্জা। অনসূয়া পরদোষাবিষ্কারাভাবঃ। সনাতনং চিরস্থিতম্, লক্ষ্ম শশচিহ্নম্। প্রশান্তো মৃতঃ ॥৪-৫॥

বৈরাগ্যাদাহ নেতি। অস্মিন্ লোকে হি, কর্ম্মণঃ বেদবিহিতনিত্যনৈমিত্তিককাম্যরূপস্য সন্ধ্যাবন্দনাদেঃ লৌকিকস্য স্নানভোজনাদের্বা কার্য্যস্য, অনিত্যযোগাদনিত্যত্বাৎ, ইহ জগতি, জাতু কদাচিদপি, কিঞ্চন তৎকর্ম্মফলভূতং সুখধনাদিকং বস্তু, ধ্রুবং সদাতনম্, ন বিদ্যতে ন ভবতি। হি তথাহি, মহৎ ব্রতং চিরব্রহ্মচর্য্যং যস্য তস্মিন্ ভীষ্মে, হতে সতি, কো জনঃ, বিমুক্তসংশয়স্ত্যক্তসন্দেহঃ সন্, সূর্য্যোদয়ে পরদিনে, ভাবং জীবনাভিপ্রায়ম্, প্রকুর্বীত, অপি তু কোঽপি নেত্যর্থঃ, স্বেচ্ছাধীনমৃত্যোর্ভীষ্মস্যাপি মৃত্যুবশ্যত্বাবদর্শনাদিতি ভাবঃ ॥৬॥

বস্বিতি। বসূনাং দেবানামিব প্রভাবো যস্য তস্মিন্, বসোর্দেবস্যেব বীর্য্যসম্ভবঃ শক্ত্যাবির্ভাবো যস্য তস্মিন্, বসুন্ধরাধিপে রাজনি শান্তনুরাজপুত্রে ভীষ্মে, বসূন্ দেবানেব গতে সতি, হে মানবা যূয়ম্, বসূনি ধনানি, পুত্রাংশ্চ, বসুন্ধরাং স্বাধিকৃতাং ভূমিম্, কুরূংশ্চ, তথা ইমাং কৌরবীয়াং বাহিনীঞ্চ, শোচধ্বম্, অনিত্যত্বাৎ। পূর্ব্ববদ্ভাবঃ ॥৭॥

কর্ণ বলিলেন—'চন্দ্রের যেমন শশচিহ্ন চিরকাল আছে, সেইরূপ কৃতজ্ঞ ও ব্রাহ্মণশত্রুনাশক যে ভীষ্মে চিরকাল ধৈর্য্য, বুদ্ধি, পরাক্রম, সত্য, মেধা, সমস্ত বীরগুণ, অলৌকিক অস্ত্র সকল, বিনয়, লজ্জা, প্রিয়বাক্য ও অসূয়ার অভাব ছিল, বিপক্ষবীরহন্তা সেই ভীষ্মই যদি নিহত হইয়া থাকেন, তবে সমস্ত বীরই নিহত হইয়াছেন বলিয়া আমি মনে করি ॥৪—৫॥

এই জগতে কর্ম্মগুলি অনিত্য বলিয়া তাহার ফলস্বরূপ কোন বস্তুই কখনও স্থায়ী হইতে পারে না। সুতরাং ভীষ্ম নিহত হওয়ায় কোন্ ব্যক্তি নিঃসন্দেহ হইয়া সূর্য্যোদয়ে বাঁচিয়া থাকিবার ইচ্ছা করিতে পারে? ॥৬॥

হে মানবগণ! বসুদেবতার তুল্য প্রভাবশালী এবং বসুদেবতার সমান শক্তিযুক্ত ভীষ্ম বসুলোকেই গমন করায় ধন, পুত্র, ভূমি, কৌরবগণ এবং এই সেনাসম্বন্ধে তোমরা শোক করিতে পার' ॥৭॥

---

(৬)…ভাবং কুর্বীতার্য্যমহাব্রতে হতে—বা ব রা নি।

সঞ্জয় উবাচ।

মহাপ্রভাবে বরদে নিপাতিতে লোকেশ্বরে শান্তনবে মহৌজসি।
পরাজিতেষূগ্রতরেষু দুর্মনাঃ কর্ণো ভৃশং ন্যশ্বসদশ্রু বর্ত্তয়ন্ ॥৮॥
ইদন্তু রাধেয়বচো নিশম্য সুতাশ্চ রাজন্! তব সৈনিকাশ্চ।
পরস্পরং চুক্রুশুরার্ত্তিজং ভৃশং তদাশ্রু নেত্রৈর্মুমুচুশ্চ শব্দবৎ ॥৯॥
প্রবর্ত্তমানে তু পুনর্মহাহবে বিগাহ্যমানাসু চমূষু পার্থিবৈঃ।
অথাব্রবীদ্ধর্ষকরং বচস্তদা রথর্ষভান্ সর্বমহারথর্ষভঃ ॥১০॥
জগত্যনিত্যে সততং প্রধাবতি প্রচিন্তয়ন্ ন স্থিরমদ্য লক্ষয়ে।
ভবৎসু তিষ্ঠৎস্বিহ পাতিতো রণে গিরিপ্রকাশঃ কুরুপুঙ্গবঃ কথম্ ॥১১॥

মহেতি। উগ্রতরেষু মহাভীষণেষু দ্রোণাদিষু। বর্ত্তয়ন্ আবির্ভাবয়ন্ ॥৮॥
ইদমিতি। রাধেয়বচঃ কর্ণবাক্যম্। চুক্রুশুঃ আজুহুবুঃ। শব্দবৎ শব্দযুক্তম্ ॥৯॥
প্রেতি। বিগাহ্যমানাসু আলোড্যমানাসু, পার্থিবৈর্বিপক্ষীয়ৈঃ। সর্বমহারথর্ষভঃ কর্ণঃ ॥১০॥
জগতীতি। প্রধাবতি বর্ত্তমানমতীত্য ভবিষ্যন্তং কালং দ্রুতং গচ্ছতি। স্থিরং স্থায়ি বস্তু ন লক্ষয়ে। ব্যতিরেকে দৃষ্টান্তমাহ ভবৎস্বিতি। গিরিপ্রকাশঃ পর্ব্বততুল্যঃ ॥১১॥

সঞ্জয় বলিলেন—'মহাপ্রভাবশালী, অভীষ্টদাতা ও দিক্‌পালের তুল্য মহাতেজা ভীষ্ম নিপাতিত হইলে এবং মহাভীষণ যোদ্ধা দ্রোণপ্রভৃতি পরাজিত হইলে, কর্ণ শোকার্ত্তচিত্ত হইয়া অশ্রু মোচন করিতে থাকিয়া অত্যন্ত নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন ॥৮॥

আর, রাজা! কর্ণের এই বাক্য শুনিয়া আপনার পুত্রেরা ও সৈন্যেরা পরস্পর ডাকিতে লাগিলেন এবং মনের দুঃখে নয়নদ্বারা সশব্দে অশ্রু মোচন করিতে থাকিলেন ॥৯॥

তদনন্তর পুনরায় মহাযুদ্ধ উপস্থিত হইলে এবং বিপক্ষ রাজারা কৌরবসেনা আলোড়ন করিতে থাকিলে, সমস্ত-মহারথ-শ্রেষ্ঠ কর্ণ অপর রথিশ্রেষ্ঠদিগকে এই আনন্দজনক বাক্য বলিলেন'—॥১০॥

বিশেষ চিন্তা করিয়াও সর্ব্বদা গতিশীল ও অনিত্য এই জগতে কোন বস্তুকেই স্থায়ী বলিয়া লক্ষ্য করিতেছি না। (না হইলে,) আপনারা এই যুদ্ধে বিদ্যমান থাকিতে, পাণ্ডবেরা পর্ব্বততুল্য কৌরবশ্রেষ্ঠ ভীষ্মকে কি করিয়া নিপাতিত করিল ॥১১॥

(৮)···লোকেশ্বরে শান্তরি চামিতৌজসি···বা নি,···শান্তনবেঽমিতৌজসি···ব, পরাজিতেষু ভরতেষু···বা ব রা নি। (৯) ইদঞ্চ···সৈনিকাশ্চ হ·· আর্ত্তিজং মুহুঃ বা রা নি। (১০)··· বিনাশ্যমানেষু ধন্বুঃসু পার্থিবৈঃ পি। (১১)···পাতিতো মৃধে···বা ব রা নি।

নিপাতিতে শান্তনবে মহারথে দিবাকরে ভূতলমাশ্রিতে যথা।
ন পার্থিবাঃ সোঢ়ুমলং ধনঞ্জয়ং গিরিপ্রবোঢ়ারমিবানিলং দ্রুমাঃ ॥১২॥
হতপ্রধানন্ত্বিদমার্ত্তরূপং পরৈর্হতোৎসাহমনাথমদ্য বৈ।
ময়া কুরূণাং পরিপাল্যমাহবে বলং যথা তেন মহাত্মনা তথা ॥১৩॥
সমাহিতঞ্চাত্মনি ভারমীদৃশং জগত্তথাঽনিত্যমিদঞ্চ লক্ষয়ে।
নিপাতিতঞ্চাহবশৌণ্ডমাহবে কথং নু কুর্য্যামহমীদৃশে ভয়ম্ ॥১৪॥
অহন্তু তান্ কুরুবৃষভানজিহ্মগৈঃ প্রবেশয়ন্ যমসদনং চরন্ রণে।
যশঃ পরং জগতি বিভাব্য বর্ত্তিতা পরৈর্হতো ভুবি শয়িতাথবা পুনঃ ॥১৫॥
যুধিষ্ঠিরো ধৃতিমতিসত্যসত্ত্ববান্ বৃকোদরো গজশততুল্যবিক্রমঃ।
তথার্জ্জুনস্ত্রিদশবরাত্মজো যুবা ন তদ্বলং সুজয়মিহামরৈরপি ॥১৬॥

নিপাতিত ইতি। অলং সমর্থাঃ গিরিপ্রবোঢ়ারং পর্ব্বতবাহকম্ ॥১২॥

তদিদানীং কিং কর্ত্তব্যমিত্যাহ হতেতি। হতঃ প্রধানো ভীষ্মো যস্য তৎ। অনাথং রক্ষকশূন্যম্। আহবে যুদ্ধে, বলং কৌরবসৈন্যম্, তেন ভীষ্মেণ ॥১৩॥

স্বগতমাহ সমাহিতমিতি। সমাহিতম্ আত্মনা কৌরবৈশ্চ সংস্থাপিতম্, ঈদৃশং কৌরববলরক্ষণরূপং ভারং লক্ষয়ে। আহবশৌণ্ডং যুদ্ধমত্তং ভীষ্মঞ্চ আহবে নিপাতিতং লক্ষয়ে ॥১৪॥

অহমিতি। কুরুবৃষভান্ কুরুবংশশ্রেষ্ঠান্ অর্জ্জুনাদীন্, অজিহ্মগৈঃ সরলগামিভির্বাণৈঃ। পরমুত্তমম্, বিভাব্য উৎপাদ্য, বর্ত্তিতা সর্বোপরি স্থাস্যামি ॥১৫॥

ভূতলপতিত সূর্য্যের ন্যায় মহারথ ভীষ্ম নিপাতিত হওয়ায় (আমি মনে করি) পার্ব্বত্য বৃক্ষ সকল যেমন পর্ব্বতবহনক্ষম বায়ুকে সহ্য করিতে পারে না, সেইরূপ কুরুপক্ষীয় রাজারা অর্জ্জুনকে সহ্য করিতে পারেন নাই ॥১২॥

বিপক্ষেরা প্রধান যোদ্ধাকে নিহত করিয়াছে বলিয়া এই কৌরবসৈন্য এখন পীড়িত, হতোৎসাহ ও অনাথ হইয়া পড়িয়াছে। সুতরাং সেই মহাত্মা ভীষ্ম যেমন রক্ষা করিতেন, সেইভাবে আমিও এই কৌরবসৈন্য রক্ষা করিব ॥১৩॥

আমি দেখিতেছি—আমার উপরেই এইরূপ ভার পড়িয়াছে, এই জগৎটাও অনিত্য এবং যুদ্ধমত্ত ভীষ্মও যুদ্ধে নিপাতিত হইয়াছেন। সুতরাং এইরূপ অবস্থায় আমি কি করিয়া ভয় করিব ॥১৪॥

অতএব আমি যুদ্ধে বিচরণ করতঃ বাণদ্বারা কৌরবশ্রেষ্ঠ অর্জ্জুনপ্রভৃতিকে যমালয়ে প্রেরণ করিতে থাকিয়া জগতে অসাধারণ যশ প্রবর্ত্তিত করিয়া সকলের উপরে থাকিব ; অথবা শত্রুকর্ত্তৃক নিহত হইয়া ভূতলে শয়ন করিব ॥১৫॥

(১২)···ভূতলমাস্থিতে যথা···বা ব রা নি,···অনলং দ্রুমাঃ—পি। (১৬)···ধৃতিমতিসত্ত্ববান্ বৃষঃ···পি,···জগতি চ সত্যসন্ধবান্···বা।

যমৌ রণে যত্র যমোপমৌ বলে স সাত্যকির্যত্র চ দেবকীসুতঃ।
ন তদ্বলং কাপুরুষোঽভ্যুপেযিবান্ নিবর্ত্ততে মৃত্যুমুখাদিবাসুভৃৎ ॥১৭॥
তপোঽভ্যুদীর্ণং তপসৈব বাধ্যতে বলং বলেনৈব তথা মনস্বিভিঃ।
মনশ্চ মে শত্রুনিবারণে ধ্রুবং স্বরক্ষণে চাচলবদ্ব্যবস্থিতম্ ॥১৮॥
এবং চৈষাং বাধমানঃ প্রভাবং গত্বৈবাহং তান্ জয়াম্যদ্য সূত!।
মিত্রদ্রোহো মর্ষণীয়ো ন মেঽয়ং ভগ্নে সৈন্যে যঃ সমেয়াৎ স মিত্রম্ ॥১৯॥
কর্ত্তাস্ম্যেতৎ সৎপুরুষার্য্যকর্ম্ম ত্যক্ত্বা প্রাণাননুযাস্যামি ভীষ্মম্।
সর্বান্ সংখ্যে শত্রুসংঘান্ হনিষ্যে হতস্তৈর্বা বীরলোকং প্রপৎস্যে ॥২০॥

যুধীতি। ধৃতির্ধৈর্য্যম্, মতির্বুদ্ধিঃ, সত্যং যাথার্থ্যম্, সত্ত্বমধ্যবসায়শ্চ তদ্বান্। ত্রিদশবরো দেবশ্রেষ্ঠ ইন্দ্রস্তদাত্মজঃ। সুখেনানায়াসেন জীয়ত ইতি সুজয়ম্ ॥১৬॥

যমাবিতি। যমৌ নকুলসহদেবৌ। বলে সৈন্যে। দেবকীসুতঃ কৃষ্ণঃ। অভ্যুপেযিবান্ অভিগন্তুমর্হতীত্যর্থঃ। অসুভৃৎ প্রাণী, মৃত্যুমুখাদিব তদ্বলাং নিবর্ত্ততে প্রত্যাবর্ত্ততে ॥১৭॥

তপ ইতি। অভ্যুদীর্ণং বহুলীভূতম্। ধ্রুবম্ অচলম্ ॥১৮॥

সারথিং সম্বোধ্যাহ এবমিতি। এষাং পাণ্ডবানাম্। অয়ং পাণ্ডবকর্ত্তৃকো মিত্রদ্রোহো জ্ঞাতিদ্রোহঃ, মে মম ন মর্ষণীয়ঃ ন সহ্যঃ। ভগ্নে পরাজিতে, সমেয়াৎ সাহায্যায় গচ্ছেৎ ॥১৯॥

কর্ত্তাস্মীতি। কর্ত্তাস্মি করিষ্যামি, সৎপুরুষস্য সাধোঃ আর্য্যস্য সভ্যস্য চ কর্ম্ম ॥২০॥

যুধিষ্ঠির—ধৈর্য্য, বুদ্ধি, সত্য ও অধ্যবসায়শালী ; ভীম—বহুতর হস্তীর তুল্য বিক্রমযুক্ত এবং অর্জ্জুন—দেবরাজের পুত্র। অতএব দেবতারাও অনায়াসে তাঁহাদের সৈন্য জয় করিতে পারেন না ॥১৬॥

তা'র পর সৈন্যের মধ্যে যুদ্ধে যমের তুল্য নকুল ও সহদেব রহিয়াছেন এবং যে সৈন্যের মধ্যে সেই সাত্যকি ও কৃষ্ণ আছেন, কাপুরুষ সেই সৈন্যের সম্মুখে যাইতে পারে না ; কিংবা কোন প্রাণীই মৃত্যুর মুখের ন্যায় সেই সৈন্যের সম্মুখ হইতে ফিরিয়া আসিতে সমর্থ হয় না ॥১৭॥

তপস্বীরা তপস্যাদ্বারাই পরের প্রবল তপস্যাকে প্রতিহত করেন এবং মনস্বীরা নিজশক্তিদ্বারাই অন্যের শক্তি নিবারণ করিয়া থাকেন। অতএব আমার মন শত্রুনিবারণে স্থিরসঙ্কল্প হইয়াছে এবং আত্মরক্ষায় পর্ব্বতের ন্যায় অচল হইয়া রহিয়াছে ॥১৮॥

অতএব সারথি! আমি যাইয়াই পাণ্ডবদের প্রভাব প্রতিহত করিয়া তাঁহাদিগকে জয় করিব। কারণ, তাঁহারা যে মিত্রদ্রোহ করিতেছেন, তাহা আমার সহ্য করা উচিত নহে ; বিশেষতঃ সৈন্য পরাভূত হইলে সাহায্যের জন্য যিনি গমন করেন, তিনিই মিত্র ॥১৯॥

সংপ্রাক্রুষ্টে রুদিতে স্ত্রীকুমারে পরাহতে পৌরুষে ধার্ত্তরাষ্ট্রে।
ময়া কৃত্যমিতি জানামি সূত! তস্মাদ্রাজ্ঞস্ত্বদ্য শত্রূন্ বিজেষ্যে ॥২১॥
কুরূন্ রক্ষন্ পাণ্ডুপুত্রান্ জিঘাংসন্ ত্যক্ত্বা প্রাণান্ ঘোররূপে রণেঽস্মিন্।
সর্ব্বান্ সংখ্যে শত্রুসংঘান্ নিহত্য দাস্যাম্যহং ধার্ত্তরাষ্ট্রায় রাজ্যম্ ॥২২॥
নিবধ্যতাং মে কবচং বিচিত্রং হৈমং শুভং মণিরত্নাবভাসি।
শিরস্ত্রাণঞ্চার্কসমানভাসং ধনুঃ শরাংশ্চাগ্নিবিষাহিকল্পান্ ॥২৩॥
উপাসঙ্গান্ ষোড়শ যোজয়ন্তু ধনূংষি দিব্যানি তথাহরন্তু।
অসীংশ্চ শক্তীশ্চ গদাশ্চ গুর্ব্বীঃ শঙ্খঞ্চ জাম্বূনদচিত্রভাসম্ ॥২৪॥

সমিতি। সংপ্রাক্রুষ্টে বন্ধূনুচ্চৈরাহূতবতি, স্ত্রিয়শ্চ কুমারাশ্চেতি স্ত্রীকুমারম্ তস্মিন্। অনপুংসকলিঙ্গত্বাৎ সমাহারদ্বন্দ্বৈকবদ্ভাবঃ। ধার্ত্তরাষ্ট্রে দুর্য্যোধনসম্বন্ধিনি। কৃত্যং কার্য্যম্ ॥২১॥
কুরূনিতি। জিঘাংসন্ হন্তুমিচ্ছন্। সংখ্যে যুদ্ধে। ধার্ত্তরাষ্ট্রায় দুর্য্যোধনায় ॥২২॥
নিবধ্যতামিতি। নিবধ্যতাং গাত্রে যোজ্যতাম্। হৈমং স্বর্ণময়ম্, মণিভিঃ রত্নৈশ্চ অবভাসতে দীপ্যত ইতি তৎ। অর্কসমানং ভাসতে জ্বলতীতি তৎ, ধনুঃ শরাংশ্চানয়েতি শেষঃ ॥২৩॥
উপেতি। উপাসঙ্গান্ তূণীরান্। আহরন্তু আনয়ন্তু ভৃত্যা ইতি শেষঃ। গুর্ব্বীর্ভারবতী-র্বিশালা বা। জাম্বূনদেন স্বর্ণখচিতত্বেন চিত্রা ভা দীপ্তির্যস্য তম্ ॥২৪॥

সাধু ও সভ্যের কর্ত্তব্য এই কার্য্য আমি করিব এবং প্রাণত্যাগ করিয়া ভীষ্মের অনুসরণ করিব। হয়—আমি যুদ্ধে শত্রুসমূহ সংহার করিব, না হয়—নিহত হইয়া বীরলোকে যাইব ॥২০॥

সারথি! দুর্য্যোধনের পুরুষকার প্রতিহত হইয়াছে এবং স্ত্রীলোক ও বালকেরা উচ্চস্বরে বন্ধুগণকে ডাকিয়া রোদন করিতেছে। অতএব এই সময়ে আমারই প্রয়োজন। সুতরাং আজ আমি দুর্য্যোধনের শত্রুগণকে জয় করিব ॥২১॥

এই ভয়ঙ্কর যুদ্ধে কৌরবগণের রক্ষা ও পাণ্ডবগণের হিংসা করিতে থাকিয়া এবং প্রাণত্যাগের উদ্যম করিয়া যুদ্ধে সমস্ত শত্রুসমূহকে বিনাশপূর্ব্বক আমি দুর্য্যোধনকে রাজ্যদান করিব ॥২২॥

অতএব ভৃত্যেরা আমার গাত্রে স্বর্ণময়, সুন্দর ও মণি-রত্ন-শোভিত বিচিত্র কবচ বন্ধন করুক এবং সূর্য্যের ন্যায় উজ্জ্বল শিরস্ত্রাণ, ধনু ও অগ্নি-বিষ-সর্প-তুল্য বাণ সকল আনয়ন করুক ॥২৩॥

রথমধ্যে যথাস্থানে ষোলটা তূণ স্থাপন করুক এবং দিব্য ধনু, অসি, শক্তি, বিশাল গদা ও স্বর্ণবিচিত্র শঙ্খ আনয়ন করুক ॥২৪॥

(২১)···পরাভূতে···পি। (২৩)···হৈমং শুভ্রম্···বা ব রা নি। (২৪)···জাম্বূনদচিত্রনাদম্—নি।

ইমাং রৌক্মীং নাগকক্ষ্যাং বিচিত্রাং ধ্বজং জৈত্রং দিব্যমিন্দীবরাঙ্কম্।
শ্লক্ষ্ণৈর্বস্ত্রৈর্বিপ্রমৃজ্যানয়ন্তু চিত্রাং মালাং চারুবদ্ধাং সলাজাম্ ॥২৫॥
অশ্বানগ্র্যান্ পাণ্ডুরাভ্রপ্রকাশান্ পুষ্টান্ স্নাতান্ মন্ত্রপূতাভিরদ্ভিঃ।
তপ্তৈর্ভাণ্ডৈঃ কাঞ্চনৈরভ্যুপেতান্ শীঘ্রান্ শীঘ্রং সূতপুত্রানয়স্ব ॥২৬॥
রথঞ্চাগ্র্যং হেমমালাবনদ্ধং রত্নৈশ্চিত্রং সূর্য্যচন্দ্রপ্রকাশৈঃ।
দ্রব্যৈর্যুক্তং সংপ্রহারোপপন্নৈর্বাহৈর্যুক্তং তূর্ণমাবর্ত্তয়স্ব ॥২৭॥
চিত্রাণি চাপানি চ বেগবন্তি জ্যাশ্চোত্তমাঃ সন্নহনোপপন্নাঃ।
তূণাংশ্চ পূর্ণান্ মহতঃ শরাণামাসাদ্য গাত্রাবরণানি চৈব ॥২৮॥ (যুগ্মকম্)

ইমামিতি। রৌক্মীং স্বর্ণময়ীম্, অতএব বিচিত্রাম্, ইমাং নাগকক্ষ্যাং হস্তিমধ্যবন্ধনরজ্জুম্, শ্লক্ষ্ণৈর্মসৃণৈর্বস্ত্রৈঃ, বিপ্রমৃজ্য, জৈত্রং জয়শীলম্, দিব্যমলৌকিকম্, ইন্দীবরাঙ্কং নীলোৎপলচিহ্ন-যুক্তং ধ্বজম্, তথা লাজৈঃ সহেতি সলাজা তাম্, চারুবদ্ধাং সুন্দরগ্রথিতাং চিত্রাং মালাঞ্চ আনয়ন্তু। "কক্ষ্যা মধ্যেভবন্ধনে" ইতি বিশ্বঃ ॥২৫॥

অশ্বানিতি। অগ্র্যান্ শ্রেষ্ঠান্, পাণ্ডুরাভ্রপ্রকাশান্ শুভ্রমেঘবর্ণান্। অদ্ভির্জলৈঃ। তপ্তৈরগ্নিনা, ভাণ্ডৈর্ভূষণৈঃ, "ভাণ্ডং ভূষণমাত্রেঽপি" ইতি হারাবলী। শীঘ্রান্ শীঘ্র-গামিনঃ ॥২৬॥

রথমিতি। অগ্র্যং শ্রেষ্ঠম্, হেমমালয়া স্বর্ণমাল্যেন অবনদ্ধং পরিবেষ্টিতম্। সংপ্রহারো-পপন্নৈর্যুদ্ধোপযোগিভিঃ, বাহৈরশ্বৈঃ। আবর্ত্তয়স্ব আনয়। চাপানি ধনূংষি। আবেগকৃতা দ্বিস্ত্রিরুক্তির্ন দোষায়। জ্যা গুণান্, সন্নহনোপপন্না ধনুর্ব্যবহারে যোগ্যাঃ। শরাণাং পূর্ণানিতি "করণে পূস্তৃপ্ত্যর্থয়োঃ" ইতি করণে ষষ্ঠী। আসাদ্যাবর্ত্তয়স্বেতি সম্বন্ধঃ ॥২৭—২৮॥

স্বর্ণময় বিচিত্র হস্তিবন্ধনরজ্জু, মসৃণ বস্ত্রদ্বারা পরিমার্জিত করিয়া জয়সূচক নীলোৎপলচিহ্নিত দিব্য ধ্বজ এবং লাজের (খইর) সহিত সুন্দরগ্রথিত বিচিত্র মালা আনয়ন করুক ॥২৫॥

সূতপুত্র! জলবিহীন মেঘের ন্যায় শুভ্রবর্ণ, হৃষ্ট-পুষ্ট, তপ্ত স্বর্ণভূষণে ভূষিত ও শীঘ্রগামী উত্তম অশ্বচতুষ্টয়কে মন্ত্রপূত জলে স্নান করাইয়া তুমি সত্বর আনয়ন কর ॥২৬॥

সারথি! স্বর্ণমালায় (স্বর্ণঝালরে) পরিবেষ্টিত, চন্দ্র ও সূর্য্যের তুল্য উজ্জ্বল রত্নে বিচিত্র, যুদ্ধোপযোগিদ্রব্যসম্পন্ন এবং উৎকৃষ্টঘোটকযুক্ত উত্তম একখানা রথ, আর বিচিত্র ও সুদৃঢ় বহুতর ধনু, পরিচ্ছদযুক্ত গুণ, বাণপূর্ণ কতকগুলি বিশাল তূণ এবং সজ্জাগৃহে যাইয়া অনেক বর্ম্ম সত্বর আনয়ন কর ॥২৭—২৮॥

(২৫)···ইন্দীবরাভম্। শুক্লৈর্বস্ত্রৈবিপ্রমৃজ্যানয়স্ব চিত্রাণি চাপানি চ বেগবন্তি পি। (২৬)··· শীঘ্রাচ্ছীঘ্রম্ পি। (২৭)···হেমজালাবনদ্ধম্···পি। (২৮)···সংহননোপপন্নাঃ···পি ব।

প্রাযাত্রিকং চানয়তাশু সর্ব্বং দধ্না পূর্ণং বীর! কাংস্যঞ্চ হৈমম্।
আনীয় মালামববধ্য চাঙ্গে প্রবাদয়ন্ত্বাশু জয়ায় ভেরীঃ ॥২৯॥
প্রয়াহি সূতাশু যতঃ কিরীটী বৃকোদরো ধর্ম্মসুতো যমৌ চ।
তান্ বা হনিষ্যামি সমেত্য সংখ্যে ভীষ্মায় বৈষ্যামি হতো দ্বিষদ্ভিঃ ॥৩০॥
যস্মিন্ রাজা সত্যধৃতির্যুধিষ্ঠিরঃ সমাস্থিতো ভীমসেনার্জ্জুনৌ চ।
বাসুদেবঃ সাত্যকিঃ সৃঞ্জয়াশ্চ মন্যে বলং তদজয্যং মহীপৈঃ ॥৩১॥
তঞ্চেন্মৃত্যুঃ সর্ব্বহরোঽভিরক্ষেৎ সদাঽপ্রমত্তঃ সমরে কিরীটিনম্।
তথাপি হন্তাস্মি সমেত্য সংখ্যে যাস্যামি বা ভীষ্মপথা যমায় ॥৩২॥
ন ত্বেবাহং ন গমিষ্যামি তেষাং মধ্যং শূরাণাং তত্র চাহং ব্রবীমি।
মিত্রদ্রুহো দুর্ব্বলভক্তয়ো যে পাপাত্মানো ন মমৈতে সহায়াঃ ॥৩৩॥

প্রেতি। প্রাযাত্রিকং মাঙ্গলিকতয়া প্রকৃষ্টযাত্রাসংসৃষ্টম্। কাংস্যং হৈমঞ্চ কুম্ভমিতি শেষঃ। অববধ্য সংযোজ্য, প্রবাদয়ন্তু যুদ্ধবাদ্যকারাঃ ॥২৯॥

প্রয়াহীতি। যতো যত্র। যমৌ নকুলসহদেবৌ। এষ্যামি যাস্যামি ॥৩০॥

যস্মিন্নিতি। সত্যধৃতির্যথার্থধৈর্য্যঃ। বলং সৈন্যম্, অজয্যং জেতুমশক্যম্ ॥৩১॥

তমিতি। অপ্রমত্তঃ সাবধানঃ। হন্তাস্মি হনিষ্যামি। যমায় যমলোকায় ॥৩২॥

নেতি। অহং তেষাং শূরাণাং পাণ্ডবানাং মধ্যং ন গমিষ্যামি, ইতি তু নৈব, অবশ্যমেব গমিষ্যামীত্যর্থঃ। অথ যদি ভবৎসহায়া মনসা ভবদ্দ্রোহিণো দুর্ব্বলানুরাগা বা ভবেয়ুস্তদা তু বিপদাশঙ্কেত্যাহ তত্রেতি। তত্র চাহং ব্রবীমি—যে মিত্রদ্রুহঃ, দুর্ব্বলভক্তয়ঃ অদৃঢ়ানুরাগা বা

বীর! তোমরা সত্বর বিশিষ্ট যাত্রার উপযোগী ঘৃত-দূর্ব্বাদি সমস্ত বস্তু এবং দধিপূর্ণ কাংস্য বা স্বর্ণনির্ম্মিত কুম্ভ আনয়ন কর; আর যুদ্ধবাদ্যকারেরা মালা আনয়নপূর্ব্বক অঙ্গে বন্ধন করিয়া জয়লাভের জন্য ভেরী বাদন করুক ॥২৯॥

সারথি! যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব যেখানে রহিয়াছেন, সেই-খানে সত্বর যাও। আমি যুদ্ধে যাইয়া—হয় তাঁহাদিগকে বধ করিব, না হয় তাঁহাদের হস্তে নিহত হইয়া ভীষ্মের উদ্দেশে যাইব ॥৩০॥

যে সৈন্যের মধ্যে যথার্থধৈর্য্যশালী রাজা যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, কৃষ্ণ, সাত্যকি ও সৃঞ্জয়গণ রহিয়াছেন, আমি মনে করি—সে সৈন্য অন্য রাজাদের অজেয় ॥৩১॥

সর্ব্বহারী ও সর্ব্বদা সাবধান মৃত্যু যদিও যুদ্ধে সেই অর্জ্জুনকে সর্ব্বতোভাবে রক্ষা করেন, তথাপি আমি যুদ্ধে যাইয়া তাঁহাকে বধ করিব; অথবা ভীষ্মের পথে যমলোকে যাইব ॥৩২॥

---

(২৯)…সর্ব্বং পূর্ণং কাস্ত্যা বীর!…নি। (৩০)…ভীষ্মায় গচ্ছামি…বা ব,…ভীষ্মো যথৈষ্যামি…নি। (৩২)…ভীষ্মমুখো যমায়—নি।

সঞ্জয় উবাচ।

সমৃদ্ধিমন্তং রথমুত্তমং দৃঢ়ং সকূবরং হেমপরিষ্কৃতং শুভম্।
পতাকিনং বাতজবৈর্হয়োত্তমৈর্যুক্তং সমাস্থায় যযৌ জয়ায় সঃ ॥৩৪॥
সম্পূজ্যমানঃ কুরুভির্মহাত্মা রথর্ষভো দেবগণৈর্যথেন্দ্রঃ।
যযৌ তদায়োধনমুগ্রধন্বা যত্রাবসানং ভরতর্ষভস্য ॥৩৫॥
বরূথিনা মহতা সধ্বজেন সুবর্ণমুক্তামণিরত্নশোভিনা।
সদশ্বযুক্তেন রথেন কর্ণো মেঘস্বনেনার্ক ইবামিতৌজাঃ ॥৩৬॥ (যুগ্মকম্)
হুতাশনাভঃ স হুতাশনপ্রভে শুভঃ শুভে বৈ স্বরথে ধনুর্দ্ধরঃ।
স্থিতো ররাজাধিরথির্মহারথঃ স্বয়ং বিমানে সুররাড়িব স্থিতঃ ॥৩৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
দ্রোণাভিষেকে কর্ণপ্রয়াণে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥

পাপাত্মানঃ, এতে তে মম সহায়া ন ভবেয়ুঃ। মিত্রপ্রিয়া দৃঢ়ানুরাগা এব চ মে সহায়া ভবেয়ুরিতি ভাবঃ ॥৩৩॥

সমৃদ্ধীতি। সমৃদ্ধিমন্তং মণিরত্নাদিমত্ত্বাং। সকূবরং যুগন্ধরদারুযুক্তম্, হেমপরিষ্কৃতং স্বর্ণমালাশোভিতম্। বাতস্য বায়োরিব জবো বেগো যেষাং তৈঃ। সমাস্থায় সমারুহ্য, স কর্ণঃ ॥৩৪॥

সম্পূজ্যেতি। রথর্ষভো রথিশ্রেষ্ঠঃ। আয়োধনং সমরাঙ্গনম্, উগ্রধন্বা ভয়ঙ্করধনুর্দ্ধরঃ কর্ণঃ, অবসানং পতনম্, ভরতর্ষভস্য ভীষ্মস্য। বরূথিনা ব্যাঘ্রচর্ম্মাবরণযুক্তেন ॥৩৫—৩৬॥

আমি যে সেই বীরগণের মধ্যে যাইব না, এমন নহে। সে বিষয়ে আমি বলিতেছি—যাহারা মিত্রদ্রোহী, বা শিথিলানুরাগী, অথবা পাপাত্মা, তাহারা আমার সহায় হইবে না' ॥৩৩॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর কর্ণ—সমৃদ্ধিযুক্ত, কূবরসম্পন্ন, স্বর্ণালঙ্কৃত, শুভলক্ষণান্বিত পতাকাশালী, বায়ুর ন্যায় বেগবিশিষ্ট-ঘোটক-চালিত, দৃঢ় ও উত্তম রথে আরোহণ করিয়া প্রস্থান করিলেন ॥৩৪॥

দেবতারা যেমন ইন্দ্রের পূজা করেন, সেইরূপ তখন কৌরবেরা কর্ণের পূজা করিতে লাগিলেন; সেই অবস্থায় মহাত্মা, রথিশ্রেষ্ঠ ও ভীষণধনুর্দ্ধর কর্ণ—যে সমরাঙ্গনে ভীষ্মের পতন হইয়াছিল, সেই সমরাঙ্গনে গমন করিলেন। ব্যাঘ্রচর্ম্মের আবরণযুক্ত, ধ্বজসমন্বিত, স্বর্ণ, মুক্তা, মণি ও রত্নশোভিত, উত্তমঘোটকসম্পন্ন এবং মেঘের ন্যায় গম্ভীরধ্বনিকারী বিশাল রথে আরোহণ করিয়া অমিততেজা কর্ণ সূর্য্যের ন্যায় গমন করিতে লাগিলেন ॥৩৫—৩৬॥

(৩৬)···রত্নমালিনা···বা ব রা নি। (৩৭)···সুররাড়িবাস্থিতঃ—বা নি।

তৃতীয়োঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

শরতল্পে মহাত্মানং শয়ানমমিতৌজসম্।
মহাবাতসমূহেন সমুদ্রমিব শোষিতম্ ॥১॥
দৃষ্ট্বা পিতামহং ভীষ্মং সর্ব্বক্ষত্রান্তকং গুরুম্।
দিব্যৈরস্ত্রৈর্ম্মহাত্মানং পাতিতং সব্যসাচিনা ॥২॥
জয়াশা তব পুত্রাণাং সংভগ্না শর্ম্ম বর্ম্ম চ।
অপারাণামিব দ্বীপমগাধে গাধমিচ্ছতাম্ ॥৩॥ (বিশেষকম্)
স্রোতসা যামুনেনেব শরৌঘেণ পরিপ্লুতম্।
মহেন্দ্রেণেব মৈনাকমসহ্যং ভুবি পাতিতম্ ॥৪॥

হুতেতি। হুতাশনাভঃ স্বর্ণবর্ম্মধারণাৎ, হুতাশনপ্রভে স্বর্ণমালাবনদ্ধত্বাদেব, শুভঃ শুভলক্ষণঃ, শুভে স্বর্ণান্বিতত্বাদেব। আধিরথিঃ অধিরথপুত্রঃ কর্ণঃ। সুররাট্ ইন্দ্রঃ ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥

শরেতি। শরতল্পে শরশয্যায়াম্। শোষিতং জলাপসারণাৎ। সর্ব্বেষাং ক্ষত্রাণাম্ অন্তকং যমস্বরূপম্। শর্ম্ম সুখম্, বর্ম্ম কবচঞ্চ সংভগ্নম্। অপারাণাং সমুদ্রাণামগাধে জলে, দ্বীপমিব, গাধং স্থানম্। "গাধঃ স্থানে চ লিপ্সায়াম্" ইতি বিশ্বঃ ॥১—৩॥

তখন অগ্নির ন্যায় উজ্জ্বলমূর্ত্তি, শুভলক্ষণসম্পন্ন, মহাধনুর্দ্ধর ও মহারথ কর্ণ—অগ্নির তুল্য উজ্জ্বল ও শুভলক্ষণযুক্ত আপন রথে থাকিয়া নিজবিমানস্থিত দেবরাজের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৩৭॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! মহাত্মা, অমিততেজা, সমস্ত ক্ষত্রিয়ের নিকটে যমস্বরূপ ও অস্ত্রগুরু পিতামহ ভীষ্মকে অর্জ্জুনের দিব্য অস্ত্রে নিপাতিত, শরশয্যায় শয়িত এবং মহাবায়ুশোষিত সমুদ্রের ন্যায় অবস্থিত দেখিয়া আপনার পুত্রগণের জয়ের আশা ও সমস্ত সুখ তিরোহিত হইয়াছিল এবং গায়ের বর্ম্মও খুলিয়া পড়িয়াছিল। কেন না, তাঁহারা অপার সমুদ্রের অগাধ জলে দ্বীপের ন্যায় (ভীষণসমরে) ভীষ্মকেই আশ্রয়স্থান বলিয়া মনে করিতেন ॥১—৩॥

(৪)···মহান্তমিব মৈনাকমহার্য্যং ভুবি পাতিতম্—নি,···অশক্যং ভুবি পাতিতম্—পি।

নভশ্চ্যুতমিবাদিত্যং পতিতং ধরণীতলে।
শতক্রতুমিবাচিন্ত্যং পুরা বৃত্রেণ নির্জিতম্ ॥৫॥
মোহনং সর্ব্বসৈন্যস্য যুধি ভীষ্মং নিপাতিতম্।
ককুদং সর্ব্বসৈন্যানাং লক্ষ্ম সর্ব্বধনুষ্মতাম্ ॥৬॥
ধনঞ্জয়শরৈর্ব্ব্যাপ্তং পাতিতন্তু মহাব্রতম্।
তং বীরশয়নে বীরং শয়ানং পুরুষর্ষভম্ ॥৭॥
ভীষ্মমাধিরথির্দৃষ্ট্বা ভরতানাং পিতামহম্।
অবতীর্য্য রথাদার্ত্তো বাষ্পপর্য্যাকুলেক্ষণঃ।
অভিবাদ্যাঞ্জলিং বদ্ধা বন্দমানোঽভ্যভাষত ॥৮॥ (কুলকম্)
কর্ণোঽহমস্মি ভদ্রন্তে বদ মামভি ভারত!।
পুণ্যয়া ক্ষেময়া বাচা চক্ষুষা চাবলোকয় ॥৯॥

স্রোতসেতি। যমুনায়া ইদমিতি যামুনং তেন, পরিপ্লুতং ব্যাপ্তম্। মৈনাকং পর্ব্বতম্। নভশ্চ্যুতম্ আকাশভ্রষ্টম্। অচিন্ত্যম্ অচিন্তনীয়প্রভাবম্। মোহনং ভয়োৎপাদনেন মোহজনকম্। ককুদং প্রধানম্, "প্রাধান্যে রাজলিঙ্গে চ বৃষাঙ্গে ককুদোঽস্ত্রিয়াম্" ইত্যমরঃ। লক্ষ্ম প্রধানম্, "লক্ষ্ম চিহ্নে প্রধানে চ" ইতি বিশ্বঃ। মহাব্রতং চিরব্রহ্মচারিণম্। আধিরথিঃ কর্ণঃ, ভরতানাং তদানীন্তনানাং যুধিষ্ঠিরাদীনাম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪—৮॥

কর্ণ ইতি। তে তব ভদ্রং মঙ্গলমস্ত্বিতি শেষঃ। অভি প্রতি। ক্ষেময়া শুভয়া ॥৯॥

তৎকালে বিপক্ষের অসহনীয় ভীষ্ম যমুনার স্রোতের ন্যায় অর্জ্জুনের শরসমূহে ব্যাপ্তদেহ হইয়া, ইন্দ্রনিপাতিত মৈনাকপর্ব্বতের ন্যায় ভূতলে নিপাতিত রহিয়াছিলেন। সকল সৈন্যের মোহজনক, সমস্ত-যোদ্ধৃপ্রধান ও সমগ্র ধনুর্দ্ধরশ্রেষ্ঠ ভীষ্ম যুদ্ধে নিপাতিত হইয়া, আকাশচ্যুত সূর্য্য ও পূর্ব্বকালে বৃত্রাসুরনির্জিত অচিন্ত্যপ্রভাব ইন্দ্রের ন্যায় ধরণীতলে পতিত ছিলেন। চিরব্রহ্মচারী, মহাবীর ও পুরুষশ্রেষ্ঠ ভীষ্ম তখন অর্জ্জুনের বাণে ব্যাপ্তদেহ ও নিপাতিত হইয়া বীরশয্যায় শয়িত রহিয়াছিলেন। কর্ণ সেই অবস্থায় ভরতপিতামহ ভীষ্মকে দেখিয়া, দুঃখিত ও বাষ্পাকুলনেত্র হইয়া, রথ হইতে অবতরণপূর্ব্বক অভিবাদন ও অঞ্জলিবন্ধন করিয়া, অবনত থাকিয়া বলিতে লাগিলেন—॥৪—৮॥

'ভরতনন্দন! আপনার মঙ্গল হউক, আমি কর্ণ, আপনি পবিত্র ও মঙ্গলজনক বাক্যে আমার সহিত আলাপ করুন এবং নয়ন উন্মীলন করিয়া আমার প্রতি দৃষ্টিপাত করুন ॥৯॥

(৫)···আদিত্যং শক্রস্তেবামৃতং হৃতম্···নি,···শতক্রতোরিবাচিন্ত্যং পুরা বৃত্রেণ নির্জয়ম্—পি। (৮)···ভরতানাং মহাদ্যুতিম্···পি, ভরতানাং মহাদ্যুতিঃ···বা।

ন নূনং সুকৃতস্যেহ ফলং কশ্চিৎ সমশ্নুতে।
যত্র ধর্ম্মপরো বৃদ্ধঃ শেতে ভুবি ভবানিহ ॥১০॥
কোষসঞ্চয়নে মন্ত্রে ব্যূহে প্রহরণেষু চ।
নাহমন্যং প্রপশ্যামি কুরূণাং কুরুপুঙ্গব!।
বুদ্ধ্যা বিশুদ্ধয়া যুক্তো যঃ কুরূংস্তারয়েদ্ভয়াৎ ॥১১॥
যোধাংস্ত্বমপ্লবে হিত্বা পিতৃলোকং গমিষ্যসি।
অদ্যপ্রভৃতি সংক্রুদ্ধা ব্যাঘ্রা ইব মৃগক্ষয়ম্।
পাণ্ডবা ভরতশ্রেষ্ঠ! করিষ্যন্তি কুরুক্ষয়ম্ ॥১২॥
অদ্য গাণ্ডীবঘোষেণ বীর্য্যজ্ঞাঃ সব্যসাচিনঃ।
কুরবঃ সন্ত্রসিষ্যন্তি বজ্রঘোষাদিবাসুরাঃ ॥১৩॥
অদ্য গাণ্ডীবমুক্তানামশনীনামিব স্বনঃ।
ত্রাসয়িষ্যতি বাণানাং কুরূনন্যাংশ্চ পার্থিবান্ ॥১৪॥

নেতি। ইহ লোকে কৃতস্যেতি শেষঃ, সুকৃতস্য ধর্ম্মস্য। যত্র যস্মাৎ ॥১০॥

কোষেতি। কোষসঞ্চয়নে ধনবৃদ্ধৌ। প্রহরণেষু যুদ্ধেষু। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

যোধানিতি। অপ্লবে সন্তারকরহিতে বিপৎসাগরে, হিত্বা নিক্ষিপ্য। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১২॥

অদ্যেতি। সন্ত্রসিষ্যন্তি মহাভয়ং প্রাপ্স্যন্তি, বজ্রস্য ঘোষাৎ শব্দাৎ ॥১৩॥

অদ্যেতি। অশনীনাং বজ্রাণাম্, স্বনঃ শব্দঃ ॥১৪॥

নিশ্চয়ই কোন লোক ইহলোককৃত পুণ্যের ফল ভোগ করে না। যে হেতু আপনি ধর্ম্মপরায়ণ ও বৃদ্ধ হইয়া এই ভূতলে শয়ন করিয়া রহিয়াছেন ॥১০॥

কৌরবশ্রেষ্ঠ! নির্ম্মলবুদ্ধিযুক্ত যিনি অর্থসঞ্চয়, মন্ত্রণা, ব্যূহরচনা ও যুদ্ধে কৌরবগণকে ভয় হইতে উদ্ধার করিতে পারেন, এমন অন্য কোন লোককেই আমি কৌরবগণের মধ্যে দেখিতেছি না ॥১১॥

ভরতশ্রেষ্ঠ! আপনি কৌরবযোদ্ধাদিগকে আশ্রয়বিহীন বিপৎসাগরে নিক্ষেপ করিয়া পিতৃলোকে গমন করিবেন; আর এদিকে ব্যাঘ্রসমূহ যেমন মৃগবিনাশ করে, সেইরূপ অত্যন্তক্রুদ্ধ পাণ্ডবেরা আজ হইতে কৌরবগণকে বিনাশ করিতে থাকিবে ॥১২॥

আজ হইতে অর্জ্জুনের বীর্য্যাভিজ্ঞ কৌরবেরা—বজ্রনির্ঘোষে অসুরগণের ন্যায় গাণ্ডীবনির্ঘোষে অত্যন্ত ভীত হইতে থাকিবেন ॥১৩॥

(১০)…শেতে ভুবি নিপাতিতঃ—পি,…ভুবি ভবানহ—বা। (১১)…কুরূণাং কুরুসত্তম! …পি। (১২) যোধান্ সুবহুশো হত্বা… পি, যোধাংস্ত বহুধা হত্বা…বা ব।

সমিদ্ধোঽগ্নির্যথা বীর ! মহাজ্বালো দ্রুমান্ দহেৎ।
ধার্ত্তরাষ্ট্রান্ প্রধক্ষ্যন্তি তথা বাণাঃ কিরীটিনঃ ॥১৫॥
যেন যেন প্রসরতো বায়ুগ্নী সহিতৌ বনে।
তেন তেন প্রদহতো ভুবি গুল্মতৃণদ্রুমান্ ॥১৬॥
যাদৃশোঽগ্নিঃ সমিদ্ধো হি তাদৃক্ পার্থো ন সংশয়ঃ।
যথা বায়ুর্নরব্যাঘ্র ! তথা কৃষ্ণো ন সংশয়ঃ ॥১৭॥
নদতঃ পাঞ্চজন্যস্য রসতো গাণ্ডিবস্য চ।
শ্রুত্বা সর্বাণি সৈন্যানি ত্রাসং যাস্যন্তি ভারত ! ॥১৮॥
কপিধ্বজস্য চোৎপাতে রথস্যামিত্রকর্ষিণঃ।
শব্দং সোঢ়ুং ন শক্ষ্যন্তি ত্বামৃতে বীর ! পার্থিবাঃ ॥১৯॥

সমিদ্ধ ইতি। সমিদ্ধঃ প্রজ্বলিতঃ। মহতী জ্বালা শিখা যস্য সঃ ॥১৫॥
যেনেতি। যেন যেন পথা। সহিতৌ মিলিতৌ। তেন তেন পথা ॥১৬॥
সাদৃশ্যং যোজয়তি যাদৃশ ইতি। তাদৃক্ দাহকত্বাৎ। তথা প্রেরকত্বাৎ ॥১৭॥
নদত ইতি। রসতঃ শব্দায়মানস্য। শ্রুত্বা তয়োর্নির্ঘোষমিতি শেষঃ ॥১৮॥
কপীতি। কপির্ধ্বজে যস্য তস্য, উৎপাতে উপস্থিতৌ। ঋতে বিনা ॥১৯॥

আজ হইতে বজ্রনির্ঘোষের ন্যায় গাণ্ডীবনিক্ষিপ্ত বাণসমূহের শব্দ কৌরবগণের ও অন্যান্য রাজগণের ত্রাস উৎপাদন করিবে ॥১৪॥

বীর ! বিশাল-শিখা-সমন্বিত প্রজ্জলিত অগ্নি যেমন বৃক্ষ সমূহকে দগ্ধ করে, সেইরূপ অর্জ্জুনের বাণ সকল ধার্ত্তরাষ্ট্রগণকে দগ্ধ করিবে ॥১৫॥

বায়ু ও অগ্নি মিলিত হইয়া বনের ভিতরে যে যে পথে বিচরণ করে, সেই সেই পথেই তাহারা ভূতলের গুল্ম, তৃণ ও বৃক্ষসমূহকে দগ্ধ করিয়া থাকে ॥১৬॥

সুতরাং নরশ্রেষ্ঠ ! প্রজ্বলিত অগ্নি যেমন, অর্জ্জুনও তেমনই ; এ বিষয়ে কোন সন্দেহ নাই। আবার বায়ু যেমন, কৃষ্ণও তেমনই ; এ বিষয়েও কোন সংশয় নাই ॥১৭॥

ভরতনন্দন ! কৃষ্ণের পাঞ্চজন্যশঙ্খের ধ্বনি এবং অর্জ্জুনের গাণ্ডীবধনুর শব্দ শুনিয়া কৌরবপক্ষের সমস্ত সৈন্যই ভীত হইবে ॥১৮॥

বীর ! বানরধ্বজ ও শত্রুনাশক রথ উপস্থিত হইলে, আপনি ভিন্ন অপর রাজারা তাহার শব্দই সহ্য করিতে পারিবেন না ॥১৯॥

(১৬)···ভূরিগুল্মতৃণদ্রুমান্—বা ব রা নি। (১৭) যাদৃশোঽগ্নিঃ সমুদ্ভূতঃ···বা ব রা মি। (১৯) কপিধ্বজস্যোৎপততঃ···নি, অমিত্রকর্ষণ !···পি।

কো হ্যর্জ্জুনং রণে যোদ্ধুং ত্বদন্যঃ পার্থিবোঽর্হতি।
যস্য দিব্যানি কর্ম্মাণি প্রবদন্তি মনীষিণঃ ॥২০॥
অমানুষশ্চ সংগ্রামস্ত্র্যম্বকেন মহাত্মনা।
তস্মাচ্চৈব বরং প্রাপ্তো দুষ্প্রাপমকৃতাত্মভিঃ ॥২১॥
কোঽন্যঃ শক্তো রণে জেতুং পূর্বং যো ন জিতস্ত্বয়া।
জিতো যেন রণে রামো ভবতা বীর্য্যশালিনা।
হায় ! যিনি স্বর্ণময় ও ব্যাঘ্রচর্ম্মপরিবেষ্টিত রথে আরোহণ করিতেন এবং সুবর্ণখচিত উষ্ণীষ ধারণ করিতেন, আজ সেই দ্রোণকে নিহত শুনিয়া কোন প্রকারেই শোকাপনোদন করিতে পারিতেছি না ॥৮॥

সঞ্জয় ! নিশ্চয়ই কোন মানুষও পরের দুঃখে মরে না। যে হেতু মন্দবুদ্ধি আমি দ্রোণকে নিহত শুনিয়াও জীবিত রহিয়াছি। আমি দৈবকেই প্রধান বলিয়া মনে করি, আর পুরুষকারকে অনর্থের কারণ বলিয়া ধারণা করি ॥৯॥

(৬)…পার্ষতেন মহাত্মনা—বা ব রা নি। (৮)…নাদ্য শোকমুপাদদে—বা ব। (৯) অত্র পুস্তকভেদাদেব পাঠভেদা লক্ষ্যন্তে।

ব্রাহ্মে দৈবে তথেম্বস্ত্রে যমুপাসন্ গুণার্থিনঃ।
ব্রাহ্মণা রাজপুত্রাশ্চ স কথং মৃত্যুনা হৃতঃ ॥১১॥
শোষণং সাগরস্যেব মেরোরিব বিসর্পণম্।
পতনং ভাস্করস্যেব ন মৃষ্যে দ্রোণপাতনম্ ॥১২॥
দুষ্টানাং প্রতিষেদ্ধাসীদ্ধার্ম্মিকাণাঞ্চ রক্ষিতা।
যোঽহাসীৎ কৃপণস্যার্থে প্রাণানপি পরন্তপঃ ॥১৩॥
মন্দানাং মম পুত্রাণাং জয়াশা যস্য বিক্রমে।
বৃহস্পত্যুশনস্তুল্যো বুদ্ধ্যা স নিহতঃ কথম্ ॥১৪॥ (যুগ্মকম্)
তে চ শোণা বৃহন্তোঽশ্বাশ্ছন্না জালৈর্হিরণ্ময়ৈঃ।
রথে বাতজবা যুক্তাঃ সর্বশস্ত্রাতিগা রণে ॥১৫॥

অশ্মেতি। অশ্মসারময়ং পাষাণসারঘটিতম্ ॥১০॥
ব্রাহ্ম ইতি। ব্রাহ্মে বেদাধ্যয়নে, দৈবে দেবারাধনে, তত্তদস্ত্রে বা ॥১১॥
শোষণমিতি। বিসর্পণং বিচলনম্। ন মৃষ্যে ন সহে ॥১২॥
দুষ্টানামিতি। প্রতিষেদ্ধা দুষ্টকর্ম্মণো নিবারয়িতা। কৃপণস্য ক্ষুদ্রস্য দুর্য্যোধনস্য। মন্দানাং মূর্খাণাম্। উশনা শুক্রঃ ॥১৩—১৪॥
ত ইতি। শোণা রক্তবর্ণাঃ। ছন্না আবৃতাঙ্গাঃ, হিরণ্ময়ৈঃ স্বুবর্ণময়ৈঃ। বাতজবা

আমার হৃদয়টা নিশ্চয়ই পাষাণসারনির্ম্মিতের ন্যায় সুদৃঢ়। যে হেতু দ্রোণকে নিহত শুনিয়াও শতধা বিদীর্ণ হইতেছে না ॥১০॥

হায়! শিক্ষার্থী ব্রাহ্মণেরা ও রাজপুত্রেরা যথাক্রমে বেদাধ্যয়ন ও দেবারাধনা এবং ধনুর্ব্বেদশিক্ষার জন্য যাঁহার সেবা করিতেন, মৃত্যু সেই দ্রোণকে হরণ করিল! ॥১১॥

সমুদ্রের শোষণ, সুমেরুপর্ব্বতের বিচলন এবং সূর্য্যের পতনের ন্যায় আমি যে দ্রোণের নিপাতন সহ্য করিতে পারিতেছি না ॥১২॥

যে শত্রুসন্তাপকারী দ্রোণ দুর্জনের শাসক ও সজ্জনের রক্ষক ছিলেন এবং ক্ষুদ্র দুর্য্যোধনের জন্য প্রাণপর্য্যন্ত পরিত্যাগ করিতে উদ্যত ছিলেন; বিশেষতঃ যাঁহার বিক্রমের উপরে আমার মূর্খ পুত্রগণের জয়াশা ছিল, বুদ্ধিতে বৃহস্পতি ও শুক্রের তুল্য সেই দ্রোণ নিহত হইলেন! ॥১৩—১৪॥

রক্তবর্ণ, বিশাল ও দৃঢ়শরীর, স্বর্ণময় জালে আবৃত, বায়ুর তুল্য বেগশালী, যুদ্ধে সমস্ত অস্ত্রের আঘাতসহিষ্ণু, বলবান্, হেষারবকারী, শিক্ষিত, দ্রোণরথে

বলিনো হ্রেষিণো দান্তাঃ সৈন্ধবাঃ সাধুবাহিনঃ।
দৃঢ়াঃ সংগ্রামমধ্যেষু কচ্চিদাসন্নবিহ্বলাঃ ॥১৬॥ (যুগ্মকম্)
করিণাং বৃংহতাং যুদ্ধে শঙ্খদুন্দুভিনিস্বনৈঃ।
জ্যাক্ষেপশরবর্ষাণাং শস্ত্রাণাঞ্চ সহিষ্ণবঃ ॥১৭॥
আশংসন্তঃ পরান্ জেতুং জিতশ্বাসা জিতব্যথাঃ।
হয়াঃ পরাজিতাঃ শীঘ্রা ভারদ্বাজরথোদ্বহাঃ ॥১৮॥
তে স্ম রুক্মরথে যুক্তা নরবীরসমাস্থিতাঃ।
কথং নাভ্যতরংস্তাত! পাণ্ডবানামনীকিনীম্ ॥১৯॥
জাতরূপপরিষ্কারমাস্থায় রথমুত্তমম্।
ভারদ্বাজঃ কিমকরোদ্যুধি সত্যপরাক্রমঃ ॥২০॥
বিদ্যাং যস্যোপজীবন্তি সর্ব্বলোকধনুর্দ্ধরাঃ।
স সত্যসন্ধো বলবান্ দ্রোণঃ কিমকরোদ্যুধি ॥২১॥

বায়ুতুল্যবেগাঃ, সর্ব্বশস্ত্রাতিগাঃ সর্ব্বশস্ত্রাঘাতসহিষ্ণব ইত্যর্থঃ। হ্রেষিণো হ্রেষারবকারিণঃ, দান্তাঃ শিক্ষিতাঃ, সৈন্ধবাঃ সিন্ধুদেশীয়াঃ, সাধুবাহিনঃ সুষ্ঠু রথবহনকারিণঃ। বিহ্বলা আকুলাঃ ॥১৫—১৬॥

করিণামিতি। করিণাং সমূহা ইতি শেষঃ। সহিষ্ণব আসন্ কচ্চিদিত্যনুবৃত্তিঃ ॥১৭॥

আশংসন্ত ইতি। পরাজিতা আসন্ কচ্চিদিত্যনুবর্ত্ততে, শীঘ্রাঃ শীঘ্রগামিনঃ ॥১৮॥

ত ইতি। তে হয়াঃ। নরবীরেণ দ্রোণেন সমাস্থিতা রথারোহণেনৈবারূঢ়াঃ ॥১৯॥

জাতেতি। জাতরূপপরিষ্কারং স্বর্ণভূষণম্, আস্থায় আরুহ্য ॥২০॥

সংযুক্ত ও সম্যগ্ বহনকারী সেই সিন্ধুদেশীয় অশ্বগুলি যুদ্ধমধ্যে আকুল হইয়া পড়ে নাই ত? ॥১৫—১৬॥

যুদ্ধমধ্যে শঙ্খ ও দুন্দুভির শব্দ শুনিয়া বৃংহিতধ্বনিকারী হস্তিগণ বিপক্ষের ধনুর্গুণাস্ফালনসহকারে বাণবর্ষণ ও অন্যান্য অস্ত্র সহ্য করিতে পারিতেছিল ত? ॥১৭॥

বিপক্ষবিজয়াভিলাষী, শ্বাস ও ব্যথাবিহীন এবং দ্রুতগামী দ্রোণের রথবাহী অশ্বগণ পরাজিত হইয়াছিল কি? ॥১৮॥

বৎস সঞ্জয়! দ্রোণের স্বর্ণময় রথে সংযুক্ত এবং দ্রোণাধিষ্ঠিত সেই অশ্বগণ পাণ্ডবসৈন্য উত্তীর্ণ হয় নাই কেন? ॥১৯॥

যথার্থপরাক্রমশালী দ্রোণ স্বর্ণখচিত উত্তম রথে আরোহণ করিয়া যুদ্ধে কি করিয়াছিলেন ॥২০॥

(১৬) বলিনো ঘোষিণো দান্তাঃ…পি। (১৮) হয়াঃ প্রব্রজিতাঃ শীঘ্রম্…পি।

দিবি শক্রমিব শ্রেষ্ঠং মহামাত্রং ধনুর্ভৃতাম্ ।
কে নু তং রৌদ্রকর্ম্মাণং যুদ্ধে প্রত্যুদ্যযু রথাঃ ॥২২॥
নন্নু রুক্মরথং দৃষ্ট্বা প্রদ্রবন্তি স্ম পাণ্ডবাঃ ।
দিব্যমস্ত্রং বিকুর্বাণং রণে তস্মিন্ মহাবলম্ ॥২৩॥
উতাহো সর্বসৈন্যেন ধর্ম্মরাজঃ সহানুজঃ ।
পাঞ্চালপ্রগ্রহো দ্রোণং সর্ব্বতঃ সমবারয়ৎ ॥২৪॥
নূনমাবারয়ৎ পার্থো রথিনোঽন্যানজিহ্মগৈঃ ।
ততো দ্রোণং সমহরৎ পার্ষতঃ পাপকর্ম্মকৃৎ ॥২৫॥
নহ্যহং পরিপশ্যামি বধে কঞ্চন শুষ্মিণঃ ।
ধৃষ্টদ্যুম্নাদৃতে রৌদ্রাৎ পাল্যমানাৎ কিরীটিনা ॥২৬॥

বিদ্যামিতি। বিদ্যাং ধনুর্বেদস্য, উপজীবন্তি শিক্ষয়াশ্রয়ন্তি ॥২১॥
দিবীতি। মহামাত্রং প্রধানম্, "মহামাত্রঃ প্রধানে স্যাদারোহকসমৃদ্ধয়োঃ" ইতি হৈমঃ ॥২২॥
নন্বিতি। নন্নু প্রশ্নে। রুক্মরথং দ্রোণম্, প্রদ্রবন্তি পলায়ন্তে। বিকুর্বাণমাবিষ্কুর্বাণম্ ॥২৩॥
উতেতি। পাঞ্চালং ধৃষ্টদ্যুম্নং প্রগৃহ্ণাতি অগ্রগামিত্বেন স্বীকরোতীতি সঃ ॥২৪॥
নূনমিতি। পার্থোঽর্জ্জুনঃ। অজিহ্মগৈর্বাণৈঃ। সমহরৎ ব্যনাশয়ৎ ॥২৫॥
নহীতি। শুষ্মিণস্তেজস্বিনো দ্রোণস্য। ঋতে বিনা ॥২৬॥

মর্ত্ত্যলোকের সমস্ত ধনুর্দ্ধর যাঁহার নিকট হইতে অধীত বিদ্যা আশ্রয় করিয়া জীবন ধারণ করিতেছেন, সেই বলবান্ ও সত্যপ্রতিজ্ঞ দ্রোণ যুদ্ধে কি করিয়াছিলেন ? ॥২১॥

স্বর্গে ইন্দ্রের ন্যায় মর্ত্ত্যে ধনুর্দ্ধরশ্রেষ্ঠ এবং রৌদ্রকর্ম্মা দ্রোণের প্রতি যুদ্ধে কোন্ কোন্ রথী গমন করিয়াছিলেন ? ॥২২॥

সেই যুদ্ধে স্বর্ণময়রথারোহী, দিব্যাস্ত্রক্ষেপকারী ও মহাবল দ্রোণকে দেখিয়া পাণ্ডবেরা পলায়ন করিয়াছিল ? ॥২৩॥

না—যুধিষ্ঠির সমস্ত সৈন্য ও অনুজগণের সহিত মিলিত হইয়া ধৃষ্টদ্যুম্নকে অগ্রবর্ত্তী করিয়া সকল দিকে দ্রোণকে বেষ্টন করিয়াছিল ? ॥২৪॥

নিশ্চয়ই অর্জ্জুন বাণদ্বারা অন্য রথিগণকে বারণ করিতেছিল ; তখন পাপকর্ম্মকারী ধৃষ্টদ্যুম্ন দ্রোণকে বধ করিয়াছে ॥২৫॥

অর্জ্জুনকর্ত্তৃক রক্ষ্যমাণ দারুণ ধৃষ্টদ্যুম্ন ব্যতীত অন্য কাহাকেও আমি তেজস্বী দ্রোণের বধে সমর্থ বলিয়া দেখিতেছি না ॥২৬॥

(২৫)···ততো দ্রোণং সমারোহং পি বা।

তৈর্বৃতঃ সর্বতঃ ক্ষুদ্রৈঃ পাঞ্চালাপসদৈস্ততঃ।
কেকয়ৈশ্চেদিকারূষৈর্মৎস্যৈরন্যৈশ্চ ভূমিপৈঃ ॥২৭॥
ব্যাকুলীকৃতমাচার্য্যং পিপীলৈরুরগং যথা।
কর্ম্মণ্যসুকরে সক্তং জঘানেতি মতির্মম ॥২৮॥ (যুগ্মকম্)
যোঽধীত্য চতুরো বেদান্ সাঙ্গানাখ্যানপঞ্চমান্।
ব্রাহ্মণানাং প্রতিষ্ঠাসীৎ স্রোতসামিব সাগরঃ ॥২৯॥
ক্ষাত্রঞ্চ ব্রহ্ম চৈবেহ যোঽভ্যতিষ্ঠৎ পরন্তপঃ।
স কথং ব্রাহ্মণো বৃদ্ধঃ শস্ত্রেণ বধমাপ্তবান্ ॥৩০॥ (যুগ্মকম্)
অমর্ষণো মর্ষিতবান্ ক্লিশ্যমানঃ সদা ময়া।
অনর্হমাণঃ কৌন্তেয়ান্ কর্ম্মণস্তস্য তৎফলম্ ॥৩১॥

তৈরিতি। অপসদো নিকৃষ্টঃ। পিপীলৈঃ পিপীলিকাভিঃ। সক্তং ব্যাপৃতম্ ॥২৭—২৮॥
য ইতি। সাঙ্গান্ শিক্ষাকল্পাদিষড়ঙ্গসহিতান্, আখ্যানমিতিহাসঃ পঞ্চমং যেষাং তান্। প্রতিষ্ঠা আশ্রয়স্থানম্। ক্ষাত্রমস্ত্রশিক্ষয়া ক্ষত্রিয়ধর্ম্মম্, ব্রহ্ম বেদঞ্চ, অভ্যতিষ্ঠৎ আশ্রয়ৎ ॥২৯-৩০॥
অমর্ষণ ইতি। অমর্ষণঃ অসহিষ্ণুঃ, অনর্হমাণঃ ক্লেশসহনাযোগ্যোঽপি, ময়া সদা ক্লিশ্যমানঃ যোগ্যসেবনাভাবাৎ ক্লেশং প্রাপ্যমাণো দ্রোণঃ, কৌন্তেয়ান্ পাণ্ডবান্, মর্ষিতবান্ যুদ্ধে যৎ সোঢ়বান্ উপেক্ষিতবানিত্যর্থঃ, তস্য উপেক্ষাকর্ম্মণঃ, তদ্বধরূপং ফলমভূৎ ॥৩১॥

সেই ক্ষুদ্র ও নিকৃষ্ট পাঞ্চালগণ, কেকয়গণ, চেদিগণ, কারূষগণ, মৎস্যগণ এবং অন্যান্য রাজগণে পরিবেষ্টিত ধৃষ্টদ্যুম্ন—পিপীলিকাদংশনে সমাকুল সর্পের ন্যায় সেই ক্ষুদ্রগণের আক্রমণে সমাকুল ও দুষ্কর কার্য্যে ব্যাপৃত আচার্য্যকে বধ করিয়াছে ইহাই আমার ধারণা ॥২৭—২৮॥

সমুদ্র যেমন নদীসমূহের আশ্রয়, সেইরূপ যিনি শিক্ষা ও কল্পপ্রভৃতি অঙ্গশাস্ত্র এবং ইতিহাসের সহিত চারিটী বেদ অধ্যয়ন করিয়া ব্রাহ্মণগণের আশ্রয়স্থান ছিলেন; আবার যে শত্রুসন্তাপকারী, ক্ষত্রিয়ের ধর্ম্ম ও ব্রাহ্মণের ধর্ম্ম উভয়েরই অনুষ্ঠান করিতেন; সেই বৃদ্ধ ব্রাহ্মণ দ্রোণ অস্ত্রাঘাতে নিধন প্রাপ্ত হইলেন কেন? ॥২৯—৩০॥

ক্লেশভোগের অযোগ্য হইয়াও আমার ব্যবহারে ক্লেশভোগী এবং অসহিষ্ণুস্বভাব দ্রোণ যুদ্ধে পাণ্ডবগণকে যে উপেক্ষা করিতেন, সেই কার্য্যেরই সেই ফল হইয়াছে ॥৩১॥

---

(২৭)⋯ সর্বতঃ শূরৈঃ⋯ পি,⋯সর্ব্বতঃ শূরঃ⋯বা ব। (৩১)⋯কৌন্তেয়ম্ · ব, অমর্ষিণা মর্ষিতবান্ ক্লিশ্যমানান্ সদা ময়া। অনর্হমাণান্ কৌন্তেয়ান্ নি।

যস্য কর্ম্মানুজীবন্তি লোকে সর্বধনুর্ভৃতঃ।
স সত্যসন্ধঃ সুকৃতী শ্রীকামৈর্নিহতঃ কথম্ ॥৩২॥
দিবি শক্র ইব শ্রেষ্ঠো মহাসত্ত্বো মহাবলঃ।
স কথং নিহতঃ পার্থৈঃ ক্ষুদ্রমৎস্যৈর্যথা তিমিঃ ॥৩৩॥
ক্ষিপ্রহস্তশ্চ বলবান্ দৃঢ়ধন্বারিমর্দ্দনঃ।
ন যস্য বিষয়াকাঙ্ক্ষী বিষয়ং প্রাপ্য জীবতি ॥৩৪॥
যং দ্বৌ ন জহতঃ শব্দৌ জীবমানং কদাচন।
ব্রাহ্মশ্চ বেদকামানাং জ্যাঘোষশ্চ ধনুষ্মতাম্ ॥৩৫॥
অদীনং পুরুষব্যাঘ্রং হ্রীমন্তমপরাজিতম্।
নাহং মৃষ্যে হতং দ্রোণং সিংহদ্বিরদবিক্রমম্ ॥৩৬॥ (বিশেষকম্)
কথং সঞ্জয়! দুর্দ্ধর্ষমনাধৃষ্যযশোবলম্।
পশ্যতাং পুরুষেন্দ্রাণাং সমরে পার্ষতোঽবধীৎ ॥৩৭॥

যস্যেতি। কর্ম্ম ধনুর্বেদশিক্ষাদানম্। শ্রীকামৈ রাজ্যলোভিভিঃ পাণ্ডবৈঃ ॥৩২॥
দিবীতি। মহাসত্ত্বো মহাধ্যবসায়ঃ। পার্থৈঃ পাণ্ডবৈঃ। তিমির্ম্মহান্ জলজন্তুঃ ॥৩৩॥
ক্ষিপ্রেতি। বিষয়াকাঙ্ক্ষী জয়াভিলাষী, বিষয়ম্ অস্ত্রপাতপথম্। জহতস্ত্যজতঃ। জীবমানং জীবন্তম্। ব্রাহ্মো বেদাধ্যাপনশব্দঃ, জ্যাঘোষো যুদ্ধে ধনুর্গুণশব্দঃ। অদীনম্ অকাতরম্, হ্রীমন্তম্ অকার্য্যকরণে লজ্জাবন্তম্। মৃষ্যে সহে, তং দ্রোণম্ ॥৩৪—৩৬॥
কথমিতি। অনাধৃষ্যে অন্যৈরনভিভবনীয়ে যশোবলে যস্য তম্। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ ॥৩৭॥

জগতে সমস্ত ধনুর্দ্ধর যাঁহার শিক্ষাদান অবলম্বন করিয়া থাকেন, সেই সত্যপ্রতিজ্ঞ ও সুকৃতী দ্রোণকে রাজ্যলোভীরা নিহত করিল! ॥৩২॥

স্বর্গে ইন্দ্রের ন্যায় মর্ত্ত্যে যিনি শ্রেষ্ঠ, মহাধ্যবসায় ও মহাবল ছিলেন, ক্ষুদ্র মৎস্যেরা যেমন তিমিকে (বৃহৎ জলজন্তুকে) নিহত করে, সেইরূপ ক্ষুদ্র পাণ্ডবেরা সেই দ্রোণকে নিহত করিয়াছে! ॥৩৩॥

যিনি লঘুহস্ত, বলবান, দৃঢ়ধন্বা ও শত্রুবিজয়ী ছিলেন এবং জয়াভিলাষী যোদ্ধারা যাঁহার অস্ত্রপাতের পথে যাইয়া জীবিত থাকিত না; আর বেদবিদ্যার্থীদের নিকটে বেদাধ্যাপনের শব্দ এবং ধনুর্দ্ধরগণের নিকটে ধনুর গুণের শব্দ এই দুই শব্দ জীবিত অবস্থায় যাঁহাকে কখনও ত্যাগ করে নাই, অকাতর, পুরুষশ্রেষ্ঠ, লজ্জাশীল, অপরাজিত এবং সিংহ ও হস্তীর তুল্য বিক্রমশালী সেই দ্রোণ যে নিহত হইয়াছেন, ইহা আমি সহ্য করিতেই পারিতেছি না ॥৩৪—৩৬॥

(৩৩)…মহাসত্ত্বো মহারথঃ…পি। (৩৬)…তমিষ্বাসবরাচার্য্যং দ্রোণং জঘ্নুঃ কথং রথাঃ—ইতি দ্বিতীয়ার্দ্ধপাঠঃ নি।

কে পুরস্তাদযুধ্যন্ত রক্ষন্তো দ্রোণমন্তিকাৎ।
কে নু পশ্চাদবর্ত্তন্ত গচ্ছন্তো দুর্গমাং গতিম্ ॥৩৮॥
কেঽরক্ষন্ দক্ষিণং চক্রং সব্যং কে চ মহাত্মনঃ।
পুরস্তাৎ কে চ বীরস্য যুধ্যমানস্য সংযুগে ॥৩৯॥
কে চ তত্র তনূস্ত্যক্ত্বা প্রতীপং মৃত্যুমাব্রজন্।
দ্রোণস্য সমরে বীরাঃ কেঽকুর্বন্ত পরাং ধৃতিম্ ॥৪০॥
কচ্চিন্নৈনং ভয়ান্মন্দাঃ ক্ষত্রিয়া ব্যজহন্ রণে।
রক্ষিতারস্ততঃ শূন্যে কচ্চিন্নৈকো হতঃ পরৈঃ ॥৪১॥
এতদার্য্যেণ কর্ত্তব্যং কৃচ্ছ্রাস্বাপৎসু সঞ্জয়!।
পরাক্রমেদ্‌যথাশক্ত্যা তচ্চ তস্মিন্ প্রতিষ্ঠিতম্ ॥৪২॥

ক ইতি। অন্তিকাৎ সান্নিধ্যাদিত্যর্থঃ। দুর্গমাং গতিমাঘাতাদিনা দুরবস্থাম্ ॥৩৮॥
ক ইতি। সব্যং বামম্। বীরস্য দ্রোণস্য ॥৩৯॥
ক ইতি। প্রতীপং বিপক্ষপ্রতিকূলং গচ্ছন্ত ইতি শেষঃ। ধৃতিং ধৈর্য্যম্ ॥৪০॥
কচ্চিদিতি। ব্যজহন্ অত্যজন্। শূন্যে রক্ষকরহিতে সমরাঙ্গনে ॥৪১॥

সঞ্জয়! কর্ণপ্রভৃতি পুরুষশ্রেষ্ঠগণের সমক্ষে দুর্দ্ধর্ষ এবং অলঙ্ঘ্য যশোবল-শালী দ্রোণকে ধৃষ্টদ্যুম্ন কি করিয়া যুদ্ধে বধ করিল ॥৩৭॥

(সে যাহা হউক, সঞ্জয়!) সন্নিধানবশতঃ দ্রোণকে রক্ষা করিতে থাকিয়া কাঁহারা তাঁহার সম্মুখের দিকে যুদ্ধ করিয়াছিলেন? কাঁহারাই বা দুরবস্থা ভোগ করিতে থাকিয়াও তাঁহার পিছনের দিকে ছিলেন? ॥৩৮॥

মহাত্মা ও মহাবীর দ্রোণ যুদ্ধ করিতে থাকিলে, কাঁহারা তাঁহার দক্ষিণ চক্র, কাঁহারা বা বাম চক্র রক্ষা করিতেছিলেন; কাঁহারাই বা তাঁহার অগ্রে অগ্রে চলিয়াছিলেন? ॥৩৯॥

কাঁহারাই বা তখন দেহের মমতা ত্যাগ করিয়া বিপক্ষেরপ্রতিকূলে যাইয়া মৃত্যু বরণ করিয়াছেন? কোন্ বীরেরাই বা যুদ্ধে দ্রোণের বিশেষ ধৈর্য্য সম্পাদন করিতেছিলেন ॥৪০॥

দ্রোণের রক্ষক মূর্খ ক্ষত্রিয়েরা উঁহাকে যুদ্ধে পরিত্যাগ করিয়া যায় নাই ত? এবং তাহার পর রক্ষকশূন্য সমরে একাকী অবস্থায় বিপক্ষেরা দ্রোণকে নিহত করে নাই ত? ॥৪১॥

(৪০)···কেঽকুর্ব্বন্ত পরাং গতিম্—পি বা। (৪১) ইতঃ পরম্ 'ন স পৃষ্ঠমরেস্ত্রাসাদ্রণে শৌর্য্যাৎ প্রদর্শয়েৎ। পরামপ্যাপদং প্রাপ্য স কথং নিহতঃ পরৈঃ॥" ইত্যধিকঃ শ্লোকঃ বা ব রা নি।

মুহ্যতে মে মনস্তাত ! কথা তাবন্নিবর্ত্ততাম্ ।
ভূয়স্তু লব্ধসংজ্ঞস্ত্বাং পরিপ্রক্ষ্যামি সঞ্জয় ! ॥৪৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
দ্রোণাভিষেকে ধৃতরাষ্ট্রানুতাপে সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

অষ্টমোঽধ্যায়ঃ ।

———০:::০———

বৈশম্পায়ন উবাচ ।

এবং পৃষ্ট্বা সূতপুত্রং হৃচ্ছোকেনার্দ্দিতো ভৃশম্ ।
জয়ে নিরাশঃ পুত্ত্রাণাং ধৃতরাষ্ট্রোঽপতৎ ক্ষিতৌ ॥১॥
তং বিসংজ্ঞং নিপতিতং সিষিচুঃ পরিচারিকাঃ ।
জলেনাত্যর্থশীতেন বীজন্ত্যঃ পুণ্যগন্ধিনা ॥২॥

এতদিতি । আর্য্যেণ সজ্জনেন কৃচ্ছ্রাসু কষ্টকরীষু । তস্মিন্ দ্রোণে ॥৪২॥
মুহ্যত ইতি । কথা ইয়মালোচনা, নিবর্ত্ততাং বিরমতু । ভূয়ঃ পুনঃ ॥৪৩॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

এবমিতি । সূতপুত্রং সঞ্জয়ম্, হৃদো মনসঃ শোকেন শোকাগতমূর্চ্ছয়া ॥১॥

সঞ্জয় ! সজ্জনের ইহা কর্ত্তব্য যে, তিনি কষ্টজনক বিপদের সময়ে শক্তি অনুসারে পরাক্রম প্রকাশ করিবেন । তাহা কিন্তু দ্রোণে ছিল ॥৪২॥

বৎস সঞ্জয় ! আমার মূর্চ্ছা আসিতেছে । সুতরাং আমাদের এ আলোচনা এখন বিরত হউক । আমি চৈতন্য লাভ করিয়া পুনরায় তোমাকে জিজ্ঞাসা করিব ' ॥৪৩॥

———:০:———

বৈশম্পায়ন বলিলেন—ধৃতরাষ্ট্র সঞ্জয়ের নিকটে এইরূপ জিজ্ঞাসা করিয়া পুত্রগণের জয়লাভে নিরাশ এবং মনের শোকে মূর্চ্ছায় গুরুতর আক্রান্ত হইয়া ভূতলে পতিত হইলেন ॥১॥

(৪৩)···কথা তাবন্নিবার্য্যতাম্···বা নি,···কথা তাবন্নিবর্ত্ত্যতাম্ ··ব,···পরিপৃচ্ছামি সঞ্জয় ! ঘা ব রা নি । * '·· অষ্টমোঽধ্যায়ঃ' ব, '···নবমোঽধ্যায়ঃ' বা রা নি । (১) এতৎ পৃষ্ট্বা·· বা । (২)·· জীবন্তং পুণ্যগন্ধিনা—বা,···জীবন্ত্যঃ পুণ্যগন্ধিনা—ব নি ।

পতিতঞ্চৈনমালোক্য সমন্তাদ্ভরতস্ত্রিয়ঃ।
পরিবব্রুর্মহারাজমস্পৃশংশ্চৈব পাণিভিঃ ॥৩॥
উত্থাপ্য চৈনং শনকৈ রাজানং পৃথিবীতলাৎ।
আসনং প্রাপয়ামাসুর্বাষ্পকণ্ঠ্যো বরাঙ্গনাঃ ॥৪॥
আসনং প্রাপ্য রাজা তু মূর্চ্ছয়াভিপরিপ্লুতঃ।
নিশ্চেষ্টোঽতিষ্ঠত তদা বীজ্যমানঃ সমন্ততঃ ॥৫॥
স লব্ধ্বা শনকৈঃ সংজ্ঞাং বেপমানো মহীপতিঃ।
পুনর্গাবল্গনিং সূতং পর্য্যপৃচ্ছদ্‌যথাতথম্ ॥৬॥

ধৃতরাষ্ট্র উবাচ।

যঃ স উদ্যন্নিবাদিত্যো জ্যোতিষা প্রণুদংস্তমঃ।
অজাতশত্রুমায়ান্তং কস্তং দ্রোণাদবারয়ৎ ॥৭॥
প্রভিন্নমিব মাতঙ্গং তথা ক্রুদ্ধং তরস্বিনম্।
প্রসন্নবদনং দৃষ্ট্বা প্রতিদ্বিরদগামিনম্ ॥৮॥

তমিতি। অত্যার্থশীতেন অত্যন্তশীতলেন, বীজন্ত্যো ব্যজনেন বায়ুং সঞ্চালয়ন্ত্যঃ ॥২॥
পতিতমিতি। ভরতস্ত্রিয়ো ভরতবংশীয়ানাং নার্য্যঃ। পরিবব্রুঃ পরিবেষ্টিতবত্যঃ ॥৩॥
উত্থাপ্যেতি। শনকৈর্ম্মন্দং মন্দম্। প্রাপয়ামাসুর্নিন্যুঃ ॥৪॥
আসনমিতি। অভিপরিপ্লুত আক্রান্তঃ। নিশ্চেষ্টো নিষ্ক্রিয়ঃ ॥৫॥
স ইতি। বেপমানঃ কম্পমানঃ। গাবল্‌গনিং গবল্‌গনপুত্রং সঞ্জয়ম্ ॥৬॥

তিনি অচৈতন্য হইয়া ভূতলে নিপতিত হইলে, পরিচারিকারা ব্যজনদ্বারা বায়ু সঞ্চালন করিতে থাকিয়া অত্যন্তশীতল ও পবিত্রগন্ধযুক্ত জলদ্বারা তাঁহাকে সিক্ত করিতে লাগিল ॥২॥

মহারাজ ধৃতরাষ্ট্রকে পতিত দেখিয়া ভরতবংশীয় নারীরা আসিয়া সকল দিকে বেষ্টন করিলেন এবং হস্তদ্বারা তাঁহাকে স্পর্শ করিতে লাগিলেন ॥৩॥

এবং তাঁহারা বাষ্পরুদ্ধ কণ্ঠে রাজাকে ধীরে ধীরে ভূতল হইতে উঠাইয়া নিয়া আসনের উপরে রাখিলেন ॥৪॥

কিন্তু মূর্চ্ছাপন্ন রাজা আসনে যাইয়াও নিশ্চেষ্ট অবস্থাতেই রহিলেন; তখন সকল দিক্ হইতে তাঁহার অঙ্গে বায়ু সঞ্চালন করা হইতে লাগিল ॥৫॥

ক্রমে রাজা ধীরে ধীরে চৈতন্য লাভ করিয়া কাঁপিতে থাকিয়া পুনরায় সঞ্জয়ের নিকটে যথাযথ বৃত্তান্ত জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥৬॥

(৩) পতিতঞ্চৈনমাজ্ঞায় ··পি, ··সমন্তা ভরতস্ত্রিয়ঃ···নি। (৪)···অশ্রুকণ্ঠ্যো বরাননাঃ—বা নি।

বাসিতাসঙ্গমে যদ্বদজয্যং প্রতিযূথপৈঃ।
নিজঘান রণে বীরান্ বীরঃ পুরুষসত্তমঃ ॥৯॥ (বিশেষকম্)
যো হ্যেকো হি মহাবাহুর্নির্দ্দহেদ্‌ঘোরচক্ষুষা।
কৃৎস্নং দুর্য্যোধনবলং ধৃতিমান্ সত্যসঙ্গরঃ ॥১০॥
চক্ষুর্হণং জয়ে সক্তমিষ্বাসধরমচ্যুতম্।
দান্তং বহুমতং লোকে কে শূরাস্তমবারয়ন্ ॥১১॥ (যুগ্মকম্)
কে দুষ্প্রধর্ষং রাজানমিষ্বাসধরমচ্যুতম্।
সমাসেদুর্নরব্যাঘ্রং কৌন্তেয়ং তত্র মামকাঃ ॥১২॥

যুধিষ্ঠিরবিষয়ং পৃচ্ছতি যড়্‌ভিঃ। য ইতি। যঃ স প্রসিদ্ধঃ অজাতশত্রুঃ, উদ্যন্ উদয়মান আদিত্য ইব, জ্যোতিষা আত্মতেজসা, তমোঽন্ধকারম্, প্রণুদন্ অপসারয়ন্ বর্ত্ততে; যশ্চ বীরঃ পুরুষসত্তমোঽজাতশত্রুঃ, রণে বীরান্ নিজঘান; বাসিতায়া ঋতুমত্যা হস্তিন্যাঃ সঙ্গমে সঙ্গমকালে, প্রতিযূথপৈঃ প্রতিপক্ষগজেন্দ্রৈঃ, অজয্যং জেতুমশক্যম্, প্রতিদ্বিরদগামিনং প্রতিকূলহস্তিনং প্রতি গচ্ছন্তম্, তরস্বিনং বেগবন্তম্, ক্রুদ্ধম্, প্রভিন্নং মদস্রাবিণম্, মাতঙ্গং হস্তিনমিব, আয়ান্তমাগচ্ছন্তম্, প্রসন্নবদনং তম্ অজাতশত্রুং যুধিষ্ঠিরং দৃষ্ট্বা, অস্মৎপক্ষীয়ঃ কো বীরঃ, দ্রোণাৎ দ্রোণসকাশাৎ অবারয়ৎ। যদ্বৎ তথেতি পুনরুক্তিরার্ষত্বাৎ সোঢ়ব্যা ॥৭—৯॥

উক্তমেবার্থং কিঞ্চিদ্বিশেষোক্তয়ে পুনরাহ ত্রিভিঃ। য ইতি। নির্দ্দহেৎ নির্দ্দগ্ধুং শক্নুয়াৎ। ধৃতিমান্ ধৈর্য্যশালী, সত্যসঙ্গরো যথার্থপ্রতিজ্ঞঃ। চক্ষুর্ভ্যামেব হন্তীতি চক্ষুর্হা তম্, জয়ে সক্তং ব্যাপৃতম্, ইষ্বাসধরং ধনুর্দ্ধরম্, অচ্যুতং ধর্ম্মাদভ্রষ্টম্, দান্তম্ ইন্দ্রিয়দমনকারিণম্, লোকে বহুমতং ধার্ম্মিকতয়া সম্মানিতম্, তমজাতশত্রুম্, কে শূরা অবারয়ন্ ॥১০—১১॥

ক ইতি। সমাসেদুঃ প্রতিজগ্মুঃ। কৌন্তেয়ং যুধিষ্ঠিরম্, মামকা বীরাঃ ॥১২॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! সেই যিনি, উদয়মান সূর্য্যের ন্যায় আপন তেজে অন্ধকার দূর করিয়া থাকেন এবং যে পুরুষশ্রেষ্ঠ বীর যুদ্ধে বিপক্ষ বীরগণকে পূর্ব্বে নিহত করিয়াছিলেন; হস্তিনীসঙ্গমের সময়ে প্রতিপক্ষহস্তিগণের অজেয়, বিপক্ষ হস্তীর দিকে গমনকারী, বেগবান্, ক্রুদ্ধ ও মদস্রাবী মহাহস্তীর ন্যায় সেই যুধিষ্ঠিরকে প্রসন্নবদনে আসিতে দেখিয়া আমার পক্ষের কোন্ বীর তাঁহাকে দ্রোণের নিকট হইতে বারণ করিয়াছিলেন? ॥৭—৯॥

ধৈর্য্যশালী ও সত্যপ্রতিজ্ঞ যে মহাবাহু কেবল ভয়ঙ্কর দৃষ্টিদ্বারাই দুর্য্যোধনের সমস্ত সৈন্য দগ্ধ করিতে পারেন; দৃষ্টিদ্বারা বিনাশকারী, জয়ে ব্যাপৃত, ধনুর্দ্ধর, ধর্ম্মপথ হইতে অভ্রষ্ট, জিতেন্দ্রিয় এবং লোকসমাজে সম্মানিত সেই যুধিষ্ঠিরকে কাঁহারা বারণ করিয়াছিলেন? ॥১০—১১॥

(১০) যো হ্যেকো হি মহাবীর্য্যঃ···বা রা নি।

তরসৈবাভিপদ্যাথ যো বৈ দ্রোণমুপাদ্রবৎ।
তং ভীমসেনমায়ান্তং কে শূরাঃ পর্য্যবারয়ন্ ॥১৩॥
যদায়াজ্জলদপ্রখ্যো রথঃ পরমবীর্য্যবান্।
পর্জন্য ইব বীভৎসুস্তুমুলামশনীমিব ॥১৪॥
বিসৃজন্ শরজালানি বর্ষাণি মঘবানিব।
অবস্ফূর্জন্ দিশঃ সর্বাস্তলনেমিস্বনেন চ ॥১৫॥
চাপবিদ্যুৎপ্রভো ঘোরো রথগুল্মবলাহকঃ।
সনেমিঘোষস্তনিতঃ শরশব্দাতিবন্ধুরঃ ॥১৬॥
রোষানিলসমূদ্ধূতো মনোঽভিপ্রায়শীঘ্রগঃ।
মর্ম্মাতিগো বাণধরস্তুমুলঃ শোণিতোদকঃ ॥১৭॥
সংপ্লাবয়ন্ দিশঃ সর্ব্বা মানবৈরাস্তরন্ মহীম্।
ভীমনিস্বনিতো রৌদ্রো দুর্য্যোধনপুরোগমান্ ॥১৮॥
যুদ্ধেঽভ্যষিঞ্চদ্বিজয়ো গার্দ্ধ্রপত্রৈঃ শিলাশিতৈঃ।
গাণ্ডীবং ধারয়ন্ ধীমান্ কীদৃশং বো মনস্তদা ॥১৯॥ (কুলকম্)

ভীমবিষয়ং পৃচ্ছত্যেকেন তরসেতি। তরসা বেগেনৈব, অভিপদ্য উপস্থায়। উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥১৩॥

অর্জ্জুনবিষয়ং প্রথমং পৃচ্ছতি ষড়্‌ভিঃ কুলকেন। যদেতি। জলদপ্রখ্যঃ সজলমেঘতুল্য-শ্যামবর্ণঃ, রথো রথারোহী, পরমবীর্য্যবান্, বিজয়ঃ সর্বত্র বিজয়ী, ধীমান্ বুদ্ধিমাংশ্চ, বীভৎসু-রর্জ্জুনঃ; গাণ্ডীবং ধারয়ন্; বাণধরশ্চ সন্; পর্জন্যো মেঘঃ বর্ষাণীব, মঘবান্ ইন্দ্রঃ তুমুলাম্ অশনীং বজ্রমিব চ, শরজালানি বিসৃজন্ নিক্ষিপন্; তলং হস্তাবাপঃ নেময়শ্চক্রপ্রান্তাশ্চ তাসাং

দুর্দ্ধর্ষ, ধনুর্দ্ধর, বীরব্রত হইতে অভ্রষ্ট এবং নরশ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠিরের প্রতি-পক্ষে তখন আমার পক্ষের কোন্ কোন্ বীর গিয়াছিলেন ? ॥১২॥

যিনি বেগে উপস্থিত হইয়াই দ্রোণের প্রতি ধাবিত হইয়াছিলেন, সেই ভীমসেন আসিতে লাগিলে, কোন্ বীরেরা তাঁহাকে বারণ করিয়াছিলেন ? ॥১৩॥

সঞ্জয় ! জলপূর্ণ মেঘের ন্যায় শ্যামবর্ণ, রথারোহী, অত্যন্তবলবান্, সর্ব্বত্র বিজয়ী, বুদ্ধিমান্ এবং যুদ্ধকালে ভীষণমূর্ত্তি ও ভীষণপ্রকৃতি অর্জ্জুন গাণ্ডীবধনু ও বাণ ধারণ করিয়া—মেঘ যেমন জলবর্ষণ করে এবং ইন্দ্র যেমন তুমুল বজ্রপাত

(১৩) পূর্বার্দ্ধাৎ পরম্ 'যঃ করোতি মহৎ কর্ম্ম শত্রূণাং বৈ মহাবলঃ। মহাকায়ো মহোৎসাহো নাগাযুতসমো বলে' ইতি পাদচতুষ্টয়মধিকম্ বা ব রা নি। (১৪)…অশনীং সৃজন্—নি। (১৭) রোষনির্ম্মিতজীমূতঃ…পি, রোষনির্জ্জিতজীমূতঃ… বা। (১৮)… ভীমনিষ্টনিতঃ…পি।

ইষুসংবাধমাকাশং কুর্বন্ কপিবরধ্বজঃ।
যদায়াৎ কথমাসীত্ত্ব তদা পার্থং সমীক্ষতাম্ ॥২০॥
কচ্চিদ্‌গাণ্ডীবশব্দেন ন প্রাণশ্যত তদ্বলম্।
যুদ্ধং সুভৈরবং কুর্ব্বন্নর্জ্জুনো ভৃশমন্বয়াৎ ॥২১॥

স্বনেন শব্দেন চ, সর্বা দিশঃ, অবস্ফূর্জ্জন্ নিনাদয়ন্; চাপং গাণ্ডীবং ধনুঃ স্বর্ণখচিতত্বাৎ বিদ্যুৎ-প্রভং যস্য সঃ; ঘোরো ভীষণমূর্ত্তিঃ; নেমিঘোষো রথচক্রপ্রান্তশব্দ এব স্তনিতং গর্জনং তেন সহেতি সঃ; শরশব্দৈর্বর্ষণশব্দরূপৈঃ অতিবন্ধুরো নিতান্তভীষণঃ; রোষ এবানিলো বায়ুস্তেন সমুদ্ধূতঃ সঞ্চালিতঃ; রথগুল্মো রথিসৈন্য এব বলাহকঃ সহচরসাধারণমেঘো যস্য সঃ; মনসো-ঽভিপ্রায়ো বৃত্তিরিব শীঘ্রগঃ; মর্ম্মাতিগঃ শরৈর্বিপক্ষমর্ম্মণামতিক্রমকারী বিদারীত্যর্থঃ; শোণি-তানি বিপক্ষরুধিরাণ্যেব উদকানি যস্য সঃ, সর্ব্বা দিশঃ, সংপ্লাবয়ন্ তেনৈব শোণিতোদকেন সংসিঞ্চন্; মানবৈর্নিহতমানবশরীরৈঃ, মহীং সমরভূমিম্, আস্তরন্ আবৃণ্বন্; ভীমং ভয়ঙ্করং নিস্বনিতং সিংহনাদ এব গর্জনং যস্য সঃ, রৌদ্রো যুদ্ধকালে উগ্রশ্চ সন্; যদা, আয়াৎ আগচ্ছৎ; শিলাশিতৈঃ পাষাণঘর্ষণেন সুধারীকৃতৈঃ, গার্দ্ধ্রপত্রৈঃ শরৈঃ, যুদ্ধে, দুর্য্যোধনপুরোগমান্ কৌরব-বীরান্, অভ্যষিঞ্চচ্চ; তদা বো যুষ্মাকং মনঃ কীদৃশমাসীৎ ॥১৪—১৯॥

অথাষ্টভিরর্জ্জুনবিষয়মেব পৃচ্ছতি। ইষ্বিতি। যদা কপিবরধ্বজোঽর্জ্জুনঃ, আকাশম্, ইষুসংবাধং বাণব্যাপ্তং কুর্বন্ আয়াৎ; তদা পার্থং তমর্জ্জুনম্, সমীক্ষতাং সমীক্ষমাণানাং পশ্যতাং যুষ্মাকম্, কথং কীদৃশমাসীন্মন ইতি শেষঃ ॥২০॥

করেন, সেইরূপ বাণবর্ষণ করিতে থাকিয়া যখন আসিতেছিলেন এবং হস্তাবাপ ও রথচক্রের শব্দে সমস্ত দিক্ নিনাদিত করিতে থাকিয়া শিলাশাণিত বাণসমূহ-দ্বারা দুর্য্যোধনপ্রভৃতি কুরুবীরগণকে যখন তাড়ন করিতেছিলেন; তখন তোমাদের মন কিরূপ হইয়াছিল? (কেন না, তখন তিনি একটা ভীষণ মেঘ-স্বরূপই হইয়াছিলেন;) কারণ, গাণ্ডীবধনু তখন বিদ্যুতের প্রভা ধারণ করিয়াছিল; সাধারণ মেঘের ন্যায় রথী সৈন্যেরা তাঁহার সঙ্গে চলিয়াছিল; গর্জনের ন্যায় রথচক্রনির্ঘোষ হইতেছিল; বৃষ্টিশব্দের ন্যায় বাণশব্দে তিনি অতিভীষণ হইয়াছিলেন; ক্রোধবায়ু তাঁহাকে চালাইতেছিল, তাহাতে তিনি মনোবৃত্তির ন্যায় দ্রুত চলিতেছিলেন, বিপক্ষের মর্ম্মবিদারণ করিতেছিলেন; রক্তরূপ জলদ্বারা সকল দিক্ ভাসাইতেছিলেন এবং নিহত মানুষের শরীরদ্বারা সমরভূমিকে আবৃত করিতেছিলেন; আর ভয়ঙ্কর গর্জনের ন্যায় তাঁহার সিংহনাদ হইতেছিল ॥১৪—১৯॥

অর্জ্জুন যখন আকাশটাকে বাণব্যাপ্ত করিতে করিতে আসিতেছিলেন, তখন তাঁহাকে দেখিয়া তোমাদের মন কিরূপ হইয়াছিল? ॥২০॥

(২০)…কথমাসীন্মনস্তদা পার্থমবেক্ষ্য হ—পি। (২১)…ন প্রাণশ্যত বৈ বলম্। যদ্ধঃ সভৈরবং কুর্ব্বন্…বা ব।

কচ্চিন্নাপানুদৎ প্রাণানিষুভির্বো ধনঞ্জয়ঃ।
বাতো বেগাদিবাবিধ্যন্ মেঘান্ শরগণৈর্নৃপান্ ॥২২॥
কো হি গাণ্ডীবধন্বানং রণে সোঢ়ুং নরোঽর্হতি।
যমুপশ্রুত্য সেনাগ্রে জনঃ সর্বো বিদীর্য্যতে ॥২৩॥
যৎ সেনাঃ সমকম্পন্ত যদ্বীরানস্পৃশদ্ভয়ম্।
কো তত্র নাজহুর্দ্রোণং কে ক্ষুদ্রাঃ প্রাদ্রবন্ ভয়াৎ ॥২৪॥
কে বা তত্র তনূস্ত্যক্ত্বা প্রতীপং মৃত্যুমাব্রজন্।
অমানুষাণাং জেতারং যুদ্ধেষ্বপি ধনঞ্জয়ম্ ॥২৫॥

কচ্চিদিতি। যদা অর্জ্জুনঃ স্বৈরবং যুদ্ধং কুর্বন্, ভৃশং দ্রুতম্, অন্বয়াৎ পশ্চাদগচ্ছৎ, তদা তৎ কৌরবং বলম্, গাণ্ডীবশব্দেন, ন প্রাণশ্যত ন অদৃশ্যমভবৎ কচ্চিৎ ॥২১॥

কচ্চিদিতি। বাতো বায়ুঃ, বেগান্মেঘানিব, ধনঞ্জয়ঃ শরগণৈর্নৃপান্ আবিধ্যন্ সন্তাড়য়ন্, ইষুভিঃ শরৈঃ, বো যুষ্মাকমপি প্রাণান্, নাপানুদৎ নাপাসারয়ৎ কচ্চিৎ ॥২২॥

ক ইতি। সেনাগ্রে তিষ্ঠন্নিতি শেষঃ। বিদীর্য্যতে বিভজ্যতে পলায়ত ইত্যর্থঃ ॥২৩॥

যদিতি। যৎ যদা। অজহুঃ অত্যজন্। প্রাদ্রবন্ দ্রোণং ত্যক্ত্বা পলায়ন্ত ॥২৪॥

ক ইতি। কে বা কৌরববীরাঃ, তত্র তদানীম্, তনূস্ত্যক্ত্বা দেহত্যাগোদ্যমং কৃত্বা, প্রতীপং প্রতিকূলং গচ্ছন্ত ইতি শেষঃ, যুদ্ধেষু অমানুষাণাং দেবাদীনামপি জেতারং ধনঞ্জয়ং ধনঞ্জয়স্বরূপং মৃত্যুম্, আব্রজন্ প্রাপ্নুবন্ ॥২৫॥

অর্জ্জুন যখন অতিদারুণ যুদ্ধ করিতে করিতে মহাবেগে পশ্চাদ্ধাবিত হইয়াছিলেন, তখন তাঁহার গাণ্ডীবের শব্দে সেই কৌরবসৈন্য অদৃশ্য হইয়া যায় নাই ত? ॥২১॥

বায়ু যেমন বেগে মেঘগুলিকে তাড়াইয়া দেয়, সেইরূপ অর্জ্জুন বাণসমূহদ্বারা রাজগণকে তাড়াইয়া দিতে থাকিয়া তোমাদের প্রাণও সরাইয়া দেন নাই ত? ॥২২॥

কোন্ লোক যুদ্ধে অর্জ্জুনকে সহ্য করিতে পারে? যে অর্জ্জুনের আগমন শুনিয়া সৈন্যসম্মুখস্থ সকল লোকই পলায়ন করিয়া থাকে ॥২৩॥

যখন সৈন্যেরা কম্পিত হইতেছিল এবং বীরগণেরও ভয় উপস্থিত হইয়াছিল, তখন কোন্ বীরেরা দ্রোণকে পরিত্যাগ করেন নাই? কোন্ ক্ষুদ্র সৈন্যেরাই বা পলায়ন করিয়াছিল? ॥২৪॥

তখন কোন্ বীরেরাই বা দেহত্যাগের উদ্যম করিয়া প্রতিকূলে যাইতে থাকিয়া যুদ্ধে দেবপ্রভৃতিরও বিজেতা অর্জ্জুনরূপ মৃত্যুর কবলে গিয়াছিলেন? ॥২৫॥

(২২)...বাতো মেঘানিবাবিধ্যং প্রাবান্ শরবনানি চ—পি।

ন চ বেগং সিতাশ্বস্য সংসহিষ্যন্তি মামকাঃ।
গাণ্ডীবস্য চ নির্ঘোষং প্রাবৃড়্জলদনিস্বনম্ ॥২৬॥
বিষ্বক্সেনো যস্য যন্তা যস্য যোদ্ধা ধনঞ্জয়ঃ।
অশক্যঃ সমরে জেতুং মন্যে দেবাসুরৈরপি ॥২৭॥
সুকুমারো যুবা শূরো দর্শনীয়শ্চ পাণ্ডবঃ।
মেধাবী নিপুণো ধীমান্ যুধি সত্যপরাক্রমঃ ॥২৮॥
আরাবং বিপুলং কুর্ব্বন্ ব্যথয়ন্ সর্ব্বসৈনিকান্।
যদায়ান্নকুলো দ্রোণং কে শূরাস্তমবারয়ন্ ॥২৯॥ (যুগ্মকম্)
আশীবিষ ইব ক্রুদ্ধঃ সহদেবো যদাভ্যয়াৎ।
শত্রূণাং কদনং কুর্ব্বন্ রণে জেতা সুদুর্জয়ঃ ॥৩০॥
আর্য্যব্রতমমোঘেষুং হ্রীমন্তমপরাজিতম্।
সহদেবং তমায়ান্তং কে শূরাঃ পর্য্যবারয়ন্ ॥৩১॥ (যুগ্মকম্)

নেতি। সিতাশ্বস্য অর্জ্জুনস্য। প্রাবৃড়্জলদনিস্বনং বর্ষামেঘগর্জনবদ্গম্ভীরম্ ॥২৬॥
বিষ্বগিতি। বিষ্বক্সেনঃ কৃষ্ণঃ, যন্তা সারথিঃ। অশক্যঃ স রথ ইতি শেষঃ ॥২৭॥
দ্বাভ্যাং যুগ্মকেন নকুলবিষয়ং পৃচ্ছতি সুকুমার ইতি। দর্শনীয়ঃ সুন্দরঃ। নিপুণো যুদ্ধে। আরাবং সিংহনাদম্। সর্ব্বসৈনিকান্ কৌরবীয়ান্। আয়াদাগচ্ছৎ ॥২৮—২৯॥
পূর্ব্ববদেব সহদেববিষয়ং জিজ্ঞাসতে আশীতি। আশীবিষস্তীক্ষ্ণবিষঃ সর্পঃ। কদনং নিপীড়নম্। আর্য্যব্রতং সজ্জনাচারম্, অমোঘেষুমব্যর্থবাণম্, হ্রীমন্তং লজ্জাবন্তম্ ॥৩০—৩১॥

আমার পক্ষের যোদ্ধারা অর্জুনের বেগ এবং বর্ষাকালের মেঘগর্জনের ন্যায় গম্ভীর গাণ্ডীবধনুর নির্ঘোষ সহ্য করিতে পারিবেন না ॥২৬॥

কৃষ্ণ যাহার সারথি এবং অর্জুন যাহার যোদ্ধা, সেই রথখানাকে যুদ্ধে জয় করিতে বোধ হয় দেবাসুরেরাও পারেন না ॥২৭॥

কোমল, যুবক, বীর, সুন্দর, মেধাবী, যুদ্ধনিপুণ, বুদ্ধিমান্ এবং যুদ্ধে যথার্থ-বিক্রমশালী নকুল, যখন বিশাল সিংহনাদ ও সমস্ত কৌরবসৈন্য পীড়ন করিতে করিতে দ্রোণের দিকে আসিতেছিলেন, তখন আমার পক্ষের কোন্ বীরেরা তাঁহাকে বারণ করিয়াছিলেন? ॥২৮—২৯॥

বিজয়ী ও অতিদুর্জয় সহদেব যখন তীক্ষ্ণবিষ সর্পের ন্যায় ক্রুদ্ধ হইয়া যুদ্ধে শত্রুপক্ষকে পীড়ন করিতে থাকিয়া আসিতেছিলেন, তখন সেই সজ্জনাচার,

---

(২৬)…বিসহিষ্যন্তি মামকাঃ…বা নি,…সিতাশ্বস্য ক্ষমাঃ সোঢ়ুং নরাধিপাঃ…ব। (২৯)…কে শূরাঃ পর্য্যবারয়ন্—পি বা রা নি। (৩০)…কষ্টং করিষ্যন্ শত্রূণাম্…পি,… কদনং করিষ্যন্ শত্রূণাম…বা রা নি।

যস্তু সৌবীররাজস্য প্রমথ্য মহতীং চমূম্।
আদত্ত মহিষীং ভোজাং কাম্যাং সর্ব্বাঙ্গশোভনাম্ ॥৩২॥
সত্যং ধৃতিশ্চ শৌর্য্যঞ্চ ব্রহ্মচর্য্যঞ্চ কেবলম্।
সর্ব্বাণি যুযুধানেঽস্মিন্ নিত্যানি পুরুষর্ষভে ॥৩৩॥ (যুগ্মকম্)
বলিনং সত্যকর্ম্মাণমদীনমপরাজিতম্।
বাসুদেবসমং যুদ্ধে বাসুদেবাদনন্তরম্ ॥৩৪॥
ধনঞ্জয়োপদেশেন শ্রেষ্ঠমিষ্বস্ত্রকর্ম্মণি।
পার্থেন সমমস্ত্রেষু কস্তং দ্রোণাদবারয়ৎ ॥৩৫॥
বৃষ্ণীনাং প্রবরং বীরং শূরং সর্ব্বধনুষ্মতাম্।
রামেণ সমমস্ত্রেষু যশসা বিক্রমেণ চ ॥৩৬॥ (বিশেষকম্)
সত্যং ধৃতির্মতিঃ শৌর্য্যং ব্রাহ্মঞ্চাস্ত্রমনুত্তমম্।
সাত্বতে তানি সর্ব্বাণি ত্রৈলোক্যমিব কেশবে ॥৩৭॥

দ্বাভ্যাং যুগ্মকেন সাত্যকিং বর্ণয়তি য ইতি। আদত্ত অগৃহ্লাৎ, মহিষীমাত্মনো মহিষীরূপাম্, ভোজাং ভোজকন্যাম্, কাম্যাং লোভনীয়াম্। যুযুধানে সাত্যকৌ ॥৩২—৩৩॥

ত্রিভির্বিশেষকেণ সাত্যকিবিষয়ং পৃচ্ছতি বলিনমিতি। অদীনমকাতরম্। অনন্তরং কনিষ্ঠম্। ধনঞ্জয়োপদেশেন অর্জ্জুনদত্তশিক্ষয়া, ইষ্বস্ত্রকর্ম্মণি বাণযুদ্ধে। রামেণ জামদগ্ন্যেন ॥৩৪—৩৬॥

সত্যমিতি। ধৃতির্ধৈর্য্যম্, মতির্বুদ্ধিঃ। সাত্বতে সাত্বতবংশীয়ে সাত্যকৌ ॥৩৭॥

অব্যর্থবাণ, লজ্জাশীল ও অপরাজিত সহদেবকে কোন্ বীরেরা বারণ করিয়াছিলেন? ॥৩০—৩১॥

যিনি সৌবীররাজের বিশাল সৈন্যকে মর্দ্দন করিয়া সর্ব্বাঙ্গসুন্দরী ও লোভনীয়া ভোজকন্যাকে নিজের মহিষীরূপে গ্রহণ করিয়াছিলেন, সেই পুরুষশ্রেষ্ঠ সাত্যকির সত্য, ধৈর্য্য, শৌর্য্য এবং মুখ্য ব্রহ্মচর্য্য ইত্যাদি সমস্ত গুণ সর্বদাই রহিয়াছে ॥৩২—৩৩॥

বলবান্, সত্যকর্ম্মা, অকাতর, অপরাজিত, যুদ্ধে কৃষ্ণের তুল্য, কৃষ্ণের কনিষ্ঠ, অর্জুনের শিক্ষায় বাণযুদ্ধে শ্রেষ্ঠ, অর্জুনের তুল্য, বৃষ্ণিবংশের মধ্যে প্রধান বীর, সমস্ত ধনুর্দ্ধরের মধ্যেও শ্রেষ্ঠ বীর এবং অস্ত্র, যশ ও বিক্রমে পরশুরামের সমান সেই সাত্যকিকে দ্রোণের নিকট হইতে কে বারণ করিয়াছিল? ॥৩৪—৩৬॥

নারায়ণের উপরে যেমন ত্রিভুবন রহিয়াছে, সেইরূপ সাত্যকির উপরে সত্য, ধৈর্য্য, বুদ্ধি, বীরত্ব এবং সর্বোত্তম ব্রহ্মাস্ত্রপ্রভৃতি রহিয়াছে ॥৩৭॥

(৩৬)···শ্রেষ্ঠং সর্বধনুষ্মতাম্···ব।

তমেবং গুণসম্পন্নং দুর্ব্বারমপি দৈবতৈঃ।
সমাসাদ্য মহেষ্বাসং কে শূরাঃ পর্য্যবারয়ন্ ॥৩৮॥
পাঞ্চালেষূত্তমং বীরমুত্তমাভিজনপ্রিয়ম্।
নিত্যমুত্তমকর্ম্মাণমুত্তমৌজসমাহবে ॥৩৯॥
যুক্তং ধনঞ্জয়হিতে মমানর্থার্থমুত্থিতম্।
যমবৈশ্রবণাদিত্য-মহেন্দ্রবরুণোপমম্ ॥৪০॥
মহারথং সমাখ্যাতং দ্রোণায়োদ্যতমাহবে।
ত্যজন্তং তুমুলে প্রাণান্ কে শূরাঃ সমবারয়ন্ ॥৪১॥ (বিশেষকম্)
একোপসৃত্য চেদিভ্যঃ পাণ্ডবান্ যঃ সমাশ্রিতঃ।
ধৃষ্টকেতুং সমায়ান্তং দ্রোণং কস্তং ন্যবারয়ৎ ॥৪২॥
যোঽবধীৎ কেতুমান্ বীরো রাজপুত্রং দুরাসদম্।
অপরান্তগিরিদ্বারে দ্রোণাৎ কস্তং ন্যবারয়ৎ ॥৪৩॥

আবেগাৎ পুনরপি তমেব পৃচ্ছতি তমিতি। তং সাত্যকিম্। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্ ॥৩৮॥
ত্রিভির্বিশেষকেণোত্তমৌজসো বিষয়ং জিজ্ঞাসতে পাঞ্চালেষ্বিতি। উত্তমস্য অভিজনস্য খ্যাতের্যশস ইতি যাবৎ প্রিয়ম্, "অভিজনঃ কুলে খ্যাতৌ জন্মভূম্যাং কুলধ্বজে" ইতি বিশ্বঃ। যুক্তং নিরতম্। উত্থিতমুদ্যতম্। বৈশ্রবণঃ কুবেরঃ। ত্যজন্তং ত্যক্তুমুদ্যচ্ছন্তম্ ॥৩৯—৪১॥
একেতি। এক এব উপসৃত্য আগত্য। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৪২॥
য ইতি। রাজপুত্রং তদ্দেশীয়ম্। অপরান্তগিরিদ্বারে হিমালয়াসন্নদেশে ॥৪৩॥

এইরূপ গুণসম্পন্ন এবং দেবগণেরও দুর্বারণীয় সেই মহাধনুর্দ্ধর সাত্যকিকে পাইয়া কোন্ বীরেরা বারণ করিয়াছিলেন? ॥৩৮॥

পাঞ্চালদেশের প্রধান বীর, নির্ম্মল যশের অভিলাষী, যুদ্ধে সর্ব্বদা উত্তম-কার্য্যকারী, অর্জুনের হিতে নিরত, আমার অনর্থ ঘটাইতে উদ্যত এবং যম, কুবের, সূর্য্য, ইন্দ্র ও বরুণের তুল্য, মহারথ বলিয়া বিখ্যাত এবং তুমুল যুদ্ধে প্রাণত্যাগ করিতে উদ্যত উত্তমৌজা দ্রোণকে আক্রমণ করিতে উদ্‌যোগী হইলে, কোন্ বীরেরা তাঁহাকে বারণ করিয়াছিলেন? ॥৩৯—৪১॥

যিনি একাকী চেদিদেশ হইতে আসিয়া পাণ্ডবগণকে আশ্রয় করিয়াছিলেন, সেই ধৃষ্টকেতু দ্রোণের দিকে আসিতে লাগিলে, কে তাঁহাকে বারণ করিয়াছিল? ॥৪২॥

(৪৩)...কস্তমবারয়ৎ—পি বা ব। ইতঃ পরম্ 'স্ত্রীপুংসয়োর্নরব্যাঘ্রো যঃ স বেদ গুণাগুণান্। শিখণ্ডিনং যাজ্ঞসেনিমম্লানমনসং যুধি॥ দেবব্রতস্য সমরে হেতুং মৃত্যোর্মহাত্মনঃ। দ্রোণায়াভিমুখং যান্তং কে শূরাঃ পর্য্যবারয়ন্॥" ইতি শ্লোকদ্বয়মধিকম্ ব নি।

যস্মিন্নভ্যধিকা বীরে গুণাঃ সর্বে ধনঞ্জয়াৎ।
যস্মিন্নস্ত্রাণি সত্যঞ্চ ব্রহ্মচর্য্যঞ্চ সর্বদা ॥৪৪॥
বাসুদেবসমং বীর্য্যে ধনঞ্জয়সমং বলে।
তেজসাদিত্যসদৃশং বৃহস্পতিসমং মতৌ ॥৪৫॥
অভিমন্যুং মহাত্মানং ব্যাত্তাননমিবান্তকম্।
দ্রোণায়াভিমুখং যান্তং কে শূরাঃ সমবারয়ন ॥৪৬॥ (বিশেষকম্)
তরুণস্তরুণপ্রজ্ঞঃ সৌভদ্রঃ পরবীরহা।
যদাভ্যধাবদ্বৈ দ্রোণং তদাসীদ্বো মনঃ কথম্ ॥৪৭॥
দ্রৌপদেয়া নরব্যাঘ্রাঃ সমুদ্রমিব সিন্ধবঃ।
যে দ্রোণমাদ্রবন্ সংখ্যে কে শূরাস্তানবারয়ন্ ॥৪৮॥
যে তে দ্বাদশ বর্ষাণি ক্রীড়ামুৎসৃজ্য বালকাঃ।
অস্ত্রার্থমবসন্ ভীষ্মে বিভ্রতো ব্রতমুত্তমম্ ॥৪৯॥

অভিমন্যুবিষয়ং পৃচ্ছতি ত্রিভির্বিশেষকেণ। যস্মিন্নিতি। ব্রহ্মচর্য্যং পর্ব্বাদৌ স্ত্রীবর্জন-রূপম্। মতৌ বুদ্ধৌ। ব্যাত্তাননং প্রকটিতমুখম্ ॥৪৪—৪৬॥

তরুণ ইতি। তরুণপ্রজ্ঞো নবীনবুদ্ধিঃ, সৌভদ্রোঽভিমন্যুঃ। কথং কীদৃশম্ ॥৪৭॥

দ্রৌপেতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। সিন্ধবো নদ্যঃ। আদ্রবন্ অভ্যধাবন্ ॥৪৮॥

যে বীর হিমালয়সন্নিহিত প্রদেশে তদ্দেশীয় দুর্দ্ধর্ষ রাজপুত্রকে বধ করিয়াছিলেন, সেই কেতুমান্‌কে দ্রোণের নিকট হইতে কে অপসারিত করিয়াছিল? ॥৪৩॥

যে বীরে অর্জুন অপেক্ষাও অধিক গুণ সকল রহিয়াছে, যাঁহাতে সর্বদা অস্ত্র, সত্য ও ব্রহ্মচর্য্য আছে এবং যিনি শক্তিতে কৃষ্ণের তুল্য, বলে অর্জুনের সমান, তেজে সূর্য্যের সদৃশ, আর বুদ্ধিতে বৃহস্পতির সমকক্ষ, সেই মহাত্মা অভিমন্যু প্রকটিতবদন যমের ন্যায় দ্রোণের নিকটে যাইতে লাগিলে, কোন্ বীরেরা তাঁহাকে বারণ করিয়াছিলেন? ॥৪৪—৪৬॥

যুবক, নবীনবুদ্ধি ও বিপক্ষবীরহন্তা অভিমন্যু যখন দ্রোণের প্রতি ধাবিত হইয়াছিলেন, তখন তোমাদের মন কিরূপ হইয়াছিল? ॥৪৭॥

নদীসমূহ যেমন সমুদ্রের দিকে ধাবিত হয়, সেইরূপ নরশ্রেষ্ঠ যে দ্রৌপদীর পুত্রেরা দ্রোণের দিকে ধাবিত হইয়াছিলেন; তাঁহাদিগকে কোন্ বীরেরা বারণ করিয়াছিলেন? ॥৪৮॥

---

(৪৮)···যদ্দ্রোণমাদ্রবন্···বা ব রা নি। (৪৯) এতে দ্বাদশ বর্ষাণি···নি।

ক্ষত্রঞ্জয়ঃ ক্ষত্রদেবঃ ক্ষত্রধর্ম্মা চ মানদঃ।
ধৃষ্টদ্যুম্নাত্মজা বীরাঃ কে তান্ দ্রোণাদবারয়ন্ ॥৫০॥ (যুগ্মকম্)
শতাদ্বিশিষ্টং যং যুদ্ধে সমমন্যন্ত বৃষ্ণয়ঃ।
চেকিতানং মহেষ্বাসং কস্তং দ্রোণাদবারয়ৎ ॥৫১॥
বার্দ্ধক্ষেমিঃ কলিঙ্গানাং যঃ কন্যামাহরদ্‌যুধি।
অনাধৃষ্টিরদীনাত্মা কস্তং দ্রোণাদবারয়ৎ ॥৫২॥
ভ্রাতরঃ পঞ্চ কৈকেয়া ধার্ম্মিকাঃ সত্যবিক্রমাঃ।
ইন্দ্রগোপকসঙ্কাশা রক্তবর্ম্মায়ুধধ্বজাঃ ॥৫৩॥
মাতৃষ্বস্থঃ সুতা বীরাঃ পাণ্ডবানাং জয়ার্থিনঃ।
তান্ দ্রোণং হন্তুমায়াতান্ কে বীরাঃ পর্য্যবারয়ন্ ॥৫৪॥ (যুগ্মকম্)
যং যোধয়ন্তো রাজানো নাজয়ন্ বারণাবতে।
ষণ্মাসানপি সংরব্ধা জিঘাংসন্তো যুধাং পতিম্ ॥৫৫॥

য ইতি। ক্রীড়াং বালখেলাম্। ব্রতং ব্রহ্মচর্য্যম্। ক্ষত্রঞ্জয়াদিনামানশ্চত্বারঃ ॥৪৯—৫০॥
শতাদিতি। শতাৎ বীরাণামিতি শেষঃ, বিশিষ্টমধিকম্। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্ ॥৫১॥
বার্দ্ধেতি। বার্দ্ধক্ষেমির্বৃদ্ধক্ষেমপুত্রঃ। অনাধৃষ্টির্নাম অদীনাত্মা অকাতরচিত্তঃ ॥৫২॥
ভ্রাতর ইতি। ইন্দ্রগোপকসঙ্কাশা ইন্দ্রগোপকীটতুল্যরক্তবর্ণাঃ। কে মামকাঃ ॥৫৩—৫৪॥

ক্ষত্রঞ্জয়, ক্ষত্রদেব, ক্ষত্রধর্ম্মা ও মানদনামক ধৃষ্টদ্যুম্নের সেই যে চারিটী বালক পুত্র বাল্যখেলা পরিত্যাগ করিয়া আসিয়া কঠিন ব্রহ্মচর্য্যব্রত ধারণপূর্ব্বক অস্ত্র-শিক্ষার জন্য ভীষ্মের নিকট বাস করিয়াছিল, সেই বীরগণকে দ্রোণের নিকট হইতে কাহারা বারণ করিল? ॥৪৯—৫০॥

বৃষ্ণিবংশীয়েরা যাঁহাকে যুদ্ধে একশত বীর অপেক্ষাও অধিক বলিয়া মনে করিতেন, সেই মহাধনুর্দ্ধর চেকিতানকে কোন্ বীর দ্রোণের নিকট হইতে বারণ করিলেন? ॥৫১॥

বৃদ্ধক্ষেমের পুত্র অকাতরচিত্ত যে অনাধৃষ্টি কলিঙ্গযোদ্ধাদের যুদ্ধে কন্যা অপ-হরণ করিয়াছিলেন, তাঁহাকে কোন্ ব্যক্তি দ্রোণের নিকট হইতে অপসারিত করিল? ॥৫২॥

ইন্দ্রগোপের (মকমলী পোকার) ন্যায় রক্তবর্ণ এবং রক্তবর্ণ বর্ম্ম, অস্ত্র ও ধ্বজধারী, যথার্থবিক্রমশালী, ধার্ম্মিক, পাণ্ডবগণের মাতৃষ্বস্থপুত্র (মাস্‌তুত ভাই), জয়ার্থী ও বীর কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা যখন দ্রোণকে বধ করিবার জন্য আসিতেছিলেন, তখন কোন্ বীরেরা তাঁহাদিগকে বারণ করিয়া-ছিলেন? ॥৫৩—৫৪॥

ধনুষ্মতাং বরং শূরং সত্যসন্ধং মহাবলম্।
দ্রোণাৎ কস্তং নরব্যাঘ্রং যুযুৎসুং পর্য্যবারয়ৎ ॥৫৬॥ (যুগ্মকম্)
যঃ পুত্রং কাশিরাজস্য বারাণস্যাং মহারথম্।
সমরে স্ত্রীষু গৃধ্যন্তং ভল্লেনাপাহরদ্রথাৎ ॥৫৭॥
ধৃষ্টদ্যুম্নং মহেষ্বাসং পার্থানাং মন্ত্রধারিণম্।
যুক্তং দুর্য্যোধনানর্থে সৃষ্টং দ্রোণবধায় চ ॥৫৮॥
নির্দ্দহন্তং রণে যোধান্ দারয়ন্তঞ্চ সর্ব্বতঃ।
দ্রোণাভিমুখমায়ান্তং কে শূরাঃ পর্য্যবারয়ন্ ॥৫৯॥ (বিশেষকম্)
উৎসঙ্গ ইব সংবৃদ্ধং দ্রুপদস্যাস্ত্রবিত্তমম্।
শিখণ্ডিনং শস্ত্রগুপ্তং কে বা দ্রোণাদবারয়ন্ ॥৬০॥
য ইমাং পৃথিবীং কৃৎস্নাং চর্ম্মবৎ সমবেষ্টয়ৎ।
মহতা রথঘোষেণ মুখ্যারিঘ্নো মহারথঃ ॥৬১॥

যমিতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ। সত্যসন্ধং সত্যপ্রতিজ্ঞম্ ॥৫৫—৫৬॥
য ইতি। গৃধ্যন্তমাকাঙ্ক্ষন্তম্, অপাহরৎ ন্যপাতয়ৎ। মন্ত্রধারিণং মন্ত্রণাদাতারম্। যুক্তং ব্যাপৃতম্, অনর্থে অনর্থঘটনায়াম্। দারয়ন্তং কৌরববাহিনীম্ ॥৫৭—৫৯॥
উদিতি। উৎসঙ্গে ক্রোড়ে। স্বৈরেব শস্ত্রৈর্গুপ্তং রক্ষিতম্ ॥৬০॥

ক্রুদ্ধ ও জিঘাংসু রাজারা বারণাবতনগরে ছয় মাস পর্য্যন্ত যুদ্ধ করিয়াও যাঁহাকে জয় করিতে পারেন নাই; যুদ্ধপরিচালক, ধনুর্দ্ধরশ্রেষ্ঠ, বীর, সত্যপ্রতিজ্ঞ, মহাবল মনুষ্যপ্রধান সেই যুযুৎসুকে দ্রোণের নিকট হইতে কে বারণ করিয়াছিল? ॥৫৫—৫৬॥

যিনি কাশীনগরে স্ত্রীকামী ও মহারথ কাশীরাজপুত্রকে যুদ্ধে ভল্লদ্বারা রথ হইতে নিপাতিত করিয়াছিলেন; যিনি পাণ্ডবগণের মন্ত্রণাদাতা, দুর্য্যোধনের অনর্থঘটনায় ব্যাপৃত এবং দ্রোণবধের জন্য উৎপাদিত; আর যিনি যুদ্ধে সৈন্যগণের বিনাশ ও সকল দিকে বিদারণ করিয়া থাকেন; সেই মহাধনুর্দ্ধর ধৃষ্টদ্যুম্ন দ্রোণের অভিমুখে আসিতে লাগিলে, কোন্ বীরেরা তাঁহাকে বারণ করিয়াছিলেন? ॥৫৭—৫৯॥

যিনি দ্রুপদরাজার ক্রোড়েই যেন বৃদ্ধি পাইয়াছিলেন এবং যিনি অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ ও আপন অস্ত্রদ্বারাই রক্ষিত, সেই শিখণ্ডীকে দ্রোণের নিকট হইতে কাঁহারা বারণ করিয়াছিলেন? ॥৬০॥

(৬০)···শৈখণ্ডিনং শস্ত্রগুপ্তং কে চ···নি।

দশাশ্বমেধানাজহ্রে স্বন্নপানাপ্তদক্ষিণান্।
নিরর্গলান্ সর্বমেধান্ পুত্রবৎ পালয়ন্ প্রজাঃ ॥৬২॥
গঙ্গাস্রোতসি যাবত্যঃ সিকতা অপ্যশেষতঃ।
তাবতীর্গা দদৌ বীর উশীনরসুতোঽধ্বরে ॥৬৩॥ (বিশেষকম্)
ন পূর্বে নাপরে চক্রুরিদং কেচন মানবাঃ।
ইতীদং চক্রুশুর্দেবাঃ কৃতে কর্ম্মণি দুষ্করে ॥৬৪॥
পশ্যামস্ত্রিষু লোকেষু ন তং সংস্থাস্নুচারিষু।
জাতঞ্চাপি জনিষ্যন্তং দ্বিতীয়ঞ্চাপি সাম্প্রতম্ ॥৬৫॥
অন্যমৌশীনরাচ্ছৈব্যাদ্ধুরো বোঢ়ারমিত্যুত।
গতিং যস্য ন যাস্যন্তি মানুষা লোকবাসিনঃ ॥৬৬॥ (যুগ্মকম্)

য ইতি। চর্ম্মবৎ চর্ম্মণেব। মুখ্যারিঘ্নঃ প্রধানশত্রুহন্তা। আজহ্রে অনুষ্ঠিতবান্, শোভনানি অন্নপানানি আপ্তাঃ প্রচুরাঃ দক্ষিণাশ্চ যেষু তান্। নিরর্গলান্ নির্বাধান্, সর্বমেধান্ নরমেধাদীনপি যজ্ঞানাজহ্রে ইতি সম্বন্ধঃ। সিকতা বালুকাঃ, অশেষতঃ সাকল্যেন ॥৬১—৬৩॥

নেতি। পূর্বে ন চক্রুঃ, অপরে ন করিষ্যন্তীতি শেষঃ। চক্রুশুঃ উচ্চৈরূচুঃ ॥৬৪॥

পশ্যাম ইতি। সংস্থাস্নবঃ স্থাবরাঃ চারিণো জঙ্গমাশ্চ তেষু তাদৃশেষু ত্রিষু লোকেষু, জাতং পূর্ব্বমুৎপন্নম্, জনিষ্যন্তমুৎপৎস্যমানম্, সাম্প্রতং বর্ত্তমানকালেঽপি চ, ঔশীনরাদুশীনরপুত্রাৎ শৈব্যাদন্যম্, তং তাদৃশম্, ধুরো ভূভারস্য, দ্বিতীয়ং বোঢ়ারং বহনকর্ত্তারম্, বয়ং ন পশ্যামঃ। গম্যত ইতি গতিস্তাং স্বর্গীয়স্থানমিত্যর্থঃ। সংস্থাস্নু ইতি সংপূর্বকস্থাধাতোঃ "গ্লাজিস্থশ্চ গ্স্নুঃ" ইতি স্নুপ্রত্যয়ে রূপম্ ॥৬৫—৬৬॥

প্রধানশত্রুহন্তা ও মহারথ যে বীর চর্ম্মতুল্য বিশাল রথশব্দদ্বারা এই সমগ্র পৃথিবীটাকে পরিবেষ্টন করিয়াছিলেন এবং যিনি প্রজাগণকে পুত্রের ন্যায় পালন করিতে থাকিয়া উত্তম খাদ্য, পেয় ও প্রচুর দক্ষিণাযুক্ত দশটা অশ্বমেধযজ্ঞ এবং অবাধে নরমেধাদি অন্যপ্রকার সমস্ত যজ্ঞ করিয়াছিলেন; সেই উশীনরপুত্র বীর শৈব্য নিজের সেই সকল যজ্ঞে—গঙ্গাস্রোতে সাকল্যে যত বালি থাকে, তত গরু দান করিয়াছিলেন ॥৬১—৬৩॥

তিনি সেই সকল দুষ্কর কার্য্য করিলে পর দেবতারা এইরূপ ঘোষণা করিয়াছিলেন যে, 'পূর্ব্ববর্ত্তী কোন মানব এরূপ কার্য্য করেন নাই, ভবিষ্যতেও করিবেন না ॥৬৪॥

আর, স্থাবর-জঙ্গমাত্মক এই ত্রিভুবনে এক উশীনরনন্দন শৈব্য ভিন্ন ঐরূপ

(৬২) ইতঃ পরম্ 'বিসৃষ্টা দক্ষিণা যস্য গঙ্গাজলমবারয়ৎ' ইত্যর্দ্ধমধিকং নি। (৬৪)...ইতি যং চুক্রুশুর্দেবাঃ...পি।

তস্য নপ্তারমায়ান্তং শৈব্যং কঃ সমবারয়ৎ।
দ্রোণায়াভিমুখং যত্তং ব্যাত্তাননমিবান্তকম্ ॥৬৭॥
বিরাটস্য রথানীকং মৎস্যস্যামিত্রঘাতিনঃ।
প্রেপ্সন্তং সমরে দ্রোণং কে বীরাঃ পর্য্যবারয়ন্ ॥৬৮॥
সদ্যো বৃকোদরাজ্জাতো মহাবলপরাক্রমঃ।
মায়াবী রাক্ষসো বীরো যস্মান্মম মহদ্ভয়ম্ ॥৬৯॥
পার্থানাং জয়কামং তং পুত্রাণাং মম কণ্টকম্।
ঘটোৎকচং মহাত্মানং কস্তং দ্রোণাদবারয়ৎ ॥৭০॥ (যুগ্মকম্)
এতে চান্যে চ বহবো যেষামর্থায় সঞ্জয়!।
ত্যক্তারঃ সংযুগে প্রাণান্ কিং তেষামজিতং যুধি ॥৭১॥

তস্যেতি। নপ্তারং পৌত্রম্। যত্তং জয়ায় যত্নবন্তম্, ব্যাত্তাননং বিবৃতমুখম্ ॥৬৭॥
বিরাটস্যেতি। রথানীকং রথিসৈন্যম্। প্রেপ্সন্তং প্রাপ্তুমিচ্ছন্তম্ ॥৬৮॥
সদ্য ইতি। সদ্য এব মহাবলপরাক্রমোঽভবৎ। মহাত্মানং মহাশক্তিম্ ॥৬৯—৭০॥
এত ইতি। যেষাং পাণ্ডবানাম্, অর্থায় প্রয়োজনসাধনায় ॥৭১॥

অন্য কোন রাজাকে আমরা পূর্ব্বে জন্মিতে দেখি নাই, জন্মিতে দেখিব না এবং বর্ত্তমানেও দ্বিতীয় দেখিতেছি না। (মোট কথা—) মর্ত্ত্যবাসী মানবেরা যাঁহার গম্যস্থানে গমন করিতে পারিবে না' ॥৬৫—৬৬॥

তাঁহার পৌত্র শৈব্য জয়ে যত্নবান্ হইয়া বিবৃতবদন যমের ন্যায় দ্রোণের অভিমুখে আসিতে লাগিলে, কে তাঁহাকে বারণ করিয়াছিল? ॥৬৭॥

শত্রুহন্তা মৎস্যরাজ বিরাটের রথিসৈন্য যুদ্ধে দ্রোণের দিকে ধাবিত হইলে, কোন্ বীরেরা তাহাদিগকে বারণ করিয়াছিলেন? ॥৬৮॥

যে রাক্ষস, ভীমসেন হইতে জন্ম গ্রহণ করিয়া সদ্যই মহাবল ও মহাপরাক্রম হইয়াছিল এবং পরে মায়াবী ও বীর হইয়াছে; আর যাহা হইতে আমার গুরুতর ভয় রহিয়াছে; পাণ্ডবগণের জয়াভিলাষী এবং আমার পুত্রগণের কণ্টকস্বরূপ সেই মহাশক্তি ঘটোৎকচকে দ্রোণের নিকট হইতে কে বারণ করিয়াছিল? ॥৬৯—৭০॥

সঞ্জয়! এই সকল বীর এবং অন্যও বহুতর বীর যাঁহাদের জন্য যুদ্ধে প্রাণপর্য্যন্ত পরিত্যাগ করিতে প্রস্তুত, সেই পাণ্ডবগণের যুদ্ধে কি অবিজিত থাকিতে পারে? ॥৭১॥

(৬৭) দ্রোণায়াভিমুখং যান্তম্...পি বা রা।

যেষাঞ্চ পুরুষব্যাঘ্রঃ শার্ঙ্গধন্বা ব্যপাশ্রয়ঃ।
হিতার্থী চাপি পার্থানাং কথং তেষাং পরাজয়ঃ ॥৭২॥
লোকানাং গুরুরত্যর্থঃ লোকনাথঃ সনাতনঃ।
নারায়ণো রণে নাথো দিব্যো দিব্যাত্মবান্ প্রভুঃ ॥৭৩॥
যস্য দিব্যানি কর্ম্মাণি প্রবদন্তি মনীষিণঃ।
তান্যহং কীর্ত্তয়িষ্যামি ভক্ত্যা ধৈর্য্যার্থমাত্মনঃ ॥৭৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে ধৃতরাষ্ট্রবাক্যে অষ্টমোঽধ্যায়ঃ ॥০॥ *

নবমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

শৃণু দিব্যানি কর্ম্মাণি বাসুদেবস্য সঞ্জয় !।
কৃতবান্ যানি গোবিন্দো যথা নান্যঃ পুমান্ ক্বচিৎ ॥১॥

যেষামিতি। শার্ঙ্গধন্বা কৃষ্ণঃ, ব্যপাশ্রয়ো বিশেষেণাবলম্বনম্ ॥৭২॥
লোকানামিতি। নাথঃ পাণ্ডবানাং রক্ষকো জাতঃ, দিব্যাত্মবান্ অলৌকিকস্বভাবঃ ॥৭৩॥
যস্যেতি। দিব্যানি অলৌকিকানি। ধৈর্য্যার্থং স্থৈর্য্যসম্পাদনার্থম্ ॥৭৪॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে অষ্টমোঽধ্যায়ঃ ॥০॥

আর, পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ যাঁহাদের বিশেষ অবলম্বন এবং হিতার্থী, সেই পাণ্ডবগণের কি করিয়া পরাজয় হইতে পারে ? ॥৭২॥

বিশেষতঃ ত্রিভুবনের প্রধান গুরু, ত্রিভুবনের রক্ষক, সনাতন, অলৌকিক, অলৌকিকস্বভাব এবং জগতের অধীশ্বর স্বয়ং নারায়ণ যুদ্ধে পাণ্ডবগণের রক্ষক হইয়াছেন ॥৭৩॥

সঞ্জয় ! জ্ঞানীরা যাঁহার অলৌকিক কর্ম্মসমূহের কথা বলিয়া থাকেন, আমি ভক্তিবশতঃ নিজের ধৈর্য্যসম্পাদনের জন্য তাঁহার সেই কর্ম্মসমূহের বিষয় তোমার নিকট বলিব' ॥৭৪॥

(৭৩) ··দিব্যাত্মকঃ প্রভুঃ—নি। (৭৪)···স্থৈর্য্যার্থমাত্মনঃ—ব। * '···নবমোঽধ্যায়ঃ' ব, '·· দশমোঽধ্যায়ঃ' বা রা নি।

সংবর্দ্ধতা গোপকুলে বালেনৈব মহাত্মনা।
বিখ্যাপিতং বলং বাহ্বোস্ত্রিষু লোকেষু সঞ্জয়! ॥২॥
উচ্চৈঃশ্রবস্তুল্যবলং বায়ুবেগসমং জবে।
জঘান হয়রাজং তং যমুনাতীরবাসিনম্ ॥৩॥
দানবং ঘোরকর্ম্মাণং গবাং মৃত্যুমিবোত্থিতম্।
বৃষরূপধরং বাল্যে ভুজাভ্যাং নিজঘান হ ॥৪॥
প্রলম্বং নরকং জম্ভং পীঠঞ্চাপি মহাসুরম্।
মুরঞ্চান্তকসঙ্কাশমবধীৎ পুষ্করেক্ষণঃ ॥৫॥
তথা কংসো মহাতেজা জরাসন্ধেন পালিতঃ।
বিক্রমেণৈব কৃষ্ণেন সগণঃ পাতিতো রণে ॥৬॥

শৃণ্বিতি। দিব্যানি অলৌকিকানি। অন্যঃ পুমান্ নাকরোদিতি শেষঃ ॥১॥
সমিতি। সংবর্দ্ধতা সংবর্দ্ধমানেন। বিখ্যাপিতং বিশেষেণ প্রকাশিতম্ ॥২॥
বিখ্যাপনকারণমাহ শ্লোকজাতেন উচ্চৈরিতি। জবে বেগে। হয়রাজমশ্বশ্রেষ্ঠম্ ॥৩॥
দানবমিতি। উত্থিতমুপস্থিতম্। নিজঘান গোবিন্দ ইতি প্রকরণাৎ ॥৪॥
প্রলম্বমিতি। অন্তকসঙ্কাশং যমতুল্যম্, পুষ্করেক্ষণঃ পদ্মনয়নঃ কৃষ্ণঃ ॥৫॥
তথেতি। বিক্রমেণৈব অস্ত্রং বিনা, সগণঃ চানূরাদ্যনুচরসহিতঃ ॥৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! অন্য লোক কখনও যাহা করিতে পারে নাই, সেইরূপ যে সকল কর্ম্ম কৃষ্ণ করিয়াছেন, সেই অলৌকিক কর্ম্মগুলি তুমি শ্রবণ কর ॥১॥

সঞ্জয়! মহাত্মা কৃষ্ণ গোপকুলে বৃদ্ধি পাইতে থাকিয়া বালক অবস্থাতেই ত্রিভুবনে আপন বাহুবল প্রকাশ করিয়াছিলেন ॥২॥

উচ্চৈঃশ্রবার সমানবলশালী এবং বেগে বায়ুর তুল্য যমুনাতীরবাসী সেই অশ্বশ্রেষ্ঠকে কৃষ্ণ বধ করিয়াছিলেন ॥৩॥

কৃষ্ণ বাল্যকালে কেবল বাহুযুগলদ্বারা গোসমূহের মৃত্যুর ন্যায় উপস্থিত, উগ্রকর্ম্মা ও বৃষরূপধারী দানবকে নিহত করিয়াছিলেন ॥৪॥

পদ্মপলাশনয়ন কৃষ্ণ—মহাসুর প্রলম্ব, নরক, জম্ভ ও পীঠকে এবং যমের তুল্য মুরকে সংহার করিয়াছিলেন ॥৫॥

(৩) (৪) শ্লোকয়োঃ স্থানে—'পূতনাং শকটং হত্বা কেশিনঞ্চৈব বাজিনম্। ঋষভং ধেনুকঞ্চৈব অরিষ্টঞ্চ মহাবলম্ ॥ দাবান্মুক্ত্বা মহাবাহুর্ধৃত্বা গোবর্দ্ধনং গিরিম্। চাণূরং মুষ্টিকঞ্চৈব রঙ্গমধ্যে নিহত্য চ ॥' ইতি শ্লোকৌ পঠিতৌ নি। (৫) মুরঞ্চামরসঙ্কাশম্…পি ব।

স্থনামা রণবিক্রান্তঃ সমগ্রাক্ষৌহিণীপতিঃ।
ভোজরাজস্য মধ্যস্থো ভ্রাতা কংসস্য বীর্য্যবান্ ॥৭॥
বলদেবদ্বিতীয়েন কৃষ্ণেনামিত্রঘাতিনা।
তরস্বী সমরে দগ্ধঃ সসৈন্যঃ শূরসেনরাট্ ॥৮॥ (যুগ্মকম্)
দুর্ব্বাসা নাম বিপ্রর্ষিস্তথা পরমকোপনঃ।
আরাধিতঃ সদারেণ স চাস্মৈ প্রদদৌ বরান্ ॥৯॥
তথা গান্ধাররাজস্য সুতাং বীরঃ স্বয়ংবরে।
নির্জিত্য পৃথিবীপালানাবহৎ পুষ্করেক্ষণঃ ॥১০॥
অমৃষ্যমাণা রাজানো যস্য জাত্যা হয়া ইব।
রথে বৈবাহিকে যুক্তাঃ প্রতোদেন কৃতব্রণাঃ ॥১১॥
জরাসন্ধং মহাবাহুমুপায়েন জনার্দ্দনঃ।
পরেণ ঘাতয়ামাস সমগ্রাক্ষৌহিণীপতিম্ ॥১২॥

স্থনামেতি। স্থনামা নাম। মধ্যস্থো মধ্যমঃ। তরস্বী বেগবান্ ॥৭—৮॥
দুর্ব্বাসা ইতি। দারৈঃ পত্ন্যা সহেতি সদারস্তেন কৃষ্ণেন, অস্মৈ কৃষ্ণায় ॥৯॥
তথেতি। আবহৎ পরিণীতবান্, পুষ্করেক্ষণঃ পদ্মনয়নঃ কৃষ্ণঃ ॥১০॥
অমৃষ্যেতি। অমৃষ্যমাণা অসহমানাঃ। জাত্যাঃ সদ্বংশ্যাঃ। যুক্তা লগ্নাঃ ॥১১॥
জরেতি। উপায়েন কৌশলেন। পরেণ ভীমসেনেন ॥১২॥

এবং কৃষ্ণ বিনা অস্ত্রে কেবল বিক্রমদ্বারাই জরাসন্ধকর্তৃক রক্ষিত অনুচরসমন্বিত কংসকে যুদ্ধে নিপাতিত করিয়াছিলেন ॥৬॥

শত্রুহন্তা কৃষ্ণ বলরামের সহিত যাইয়া যুদ্ধে বিক্রমশালী, বলবান্, বেগবান্, সমগ্র অক্ষৌহিণীর নায়ক, সৈন্যসমন্বিত, ভোজরাজ কংসের মধ্যম ভ্রাতা ও শূরসেনদেশের রাজা সুনামাকে যুদ্ধে দগ্ধ করিয়াছিলেন ॥৭—৮॥

কৃষ্ণ পত্নীর সহিত মিলিত হইয়া অত্যন্ত কোপনস্বভাব ব্রহ্মর্ষি দুর্বাসার আরাধনা করেন; তাহাতে দুর্বাসা সন্তুষ্ট হইয়া উঁহাকে নানাবিধ বর দান করিয়াছিলেন ॥৯॥

বীর ও পদ্মনয়ন কৃষ্ণ স্বয়ংবরে রাজগণকে জয় করিয়া গান্ধাররাজকন্যাকে আনয়নপূর্ব্বক বিবাহ করিয়াছিলেন ॥১০॥

তখন রাজারা সহ্য করিতে না পারিয়া সদ্বংশজাত অশ্বগণের ন্যায় সেই বৈবাহিক রথে সংলগ্ন হইয়া যাঁহার কশাঘাতে ক্ষত-বিক্ষত হইয়াছিলেন ॥১১॥

(১০)···আহরৎ পুষ্করেক্ষণঃ—পি।

চেদিরাজঞ্চ বিক্রান্তং রাজসেনাপতিং বলী।
অর্ঘে বিবদমানন্তু জঘান পশুবত্তদা ॥১৩॥
সৌভং দৈত্যপুরং খস্থং শাল্বগুপ্তং দুরাসদম্।
সমুদ্রকুক্ষৌ বিক্রম্য পাতয়ামাস মাধবঃ ॥১৪॥
অঙ্গান্ বঙ্গান্ কলিঙ্গাংশ্চ মাগধান্ কাশিকোশলান্।
বাৎস্যগার্গ্যকরূষাংশ্চ পৌণ্ড্রাংশ্চাপ্যজয়দ্রণে ॥১৫॥
আবন্ত্যান্ দাক্ষিণাত্যাংশ্চ পার্বতীয়ান্ কুশেরকান্।
কাশ্মীরকানৌরসিকান্ পিশাচাংশ্চ সমুদ্গলান্ ॥১৬॥
কাম্বোজান্ বাটধানাংশ্চ চোলান্ পাণ্ড্যাংশ্চ সঞ্জয় !।
ত্রিগর্ত্তান্ মালবাংশ্চৈব দরদাংশ্চ সুদুর্জয়ান্ ॥১৭॥
নানাদিগ্‌ভ্যশ্চ সংপ্রাপ্তান্ খশাংশ্চৈব শকাংস্তথা।
জিতবান্ পুণ্ডরীকাক্ষো যবনঞ্চ সহানুগম্ ॥১৮॥ (বিশেষকম্)

চেদীতি। চেদিরাজং শিশুপালম্। অর্ঘে রাজসূয়ার্ঘদানকালে ॥১৩॥

সৌভমিতি। সৌভং নাম, দৈত্যপুরং তদ্বদ্বিশালং বিমানম্, খস্থমাকাশস্থম্ ॥১৪॥

অঙ্গানিতি। অত্র সর্ব্বত্র "বহুম্ববদস্বাদেঃ" ইত্যাদিনা বহুবচনম্ ॥১৫॥

আবন্ত্যানিতি। পিশাচোঽপি দেশবিশেষ এব। চোলোঽপি তথা। সংপ্রাপ্তান্ যুদ্ধে উপস্থিতান্। যবনং যবনরাজম্, সহানুগম্ অনুচরসহিতম্ ॥১৬—১৮॥

কৃষ্ণ কৌশলে অন্য (ভীমসেন) দ্বারা সমগ্র অক্ষৌহিণীর অধিপতি ও মহাবাহু জরাসন্ধকে বিনাশ করাইয়াছিলেন ॥১২॥

যুধিষ্ঠির রাজসূয়যজ্ঞে কৃষ্ণকে অর্ঘদান করিলে, বিক্রমশালী ও রাজসেনাপতি শিশুপাল বিবাদ করিতেছিলেন; তখন বলবান্ কৃষ্ণ তাঁহাকে পশুর ন্যায় বধ করিয়াছিলেন ॥১৩॥

কৃষ্ণ বিক্রম প্রকাশ করিয়া সমুদ্রের উপরিভাগে আকাশস্থিত, শাল্বরক্ষিত ও দুর্দ্ধর্ষ সৌভনামক বিশাল বিমানকে নিপাতিত করিয়াছিলেন ॥১৪॥

কৃষ্ণ যুদ্ধে অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ মাগধ, কাশী, কোশল, বাৎস্য, গার্গ্য, করূষ ও পৌণ্ড্রদেশীয় যোদ্ধাদিগকে জয় করিয়াছিলেন ॥১৫॥

সঞ্জয়! অবন্তি, দাক্ষিণাত্য, পার্ব্বতীয়, কুশেরক, কাশ্মীর, ঔরসিক, পিশাচ, মুদ্গল, কাম্বোজ, বাটধান, চোল, পাণ্ড্য, ত্রিগর্ত্ত, মালব, অতিদুর্জ্জয় দরদ, নানা দিক্ হইতে আগত খশ ও শক এবং অনুচরগণের সহিত যবনরাজকে কৃষ্ণ জয় করিয়াছিলেন ॥১৬—১৮॥

(১৬)···পার্বতীয়ান্ দশেরকান্···বা নি।

প্রবিশ্য মকরাবাসং যাদোগণনিষেবিতম্ ।
জিগায় বরুণং সংখ্যে সলিলান্তর্গতং পুরা ॥১৯॥
যুধি পঞ্চজনং হত্বা পাতালতলবাসিনম্ ।
পাঞ্চজন্যং হৃষীকেশো দিব্যং শঙ্খমবাপ্তবান্ ॥২০॥
খাণ্ডবে পার্থসহিতস্তোষয়িত্বা হুতাশনম্ ।
আগ্নেয়মস্ত্রং দুর্দ্ধর্ষং চক্রং লেভে মহাবলঃ ॥২১॥
বৈনতেয়ং সমারুহ্য ত্রাসয়িত্বাঽমরাবতীম্ ।
মহেন্দ্রভবনাদ্বীরঃ পারিজাতমুপানয়ৎ ॥২২॥
তচ্চ মর্ষিতবান্ শক্রো জানংস্তস্য পরাক্রমম্ ।
রাজ্ঞাঞ্চাপ্যজিতং কঞ্চিৎ কৃষ্ণেনেহ ন শুশ্রুম ॥২৩॥
যচ্চ তন্মহদাশ্চর্য্যং সভায়াং মম সঞ্জয় ! ।
কৃতবান্ পুণ্ডরীকাক্ষঃ কস্তদন্য ইহার্হতি ॥২৪॥

প্রবিশ্যেতি। মকরাবাসং সমুদ্রম্, "যাদাংসি জলজন্তবঃ" ইত্যমরঃ ॥১৯॥
যুধীতি। পঞ্চজনং নামৈকং দৈত্যম্। দিব্যমলৌকিকম্ ॥২০॥
খাণ্ডব ইতি। খাণ্ডবে বনে, পার্থেনার্জ্জুনেন সহিতঃ। আগ্নেয়মগ্নিদত্তম্ ॥২১॥
বৈনেতি। বৈনতেয়ং গরুড়ম্। বীরঃ কৃষ্ণঃ ॥২২॥
তদিতি। মর্ষিতবান্ সোঢ়বান্, শক্র ইন্দ্রঃ। রাজ্ঞাং মধ্যে ॥২৩॥
যদিতি। তৎ ভীষণং রূপম্। উদ্‌যোগপর্ব্ববৃত্তান্তোঽয়ম্। অর্হতি কর্ত্তুমিতি শেষঃ ॥২৪॥

কৃষ্ণ পূর্ব্বে জলজন্তুগণসেবিত সমুদ্রে প্রবেশ করিয়া জলান্তর্গত বরুণকে যুদ্ধে জয় করিয়াছিলেন ॥১৯॥

কৃষ্ণ যুদ্ধে পাতালবাসী পঞ্চজননামক দৈত্যকে বধ করিয়া পাঞ্চজন্যনামক অলৌকিক শঙ্খ লাভ করিয়াছিলেন ॥২০॥

মহাবল কৃষ্ণ অর্জ্জুনের সহিত মিলিত হইয়া খাণ্ডববনে অগ্নিদেবকে সন্তুষ্ট করিয়া তাঁহার প্রদত্ত দুর্দ্ধর্ষ সুদর্শন চক্র পাইয়াছিলেন ॥২১॥

বীর কৃষ্ণ গরুড়ে আরোহণ করিয়া যাইয়া অমরাবতীনগরীকে বিত্রস্ত করিয়া ইন্দ্রভবন হইতে পারিজাত হরণ করিয়াছিলেন ॥২২॥

কিন্তু ইন্দ্র কৃষ্ণের পরাক্রম জানিয়া সে পারিজাত হরণ সহ্য করিয়াছিলেন। তা'র পর রাজাদের মধ্যে কোন রাজা কৃষ্ণকর্ত্তৃক অবিজিত আছেন, ইহা আমরা শুনি নাই ॥২৩॥

(১৯)যাদোভিরভিসংহতম্…পি। (২০) যুধি পঞ্চজনং হত্বা দৈত্যং পাঞ্চালবাসিনম্…বা নি।

যচ্চ ভক্ত্যা প্রসন্নোঽহমদ্রাক্ষং কৃষ্ণমীশ্বরম্।
তন্মে সুবিদিতং সর্বং প্রত্যক্ষমিব চাগমম্ ॥২৫॥
নান্তো বিক্রমযুক্তস্য বুদ্ধ্যা যুক্তস্য বা পুনঃ।
কর্ম্মণঃ শক্যতে গন্তুং হৃষীকেশস্য সঞ্জয়! ॥২৬॥
তথা গদশ্চ শাম্বশ্চ প্রদ্যুম্নোঽথ বিদূরথঃ।
অগাবহোঽনিরুদ্ধশ্চ চারুদেষ্ণঃ সসারণঃ ॥২৭॥
উল্মুকো নিশঠশ্চৈব ঝিল্লী বভ্রুশ্চ বীর্য্যবান্।
পৃথুশ্চ বিপৃথুশ্চৈব সমীকোঽথারিমেজয়ঃ ॥২৮॥
এতেঽন্যে বলবন্তশ্চ বৃষ্ণিবীরাঃ প্রহারিণঃ।
কথঞ্চিৎ পাণ্ডবানীকং শ্রয়েয়ুঃ সমরে স্থিতাঃ ॥২৯॥
আহূতা বৃষ্ণিবীরেণ কেশবেন মহাত্মনা।
ততঃ সংশয়িতং সর্বং ভবেদিতি মতির্মম ॥৩০॥ (কলাপকম্)

যদিতি। প্রসন্নঃ প্রসন্ননয়নঃ। অগমম্ অবগতবান্ ॥২৫॥

নেতি। অন্তঃ শেষঃ। গন্তুং বোদ্ধুম্ ॥২৬॥

তথেতি। সারণেন সহেতি সসারণঃ। অরিমেজয় ইত্যেকঃ। শ্রয়েয়ুরিতি সম্ভাবনায়াং সপ্তমী। সংশয়িতং জীবনে সন্দিগ্ধম্, সর্ব্বং কৌরববলম্ ॥২৭—৩০॥

সঞ্জয়! আমার সভায় কৃষ্ণ সেই যে মহাশ্চর্য্য রূপ ধারণ করিয়াছিলেন, এই জগতে অন্য কোন্ ব্যক্তি সেপ্রকার রূপ ধারণ করিতে পারে? ॥২৪॥

আমি তৎকালে প্রসন্ননয়ন হইয়া ভক্তিসহকারে জগদীশ্বর কৃষ্ণকে যে দেখিয়াছিলাম, সে সমস্তই আমার সুবিদিত আছে এবং তখন যেন প্রত্যক্ষই দেখিয়াছিলাম ॥২৫॥

সঞ্জয়! কৃষ্ণের বিক্রমযুক্ত বা বুদ্ধিপ্রণোদিত কর্ম্মের শেষ বুঝিতে পারা যায় না ॥২৬॥

তা'র পর গদ, শাম্ব, প্রদ্যুম্ন, বিদূরথ, অগাবহ, অনিরুদ্ধ, চারুদেষ্ণ, সারণ, উল্মুক, নিশঠ, ঝিল্লী, বলবান্ বভ্রু, পৃথু, বিপৃথু, সমীক ও অরিমেজয় ইঁহারা এবং বলবান্ ও প্রহারনিপুণ অন্যান্য বৃষ্ণিবংশীয় বীরেরা বৃষ্ণিবীর ও মহাত্মা কৃষ্ণের আহ্বানে আসিয়া সমরাঙ্গনে থাকিয়া যদি কোন প্রকারে পাণ্ডবসৈন্য আশ্রয় করেন, তবে সমগ্র কৌরবসৈন্যই জীবনসন্দিগ্ধ হইয়া পড়িবে, ইহাই আমার ধারণা ॥২৭—৩০॥

(২৫)···প্রত্যক্ষমিব চাগমং—পি,···প্রত্যক্ষমিব চাগমাং—বা। (২৬)···কর্ম্মণাং শক্যতে গন্তুম্···পি বা নি।

নাগাযুতবলো বীরঃ কৈলাসশিখরোপমঃ ।
বনমালী হলী রামস্তত্র যত্র জনার্দ্দনঃ ॥৩১॥
যমাহুঃ সর্বপিতরং বাসুদেবং দ্বিজাতয়ঃ ।
অপি বা হ্যেষ পাণ্ডূনাং যোৎস্যতেঽর্থায় সঞ্জয় ! ॥৩২॥
স যদা তাত ! সন্নহ্যেৎ পাণ্ডবার্থায় সঞ্জয় ! ।
ন তদা প্রতিসংযোদ্ধা ভবিতা তত্র কশ্চন ॥৩৩॥
যদি স্ম কুরবঃ সর্ব্বে জয়েয়ুর্নাম পাণ্ডবান্ ।
বার্ষ্ণেয়োঽর্থায় তেষাং বৈ গৃহ্নীয়াচ্ছস্ত্রমুত্তমম্ ॥৩৪॥
ততঃ সর্ব্বান্ নরব্যাঘ্রো হত্বা নরপতীন্ রণে ।
কৌরবাংশ্চ মহাবাহুঃ কুন্ত্যৈ দদ্যাৎ স মেদিনীম্ ॥৩৫॥
যস্য যন্তা হৃষীকেশো যোদ্ধা যস্য ধনঞ্জয়ঃ ।
রথস্য তস্য কঃ সংখ্যে প্রত্যনীকো ভবেদ্রথঃ ॥৩৬॥

নাগেতি। নাগাযুতবলো দশসহস্রহস্তিতুল্যশক্তিঃ। হলী হলধরঃ ॥৩১॥
যমিতি। সর্বপিতরং সর্ব্বজনকত্বাৎ। অর্থায় জয়রূপপ্রয়োজনসাধনায় ॥৩২॥
স ইতি। সন্নহ্যেৎ যুদ্ধে সজ্জিতো ভবেৎ। কশ্চন কৌরবপক্ষীয়ঃ অন্যো বা ॥৩৩॥
যদীতি। স্মেতি পাদপূরণে। জয়েয়ুর্হন্যুরিতি ভাবঃ। বার্ষ্ণেয়ো বৃষ্ণিবংশীয়ঃ কৃষ্ণঃ ॥৩৪॥
তত ইতি। কুন্ত্যৈ দদ্যাৎ পাণ্ডবানাং কৌরবৈর্হননাদিত্যাশয়ঃ ॥৩৫॥
যস্যেতি। যন্তা চালয়িতা সারথিঃ। প্রত্যনীকঃ প্রতিপক্ষঃ ॥৩৬॥

বিশেষতঃ কৃষ্ণ যে পক্ষে থাকেন, দশসহস্র হস্তীর তুল্য বলশালী, কৈলাস-শৃঙ্গের ন্যায় ধবল ও বিশালমূর্ত্তি, বনমালাধারী ও হলধর মহাবীর বলরামও সেই পক্ষেই থাকিবেন ॥৩১॥

সঞ্জয় ! ব্রাহ্মণেরা যে কৃষ্ণকে সকলের পিতা বলেন, হয় ত সেই কৃষ্ণই পাণ্ডবগণের জন্য যুদ্ধ করিবেন ॥৩২॥

বৎস সঞ্জয় ! কৃষ্ণ যখন পাণ্ডবগণের জন্য যুদ্ধে সজ্জিত হইবেন, তখন কোন ব্যক্তিই তাঁহার প্রতিযোদ্ধা হইতে পারিবে না ॥৩৩॥

কৌরবেরা সকলে যদিও পাণ্ডবগণকে জয় করিতে পারেন, তাহা হইলেও কৃষ্ণই তাঁহাদের জন্য উত্তম অস্ত্র ধারণ করিবেন ॥৩৪॥

তাহার পর সেই নরশ্রেষ্ঠ ও মহাবাহু কৃষ্ণ যুদ্ধে সকল রাজাকে এবং কৌরবগণকে বধ করিয়া কুন্তীকে রাজ্য দান করিবেন ॥৩৫॥

(৩২)···যোৎস্যতেঽর্থায় বীর্য্যবান্—পি। (৩৩)···পাণ্ডবার্থায় কেশবঃ···পি।

ন কেনচিদুপায়েন কুরূণাং দৃশ্যতে জয়ঃ।
তস্মান্মে সর্বমাচক্ষ্ব যথা যুদ্ধমবর্ত্তত ॥৩৭॥
অর্জ্জুনঃ কেশবস্যাত্মা কৃষ্ণোঽপ্যাত্মা কিরীটিনঃ।
অর্জ্জুনে বিজয়ো নিত্যং কৃষ্ণে কীর্ত্তিশ্চ শাশ্বতী ॥৩৮॥
সর্ব্বেম্বপি চ লোকেষু বীভৎসুরপরাজিতঃ।
প্রাধান্যেনৈব ভূয়িষ্ঠমমেয়াঃ কেশবে গুণাঃ ॥৩৯॥
মোহাদ্দুর্য্যোধনঃ কৃষ্ণং যো ন বেত্তীহ কেশবম্।
মোহিতো দৈবযোগেন মৃত্যুপাশপুরস্কৃতঃ।
ন বেদ কৃষ্ণং দাশার্হমর্জ্জুনঞ্চৈব পাণ্ডবম্ ॥৪০॥
পূর্বদেবৌ মহাত্মানৌ নরনারায়ণাবুভৌ।
একাত্মানৌ দ্বিধাভূতৌ দৃশ্যেতে মানুষৈর্ভুবি ॥৪১॥

নেতি। আচক্ষ ব্রূহি ॥৩৭॥
অর্জ্জুন ইতি। আত্মা আত্মবৎ প্রিয়ঃ। অতস্তয়োর্ভেদোঽপি ভবিতুং নার্হতি ॥৩৮॥
সর্বেম্বিতি। বীভৎসুরর্জ্জুনঃ। প্রাধান্যেন বিশিষ্টা এব, ভূয়িষ্ঠং বহুলম্ ॥৩৯॥
মোহাদিতি। মৃত্যুপাশেন পুরস্কৃতঃ অগ্রত এব বদ্ধঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥
তর্হি তত্ত্বতঃ কাবেতাবিত্যাহ পূর্ব্বেতি। পূর্বদেবৌ প্রাচীনদেবতাভূতৌ ॥৪১॥

কৃষ্ণ যাহার সারথি এবং অর্জ্জুন যাহার যোদ্ধা, যুদ্ধে কোন্ রথ সেই রথের প্রতিপক্ষ হইবে ? ॥৩৬॥

অতএব আমি কোন উপায়েই কৌরবগণের জয় দেখিতেছি না। সুতরাং সঞ্জয়! যে ভাবে যুদ্ধ হইয়াছিল, সেই সকল বৃত্তান্ত তুমি আমার নিকট বল ॥৩৭॥

অর্জ্জুন কৃষ্ণের আত্মা, আবার কৃষ্ণও অর্জ্জুনের আত্মা এবং অর্জ্জুনে সর্ব্বদা জয়, আর কৃষ্ণে সর্বদা কীর্ত্তি ॥৩৮॥

অর্জ্জুন ত্রিভুবনেই অপরাজিত এবং কৃষ্ণের প্রধান গুণগুলিও বহুপরিমাণে অজ্ঞেয় ॥৩৯॥

যে দুর্য্যোধন মোহনিবন্ধন কৃষ্ণকে নারায়ণ বলিয়া জানে না, সে দুর্য্যোধন নিশ্চয়ই দৈববশতঃ মোহিত এবং পূর্ব্বেই মৃত্যুপাশে বদ্ধ হইয়া রহিয়াছে। যে হেতু সে, দাশার্হবংশীয় কৃষ্ণকে এবং পাণ্ডুনন্দন অর্জুনকে যথার্থরূপে জানে না ॥৪০॥

---

(৪১)··· মানবৈর্ভুবি—বা নি।

মনসাপি হি দুর্দ্ধর্ষৌ সেনামেতাং যশস্বিনৌ।
নাশয়েতামিহেচ্ছন্তৌ মানুষত্বাচ্চ নেচ্ছতঃ ॥৪২॥
যুগস্যেব বিপর্য্যাসো লোকানামিব মোহনম্।
ভীষ্মস্য চ বধস্তাত! দ্রোণস্য চ মহাত্মনঃ ॥৪৩॥
ন হ্যেব ব্রহ্মচর্য্যেণ ন বেদাধ্যয়নেন চ।
ন ক্রিয়াভির্ন চাস্ত্রেণ মৃত্যোঃ কশ্চিন্নিবার্য্যতে ॥৪৪॥
লোকসম্ভাবিতৌ বীরৌ কৃতাস্ত্রৌ যুদ্ধদুর্ম্মদৌ।
ভীষ্মদ্রোণৌ হতৌ শ্রুত্বা কিং নু জীবামি সঞ্জয়! ॥৪৫॥
যাং তাং শ্রিয়মসূয়ামঃ পুরা দৃষ্ট্বা যুধিষ্ঠিরে।
অদ্য তামনুজীবামো ভীষ্মদ্রোণবধেন হ ॥৪৬॥

মনসেতি। ইচ্ছন্তৌ নাশয়িতুম্, মানুষত্বান্মানুষভাবপ্রকাশনস্যেবেষ্টত্বাৎ ॥৪২॥
যুগস্যেতি। বিপর্য্যাসো বিপর্য্যয়ঃ, মোহনম্ ঐন্দ্রজালিকব্যাপারেণ ॥৪৩॥
নেতি। ক্রিয়াভির্যজ্ঞাদিভিঃ। নিবার্য্যতে পরিরক্ষ্যতে ॥৪৪॥
লোকেতি। লোকেষু সম্ভাবিতৌ সম্মানিতৌ, কৃতাস্ত্রৌ কৃতসর্বাস্ত্রশিক্ষৌ ॥৪৫॥
যামিতি। অনুজীবামঃ, ভীষ্মদ্রোণবধেন সর্ববধসম্ভবাদিতি ভাবঃ ॥৪৬॥

বাস্তবিকপক্ষে অর্জুন ও কৃষ্ণ নর ও নারায়ণরূপ প্রাচীন দেবতা, একাত্মা ও মহাত্মা; অথচ ভূতলে মানুষেরা উঁহাদিগকে দুই ভাগে বিভক্ত দেখিয়া থাকে ॥৪১॥

অতএব দুর্দ্ধর্ষ ও যশস্বী কৃষ্ণ ও অর্জ্জুন ইচ্ছা করিলে কেবল মনোদ্বারাও এই কৌরবসৈন্য বিনাশ করিতে পারেন; কিন্তু মানুষভাব প্রকাশ করিবেন বলিয়া তাহা ইচ্ছা করেন না ॥৪২॥

বৎস সঞ্জয়! মহাত্মা ভীষ্ম ও দ্রোণের এই বধটাকে যেন যুগবিপর্য্যয় বা জগতের মোহজনক কোন ব্যাপার বলিয়া বোধ হইতেছে ॥৪৩॥

দেখ, ব্রহ্মচর্য্য, বেদাধ্যয়ন, যাগযজ্ঞাদিকার্য্য, কিংবা অস্ত্রদ্বারা কাহাকেও মৃত্যুর হস্ত হইতে রক্ষা করা যায় না ॥৪৪॥

সঞ্জয়! জগৎসম্মানিত, মহাবীর, অস্ত্রে সুশিক্ষিত ও যুদ্ধে দুর্দ্ধর্ষ ভীষ্ম ও দ্রোণকে নিহত শুনিয়া আমি কেন জীবিত রহিতেছি ॥৪৫॥

আমরা পুর্ব্বে যুধিষ্ঠিরের সেই যে ঐশ্বর্য্য দেখিয়া অসূয়া করিয়াছি, ভীষ্ম দ্রোণবধ হওয়ায় আজ হইতে সেই ঐশ্বর্য্য লক্ষ্য করিয়াই জীবন ধারণ করিতে চলিয়াছি ॥৪৬॥

(৪৬)···অদ্য তামনুজানীমঃ···বা ব রা নি।

মৎকৃতে চাপ্যনুপ্রাপ্তঃ কুরূণামেষ সংক্ষয়ঃ।
পাপানাং হি বধে সূত! বজ্রায়ন্তে তৃণান্যপি ॥৪৭॥
অনন্তমিদমৈশ্বর্য্যং লোকে প্রাপ্তো যুধিষ্ঠিরঃ।
যস্য কোপান্মহাত্মানৌ ভীষ্মদ্রোণৌ নিপাতিতৌ ॥৪৮॥
প্রাপ্তঃ প্রকৃতিতো ধর্ম্মো ন ধর্ম্মো মামকান্ প্রতি।
ক্রূরঃ সর্ব্ববিনাশায় কালোঽসৌ নাতিবর্ত্ততে ॥৪৯॥
ত ইতি। সন্নতানি বক্রাণি পর্ব্বাণি উপান্ত্যদেশা যেষাং তৈঃ ॥২৬॥
তত ইতি। ত্রিগর্ত্তরাট্ সুশর্ম্মা। দ্রুতেন পলায়িতেন। ভাবে ক্তঃ ॥২৭॥
শপ্ত্বেতি। শপ্ত্বা কৃত্বা। মুখ্যশো মুখ্যান্ প্রধানান্ বীরানিত্যর্থঃ ॥২৮॥
নেতি। অনেন পলায়নরূপেণ। যথাবলং দুর্ব্বলাস্তু পলায়ন্তামেবেতি ভাবঃ ॥২৯॥
এবমিতি। উদক্রোশন্ উচ্চৈঃ কোলাহলমকুর্বন্। দধ্মিরে বাদয়ামাসুঃ ॥৩০॥

তদনন্তর অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইলে এবং সেই সংশপ্তকসৈন্য ভগ্ন হইয়া সকল দিকে লুক্কায়িত হইতে থাকিলে, ত্রৈগর্ত্তগণের ভয় উপস্থিত হইল ॥২৫॥

এবং অর্জ্জুন নতপর্ব্ব বাণসমূহদ্বারা বধ করিতে লাগিলে, সংশপ্তকেরা হরিণগণের ন্যায় ভীত হইয়া সেই সেই স্থানে মোহিত হইতে লাগিল ॥২৬॥

তৎপরে ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মা ক্রুদ্ধ হইয়া সেই মহারথগণকে বলিলেন— 'বীরগণ! আপনারা পলায়ন করিবেন না; আপনাদের ভয় নাই ॥২৭॥

বীরগণ! আপনারা সমস্ত কৌরবসৈন্যের সমক্ষে ভয়ঙ্কর শপথ করিয়া এখন দুর্য্যোধনের সৈন্যের নিকটে যাইয়া পরে প্রধান বীরগণের নিকটে কি বলিবেন? ॥২৮॥

যুদ্ধে এই কার্য্যদ্বারা আমরা সকলে সম্মিলিত হইয়াই কি জগতে উপহাস্য হইব না? সুতরাং আপনারা শক্তি অনুসারে ফিরুন' ॥২৯॥

রাজা! সুশর্ম্মা এইরূপ বলিলে, সেই বীরগণ পরস্পরকে প্রহৃষ্ট করতঃ উচ্চস্বরে মুহুর্মুহুঃ কোলাহল ও শঙ্খধ্বনি করিতে লাগিলেন ॥৩০॥

(২৮) শপ্ত্বাথ শপথান্···বা ব রা নি।

ততস্তে সংন্যবর্ত্তন্ত সংশপ্তকগণাঃ পুনঃ।
নারায়ণাশ্চ গোপালা মৃত্যুং কৃত্বানিবর্ত্তনম্ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে সুধন্ববিনাশে যোড়শোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

সপ্তদশোঽধ্যায়ঃ।

——•::•——

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা তু সন্নিবৃত্তাংস্তান্ সংশপ্তকগণান্ পুনঃ।
বাসুদেবং মহাত্মানমর্জ্জুনঃ সমভাষত ॥১॥
চোদয়াশ্বান্ হৃষীকেশ! সংশপ্তকগণান্ প্রতি।
নৈতে হাস্যন্তি সংগ্রামং জীবন্ত ইতি মে মতিঃ ॥২॥

তত ইতি। নারায়ণাঃ কৃষ্ণেন দুর্য্যোধনায় দত্তা নারায়ণাখ্যাঃ, গোপালা গোপজাতীয়া ইত্যুদ্যোগপর্ব্বণ্যুক্তম্। ন বিদ্যতে নিবর্ত্তনং যস্য তং সর্ব্বথা নিশ্চিতমিত্যর্থঃ। এতেন সা নারায়ণী সেনাপি তদানীং সংশপ্তকান্তনিবিষ্টেতি প্রত্যেতব্যম্ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি সংশপ্তকবধে যোড়শোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

দৃষ্ট্বেতি। সন্নিবৃত্তান্ যোদ্ধুমেবেতি ভাবঃ ॥১॥
চোদয়েতি। চোদয় সঞ্চালয়। এতে সংশপ্তকাঃ, হাস্যন্তি ত্যক্ষ্যন্তি ॥২॥

তাহার পর সেই সংশপ্তকেরা এবং গোপজাতীয় নারায়ণসৈন্যেরা মৃত্যু স্থির করিয়া পুনরায় ফিরিল' ॥৩১॥

——:০:——

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেই সংশপ্তকেরা আবার ফিরিয়াছে দেখিয়া অর্জ্জুন মহাত্মা কৃষ্ণকে কহিলেন—॥১॥

'কৃষ্ণ! অশ্বগুলিকে সংশপ্তকগণের দিকে চালাইয়া দাও। ইহারা জীবিত থাকিতে যুদ্ধ ত্যাগ করিবে না, ইহাই আমার ধারণা ॥২॥

* '...সপ্তদশোঽধ্যায়ঃ' ব, '...অষ্টাদশোঽধ্যায়ঃ' বা রা নি। (১)...অর্জ্জুনঃ প্রত্যভাষত—পি।

পশ্য মেঽস্ত্রবলং ঘোরং বাহ্বোরিষ্বসনস্য চ।
অদ্যৈতান্ পাতয়িষ্যামি ক্রুদ্ধো রুদ্রঃ পশূনিব ॥৩॥
ততঃ কৃষ্ণঃ স্মিতং কৃত্বা প্রতিনন্দ্য শিবেন তম্।
প্রাবেশয়ত দুর্দ্ধর্ষো যত্র যত্রৈচ্ছদর্জ্জুনঃ ॥৪॥
স রথো ভ্রাজতেঽত্যর্থমুহ্যমানো রণে তদা।
উহ্যমানমিবাকাশে বিমানং পাণ্ডুরৈর্হয়ৈঃ ॥৫॥
মণ্ডলানি ততশ্চক্রে গতপ্রত্যাগতানি চ।
যথা শক্ররথো রাজন্! যুদ্ধে দেবাসুরে পুরা ॥৬॥
অথ নারায়ণাঃ ক্রুদ্ধা বিবিধায়ুধপাণয়ঃ।
ছাদয়ন্তঃ শরব্রাতৈঃ পরিবব্রুর্ধনঞ্জয়ম্ ॥৭॥
অদৃশ্যঞ্চ মুহূর্ত্তেন চক্রুস্তে ভরতর্ষভ!।
কৃষ্ণেন সহিতং যুদ্ধে কুন্তীপুত্রং ধনঞ্জয়ম্ ॥৮॥

পশ্যেতি। ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বসনং ধনুস্তস্য ॥৩॥
তত ইতি। স্মিতম্ ঈষদ্ধাস্যম্, প্রতিনন্দ্য প্রহর্ষ্য, শিবেন প্রসন্নেন দর্শনেন ॥৪॥
স ইতি। ভ্রাজতে শোভতে স্ম, উহ্যমানঃ শ্বেতৈরশ্বৈঃ ॥৫॥
মণ্ডলানীতি। মণ্ডলানি গোলাকারভ্রমণানি, চক্রে স রথঃ ॥৬॥
অথেতি। নারায়ণাস্তদাখ্যাঃ প্রাগুক্তাঃ সৈন্যাঃ। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ ॥৭॥
অদৃশ্যমিতি। অদৃশ্যঞ্চ চক্রুঃ তৈঃ শরব্রাতৈরিতি শেষঃ ॥৮॥

আমার অস্ত্রের, বাহুযুগলের ও ধনুর ভয়ঙ্কর বল দেখ। ক্রুদ্ধ রুদ্র যেমন পশুগণকে নিপাত করেন, সেইরূপ আমিও আজ ইহাদিগকে নিপাত করিব' ॥৩॥

তাহার পর দুর্দ্ধর্ষ কৃষ্ণ ঈষৎ হাস্য ও মঙ্গলময় দৃষ্টিপাতে অর্জুনকে আনন্দিত করিয়া—অর্জুন যেখানে যেখানে যাইতে ইচ্ছা করিতে লাগিলেন, সেইখানে সেইখানে রথ চালাইতে থাকিলেন ॥৪॥

তখন পাণ্ডুরবর্ণ-ঘোটক-চালিত বিমান যেমন আকাশে শোভা পায়, সেইরূপ শ্বেতবর্ণ-ঘোটক-চালিত সেই রথ সমরাঙ্গনে অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥৫॥

রাজা! তাহার পর পূর্ব্বকালে দেবাসুরযুদ্ধে ইন্দ্রের রথের ন্যায় সেই রথখানা মণ্ডলাকারে ভ্রমণ, গমন ও প্রত্যাগমন করিতে থাকিল ॥৬॥

তাহার পর নানাবিধ অস্ত্রধারী সেই নারায়ণসৈন্যেরা ক্রুদ্ধ হইয়া বাণসমূহদ্বারা অর্জুনকে আচ্ছাদন করতঃ তাঁহাকে পরিবেষ্টন করিল ॥৭॥

(৩) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি। (৪)…অভিনন্দ্য শিবেন তম্…পি।

ক্রুদ্ধস্তু ফাল্গুনঃ সংখ্যে দ্বিগুণীকৃতবিক্রমঃ।
গাণ্ডীবং ধনুরামৃজ্য তূর্ণং জগ্রাহ সংযুগে ॥৯॥
বদ্ধা চ ভ্রুকুটিং বক্ত্রে ক্রোধস্য প্রতিলক্ষণম্।
দেবদত্তং মহাশঙ্খং পূরয়ামাস পাণ্ডবঃ ॥১০॥
অথাস্ত্রমরিসংঘঘ্নং ত্বাষ্ট্রমভ্যস্যদর্জ্জুনঃ।
ততো রূপসহস্রাণি প্রাদুরাসন্ পৃথক্ পৃথক্ ॥১১॥
আত্মনঃ প্রতিরূপৈস্তৈর্নানারূপৈবিমোহিতাঃ।
অন্যোন্যমর্জুনং মত্বা স্বমাত্মানঞ্চ জঘ্নিরে ॥১২॥
অয়মর্জুনোঽয়ং গোবিন্দ ইমৌ যাদবপাণ্ডবৌ।
ইতি ব্রুবাণাঃ সংমূঢ়া জঘ্নুরন্যোন্যমাহবে ॥১৩॥
মোহিতাঃ পরমাস্ত্রেণ ক্ষয়ং জগ্মুঃ পরস্পরম্।
অশোভন্ত রণে যোধাঃ পুষ্পিতা ইব কিংশুকাঃ ॥১৪॥

ক্রুদ্ধ ইতি। ফাল্গুনঃ অর্জ্জুনঃ। আমৃজ্যেতি ধানুষ্কস্বভাব উক্তঃ ॥৯॥
বদ্ধেতি। পূরয়ামাস মুখবায়ুনা, পাণ্ডবোঽর্জ্জুনঃ ॥১০॥
অথেতি। ত্বাষ্ট্রং ত্বষ্টুঃ প্রজাপতের্লব্ধম্, অভ্যস্যৎ সমন্তান্নিক্ষিপৎ ॥১১॥
আত্মন ইতি। প্রতিরূপৈঃ প্রতিমূর্ত্তিভিঃ। স্বং স্বপক্ষম্ ॥১২॥
অয়মিতি। অত্র প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্। সংমূঢ়া বিপক্ষাঃ ॥১৩॥

ভরতশ্রেষ্ঠ! তাহারা মুহূর্ত্তকালমধ্যে বাণসমূহদ্বারা যুদ্ধে কৃষ্ণের সহিত কুন্তীনন্দন অর্জুনকে একেবারে অদৃশ্য করিয়া ফেলিল ॥৮॥

তখন অর্জুন ক্রুদ্ধ হইয়া যুদ্ধবিষয়ে দ্বিগুণ বিক্রম করিয়া মার্জনপূর্বক সত্বর গাণ্ডীবধনু ধারণ করিলেন ॥৯॥

এবং তিনি মুখমণ্ডলে ক্রোধসূচক ভ্রুকুটী করিয়া 'দেবদত্ত-'নামক মহাশঙ্খের ধ্বনি করিলেন ॥১০॥

তৎপরে অর্জুন শত্রুসমূহনাশক ত্বাষ্ট্র অস্ত্র নিক্ষেপ করিলেন। তদনন্তর পৃথক্ পৃথক্ ভাবে সহস্র সহস্র প্রতিমূর্ত্তি প্রাদুর্ভূত হইল ॥১১॥

তখন তাহারা আপনাদের অনুরূপ সেই সকল নানাবিধ প্রতিমূর্ত্তিদ্বারা মোহিত হইয়া পরস্পরকে অর্জুন মনে করিয়া স্বপক্ষকে ও আত্মীয়কে বধ করিতে লাগিল ॥১২॥

'এই অর্জুন, এই কৃষ্ণ' এবং 'ইহারাই কৃষ্ণ ও অর্জুন' এইরূপ বলিতে থাকিয়া সেই সম্মোহিত সৈন্যেরা যুদ্ধে পরস্পর সংহার করিতে থাকিল ॥১৩॥

(১২)…অন্যোন্যেনার্জ্জুনং মত্বা…নি।

ততঃ শরসহস্রাণি তৈর্বিমুক্তানি ভস্মসাৎ।
কৃত্বা তদস্ত্রং তান্ বীরাননয়দ্‌যমসাদনম্ ॥১৫॥
অথ প্রহস্য বীভৎসুর্ললিত্থান্ মালবানপি।
মাবেল্লকাংস্ত্রিগর্ত্তাংশ্চ যৌধেয়াংশ্চার্দ্দয়চ্ছরৈঃ ॥১৬॥
তে হন্যমানা বীরেণ ক্ষত্রিয়াঃ কালচোদিতাঃ।
ব্যসৃজন্ শরজালানি পার্থে নানাবিধানি চ ॥১৭॥
ততো নৈবার্জুনস্তত্র ন রথো ন চ কেশবঃ।
প্রত্যদৃশ্যত ঘোরেণ শরবর্ষেণ সংবৃতঃ ॥১৮॥
ততস্তেঽলব্ধলক্ষ্যত্বাদন্যোন্যমভিচুক্রুশুঃ।
হতৌ কৃষ্ণাবিতি প্রীত্যা বাসাংস্যাদুধুবুস্তদা ॥১৯॥

মোহিতা ইতি। কেচিৎ ক্ষয়ং জগ্মুঃ, অপরে চ রক্তাক্তা অশোভন্ত ॥১৪॥
তত ইতি। বিমুক্তানি নিক্ষিপ্তানি। তৎ ত্বাষ্ট্রমস্ত্রং কর্ত্তৃ ॥১৫॥
অথেতি। বীভৎসুরর্জ্জুনঃ। ললিত্থাদয়স্তত্তদ্দেশীয়া যোদ্ধারঃ ॥১৬॥
ত ইতি। কালেন চোদিতাঃ প্রেরিতাঃ। পার্থে অর্জ্জুনে ॥১৭॥
তত ইতি। সংবৃত আবৃতঃ ॥১৮॥
তত ইতি। অলব্ধলক্ষ্যত্বাদদৃষ্টকৃষ্ণার্জ্জুনত্বাৎ। অভিচুক্রুশুঃ আনন্দকোলাহলং চক্রুঃ। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। আদুধুবুঃ বিকম্পয়ামাসুঃ ॥১৯॥

কতকগুলি সংশপ্তক অর্জুনের পরমাস্ত্রে মোহিত হইয়া পরস্পর বিনাশ প্রাপ্ত হইল; অন্য সংশপ্তক যোদ্ধারা রক্তাক্তদেহ হইয়া পুষ্পিত কিংশুকবৃক্ষসমূহের ন্যায় শোভা পাইতে লাগিল ॥১৪॥

তাহার পর অর্জুনের সেই ভীষণ অস্ত্র তাহাদের নিক্ষিপ্ত সহস্র সহস্র বাণ ভস্ম করিয়া সেই বীরগণকে যমালয়ে প্রেরণ করিল ॥১৫॥

তদনন্তর অর্জ্জুন হাস্য করিয়া বাণদ্বারা ললিত্থ, মালব, মাবেল্লক, ত্রিগর্ত্ত ও যৌধেয় বীরগণকে পীড়ন করিতে লাগিলেন ॥১৬॥

মহাবীর অর্জ্জুন বধ করিতে লাগিলে, কালপ্রেরিত সেই ক্ষত্রিয়েরাও অর্জ্জুনের প্রতি নানাবিধ শরজাল নিক্ষেপ করিতে থাকিলেন ॥১৭॥

তৎপরে ভয়ঙ্কর বাণবর্ষণে আবৃত হওয়ায় তখন অর্জ্জুন, তাঁহার রথ বা কৃষ্ণ দৃষ্টিগোচর হইতে লাগিলেন না ॥১৮॥

তখন কৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিতে না পাওয়ায় তাঁহারা নিহত হইয়াছেন ইহা

(১৮) ন ধ্বজো নার্জ্জুনস্তত্র ··বা নি,···প্রত্যদৃশ্যন্ত···সংবৃতাঃ—পি ব-। (১৯)···বাসাংসি দুধুবুস্তদা—পি।

ভেরীমৃদঙ্গশঙ্খাংশ্চ দধ্মুর্বীরাঃ সহস্রশঃ।
সিংহনাদরবাংশ্চোগ্রাংশ্চক্রিরে তত্র মারিষ ! ॥২০॥
ততঃ প্রসিষ্বিদে কৃষ্ণঃ খিন্নশ্চার্জুনমব্রবীৎ।
ক্বাসি পার্থ ! ন পশ্যে ত্বাং কচ্চিজ্জীবসি শত্রুহন্ ! ॥২১॥
তস্য তদ্বচনং শ্রুত্বা ত্বরমাণো ধনঞ্জয়ঃ।
বায়ব্যাস্ত্রেণ তৈরস্তাং শরবৃষ্টিমপাহরৎ ॥২২॥
ততঃ সংশপ্তকব্রাতান্ সাশ্বদ্বিপরথায়ুধান্।
উবাহ ভগবান্ বায়ুঃ শুষ্কপর্ণচয়ানিব ॥২৩॥
উহ্যমানাস্তু তে রাজন্ ! বহ্বশোভন্ত বায়ুনা।
প্রডীনাঃ পক্ষিণঃ কালে বৃক্ষেভ্য ইব মারিষ ! ॥২৪॥
তাংস্তথা ব্যাকুলীকৃত্য ত্বরমাণো ধনঞ্জয়ঃ।
জঘান নিশিতৈর্ব্বাণৈঃ সহস্রাণি শতানি চ ॥২৫॥

ভেরীতি। দধ্মু বাদয়ামাসুঃ। সিংহনাদা এব রবাস্তান্ ॥২০॥
তত ইতি। প্রসিষ্বিদে ঘর্ম্মাক্তো বভূব, খিন্ন উদ্বেগেনাবসন্নঃ ॥২১॥
তস্যেতি। তৈঃ সংশপ্তকৈঃ, অস্তাং ক্ষিপ্তাম্। "অসু ক্ষপণে" ইত্যস্মাৎ ক্তঃ ॥২২॥
তত ইতি। সংশপ্তকানাং ব্রাতান্ সমূহান্। বায়ুরর্জ্জুনাস্ত্রসম্ভূতঃ ॥২৩॥
উহ্যেতি। প্রডীনা আকাশং গতাঃ। "ডীঙ্ বিহায়সা গতৌ" ইত্যস্মাৎ ক্তঃ ॥২৪॥

ভাবিয়া সেই সংশপ্তকেরা আনন্দবশতঃ পরস্পর কোলাহল ও বসনান্দোলন করিতে লাগিল ॥১৯॥

এবং মাননীয় রাজা ! সেই বীরেরা সহস্র সহস্র ভেরী, মৃদঙ্গ ও শঙ্খ বাজাইতে লাগিলেন, আর ভয়ঙ্কর সিংহনাদ করিতে থাকিলেন ॥২০॥

তাহার পর কৃষ্ণ ঘর্ম্মাক্তকলেবর ও উদ্বেগে অবসন্ন হইয়া অর্জুনকে বলিলেন—'অর্জ্জুন ! তুমি কোথায় আছ ? তোমাকে ত দেখিতে পাই না, শত্রুহন্তা ! তুমি জীবিত আছ ত ?' ॥২১॥

কৃষ্ণের সেই কথা শুনিয়া অর্জুন ত্বরান্বিত হইয়া বায়ব্যাস্ত্রদ্বারা তাহাদের নিক্ষিপ্ত বাণবৃষ্টি নিবারণ করিলেন ॥২২॥

তদনন্তর প্রবল বায়ু উপস্থিত হইয়া হস্তী, অশ্ব, রথ ও অস্ত্রের সহিত সংশপ্তকগণকে শুষ্ক পত্রসমূহের ন্যায় বহন করিতে লাগিল ॥২৩॥

মাননীয় রাজা ! প্রবল ঝড়ের সময়ে বৃক্ষ হইতে উড্ডীন পক্ষিগণের ন্যায় সংশপ্তকেরা বায়ুকর্ত্তৃক নীত হইয়া বিশেষ শোভা পাইতে থাকিল ॥২৪॥

(২১)…ন পশ্যামি কচ্চিৎ…নি। (২২) তস্য তদ্ভাষিতং শ্রুত্বা…বা ব রা নি।

শিরাংসি ভল্লৈরহরদ্বাহূনপি চ সায়ুধান্ ।
হস্তিহস্তোপমাংশ্চোরূন্ শরৈরুর্ব্যামপাতয়ৎ ॥২৬॥
পৃষ্ঠচ্ছিন্নান্ বিচরণান্ বিমস্তকদৃগঙ্গুলীন্ ।
নানাঙ্গাবয়বৈর্হীনাংশ্চকারারীন্ ধনঞ্জয়ঃ ॥২৭॥
গন্ধর্ব্বনগরাকারান্ বিধিবৎ কল্পিতান্ রথান্ ।
শরৈর্বিশকলীকুর্ব্বংশ্চক্রে ব্যশ্বরথদ্বিপান্ ॥২৮॥
মুণ্ডতালবনানীব তত্র তত্র চকাশিরে ।
ছিন্না রথধ্বজব্রাতাঃ কেচিত্তত্র ক্বচিৎ ক্বচিৎ ॥২৯॥
সোত্তরায়ুধিনো নাগাঃ সপতাকাঙ্কুশধ্বজাঃ ।
পেতুঃ শক্রাশনিহতা দ্রুমবন্ত ইবাচলাঃ ॥৩০॥

তানিতি। ব্যাকুলীকৃত্য বায়ব্যাস্ত্রেণ বিহ্বলান্ কৃত্বা ॥২৫॥
শিরাংসীতি। হস্তিহস্তোপমান্ গজশুণ্ডাতুল্যান্। উর্ব্যাং ভূমৌ ॥২৬॥
পৃষ্ঠেতি। পৃষ্ঠে ছিন্না ইতি পৃষ্ঠচ্ছিন্নাস্তান্। দৃশশ্চক্ষূংষি ॥২৭॥
গন্ধর্বেতি। কল্পিতান্ সজ্জিতান্। বিশকলীকুর্ব্বন্ খণ্ডখণ্ডীকুর্ব্বন্। সংশপ্তকানপি বিগতা অশ্বা রথা দ্বিপা হস্তিনশ্চ যেষাং তান্ তাদৃশান্ চক্রে ধনঞ্জয় ইত্যন্বয়বৃত্তিঃ ॥২৮॥
মুণ্ডেতি। মুণ্ডানি শিরাংসি তালবনানি তালফলসমূহা ইব তানি, চকাশিরে ইব ॥২৯॥
সোত্তরেতি। উত্তরৈরুপরিস্থিতৈরায়ুধিভিরস্ত্রধারিভিঃ সহেতি তে, নাগা হস্তিনঃ ॥৩০॥

তাহাদিগকে সেইরূপ বিহ্বল করিয়া অর্জুন ত্বরান্বিত হইয়া সুধার বাণসমূহ-দ্বারা শত শত ও সহস্র সহস্র সংশপ্তককে বধ করিতে লাগিলেন ॥২৫॥

অর্জুন ভল্লদ্বারা সংশপ্তকগণের মস্তক ও অস্ত্রযুক্ত বাহু ছেদন করিতে থাকিলেন এবং বাণদ্বারা তাহাদের হস্তিশুণ্ডতুল্য উরুগুলিকে ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিতে লাগিলেন ॥২৬॥

ক্রমে অর্জুন শত্রুগণকে পৃষ্ঠচ্ছিন্ন, চরণহীন, মস্তক, নয়ন, চক্ষু ও অঙ্গুলীশূন্য এবং নানা অঙ্গবিহীন করিতে থাকিলেন ॥২৭॥

অর্জুন বাণদ্বারা—যথাবিধানে সজ্জিত গন্ধর্ব্বনগরাকৃতি রথগুলিকে খণ্ড খণ্ড করতঃ সংশপ্তকগণকেও হস্তী, অশ্ব এবং রথবিহীন করিতে লাগিলেন ॥২৮॥

সেই সেই স্থানে তালফলসমূহের ন্যায় মস্তক সকল যেন শোভা পাইতে লাগিল এবং কোন কোন স্থানে কতকগুলি রথের ধ্বজ ছিন্ন দেখা যাইতে থাকিল ॥২৯॥

(২৬)…ভল্লৈরহনৎ…পি। (২৭)…বিচরণান্ বাহুপৃষ্ঠেক্ষণাকুলান্…পি।

চামরাপীড়কধরাঃ স্রস্তান্ত্রনয়নাসবঃ।
সারোহাস্তুরগাঃ পেতুঃ পার্থবাণহতাঃ ক্ষিতৌ ॥৩১॥
বিপ্রবিদ্ধাসিনারাচাশ্ছিন্নবর্ম্মর্ষ্টিশক্তয়ঃ।
পত্তয়শ্ছিন্নমর্ম্মাণঃ কৃপণাঃ শেরতে হতাঃ ॥৩২॥
তৈর্হ তৈর্হন্যমানৈশ্চ পতদ্ভিঃ পতিতৈরপি।
ভ্রমদ্ভির্নিষ্টনদ্ভিশ্চ ক্রূরমায়োধনং বভৌ ॥৩৩॥
রজশ্চ সুমহজ্জাতং শান্তং রুধিরবৃষ্টিভিঃ।
মহী চাপ্যভবদ্দুর্গা কবন্ধশতসঙ্কুলা ॥৩৪॥
তদ্বভৌ রৌদ্রবীভৎসং বীভৎসোর্যানমাহবে।
আক্রীড়মিব রুদ্রস্য ঘ্নতঃ কালাত্যয়ে পশূন্ ॥৩৫॥

চামরেতি। চামরাপীড়কধরাঃ চামররূপশেখরধারিণঃ, স্রস্তা নির্গতা অন্ত্রাণি নাড়ীবিশেষা নয়নানি চক্ষূংষি অসবঃ প্রাণাশ্চ যেষাং তে। সারোহা আরোহিসহিতাঃ ॥৩১॥

বিপ্রেতি। বিপ্রবিদ্ধা নিপতিতা অসিনারাচা যেষাং তে। কৃপণা দীনাঃ ॥৩২॥

তৈরিতি। নিষ্টনদ্ভিরার্ত্তনাদং কুর্বদ্ভিঃ, ক্রূরং ভীষণম্, আয়োধনং যুদ্ধস্থলম্ ॥৩৩॥

রজ ইতি। রজো ধূলিঃ। শান্তং নিবৃত্তম্। দুর্গা দুর্গমা ॥৩৪॥

তদিতি। রৌদ্রং সংহারায় প্রবৃত্তত্বাদুগ্রঞ্চ তৎ বীভৎসং মাংসশোণিতাক্তত্বাদ্ঘৃণিতঞ্চেতি তৎ, বীভৎসোরর্জ্জুনস্য যানং রথঃ। আক্রীড়ং ক্রীড়াস্থানম্। কালাত্যয়ে প্রলয়ে ॥৩৫॥

অস্ত্রধারী আরোহীদের সহিত এবং পতাকা, অঙ্কুশ ও ধ্বজের সহিত হস্তী সকল বজ্রাহত বৃক্ষসমন্বিত পর্ব্বতসমূহের ন্যায় পতিত হইতে লাগিল ॥৩০॥

অর্জ্জুনের বাণে আহত হওয়ায় অশ্বগণের নাড়ী, নয়ন ও প্রাণ নির্গত হইতে থাকিল; তখন চামররূপ শেখরধারী সেই অশ্বগণ আরোহীদের সহিত ভূতলে পতিত হইতে লাগিল ॥৩১॥

অসি ও নারাচ নিপতিত এবং বর্ম্ম, ঋষ্টি, শক্তি ও মর্ম্ম ছিন্ন হইলে, পদাতিরা অবসন্ন ও নিহত হইয়া শয়ন করিতে থাকিল ॥৩২॥

সংশপ্তকেরা হত, হন্যমান, পতিত, পাত্যমান ও ঘূর্ণিত হইয়া আর্ত্তনাদ করিতে লাগিলে, সমরস্থলটা ভীষণমূর্ত্তিতে প্রকাশ পাইতে লাগিল ॥৩৩॥

পূর্ব্বোৎপন্ন বিশাল ধূলিজাল রক্তবৃষ্টিতে নিবৃত্তি পাইল এবং বহুতর কবন্ধে পরিব্যাপ্ত সমরভূমি দুর্গম হইয়া পড়িল ॥৩৪॥

---

(৩১) চামরাপীড়কবচাঃ...বা ব রা নি,...স্রস্তান্ত্রনয়নাস্তথা...নি। (৩২) বিপ্রবিদ্ধাসিনখরাঃ...পি বা ব রা,...ছিন্নবর্ম্মাণঃ...পি বা নি।

তে বধ্যমানাঃ পার্থেন ব্যাকুলাশ্বরথদ্বিপাঃ।
তমেবাভিমুখাঃ ক্ষীণাঃ শক্রস্যাতিথিতাং গতাঃ ॥৩৬॥
সা ভূমির্ভরতশ্রেষ্ঠ! নিহতৈস্তৈর্মহারথৈঃ।
আস্তীর্ণা সংবভৌ সর্বা প্রেতীভূতৈঃ সমন্ততঃ ॥৩৭॥
এতস্মিন্নন্তরে চৈব প্রমত্তে সব্যসাচিনি।
ব্যূঢ়ানীকস্ততো দ্রোণো যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥৩৮॥
তং প্রত্যগৃহ্ণংস্ত্বরিতা ব্যূঢ়ানীকাঃ প্রহারিণঃ।
যুধিষ্ঠিরং পরীপ্সন্তস্তদাসীত্তুমুলং মহৎ ॥৩৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
সংশপ্তকবধে অর্জুনযুদ্ধে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥ *

ত ইতি। তং পার্থমেব অভি লক্ষ্যীকৃত্য স্থিতানি মুখানি যেষাং তে ॥৩৬॥
সেতি। আস্তীর্ণা ব্যাপ্তা। প্রেতীভূতৈর্মৃতৈঃ ॥৩৭॥
এতস্মিন্নিতি। অন্তরে অবসরে, প্রমত্তে প্রকর্ষেণ রণমত্তে ॥৩৮॥
তমিতি। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ। তুমুলং মহচ্চ যুদ্ধমিতি শেষঃ ॥৩৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥

অর্জুনের সেই ভয়ঙ্কর ও বীভৎসাকৃতি রথখানা, প্রলয়কালে প্রাণিসংহারে প্রবৃত্ত রুদ্রের ক্রীড়াস্থানের ন্যায় সমরাঙ্গনে প্রকাশ পাইতে লাগিল ॥৩৫॥

অর্জুন বধ করিতে লাগিলে, বিপক্ষের হস্তী, অশ্ব ও রথ সকল বিহ্বল হইয়া পড়িল; তথাপি সংশপ্তকেরা তাঁহার অভিমুখে যাইতে থাকিয়া বিনষ্ট হইয়া ইন্দ্রলোকে যাইতে থাকিল ॥৩৬॥

ভরতশ্রেষ্ঠ! সেই সমগ্র সমরভূমিটাই সকল দিকে নিহত ও মৃত সেই মহারথগণদ্বারা ব্যাপ্ত হইয়া ভীষণমূর্ত্তিতে প্রকাশ পাইতে লাগিল ॥৩৭॥

এই সময়ে অর্জুন যুদ্ধে উন্মত্ত হইলে, ওদিকে দ্রোণ সৈন্য সজ্জিত করিয়া যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৩৮॥

তখন পাণ্ডবপক্ষের যোদ্ধারাও যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া সজ্জিত সৈন্য লইয়া সত্বর দ্রোণকে গ্রহণ করিলেন। সেই সময়ে তুমুল ও গুরুতর যুদ্ধ হইতে লাগিল' ॥৩৯॥

* '...অষ্টাদশোঽধ্যায়ঃ' ব, '...একোনবিংশোঽধ্যায়ঃ' বা রা নি

অষ্টাদশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

পরিণাম্য নিশাং তাং তু ভারদ্বাজো মহারথঃ।
উক্ত্বা সুবহু রাজেন্দ্র! বচনং বৈ সুযোধনম্ ॥১॥
বিধায় যোগং পার্থেন সংশপ্তকগণৈঃ সহ।
নিষ্ক্রান্তে চ তদা পার্থে সংশপ্তকবধং প্রতি ॥২॥
ব্যূঢানীকস্ততো দ্রোণঃ পাণ্ডবানাং মহাচমূম্।
অভ্যয়াদ্ভরতশ্রেষ্ঠ! ধর্ম্মরাজজিঘৃক্ষয়া ॥৩॥ (বিশেষকম্)
ব্যূঢাং দৃষ্ট্বা সুপর্ণেন ভারদ্বাজস্য তাং চমূম্।
ব্যূহেন মণ্ডলার্দ্ধেন প্রত্যব্যূহদ্‌যুধিষ্ঠিরঃ ॥৪॥
মুখমাসীৎ সুপর্ণস্য ভারদ্বাজো মহারথঃ।
শিরো দুর্য্যোধনো রাজা সোদর্য্যৈঃ সানুগৈর্বৃতঃ ॥৫॥

পরীতি। পরিণাম্য অতিবাহ্য। ভারদ্বাজো দ্রোণঃ। বচনং তদ্দিনযুদ্ধবিষয়কম্। পার্থেন পার্থস্য। অভ্যয়াৎ অভ্যগচ্ছৎ। ধর্ম্মরাজস্য জিঘৃক্ষয়া গ্রহীতুমিচ্ছয়া ॥১—৩॥

ব্যূঢামিতি। সুপর্ণেন গরুড়েন গরুড়াকারেণ। মণ্ডলার্দ্ধেন অর্দ্ধচন্দ্রাকারেণ ॥৪॥

মুখমিতি। সুপর্ণস্য কৌরবপক্ষীয়গরুড়ব্যূহস্য। সানুগৈরনুচরসহিতৈঃ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ রাজেন্দ্র! এদিকে ভরদ্বাজনন্দন মহারথ দ্রোণ সেই রাত্রি অতিবাহিত করিয়া, যুদ্ধবিষয়ে দুর্য্যোধনকে বহু কথা বলিয়া, সংশপ্তকগণের সহিত অর্জ্জুনের সংযোগ ঘটাইয়া, অর্জুন তখন সংশপ্তকদিগের বধের জন্য শিবির হইতে নির্গত হইয়া গেলে আপন সৈন্যদিগকে ব্যূহরূপে সজ্জিত করিয়া, যুধিষ্ঠিরকে ধরিবার ইচ্ছায় পাণ্ডবগণের বিশাল সৈন্যের দিকে চলিলেন ॥১—৩॥

দ্রোণের সেই সৈন্যকে গরুড়ব্যূহরূপে সন্নিবেশিত দেখিয়া যুধিষ্ঠিরও আপন সৈন্যগণকে অর্দ্ধচন্দ্রাকারে প্রতিব্যূহিত করিলেন ॥৪॥

মহারথ স্বয়ং দ্রোণ সেই গরুড়ব্যূহের মুখ হইলেন এবং রাজা দুর্য্যোধন সহোদরগণ ও অনুচরগণে বেষ্টিত হইয়া তাহার মস্তকস্থানে রহিলেন ॥৫॥

---

(৩)···ধর্ম্মরাজজিঘাংসয়া—পি।

চক্ষুষী কৃতবর্ম্মা চ গৌতমশ্চাস্ত্রতাং বরঃ।
ভূতশর্ম্মা ক্ষেমশর্ম্মা করকাক্ষশ্চ বীর্য্যবান্ ॥৬॥
কলিঙ্গাঃ সিংহলাঃ প্রাচ্যাঃ শূরাভীরা দশেরকাঃ।
শকা যবনকাম্বোজাস্তথা হংসপথাশ্চ যে ॥৭॥
গ্রীবায়াং শূরসেনাশ্চ দরদা মদ্রকেকয়াঃ।
গজাশ্বরথপত্ত্যোঘাস্তস্থুঃ পরমদংশিতাঃ ॥ ॥ (বিশেষকম্)
ভূরিশ্রবাস্তথা শল্যঃ সোমদত্তশ্চ বাহ্লিকঃ।
অক্ষৌহিণ্যা বৃতা বীরা দক্ষিণং পার্শ্বমাস্থিতাঃ ॥৯॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
বামং পার্শ্বং সমাশ্রিত্য দ্রোণপুত্ত্রাগ্রতঃ স্থিতাঃ ॥১০॥
পৃষ্ঠে কলিঙ্গাঃ সাম্বষ্ঠা মাগধাঃ পৌণ্ড্রমদ্রকাঃ।
গান্ধারাঃ শকুনাঃ প্রাচ্যাঃ পার্বতীয়া বশাতয়ঃ ॥১১॥
পুচ্ছে বৈকর্ত্তনঃ কর্ণঃ সপুত্রজ্ঞাতিবান্ধবঃ।
মহত্যা সেনয়া তস্থৌ নানাজনপদোত্থয়া ॥১২॥

চক্ষুষীতি। গৌতমঃ কৃপঃ, অস্ত্রতাম্ অস্ত্রাণি ক্ষিপতাং মধ্যে বরঃ। শূরা যে আভীরা-স্তদ্দেশীয়াস্তে। পরমদংশিতা অতীবসুসন্নদ্ধাঃ ॥৬—৮॥
ভূরীতি। দক্ষিণং পার্শ্বং তস্য গরুড়ব্যূহস্য, আস্থিতা আশ্রিতাঃ ॥৯॥
বিন্দেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ। দ্রোণপুত্রস্য অশ্বত্থাম্নঃ অগ্রতঃ স্থিতাঃ ॥১০॥
পৃষ্ঠ ইতি। কলিঙ্গাদয়ো ভাগশো গ্রীবাপৃষ্ঠয়োঃ স্থিতা ইতি ন পূর্বোক্তিবিরোধঃ ॥১১॥

কৃতবর্ম্মা ও ধনুর্দ্ধরশ্রেষ্ঠ কৃপ সেই ব্যূহের নয়নযুগল হইলেন; আর বলবান্ ভূতশর্ম্মা, ক্ষেমশর্ম্মা, করকাক্ষ এবং কলিঙ্গ, সিংহল, প্রাচ্য, বীর আভীর, দশেরক, শক, যবন, কাম্বোজ, হংসপথ, শূরসেন, দরদ, মদ্র ও কেকয়দেশীয় যোদ্ধারা হস্তী, অশ্ব, রথ ও পদাতির সহিত বিশেষ সুসজ্জিত হইয়া সেই ব্যূহের গ্রীবাদেশে থাকিলেন ॥৬—৮॥

ভূরিশ্রবা, শল্য, সোমদত্ত ও বাহ্লিক এই চারি জন বীর এক অক্ষৌহিণী সৈন্যে পরিবেষ্টিত হইয়া ব্যূহের দক্ষিণ পার্শ্বে রহিলেন ॥৯॥

অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ এবং কাম্বোজরাজ সুদক্ষিণ ইহারা ব্যূহের বাম পার্শ্ব আশ্রয় করিয়া অশ্বত্থামার সম্মুখে থাকিলেন ॥১০॥

কলিঙ্গ, অম্বষ্ঠ, মগধ, পৌণ্ড্র, মদ্রক, গান্ধার, শকুন, প্রাচ্য, পার্ব্বতীয় ও বশাতিদেশীয় সৈন্যেরা (যথাসম্ভব বিভক্ত হইয়া) ব্যূহের পৃষ্ঠদেশেও রহিল ॥১১॥

(৬) চক্ষুষী কৃতবর্ম্মাসীৎ…নি।

জয়দ্রথো ভীমরথঃ সম্পাতির্ঋষভো জয়ঃ।
ভূমিঞ্জয়ো বৃষক্রাথো নৈষধশ্চ মহাবলঃ ॥১৩॥
বৃতা বলেন মহতা ব্রহ্মলোকপুরস্কৃতাঃ।
ব্যূহস্যোরসি তে রাজন্! স্থিতা যুদ্ধবিশারদাঃ ॥১৪॥ (যুগ্মকম্)
দ্রোণেন বিহিতো ব্যূহঃ পদাত্যশ্বরথদ্বিপৈঃ।
বাতোদ্ধূতার্ণবাকারঃ প্রনৃত্ত ইব লক্ষ্যতে ॥১৫॥
তস্য পক্ষপ্রপক্ষেভ্যো নিষ্পতন্তি যুযুৎসবঃ।
সবিদ্যুৎস্তনিতা মেঘা সর্ব্বদিগ্‌ভ্যঃ ইবোষ্ণগে ॥১৬॥
তস্য প্রাগ্‌জ্যোতিষো মধ্যে বিধিবৎ কল্পিতং গজম্।
আস্থিতঃ শুশুভে রাজন্নংশুমানুদয়ে যথা ॥১৭॥
মাল্যদামবতা রাজন্! শ্বেতচ্ছত্রেণ ধার্য্যতা।
কৃত্তিকাযোগযুক্তেন পৌর্ণমাস্যামিবেন্দুনা ॥১৮॥ (যুগ্মকম্)

পুচ্ছ ইতি। বৈকর্ত্তনো বিকর্ত্তনস্য সূর্য্যস্য পুত্রঃ। নানাজনপদেষু উত্থয়া উৎপন্নয়া ॥১২॥
জয়দ্রথ ইতি। নৈষধো নিষধরাজঃ। ব্রহ্মলোকঃ পুরস্কৃতো যুদ্ধমৃত্যুনা যৈস্তে ॥১৩—১৪॥
দ্রোণেনেতি। বাতোদ্ধূতার্ণবাকারো বায়ুদ্বেলিতসমুদ্রতুল্যঃ। লক্ষ্যতে দৃশ্যতে স্ম ॥১৫॥
তস্যেতি। বিদ্যুদ্ভিঃ স্তনিতৈর্গর্জ্জনৈশ্চ সহেতি তে। উষ্ণং গ্রীষ্মং গচ্ছতি অতিক্রামতীতি তস্মিন্ বর্ষাকাল ইত্যর্থঃ ॥১৬॥
তস্যেতি। প্রাগ্‌জ্যোতিষস্তন্নগরাধিপতির্ভগদত্তঃ। কল্পিতং সজ্জিতম্। অংশুমান্ সূর্য্যঃ। মাল্যদামবতা মুক্তামালারূপসূত্রবতা, ধার্য্যতা মস্তকোপরি ধার্য্যমাণেন। পৌর্ণমাস্যাং কৃত্তিকাযোগযুক্তশ্চন্দ্রঃ কার্ত্তিকমাস এব ভবতি। ইদঞ্চ শুশুভে ইত্যস্য করণম্ ॥১৭—১৮॥

পুত্র, জ্ঞাতি ও বান্ধবগণ এবং নানাদেশজাত বিশাল সৈন্যের সহিত সূর্য্য-নন্দন কর্ণ ব্যূহের পশ্চাদ্ভাগে রহিলেন ॥১২॥

রাজা! আর জয়দ্রথ, ভীমরথ, সম্পাতি, ঋষভ, জয়, ভূমিঞ্জয়, বৃষক্রাথ ও মহাবল নিষধরাজ এই সকল যুদ্ধবিশারদ বীর বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া ব্রহ্মলোকে যাইবার ইচ্ছা করিয়া ব্যূহের বক্ষস্থলে থাকিলেন ॥১৩—১৪॥

মহারাজ! হস্তী, অশ্ব, রথ ও পদাতিদ্বারা দ্রোণনির্ম্মিত সেই ব্যূহটাকে বায়ুসঞ্চালিত সমুদ্রের ন্যায় নৃত্য করিতেই যেন দেখা গেল ॥১৫॥

বর্ষাকালে বিদ্যুৎ ও গর্জনযুক্ত মেঘসমূহ যেমন সকল দিক্ হইতে নির্গত হয়, সেইরূপ যুদ্ধার্থীরা সেই গরুড়ব্যূহের পক্ষ ও প্রপক্ষস্থান হইতে নির্গত হইতে লাগিলেন ॥১৬॥

(১৪)…ব্রহ্মলোকপরিষ্কৃতাঃ…নি। (১৫)…প্রমত্ত ইব পি,…প্রনৃত্যন্নিব ব। (১৬) যস্য পক্ষপ্রপক্ষেভ্যঃ…পি।

নীলাঞ্জনচয়প্রখ্যো মদান্ধো দ্বিরদো বভৌ।
অতিবৃষ্টো মহামেঘৈর্যথা স্যাৎ পর্ব্বতো মহান্ ॥১৯॥
নানানৃপতিভির্বীরৈর্বিবিধায়ুধভূষণৈঃ।
সমন্বিতঃ পার্বতীয়ৈঃ শক্রো দেবগণৈরিব ॥২০॥
ততো যুধিষ্ঠিরঃ প্রেক্ষ্য ব্যূহং তমতিমানুষম্।
অজয্যমরিভিঃ সংখ্যে পার্ষতং বাক্যমব্রবীৎ ॥২১॥
ব্রাহ্মণস্য বশং নাহমিয়ামদ্য যথা প্রভো!।
পারাবতসবর্ণাশ্ব! তথা নীতির্বিধীয়তাম্ ॥২২॥

ধৃষ্টদ্যুম্ন উবাচ।

দ্রোণস্য যতমানস্য বশং নৈষ্যসি সুব্রত!।
অহমাবারয়িষ্যামি দ্রোণমদ্য সহানুগম্ ॥২৩॥

নীলেতি। নীলাঞ্জনচয়প্রখ্যঃ কৃষ্ণকজ্জলরাশিতুল্যঃ, দ্বিরদো ভগদত্তহস্তী ॥১৯॥
পুনর্ভগদত্তং বিশিনষ্টি নানেতি। সমন্বিতো ভগদত্তঃ শুশুভে ইত্যনুবৃত্তিঃ ॥২০॥
তত ইতি। জেতুমশক্য ইত্যজয্যস্তম্, সংখ্যে যুদ্ধে, পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্ ॥২১॥
ব্রাহ্মণস্যেতি। ইয়াং গচ্ছেয়ম্। প্রভো! প্রভাবশালিন্! ॥২২॥
দ্রোণস্যেতি। যতমানস্য ত্বাং গ্রহীতুমিতি শেষঃ। হে সুব্রত! সুচরিতশাস্ত্রনিয়ম! ॥২৩॥

রাজা! উদয়পর্বতে আরূঢ় সূর্য্য যেমন শোভা পান, সেইরূপ যথাবিধানে সজ্জিত হস্তীর উপরে আরূঢ় ভগদত্ত সেই ব্যূহমধ্যে শোভা পাইতে থাকিলেন। রাজা! কার্ত্তিকমাসের পূর্ণিমাতিথিতে কৃত্তিকানক্ষত্রযুক্ত চন্দ্রের ন্যায় ভগদত্তের মস্তকে ধৃত মুক্তামালাযুক্ত শ্বেতচ্ছত্রদ্বারাও তিনি শোভা পাইতে লাগিলেন ॥১৭—১৮॥

বিশাল মেঘ প্রবল বর্ষণ করিতে লাগিলে মহাপর্বত যেমন প্রকাশ পায়, নীলকজ্জলরাশিতুল্য ভগদত্তের হাতীটাও মদজল নির্গত হইতে থাকায় সেইরূপ প্রকাশ পাইতে থাকিল ॥১৯॥

দেবগণের সহিত সম্মিলিত ইন্দ্র যেমন শোভা পান, সেইরূপ নানাবিধ অস্ত্র ও অলঙ্কারযুক্ত এবং বীর পার্বত্য রাজগণের সহিত সম্মিলিত ভগদত্তও শোভা পাইতে লাগিলেন ॥২০॥

তাহার পর যুধিষ্ঠির—যুদ্ধে শত্রুগণের অজেয় ও অলৌকিক সেই ব্যূহ দর্শন করিয়া ধৃষ্টদ্যুম্নকে এই কথা বলিলেন—॥২১॥

‘প্রভাবশালী কপোতবর্ণঘোটক ধৃষ্টদ্যুম্ন! আমি আজ যাহাতে ব্রাহ্মণের (দ্রোণের) বশীভূত না হই, আপনি সেইরূপ নীতি বিধান করুন’ ॥২২॥

মযি জীবতি কৌরব্য! নোদ্বেগং কর্ত্তুমর্হসি।
নহি শক্তো রণে দ্রোণো বিজেতুং মাং কথঞ্চন ॥২৪॥

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা কিরন্ বাণান্ দ্রুপদস্য সুতো বলী।
পারাবতসবর্ণাশ্বঃ স্বয়ং দ্রোণমুপাদ্রবৎ ॥২৫॥
অনিষ্টদর্শনং দৃষ্ট্বা ধৃষ্টদ্যুম্নমবস্থিতম্!
ক্ষণেনৈবাভবদ্‌দ্রোণো নাতিহৃষ্টমনা ইব ॥২৬॥
তং তু সংপ্রেক্ষ্য পুত্রস্তে দুর্ম্মুখঃ শক্রকর্ষণঃ।
প্রিয়ং চিকীর্ষুর্দ্রোণস্য ধৃষ্টদ্যুম্নমবারয়ৎ ॥২৭॥
স সম্প্রহারস্তুমুলঃ সুঘোরঃ সমপদ্যত।
পার্ষতস্য চ শূরস্য দুর্ম্মুখস্য চ ভারত! ॥২৮॥

মযীতি। অথ ত্বামেব যদি দ্রোণো হন্যাদিত্যাহ নহীতি ॥২৪॥
এবমিতি। কিরন্ ক্ষিপন্। পারাবতসবর্ণা কপোততুল্যনীলবর্ণা অশ্বা যস্য সঃ ॥২৫॥
অনিষ্টেতি। অনিষ্টদর্শনম্ আত্মনো হননায়ৈবোৎপন্নত্বাদিতি ভাবঃ ॥২৬॥
তমিতি। শক্রকর্ষণঃ শক্রবিজয়ী। চিকীর্ষুঃ কর্ত্তুমিচ্ছুঃ ॥২৭॥
স ইতি। সম্প্রহারো যুদ্ধম্। সমপদ্যত সমজায়ত। পার্ষতস্য ধৃষ্টদ্যুম্নস্য ॥২৮॥

ধৃষ্টদ্যুম্ন বলিলেন—'সুব্রত! দ্রোণ আপনাকে গ্রহণ করিবার চেষ্টা করিলেও আপনি দ্রোণের বশীভূত হইবেন না। কারণ, আমিই আজ অনুচরবর্গের সহিত দ্রোণকে বারণ করিব ॥২৩॥

অতএব কৌরবনন্দন! আমি জীবিত থাকিতে আপনি উদ্বেগ করিতে পারেন না। তা'র পর দ্রোণ যুদ্ধে কোন প্রকারেই আমাকে জয় করিতে সমর্থ হইবেন না' ॥২৪॥

সঞ্জয় বলিলেন—'এই কথা বলিয়া কপোততুল্য-নীলবর্ণঘোটক ও বলবান্ ধৃষ্টদ্যুম্ন বাণ ক্ষেপ করিতে করিতে নিজেই দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥২৫॥

এদিকে অনিষ্টদর্শন ধৃষ্টদ্যুম্নকে সম্মুখে অবস্থিত দেখিয়া দ্রোণ তৎক্ষণাৎ অনতিহৃষ্টচিত্ত হইলেন ॥২৬॥

কিন্তু আপনার পুত্র শক্রবিজয়ী দুর্ম্মুখ ধৃষ্টদ্যুম্নকে দেখিয়া দ্রোণের প্রিয় কার্য্য করিবার ইচ্ছা করিয়া ধৃষ্টদ্যুম্নকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২৭॥

ভরতনন্দন! তখন বীর ধৃষ্টদ্যুম্ন ও দুর্ম্মুখের সেই যুদ্ধ তুমুল ও ভয়ঙ্করভাবে প্রবৃত্ত হইল ॥২৮॥

(২৭)…ধৃষ্টদ্যুম্নমথাহ্বয়ৎ—পি।

পার্ষতঃ শরজালেন ক্ষিপ্রং প্রচ্ছাদ্য দুর্ম্মুখম্ ।
ভারদ্বাজং শরৌঘেণ মহতা সমবারয়ৎ ॥২৯॥
দ্রোণমাবারিতং দৃষ্ট্বা ভৃশায়স্তস্তবাত্মজঃ ।
নানালিঙ্গৈঃ শরব্রাতৈঃ পার্ষতং সমমোহয়ৎ ॥৩০॥
তয়োর্বিষক্তয়োঃ সংখ্যে পাঞ্চাল্যকুরুমুখ্যয়োঃ ।
দ্রোণো যৌধিষ্ঠিরং সৈন্যং বহুধা ব্যধমচ্ছরৈঃ ॥৩১॥
অনিলেন যথাভ্রাণি বিচ্ছিন্নানি সমন্ততঃ ।
তথা পার্থস্য সৈন্যানি বিচ্ছিন্নানি ক্বচিৎ ক্বচিৎ ॥৩২॥
মুহূর্ত্তমিব তদ্‌যুদ্ধমাসীন্মধুরদর্শনম্ ।
তত উন্মত্তবদ্রাজন্! নির্মর্য্যাদমবর্ত্তত ॥৩৩॥
নৈব স্বে ন পরে রাজন্নজ্ঞায়ন্ত পরস্পরম্ ।
অনুমানেন সংজ্ঞাভির্যুদ্ধং তৎ সমবর্ত্তত ॥৩৪॥

পার্ষত ইতি। প্রচ্ছাদ্য আবৃত্য। ভারদ্বাজং দ্রোণম্ ॥২৯॥
দ্রোণমিতি। ভৃশায়স্তঃ অতীবসযত্নঃ। নানালিঙ্গৈর্বহুপ্রকারৈঃ ॥৩০॥
তয়োরিতি। বিষক্তয়োঃ সম্মিলিতয়োঃ। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৩১॥
অনিলেনেতি। অভ্রাণি মেঘাঃ। পার্থস্য যুধিষ্ঠিরস্য, বিচ্ছিন্নানি দ্রোণেন ॥৩২॥
মুহূর্ত্তমিতি। উন্মত্তবৎ উন্মত্তানামিব, নির্মর্য্যাদং বিশৃঙ্খলম্ ॥৩৩॥
নেতি। স্বে স্বপক্ষীয়াঃ। সংজ্ঞাভিঃ পক্ষনামভিঃ ॥৩৪॥

ধৃষ্টদ্যুম্ন সত্বরই শরজালদ্বারা দুর্ম্মুখকে আবৃত করিয়া বিশাল শরসমূহদ্বারা দ্রোণকে বারণ করিতে লাগিলেন ॥২৯॥

ধৃষ্টদ্যুম্ন দ্রোণকে নিবারণ করিলেন দেখিয়া আপনার পুত্র দুর্ম্মুখ অত্যন্ত যত্নসহকারে নানাবিধ বাণসমূহদ্বারা ধৃষ্টদ্যুম্নকে মোহিত করিয়া ফেলিলেন ॥৩০॥

সেই ধৃষ্টদ্যুম্ন ও দুর্ম্মুখ যুদ্ধে সম্মিলিত হইলে, সেই অবসরে দ্রোণ বাণসমূহদ্বারা বহুপ্রকারে যুধিষ্ঠিরের সৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥৩১॥

বায়ু যেমন মেঘসমূহকে সকল দিকে বিচ্ছিন্ন করে, সেইরূপ দ্রোণ কোন কোন অংশে যুধিষ্ঠিরের সৈন্যকে বিচ্ছিন্ন করিয়া ফেলিলেন ॥৩২॥

রাজা! তখন সেই যুদ্ধ মুহূর্ত্তকালই যেন মধুরদর্শন ছিল; তাহার পর উন্মত্তের ন্যায় বিশৃঙ্খলভাবে চলিতে লাগিল ॥৩৩॥

রাজা! তৎকালে স্বপক্ষ বা পরপক্ষকে পরস্পর জানা গেল না; কেবল অনুমান ও পক্ষের নামদ্বারা সেই যুদ্ধ চলিতে থাকিল ॥৩৪॥

চূড়ামণিষু নিষ্কেষু ভূষণেষ্বপি বর্ম্মসু।
তেষামাদিত্যবর্ণাভা রশ্ময়ঃ প্রচকাশিরে ॥৩৫॥
তৎ প্রকীর্ণপতাকানাং রথবারণবাজিনাম্।
বলাকাশবলাভ্রাভং দদৃশে রূপমাহবে ॥৩৬॥
নরানেব নরা জঘ্নুরুদগ্রাশ্চ হয়া হয়ান্।
রথাংশ্চ রথিনো জঘ্নুর্বারণান্ বরবারণাঃ ॥৩৭॥
সমুচ্ছ্রিতপতাকানাং গজানাং পরমদ্বিপৈঃ।
ক্ষণেন তুমুলো ঘোরঃ সংগ্রামঃ সমপদ্যত ॥৩৮॥
তেষাং সংসক্তগাত্রাণাং কর্ষতামিতরেতরম্।
দন্তসংঘাতসংঘর্ষাৎ সধূমোঽগ্নিরজায়ত ॥৩৯॥
বিপ্রকীর্ণপতাকাস্তে বিষাণজনিতাগ্নয়ঃ।
বভূবুঃ খং সমাসাদ্য সবিদ্যুত ইবাম্বুদাঃ ॥৪০॥

চূড়েতি। নিষ্কেষু বক্ষোভূষণেষু, প্রাধান্যাৎ পৃথগুক্তিঃ। রশ্ময়ঃ কিরণাঃ ॥৩৫॥
তদিতি। বলাকাভির্বকশ্রেণিভিঃ শবলানি বিচিত্রাণি যানি অভ্রাণি মেঘাস্তদাভম্ ॥৩৬॥
নরানিতি। উদগ্রা উন্নতা বলবন্ত ইত্যর্থঃ। বরবারণাঃ শ্রেষ্ঠহস্তিনঃ ॥৩৭॥
সমিতি। সমুচ্ছ্রিতাঃ সমুত্তোলিতাঃ পতাকা যেষু তেষাম্ ॥৩৮॥
তেষামিতি। সংসক্তগাত্রাণাং সংলগ্নদেহানাম্, কর্ষতাং শুণ্ডাভিঃ ॥৩৯॥

উভয়পক্ষীয় বীরগণের সূর্য্যতুল্য দেহের কিরণগুলি, তাঁহাদের চূড়ার মণি, বক্ষের অলঙ্কার, অন্যান্য অলঙ্কার ও বর্ম্মে প্রতিবিম্বিত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৩৫॥

পতাকা সকল ইতস্ততঃ চলিতে লাগিলে, উভয়পক্ষেরই হস্তী, অশ্ব ও রথগুলির আকৃতিকে বকশ্রেণিবিচিত্র মেঘের আকৃতির ন্যায় দেখা যাইতে থাকিল ॥৩৬॥

পদাতিরা পদাতিদিগকে, বলবান্ অশ্বগণ সাধারণ অশ্বগণকে, রথীরা রথীদিগকে এবং বিশাল হস্তীরা সাধারণ হস্তিগণকে বধ করিতে লাগিল ॥৩৭॥

ক্ষণকালমধ্যে বিশাল হস্তিগণের সঙ্গে উত্তোলিতপতাকাযুক্ত হস্তিগণের তুমুল ও ভীষণ যুদ্ধ উপস্থিত হইল ॥৩৮॥

সেগুলির গাত্র পরস্পর সংলগ্ন হইল, তাহারা শুণ্ডদ্বারা পরস্পর আকর্ষণ করিতে লাগিল এবং সেগুলির পরস্পর দন্তসংঘর্ষে ধূমের সহিত অগ্নি জন্মিতে থাকিল ॥৩৯॥

(৩৬) উৎপ্রকীর্ণপতাকানাম্...পি। (৩৭)...বারণা বরবারণান্—নি।

বিক্ষিপদ্ভির্নদদ্ভিশ্চ নিপতদ্ভিশ্চ বারণৈঃ।
সংবভূব মহী কীর্ণা মেঘৈর্দ্যৌরিব বার্ষিকী ॥৪১॥
তেষামাহন্যমানানাং বাণতোমরঋষ্টিভিঃ।
বারণানাং রবো জজ্ঞে মেঘানামিব সংপ্লবে ॥৪২॥
তোমরাভিহতাঃ কেচিদ্বাণৈশ্চ পরমদ্বিপাঃ।
বিত্রেসুঃ সর্ব্বনাগানাং শব্দমেবাপরেঽব্রজন্ ॥৪৩॥
বিষাণাভিহতাশ্চাপি কেচিত্তত্র গজা গজৈঃ।
চক্রুরার্ত্তস্বরং ঘোরমুৎপাতজলদা ইব ॥৪৪॥
প্রতীপাঃ ক্রিয়মাণাশ্চ বারণা বরবারণৈঃ।
উন্মথ্য পুনরাজগ্মুঃ প্রেরিতাঃ পরমাঙ্কুশৈঃ ॥৪৫॥

বিপ্রেতি। বিষাণৈর্দন্তাঘাতৈর্জনিতঃ অগ্নির্যৈস্তে। খমাকাশম্ ॥৪০॥
বীতি। কীর্ণা ব্যাপ্তা, দ্যৌরাকাশম্, বার্ষিকী বর্ষাকালীনা ॥৪১॥
তেষামিতি। রব আর্ত্তনাদঃ। সংপ্লবে পরস্পরসংঘর্ষে ॥৪২॥
তোমরেতি। বিত্রেসুর্ভয়ং প্রাপুঃ। শব্দং লক্ষ্যীকৃত্য, অব্রজন্ তান্ প্রতি ॥৪৩॥
বিষাণেতি। বিষাণাভিহতা দন্তাহতাঃ। উৎপাতজলদা অনিষ্টসূচকমেঘাঃ ॥৪৪॥
প্রতীপা ইতি। প্রতীপাঃ প্রতিকূলা বিমুখা ইত্যর্থঃ। উন্মথ্য সম্মুখস্থান্ রথাদীন্ ॥৪৫॥

মেঘ যেমন আকাশে বিদ্যুৎ আবিষ্কার করে, সেইরূপ বিশাল হস্তী সকল ইতস্ততঃ পতাকা নিক্ষেপ করিয়া পরস্পর দন্তাঘাতদ্বারা অগ্নি আবিষ্কার করিতে লাগিল ॥৪০॥

বর্ষাকালে মেঘ যেমন আকাশ ব্যাপ্ত করে, সেইরূপ হস্তী সকল পরস্পর নিক্ষেপ ও গর্জন করতঃ নিপতিত হইতে থাকিয়া সমরভূমি ব্যাপ্ত করিল ॥৪১॥

পরস্পর সংঘর্ষ হইলে মেঘের যেমন গর্জন হয়, সেইরূপ বাণ, তোমর ও ঋষ্টিদ্বারা আঘাত করিতে থাকিলে হস্তিগণেরও গর্জন হইতে লাগিল ॥৪২॥

কতকগুলি বিশাল হস্তী তোমর ও বাণদ্বারা আহত হইয়া ভীত হইল এবং অন্য হস্তীরা সমস্ত হস্তীর শব্দ লক্ষ্য করিয়া ধাবিত হইতে থাকিল ॥৪৩॥

কতকগুলি হস্তী অপর হস্তিগণের দন্তদ্বারা আহত হইয়া ঔৎপাতিক মেঘের ন্যায় আর্ত্তনাদ করিতে লাগিল ॥৪৪॥

বিশাল হস্তীরা বিমুখ করিয়া দিলেও, গুরুতর অঙ্কুশাঘাতে সঞ্চালিত হইয়া

(৪১)···মেঘৈর্দ্যৌরিব শারদী—পি বা ব। (৪৩)···শব্দমেবাপরেঽসৃজন্—নি। (৪৪)···চক্রুরার্ত্তস্বনম্···নি।

মহামাত্রৈর্মহামাত্রাস্তাড়িতাঃ শরতোমরৈঃ।
গজেভ্যঃ পৃথিবীং জগ্মুর্মুক্তপ্রহরণাঙ্কুশাঃ ॥৪৬॥
নির্ম্মনুষ্যাশ্চ মাতঙ্গা বিনদন্তস্ততস্ততঃ।
ছিন্নাভ্রাণীব সংপেতুঃ সংপ্রবিশ্য পরস্পরম্ ॥৪৭॥
হতান্ পরিবহন্তশ্চ পতিতান্ পতিতায়ুধান্।
দিশো জগ্মুর্মহানাগাঃ কেচিদেকচরা ইব ॥৪৮॥
তাড়িতাস্তাড্যমানাশ্চ তোমরর্ষ্টিপরশ্বধৈঃ;
পেতুরার্ত্তস্বরং কৃত্বা তদা বিশসনে গজাঃ ॥৪৯॥
তেষাং শৈলোপমৈঃ কায়ৈর্নিপতদ্ভিঃ সমন্ততঃ।
আহতা সহসা ভূমিশ্চকম্পে চ ননাদ চ ॥৫০॥
সাদিতৈঃ সগজারোহৈঃ সপতাকৈঃ সমন্ততঃ।
মাতঙ্গৈঃ শুশুভে ভূমির্বিকীর্ণৈরিব পর্ব্বতৈঃ ॥৫১॥

মহেতি। মহামাত্রৈর্হস্তিপকৈঃ। মুক্তপ্রহরণাঙ্কুশাঃ ত্যক্তাস্ত্রাঙ্কুশাঃ ॥৪৬॥
নিবিতি। ছিন্নাভ্রাণি বিশ্লিষ্টমেঘাঃ। সংপ্রবিশ্য বিপক্ষমধ্যে ॥৪৭॥
হতানিতি। পতিতান্ পৃষ্ঠোপরি। একে চরন্তীত্যেকচরা একাকিনঃ ॥৪৮॥
তাড়িতা ইতি। বিশস্যতে হিংস্যতে অস্মিন্নিতি বিশসনং যুদ্ধস্থলম্ ॥৪৯॥
তেষামিতি। শৈলোপমৈঃ পর্বতপ্রমাণৈঃ, কায়ৈঃ শরীরৈঃ ॥৫০॥

সাধারণ হস্তিগণ সম্মুখবর্ত্তী রথপ্রভৃতিকে মর্দ্দন করিয়া আবার আসিতে থাকিল ॥৪৫॥

গজারোহীরা বাণ ও তোমরদ্বারা আঘাত করিলে, বিপক্ষ গজারোহীরা অস্ত্র ও অঙ্কুশ ত্যাগ করিয়া গজপৃষ্ঠ হইতে ভূতলে পড়িতে লাগিল ॥৪৬॥

আরোহিশূন্য হস্তিগণ গর্জন করিতে করিতে ইতস্ততঃ যাইয়া এবং পরস্পর বিপক্ষমধ্যে প্রবেশ করিয়া বিচ্ছিন্ন মেঘের ন্যায় পতিত হইতে থাকিল ॥৪৭॥

কতকগুলি মহাহস্তী আহত, পৃষ্ঠোপরি পতিত ও পতিতাস্ত্র আরোহীদিগকে বহন করতঃ একাকীর ন্যায় নানাদিকে দৌড়াইতে লাগিল ॥৪৮॥

তখন তোমর, ঋষ্টি ও পরশুদ্বারা তাড়িত ও তাড্যমান হইয়া কতকগুলি হস্তী আর্ত্তনাদ করিয়া সমরাঙ্গনে পতিত হইতে থাকিল ॥৪৯॥

সেই হস্তিগণের পর্ব্বতপ্রমাণ শরীর সকল নানাদিকে পতিত হইতে থাকিয়া আঘাত করায় তৎক্ষণাৎ সমরভূমি কাঁপিতে লাগিল ও শব্দ করিতে থাকিল ॥৫০॥

গজস্থাশ্চ মহামাত্রা নির্ভিন্নহৃদয়া রণে।
রথিভিঃ পাতিতা ভল্লৈর্বিকীর্ণাঙ্কুশতোমরাঃ ॥৫২॥
ক্রৌঞ্চবদ্বিনদন্তোঽন্যে নারাচাভিহতা গজাঃ।
পরান্ স্বাংশ্চাপি মৃদ্নন্তঃ পরিপেতুর্দিশো দশ ॥৫৩॥
গজাশ্বরথযোধানাং শরীরৌঘসমাবৃতা।
বভূব পৃথিবী রাজন্! মাংসশোণিতকর্দ্দমা ॥৫৪॥
প্রমথ্য চ বিষাণাগ্রৈঃ সমুৎক্ষিপ্তাশ্চ বারণৈঃ।
সচক্রাশ্চ বিচক্রাশ্চ রথৈরেব মহারথাঃ ॥৫৫॥
রথাশ্চ রথিভির্হীনা নির্মনুষ্যাশ্চ বাজিনঃ।
হতারোহাশ্চ মাতঙ্গা দিশো জগ্মুর্ভয়াতুরাঃ ॥৫৬॥
জঘানাত্র পিতা পুত্রং পুত্রশ্চ পিতরং তথা।
ইত্যাসীত্তুমুলং যুদ্ধং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৫৭॥

সাদিতৈরিতি। সাদিতৈরাহত্য নিপাতিতৈঃ। বিকীর্ণৈর্ভুবি বিক্ষিপ্তৈঃ ॥৫১॥
গজস্থা ইতি। মহামাত্রা গজারোহিণঃ। পাতিতা ভূতলে ॥৫২॥
ক্রৌঞ্চেতি। ক্রৌঞ্চবৎ ক্রৌঞ্চপক্ষিবৎ। মৃদ্নন্তো মর্দ্দয়ন্তঃ, পরিপেতুর্জগ্মুঃ ॥৫৩॥
গজেতি। মাংসৈঃ শোণিতৈশ্চ কর্দ্দমো যস্যাং সা ॥৫৪॥
প্রেতি। বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ, সমুৎক্ষিপ্তাঃ শুণ্ডাভিরুত্তোলিতাঃ। রথৈঃ সহ ॥৫৫॥
রথা ইতি। হতারোহা নিহতারোহিণঃ ॥৫৬॥
জঘানেতি। ন প্রাজ্ঞায়ত রজোভিরাবরণাৎ কোলাহলাতিরেকাচ্চ ॥৫৭॥

বিক্ষিপ্ত পর্ব্বতসমূহের ন্যায় আরোহী ও পতাকাযুক্ত এবং সকল দিকে নিপতিত হস্তিগণদ্বারা সেই সমরভূমি শোভা পাইতে লাগিল ॥৫১॥

রথীরা ভল্লদ্বারা হৃদয় বিদীর্ণ করিলে, গজস্থিত যোদ্ধারা অঙ্কুশ ও তোমর ত্যাগ করিয়া ভূতলে পতিত হইতে থাকিল ॥৫২॥

নারাচদ্বারা আহত অন্য হস্তী সকল ক্রৌঞ্চপক্ষীর ন্যায় শব্দ করিতে থাকিয়া স্বপক্ষ ও বিপক্ষদিগকে মর্দ্দন করতঃ দশ দিকে দৌড়াইতে লাগিল ॥৫৩॥

রাজা! ক্রমে সমরভূমিটা-হস্তী, অশ্ব ও রথযোধীদিগের শরীরসমূহে আবৃত এবং রক্ত ও মাংসের কর্দ্দমযুক্ত হইয়া উঠিল ॥৫৪॥

হস্তী সকল দন্তদ্বারা আঘাত করিয়া শুণ্ডদ্বারা—চক্রযুক্ত ও চক্রবিহীন রথের সহিতই মহারথগণকে উত্তোলন করিতে থাকিল ॥৫৫॥

রথিবিহীন রথ, মনুষ্যশূন্য অশ্ব ও আরোহিরহিত হস্তী সকল ভয়ার্ত্ত হইয়া নানাদিকে দৌড়াইতে লাগিল ॥৫৬॥

আগুল্‌ফেভ্যোঽবসীদন্তে নরা লোহিতকর্দ্দমৈঃ।
দীপ্যমানৈঃ পরিক্ষিপ্তা দাবৈরিব মহাদ্রুমাঃ ॥৫৮॥
শোণিতৈঃ সিচ্যমানানি বস্ত্রাণি কবচানি চ।
ছত্রাণি চ পতাকাশ্চ সর্ব্বং রক্তমদৃশ্যত ॥৫৯॥
হয়ৌঘাশ্চ রথৌঘাশ্চ নরৌঘাশ্চ নিপাতিতাঃ।
সংকৃত্তাঃ পুনরাবৃত্য বহুধা রথনেমিভিঃ ॥৬০॥
স গজৌঘমহাবেগঃ পরাসুনরশৈবলঃ।
রথৌঘতুমুলাবর্ত্তঃ প্রবভৌ সৈন্যসাগরঃ ॥৬১॥
তং বাহনমহানৌভির্যোধা জয়ধনৈষিণঃ।
অবগাহ্যাথ মজ্জন্তো নৈব মোহং প্রচক্রিরে ॥৬২॥

আগুল্‌ফেভ্য ইতি। অবসীদন্তে গমনক্লিষ্টা ভবন্তি স্ম। লোহিতকর্দ্দমৈ রক্তপঙ্কৈঃ। দীপ্যমানৈরুজ্জ্বলৈঃ, পরিক্ষিপ্তাঃ পরিবেষ্টিতাঃ, দাবৈর্বনবহ্নিভিঃ ॥৫৮॥

শোণিতৈরিতি। রক্তং রক্তবর্ণং রক্তসিক্তত্বাদেবেতি ভাবঃ ॥৫৯॥

হয়ৌঘা ইতি। সংকৃত্তাঃ সম্যক্ ছিন্নাঃ, আবৃত্য আগত্য ॥৬০॥

স ইতি। গজৌঘ এব মহান্ বেগো যস্য সঃ, পরাসবো মৃতা নরা এব শৈবলা যস্য সঃ, রথৌঘ এব তুমুলো মহান্ আবর্ত্তো জলভ্রমির্যস্য স চ, স সৈন্যসাগরঃ প্রবভৌ ॥৬১॥

এই যুদ্ধে পিতা পুত্রকে এবং পুত্র পিতাকে বধ করিতে থাকিল। এইভাবে তুমুল যুদ্ধ চলিতে লাগিল; কিন্তু কিছুই জানা গেল না ॥৫৭॥

বনমধ্যে মহাবৃক্ষ সকল যেমন বনাগ্নিতে পরিবেষ্টিত হয়, সেইরূপ মানুষেরা উজ্জ্বল রক্তকর্দ্দমে পরিবেষ্টিত ও গুল্‌ফপর্য্যন্ত রক্তে মগ্ন হওয়ায় চলিতে পারিল না ॥৫৮॥

বস্ত্র, কবচ, ছত্র ও পতাকা রক্তে সিক্ত হইয়া যাওয়ায় সে সমস্তই রক্তবর্ণ দেখা যাইতে লাগিল ॥৫৯॥

অশ্ব, রথ ও মনুষ্যসমূহ ভূতলে নিপাতিত হইয়া ছিল। সুতরাং রথচক্রগুলি সেগুলির উপরে বার বার আসিয়া আসিয়া সেগুলিকে বহুভাবে ছিন্ন করিতে থাকিল ॥৬০॥

তৎকালে সেই উভয়পক্ষের সৈন্যই সমুদ্ররূপে প্রকাশ পাইতে লাগিল। কেন না, হস্তিসমূহ ছিল তাহার মহাবেগ, মৃত মানুষ ছিল শেওলা এবং রথসমূহ ছিল আবর্ত্ত (ঘোলা) ॥৬১॥

(৬০)···সংক্ষুণ্ণাঃ পুনরাবৃত্য···নি।

শরবর্ষাভিবৃষ্টেষু যোধেম্বঙ্কিতলক্ষ্মসু।
ন তেম্বচিত্ততাং লেভে কশ্চিদাহতলক্ষণঃ ॥৬৩॥
বৰ্ত্তমানে তথা যুদ্ধে ঘোররূপে ভয়ঙ্করে।
মোহয়িত্বা পরান্ দ্রোণো যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥৬৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে সঙ্কুলযুদ্ধে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ঊনবিংশোঽধ্যায়ঃ।

———o:o———

সঞ্জয় উবাচ।
ততো যুধিষ্ঠিরো দ্রোণং দৃষ্ট্বান্তিকমুপাগতম্।
মহতা শরবর্ষেণ প্রত্যগৃহ্লাদভীতবৎ ॥১॥

তমিতি। গজাদীনি বাহনান্যেব মহানাবস্তাভিঃ। জয়ধনৈষিণ ইত্যনেন যোধেষু বণিগ্‌রূপত্বং ব্যজ্যতে। মোহং নৈব প্রচক্রিরে প্রাপুঃ, জয়ধন এবৌৎসুক্যাতিরেকাৎ ॥৬২॥

শরেতি। অঙ্কিতানি জ্ঞাতানি লক্ষ্মাণি চিহ্নানি যেষাং তেষু। অচিত্ততাং মোহম্। আহতং নাশিতং লক্ষণং স্বচিহ্নং যস্য সঃ। অঙ্কিতলক্ষ্মত্বাদেব ভ্রমাভাব ইতি ভাবঃ ॥৬৩॥

বৰ্ত্তমান ইতি। ঘোররূপে মহতি। উপাদ্রবৎ গ্রহীতুমভ্যধাবৎ ॥৬৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি সংশপ্তকবধে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

তত ইতি। অভীতবদিত্যনেনান্তর্ভয়ং সূচিতম্ ॥১॥

জয়রূপ-ধনাভিলাষী যোধরূপ বণিক্‌সমূহ বাহনরূপ মহানৌকাদ্বারা সেই সৈন্যরূপ সাগর অবগাহনপূর্ব্বক মগ্ন হইয়াও মোহ প্রাপ্ত হয় নাই ॥৬২॥

যোদ্ধারা বাণবর্ষণে আবৃত হইলেও তাহাদের চিহ্ন সকল লক্ষ্য হইতেছিল। সুতরাং নিজের চিহ্ন নষ্ট হইলেও কোন যোদ্ধাই তাহাদের উপরে ভ্রান্ত হয় নাই ॥৬৩॥

সেই মহাভয়ঙ্কর যুদ্ধ সেইভাবে চলিতে লাগিলে, দ্রোণ বিপক্ষগণকে মোহিত করিয়া যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন' ॥৬৪॥

* '...ঊনবিংশোঽধ্যায়ঃ' ব, '...বিংশোঽধ্যায়ঃ' বা স্না নি। (১) ততো যুধিষ্ঠিরং দ্রোণঃ...পি।

ততো হলহলাশব্দ আসীদ্‌যৌধিষ্ঠিরে বলে।
জিঘৃক্ষতি মহাসিংহে গজানামিব যূথপম্ ॥২॥
দৃষ্ট্বা দ্রোণং ততঃ শূরঃ সত্যজিৎ সত্যবিক্রমঃ।
যুধিষ্ঠিরমভিপ্রেপ্সুরাচার্য্যং সমুপাদ্রবৎ ॥৩॥
তত আচার্য্যপাঞ্চাল্যৌ যুযুধাতে মহাবলৌ।
বিক্ষোভয়ন্তৌ তৎ সৈন্যমিন্দ্রবৈরোচনাবিব ॥৪॥
ততো দ্রোণং মহেষ্বাসঃ সত্যজিৎ সত্যবিক্রমঃ।
অবিধ্যন্নিশিতাগ্রেণ পরমাস্ত্রং নিদর্শয়ন্ ॥৫॥
অথাস্য সারথেঃ পঞ্চ শরান্ সর্পবিষোপমান্।
অমুঞ্চদন্তকপ্রখ্যান্ সংমুমোহাস্য সারথিঃ ॥৬॥

তত ইতি। হলহলেত্যাশঙ্কাসূচকমব্যয়ম্। জিঘৃক্ষতি গ্রহীতুমিচ্ছতি ॥২॥
দৃষ্ট্বেতি। অভিপ্রেপ্সুঃ রক্ষিতুমিচ্ছুঃ, সমুপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৩॥
তত ইতি। পাঞ্চাল্যঃ সত্যজিৎ। বৈরোচনো বিরোচনপুত্রো বলিঃ ॥৪॥
তত ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। নিশিতাগ্রেণ শরেণ ॥৫॥
অথেতি। অস্য দ্রোণস্য। অন্তকপ্রখ্যান্ যমতুল্যান্ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর দ্রোণ নিকটে আসিয়াছেন দেখিয়া যুধিষ্ঠির নির্ভয়ের ন্যায় বিশাল শরবর্ষণদ্বারা তাঁহাকে গ্রহণ করিলেন ॥১॥

তৎপরে মহাসিংহ হস্তিযূথপতিকে ধরিবার ইচ্ছা করিলে হস্তিগণের মধ্যে যেমন আশঙ্কাসূচক শব্দ হইতে থাকে, সেইরূপ দ্রোণ যুধিষ্ঠিরকে ধরিবার ইচ্ছা করিলে যুধিষ্ঠিরের সৈন্যমধ্যে আশঙ্কাসূচক কোলাহল হইতে লাগিল ॥২॥

তদনন্তর বীর ও যথার্থবিক্রমশালী সত্যজিৎ দ্রোণকে দেখিয়া যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৩॥

তাহার পর ইন্দ্র ও বলির ন্যায় মহাবল দ্রোণ ও সত্যজিৎ সেই সৈন্যগণকে বিক্ষুব্ধ করতঃ যুদ্ধ করিতে লাগিলেন ॥৪॥

ক্রমে মহাধনুর্দ্ধর ও যথার্থবিক্রমশালী সত্যজিৎ উত্তমাস্ত্রনিক্ষেপের যোগ্যতা দেখাইতে থাকিয়া একটা সুধার বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিলেন ॥৫॥

পরে তিনি সর্পবিষের ন্যায় দুঃসহ এবং যমের ন্যায় ভীষণ পাঁচটা বাণ দ্রোণের সারথির উপরে নিক্ষেপ করিলেন; তাহাতে দ্রোণের সারথি মূর্চ্ছিত হইয়া পড়িল ॥৬॥

(৬) তথাস্য সারথেঃ···পি।

অথাস্য সহসাবিধ্যদ্ধয়ান্ দশভিরাশুগৈঃ।
দশভির্দশভিঃ ক্রুদ্ধ উভৌ চ পার্ষ্ণিসারথী ॥৭॥
মণ্ডলন্তু সমাবৃত্য বিচরন্ পৃতনামুখে।
ধ্বজং চিচ্ছেদ চ ক্রুদ্ধো দ্রোণস্যামিত্রকর্ষণঃ ॥৮॥
দ্রোণস্তু তৎ সমালোক্য চরিতং তস্য সংযুগে।
মনসা চিন্তয়ামাস প্রাপ্তকালমরিন্দমঃ ॥৯॥
ততঃ সত্যজিতং তীক্ষ্ণৈর্দশভির্মর্ম্মভেদিভিঃ।
অবিধ্যচ্ছীঘ্রমাচার্য্যশ্ছিত্ত্বাস্য সশরং ধনুঃ ॥১০॥
স শীঘ্রতরমাদায় ধনুরন্যৎ প্রতাপবান্।
দ্রোণমভ্যহনদ্রাজংস্ত্রিংশতা কঙ্কপত্রিভিঃ ॥১১॥
দৃষ্ট্বা সত্যজিতা দ্রোণং গ্রস্যমানমিবাহবে।
বৃকঃ শরশতৈস্তীক্ষ্ণৈঃ পাঞ্চাল্যো দ্রোণমার্দ্দয়ৎ ॥১২॥

অথেতি হয়ান্ অশ্বান্, আশুগৈর্বাণৈঃ। পার্ষ্ণিসারথী পশ্চাদ্বর্ত্তিনৌ সূতৌ ॥৭॥
মণ্ডলমিতি। মণ্ডলং গোলাকারেণ ভ্রমণং যথা স্যাত্তথা। পৃতনায়াঃ সেনায়া মুখে ॥৮॥
দ্রোণ ইতি। প্রাপ্তকালং কালোচিতং প্রাক্ সত্যজিতো জয়মেবেত্যর্থঃ ॥৯॥
তত ইতি। তীক্ষ্ণৈঃ শরৈরিতি শেষঃ। অস্য সত্যজিতঃ ॥১০॥
স ইতি। অভ্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। কঙ্কপত্রিভির্ব্বাণৈঃ ॥১১॥
দৃষ্ট্বেতি। বৃকো নাম কশ্চিদ্বীরঃ, পাঞ্চাল্যঃ পাঞ্চালদেশীয়ঃ ॥১২॥

তৎপরে আবার ক্রুদ্ধ সত্যজিৎ তৎক্ষণাৎ দশটা বাণদ্বারা দ্রোণের অশ্বগুলিকে এবং দশ দশটা বাণদ্বারা দ্রোণের পৃষ্ঠবর্ত্তী সারথি দুই জনকে বিদ্ধ করিলেন ॥৭॥

শত্রুহন্তা সত্যজিৎ ক্রুদ্ধ হইয়া মণ্ডলাকারে ফিরিয়া সৈন্যসম্মুখে বিচরণ করিতে থাকিয়া দ্রোণের ধ্বজ ছেদন করিলেন ॥৮॥

কিন্তু শত্রুবিজয়ী দ্রোণ যুদ্ধে সত্যজিতের সেই কার্য্য দেখিয়া মনে মনে তৎকালোচিত কর্ত্তব্য বিষয়ের চিন্তা করিলেন ॥৯॥

তাহার পর দ্রোণ সত্বর সত্যজিতের ধনু ও বাণ ছেদন করিয়া দশটা মর্ম্মভেদী তীক্ষ্ণ বাণদ্বারা সত্যজিৎকে বিদ্ধ করিলেন ॥১০॥

রাজা! তখন প্রতাপশালী সত্যজিৎ অতিসত্বর অন্য ধনু লইয়া ত্রিশটা কঙ্কপক্ষযুক্ত বাণদ্বারা দ্রোণকে আঘাত করিলেন ॥১১॥

(৯) দ্রোণস্তু তৎ সমালক্ষ্য···পি।

সংছাদ্যমানং সমরে দ্রোণং দৃষ্ট্বা মহারথম্ ।
চুক্রুশুঃ পাণ্ডবা রাজন্ ! বস্ত্রাণি দুধুবুশ্চ হ ॥১৩॥
বৃকস্তু পরমক্রুদ্ধো দ্রোণং ষষ্ট্যা স্তনান্তরে ।
বিব্যাধ বলবান্ রাজন্ ! তদদ্ভুতমিবাভবৎ ॥১৪॥
দ্রোণস্তু শরবর্ষেণ চ্ছাদ্যমানো মহারথঃ ।
বেগং চক্রে মহাবেগঃ ক্রোধাদুদ্ধৃত্য চক্ষুষী ॥১৫॥
ততঃ সত্যজিতশ্চাপং ছিত্ত্বা দ্রোণো বৃকস্য চ ।
ষড়্ভিঃ সসূতং সহয়ং শরৈর্দ্রোণোঽবধীদ্বৃকম্ ॥১৬॥
অথান্যদ্ধনুরাদায় সত্যজিদ্বেগবত্তরম্ ।
সাশ্বং সসূতং বিশিখৈর্দ্রোণং বিব্যাধ সধ্বজম্ ॥১৭॥
স তন্ন মমৃষে দ্রোণঃ পাঞ্চাল্যেনার্দ্দিতো মৃধে ।
ততস্তস্য বিনাশায় সত্বরং ব্যসৃজচ্ছরান্ ॥১৮॥

সংছাদ্যেতি । চুক্রুশুঃ আনন্দকোলাহলং চক্রুঃ । দুধুবুঃ কম্পয়ামাসুঃ ॥১৩॥
বৃক ইতি । ষষ্ট্যা বাণৈঃ, স্তনয়োরন্তরে বক্ষসি ॥১৪॥
দ্রোণ ইতি । বেগং ত্বরাম্ । উদ্ধৃত্য উত্তোল্য ॥১৫॥
তত ইতি । ষণ্ণাং শরাণামেকৈকেনৈকৈকমবধীৎ । দ্রোণপদস্য পুনরুক্তির্দোষ এব ॥১৬॥
অথেতি । বেগবত্তরং সুদৃঢ়মিত্যর্থঃ । বিশিখৈর্ব্বাণৈঃ ॥১৭॥
স ইতি । মমৃষে সেহে, পাঞ্চাল্যেন সত্যজিতা ॥১৮॥

সত্যজিৎ যুদ্ধে দ্রোণকে যেন গ্রাস করিয়াছেন দেখিয়া পাঞ্চালদেশীয় বৃক বহুসংখ্যক তীক্ষ্ণ বাণদ্বারা দ্রোণকে পীড়ন করিলেন ॥১২॥

রাজা ! যুদ্ধে মহারথ দ্রোণকে বাণে আবৃত দেখিয়া পাণ্ডবপক্ষীয় যোদ্ধারা আনন্দকোলাহল করিয়া উঠিল এবং বস্ত্র সঞ্চালন করিতে লাগিল ॥১৩॥

রাজা ! তৎপরে বলবান্ বৃক অত্যন্তক্রুদ্ধ হইয়া ষাটটা বাণদ্বারা দ্রোণের বক্ষস্থল বিদ্ধ করিলেন । সেটা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥১৪॥

মহারথ ও মহাবেগশালী দ্রোণ বাণবর্ষণে আবৃত হইয়া ক্রোধে নয়নযুগল উত্তোলন করিয়া ত্বরাপরায়ণ হইলেন ॥১৫॥

তাহার পর দ্রোণ সত্যজিৎ ও বৃকের ধনু ছেদন করিয়া ছয়টা বাণদ্বারা সারথি ও চারিটা অশ্বের সহিত বৃককে বধ করিলেন ॥১৬॥

তৎপরে সত্যজিৎ অন্য একখানা সুদৃঢ় ধনু লইয়া বাণদ্বারা অশ্ব, সারথি ও ধ্বজের সহিত দ্রোণকে বিদ্ধ করিলেন ॥১৭॥

হয়ান্ ধ্বজং ধনুর্মুষ্টিমুভৌ চ পার্ষ্ণিসারথী।
অবাকিরত্ততো দ্রোণঃ শরবর্ষৈঃ সহস্রশঃ ॥১৯॥
তথা সংছিদ্যমানেষু কার্ম্মুকেষু পুনঃ পুনঃ।
পাঞ্চাল্যঃ পরমাস্ত্রজ্ঞঃ শোণাশ্বং সমযোধয়ৎ ॥২০॥
স সত্যজিতমালোক্য তথোদীর্ণং মহাহবে।
অর্দ্ধচন্দ্রেণ চিচ্ছেদ শিরস্তস্য মহাত্মনঃ ॥২১॥
তস্মিন্ হতে মহামাত্রে পাঞ্চালানাং মহারথে।
অপায়াজ্জবনৈরশ্বৈর্দ্রোণাত্রস্তো যুধিষ্ঠিরঃ ॥২২॥
পাঞ্চালাঃ কেকয়া মৎস্যাশ্চেদিকারূষকোশলাঃ।
যুধিষ্ঠিরমভীপ্সন্তো দৃষ্ট্বা দ্রোণমুপাদ্রবন্ ॥২৩॥

হয়ানিতি। অবাকিরৎ অবকিরন্নচ্ছিনদিত্যর্থঃ ॥১৯॥
তথেতি। শোণা রক্তবর্ণা অশ্বা যস্য তং দ্রোণম্, সমযোধয়ৎ সম্প্রাহরৎ ॥২০॥
স ইতি। উদীর্ণং বিক্রমিণম্। অর্দ্ধচন্দ্রেণ তদাখ্যেন বাণেন ॥২১॥
তস্মিন্নিতি। মহামাত্রে প্রধানে। অপায়াৎ সমরাদপাসরৎ, জবনৈর্বেগবদ্ভিঃ ॥২২॥
পাঞ্চালা ইতি। এতে দেশবাচিনঃ শব্দাস্তত্তদ্দেশীয়যোদ্ধৃষু লক্ষ্যন্তে ॥২৩॥

সত্যজিৎ যুদ্ধে সেইরূপ পীড়ন করিলে, দ্রোণ তাহা সহ্য করিলেন না। সুতরাং তিনি সত্যজিৎকে বিনাশ করিবার জন্য সত্বর বাণক্ষেপ করিতে লাগিলেন ॥১৮॥

তদনন্তর দ্রোণ সহস্র সহস্র বাণ বর্ষণ করিয়া সত্যজিতের অশ্ব, ধ্বজ, ধনুর মুষ্টিদেশ এবং পৃষ্ঠবর্ত্তী সারথি দুই জনকে সংহার করিলেন ॥১৯॥

দ্রোণ সেইভাবে বার বার ধনু ছেদন করিলে, উত্তমাস্ত্রজ্ঞ সত্যজিৎ দ্রোণকে গুরুতর প্রহার করিতে থাকিলেন ॥২০॥

তখন দ্রোণ সত্যজিৎকে মহাযুদ্ধে সেইরূপ বিক্রম প্রকাশ করিতে দেখিয়া একটা অর্দ্ধচন্দ্রবাণদ্বারা সেই মহাত্মার মস্তক চ্ছেদন করিলেন ॥২১॥

পাঞ্চালদেশীয় সেই প্রধান মহারথ সত্যজিৎ নিহত হইলে, যুধিষ্ঠির দ্রোণ হইতে ভীত হইয়া বেগবান্ অশ্বগণের গুণে সমরাঙ্গন হইতে সত্বর অপসৃত হইলেন ॥২২॥

পাঞ্চাল, কেকয়, মৎস্য, চেদি, কারূষ ও কোশলদেশীয় যোদ্ধারা দ্রোণকে দেখিয়া যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া দ্রোণের দিকে ধাবিত হইল ॥২৩॥

ততো যুধিষ্ঠিরং প্রেপ্সুরাচার্য্যঃ শত্রুপূগহা।
ব্যধমত্তান্যনীকানি তূলরাশিমিবানলঃ ॥২৪॥
মৎস্যান্ জিত্বাঽজয়চ্চেদীন্ করূষান্ কেকয়ানপি।
পাঞ্চালান্ সৃঞ্জয়ান্ পাণ্ডূন্ ভারদ্বাজঃ পুনঃ পুনঃ ॥২৫॥
তং দহন্তমনীকানি ক্রুদ্ধমগ্নিং যথা বনম্ :
দৃষ্ট্বা রুক্মরথং বীরং সমকম্পন্ত সৃঞ্জয়াঃ ॥২৬॥
উত্তমং হ্যাদদানস্য ধনুরস্যাশুকারিণঃ।
জ্যাঘোষো নিঘ্নতোঽমিত্রান্ দিক্ষু সর্ব্বাসু শুশ্রুবে ॥২৭॥
নাগানশ্বান্ পদাতীংশ্চ রথিনো গজসাদিনঃ।
রৌদ্রা হস্তবতা মুক্তাঃ প্রমথ্নন্তি স্ম সায়কাঃ ॥২৮॥

তত ইতি। প্রেপ্সুর্গ্রহীতুমিচ্ছুঃ, শত্রুপূগহা শত্রুসমূহহন্তা। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥২৪॥
মৎস্যানিতি। পাণ্ডূন্ পাণ্ডবসৈন্যান্, ভারদ্বাজো দ্রোণঃ ॥২৫॥
তমিতি। অনীকানি পাণ্ডবসৈন্যানি। রুক্মরথং স্বর্ণময়রথং দ্রোণম্ ॥২৬॥
উত্তমমিতি। আদদানস্য গৃহ্ণতঃ, আশুকারিণঃ শীঘ্রাস্ত্রক্ষেপিণঃ ॥২৭॥
নাগানিতি। নাগান্ গজান্। হস্তবতা প্রশস্তহস্তশালিনা দ্রোণেন ॥২৮॥

তাহার পর অগ্নি যেমন তূলরাশি দগ্ধ করে, সেইরূপ যুধিষ্ঠিরকে ধরিবার জন্য যত্নবান্ ও শত্রুসমূহহন্তা দ্রোণ সেই সৈন্যগণকে দগ্ধ করিতে লাগিলেন ॥২৪॥

দ্রোণ মৎস্যদেশীয় যোদ্ধাদিগকে জয় করিয়া চেদি, করূষ, কেকয়, পাঞ্চাল, সৃঞ্জয় এবং পাণ্ডবপক্ষের অপর সৈন্যগণকেও বার বার জয় করিলেন ॥২৫॥

অগ্নি যেমন বন দগ্ধ করে, সেইরূপ স্বর্ণময়রথারোহী ও মহাবীর দ্রোণ ক্রুদ্ধ হইয়া পাণ্ডবসৈন্য দগ্ধ করিতেছেন দেখিয়া সৃঞ্জয়েরা কাঁপিতে লাগিল ॥২৬॥

উত্তম ধনু আকর্ষণ, সত্বর অস্ত্রক্ষেপ ও শত্রুসংহার করিবার সময়ে সকল দিকেই দ্রোণের ধনুষ্টঙ্কার শুনা যাইতে থাকিল ॥২৭॥

---

(২৪)···তৃণরাশিমিবানলঃ—পি। ইতঃ পরং বিরাটানুজশতানীকবধবোধকাশ্চত্বারঃ শ্লোকাঃ কেষুচিৎ পুস্তকেষু বিন্যস্তাঃ। তচ্চান্যায্যম্, ভীষ্মপর্ব্বণি ১১৩ অধ্যায়ে ভীষ্মেণৈব তদ্বধস্য মুনিনাভিধানাৎ ভীষ্মস্য প্রতিজ্ঞানুসারেণ তথৈব সম্ভবাচ্চ। তে চ শ্লোকা যথা—
নির্দ্দহন্তমনীকানি তানি তানি পুনঃ পুনঃ। দ্রোণং মৎস্যাদবরজঃ শতানীকোঽভ্যবর্ত্তত ॥
সূর্য্যরশ্মিপ্রতীকাশৈঃ কর্ম্মারপরিমার্জ্জিতৈঃ। ষড়্ভিঃ সসূতং সহয়ং দ্রোণং বিদ্ধানদদ্ভৃশম্ ॥
ক্রূরায় কর্ম্মণে যুক্তশ্চিকীর্ষুঃ কর্ম্ম দুষ্করম্। অবাকিরচ্ছরশতৈর্ভারদ্বাজং মহারথম্ ॥
তস্য নানদতো দ্রোণঃ শিরঃ কায়াৎ সকুণ্ডলম্। ক্ষুরেণাপাহরৎ তূর্ণং ততো মৎস্যাঃ প্রদুদ্রুবুঃ ॥

(২৭) উভাভ্যাং সন্দধানস্য···নি।

নানদ্যমানঃ পর্জন্যো মিশ্রবাতো হিমাত্যয়ে।
অশ্মবর্ষমিবাবর্ষৎ পরেষাং ভয়মাদধৎ ॥২৯॥
সর্বা দিশঃ সমচরৎ সৈন্যং বিক্ষোভয়ন্নিব।
বলী শূরো মহেষ্বাসো মিত্রাণামভয়ঙ্করঃ ॥৩০॥
তস্য বিদ্যুদিবাভ্রেষু চাপং হেমপরিষ্কৃতম্।
দিক্ষু সর্বাসু পশ্যামো দ্রোণস্যামিততেজসঃ ॥৩১॥
শোভমানাং ধ্বজে চাস্য বেদীমদ্রাক্ষ্ম ভারত!।
হিমবচ্ছিখরাকারাং চরতঃ সংযুগে ভৃশম্ ॥৩২॥
দ্রোণস্তু পাণ্ডবানীকে চকার কদনং মহৎ।
যথা দৈত্যগণে বিষ্ণুঃ সুরাসুরনমস্কৃতঃ ॥৩৩॥

নানদ্যেতি। হিমাত্যয়ে শীতকালাবসানে বসন্তকালে, নানদ্যমানঃ পুনঃ পুনর্নদন্ গর্জন্, মিশ্রো মিলিতো বাতো যত্র সঃ, পর্জন্যো মেঘঃ, অশ্মবর্ষং শিলাবৃষ্টিমিব, দ্রোণঃ পরেষাং ভয়ম্, আদধৎ জনয়ন্, বাণবর্ষম্ অবর্ষৎ অকরোৎ ॥২৯॥

সর্বা ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরো দ্রোণঃ ॥৩০॥

তস্যেতি। অভ্রেষু মেঘেষু, হেমপরিষ্কৃতং স্বর্ণখচিততয়া শোভিতম্ ॥৩১॥

শোভেতি। বেদীং ব্রাহ্মণত্বাদ্‌যজ্ঞবেদীচিহ্নম্। হিমবচ্ছিখরাকারাং হিমাদ্রিশৃঙ্গতুল্যাম্ ॥৩২॥

দ্রোণ ইতি। কদনমুৎপীড়নম্ ॥৩৩॥

লঘুহস্ত-দ্রোণ-নিক্ষিপ্ত ভয়ঙ্কর বাণ সকল যাইয়া হস্তী, অশ্ব, পদাতি, রথী ও গজারোহীদিগকে আলোড়ন করিতে লাগিল ॥২৮॥

বসন্তকালে বায়ুসম্মিলিত এবং অনবরতগর্জনকারী মেঘ যেমন শিলাবৃষ্টি করে, সেইরূপ দ্রোণ শত্রুপক্ষের ভয় জন্মাইতে থাকিয়া বাণবৃষ্টি করিতে লাগিলেন ॥২৯॥

বলবান্, বীর, মহাধনুর্দ্ধর ও মিত্রগণের অভয়দাতা দ্রোণ বিপক্ষসৈন্যকে আলোড়ন করতই যেন সকল দিকে বিচরণ করিতে থাকিলেন ॥৩০॥

মেঘের উপরে বিদ্যুতের ন্যায় অমিততেজা দ্রোণের হস্তে তাঁহার স্বর্ণখচিত ধনুখানাকে আমরা সকল দিকে দেখিতে লাগিলাম ॥৩১॥

ভরতনন্দন! দ্রোণ যখন অনবরত সমরাঙ্গনে বিচরণ করিতেছিলেন, তখন আমরা তাঁহার ধ্বজে হিমালয়ের শৃঙ্গতুল্য সুন্দর বেদী দেখিতেছিলাম ॥৩২॥

পূর্বকালে সুরাসুরনমস্কৃত বিষ্ণু যেমন দৈত্যসৈন্যগণের গুরুতর উৎপীড়ন করিয়াছিলেন, দ্রোণও তেমন পাণ্ডবসৈন্যগণের গুরুতর উৎপীড়ন করিতে লাগিলেন ॥৩৩॥

স শূরঃ সত্যবাক্ প্রাজ্ঞো বলবান্ সত্যবিক্রমঃ।
মহানুভাবঃ কল্পান্তে রৌদ্রাং ভীরুবিভীষণাম্ ॥৩৪॥
কবচোর্ম্মিধ্বজাবর্ত্তাং মর্ত্ত্যকূলাপহারিণীম্।
গজবাজিমহাগ্রাহামসিমীনাং দুরাসদাম্ ॥৩৫॥
বীরাস্থিশর্করাং রৌদ্রাং ভেরীমুরজকচ্ছপাম্।
চর্ম্মবর্ম্মপ্লবাং ঘোরাং কেশশৈবলশাদ্বলাম্ ॥৩৬॥
শরৌঘিণীং ধনুঃস্রোতাং বাহুপন্নগসঙ্কুলাম্।
রণভূমিবহাং তীব্রাং কুরুসৃঞ্জয়বাহিনীম্ ॥৩৭॥
মনুষ্যশীর্ষপাষাণাং শক্তিমীনাং গদোড়ুপাম্।
উষ্ণীষফেনবসনাং বিকীর্ণান্ত্রসরীসৃপাম্ ॥৩ ॥
বীরাপহারিণীমুগ্রাং মাংসশোণিতকর্দ্দমাম্।
হস্তিগ্রাহাং কেতুবৃক্ষাং ক্ষত্রিয়াণাং নিমজ্জনীম্ ॥৩৯॥

অথাষ্টভিঃ শ্লোকৈঃ কুলকেন রক্তনদীং বর্ণয়ন্নাহ স ইতি। ঈদৃশো দ্রোণো নদীং প্রাবর্ত্তয়দিতি পরেণান্বয়ঃ। মহাননুভাবঃ প্রভাবো যস্য সঃ, কল্পান্তে প্রলয়কাল ইব। কবচান্যেব উর্ম্ময়স্তরঙ্গা যস্যাঃ সা চাসৌ ধ্বজা এব আবর্ত্তা জলভ্রময়ো যস্যাঃ সা চেতি তাম্, মর্ত্ত্যা মৃতদেহা এব কূলানি তীরাণি তানি ভঙ্ক্ত্বা অপহরতীতি তাম্। গজবাজিন এব মহাগ্রাহা বৃহজ্জলজন্তবো যস্যাং তাম্, অসয়ঃ কৃপাণা এব মীনা যস্যাস্তাম্, দুরাসদাং দুর্গমাম্। বীরাণামস্থীন্যেব শর্করাঃ ক্ষুদ্রপাষাণা যস্যাং তাম্, ভেরীমুরজা বাদ্যযন্ত্রাণ্যেব কচ্ছপা যস্যাং তাম্। চর্ম্মাণি বর্ম্মাণি চ প্লবাঃ ক্ষুদ্রনৌকা যস্যাং তাম্, কেশা এব শৈবলাস্তৈঃ শাদ্বলাং স্থানবিশেষে হরিদ্বর্ণাম্। শরা এব ওঘা বেগা অস্যাঃ সন্তীতি তাম্, ধনূংষ্যেব স্রোতাংসি যস্যাস্তাম্। স্রোতঃশব্দস্য সলোপ আর্ষঃ। বাহব এব পন্নগাঃ সর্পাস্তৈঃ সঙ্কুলাং ব্যাপ্তাম্। রণভূমৌ বহতীতি তাম্, কুরূন্ সৃঞ্জয়াংশ্চ বহতি নয়তীতি তাম্। মনুষ্যাণাং শীর্ষাণি মস্তকান্যেব পাষাণা যস্যাস্তাম্, শক্তয়ঃ অস্ত্রবিশেষা এব মীনা যস্যাস্তাম্, গদা এব উড়ুপানি ক্ষুদ্রনৌকা যস্যাস্তাম্। উষ্ণীষবসনান্যেব ফেনা যস্যাস্তাম্। ফেনপদস্য মধ্যবর্ত্তিত্বমার্ষম্। বিকীর্ণানি অন্ত্রাণি নাড়ীবিশেষা

বীর, সত্যবাদী, প্রাজ্ঞ, বলবান্, যথার্থবিক্রমশালী ও মহাপ্রভাবসম্পন্ন দ্রোণ প্রলয়কালের ন্যায় একটা ভয়ঙ্কর রক্তের নদী প্রবর্ত্তিত করিয়া ফেলিলেন। কবচ ছিল সেই নদীটার তরঙ্গ, ধ্বজ ছিল আবর্ত্ত (ঘোলা), হস্তী ও অশ্ব ছিল বৃহৎ জলজন্তু, তরবারি ছিল মৎস্য, বীরগণের অস্থি ছিল কাঁকর, ভেরী ও মৃদঙ্গ ছিল কচ্ছপ, চর্ম্ম ও বর্ম্ম ছিল ক্ষুদ্র নৌকা, বাণ ছিল বেগ, ধনু ছিল স্রোত, মনুষ্যগণের মস্তক ছিল পাষাণ, শক্তি ছিল মৎস্য, গদা ছিল ক্ষুদ্র নৌকা, উষ্ণীষ ও বস্ত্র ছিল ফেন, বিক্ষিপ্ত নাড়ী ছিল সর্প, রক্ত ও মাংস ছিল কর্দ্দম, হস্তী ছিল

ক্রূরাং শরীরসংঘট্টাং সাদিনক্রাং দুরত্যয়াম্ ।
দ্রোণঃ প্রাবর্ত্তয়ত্তত্র নদীমন্তকগামিনীম্ ॥৪০॥
ক্রব্যাদগণসংজুষ্টাং শ্বশৃগালগণাযুতাম্ ।
নিষেবিতাং মহারৌদ্রৈঃ পিশিতাশৈঃ সমন্ততঃ ॥৪১॥ (কুলকম্)
তং দহন্তমনীকানি রথোদারং কৃতান্তবৎ ।
সর্বতোঽভ্যদ্রবন্ দ্রোণং কুন্তীপুত্রপুরোগমাঃ ॥৪২॥
তে দ্রোণং সহিতাঃ শূরাঃ সর্বতঃ প্রত্যবারয়ন্ ।
গভস্তিভিরিবাদিত্যং তপন্তং ভুবনং যথা ॥৪৩॥
তং তু শূরং মহেষ্বাসং তাবকা হ্যুদ্যতায়ুধাঃ ।
রাজানো রাজপুত্রাশ্চ সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥৪৪॥

এব সরীসৃপাঃ সর্পা যত্র তাম্। বীরানপহরতীতি তাম্, মাংসশোণিতান্যেব কর্দ্দমা যস্যাস্তাম্। হস্তিন এব গ্রাহা জলজন্তবো যত্র তাম্, কেতবো ধ্বজা এব বৃক্ষা যত্র তাম্, ক্ষত্রিয়াণাং নিমজ্জনীং নিমজ্জনকারিণীম্। শরীরাণ্যেব সংঘট্টা সোপানানি যস্যাং তাম্, সাদিনো হস্ত্যশ্বারোহিণ এব নক্রাঃ কুম্ভীরা যস্যাং তাম্। অন্তকগামিনীং যমলোকপ্রাপিণীম্। ক্রব্যাদগণৈর্বৃকাদিমাংসভোজিসমূহৈঃ সংজুষ্টাং সম্যক্ সেবিতাম্, শুনাং কুকুরাণাং শৃগালানাঞ্চ গণেন আযুতাং সম্বদ্ধাম্। সমন্ততো মহারৌদ্রৈঃ পিশিতাশৈর্মাংসভোজিভিঃ পক্ষিভির্নিষেবিতাঞ্চ। অত্র পুনরুক্ত্যাদয়ো দোষা আর্ষত্বাৎ সোঢ়ব্যাঃ ॥৩৪—৪১॥

তমিতি। রথোদারং মহারথম্। কুন্তীপুত্রপুরোগমা যুধিষ্ঠিরাদয়ঃ ॥৪২॥

ত ইতি। গভস্তিভিঃ কিরণৈঃ। প্রথমার্থে তৃতীয়েয়ম্। ইবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥৪৩॥

তমিতি। পর্য্যবারয়ন্ সাহায্যবিধানায় ॥৪৪॥

জলজন্তু, ধ্বজ ছিল বৃক্ষ, শরীর ছিল ঘাট এবং গজারোহী ও অশ্বারোহীরা ছিল কুম্ভীর। আর সেই নদীটা ভীরু লোকের ভয় জন্মাইতেছিল এবং দুর্গমা, কেশরূপ শৈবলে (সেওলাতে) হরিদ্বর্ণা, রণস্থলবাহিনী, কুরু ও সৃঞ্জয়গণাকর্ষিণী, বীরাপহরণকারিণী, ক্ষত্রিয়গণের নিমগ্নতাবিধায়িনী, যমলোকপ্রেরিণী, বিশেষতঃ মাংসভোজী বৃক, কুকুর, শৃগাল ও মহাভীষণ পক্ষিগণে সকল দিকে ব্যাপ্ত ছিল ॥৩৪—৪১॥

মহারথ দ্রোণ যমের ন্যায় সৈন্য সংহার করিতে লাগিলে, যুধিষ্ঠিরপ্রভৃতি যোদ্ধারা সকল দিক্ হইতে তাঁহার প্রতি ধাবিত হইলেন ॥৪২॥

কিরণসমূহ যেমন জগৎসন্তাপকারী সূর্য্যকে পরিবেষ্টন করে, সেইরূপ সেই বীরেরা সম্মিলিত হইয়া সকল দিকে দ্রোণকে বেষ্টন করিলেন ॥৪৩॥

(৪৩)···সর্ব্বতঃ পর্য্যবারয়ন্··· পি। (৪৪)···তাবকাভ্যুদ্যতায়ুধাঃ···বা ব রা নি।

শিখণ্ডী তু ততো দ্রোণং পঞ্চভির্নতপর্ব্বভিঃ।
ক্ষত্রবর্ম্মা চ বিংশত্যা বসুদানশ্চ পঞ্চভিঃ ॥৪৫॥
উত্তমৌজাস্ত্রিভির্বাণৈঃ ক্ষত্রদেবশ্চ সপ্তভিঃ।
সাত্যকিশ্চ শতেনাজৌ যুধামন্যুস্তথাষ্টভিঃ ॥৪৬॥
যুধিষ্ঠিরো দ্বাদশভির্দ্রোণং বিব্যাধ সায়কৈঃ।
ধৃষ্টদ্যুম্নশ্চ দশভিশ্চেকিতানস্ত্রিভিঃ শরৈঃ ॥৪৭॥ (বিশেষকম্)
ততো দ্রোণঃ সত্যসন্ধঃ প্রভিন্ন ইব কুঞ্জরঃ।
অভ্যতীত্য রথানীকং দৃঢ়সেনমপাতয়ৎ ॥৪৮॥
ততো রাজানমাসাদ্য প্রহরন্তমভীতবৎ।
অবিধ্যন্নবভিঃ ক্ষেমং স হতঃ প্রাপতদ্রথাৎ ॥৪৯॥
স মধ্যং প্রাপ্য সৈন্যানাং সর্ব্বাঃ প্রবিচরন্ দিশঃ।
ত্রাতা হ্যভবদন্যেষাং ন ত্রাতব্যঃ কথঞ্চন ॥৫০॥

শিখণ্ডীতি। নতানি কিঞ্চিদ্বক্রাণি পর্বাণি উপান্ত্যদেশা যেষাং তৈর্বাণৈঃ। শতেন বাণানাম্। বিব্যাধ তাড়য়ামাস, সায়কৈর্বাণৈঃ ॥৪৫—৪৭॥

তত ইতি। সত্যসন্ধো যথার্থপ্রতিজ্ঞঃ, প্রভিন্নো মদস্রাবী। দৃঢ়সেনং নাম ॥৪৮॥

তত ইতি। ক্ষেমং নাম রাজানমিতি সম্বন্ধঃ। নবভির্ব্বাণৈঃ ॥৪৯॥

স ইতি। স দ্রোণঃ। ত্রাতা রক্ষকঃ। ত্রাতব্যো রক্ষিতব্যঃ, আত্মনৈব সুরক্ষিতত্বাৎ ॥৫০॥

আবার আপনার পক্ষের রাজারা এবং রাজপুত্রেরাও অস্ত্র উত্তোলন করিয়া সেই মহাবীর ও মহাধনুর্দ্ধর দ্রোণকে সকল দিকে বেষ্টন করিলেন ॥৪৪॥

তাহার পর শিখণ্ডী নতপর্ব পাঁচটা, ক্ষত্রবর্ম্মা কুড়িটা, বসুদান পাঁচটা, উত্তমৌজা তিনটা, ক্ষত্রদেব সাতটা, সাত্যকি শতটা, যুধামন্যু আটটা, যুধিষ্ঠির বারটা, ধৃষ্টদ্যুম্ন দশটা এবং চেকিতান তিনটা বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে বিদ্ধ করিলেন ॥৪৫—৪৭॥

তদনন্তর সত্যপ্রতিজ্ঞ দ্রোণ মদস্রাবী হস্তীর ন্যায় বিপক্ষ রথী সৈন্যকে অতিক্রম করিয়া যাইয়া দৃঢ়সেনকে নিপাতিত করিলেন ॥৪৮॥

তৎপরে, ক্ষেমরাজা নির্ভয়ের ন্যায় প্রহার করিতেছিলেন, সেই সময়ে দ্রোণ তাঁহার সম্মুখে যাইয়া তাঁহাকে নয়টা বাণদ্বারা বিদ্ধ করিলেন; তখন তিনি নিহত হইয়া রথ হইতে পতিত হইলেন ॥৪৯॥

ক্রমে দ্রোণ বিপক্ষসৈন্যের মধ্যে উপস্থিত হইয়া সকল দিকে বিচরণ করিতে থাকিয়া অন্যের রক্ষক হইতে লাগিলেন বটে, কিন্তু নিজে কোন প্রকারেই অন্যের রক্ষণীয় হইতে থাকিলেন না ॥৫০॥

শিখণ্ডিনং দ্বাদশভির্বিংশত্যা চোত্তমৌজসম্ ।
বসুদানঞ্চ ভল্লেন প্রৈষয়দ্‌যমসাদনম্ ॥৫১॥
অশীত্যা ক্ষত্রবর্ম্মাণং ষড়্‌বিংশত্যা সুদক্ষিণম্ ।
ক্ষত্রদেবন্তু ভল্লেন রথনীড়াদপাতয়ৎ ॥৫২॥
যুধামন্যুং চতুঃষষ্ট্যা ত্রিংশতা চৈব সাত্যকিম্ ।
বিদ্ধ্বা রুক্মরথস্তূর্ণং যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥৫৩॥
ততো যুধিষ্ঠিরঃ ক্ষিপ্রং গুরুতো রাজসত্তমঃ ।
অপায়াজ্জবনৈরশ্বৈঃ পাঞ্চাল্যো দ্রোণমভ্যয়াৎ ॥৫৪॥
তং দ্রোণঃ সধনুষ্কন্তু সাশ্বযন্তারমাক্ষিণোৎ ।
স হতঃ প্রাপতদ্‌ভূমৌ রথাজ্জ্যোতিরিবাম্বরাৎ ॥৫৫॥
তস্মিন্ হতে রাজপুত্রে পাঞ্চালানাং যশস্বরে ।
হত দ্রোণং হত দ্রোণমিত্যাসীন্নিস্বনো মহান্ ॥৫৬॥

শিখণ্ডিনমিতি । দ্বাদশভির্বিংশত্যা চ বাণৈর্বিদ্ধেতি শেষঃ ॥৫১॥

অশীত্যেতি। পূর্ব্ববদেব বিদ্ধেতি শেষঃ। রথনীড়াদিত্যনেন ক্ষত্রদেবস্য পক্ষিতুল্যত্বং সূচিতম্ ॥৫২॥

যুধেতি। রুক্মরথঃ স্বর্ণময়রথো দ্রোণঃ। উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৫৩॥

তত ইতি। গুরুতো গুরোর্দ্রোণাৎ। অপায়াৎ অপাসরৎ, জবনৈর্বেগবদ্ভিঃ ॥৫৪॥

তমিতি। অশ্বৈর্যন্ত্রা সারথিনা চ সহেতি তম্, আক্ষিণোদ্বাণৈর্ব্যদারয়ৎ ॥৫৫॥

পরে তিনি বারটা বাণদ্বারা শিখণ্ডীকে এবং কুড়িটাদ্বারা উত্তমৌজাকে বিদ্ধ করিয়া একটা ভল্লদ্বারা বসুদানকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৫১॥

যথেতি। প্রভিন্নো মদস্রাবী, ষষ্টিহায়নস্তদৈব তস্য যৌবনাৎ। আয়স্তো যত্নবান্ ॥২০॥
তস্মিন্নিতি। তেন স্বকীয়েন, নাগেন হস্তিনা ॥২১॥
তমিতি। সন্নিপাতঃ সংঘর্ষো যুদ্ধমিতি যাবৎ ॥২২॥

মহারাজ! অর্জ্জুন সেইভাবে আপনার সৈন্য আলোড়ন করিতে লাগিলে, পর্ব্বতসংঘর্ষে নৌকার ন্যায় তাহা ক্রমশঃ বিশীর্ণ হইতে লাগিল ॥১৭॥

তাহার পর বীর দশ হাজার ধনুর্দ্ধর যুদ্ধে জয়-পরাজয়বিষয়ে দৃঢ় বুদ্ধি করিয়া প্রতিনিবৃত্ত হইলেন ॥১৮॥

সেই মহারথেরা নির্ভয়চিত্তে অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন। তখন সমস্ত-ভারসহিষ্ণু অর্জ্জুনও যুদ্ধে সেই গুরুতর ভার গ্রহণ করিলেন ॥১৯॥

ক্রমে মদস্রাবী, ষষ্টিবর্ষবয়স্ক ও ক্রুদ্ধ হস্তী যেমন নলবন মর্দ্দন করে, সেইরূপ অর্জ্জুন সযত্নে আপনার সৈন্য মর্দ্দন করিতে লাগিলেন ॥২০॥

অর্জ্জুন সেই সৈন্য আলোড়ন করিতে লাগিলে, ভগদত্তরাজা নিজের সেই হস্তীতে আরোহণ করিয়া বেগে অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥২১॥

পরে রথারোহী নরশ্রেষ্ঠ অর্জ্জুন তাঁহাকে গ্রহণ করিলেন। তখন রথ ও হস্তীর তুমুল সংঘর্ষ হইতে লাগিল ॥২২॥

(১৯) ব্যপেতহৃদয়ত্রাস আপদ্ধর্ম্মাতিগো রথঃ… পি ব। (২২)…বভূব নরনাগয়োঃ—নি।

কল্পিতাভ্যাং যথাশাস্ত্রং রথেন চ গজেন চ।
সংগ্রামে চেরতুর্বীরৌ ভগদত্তধনঞ্জয়ৌ ॥২৩॥
ততো জীমূতসঙ্কাশান্নাগাদিন্দ্র ইব প্রভুঃ।
অভ্যবর্ষচ্ছরৌঘেণ ভগদত্তো ধনঞ্জয়ম্ ॥২৪॥
স চাপি শরবর্ষং তচ্ছরবর্ষেণ বাসবিঃ।
অপ্রাপ্তমেব চিচ্ছেদ ভগদত্তস্য বীর্য্যবান্ ॥২৫॥
ততঃ প্রাগ্‌জ্যোতিষো রাজা শরবর্ষে নিবারিতে।
সংরক্তনয়নো রোষাৎ পার্থং পুনরবাকিরৎ ॥২৬॥
স তথা শরবর্ষেণ পার্থং সমভিহত্য বৈ।
চোদয়ামাস তং নাগং বধায়াচ্যুতপার্থয়োঃ ॥২৭॥
তমাপতন্তং দ্বিরদং দৃষ্ট্বা ক্রুদ্ধমিবান্তকম্।
চক্রেঽপসব্যং ত্বরিতঃ স্যন্দনেন জনার্দ্দনঃ ॥২৮॥

কল্পিতাভ্যামিতি। কল্পিতাভ্যাং সজ্জিতাভ্যাম্। অত্রাসত্তিক্রমেণান্বয়ঃ ॥২৩॥
তত ইতি। জীমূতসঙ্কাশান্মেঘতুল্যাৎ, নাগাদ্‌গজাৎ, প্রভুঃ রাজা ॥২৪॥
স ইতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিরর্জ্জুনঃ। অপ্রাপ্তমনাগতমেব ॥২৫॥
তত ইতি। নিবারিতে পার্থেন। অবাকিরৎ শরবর্ষৈরেবাবৃণোৎ ॥২৬॥
স ইতি। চোদয়ামাস প্রেরয়ামাস, নাগং হস্তিনম্ ॥২৭॥
তমিতি। দ্বিরদং হস্তিনম্। অপসব্যং বামবর্ত্তিনম্, স্যন্দনেন রথেন ॥২৮॥

ক্রমে বীর ভগদত্ত ও অর্জুন শাস্ত্র অনুসারে সজ্জিত হস্তী ও রথে সমরাঙ্গনে বিচরণ করিতে থাকিলেন ॥২৩॥

তাহার পর ইন্দ্রের ন্যায় ভগদত্তরাজা মেঘতুল্য সেই হস্তীর পৃষ্ঠ হইতেই অর্জুনের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥২৪॥

ভগদত্তের সেই বাণসমূহ না আসিতেই, বলবান্ অর্জুন বাণবর্ষণ করিয়া সেগুলিকে ছেদন করিলেন ॥২৫॥

অর্জুন বাণবর্ষণ নিবারণ করিলে, ভগদত্তরাজা ক্রোধে আরক্তনয়ন হইয়া পুনরায় বাণবর্ষণ করিয়া অর্জুনকে আবৃত করিয়া ফেলিলেন ॥২৬॥

ক্রমে ভগদত্ত বাণবর্ষণদ্বারা সেইভাবে অর্জুনকে তাড়ন করিয়া কৃষ্ণ ও অর্জুনকে বধ করিবার জন্য সেই হাতীটাকে চালাইয়া দিলেন ॥২৭॥

(২৬) ততঃ প্রাগ্‌জ্যোতিষো রাজা শরবর্ষং নিবার্য্য তৎ। শরৈর্জঘ্নে মহাবাহুঃ পার্থং কৃষ্ণঞ্চ মারিষ ! ॥—পি বা ব। (২৭) ততঃ স শরজালেন মহতাভ্যবকীর্য্য তৌ·· পি বা ব।

তং প্রাপ্তমপি নেয়েষ পরাবৃত্তং মহাদ্বিপম্ ।
সারোহং মৃত্যুসাৎ কর্ত্তুং স্মরন্ ধর্ম্মং ধনঞ্জয়ঃ ॥২৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে ভগদত্তযুদ্ধে ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

সপ্তবিংশোঽধ্যায়ঃ ।

ধৃতরাষ্ট্র উবাচ ।
তথা ক্রুদ্ধঃ কিমকরোদ্ভগদত্তস্য পাণ্ডবঃ ।
প্রাগ্‌জ্যোতিষো বা পার্থস্য তন্মে শংস যথাতথম্ ॥১॥
সঞ্জয় উবাচ ।
প্রাগ্‌জ্যোতিষেণ সংসক্তাবুভৌ দাশার্হপাণ্ডবৌ ।
মৃত্যোর্দংষ্ট্রান্তিকং প্রাপ্তৌ সর্বভূতানি মেনিরে ॥২॥

তমিতি। ধর্ম্মম্ "সমাভাষ্য প্রহর্ত্তব্যম্" ইতি পূর্বকৃতপ্রতিজ্ঞানিয়মম্ ॥২৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি সংশপ্তকবধে ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ॥০॥

তথেতি। সঞ্জয়োক্তিপ্রতিবন্ধাভাবেঽপি ধৃতরাষ্ট্রস্যাবেগাতিরেকাৎ পুনরাদেশঃ ॥১॥

ক্রুদ্ধ যমের ন্যায় সেই হাতীটাকে আসিতে দেখিয়া কৃষ্ণ সত্বর রথখানাকে চালাইয়া তাহাকে বামদিগ্‌বর্ত্তী করিলেন ॥২৮॥

সেই মহাহস্তীটা ফিরিয়া উপস্থিত হইলেও, অর্জ্জন পূর্বপ্রতিজ্ঞা স্মরণ করিয়া আরোহীর সহিত তাহাকে বধ করিবার ইচ্ছা করিলেন না' ॥২৯॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! অর্জ্জুন সেইরূপ ক্রুদ্ধ হইয়া ভগদত্তের কি করিল, ভগদত্তই বা অর্জ্জুনের কি করিলেন, তাহা আমার নিকট যথাযথভাবে বল' ॥১॥

(২৯) ইতঃ পরম্ 'স তু নাগো দ্বিপরথান্ হয়াংশ্চামৃদ্য মারিষ ! । প্রাহিণোদ্‌যমলোকায় ততঃ ক্রুদ্ধো ধনঞ্জয়ঃ ॥' অয়ং শ্লোকোঽধিকঃ—পি বা ব। * '…সপ্তবিংশোঽধ্যায়ঃ' ব, '…অষ্টাবিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

তথা তু শরবর্ষাণি পাতয়ত্যনিশং প্রভো ! ।
গজস্কন্ধান্মহারাজ ! কৃষ্ণয়োঃ স্যন্দনস্থয়োঃ ॥৩॥
অথ কার্ষ্ণায়সৈর্বাণৈঃ পূর্ণকার্ম্মুকনিঃসৃতৈঃ ।
অবিধ্যদ্দেবকীপুত্রং হেমপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ॥৪॥
অগ্নিস্পর্শসমাস্তীক্ষ্ণা ভগদত্তেন চোদিতাঃ ।
নির্ভিদ্য দেবকীপুত্রং ক্ষিতিং জগ্মুঃ সুবাসসঃ ॥৫॥
তস্য পার্থো ধনুশ্ছিত্ত্বা পরিবারং নিহত্য চ ।
লালয়ন্নিব রাজানং ভগদত্তমযোধয়ৎ ॥৬॥
সোঽর্করশ্মিনিভাংস্তীক্ষ্ণাংস্তোমরান্ বৈ চতুর্দ্দশ ।
প্রৈষয়ৎ সব্যসাচী তু ত্রিধৈকৈকমথাচ্ছিনৎ ॥৭॥

প্রাগিতি। সংসক্তৌ মিলিতৌ, দাশার্হপাণ্ডবৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥২॥
তথেতি। পাতয়তীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা। কৃষ্ণয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ ॥৩॥
অথেতি। কার্ষ্ণায়সৈর্লৌহসারময়ৈঃ। শিলায়াং শিতৈর্ঘর্ষণেন সুধারীকৃতৈঃ ॥৪॥
অগ্নীতি। চোদিতাঃ ক্ষিপ্তাঃ। শোভনানি বাসাংসি কঙ্কপক্ষা যেষু তে ॥৫॥
তস্যেতি। পরিবারং পরিজনম্। লালয়ন্নিব অদৃঢ়প্রহারাদিত্যাশয়ঃ ॥৬॥
স ইতি। অর্করশ্মিনিভান্ নির্ম্মলান্। সব্যসাচী অর্জ্জুনঃ ॥৭॥

সঞ্জয় বলিলেন—'কৃষ্ণ ও অর্জ্জুন দুই জনই ভগদত্তের সহিত মিলিত হইয়া যেন মৃত্যুর দন্তের নিকটে গিয়াছেন বলিয়া সকলে মনে করিতে লাগিল ॥২॥

প্রভু ! মহারাজ ! ভগদত্ত গজস্কন্ধ হইতে রথস্থিত কৃষ্ণ ও অর্জ্জুনের উপরে অনবরত বাণবর্ষণ করিতে থাকিলেন ॥৩॥

তাহার পর তিনি—স্বর্ণপুঙ্খ, শিলাশাণিত, লৌহসার-(ইস্পাত) নির্ম্মিত ও পূর্ণাকৃষ্ট কার্ম্মুকনির্গত বাণসমূহদ্বারা কৃষ্ণকে বিদ্ধ করিলেন ॥৪॥

ভগদত্তনিক্ষিপ্ত, অগ্নিসমস্পর্শ, সুন্দরকঙ্কপক্ষযুক্ত তীক্ষ্ণ বাণ সকল যাইয়া কৃষ্ণের দেহ ভেদ করিয়া ভূমিতে প্রবেশ করিতে লাগিল ॥৫॥

তখন অর্জুন ভগদত্তের ধনু ছেদন ও পরিজন বিনাশ করিয়া লালন করিতে থাকিয়াই যেন ভগদত্তরাজাকে প্রহার করিতে লাগিলেন ॥৬॥

ক্রমে ভগদত্ত সূর্য্যরশ্মির ন্যায় নির্ম্মল ও তীক্ষ্ণ চৌদ্দটা তোমর নিক্ষেপ করিলেন; কিন্তু অর্জ্জুন তাহার এক একটাকে তিন তিন খণ্ডে ছেদন করিলেন ॥৭॥

(৩)···ভগদত্তো গজস্কন্ধাৎ···পি ব। (৭)···অপ্রেষয়ৎ সব্যসাচী···বা নি।

ততো নাগস্য তদ্বর্ম্ম ব্যধমৎ পাকশাসনিঃ।
শরজালেন মহতা তদ্ব্যশীর্য্যত ভূতলে ॥৮॥
বিশীর্ণবর্ম্মা স গজঃ শরৈঃ সুভৃশমর্দ্দিতঃ।
বভৌ ধারানিপাতাক্তো ব্যভ্রঃ পর্ব্বতরাড়িব ॥৯॥
ততঃ প্রাগ্জ্যোতিষঃ শক্তিং হেমদণ্ডাময়স্ময়ীম্।
ব্যসৃজদ্বাসুদেবায় দ্বিধা তামর্জ্জুনোঽচ্ছিনৎ ॥১০॥
ততশ্ছত্রং ধ্বজঞ্চৈব চ্ছিত্ত্বা রাজ্ঞোঽর্জ্জুনঃ শরৈঃ।
বিব্যাধ দশভিস্তূর্ণমুৎস্ময়ন্ পর্ব্বতেশ্বরম্ ॥১১॥
সোঽতিবিদ্ধোঽর্জ্জুনশরৈঃ সুপুঙ্খৈঃ কঙ্কপত্রিভিঃ।
ভগদত্তস্ততঃ ক্রুদ্ধঃ পাণ্ডবস্য জনাধিপঃ ॥১২॥
ব্যসৃজত্তোমরান্ মূর্দ্ধ্নি শ্বেতাশ্বস্যোন্ননাদ চ।
তৈরর্জ্জুনস্য সমরে কিরীটং পরিবর্ত্তিতম্ ॥১৩॥ (যুগ্মকম্)

তত ইতি। নাগস্য ভগদত্তগজস্য, ব্যধমৎ অচ্ছিনৎ। ব্যশীর্য্যত ন্যপতৎ ॥৮॥
বিশীর্ণেতি। ধারানিপাতাক্তো বারিধারাপতনেন সিক্তঃ, ব্যভ্রো বিগতমেঘঃ ॥৯॥
তত ইতি। অয়স্ময়ীং লৌহময়ীম্ ॥১০॥
তত ইতি। উৎস্ময়ন্ উৎকর্ষেণ স্ময়মান ঈষদ্ধসন্ ॥১১॥
স ইতি। কঙ্কপত্রিভিঃ কঙ্কপক্ষিপক্ষযুক্তৈঃ। শ্বেতাশ্বস্য অর্জ্জুনস্য ॥১২—১৩॥

তাহার পর অর্জ্জুন বিশাল শরজালদ্বারা সেই হাতীটার বর্ম্মটাকে কাটিয়া ফেলিলেন; তখন সে বর্ম্মটা ভূতলে পড়িয়া গেল ॥৮॥

পরে বর্ম্মবিহীন সেই হাতীটা অর্জুনের বাণে অত্যন্তপীড়িত হইতে থাকিয়া জলধারানিষিক্ত মেঘবিহীন পর্বতশ্রেষ্ঠের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৯॥

তদনন্তর ভগদত্ত কৃষ্ণের উপরে একটা স্বর্ণদণ্ড ও লৌহময় শক্তি নিক্ষেপ করিলেন; তখন অর্জুন সেটাকে দুই খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন ॥১০॥

তৎপরে অর্জুন ঈষৎ হাস্য করিয়া ভগদত্তের ছত্র ও ধ্বজ ছেদন করিয়া দশটা বাণদ্বারা সত্বর তাঁহাকে বিদ্ধ করিলেন ॥১১॥

তাহার পর ভগদত্তরাজা অর্জুনের সেই সুপুঙ্খ ও কঙ্কপক্ষযুক্ত বাণে অত্যন্তবিদ্ধ ও ক্রুদ্ধ হইয়া অর্জ্জুনের মস্তকে বহুতর তোমর নিক্ষেপ করিলেন ও সিংহনাদ করিয়া উঠিলেন। ক্রমে সেই তোমরগুলি যাইয়া অর্জ্জুনের কিরীটটাকে পরিবর্ত্তিত করিল (উল্টাইয়া ফেলিল) ॥১২—১৩॥

পরিবৃত্তং কিরীটং তদ্‌যময়ন্নেব পাণ্ডবঃ।
সুদৃষ্টঃ ক্রিয়তাং লোক ইতি রাজানমব্রবীৎ ॥১৪॥
এবমুক্তস্তু সংক্রুদ্ধঃ শরবর্ষেণ পাণ্ডবম্।
অভ্যবর্ষৎ স গোবিন্দং ধনুরাদায় ভাস্বরম্ ॥১৫॥
তস্য পার্থো ধনুশ্ছিত্ত্বা তূণীরান্ সন্নিকৃত্য চ।
ত্বরমাণো দ্বিসপ্তত্যা সর্ব্বমর্ম্মস্বতাড়য়ৎ ॥১৬॥
বিদ্ধস্ততোঽতিব্যথিতো বৈষ্ণবাস্ত্রমুদীরয়ন্।
অভিমন্ত্র্যাঙ্কুশং ক্রুদ্ধো ব্যসৃজৎ পাণ্ডবোরসি ॥১৭॥
বিসৃষ্টং ভগদত্তেন তদস্ত্রং সর্ব্বঘাতি বৈ।
উরসা প্রতিজগ্রাহ পার্থং সংছাদ্য কেশবঃ ॥১৮॥
বৈজয়ন্ত্যভবন্মালা তদস্ত্রং কেশবোরসি।
ততোঽর্জ্জুনঃ ক্লান্তমনাঃ কেশবং প্রত্যভাষত ॥১৯॥

পরীতি। যময়ন্ যথাস্থানং বধ্নন্। সুদৃষ্টঃ ক্রিয়তাম্, নাতঃ পরং দৃশ্যেতেতি ভাবঃ ॥১৪॥
এবমিতি। সংক্রুদ্ধো ভগদত্তঃ। পাণ্ডবমর্জ্জুনম্। ভাস্বরমুজ্জ্বলম্ ॥১৫॥
তস্যেতি। সন্নিকৃত্য সম্যক্ ছিত্বা। দ্বিসপ্তত্যা বাণৈঃ ॥১৬॥
বিদ্ধ ইতি। উদীরয়ন্ নিক্ষিপন্। অভিমন্ত্র্য মন্ত্রেণাঙ্কুশ এব বৈষ্ণবাস্ত্রমারোপ্য ॥১৭॥
বিসৃষ্টমিতি। উরসা বক্ষসা। সংছাদ্য পৃষ্ঠেনাবৃত্য ॥১৮॥

অর্জুন সেই কিরীটটাকে যথাস্থানে সন্নিবেশিত করিতে করিতে ভগদত্তকে বলিলেন—'আপনি জগৎটাকে ভাল করিয়া দেখিয়া নিন্' ॥১৪॥

অর্জ্জুন এইরূপ বলিলে, ভগদত্ত অত্যন্ত ক্রুদ্ধ হইয়া উজ্জ্বল একখানা ধনু লইয়া অর্জ্জুন ও কৃষ্ণের উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥১৫॥

তখন অর্জুন ত্বরান্বিত হইয়া ভগদত্তের ধনু ও তূণীর ছেদন করিয়া দ্বিসপ্ততি বাণদ্বারা তাঁহার সমস্ত মর্ম্মস্থানে পীড়ন করিলেন ॥১৬॥

তৎপরে ভগদত্ত অত্যন্ত বিদ্ধ, ব্যথিত ও ক্রুদ্ধ হইয়া বৈষ্ণবাস্ত্র নিক্ষেপ করিবেন বলিয়া মন্ত্রপাঠপূর্ব্বক অঙ্কুশে বৈষ্ণবাস্ত্র আরোপ করিয়া তাহা অর্জুনের বক্ষে নিক্ষেপ করিলেন ॥১৭॥

ভগদত্ত সর্ব্বসংহারক সেই বৈষ্ণবাস্ত্র নিক্ষেপ করিলে, কৃষ্ণ পৃষ্ঠদ্বারা অর্জ্জুনকে আবৃত করিয়া নিজবক্ষে সেই অস্ত্র গ্রহণ করিলেন ॥১৮॥

(১৪)…যময়ন্নেব ফাল্গুনঃ…পি। (১৯) অস্য পূর্বার্দ্ধাৎ পরমিদং শ্লোকদ্বয়মধিকম্—বা ব নি। তদ্‌যথা—
পদ্মকোশবিচিত্রাঢ্যা সর্ব্বত্র কুসুমোৎকটা। জ্বলনার্কেন্দুবর্ণাভা পাবকোজ্জ্বলপল্লবা ॥
তয়া পদ্মপলাশিন্যা বাতকম্পিতপত্রয়া। শুশুভেঽভ্যধিকং সৌরিরতসীপুষ্পসন্নিভঃ ॥

অযুধ্যমানস্তুরগান্ সংযন্তাস্মি তবানঘ ! ।
ইত্যুক্ত্বা পুণ্ডরীকাক্ষ ! প্রতিজ্ঞাং স্বাং ন রক্ষসি ॥২০॥
যদ্যহং ব্যসনী বা স্যামশক্তো বা নিবারণে।
ততস্ত্বয়ৈবং কার্য্যং স্যান্ন তু কার্য্যং ময়ি স্থিতে ॥২১॥
সবাণঃ সধনুশ্চাহং সসুরাসুরমানুষান্।
শক্তো লোকানিমান্ জেতুং তচ্চাপি বিদিতং তব ॥২২॥
ততোঽর্জ্জুনং বাসুদেবঃ প্রত্যুবাচার্থবদ্বচঃ।
শৃণু গুহ্যমিদং পার্থ ! পুরাবৃত্তং যথানঘ ! ॥২৩॥
চতুর্মূর্ত্তিরহং শশ্বল্লোকত্রাণার্থমুদ্যতঃ।
আত্মানং প্রবিভজ্যেহ লোকানাং হিতমাদধে ॥২৪॥

বৈজয়ন্তীতি। বৈজয়ন্তী স্বর্গীয়া তদাখ্যা বা। ক্লান্তমনা দুঃখিতচিত্তঃ ॥১৯॥
অযুধ্যেতি। সংযন্তাস্মি চালয়িষ্যামি। ন রক্ষসি, ইদানীং তদধিককরণাৎ ॥২০॥
যদীতি। ব্যসনী অন্যবিষয়াসক্তচিত্তঃ। কার্য্যং কর্ত্তব্যম্। ময়ি সতর্কে সমর্থে চ ॥২১॥
সবাণ ইতি। অতস্ত্বয়েদৃশকরণং নোচিতং জাতম্, মম ন্যূনতাপ্রকাশাদিতি ভাবঃ ॥২২॥
তত ইতি। অর্থবৎ যুক্তিযুক্তম্। গুহ্যং গুপ্তম্ ॥২৩॥
চতুরিতি। শশ্বৎ সর্বদা। আদধে জনয়ামি ॥২৪॥

তখন সেই বৈষ্ণবাস্ত্র যাইয়া কৃষ্ণের বক্ষে বৈজয়ন্তী মালা হইল। তৎপরে অর্জ্জুন ক্ষুণ্ণচিত্ত হইয়া কৃষ্ণকে বলিলেন—॥১৯॥

'নিষ্পাপ পুণ্ডরীকাক্ষ ! তুমি যুদ্ধের পূর্ব্বে বলিয়াছিলে—'আমি যুদ্ধ করিব না, কেবল তোমার অশ্বগণকে সঞ্চালন করিব'। কিন্তু এখন নিজের সেই প্রতিজ্ঞা রক্ষা করিলে না !' ॥২০॥

কৃষ্ণ ! আমার মন যদি অন্য বিষয়ে থাকিত, কিংবা আমি যদি এই অস্ত্র নিবারণ করিতে অসমর্থ হইতাম, তাহা হইলেই তোমার এইরূপ করা উচিত হইত, কিন্তু আমি সতর্ক ও সমর্থ থাকিতে তোমার এরূপ করা উচিত হয় নাই ॥২১॥

আমি ধনুর্বাণসমন্বিত হইয়া দেবতা, অসুর ও মানুষযুক্ত এই ত্রিভুবন জয় করিতেও সমর্থ হই ; তাহাও তোমার জানা আছে' ॥২২॥

তাহার পর কৃষ্ণ অর্জুনকে এই যুক্তিযুক্ত কথা বলিলেন—'নিষ্পাপ অর্জুন ! পূর্ব্বে যাহা ঘটিয়াছিল, সেই গুপ্ত বৃত্তান্ত এই শ্রবণ কর—॥২৩॥

আমার চারিটী মূর্ত্তি, তাহা দ্বারা আমি লোকরক্ষার জন্য প্রস্তুত থাকি।

(২১)···অশক্তো বা বিধারণে···পি।

একা মূর্ত্তিস্তপশ্চর্য্যাং কুরুতে মে ভুবি স্থিতা।
অপরা পশ্যতি জগৎ কুর্ব্বাণং সাধ্বসাধুনী ॥২৫॥
অপরা কুরুতে কর্ম্ম মানুষং লোকমাশ্রিতা।
শেতে চতুর্থী ত্বপরা নিদ্রাং বর্ষসহস্রিকাম্ ॥২৬॥
যাসৌ বর্ষসহস্রান্তে মূর্ত্তিরুত্তিষ্ঠতে মম।
বরার্হেভ্যো বরান্ শ্রেষ্ঠাংস্তস্মিন্ কালে দদাতি সা ॥২৭॥
তন্তু কালমনুপ্রাপ্তং বিদিত্বা পৃথিবী তদা।
অযাচত বরং যন্মাং নরকার্থায় তচ্ছৃণু ॥২৮॥
দেবানাং দানবানাঞ্চ অবধ্যস্তনয়োঽস্তু মে।
উপেতো বৈষ্ণবাস্ত্রেণ তন্মে ত্বং দাতুমর্হসি ॥২৯॥
এবং বরমহং শ্রুত্বা জগত্যাস্তনয়ে তদা।
অমোঘমস্ত্রং প্রায়চ্ছং বৈষ্ণবং পরমং পুরা ॥৩০॥

একেতি। একা নারায়ণরূপা। ভুবি বদরিকাশ্রমভূমৌ। অপরা পরব্রহ্মরূপা ॥২৫॥
অপরেতি। অপরা মৎস্যকূর্ম্মাদ্যবতাররূপা। অপরা জলশায়িন্যনন্তরূপা ॥২৬॥
যেতি। যাসৌ জলশায়িনী। উত্তিষ্ঠতে নিদ্রাতো জাগর্ত্তি ॥২৭॥
তমিতি। অনুপ্রাপ্তমুপস্থিতম্। নরকো নাম পৃথিব্যা এব পুত্রস্তদর্থায় ॥২৮॥
দেবানামিতি। তনয়ো নরকঃ। তদ্বৈষ্ণবাস্ত্রম্ ॥২৯॥

আমি আমার একই মূর্ত্তিকে চারিভাগে বিভক্ত করিয়া লোকের হিতসাধন করি ॥২৪॥

আমার একটী মূর্ত্তি (নারায়ণরূপা) বদরিকাশ্রমে থাকিয়া তপস্যা করে, দ্বিতীয়া মূর্ত্তি (পরব্রহ্মরূপা) জগতের ভাল-মন্দ কার্য্য দর্শন করে ॥২৫॥

তৃতীয়া মূর্ত্তি (মৎস্য-কূর্ম্মাদি অবতাররূপা) মনুষ্যলোকে থাকিয়া কার্য্য করে এবং চতুর্থী মূর্ত্তি (জলশায়িনী অনন্তরূপা) সহস্রবৎসরব্যাপিনী নিদ্রা অবলম্বন করিয়া সমুদ্রে শয়িত থাকে ॥২৬॥

ঐ যে চতুর্থী মূর্ত্তি সহস্র বৎসরের পরে গাত্রোত্থান করে, সেই মূর্ত্তিই সেই সময়ে বরদানযোগ্য লোকদিগকে উত্তম উত্তম বর দিয়া থাকে ॥২৭॥

সেই সময় উপস্থিত হইয়াছে জানিয়া পৃথিবী তখন নিজপুত্র নরকের জন্য আমার নিকট যে বর চাহিয়াছিলেন, তাহা শ্রবণ কর ॥২৮॥

'ভগবন্! আমার পুত্র নরক বৈষ্ণবাস্ত্রসম্পন্ন হইয়া দেবগণ ও দানবগণের অবধ্য হউক; আপনি আমাকে সেই অস্ত্র দান করুন' ॥২৯॥

(২৬)···বর্ষসহস্রিকীম্···বা ব নি। (২৮)···প্রাযাচত বরম্···পি।

অবোচঞ্চৈতদস্ত্রং বৈ হ্যমোঘং ভবতু ক্ষমে!।
নরকস্যাভিরক্ষার্থং নৈনং কশ্চিদ্বধিষ্যতি ॥৩১॥
অনেনাস্ত্রেণ তে গুপ্তঃ সুতঃ পরবলার্দ্দনঃ।
ভবিষ্যতি দুরাধর্ষঃ সর্বলোকেষু সর্ব্বদা ॥৩২॥
তথেত্যুক্ত্বা গতা দেবী কৃতকামা মনস্বিনী।
স চাপ্যাসীদ্‌দুরাধর্ষো নরকঃ শত্রুতাপনঃ ॥৩৩॥
তস্মাৎ প্রাগ্‌জ্যোতিষং প্রাপ্তং তদস্ত্রং পার্থ! মামকম্।
নাস্যাবধ্যোঽস্তি লোকেষু সেন্দ্ররুদ্রেষু মারিষ! ॥৩৪॥
তন্ময়া ত্বৎকৃতেনৈতদন্যথা ব্যপনায়িতম্।
বিমুক্তং পরমাস্ত্রেণ জহি পার্থ! মহাসুরম্ ॥৩৫॥

এবমিতি। জগত্যাঃ পৃথিব্যাঃ, তনয়ে নরকে। প্রায়চ্ছং প্রদত্তবান্ ॥৩০॥
অবোচমিতি। হে ক্ষমে! পৃথিবি!। এনং নরকম্, বধিষ্যতি হন্তুং শক্ষ্যতি ॥৩১॥
অনেনেতি। গুপ্তো রক্ষিতঃ। পরবলার্দ্দনঃ শত্রুসৈন্যপীড়কো ভবিষ্যতি ॥৩২॥
তথেতি। দেবী পৃথিবী, কৃতকামা সম্পাদিতাভীষ্টা ॥৩৩॥
তস্মাদিতি। তস্মাৎ নরকাৎ। হে মারিষ! আর্য্য! মহাবীরত্বাম্মাননীয়! ॥৩৪॥

আমি তখন পৃথিবীর পুত্র নরকের বিষয়ে এইরূপ বর শ্রবণ করিয়া উত্তম ও অব্যর্থ বৈষ্ণবাস্ত্র পৃথিবীকে দান করিয়াছিলাম ॥৩০॥

এবং বলিয়াছিলাম যে, 'পৃথিবি! তোমার পুত্র নরককে সর্ব্বতোভাবে রক্ষা করিবার জন্য আমার এই বৈষ্ণবাস্ত্র তাহার হউক; উহাকে কেহ বধ করিতে পারিবে না ॥৩১॥

তোমার পুত্র আমার এই অস্ত্রদ্বারা রক্ষিত হইয়া সমস্ত লোকে সর্ব্বদাই শত্রুসৈন্যপীড়ক ও দুর্দ্ধর্ষ হইবে' ॥৩২॥

'তাহাই হউক' এই কথা বলিয়া মনস্বিনী পৃথিবীদেবী অভীষ্টলাভ করিয়া চলিয়া গেলেন; তাঁহার পুত্র সেই নরকও শত্রুপীড়ক ও দুর্দ্ধর্ষ হইল ॥৩৩॥

মাননীয় অর্জুন! ভগদত্তরাজা সেই নরকাসুরের নিকট হইতে আমার সেই বৈষ্ণবাস্ত্র লাভ করিয়াছিলেন। ইন্দ্রলোক ও রুদ্রলোকপ্রভৃতি সমস্ত লোকেই এই অস্ত্রের অবধ্য কেহ নাই ॥৩৪॥

অতএব আমি তোমাকে রক্ষা করিবার জন্যই সেই বৈষ্ণবাস্ত্রকে অন্যরূপে পরিণত করিলাম। সুতরাং অর্জুন! ভগদত্ত এখন পরমাস্ত্রবিহীন হইয়াছেন, এই সময়ে ঐ মহাসুরকে বধ কর ॥৩৫॥

(৩৫)...অন্যথৈবোপনির্ম্মিতম্...বিমুক্তম্...নি।

বৈরিণং জহি দুর্দ্ধর্ষং ভগদত্তং সুরদ্বিষম্ ।
যথাহং জঘ্নিবান্ পূর্ব্বং হিতার্থং নরকং তথা ॥৩৬॥
এবমুক্তস্তদা পার্থঃ কেশবেন মহাত্মনা ।
ভগদত্তং শিতৈর্বাণৈঃ সহসা সমবাকিরৎ ॥৩৭॥
ততঃ পার্থো মহাবাহুরসংভ্রান্তো মহামনাঃ ।
কুম্ভয়োরন্তরে নাগং নারাচেন সমার্পয়ৎ ॥৩৮॥
স সমাসাদ্য তং নাগং বাণো বজ্র ইবাচলম্ ।
অভ্যগাৎ সহ পুঙ্খেন বল্মীকমিব পন্নগঃ ॥৩৯॥
স তু বিষ্টভ্য গাত্রাণি দন্তাভ্যামবনীং যযৌ ।
নদন্নার্ত্তস্বরং প্রাণানুৎসসর্জ্জ মহাদ্বিপঃ ॥৪০॥

তদিতি। ত্বংকৃতেন ত্বন্নিমিত্তেন তব রক্ষার্থমিত্যর্থঃ, ব্যপনায়িতং পরিণমিতম্ ॥৩৫॥
বৈরিণমিতি। সুরদ্বিষং দেবদ্বেষিণম্। অতএব মহাসুরমিত্যুক্তম্ ॥৩৬॥
এবমিতি। শিতৈঃ শিলাশাণিতৈঃ। সমবাকিরৎ সমাবৃণোৎ ॥৩৭॥
তত ইতি। অসংভ্রান্তঃ অবিচলিতচিত্তঃ। অন্তরে মধ্যে। সমার্পয়দপীড়য়ৎ ॥৩৮॥
স ইতি। অচলং পর্বতম্। বল্মীকম্ উয়ীমৃত্তিকাম্ ॥৩৯॥
স ইতি। বিষ্টভ্য বিস্তার্য্য। যযৌ পস্পর্শ। আর্ত্তস্বরং যথা স্যাত্তথা ॥৪০॥

আমি যেমন পূর্ব্বে জগতের হিতের জন্য নরকাসুরকে বধ করিয়াছিলাম, তুমিও এখন সেইরূপ শত্রু, দুর্দ্ধর্ষ ও দেবদ্বেষী ভগদত্তকে বধ কর' ॥৩৬॥

মহাত্মা কৃষ্ণ এইরূপ বলিলে, তখন অর্জুন নিশিত শরসমূহদ্বারা ভগদত্তকে আবৃত করিয়া ফেলিলেন ॥৩৭॥

তাহার পর মহাবাহু ও মহামনা অর্জুন অবিচলিতচিত্তে একটা নারাচদ্বারা ভগদত্তহস্তীর কুম্ভদ্বয়ের মধ্যদেশে আঘাত করিলেন ॥৩৮॥

তখন বজ্র যেমন পর্ব্বতের মধ্যে এবং সাপ যেমন উয়ীর মাটীর ভিতরে প্রবেশ করে, সেইরূপ সেই নারাচটা যাইয়া পুঙ্খদেশের সহিতই হাতীটার দেহের ভিতরে প্রবেশ করিল ॥৩৯॥

---

(৩৬) বৈরিণং যুধি দুর্দ্ধর্ষম্···পি ব। (৩৭)···ততঃ পার্থঃ · পি। (৩৯) ইতঃ পরম্ 'স করী ভগদত্তেন প্রের্য্যমাণো মুহুর্মুহুঃ। ন করোতি বচস্তস্য দরিদ্রস্যেব যোষিতা ॥' শ্লোকোঽয়মধিকঃ—বা ব নি। (৪০)···নদন্নার্ত্তস্বনম্···নি। ইতঃ পরম্—
'ততো গাণ্ডীবধন্বানমভ্যভাষত কেশবঃ। অয়ং মহত্তরঃ পার্থ! পলিতেন সমাবৃতঃ ॥
বলীসংছন্ননয়নঃ শূরঃ পরমদুর্জ্জয়ঃ। অক্ষ্ণোরুন্মীলনার্থায় বদ্ধপট্টো হ্যসৌ নৃপঃ ॥
দেববাক্যাৎ প্রচিচ্ছেদ শরেণ ভৃশমর্জ্জুনঃ। ছিন্নমাত্রেঽংশুকে তস্মিন্ রুদ্ধনেত্রো বভূব সঃ।
তমোময়ং জগন্মেনে ভগদত্তঃ প্রতাপবান্ ॥' ইতি সার্দ্ধশ্লোকত্রয়মধিকম্—বা ব নি।

ততশ্চন্দ্রার্দ্ধবিম্বেন বাণেনানতপর্ব্বণা।
বিভেদ হৃদয়ং রাজ্ঞো ভগদত্তস্য পাণ্ডবঃ ॥৪১॥
স ভিন্নহৃদয়ো রাজা ভগদত্তঃ কিরীটিনা।
শরাসনং শরাংশ্চৈব গতাসুঃ প্রমুমোচ হ ॥৪২॥
শিরসস্তস্য বিভ্রষ্টং পপাত চ বরাংশুকম্।
নালতাড়নবিভ্রষ্টং পলাশং নলিনাদিব ॥৪৩॥
স হেমমালী তপনীয়ভাণ্ডাৎ পপাত নাগাদ্‌গিরিসন্নিকাশাৎ।
সুপুষ্পিতো মারুতবেগভগ্নো মহীধরাগ্রাদিব কর্ণিকারঃ ॥৪৪॥
নিহত্য তং নরপতিমিন্দ্রবিক্রমং সখায়মিন্দ্রস্য তদৈন্দ্রিরাহবে।
ততোঽপরাংস্তব জয়কাঙ্ক্ষিণো নরান্ বভঞ্জ বায়ুর্ব্বলবান্ দ্রুমানিব ॥৪৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
সংশপ্তকবধে ভগদত্তবধে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

তত ইতি। চন্দ্রার্দ্ধস্য বিম্বমিব বিম্বং ফলকং যস্য তেন ॥৪১॥
স ইতি। শরাসনং ধনুঃ। গতা অসবঃ প্রাণা যস্য সঃ ॥৪২॥
শিরস ইতি। বরাংশুকম্ উত্তমবসনকৃতোষ্ণীষঃ। পলাশং পত্রম্, নলিনাং পদ্মাৎ ॥৪৩॥
স ইতি। হেমমালী স্বর্ণমালাধারী, স ভগদত্তোঽপি, মহীধরস্য পর্ব্বতস্য অগ্রাৎ, মারুতস্য বায়োর্বেগেন ভগ্নঃ, সুপুষ্পিতঃ, কর্ণিকারো বৃক্ষ ইব, গিরিসন্নিকাশাৎ পর্ব্বততুল্যাৎ, তপনীয়ানি স্বর্ণময়ানি ভাণ্ডানি ভূষণানি যস্য তস্মাৎ, নাগাৎ গজাৎ, পপাত ॥৪৪॥

ক্রমে সেই মহাহস্তী দেহ বিস্তৃত করিয়া দন্তযুগলদ্বারা ভূতল স্পর্শ করিল এবং আর্ত্তনাদ করিতে করিতে প্রাণত্যাগ করিল ॥৪০॥

তদনন্তর অর্জুন একটা নতপর্ব অর্দ্ধচন্দ্র বাণদ্বারা ভগদত্তরাজার হৃদয় বিদীর্ণ করিলেন ॥৪১॥

অর্জুন ভগদত্তরাজার হৃদয় বিদীর্ণ করিলে তাঁহার প্রাণ চলিয়া গেল, তখন তিনি ধনু ও বাণ পরিত্যাগ করিলেন ॥৪২॥

এবং নাল (দণ্ড) সঞ্চালন করিলে পদ্ম হইতে যেমন তাহার পত্র স্খলিত হইয়া পতিত হয়, সেইরূপ ভগদত্তের উত্তমবস্ত্রনির্ম্মিত উষ্ণীষটা তাঁহার মস্তক হইতে স্খলিত হইয়া পতিত হইল ॥৪৩॥

ক্রমে বায়ুবেগে ভগ্ন সুন্দর পুষ্পসমন্বিত কর্ণিকারবৃক্ষ যেমন পর্বতাগ্র হইতে পতিত হয়, স্বর্ণমালাধারী ভগদত্তও তেমন স্বর্ণভূষণে ভূষিত পর্ব্বতপ্রমাণ হস্তী হইতে পতিত হইলেন ॥৪৪॥

* '...অষ্টাবিংশোঽধ্যায়ঃ' ব, '...একোনত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

অষ্টাবিংশোঽধ্যায়ঃ।

———ঃ*ঃ———

সঞ্জয় উবাচ।

প্রিয়মিন্দ্রস্য সততং সখায়মমিতৌজসম্।
হত্বা প্রাগ্‌জ্যোতিষং পার্থঃ প্রদক্ষিণমবর্ত্তত ॥১॥
ততো গান্ধাররাজস্য সুতৌ পরপুরঞ্জয়ৌ।
আৰ্দ্দেতামর্জ্জুনং সংখ্যে ভ্রাতরৌ বৃষকাচলৌ ॥২॥
তৌ সমেত্যার্জ্জুনং বীরৌ পুরঃ পশ্চাচ্চ ধন্বিনৌ।
অবিধ্যেতাং মহাবেগৈর্নিশিতৈরাশুগৈর্ভৃশম্ ॥৩॥
বৃষকস্য হয়ান্ সূতং ধনুশ্ছত্রং রথং ধ্বজম্।
তিলশো ব্যধমৎ পার্থঃ সৌবলস্য শিতৈঃ শরৈঃ ॥৪॥

নিহত্যেতি। ইন্দ্রস্য বিক্রম ইব বিক্রমো যস্য তম্। ঐন্দ্রিরিন্দ্রপুত্রোঽর্জ্জুনঃ ॥৪৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি সংশপ্তকবধে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥০॥

———(ঃঃ)———

প্রিয়মিতি। অর্জ্জুনঃ খলু পিতৃপ্রিয়ত্বেন জানন্নপি বীরধর্ম্মত্বাদ্ভগদত্তং জঘানেত্যাশয়ঃ ॥১॥
তত ইতি। পরপুরঞ্জয়ৌ শত্রুনগরজয়িনৌ। এতেন মহাবীরাবিতি সূচিতম্ ॥২॥
তাবিতি। পুরঃ অগ্রতঃ। নিশিতৈঃ শিলাশাণিতৈঃ সুধারৈরিত্যর্থঃ ॥৩॥

রাজা! অর্জুন তখন যুদ্ধে ইন্দ্রের তুল্য বিক্রমশালী ও ইন্দ্রের সখা ভগদত্ত-রাজাকে বধ করিয়া, তাহার পর বলবান্ বায়ু যেমন বৃক্ষ ভগ্ন করে, সেইরূপ আপনার জয়াভিলাষী অপর বীরগণকে ভগ্ন (পরাভূত) করিতে লাগিলেন ॥৪৫॥

———০ঃঃ০———

সঞ্জয় বলিলেন—'সর্বদা ইন্দ্রের প্রিয়সখা এবং অমিততেজা ভগদত্তকে বধ করিয়া অর্জ্জুন কৌরবসৈন্যের দক্ষিণদিকে যাইয়া উপস্থিত হইলেন ॥১॥

তাহার পর গান্ধাররাজের পুত্র শত্রুনগরবিজয়ী বৃষক ও অচলনামে দুই ভ্রাতা যুদ্ধে অর্জুনকে পীড়ন করিতে লাগিলেন ॥২॥

বীর ও ধনুর্দ্ধর সেই দুই ভ্রাতা সম্মুখে ও পশ্চাতে যাইয়া মহাবেগশালী ও সুধার বাণসমূহদ্বারা অর্জ্জুনকে অত্যন্ত বিদ্ধ করিতে থাকিলেন ॥৩॥

(২) আর্চ্ছেতামর্জ্জুনং সংখ্যে ··পি,···অর্দ্দেতামর্জ্জুনম্···বা নি।

ততোঽর্জ্জুনঃ শরব্রাতৈর্নানাপ্রহরণৈরপি।
গান্ধারানাকুলাংশ্চক্রে সৌবলপ্রমুখান্ পুনঃ ॥৫॥
ততঃ পঞ্চশতান্ বীরান্ গান্ধারানুদ্যতায়ুধান্।
প্রাহিণোন্মৃত্যুলোকায় ক্রুদ্ধো বাণৈর্ধনঞ্জয়ঃ ॥৬॥
হতাশ্বাত্তু রথাত্তূর্ণমবতীর্য্য মহাভুজঃ।
আরুরোহ রথং ভ্রাতুরন্যচ্চ ধনুরাদদে ॥৭॥
তাবেকরথমারূঢ়ৌ ভ্রাতরৌ বৃষকাচলৌ।
শরবর্ষেণ বীভৎসুমবিধ্যেতাং মুহুর্মুহুঃ ॥৮॥
শ্যালৌ তব মহাত্মানৌ রাজানৌ বৃষকাচলৌ।
ভৃশং নিজঘ্নতুঃ পার্থমিন্দ্রং বৃত্রবলাবিব ॥৯॥

বৃষকস্যেতি। সূতং সারথিম্। ব্যসনং ব্যনাশয়ৎ, সৌবলস্য সুবলপুত্রস্য ॥৪॥
তত ইতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, প্রহরণৈরস্ত্রৈঃ ॥৫॥
তত ইতি। উদ্যতায়ুধান্ উত্তোলিতাস্ত্রানেব। প্রাহিণোৎ প্রৈরয়ৎ ॥৬॥
হতেতি। মহাভুজো বৃষকঃ। আদদে জগ্রাহ ॥৭॥
তাবিতি। বীভৎসুমর্জ্জুনম্, অবিধ্যেতাম্ অতাড়য়তাম্ ॥৮॥
শ্যালাবিতি। তব ধৃতরাষ্ট্রস্য। নিজঘ্নতুরাজঘ্নতুঃ। বৃত্রো বলশ্চ নামাসুরৌ ॥৯॥

তখন অর্জ্জুন নিশিত শরসমূহদ্বারা সুবলনন্দন বৃষকের অশ্ব, সারথি, ধনু, ছত্র, রথ ও ধ্বজকে তিল তিল করিয়া কাটিয়া ফেলিলেন ॥৪॥

তৎপরে আবার অর্জ্জুন বাণসমূহ ও নানাবিধ অস্ত্রদ্বারা বৃষকপ্রভৃতি গান্ধার-দেশীয় বীরগণকে আকুল করিয়া তুলিলেন ॥৫॥

তদনন্তর অর্জুন ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা গান্ধারদেশীয় উত্তোলিতাস্ত্র পঞ্চশত বীরকে যমলোকে প্রেরণ করিলেন ॥৬॥

ওদিকে মহাবাহু বৃষক হতাশ্ব রথ হইতে সত্বর অবতীর্ণ হইয়া যাইয়া ভ্রাতা অচলের রথে আরোহণ করিলেন এবং অন্য ধনু লইলেন ॥৭॥

তখন একরথারূঢ় বৃষক ও অচল দুই ভ্রাতা বাণবর্ষণদ্বারা মুহুর্মুহুঃ অর্জুনকে তাড়ন করিতে লাগিলেন ॥৮॥

মহারাজ! পূর্ব্বে বৃত্রাসুর ও বলাসুর যেমন ইন্দ্রকে আঘাত করিয়াছিল, সেইরূপ আপনার শ্যালক, মহাত্মা ও ক্ষত্রিয় বৃষক এবং অচল অর্জুনকে গুরুতর আঘাত করিতে থাকিলেন ॥৯॥

(৯)···ভৃশং বিজঘ্নতুঃ···নি।

লব্ধলক্ষৌ তু গান্ধারাবহতাং পাণ্ডবং পুনঃ।
নৈদাঘবার্ষিকৌ মাসৌ লোকং ঘর্ম্মাংশুভির্যথা ॥১০॥
তৌ রথস্থৌ নরব্যাঘ্রৌ রাজানৌ বৃষকাচলৌ।
সংশ্লিষ্টাঙ্গৌ স্থিতৌ রাজন্! জঘানৈকেষুণার্জ্জুনঃ ॥১১॥
তৌ রথাৎ সিংহসঙ্কাশৌ লোহিতাক্ষৌ মহাভুজৌ।
গতাসূ পেততুর্বীরৌ সোদর্য্যাবেকলক্ষণৌ ॥১২॥
তয়োর্ভূমিং গতৌ দেহৌ রথাদ্বন্ধুজনপ্রিয়ৌ।
যশো দশ দিশঃ পুণ্যং গময়িত্বা ব্যবস্থিতৌ ॥১৩॥
দৃষ্ট্বা বিনিহতৌ সংখ্যে মাতুলাবপলায়িনৌ।
ভৃশং মুমুচুরশ্রূণি পুত্রাস্তব বিশাংপতে! ॥১৪॥
নিহতৌ ভ্রাতরৌ দৃষ্ট্বা মায়াশতবিশারদঃ।
কৃষ্ণৌ সম্মোহয়ন্ মায়াং বিদধে শকুনিস্ততঃ ॥১৫॥

লব্ধেতি। লব্ধং লক্ষম্ অর্জ্জুনরূপং শরব্যং যাভ্যাং তৌ। অহতাম্ আহতবন্তৌ। নৈদাঘবার্ষিকৌ আষাঢ়শ্রাবণৌ। বৃষ্টিসম্বন্ধাত্তয়োরুক্তিঃ। ঘর্ম্মাংশুভিঃ সূর্য্যস্যোষ্ণকিরণৈঃ ॥১০॥
তাবিতি। সংশ্লিষ্টাঙ্গৌ তদানীং পুরঃ পশ্চাদ্বর্ত্তিভাবেন পরস্পরসংযুক্তগাত্রৌ ॥১১॥
তাবিতি। সিংহসঙ্কাশৌ বিক্রমে। গতাসূ নির্গতপ্রাণৌ। একলক্ষণাবেকাকৃতী ॥১২॥
তয়োরিতি। যশঃ মহাবীরেণার্জ্জুনেন সহ যুদ্ধকরণজনিতাং প্রশংসাম্ ॥১৩॥
দৃষ্ট্বেতি। অপলায়িনাবিত্যনেন তয়োস্তেজস্বিত্বং সূচিতম্ ॥১৪॥

আষাঢ় ও শ্রাবণমাস যেমন (বৃষ্টিসহকারে) সূর্য্যের উষ্ণকিরণদ্বারা লোককে সন্তপ্ত করে, সেইরূপ বৃষক ও অচল অর্জুনকে লক্ষ্য পাইয়া (বাণবর্ষণসহকারে) অন্যান্য অস্ত্রের আঘাতদ্বারা বার বার তাঁহাকে সন্তপ্ত করিতে লাগিলেন ॥১০॥

রাজা! ক্রমে নরশ্রেষ্ঠ ও ক্ষত্রিয় বৃষক এবং অচল একরথে থাকিয়া যখন সমসূত্রপাতে পরস্পর সংশ্লিষ্টদেহ হইলেন, তখন অর্জুন একটা বাণদ্বারাই তাঁহাদের দুই জনকে বধ করিলেন ॥১১॥

তখন সিংহের তুল্য বিক্রমশালী, রক্তনয়ন, মহাবাহু, বীর ও একাকৃতি সেই দুই সহোদর প্রাণশূন্য হইয়া রথ হইতে পতিত হইলেন ॥১২॥

বন্ধুজনের প্রিয় তাঁহাদের দেহ দুইটী দশ দিকে যশ প্রচার করিয়া ভূতলে পতিত হইয়া ক্রমে নিস্পন্দ হইয়া রহিল ॥১৩॥

নরনাথ! তখন আপনার পুত্রেরা অপলায়ী মাতুল দুই জনকে যুদ্ধে নিহত দেখিয়া অত্যন্ত অশ্রু মোচন করিলেন ॥১৪॥

(১০)…ঘর্ম্মাম্বুভির্যথা—বা ব। (১২)…রাজন্! সংপেততুঃ…বা নি।

লগুড়ায়োগুড়াশ্মানঃ শতঘ্ন্যশ্চ সশক্তয়ঃ।
গদাপরিঘনিস্ত্রিংশশূলমুদ্গরপট্টিশাঃ ॥১৬॥
সকম্পনর্ষ্টি নখরা মুষলানি পরশ্বধাঃ।
ক্ষুরাঃ ক্ষুরপ্রনালীকা বৎসদন্তাস্থিসন্ধয়ঃ ॥১৭॥
চক্রাণি বিশিখাঃ প্রাসা বিবিধান্যায়ুধানি চ।
প্রপেতুঃ শতশো দিগ্ভ্যঃ প্রদিগ্ভ্যশ্চার্জ্জুনং প্রতি ॥১৮॥ (বিশেষকম্)
খরোষ্ট্রমহিষাঃ সিংহা ব্যাঘ্রাঃ স্থমরচিত্রকাঃ।
ঋক্ষাঃ শালাবৃকা গৃধ্রাঃ কপয়শ্চ সরীসৃপাঃ ॥১৯॥
বিবিধানি চ রক্ষাংসি ক্ষুধিতান্যর্জ্জুনং প্রতি।
সংক্রুদ্ধান্যভ্যধাবন্ত বিবিধানি বয়াংসি চ ॥২০॥ (যুগ্মকম্)
ততো দিব্যাস্ত্রবিচ্ছূরঃ কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
বিসৃজন্নিষুজালানি সহসা তান্যতাড়য়ৎ ॥২১॥

নিহতাবিতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। বিদধে আবিশ্চকার ॥১৫॥

লগুড়েতি। অয়োগুড়া লৌহগুলিকাঃ, অশ্মানঃ পাষাণাঃ, শতঘ্নীপ্রভৃতীনি তদানীন্তনান্যস্ত্রাণি। অস্থীনি সন্ধিষু মুখসংযোগেষু যেষাং তে। বিশিখা বাণাঃ ॥১৬—১৮॥

খরেতি। খরা গর্দ্দভাঃ। স্থমরা গবয়াঃ, চিত্রকা মৃগবিশেষাঃ। ঋক্ষা ভল্লূকাঃ, শালাবৃকাঃ শৃগালাঃ। সরীসৃপাঃ সর্পাঃ। রক্ষাংসি রাক্ষসাঃ। বয়াংসি পক্ষিণঃ ॥১৯—২০॥

তত ইতি। ইষুজালানি বাণসমূহান্। অতাড়য়ৎ তাড়নেনাপাসারয়ৎ ॥২১॥

তাহার পর বহুবিধমায়াবিশারদ শকুনি ভ্রাতৃদ্বয়কে নিহত দেখিয়া কৃষ্ণ ও অর্জুনকে সম্মোহিত করিবার জন্য মায়া আবিষ্কার করিলেন ॥১৫॥

তখন লগুড়, লৌহগুলি, প্রস্তর, শতঘ্নী, শক্তি, গদা, পরিঘ, অসি, শূল, মুদ্গর, পট্টিশ, কম্পন, ঋষ্টি, নখর, মুষল, পরশু, ক্ষুর, ক্ষুরপ্র, নালীক, বৎসদন্ত, অস্থিসন্ধি, চক্র, বাণ, প্রাস এবং অন্য নানাবিধ শত শত অস্ত্র দিক্ ও বিদিক্ হইতে অর্জুনের উপরে পড়িতে লাগিল ॥১৬—১৮॥

এবং গর্দ্দভ, উষ্ট্র, মহিষ, সিংহ, ব্যাঘ্র, গবয়, চিত্রক, ভল্লূক, শৃগাল, গৃধ্র, বানর, সর্প, নানাবিধ রাক্ষস ও বিবিধ পক্ষী ক্ষুধিত ও ক্রুদ্ধ হইয়া অর্জুনের দিকে ধাবিত হইল ॥১৯—২০॥

তাহার পর দিব্যাস্ত্রবিৎ ও বীর কুন্তীনন্দন অর্জুন বাণসমূহ নিক্ষেপ করিয়া সত্বর সেগুলিকে বিতাড়িত করিলেন ॥২১॥

(১৬)···শতঘ্ন্যঃ শতশক্তয়ঃ···শূলপট্টিশমুদ্গরাঃ—পি। (২০)···সংক্রুদ্ধান্যভ্যবর্ত্তন্ত···পি।

তে হন্যমানাঃ শূরেণ প্রবরৈঃ সায়কৈর্দৃঢ়ৈঃ।
বিরুবন্তো মহারাবান্ বিনেশুঃ সর্বতো হতাঃ ॥২২॥
ততস্তমঃ প্রাদুরভূদর্জ্জুনস্য রথং প্রতি।
তস্মাচ্চ তমসো বাচঃ ক্রূরাঃ পার্থমভর্ৎসয়ন্ ॥২৩॥
তত্তমো ভৈরবং ঘোরং ভয়কর্ত্তৃ মহাহবে।
উত্তমাস্ত্রেণ মহতা জ্যোতিষেণার্জ্জুনোঽবধীৎ ॥২৪॥
হতে তস্মিন্ জলৌঘাস্তু প্রাদুরাসন্ ভয়ানকাঃ।
অম্ভসস্তস্য নাশার্থমাদিত্যাস্ত্রমথার্জ্জুনঃ।
প্রাযুঙ্ক্তাম্ভস্ততস্তেন প্রায়শোঽস্ত্রেণ শোষিতম্ ॥২৫॥
এবং বহুবিধা মায়াঃ সৌবলস্য কৃতাঃ কৃতাঃ।
জঘান তরসা রাজন্! প্রহসন্নর্জ্জুনস্তদা ॥২৬॥

ত ইতি। শূরেণ অর্জ্জুনেন। বিরুবন্তঃ কুর্বন্তঃ। হতাস্তাড়িতাঃ ॥২২॥
তত ইতি। তমঃ অন্ধকারঃ। ক্রূরা নিষ্ঠুরাঃ ॥২৩॥
তদিতি। ভৈরবং গাঢ়ম্, ঘোরং মহৎ। জ্যোতিষেণ তেজোময়েন ॥২৪॥
হত ইতি। অম্ভসো জলস্য। প্রাযুঙ্ক্ত আবিষ্কৃতবান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥
এবমিতি। সৌবলস্য শকুনেঃ। তরসা বেগেন ॥২৬॥

মহাবীর অর্জুন উত্তম ও দৃঢ় বাণসমূহদ্বারা আঘাত করিতে লাগিলে, সেই প্রাণীগুলি সর্বপ্রকারে তাড়িত হইয়া বিশাল রব করিতে থাকিয়া বিনষ্ট হইল ॥২২॥

তদনন্তর অর্জুনের রথের নিকটে অন্ধকার আবির্ভূত হইল এবং সেই অন্ধকার হইতে নিষ্ঠুর বাক্য সকল অর্জুনকে তিরস্কার করিতে লাগিল ॥২৩॥

তখন অর্জুন তেজোময় উত্তম মহাস্ত্রদ্বারা মহাযুদ্ধমধ্যে সেই ভয়ঙ্কর ও গাঢ় গুরুতর অন্ধকার বিনষ্ট করিলেন ॥২৪॥

সেই অন্ধকার বিনষ্ট হইলে, ভয়ানক জলপ্রবাহ প্রাদুর্ভূত হইল। তৎপরে অর্জুন সেই জলপ্রবাহ নষ্ট করিবার জন্য আদিত্যাস্ত্র প্রয়োগ করিলেন; তখন সেই অস্ত্র সেই জলপ্রবাহকে প্রায় শোষণ করিল ॥২৫॥

রাজা! শকুনি এইভাবে যেমন যেমন বহুবিধ মায়া প্রকাশ করিতে লাগিলেন, তেমন তেমনই অর্জ্জুন হাস্য করতঃ তাহা সত্বর সত্বর নষ্ট করিতে থাকিলেন ॥২৬॥

(২২)···বিক্রবন্তো মহারাবান্···পি। (২৬)· জঘানাস্ত্রবলেনাশু···বা ব রা নি।

তদা হতাসু মায়াসু ত্রস্তোঽর্জ্জুনশরাহতঃ।
অপায়াজ্জবনৈরশ্বৈঃ শকুনিঃ প্রাকৃতো যথা ॥২৭॥
ততোঽর্জ্জুনোঽস্ত্রবিচ্ছৈঘ্র্যং দর্শয়ন্নাত্মনোঽরিষু।
অভ্যবর্ষচ্ছরৌঘেণ কৌরবাণামনীকিনীম্ ॥২৮॥
সা হন্যমানা পার্থেন তব পুত্রস্য বাহিনী।
দ্বৈধীভূতা মহারাজ! গঙ্গেবাসাদ্য পর্বতম্ ॥২৯॥
দ্রোণমেবান্বপদ্যন্ত কেচিত্তত্র নরর্ষভাঃ।
কেচিদ্দুর্য্যোধনং রাজন্! অর্দ্দ্যমানাঃ কিরীটিনা ॥৩০॥
নাপশ্যামস্ততস্ত্বেনং সৈন্যে বৈ রজসা বৃতে।
গাণ্ডীবস্য চ নির্ঘোষঃ শ্রুতো দক্ষিণতো ময়া ॥৩১॥
শঙ্খদুন্দুভিনির্ঘোষং বাদিত্রাণাঞ্চ নিস্বনম্।
গাণ্ডীবস্য তু নির্ঘোষো ব্যতিক্রম্যাস্পৃশদ্দিবম্ ॥৩২॥

তদেতি। অপায়াৎ রণাঙ্গনাদপাসরৎ, জবনৈর্বেগবদ্ভিঃ। প্রাকৃতো নীচলোকঃ ॥২৭॥
তত ইতি। শৈঘ্র্যং শীঘ্রতাং দ্রুতাস্ত্রক্ষেপনৈপুণ্যমিত্যর্থঃ। অনীকিনীং সেনাম্ ॥২৮॥
সেতি। দ্বৈধীভূতা ভাগদ্বয়েন বিভক্তা। আসাদ্য পথি প্রাপ্য ॥২৯॥
দ্রোণমিতি। অন্বপদ্যন্ত আশ্রয়ন্, তত্র ভাগদ্বয়ে ॥৩০॥
নেতি। এনমর্জ্জুনম্। রজসা ধূলিজালেন ॥৩১॥
শঙ্খেতি। ব্যতিক্রম্য অভিভূয়, দিবং গগনম্ ॥৩২॥

তখন সমস্ত মায়া বিনষ্ট হইলে, শকুনি অর্জুনের বাণে আহত ও ভীত হইয়া নীচলোকের ন্যায় বেগবান্ অশ্বের গুণে সত্বর অপসৃত হইলেন ॥২৭॥

তাহার পর অস্ত্রজ্ঞ অর্জুন শত্রুপক্ষকে নিজের লঘুহস্ততা দেখাইতে থাকিয়া কৌরববাহিনীর উপরে বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন ॥২৮॥

মহারাজ! অর্জ্জুন বধ করিতে লাগিলে, গঙ্গার প্রবাহ যেমন পথে পর্ব্বত পাইয়া দুই ভাগে বিভক্ত হয়, সেইরূপ আপনার পুত্রের সৈন্যও দুইভাগে বিভক্ত হইয়া গেল ॥২৯॥

রাজা! তাহার একভাগের কতক যোদ্ধা যাইয়া দ্রোণকেই আশ্রয় করিল এবং অর্জুনের পীড়নে অপর ভাগ যাইয়া দুর্য্যোধনের শরণাপন্ন হইল ॥৩০॥

তাহার পর ধূলিজাল উঠিয়া সৈন্যগণকে আবৃত করিলে, আমরা কিন্তু অর্জুনকে দেখিতে পাইলাম না, অথ চ দক্ষিণদিকে গাণ্ডীবের শব্দ শুনিতে লাগিলাম ॥৩১॥

(২৭) অথাহতাসু···পি।

ততঃ পুনর্দক্ষিণতঃ সংগ্রামশ্চিত্রযোধিনাম্ ।
সুযুদ্ধঞ্চার্জ্জুনস্যাসীদহন্তু দ্রোণমন্বগাম্ ॥৩৩॥
যৌধিষ্ঠিরাণ্যনীকানি প্রহরন্তি ততস্ততঃ ।
নানাবিধান্যনীকানি পুত্রাণাং তব ভারত ! ।
অর্জ্জুনো ব্যধমৎ কালে দিবীবাভ্রাণি মারুতঃ ॥৩৪॥
তং বাসবমিবায়ান্তং ভূরিবর্ষং শরৌঘিণম্ ।
মহেষ্বাসা নরব্যাঘ্রা নোগ্রং কেচিদবারয়ন্ ॥৩৫॥
তে হন্যমানাঃ পার্থেন ত্বদীয়া ব্যথিতা ভৃশম্ ।
স্বানেব বহবো জঘ্নুর্বিদ্রবন্তস্ততস্ততঃ ॥৩৬॥
তেঽর্জ্জুনেন শরা মুক্তাঃ কঙ্কপত্রাস্তনুচ্ছিদঃ ।
শলভা ইব সংপেতুঃ সংবৃণ্বানা দিশো দশ ॥৩৭॥

তত ইতি। সংগ্রামঃ অর্জ্জুনস্য চ সুযুদ্ধমাসীৎ। অন্বগাম্ অন্বগচ্ছম্ ॥৩৩॥

যৌধীতি। অনীকানি কর্ত্তৃণি। ব্যধমৎ ব্যনাশয়ৎ। অভ্রাণি মেঘান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪॥

তমিতি। ভূরিবর্ষং বাসবমিন্দ্রমিব শরৌঘিণং তমর্জ্জুনমায়ান্তমিত্যন্বয়ঃ ॥৩৫॥

ত ইতি। স্বান্ স্বপক্ষীয়ানেব। বিদ্রবন্তঃ পলায়মানাঃ ॥৩৬॥

ত ইতি। কঙ্কপত্রাঃ কঙ্কপক্ষিপক্ষযুক্তাঃ, তনুচ্ছিদো লক্ষ্যদেহচ্ছেদিনঃ ॥৩৭॥

শঙ্খ ও দুন্দুভির ধ্বনি এবং অন্যান্য বাদ্যের শব্দ নীচে ফেলিয়া গাণ্ডীবের শব্দ যাইয়া আকাশস্পর্শ করিতে থাকিল ॥৩২॥

তাহার পর আবার দক্ষিণদিকে বিচিত্রযুদ্ধকারীদের যুদ্ধ এবং অর্জ্জুনের সুন্দর যুদ্ধ হইতে থাকিল ; আমি কিন্তু দ্রোণের পিছনে চলিয়া গেলাম ॥৩৩॥

ভরতনন্দন ! ওদিকে যুধিষ্ঠিরের সৈন্যেরা নানাস্থানে আপনার পুত্রদের নানাবিধ সৈন্যকে প্রহার করিতে লাগিল এবং বায়ু যেমন আকাশে মেঘ বিনষ্ট করে, সেইরূপ অর্জ্জুনও তাহাদিগকে বিনষ্ট করিতে লাগিলেন ॥৩৪॥

প্রচুরবর্ষণকারী ইন্দ্রের ন্যায় বাণসমূহবর্ষণকারী উগ্রমূর্ত্তি অর্জুন আসিতে লাগিলে, আপনার পক্ষের কোন মহাধনুর্দ্ধর নরশ্রেষ্ঠই তাঁহাকে বারণ করিতে পারিলেন না ॥৩৫॥

অর্জুন বধ করিতে লাগিলে, আপনার পক্ষের বহু যোদ্ধা অত্যন্ত ব্যথিত হইয়া ইতস্ততঃ পলায়ন করিতে থাকিয়া স্বপক্ষগণকেই বধ করিতে লাগিল ॥৩৬॥

(৩৩)…দ্রোণমন্বয়াম্—বা ব,…দ্রোণমন্বিয়াম্—নি। (৩৫)…ভূরিবর্ষশরৌঘিণম্… পি,… মহেষ্বাসং নরব্যাঘ্রং নোগ্রঃ কশ্চিদবারয়ৎ—বা ব রা নি।

তুরঙ্গং রথিনং নাগং পদাতিমপি মারিষ!।
বিনির্ভিদ্য ক্ষিতিং জগ্মুর্বল্মীকমিব পন্নগাঃ ॥৩৮॥
ন চ দ্বিতীয়ং ব্যসৃজৎ কুঞ্জরাশ্বনরেষু সঃ।
পৃথগেকশরারুগ্না নিপেতুস্তে গতাসবঃ ॥৩৯॥
হতৈর্মনুষ্যৈর্দ্বিরদৈশ্চ সর্বতঃ শরাভিসৃষ্টৈশ্চ হয়ৈর্নিপাতিতৈঃ।
তদা শ্বগোমায়ুবলাভিনাদিতং বিচিত্রমায়োধশিরো বভূব তৎ ॥৪০॥
পিতা সুতং ত্যজতি সুহৃদ্বরং সুহৃত্তথৈব পুত্রঃ পিতরং শরাতুরঃ।
স্বরক্ষণে কৃতমতয়স্তদা জনাস্ত্যজন্তি বাহানপি পার্থপীড়িতাঃ ॥৪১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি সংশপ্তকবধে অর্জ্জুনপরাক্রমে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

তুরঙ্গমিতি। নাগং হস্তিনম্। জগ্মুস্তে শরা ইত্যনুবৃত্তিঃ, বল্মীকমূর্ণামৃত্তিকাম্ ॥৩৮॥
নেতি। দ্বিতীয়ং শরম্। একেন একৈকেনৈব শরেণ আরুগ্নাঃ পীড়িতাঃ ॥৩৯॥
হতৈরিতি। দ্বিরদৈর্গজৈঃ, শরৈরভিসৃষ্টা লগ্নদেহাস্তৈঃ। শ্বানঃ কুকুরাঃ গোমায়বঃ শৃগালাঃ বলাঃ কাকাশ্চ তৈরভিনাদিতম্, আয়োধশিরো রণাঙ্গনোপরিদেশঃ ॥৪০॥
পিতেতি। কৃতমতয়ঃ কৃতেচ্ছাঃ। বহন্তীতি বাহা রথাদীনি যানানি তান্ ॥৪১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

অর্জ্জুননিক্ষিপ্ত, কঙ্কপক্ষিপক্ষযুক্ত ও দেহচ্ছেদী সেই বাণগুলি যাইয়া দশ দিক্ আবৃত করিতে থাকিয়া পতঙ্গের ন্যায় পতিত হইতে থাকিল ॥৩৭॥

মাননীয় রাজা! সাপ যেমন উয়ীর মাটির ভিতরে প্রবেশ করে, সেইরূপ অর্জুনের বাণগুলি যাইয়া হস্তী, অশ্ব, রথী ও পদাতিদিগকে ভেদ করিয়া ভূমির ভিতরে প্রবেশ করিতে লাগিল ॥৩৮॥

অর্জ্জুন বিপক্ষের হস্তী, অশ্ব ও মানুষের উপরে দ্বিতীয় বাণ নিক্ষেপ করেন নাই, তাঁহার এক এক বাণেই পীড়িত ও প্রাণবিহীন হইয়া তাহারা পৃথক্ পৃথক্ ভাবে পতিত হইতে থাকিল ॥৩৯॥

নিহত ও শরসংলগ্নদেহ মানুষ, হস্তী ও অশ্বগণ সকল দিকে নিপাতিত হওয়ায় সেই সমরাঙ্গন বিচিত্র রূপ ধারণ করিল এবং কুকুর, শৃগাল ও কাকগণ আসিয়া রব করিতে লাগিল ॥৪০॥

* একোনত্রিংশোঽধ্যায়ঃ' ব, '...ত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

ঊনত্রিংশোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

তেষ্বনীকেষু ভগ্নেষু পাণ্ডুপুত্রেণ সঞ্জয় ! ।
চলিতানাং দ্রুতানাঞ্চ কথমাসীন্মনো হি বঃ ॥১॥
অনীকানাং প্রভগ্নানামবস্থানমপশ্যতাম্ ।
দুষ্করং প্রতিসন্ধানং তন্মমাচক্ষ্ব সঞ্জয় ! ॥২॥

সঞ্জয় উবাচ।

তথাপি তব পুত্রস্য প্রিয়কামা বিশাংপতে ! ।
যশঃ প্রবীরা লোকেষু রক্ষন্তো দ্রোণমন্বয়ুঃ ॥৩॥

তেষ্বিতি। পাণ্ডুপুত্রেণার্জ্জুনেন। চলিতানাং গচ্ছতাম্, দ্রুতানাং পলায়মানানাম্, কথং কীদৃশম্ ॥১॥

অনীকানামিতি। অবস্থানমাশ্রয়ম্। প্রতিসন্ধানং পুনঃ সংযোজনম্ ॥২॥

তথেতি। তথাপি অনীকেষু ভগ্নেষপি। প্রবীরাঃ প্রধানবীরাঃ। অন্বয়ুরন্বগচ্ছন্ ॥৩॥

শরপীড়িত হইয়া পিতা পুত্রকে, বন্ধু বন্ধুকে এবং পুত্র পিতাকে ত্যাগ করিতে থাকিল এবং অর্জুনকর্তৃক তাড়িত হইয়া লোকেরা আত্মরক্ষার ইচ্ছা করিয়া যান-বাহনও ত্যাগ করিতে লাগিল' ॥৪১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! অর্জ্জুন সেই সৈন্যগণকে বিশ্লিষ্ট করিয়া ফেলিলে, অনেকে অন্যদিকে যাইতেছিল এবং বহুলোক পলায়ন করিতেছিল; তখন তোমাদের মন কিরূপ হইয়াছিল? ॥১॥

ভগ্ন সৈন্যেরা আশ্রয় দেখিতে না পাইলে, তাহাদিগকে আবার সম্মিলিত করা দুষ্কর। সে যাহা হউক, সঞ্জয়! সেই বিবরণগুলি আমার নিকট বল' ॥২॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ! সৈন্যেরা ভগ্ন হইলেও আপনার পুত্রের প্রিয়-কামী প্রধান বীরেরা জগতে যশ অক্ষুণ্ণ রাখিবার জন্য দ্রোণের অনুসরণ করিলেন ॥৩॥

সমুদ্যতেষু শস্ত্রেষু সংপ্রাপ্তে চ যুধিষ্ঠিরে।
অকুর্ব্বন্নার্য্যকর্ম্মাণি ভৈরবে সত্যভীতবৎ ॥৪॥
অন্তরং ভীমসেনস্য প্রাপতন্নমিতৌজসঃ।
সাত্যকেশ্চৈব বীরস্য ধৃষ্টদ্যুম্নস্য বা বিভো! ॥৫॥
দ্রোণং দ্রোণমিতি ক্রূরাঃ পাঞ্চালাঃ সমচোদয়ন্।
মা দ্রোণমিতি পুত্রাস্তে কুরূন্ সর্ব্বানচোদয়ন্ ॥৬॥
দ্রোণং দ্রোণমিতি হ্যেকে মা দ্রোণমিতি চাপরে।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ দ্রোণদ্যূতমবর্ত্তত ॥৭॥
যং যং প্রমথতে দ্রোণঃ পাঞ্চালানাং রথব্রজম্।
তত্র তত্র তু পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নোঽভ্যবর্ত্তত ॥৮॥

সমিতি। আর্য্যকর্ম্মাণি বিপক্ষবারণাদীনি সজ্জনকার্য্যাণি, ভীরূণামিদমিতি ভৈরবং ভয়ং তস্মিন্ অভীতবৎ ॥৪॥

অন্তরমিতি। অন্তরং রন্ধ্রম্, প্রাপতন্ আক্রামন্ কৌরববীরা ইতি শেষঃ ॥৫॥

দ্রোণমিতি। দ্রোণং হতেতি শেষঃ। সমচোদয়ন্ সৈন্যান্ প্রৈরয়ন্। মা দ্রোণং হন্তুমর্হথ ॥৬॥

দ্রোণমিতি। একে পাণ্ডবীয়া অব্রুবন্। মা দ্রোণং হন্তুমর্হথ, অপরে কৌরবীয়াঃ ॥৭॥

যমিতি। প্রমথতে অর্দ্দয়তি স্ম। রথানাং ব্রজং সমূহম্ ॥৮॥

বিপক্ষেরা অস্ত্র উত্তোলন করিলে এবং যুধিষ্ঠিরও উপস্থিত হইলে, ভয়ের সম্ভাবনা থাকিলেও নির্ভয়ের ন্যায় থাকিয়া সেই প্রধান বীরেরা সজ্জনকার্য্যই করিতে লাগিলেন ॥৪॥

রাজা! অমিততেজা ভীমসেনের, বীর সাত্যকির, কিংবা ধৃষ্টদ্যুম্নের রন্ধ্র (ফাঁক্) পাইয়া সেই কৌরববীরেরা আক্রমণ করিতে থাকিলেন ॥৫॥

'দ্রোণকে বধ কর' 'দ্রোণকে বধ কর' এই কথা বলিয়া ক্রূর পাঞ্চালেরা সৈন্যদিগকে প্রেরণ করিতে লাগিলেন; আবার 'দ্রোণকে বধ করিতে পারিবে না' এইরূপ বলিয়া আপনার পুত্রেরা সমস্ত কৌরবসৈন্যকে পাঠাইতে থাকিলেন ॥৬॥

একপক্ষ বলিতে লাগিল—'দ্রোণকে বধ কর' 'দ্রোণকে বধ বর' অপর পক্ষ কহিতে থাকিল—'দ্রোণকে বধ করিতে পারিবে না'। সুতরাং দ্রোণকে লইয়া যেন তৎকালে কৌরব ও পাণ্ডবগণের দ্যূতক্রীড়া চলিতে লাগিল ॥৭॥

---

(৪) সমুদ্যতেষু চাস্ত্রেষু···বা ব য়া নি।

তেষাং ভাগ্যবিপর্য্যাসৈঃ সংগ্রামে ভৈরবে সতি।
বীরাঃ সমাসদন্ বীরান্ কুর্ব্বন্তো ভৈরবং রবম্ ॥৯॥
অকম্পনীয়াঃ শত্রূণাং বভূবুস্তত্র পাণ্ডবাঃ।
অকম্পয়ন্ননীকানি স্মরন্তঃ ক্লেশমাত্মনঃ ॥১০॥
তে ত্বমর্ষবশং প্রাপ্তা হ্রীমন্তঃ সত্ত্বচোদিতাঃ।
ত্যক্ত্বা প্রাণান্ ন্যবর্ত্তন্ত ঘ্নন্তো দ্রোণং মহাহবে ॥১১॥
অয়সামিব সম্পাতঃ শিলানামিব চাভবৎ।
দীব্যতাং তুমুলে যুদ্ধে প্রাণৈরমিততেজসাম্ ॥১২॥
ন তু স্মরন্তি সংগ্রামমপি বৃদ্ধাস্তথাবিধম্।
দৃষ্টপূর্ব্বং মহারাজ! শ্রুতপূর্ব্বমথাপি বা ॥১৩॥

তেষামিতি। ভাগ্যবিপর্য্যাসৈঃ, বিনাশাদেবেতি ভাবঃ। সমাসদন্ অভ্যগচ্ছন্ ॥৯॥
অকম্পেতি। অকম্পয়ন্ পাণ্ডবা ইত্যনুবৃত্তিঃ, অনীকানি কৌরবসৈন্যানি ॥১০॥
ত ইতি। হ্রীমন্তঃ অকার্য্যকরণে লজ্জাবন্তঃ, সত্ত্বচোদিতা অধ্যবসায়প্রেরিতাঃ ॥১১॥
অয়সামিতি। অয়সাং লৌহানাম্, সম্পাতঃ সংঘর্ষঃ। দীব্যতাং ক্রীড়তাম্ ॥১২॥
নেতি। ন তু স্মরন্তি, অভূতপূর্বত্বাদিত্যাশয়ঃ ॥১৩॥

দ্রোণ পাঞ্চালদেশীয় যে যে রথীর দলকে মর্দ্দন করিতে লাগিলেন, সেই সেই স্থানেই পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্ন যাইতে থাকিলেন ॥৮॥

তাঁহাদের ভাগ্যবিপর্য্যয়নিবন্ধন যুদ্ধটা ক্রমশঃ ভীষণ হইয়া উঠিলে, বীরগণ ভয়ঙ্কর গর্জন করিতে করিতে অপর বীরগণের দিকে ধাবিত হইতে লাগিলেন ॥৯॥

তখন কৌরবেরা পাণ্ডবগণকে কম্পিত করিতে পারিলেন না; কিন্তু পাণ্ডবেরা আপনাদের কষ্ট স্মরণ করিয়া কৌরবগণকে কম্পিত করিয়া তুলিলেন ॥১০॥

লজ্জাশীল পাণ্ডবেরা ক্রুদ্ধ ও অধ্যবসায়প্রেরিত হইয়া মহাযুদ্ধে প্রাণত্যাগের পর্য্যন্ত উদ্যম করিয়া দ্রোণের উপরে আঘাত করিতে থাকিয়া ফিরিতে লাগিলেন ॥১১॥

অমিততেজা বীরেরা সেই তুমুল যুদ্ধে প্রাণদ্বারাই যেন খেলা করিতে থাকিলেন। তখন লৌহ ও প্রস্তরের সংঘর্ষের ন্যায় তাহাদের সংঘর্ষ হইতে লাগিল ॥১২॥

(৯) তথা ভাগবিপর্য্যাসে···পি বা ব রা,···বীরানগচ্ছন্ ভীরবঃ পরান্—পি ব। (১৩) নানুস্মরন্তি···যে পূর্বদেবৈর্দেবানামপশ্যন্ যুদ্ধমদ্ভুতম্—নি।

আকম্পিতেব পৃথিবী তস্মিন্ বীরাবসাদনে।
নিবর্ত্ততা বলৌঘেন মহতা ভারপীড়িতা ॥১৪॥
ঘূর্ণতোঽপি বলৌঘস্য দিবং স্তব্ধ্বেব নিস্বনঃ।
অজাতশত্রোস্তৎ সৈন্যমাবিবেশ সুভৈরবঃ ॥১৫॥
সমাসাদ্য তু পাণ্ডূনামনীকানি সহস্রশঃ।
দ্রোণেন চরতা সংখ্যে প্রভগ্নানি শিতৈঃ শরৈঃ ॥১৬॥
তেষু প্রমথ্যমানেষু দ্রোণেনাদ্ভুতকর্ম্মণা।
পর্য্যবারয়দাসাদ্য দ্রোণং সেনাপতিঃ স্বয়ম্ ॥১৭॥
তদদ্ভুতমভূদ্‌যুদ্ধং দ্রোণপাঞ্চাল্যয়োস্তদা।
নৈব তস্যোপমা কাচিদিতি মে নিশ্চিতা মতিঃ ॥১৮॥
ততো নীলোঽনলপ্রখ্যো দদাহ কুরুবাহিনীম্।
শরস্ফুলিঙ্গশ্চাপার্চ্চির্দহন্ কক্ষমিবানলঃ ॥১৯॥

আকম্পিতেতি। বীরাণামবসাদনে সংক্ষয়ে। নিবর্ত্ততা নিবর্ত্তমানেন ॥১৪॥
ঘূর্ণত ইতি। দিবং গগনম্, স্তব্ধ্বা ব্যাপ্য। অজাতশত্রোর্যুধিষ্ঠিরস্য ॥১৫॥
সমিতি। পাণ্ডূনাং পাণ্ডবানাম্, অনীকানি সৈন্যানি ॥১৬॥
তেষ্বিতি। পর্য্যবারয়ৎ ন্যবারয়ৎ, সেনাপতির্ধৃষ্টদ্যুম্নঃ ॥১৭॥
তদিতি। পাঞ্চাল্যঃ পাঞ্চালরাজপুত্রো ধৃষ্টদ্যুম্ন এব ॥১৮॥
তত ইতি। শরা এব স্ফুলিঙ্গা যস্য সঃ, চাপ এবার্চ্চিঃ শিখা যস্য সঃ, কক্ষং তৃণম্ ॥১৯॥

মহারাজ! বৃদ্ধেরাও সেরূপ যুদ্ধ কখনও দেখেন নাই বা শোনেন নাই বলিয়া স্মরণ করিতে পারেন না ॥১৩॥

সেই বীরবিনাশের সময়ে বিশাল সৈন্যসমূহ ফিরিয়া আসিতে থাকায় তাহাদের ভারে পীড়িত হইয়া পৃথিবী যেন কাঁপিতে লাগিল ॥১৪॥

সেই সৈন্যসমূহ ঘুরিতে লাগিলেও তাহাদের অতিভয়ঙ্কর কোলাহল আকাশ ব্যাপ্ত করিয়াই যেন যুধিষ্ঠিরের সৈন্যমধ্যে প্রবেশ করিতে থাকিল ॥১৫॥

সমরাঙ্গনচারী দ্রোণ উপস্থিত হইয়া নিশিত শরসমূহদ্বারা সহস্র সহস্র পাণ্ডবসৈন্যদলকে বিশ্লিষ্ট করিয়া ফেলিলেন ॥১৬॥

অদ্ভুতকর্ম্মা দ্রোণ সেই সৈন্যগণকে আলোড়ন করিতে লাগিলে, স্বয়ং ধৃষ্টদ্যুম্ন উপস্থিত হইয়া তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥১৭॥

তখন দ্রোণ ও ধৃষ্টদ্যুম্নের অদ্ভুত যুদ্ধ হইতে লাগিল; সেই যুদ্ধের কোন উপমা নাই, এইরূপই আমার নিশ্চিত ধারণা ॥১৮॥

(১৪) প্রাকম্পতেব···বা নি, প্রাকম্পিতেব···ব।

তং দহন্তমনীকানি দ্রোণপুত্রঃ প্রতাপবান্‌।
পূর্ব্বাভিভাষী সুশ্লক্ষ্ণং স্ময়মানোঽভ্যভাষত ॥২০॥
নীল! কিং বহুভির্দগ্ধৈস্তব যোধৈঃ শরার্চ্চিষা।
ময়ৈকেন হি যুধ্যস্ব ক্রুদ্ধঃ প্রহর চাশু মাম্‌ ॥২১॥
তং পদ্মনিকরাকারং পদ্মপত্রনিভেক্ষণম্‌।
ব্যাকোশপদ্মাভমুখো নীলো বিব্যাধ সায়কৈঃ ॥২২॥
তেনাতিবিদ্ধঃ সহসা দ্রৌণির্ভল্লৈঃ শিতৈস্ত্রিভিঃ।
ধনুর্ধ্বজঞ্চ ছত্রঞ্চ দ্বিষতঃ সংন্যকৃন্তত ॥২৩॥
স প্লুতঃ স্যন্দনাত্তস্মান্নীলশ্চর্ম্মবরাসিভৃৎ।
দ্রৌণায়নেঃ শিরঃ কায়াদ্ধর্ত্তুমৈচ্ছৎ পতত্রিবৎ ॥২৪॥

তমিতি। সুশ্লক্ষ্ণং সুকোমলং যথা স্যাত্তথা, স্ময়মান ঈষদ্ধসন্‌ ॥২০॥
নীলেতি। যোধৈঃ কৌরবসৈন্যৈঃ। ময়া সহ ॥২১॥
তমিতি। ব্যাকোশং প্রস্ফুটিতং যৎ পদ্মং তদাভং মুখং যস্য সঃ ॥২২॥
তেনেতি। দ্রৌণিরশ্বত্থামা। দ্বিষতো নীলস্য, সংন্যকৃন্তত সমচ্ছিনৎ ॥২৩॥
স ইতি। প্লুতো লম্ফনেন পতিতঃ, স্যন্দনাৎ রথাৎ। দ্রৌণায়নেরশ্বত্থাম্নঃ। পতত্রিবৎ পতত্রী পক্ষী শ্যেনো যথা প্লুতঃ সন্নামিষং হর্ত্তুমিচ্ছতি তদ্বদিতি ভাবঃ ॥২৪॥

তাহার পর শর যাহার স্ফুলিঙ্গ এবং ধনু যাহার শিখা ছিল সেই অগ্নিতুল্য নীলরাজা তৃণদহনকারী অগ্নির ন্যায় কুরুবাহিনী দগ্ধ করিতে লাগিলেন ॥১৯॥

নীলরাজা কৌরবসৈন্য দগ্ধ করিতে লাগিলে, প্রতাপশালী ও প্রথমে সুকোমলভাষী অশ্বত্থামা মৃদু হাস্য করিয়া তাঁহাকে বলিলেন—॥২০॥

'নীলরাজা! বাণের তেজে বহুতর সৈন্য দগ্ধ করায় আপনার কি ফল হইতেছে? আপনি এক আমার সহিত যুদ্ধ করুন, ক্রুদ্ধ হইয়া সত্বর আমাকে প্রহার করুন' ॥২১॥

তখন প্রস্ফুটিতপদ্মতুল্যবদন নীলরাজা বাণসমূহদ্বারা পদ্মবর্ণ ও পদ্মলোচন অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন ॥২২॥

নীলরাজা অত্যন্ত বিদ্ধ করিলে, অশ্বত্থামা তৎক্ষণাৎ সুধার তিনটা ভল্লদ্বারা তাঁহার ধনু, ধ্বজ ও ছত্র ছেদন করিয়া ফেলিলেন ॥২৩॥

তখন নীলরাজা চর্ম্ম ও উত্তম তরবারি ধারণ করিয়া সেই রথ হইতে লাফাইয়া পড়িয়া শ্যেনপক্ষীর ন্যায় অশ্বত্থামার দেহ হইতে মস্তকটা হরণ করিবার ইচ্ছা করিলেন ॥২৪॥

(২৩) তেনাভিবিদ্ধঃ···পি, তেনাপি বিদ্ধঃ···বা নি।

তস্যোদ্যতাসেঃ সুনসং শিরঃ কায়াৎ সকুণ্ডলম্।
ভল্লেনাপাহরদ্‌দ্রৌণিঃ স্ময়মান ইবানঘ! ॥২৫॥
সম্পূর্ণচন্দ্রাভমুখঃ পদ্মপত্রনিভেক্ষণঃ।
প্রাংশুরুৎপলপত্রাভো নিহতো ন্যপতদ্ভুবি ॥২৬॥
ততঃ প্রবিব্যথে সেনা পাণ্ডবী ভৃশমাকুলা।
আচার্য্যপুত্রেণ হতে নীলে জ্বলিততেজসি ॥২৭॥
অচিন্তয়ংশ্চ তে সর্ব্বে পাণ্ডবানাং মহারথাঃ।
কথং নো বাসবিস্ত্রায়াচ্ছত্রুভ্য ইতি মারিষ! ॥২৮॥
দক্ষিণেন তু সেনায়াঃ কুরুতে কদনং বলী।
সংশপ্তকাবশেষস্য নারায়ণবলস্য চ ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে নীলরাজবধে উনত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

তস্যেতি। শোভনা নাসা যত্র তৎ। স্ময়মান ঈষদ্ধসন্ ॥২৫॥

সম্পূর্ণেতি। প্রাংশুরুন্নতদেহঃ, উৎপলপত্রাভঃ শ্যামবর্ণো নীলঃ ॥২৬॥

তত ইতি। প্রবিব্যথে প্রধানাশ্রয়নাশাদিত্যাশয়ঃ ॥২৭॥

অচিন্তয়ন্নিতি। নঃ অস্মান্, বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিরর্জ্জুনঃ ॥২৮॥

অথ তদানীং বাসবিঃ ক্বেত্যাহ দক্ষিণেনেতি। কদনং বিনাশম্, বলী অর্জ্জুনঃ ॥২৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি সংশপ্তকবধে উনত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

নিষ্পাপ রাজা! সেই সময়ে অশ্বত্থামা মৃদু হাস্য করতই যেন একটা ভল্ল-দ্বারা উদ্যততরবারি নীলরাজার দেহ হইতে সুন্দরনাসিকা ও কুণ্ডলযুক্ত মস্তকটাকে ছেদন করিলেন ॥২৫॥

তখন পূর্ণচন্দ্রতুল্যবদন, পদ্মপত্রতুল্যনয়ন, উৎপলপত্রতুল্য শ্যামবর্ণ ও উন্নত-দেহ নীলরাজা নিহত হইয়া ভূতলে পতিত হইলেন ॥২৬॥

তৎপরে অশ্বত্থামা উজ্জ্বলতেজা নীলরাজাকে বধ করিলে, পাণ্ডবসৈন্যেরা অত্যন্ত আকুল হইয়া দুঃখ অনুভব করিতে লাগিল ॥২৭॥

এবং মাননীয় রাজা! পাণ্ডবপক্ষের সেই মহারথেরা সকলে ভাবিতে লাগিলেন যে, 'অর্জুন কি করিয়া আমাদিগকে শত্রুপক্ষ হইতে রক্ষা করিবেন' ॥২৮॥

(২৬) ··ন্যপতৎ ক্ষিতৌ—পি। (২৯) · কদনং মহৎ—পি। * '···ত্রিংশোঽধ্যায়ঃ' ব, '···একত্রিংশোঽধ্যায়ঃ বা'রা নি।

ত্রিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

প্রতিঘাতন্তু সৈন্যস্য নামৃষ্যত বৃকোদরঃ।
সোঽভ্যাহনদ্‌গুরুং ষষ্ট্যা কর্ণঞ্চ দশভিঃ শরৈঃ ॥১॥
তস্য দ্রোণঃ শিতৈর্ব্বাণৈস্তীক্ষ্ণধারৈরজিহ্মগৈঃ।
জীবিতান্তমভিপ্রেপ্সুর্মর্ম্মাণ্যাশু জঘান হ।
আনন্তর্য্যমভিপ্রেপ্সুঃ ষড়্‌বিংশত্যা সমার্পয়ৎ ॥২॥
কর্ণো দ্বাদশভির্ব্বাণৈরশ্বত্থামা চ সপ্তভিঃ।
ষড়্‌ভির্দুর্য্যোধনো রাজা তত এনমবাকিরৎ ॥৩॥

প্রতীতি। নামৃষ্যত নাসহত। অভ্যাহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। গুরুং দ্রোণম্‌ ॥১॥

তস্যেতি। অভিপ্রেপ্সুঃ কর্ত্তুমিচ্ছুঃ। আনন্তর্য্যং প্রহারস্য পরপরবর্ত্তিত্বম্‌ অবিরত-প্রহারমিত্যর্থঃ, অভিপ্রেপ্সুর্দ্রোণ এব পুনঃ ষড়্‌বিংশত্যা শরৈঃ, সমার্পয়ৎ অপীড়য়ৎ। ষট্‌-পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥

কর্ণ ইতি। এনং বৃকোদরম্‌, অবাকিরৎ অতাড়য়ৎ ॥৩॥

অথচ বলবান্‌ অর্জুন তখন সৈন্যের দক্ষিণদিকে থাকিয়া অবশিষ্ট সংশপ্তক-সৈন্য ও নারায়ণসৈন্য বিনাশ করিতেছিলেন' ॥২৯॥

সঞ্জয় বলিলেন—'ভীমসেন স্বকীয়সৈন্যবিনাশ সহ্য করিলেন না; তিনি ষাটটা বাণদ্বারা দ্রোণকে এবং দশটাদ্বারা কর্ণকে আঘাত করিলেন ॥১॥

তখন দ্রোণ ভীমসেনের জীবনবিনাশ করিবার ইচ্ছা করিয়া সত্বর নিশিত, তীক্ষ্ণধার ও সরলগামী বহুতর বাণদ্বারা তাঁহার মর্ম্মদেশে আঘাত করিলেন এবং পর পর প্রহার করিবার ইচ্ছায় পুনরায় ছাব্বিশটা বাণদ্বারা প্রহার করিলেন ॥২॥

তৎপরে কর্ণ বারটা, অশ্বত্থামা সাতটা এবং রাজা দুর্য্যোধন ছয়টা বাণদ্বারা ভীমসেনকে পীড়ন করিলেন ॥৩॥

১) সোঽহনদ্বাহ্লিকং ষষ্ট্যা···পি বা। (৩)···তত এনমথাকিরৎ—বা নি।

ভীমসেনোঽপি তান্ সর্ব্বান্ প্রত্যবিধ্যন্মহাবলঃ।
দ্রোণং পঞ্চাশতেষূণাং কর্ণঞ্চ দশভিঃ শরৈঃ ॥৪॥
দুর্য্যোধনং দ্বাদশভির্দ্রৌণিঞ্চাষ্টাভিরাশুগৈঃ।
আরাবং তুমুলং কুর্ব্বন্নভ্যবর্ত্তত তান্ রণে ॥৫॥ (যুগ্মকম্)
তস্মিন্ সংত্যজতি প্রাণান্ মৃত্যুসাধারণীকৃতে।
অজাতশত্রুস্তান্ যোধান্ ভীমং ত্রাতেত্যচোদয়ৎ ॥৬॥
তে যযুর্ভীমসেনস্য সমীপমমিতৌজসঃ।
যুযুধানপ্রভৃতয়ো মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥৭॥
তে সমেত্য সুসংরব্ধাঃ সহিতাঃ পুরুষর্ষভাঃ।
মহেষ্বাসবরৈর্গুপ্তং দ্রোণানীকং বিভিৎসবঃ।
সমাপেতুর্মহাবীর্য্যা ভীমপ্রভৃতয়ো রথাঃ ॥৮॥

ভীমেতি। ইষূণাং বাণানাম্। আরাবং গর্জ্জনম্ ॥৪—৫॥

তস্মিন্নিতি। সংত্যজতি সম্যক্ ত্যাগোদ্যমং কুর্বতি। অতএব মৃত্যুনা সাধারণীকৃতে অন্যসৈন্যসমানীকৃতে সৈন্যান্তরবং সম্ভাবিতমৃত্যাবিত্যর্থঃ। অজাতশত্রুর্যুধিষ্ঠিরঃ। ত্রাত রক্ষত যূয়ম্ ॥৬॥

ত ইতি। যুযুধানপ্রভৃতয়ঃ সাত্যকিপ্রমুখাঃ, মাদ্রীপুত্রৌ নকুলসহদেবৌ ॥৭॥

ত ইতি। সুসংরব্ধা অতীবক্রুদ্ধাঃ। গুপ্তং রক্ষিতম্। ষট্পাদঃ শ্লোকোঽয়ম্ ॥৮॥

তখন মহাবল ভীমসেনও পঞ্চাশটা বাণদ্বারা দ্রোণকে, দশটাদ্বারা কর্ণকে, বারটাদ্বারা দুর্য্যোধনকে এবং আটটাদ্বারা অশ্বত্থামাকে এইভাবে তাঁহাদের সকলকে প্রতিবিদ্ধ করিলেন; আর তুমুল গর্জন করিতে করিতে তাঁহাদের প্রতি ধাবিত হইলেন ॥৪—৫॥

ভীমসেন প্রাণত্যাগের উদ্যম করিলে এবং মৃত্যুও তাঁহাকে অন্য সৈন্যের ন্যায় গ্রাস করিতে উদ্যত হইলে, 'আপনারা ভীমকে রক্ষা করুন' এই কথা বলিয়া যুধিষ্ঠির নিকটবর্ত্তী যোদ্ধাদিগকে প্রেরণ করিলেন ॥৬॥

সাত্যকিপ্রভৃতি বীরগণ এবং পাণ্ডুনন্দন নকুল ও সহদেব ইঁহারা যাইয়া অমিততেজা ভীমসেনের নিকট উপস্থিত হইলেন ॥৭॥

অত্যন্তক্রুদ্ধ সেই পুরুষশ্রেষ্ঠেরা সম্মিলিতভাবে উপস্থিত হইয়া মহাধনুর্দ্ধরগণরক্ষিত দ্রোণসৈন্যকে বিদীর্ণ করিবার ইচ্ছা করিলেন এবং মহাবল ভীমসেনপ্রভৃতি রথীরাও দ্রোণসৈন্যের উপরে পতিত হইলেন ॥৮॥

(৬)···ভীমং ত্রাহীত্যচোদয়ৎ—পি। (৮)···মহেষ্বাসবরৈর্গুপ্তাঃ···বা নি।

তান্ প্রত্যগৃহ্লাদব্যগ্রো দ্রোণোঽপি রথিনাং বরঃ।
মহারথানতিবলান্ বীরান্ সমরযোধিনঃ ॥৯॥
বাহ্যং মৃত্যুভয়ং কৃত্বা তাবকাঃ পাণ্ডবান্ যযুঃ।
সাদিনঃ সাদিনোঽভ্যঘ্নংস্তথৈব রথিনো রথান্ ॥১০॥
অসিশক্ত্যৃষ্টিসংঘাতৈর্যুদ্ধমাসীৎ পরশ্বধৈঃ।
প্রকৃষ্টমসিযুদ্ধঞ্চ বভূব কটুকোদয়ম্।
কুঞ্জরাণাঞ্চ সম্পাতে যুদ্ধমাসীৎ সুদারুণম্ ॥১১॥
অপতৎ কুঞ্জরাদন্যো হয়াদন্যস্ত্ববাক্শিরাঃ।
নরো বাণবিনির্ভিন্নো রথাদন্যশ্চ মারিষ ! ॥১২॥
তত্রান্যস্য চ সংমর্দ্দে পতিতস্য বিবর্ম্মণঃ।
শিরঃ প্রধ্বংসয়ামাস বক্ষস্যাক্রম্য কুঞ্জরঃ ॥১৩॥

তানিতি। সমরযোধিন এব ন তু কাপুরুষবদ্গোপনযোধিন ইতি ভাবঃ ॥৯॥
বাহ্যমিতি। বাহ্যং বহির্ভূতং দূরীভূতমিতি যাবৎ। সাদিনো গজাশ্বারোহিণঃ ॥১০॥
অসীতি। প্রকৃষ্টং শিক্ষাকৌশলেন প্রবৃত্তেঃ। কটুকোদয়ং ঘোরম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥
অপতদিতি। বাণবিনির্ভিন্ন ইতি সর্বত্র সম্বধ্যতে ॥১২॥
তত্রেতি। সংমর্দ্দে যুদ্ধসংঘর্ষে, বিবর্ম্মণো বিগতকবচস্য ॥১৩॥

তখন রথিশ্রেষ্ঠ দ্রোণও মহাবল, মহাবীর ও সমরযোধী সেই মহারথগণকে গ্রহণ করিলেন ॥৯॥

ক্রমে আপনার পক্ষের যোদ্ধারাও মৃত্যুভয় পরিত্যাগ করিয়া পাণ্ডবগণের দিকে গমন করিলেন। পরে গজাশ্বারোহীরা গজাশ্বারোহিগণকে এবং রথীরা রথীদিগকে আঘাত করিতে লাগিলেন ॥১০॥

বিভিন্ন স্থানে অসি, শক্তি, ঋষ্টি ও পরশুর আঘাতে যুদ্ধ হইতে লাগিল, অতিভীষণ প্রকৃষ্ট তরবারিযুদ্ধ চলিতে থাকিল এবং হস্তিগণের সংঘর্ষে অতিদারুণ যুদ্ধ লাগিয়া গেল ॥১১॥

মাননীয় রাজা ! ক্রমে বাণবিদীর্ণ হইয়া কোন লোক হস্তী হইতে, কেহ অধোমুখ হইয়া অশ্ব হইতে এবং কোন বীর রথ হইতে পতিত হইতে লাগিলেন ॥১২॥

সেই যুদ্ধসংঘর্ষে অপর কোন সৈন্য বর্ম্মহীন হইয়া ভূতলে পতিত হইল; তখন একটা হাতী আসিয়া তাহার বক্ষ আক্রমণ করিয়া মাথাটা চূর্ণ করিল ॥১৩॥

(১০)...তাবকান্ পাণ্ডবা যযুঃ...বা নি। (১১) আসীচ্ছক্ত্যৃষ্টিসম্পাতঃ...বা।

অপরাংশ্চাপরেঽমৃদ্নন্ বারণাঃ পতিতান্ নরান্।
বিষাণৈশ্চাবনিং গত্বা ব্যভিন্দন্ রথিনো বহূন্ ॥১৪॥
নরান্ত্রৈঃ কেচিদপরে বিষাণালগ্নসংশ্রয়ৈঃ।
বভ্রমুঃ সমরে নাগা মৃদ্নন্তঃ শতশো নরান্ ॥১৫॥
কার্ষ্ণায়সতনুত্রাণান্ নরাশ্বরথকুঞ্জরান্।
পতিতান্ পোথয়াঞ্চক্রুর্দ্বিপাঃ স্থূলনলানিব ॥১৬॥
গৃধ্রপত্রাধিবাসাংসি শয়নানি নরাধিপাঃ।
হ্রীমন্তঃ কালসম্পর্কাৎ সুদুঃখান্যধ্যশেরত ॥১৭॥
হন্তি স্মাত্র পিতা পুত্রং রথেনাভ্যেত্য সংযুগে।
পুত্রশ্চ পিতরং মোহান্নির্ম্মর্য্যাদমবর্ত্তত ॥১৮॥

অপরানিতি। বারণা গজাঃ। বিষাণৈর্দন্তৈঃ। গত্বা স্পৃষ্ট্বা, রথিনঃ পতিতান্ ॥১৪॥

নরেতি। নরাণামন্ত্রৈঃ শিরাভিঃ। বিষাণেষু দন্তেষু আলগ্নাঃ সংশ্রয়া একাংশা যেষাং তৈঃ। নাগা হস্তিনঃ। নরান্ ভূপতিতানেব ॥১৫॥

কার্ষ্ণেতি। কৃষ্ণায়ো লৌহসারস্তস্যেমানীতি কার্ষ্ণায়সানি তনুত্রাণানি যেষাং তান্ ॥১৬॥

গৃধ্রেতি। হ্রীমন্তঃ অকার্য্যে পলায়নাদৌ লজ্জাবন্তো নরাধিপাঃ, কালসম্পর্কাৎ প্রহারাতিশয়প্রাপ্ত্যা মৃত্যুসময়োপস্থিতের্হেতোঃ, গৃধ্রাণাং সংঘর্ষেণ ভূপতিতানাং পক্ষিণাং পত্রাণি পক্ষা এবাধিবাসাংসি আস্তরণবস্ত্রাণি যেষু তানি, অতএব সুদুঃখানি অতীবদুঃখজনকানি, শয়নানি ভূতলশয্যাঃ, অধ্যশেরত অবালম্বন্ত। অধিপূর্ব্বত্বাদধিকরণস্য কর্ম্মত্বম্ ॥১৭॥

হন্তীতি। মোহাৎ ভ্রমাৎ, নির্ম্মর্য্যাদং বিশৃঙ্খলং যুদ্ধমিতি শেষঃ ॥১৮॥

অন্য হস্তিগণ ভূতলপতিত অপর মনুষ্যদিগকে মর্দ্দন করিতে লাগিল এবং দন্তদ্বারা ভূতলস্পর্শ করিয়া বহুতর পতিত রথীকেও বিদীর্ণ করিতে থাকিল ॥১৪॥

অপর কতকগুলি হাতী দন্তসংলগ্ন মনুষ্যনাড়ী লইয়া শত শত মানুষকে মর্দ্দন করিতে থাকিয়া সমরাঙ্গনে ভ্রমণ করিতে লাগিল ॥১৫॥

বহুতর হাতী—লৌহসার-(ইস্পাত-) নির্ম্মিতবর্ম্মধারী ভূতলপতিত হস্তী, অশ্ব, রথী ও পদাতিগণকে নিষ্পেষণ করিতে থাকিল ॥১৬॥

যে সকল রাজা লজ্জাবশতঃ পলায়ন করেন নাই, তাঁহারা অত্যন্ত আঘাত পাইয়া আসন্নমৃত্যু হইয়া গৃধ্রপক্ষীর পক্ষরূপ আস্তরণযুক্ত অত্যন্তদুঃখজনক ভূমিশয্যায় শয়ন করিতে লাগিলেন ॥১৭॥

(১৪)···ব্যমৃদ্নন্ রথিনো বহূন্—পি। (১৭)···অভিশেরতে···পি,···অনুশেরতে···বা নি।

অক্ষো ভগ্নো ধ্বজশ্ছিন্নশ্ছত্রমুর্ব্যাং নিপাতিতম্ ।
যুগার্দ্ধং ছিন্নমাদায় প্রদুদ্রাব তথা হয়ঃ ॥১৯॥
সাসির্বাহুর্নিপতিতঃ শিরশ্ছিন্নং সকুণ্ডলম্ ।
গজেনাক্ষিপ্য বলিনা রথঃ সঞ্চূর্ণিতঃ ক্ষিতৌ ॥২০॥
রথিনা তাড়িতো নাগো নারাচেনাপতৎ ক্ষিতৌ ।
সারোহশ্চাপতদ্বাজী গজেনাভ্যাহতো ভৃশম্ ॥২১॥
নির্ম্মর্য্যাদং মহদ্‌যুদ্ধমবর্ত্তত সুদারুণম্ ।
হা তাত ! হা পুত্র ! সখে ! ক্বাসি তিষ্ঠ ক্ব ধাবসি ॥২২॥
প্রহরাহর জহ্যেনং স্মিতক্ষ্বেড়িতগর্জিতৈঃ ।
ইত্যেবমুচ্চৈরত্যর্থং শ্রূয়ন্তে বিবিধা গিরঃ ॥২৩॥ (যুগ্মকম্)

অক্ষ ইতি। অক্ষশ্চক্রম্। উর্ব্যাং ভূতলে। যুগং রথীয়দারুবিশেষস্তস্যার্দ্ধম্ ॥১৯॥

সাসিরিতি। সাসিরসিযুক্তঃ। আক্ষিপ্য আকৃষ্য ॥২০॥

রথিনেতি। নাগো হস্তী। সারোহ আরোহিসহিতঃ, বাজী অশ্বঃ ॥২১॥

নিরিতি। নির্ম্মর্য্যাদং শৃঙ্খলারহিতম্। আহর আনয়। স্মিতং মৃদুহাস্যম্, ক্ষ্বেড়িতং সিংহনাদঃ গর্জিতং গর্জ্জনঞ্চ তত্তচ্ছব্দৈঃ সহেত্যর্থঃ। শ্রূয়ন্তে স্ম তত্রত্যৈঃ ॥২২—২৩॥

সেই যুদ্ধে রথে আসিয়া ভ্রমবশতঃ পিতা পুত্রকে এবং পুত্র পিতাকে বধ করিতে থাকিল। সুতরাং সে যুদ্ধ বিশৃঙ্খলভাবেই চলিতে লাগিল ॥১৮॥

রথের চক্র ভগ্ন, ধ্বজ ছিন্ন এবং ছত্র ভূপতিত হইতে থাকিল ; আর তাহার ঘোড়াগুলি যুগকাঠের ছিন্ন অর্দ্ধ লইয়া দৌড়াইতে লাগিল ॥১৯॥

তরবারিযুক্ত বাহু নিপতিত হইতে লাগিল, কুণ্ডলযুক্ত মস্তক ছিন্ন হইতে থাকিল এবং কোন কোন বলবান্ হস্তী আকর্ষণ করিয়া কোন কোন রথকে চূর্ণ করিতে লাগিল ॥২০॥

কোন রথী নারাচদ্বারা আঘাত করিলে, কোন হাতী ভূতলে পড়িয়া গেল এবং কোন হাতী গুরুতর আঘাত করিলে, কোন অশ্ব আরোহীর সহিত পতিত হইল ॥২১॥

এইরূপ বিশৃঙ্খলভাবে অতিদারুণ মহাযুদ্ধ হইতে লাগিল। 'হা তাত ! হা পুত্র ! হা সখা ! কোথায় আছ ? দাঁড়াও, কোথায় দৌড়াইয়া যাইতেছ, ইহাকে প্রহার কর, ধরিয়া আন, বধ কর' এইরূপ অত্যুচ্চ নানাবিধ বাক্য এবং মন্দহাস্য, সিংহনাদ ও গর্জ্জন শুনা যাইতে থাকিল ॥২২—২৩॥

(১৯)···রথো ভগ্নঃ···বা নি।

নরস্যাশ্বস্য নাগস্য সমসজ্জত শোণিতম্।
উপাশাম্যদ্রজো ভৌমং ভীরূন্ কশ্মলমাবিশৎ ॥২৪॥
চক্রেণ চক্রমাসাদ্য বীরো বীরস্য সংযুগে।
অতীতেষুপথে কালে জহার গদয়া শিরঃ ॥২৫॥
আসীৎ কেশপরামর্শো মুষ্টিযুদ্ধঞ্চ দারুণম্।
নখৈর্দন্তৈশ্চ শূরাণামদ্বীপে দ্বীপমিচ্ছতাম্ ॥২৬॥
তত্রাচ্ছিদ্যত শূরস্য নখড়্গো বাহুরুদ্যতঃ।
সধনুশ্চাপরস্যাপি সশরঃ সাঙ্কুশস্তথা ॥২৭॥
আক্রোশদন্যমন্যোঽত্র তথান্যো বিমুখোঽদ্রবৎ।
অন্যঃ প্রাপ্তস্য চান্যস্য শিরঃ কায়াদপাহরৎ ॥২৮॥
শব্দমভ্যদ্রবচ্চান্যঃ শব্দাদন্যোঽত্রসদ্ভৃশম্।
স্বানন্যোঽথ পরানন্যো জঘান নিশিতৈঃ শরৈঃ ॥২৯॥

নরস্যেতি। সমসজ্জত সংযুক্তমভবৎ। উপাশাম্যৎ তেন শোণিতেনৈব। কশ্মলং মোহঃ ॥২৪॥

চক্রেণেতি। চক্রদ্বয়মপি রথস্য। অতীতঃ সান্নিধ্যাদ্‌গত ইষুপথো বাণক্ষেপস্থানং যত্র তত্র ॥২৫॥

আসীদিতি। কেশপরামর্শঃ কেশাকর্ষণম্। অদ্বীপে আশ্রয়শূন্যে স্থানে, দ্বীপমাশ্রয়ম্ ॥২৬॥

তত্রেতি। অচ্ছিদ্যত অন্যেন শূরেণ। অপরস্যাপি বাহুরিত্যনুবৃত্তিঃ ॥২৭॥

আক্রোশদিতি। আক্রোশদ্‌যুদ্ধায়াহ্বয়ৎ। অদ্রবৎ পলায়ত। প্রাপ্তস্যাগতস্য ॥২৮॥

মানুষ, ঘোড়া ও হাতীর রক্ত মিশিয়া গেল, তাহাতে ভূতলের ধূলি নিবৃত্তি পাইল এবং ভীরুগণের মোহ উপস্থিত হইল ॥২৪॥

সমরাঙ্গনে নিজের রথচক্র অপরের রথচক্রে লাগিয়া যাওয়ায় বাণক্ষেপের স্থান না থাকায় কোন বীর গদাদ্বারা অপর বীরের মস্তক চূর্ণ করিলেন ॥২৫॥

বীরেরা আশ্রয়শূন্যস্থানে আশ্রয়লাভের ইচ্ছা করিতে লাগিলে, তাঁহাদের মধ্যে পরস্পর কেশাকর্ষণ, দারুণ মুষ্টিযুদ্ধ, নখযুদ্ধ ও দন্তযুদ্ধ হইতে লাগিল ॥২৬॥

তখন কোন বীর কোন বীরের তরবারিযুক্ত উত্তোলিত বাহু ছেদন করিলেন এবং অপর বীর অপর বীরের ধনু, বাণ বা অঙ্কুশযুক্ত বাহু কাটিয়া ফেলিলেন ॥২৭॥

অন্য যোদ্ধা অন্য যোদ্ধাকে ডাকিল, অপর যোদ্ধা বিমুখ হইয়া পলায়ন করিল এবং অন্য যোদ্ধা উপস্থিত যোদ্ধার দেহ হইতে মস্তক হরণ করিল ॥২৮॥

(২৫)···অতীতবাক্‌পথে···পি,···অতীতেঽস্বপথে···বা ব। (২৯) সশব্দমদ্রবচ্চান্যঃ··· বা ব রা নি।

গিরিশৃঙ্গোপমশ্চাত্র নারাচেন নিপাতিতঃ।
মাতঙ্গো ন্যপতদ্ভূমৌ নদীরোধ ইবোষ্ণগে ॥৩০॥
তথৈব রথিনং নাগঃ ক্ষরন্ গিরিরিবারুজন্।
অভ্যতিষ্ঠৎ পদা ভূমৌ সহাশ্বং সহসারথিম্ ॥৩১॥
শূরান্ প্রহরতো দৃষ্ট্বা কৃতাস্ত্রান্ রুধিরোক্ষিতান্।
বহূনপ্যাবিশন্মোহো ভীরূন্ হৃদয়দুর্বলান্ ॥৩২॥
সর্বমাবিগ্নমভবন্ন প্রাজ্ঞায়ত কিঞ্চন।
সৈন্যেন রজসা ধ্বস্তং নির্ম্মর্য্যাদমবর্ত্তত ॥৩৩॥
ততঃ সেনাপতিঃ শীঘ্রময়ং কাল ইতি ব্রুবন্।
নিত্যাভিত্বরিতানেব ত্বরয়ামাস পাণ্ডবান্ ॥৩৪॥
কুর্বন্তঃ শাসনং তস্য পাণ্ডবা বাহুশালিনঃ।
সরো হংসা ইবাপেতুর্ঘ্নন্তো দ্রোণরথং প্রতি ॥৩৫॥

শব্দমিতি। অভ্যদ্রবং অভ্যধাবং। অত্রসং ভীতবান্। স্বান্ স্বপক্ষীয়ান্ ॥২৯॥
গিরীতি। নদ্যা রোধস্তীরম্, উষ্ণং গ্রীষ্মং গচ্ছতি অতিক্রামতীতি তস্মিন্ বর্ষাকালে ॥৩০॥
তথেতি। ক্ষরন্ মদং নিঃসারয়ন্। আরুজন্ রথং ভঞ্জন্। অভ্যতিষ্ঠদারোহৎ ॥৩১॥
শূরানিতি। হৃদয়ে দুর্বলা হৃদয়দুর্বলাস্তান্ দুর্বলহৃদয়ান্ ॥৩২॥
সর্ব্বমিতি। আবিগ্নমস্থিরম্। সৈন্যেন সৈন্যোত্থাপিতেন ধ্বস্তং নষ্টং তিরোহিতম্ ॥৩৩॥
তত ইতি। সেনাপতির্ধৃষ্টদ্যুম্নঃ, অয়ং কালো দ্রোণবধস্যেত্যাশয়ঃ ॥৩৪॥

কোন সৈন্য অন্য সৈন্যের শব্দ লক্ষ্য করিয়া ধাবিত হইল, কোন সৈন্য অপর সৈন্যের শব্দ শুনিয়া অত্যন্ত ভীত হইল, অন্য সৈন্য স্বপক্ষকে বধ করিল এবং অপর সৈন্য সুধার বাণদ্বারা বিপক্ষকে সংহার করিতে লাগিল ॥২৯॥

পর্ব্বতশৃঙ্গপ্রমাণ কোন হস্তী নারাচদ্বারা আহত হইয়া বর্ষাকালে নদীতীরের ন্যায় ভূতলে পতিত হইল ॥৩০॥

মদস্রাবী ও পর্বতপ্রমাণ কোন হস্তী ভূতলে থাকিয়া বিপক্ষের রথখানাকে ভাঙ্গিয়া চরণদ্বারা তাহার অশ্ব ও সারথির সহিত রথীকে নিষ্পেষণ করিল ॥৩১॥

অপর কৃতাস্ত্রদিগকে প্রহার করায় বীরগণকে রক্তসিক্ত অবস্থায় দেখিয়া দুর্ব্বলচিত্ত বহুতর ভীরুর মোহ উপস্থিত হইল ॥৩২॥

সমস্ত অস্থির হইল, সৈন্যগণের ধূলিজালে সমরাঙ্গন আবৃত হইয়া পড়িল, কিছুই জানা গেল না এবং বিশৃঙ্খলভাবে যুদ্ধ চলিতে লাগিল ॥৩৩॥

তাহার পর 'এই সময়' এই কথা দ্রুত বলিয়া ধৃষ্টদ্যুম্ন- সর্ব্বদা ত্বরান্বিত পাণ্ডবগণকে আরও ত্বরান্বিত করিলেন ॥৩৪॥

গৃহ্ণীতাদ্রবতান্যোন্যং বিভীতা বিনিকৃন্তত।
ইত্যাসীত্তুমুলঃ শব্দো দুর্দ্ধর্ষস্য রথং প্রতি ॥৩৬॥
ততো দ্রোণঃ কৃপঃ কর্ণো দ্রৌণী রাজা জয়দ্রথঃ।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ শল্যশ্চৈতান্ ন্যবারয়ন্ ॥৩৭॥
তে ত্বার্য্যধর্ম্মসংরব্ধা দুর্নিবারা দুরাসদাঃ।
শরার্ত্তা ন জহুর্দ্রোণং পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ ॥৩৮॥
ততো দ্রোণোঽতিসংক্রুদ্ধো বিসৃজন্ শতশঃ শরান্।
চেদিপাঞ্চালপাণ্ডূনামকরোৎ কদনং মহৎ ॥৩৯॥
তস্য জ্যাতলনির্ঘোষঃ শুশ্রুবে দিক্ষু মারিষ!।
বজ্রসংহ্রাদসঙ্কাশস্ত্রাসয়ন্ মানবান্ বহূন্ ॥৪০॥

কুর্ব্বন্ত ইতি। শাসনমাদেশম্। ঘ্নন্তঃ প্রহরন্তঃ ॥৩৫॥
গৃহ্ণীতেতি। আদ্রবত অভিধাবত, বিগতং ভীতং ভয়ং যেষাং তে নির্ভয়াঃ, বিনিকৃন্তত ছিন্ত। দুর্দ্ধর্ষস্য দ্রোণস্য ॥৩৬॥
তত ইতি। দ্রৌণিরশ্বত্থামা। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ, এতান্ পাণ্ডবান্ ॥৩৭॥
ত ইতি। আর্য্যধর্ম্মেণ সজ্জননিয়মেনৈব সংরব্ধাঃ সোৎসাহাঃ ॥৩৮॥
তত ইতি। কদনং পীড়নম্ ॥৩৯॥
তস্যেতি। জ্যাতলয়োর্ধনুর্গুণহস্তাবাপয়োর্নির্ঘোষঃ। সংহ্রাদঃ শব্দঃ ॥৪০॥

তখন মহাবাহু পাণ্ডবগণ তাঁহার আদেশ পালন করতঃ—হংসগণ যেমন সরোবরে পতিত হয়, সেইরূপ প্রহার করিতে করিতে দ্রোণরথের প্রতি পতিত হইলেন ॥৩৫॥

ক্রমে 'ধর, পরস্পর ধাবিত হও এবং নির্ভয়ে ছেদন কর' এইরূপ তুমুল শব্দ দুর্দ্ধর্ষ দ্রোণের রথের দিকে হইতে লাগিল ॥৩৬॥

তদনন্তর দ্রোণ, কৃপ, কর্ণ, অশ্বত্থামা, দুর্য্যোধন, জয়দ্রথ, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ এবং শল্য পাণ্ডবগণকে নিবারণ করিতে থাকিলেন ॥৩৭॥

তখন সজ্জননিয়মানুসারে উৎসাহী, দুর্নিবার ও দুর্দ্ধর্ষ পাঞ্চালেরা পাণ্ডবগণের সহিত বাণে পীড়িত হইয়াও দ্রোণকে পরিত্যাগ করিলেন না ॥৩৮॥

তৎপরে দ্রোণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া শত শত বাণ নিক্ষেপ করিতে থাকিয়া চেদি, পাঞ্চাল ও পাণ্ডবগণকে অত্যন্ত পীড়ন করিতে লাগিলেন ॥৩৯॥

মাননীয় রাজা! তখন বজ্রনির্ঘোষতুল্য এবং বহুলোকের ভয়জনক দ্রোণের ধনুষ্টঙ্কার সকল দিকে শুনা যাইতে লাগিল ॥৪০॥

---

(৩৭)…শল্যশ্চৈতানবারয়ন্—পি।

এতস্মিন্নন্তরে জিষ্ণুর্জিত্বা সংশপ্তকান্ বহূন্।
অভ্যয়াত্তত্র যত্রাসৌ দ্রোণঃ পাণ্ডূন্ প্রমর্দ্দতি ॥৪১॥
তান্ শরৌঘমহাবর্ত্তান্ শোণিতোদান্ মহাহ্রদান্।
তীর্ণঃ সংশপ্তকান্ হত্বা প্রত্যদৃশ্যত ফাল্গুনঃ ॥৪২॥
তস্য কীর্ত্তিমতো লক্ষ্ম সূর্য্যপ্রতিমতেজসঃ।
দীপ্যমানমপশ্যাম তেজসা বানরধ্বজম্ ॥৪৩॥
সংশপ্তকসমুদ্রং তমুচ্ছোষ্যাস্ত্রগভস্তিভিঃ।
স পাণ্ডবযুগান্তার্কঃ কুরূনপ্যভ্যতীতপৎ ॥৪৪॥
প্রদদাহ কুরূন্ সর্ব্বানর্জ্জুনঃ শস্ত্রতেজসা।
যুগান্তে সর্ব্বভূতানি ধূমকেতুরিবোত্থিতঃ ॥৪৫॥
তেন বাণসহস্রৌঘৈর্গজাশ্বরথযোধিনঃ।
তাড্যমানাঃ ক্ষিতিং জগ্মুর্মুক্তকেশাঃ শরার্দ্দিতাঃ ॥৪৬॥

এতস্মিন্নিতি। অন্তরে অবসরে, জিষ্ণুরর্জ্জুনঃ। অভ্যয়াদাগচ্ছৎ ॥৪১॥

তানিতি। শরৌঘা এব মহাবর্ত্তা বিশালজলভ্রময়ো যেষাং তান্, শোণিতানি রক্তান্যেব উদকানি জলানি যেষাং তান্, সংশপ্তকানেব মহাহ্রদান্ তীর্ণঃ, ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥৪২॥

তস্যেতি। লক্ষ্ম চিহ্নম্, বানরধ্বজমপশ্যামেতি সম্বন্ধঃ ॥৪৩॥

সমিতি। অস্ত্রগভস্তিভিঃ অস্ত্রকিরণৈঃ। অভ্যতীতপৎ সর্ব্বতোভাবেন তাপিতবান্ ॥৪৪॥

প্রেতি। ধূমকেতুস্তন্ময়ং তেজঃ ॥৪৫॥

তেনেতি। তেন অর্জ্জুনেন। মুক্তকেশাঃ সমরসংঘর্ষাৎ স্খলিতকুন্তলাঃ ॥৪৬॥

এই সময়ে অর্জ্জুন বহু সংশপ্তককে জয় করিয়া—যেখানে ঐ দ্রোণ পাণ্ডবগণকে মর্দ্দন করিতেছিলেন, সেইখানে আগমন করিলেন ॥৪১॥

বাণসমূহ যাহার বিশাল আবর্ত্ত (ঘোলা) এবং রক্ত যাহার জল ছিল, সেই সংশপ্তকরূপ মহাহ্রদ উত্তীর্ণ হইয়া অর্জ্জুন উপস্থিত হইলে, ক্রমশঃ সকলে তাঁহাকে দেখিতে লাগিল ॥৪২॥

কীর্ত্তিমান্ ও সূর্য্যের তুল্য তেজস্বী অর্জ্জুনের চিহ্নস্বরূপ এবং তেজে উজ্জ্বল বানরধ্বজটা আমরা দেখিতে লাগিলাম ॥৪৩॥

অর্জ্জুনরূপ সেই প্রলয়সূর্য্য অস্ত্ররূপ কিরণদ্বারা সেই সংশপ্তকরূপ সমুদ্রকে শুষ্ক করিয়া কৌরবগণকেও সন্তপ্ত করিতে লাগিলেন ॥৪৪॥

ক্রমে প্রলয়কালে উত্থিত ধূমকেতু যেমন সমস্ত ভূত দগ্ধ করে, সেইরূপ অর্জুন অস্ত্রের তেজে সমস্ত কৌরবকে দগ্ধ করিতে থাকিলেন ॥৪৫॥

(৪২) তান্ শরৌঘান্ মহাবর্ত্তান্·· নি।

কেচিদার্ত্তস্বনং চক্রুর্বিনেশুরপরে পুনঃ।
পার্থবাণহতাঃ কেচিন্নিপেতুর্বিগতাসবঃ ॥৪৭॥
তেষামুৎপতিতান্ কাংশ্চিৎ পতিতাংশ্চ পরাঙ্মুখান্।
ন জঘানার্জ্জুনো যোধান্ যোধব্রতমনুস্মরন্ ॥৪৮॥
তে বিকীর্ণরথাশ্বেভাঃ প্রায়শশ্চ পরাঙ্মুখাঃ।
কুরবঃ কর্ণ কর্ণেতি হাহেতি চ বিচুক্রুশুঃ ॥৪৯॥
তমাধিরথিরাক্রন্দং বিজ্ঞায় শরণৈষিণাম্।
মা ভৈষ্টেতি প্রতিশ্রুত্য যযাবভিমুখোঽর্জ্জুনম্ ॥৫০॥
স ভারতরথশ্রেষ্ঠঃ সর্ব্বভারতহর্ষণঃ।
প্রাদুশ্চক্রে তদাগ্নেয়মস্ত্রমস্ত্রবিদাং বরঃ ॥৫১॥

কেচিদিতি। বিনেশুঃ পলায়াঞ্চক্রিরে। বিগতাসবো নির্গতপ্রাণাঃ ॥৪৭॥
তেষামিতি। উৎপতিতান্ আঘাতেন পতনাৎ পরমুত্থিতান্। যোধব্রতং যোদ্ধৃনিয়মম্ ॥৪৮॥
ত ইতি। বিকীর্ণা আঘাতেনেতস্ততো বিক্ষিপ্তা রথা অশ্বা ইভা গজাশ্চ যেষাং তে ॥৪৯॥
তমিতি। অধিরথস্যাপত্যমিত্যাধিরথিঃ কর্ণঃ, আক্রন্দমাহ্বানম্, বিজ্ঞায় শ্রুত্বা ॥৫০॥
স ইতি। স কর্ণঃ। অত্র ভারতপদং কুরুপক্ষপরম্ ॥৫১॥

তৎকালে অর্জুনের সহস্র সহস্র বাণে তাড়িত হইয়া কৌরবপক্ষের হস্তী, অশ্ব ও রথযোধীরা মুক্তকেশে ভূতলে পতিত হইতে লাগিল ॥৪৬॥

কতকগুলি আর্ত্তনাদ করিতে থাকিল, অনেকে পলায়ন করিতে লাগিল, আবার কতকগুলি অর্জুনের বাণে নিহত ও প্রাণবিহীন হইয়া ভূতলে পতিত হইল ॥৪৭॥

তাহাদের মধ্যে কতকগুলি যোদ্ধা পতনের পরে উত্থিত, কতকগুলি পতিত এবং কতকগুলি পরাঙ্মুখ হইলে, অর্জুন যোদ্ধাদের নিয়ম স্মরণ করিয়া তাহাদিগকে বধ করিলেন না ॥৪৮॥

অর্জুনের প্রহারে অনেকের হস্তী, অশ্ব ও রথ ইতস্ততঃ বিক্ষিপ্ত হইলে এবং প্রায় যোদ্ধাই পরাঙ্মুখ হইয়া পড়িলে, কৌরবেরা 'কর্ণ! কর্ণ! হা হা' বলিয়া কোলাহল করিতে লাগিলেন ॥৪৯॥

তখন কর্ণ শরণার্থিগণের সেই আহ্বান শুনিয়া 'ভয় করিও না' বলিয়া আশ্বস্ত করিয়া অর্জুনের অভিমুখে গমন করিলেন ॥৫০॥

কৌরবপক্ষের মধ্যে রথিশ্রেষ্ঠ, সমস্ত কৌরবের হর্ষজনক ও অস্ত্রজ্ঞপ্রধান কর্ণ তখন আগ্নেয় অস্ত্র আবিষ্কার করিলেন ॥৫১॥

(৪৭) কেচিদার্ত্তস্বরং চক্রুঃ…পি ব। (৪৯) তে বিকীর্ণরথাশ্চিত্রাঃ…বা নি।

তস্য দীপ্তশরৌঘস্য দীপ্তচাপধরস্য চ।
শরৌঘান্ শরজালেন বিদধার ধনঞ্জয়ঃ ॥৫২॥
তথৈবাধিরথিস্তস্য বাণান্ জ্বলিততেজসঃ।
অস্ত্রমস্ত্রেণ সংবার্য্য প্রাণদদ্বিসৃজন্ শরান্ ॥৫৩॥
ধৃষ্টদ্যুম্নশ্চ ভীমশ্চ সাত্যকিশ্চ মহারথঃ।
বিব্যধুঃ কর্ণমাসাদ্য ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ ॥৫৪॥
অর্জ্জুনাস্ত্রস্তু রাধেয়ঃ সংবার্য্য শরবৃষ্টিভিঃ।
তেষাং ত্রয়াণাং চাপানি চিচ্ছেদ বিশিখৈস্ত্রিভিঃ ॥৫৫॥
তে নিকৃত্তায়ুধাঃ শূরা নির্বিষা ভুজগা ইব।
রথশক্তীঃ সমুৎক্ষিপ্য ভৃশং সিংহা ইবানদন্ ॥৫৬॥
তা ভুজাগ্রৈর্মহাবেগা বিসৃষ্টা ভুজগোপমাঃ।
দীপ্যমানা মহাশক্ত্যো জগ্মুরাধিরথিং প্রতি ॥৫৭॥

তস্যেতি। বিদধার বিনাশয়ামাস, "ধৃঙ্ অবধ্বংসনে" ইত্যস্য প্রয়োগঃ ॥৫২॥
তথেতি। আধিরথিঃ কর্ণঃ, তস্য অর্জ্জুনস্য। অপরমস্ত্রঞ্চ ॥৫৩॥
ধৃষ্টেতি। অজিহ্মগৈঃ সরলগামিভির্বাণৈঃ ॥৫৪॥
অর্জ্জুনেতি। রাধেয়ঃ কর্ণঃ। ত্রয়াণাং ভীমসাত্যকিধৃষ্টদ্যুম্নানাম্ ॥৫৫॥
ত ইতি। নিকৃত্তায়ুধাঃ ছিন্নকার্ম্মুকাঃ ॥৫৬॥
তা ইতি। ভুজাগ্রৈর্ভীমাদীনাং হস্তৈঃ, বিসৃষ্টা নিক্ষিপ্তাঃ। আধিরথিং কর্ণম্ ॥৫৭॥

সেই সময়ে অর্জুন বাণসমূহদ্বারা, উজ্জ্বলবাণসমূহধারী ও উজ্জ্বলধনুর্দ্ধর কর্ণের বাণসমূহ নিবারণ করিলেন ॥৫২॥

কর্ণও সেইরূপই অস্ত্রদ্বারা উজ্জ্বলতেজা অর্জুনের বাণ সকল ও অন্যান্য অস্ত্র নিবারণ করিয়া বাণক্ষেপ করতঃ গর্জন করিতে লাগিলেন ॥৫৩॥

ক্রমে ধৃষ্টদ্যুম্ন, ভীমসেন ও মহারথ সাত্যকি কর্ণের নিকটে যাইয়া তিন তিনটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৫৪॥

কর্ণ শরবর্ষণ করিয়া অর্জুনের অস্ত্র নিবারণপূর্বক তিনটা বাণদ্বারা ভীমসেন, সাত্যকি ও ধৃষ্টদ্যুম্নের তিনখানা ধনু ছেদন করিলেন ॥৫৫॥

ধনু ছিন্ন হইলে সেই বীরেরা তিন জন বিষবিহীন সর্পের ন্যায় (ক্রুদ্ধ হইয়া) তিনটা শক্তি নিক্ষেপ করিয়া সিংহের তুল্য গুরুতর গর্জন করিলেন ॥৫৬॥

(৫২)…বিদুধাব ধনঞ্জয়ঃ—নি,…বিব্যাধৈব ধনঞ্জয়ঃ—বা। (৫৭)…মহাবেগান্নিসৃষ্টাঃ… বা,…নিসৃষ্টাঃ…নি।

তা নিকৃত্য শিতৈর্ভল্লৈস্ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ।
ননাদ বলবান্ কর্ণঃ পার্থায় বিসৃজন্ শরান্ ॥৫৮॥
অর্জ্জুনশ্চাপি রাধেয়ং বিদ্ধা সপ্তভিরাশুগৈঃ।
কর্ণাদবরজং বাণৈর্জঘান নিশিতৈস্ত্রিভিঃ ॥৫৯॥
ততঃ শত্রুঞ্জয়ং হত্বা পার্থঃ ষড়্ভিরজিহ্মগৈঃ।
জহার সদ্যো ভল্লেন বিপাঠস্য শিরো রথাৎ ॥৬০॥
পশ্যতাং ধার্ত্তরাষ্ট্রাণামেকেনৈব কিরীটিনা।
প্রমুখে সূতপুত্রস্য সোদর্য্যা নিহতাস্ত্রয়ঃ ॥৬১॥
ততো ভীমঃ সমুৎপত্য স্বরথাদ্বৈনতেয়বৎ।
বরাসিনা কর্ণপক্ষান্ জঘান দশ পঞ্চ চ ॥৬২॥

তা ইতি। নিকৃত্য ছিত্ত্বা, শিতৈঃ শিলাশাণিতৈঃ। অজিহ্মগৈঃ সরলগামিভিঃ ॥৫৮॥
অর্জ্জুন ইতি। আশুগৈর্বাণৈঃ। অবরজম্ অনুক্তনামানমেকমনুজম্ ॥৫৯॥
তত ইতি। শত্রুঞ্জয়ং নাম কর্ণস্যাপরমনুজম্। বিপাঠস্যাপি কর্ণানুজস্য ॥৬০॥
পশ্যতামিতি। প্রমুখে সম্মুখে, সূতপুত্রস্য কর্ণস্য! এতেনার্জ্জুনস্য লঘুহস্ততা দর্শিতা ॥৬১॥
তত ইতি। সমুৎপত্যাবতীর্য্য। বৈনতেয়বৎ গরুড় ইব। বরাসিনা উত্তমখড়্গেন ॥৬২॥

তাঁহাদের হস্তনিক্ষিপ্ত, মহাবেগযুক্ত, সর্পতুল্য ও উজ্জ্বল সেই বিশাল শক্তি তিনটা কর্ণের দিকে যাইতে লাগিল ॥৫৭॥

তখন বলবান্ কর্ণ শিলাশাণিত ও সরলগামী তিন তিনটা ভল্লদ্বারা সেই শক্তি তিনটাকে ছেদন করিয়া এবং অর্জুনের উপরে বাণক্ষেপ করিতে থাকিয়া গর্জন করিতে লাগিলেন ॥৫৮॥

অর্জুনও সাতটা বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিয়া সুধার তিনটা বাণদ্বারা কর্ণের কনিষ্ঠভ্রাতাকে বধ করিলেন ॥৫৯॥

তাহার পর অর্জুন ছয়টা বাণদ্বারা (কর্ণের অপর কনিষ্ঠভ্রাতা) শত্রুঞ্জয়কে বধ করিয়া তৎক্ষণাৎ একটা ভল্লদ্বারা (কর্ণের অন্য কনিষ্ঠভ্রাতা) বিপাঠের মস্তক ছেদন করিলেন ॥৬০॥

এইভাবে এক অর্জুনই ধার্ত্তরাষ্ট্রগণের সমক্ষে এবং কর্ণের সম্মুখে তাঁহার তিন ভ্রাতাকে বধ করিলেন ॥৬১॥

তাহার পর ভীমসেন আপন রথ হইতে গরুড়ের ন্যায় লাফাইয়া পড়িয়া উত্তম তরবারিদ্বারা কর্ণপক্ষীয় পনর জন যোদ্ধাকে বধ করিলেন ॥৬২॥

---

(৫৯)···নিশিতৈঃ শরৈঃ—পি বা রা নি। (৬০)···বিপাটস্য···নি।

পুনঃ স্বরথমাস্থায় ধনুরাদায় চাপরম্ ।
বিব্যাধ দশভিঃ কর্ণং সূতমশ্বাংশ্চ পঞ্চভিঃ ॥৬৩॥
ধৃষ্টদ্যুম্নোঽপ্যসিবরং চর্ম্ম চাদায় ভাস্বরম্ ।
জঘান চন্দ্রবর্ম্মাণং বৃহৎক্ষত্রঞ্চ নৈষধম্ ॥৬৪॥
ততঃ স্বরথমাস্থায় পাঞ্চাল্যোঽন্যচ্চ কার্ম্মুকম্ ।
আদায় কর্ণং বিব্যাধ ত্রিসপ্তত্যা নদন্ রণে ॥৬৫॥
শৈনেয়োঽপ্যন্যদাদায় ধনুরিন্দ্রসমদ্যুতিঃ ।
সূতপুত্রং চতুঃষষ্ট্যা বিদ্ধা সিংহ ইবানদৎ ॥৬৬॥
ভল্লাভ্যাং সাধু মুক্তাভ্যাং ছিত্ত্বা কর্ণস্য কার্ম্মুকম্ ।
পুনঃ কর্ণং ত্রিভির্বাণৈর্ব্বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥৬৭॥
ততো দুর্য্যোধনো দ্রোণো রাজা চৈব জয়দ্রথঃ ।
নিমজ্জমানং রাধেয়মুজ্জহ্রুঃ সাত্যকার্ণবাৎ ॥৬৮॥

পুনরিতি। একেন সূতং চতুর্ভিশ্চ চতুরোঽশ্বানিতি পঞ্চভির্বাণৈঃ ॥৬৩॥
ধৃষ্টেতি। ভাস্বরং স্বর্ণাদিখচিতত্বাদুজ্জ্বলম্। নৈষধং নিষধদেশীয়ম্ ॥৬৪॥
তত ইতি। পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নঃ। ত্রিসপ্তত্যা শরৈঃ ॥৬৫॥
শৈনেয ইতি। শৈনেয়ঃ শিনেঃ পৌত্রঃ সাত্যকিঃ। সূতপুত্রং কর্ণম্ ॥৬৬॥
ভল্লাভ্যামিতি। সাধু সম্যক্। উরসি বক্ষসি, আর্পয়ৎ অপীড়য়ৎ ॥৬৭॥
তত ইতি। রাধেয়ং কর্ণম্, উজ্জহ্রুঃ উদ্ধৃতবন্তঃ, সাত্যকঃ সাত্যকিরেবার্ণবস্তস্মাৎ ॥৬৮॥

আবার তিনি নিজের রথে উঠিয়া অন্য ধনু লইয়া দশটা বাণদ্বারা কর্ণকে, একটাদ্বারা সারথিকে এবং চারিটাদ্বারা চারিটা অশ্বকে বিদ্ধ করিলেন ॥৬৩॥

ধৃষ্টদ্যুম্নও উত্তম তরবারি এবং উজ্জ্বল চর্ম্ম লইয়া চন্দ্রবর্ম্মাকে এবং নিষধ-দেশীয় বৃহৎক্ষত্রকে বধ করিলেন ॥৬৪॥

তদনন্তর ধৃষ্টদ্যুম্ন আপন রথে আরোহণ করিয়া অন্য ধনু লইয়া যুদ্ধে গর্জন করতঃ ত্রিসপ্ততি বাণদ্বারা কর্ণকে তাড়ন করিলেন ॥৬৫॥

ইন্দ্রের তুল্য তেজস্বী সাত্যকিও অন্য ধনু লইয়া চৌষট্টিটা বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিয়া সিংহের ন্যায় গর্জন করিয়া উঠিলেন ॥৬৬॥

তৎপরে তিনি সুষ্ঠুভাবে নিক্ষিপ্ত দুইটা ভল্লদ্বারা কর্ণের ধনু ছেদন করিয়া পুনরায় তিনটা বাণদ্বারা কর্ণের বাহুযুগলে ও বক্ষস্থলে আঘাত করিলেন ॥৬৭॥

তাহার পর দুর্য্যোধন, দ্রোণ ও সিন্ধুরাজ জয়দ্রথ ইহারা নিমগ্নপ্রায় কর্ণকে সাত্যকিসমুদ্র হইতে উদ্ধার করিলেন ॥৬৮॥

(৬৩) পুনস্তু রথমাস্থায়…বা ব রা নি। (৬৬)…ইন্দুসমদ্যুতিঃ…বা ব রা নি।

পত্ত্যশ্বরথমাতঙ্গাস্ত্বদীয়াঃ শতশোঽপরে।
কর্ণমেবাভ্যধাবন্ত ত্রাসয়ানাঃ প্রহারিণঃ ॥৬৯॥
ধৃষ্টদ্যুম্নশ্চ ভীমশ্চ সৌভদ্রোঽর্জ্জুন এব চ।
নকুলঃ সহদেবশ্চ সাত্যকিং জুগুপূ রণে ॥৭০॥
এবমেষ মহারৌদ্রঃ ক্ষয়ার্থং সর্ব্বধন্বিনাম্।
তাবকানাং পরেষাঞ্চ ত্যক্ত্বা প্রাণানভূদ্রণঃ ॥৭১॥
পদাতিরথনাগাশ্বা গজাশ্বরথপত্তিভিঃ।
রথিনো নাগপত্ত্যশ্বৈরথপত্তী রথদ্বিপৈঃ ॥৭২॥
অশ্বৈ রথা গজৈর্নাগা রথিনো রথিভিঃ সহ।
সংসক্তাঃ সমদৃশ্যন্ত পত্তয়শ্চাপি পত্তিভিঃ ॥৭৩॥ (যুগ্মকম্)
এবং সুকলিলং যুদ্ধমাসীৎ ক্রব্যাদহর্ষণম্।
মহদ্ভিস্তৈরভীতানাং যমরাষ্ট্রবিবর্দ্ধনম্ ॥৭৪॥

পত্তীতি। পত্তয়ঃ পদাতয়ঃ। অভ্যধাবন্ত কর্ণস্যৈব সাহায্যকরণায় ॥৬৯॥
ধৃষ্টেতি। সৌভদ্রোঽভিমন্যুঃ। জুগুপুঃ ররক্ষুঃ ॥৭০॥
এবমিতি। মহারৌদ্রঃ অতীবভয়ঙ্করঃ। ত্যক্ত্বা ত্যাগোদ্যমং কৃত্বা ॥৭১॥
পদাতীতি। নাগো হস্তী। পত্তিঃ পদাতিঃ। সংসক্তা যুদ্ধায় মিলিতাঃ ॥৭২—৭৩॥

মহারাজ! আপনার পক্ষের প্রহারনিপুণ অন্য শত শত হস্তী, অশ্ব, রথ ও পদাতি বিপক্ষের ভয় জন্মাইতে থাকিয়া সাহায্য করিবার জন্য কর্ণের দিকেই ধাবিত হইল ॥৬৯॥

আবার ওদিকে ধৃষ্টদ্যুম্ন, ভীম, অভিমন্যু, অর্জুন, নকুল ও সহদেব যুদ্ধে সাত্যকিকে রক্ষা করিতে লাগিলেন ॥৭০॥

রাজা! এইভাবে পরস্পর বিনাশ করিবার জন্য প্রাণত্যাগের পর্য্যন্ত উদ্যম করিয়া আপনার পক্ষের ও বিপক্ষের সমস্ত ধনুর্দ্ধরগণের অতিভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল ॥৭১॥

ক্রমে দেখা গেল—গজারোহী, অশ্বারোহী, রথী ও পদাতিদের সহিত পদাতি, রথী, গজারোহী ও অশ্বারোহীরা যুদ্ধে মিলিত হইয়াছে; গজারোহী, অশ্বারোহী ও পদাতিদের সঙ্গে রথীরা সংসক্ত হইয়াছে; রথী ও গজারোহীদের সহিত রথী ও পদাতিরা সংযুক্ত হইয়াছে; আবার রথীরা অশ্বারোহীদের সঙ্গে, গজারোহীরা গজারোহীদের সহিত, রথীরা রথীদের সঙ্গে এবং পদাতিরা পদাতি-দের সহিত মিলিত হইয়াছে ॥৭২—৭৩॥

(৭৩)…সংযুক্তাঃ সমদৃশ্যন্ত…বা ব রা নি।

ততো হতা নররথবাজিকুঞ্জরৈরনেকশো দ্বিপরথপত্তিবাজিনঃ।
গজৈর্গজা রথিভিরুদায়ুধা রথা হয়ৈর্হয়াঃ পত্তিগণৈশ্চ পত্তয়ঃ ॥৭৫॥
রথৈর্দ্বিপা দ্বিরদবরৈর্মহাহয়া হয়ৈর্নরা বররথিভিশ্চ বাজিনঃ।
নিরস্তজিহ্বাদশনেক্ষণাঃ ক্ষিতৌ ক্ষয়ং গতাঃ প্রমথিতবর্ম্মভূষণাঃ ॥৭৬॥
তথা পরৈর্ব্বহুকরণৈর্ব্বরায়ুধৈর্হতা গতাঃ প্রতিভয়দর্শনাঃ ক্ষিতিম্।
বিপোথিতা হয়গজপাদতাড়িতা ভৃশাকুলা রথমুখনেমিভিঃ ক্ষতাঃ ॥৭৭॥
প্রমোদনে শ্বাপদপক্ষিরক্ষসাং জনক্ষয়ে বর্ত্তিতি তত্র দারুণে।
মহাবলাস্তে কুপিতাঃ পরস্পরং নিসূদয়ন্তঃ প্রবিচেরুরোজসা ॥৭৮॥

এবমিতি। সুকলিলম্ অতীবগহনম্। ক্রব্যাদহর্ষণং মাংসভোজিজন্তুহর্ষজনকম্ ॥৭৪॥
তত ইতি। উদায়ুধা উত্তোলিতাস্ত্রাঃ। অত্র রুচিরাবংশস্থবিলয়োর্মেলনাদুপজাতির্বৃত্তম্ ॥৭৫॥
রথৈরিতি। দ্বিরদবরৈর্মহাগজৈঃ। নিরস্তানি বিপক্ষাস্ত্রাঘাতেন নষ্টানি জিহ্বা রসনাঃ দশনা দন্তাঃ ঈক্ষণানি চক্ষূংষি চ যেষাং তে, ক্ষিতৌ পতিত্বেতি শেষঃ ॥৭৬॥
তথেতি। বহূনি করণানি ক্রিয়া যুদ্ধব্যাপারা যেষাং তৈঃ। প্রতিভয়দর্শনা ভয়ঙ্করাকৃতয়ঃ। রথমুখানাং রথশ্রেষ্ঠানাং নেমিভিশ্চক্রপ্রান্তৈঃ ক্ষতা বিদারিতাঃ ॥৭৭॥
প্রেতি। প্রমোদনে আনন্দজনকে। বর্ত্তিতি বর্ত্তমানে। নিসূদয়ন্তো মর্দ্দয়ন্তঃ ॥৭৮॥

এইভাবে সেই মহাযোদ্ধাদের সহিত নির্ভয়চিত্ত স্বপক্ষীয়দের অতিদারুণ যুদ্ধ হইতে লাগিল এবং সে যুদ্ধ মাংসভোজী প্রাণিগণের আনন্দ ও যমরাজ্যের বৃদ্ধি করিতে থাকিল ॥৭৪॥

তাহার পর পদাতি, রথী, অশ্বারোহী ও গজারোহীরা বিপক্ষের অনেক হস্তী, অশ্ব, রথ ও পদাতি সংহার করিল এবং গজারোহীরা গজারোহীদিগকে, রথীরা উদ্যতাস্ত্র রথিগণকে, অশ্বারোহীরা অশ্বারোহীদিগকে ও পদাতিরা পদাতিগণকে বিনাশ করিল ॥৭৫॥

রথীরা হস্তিগণের, মহাহস্তিগণ বিশাল অশ্বগণের, অশ্বেরা পদাতিদিগের এবং মহারথীরা অশ্বগণের জিহ্বা, দন্ত ও নয়ন নষ্ট করিয়া ফেলিলে, আর বর্ম্ম ও অলঙ্কার চূর্ণ করিলে, সেই হস্তিপ্রভৃতি ভূতলে পতিত হইয়া প্রাণ ত্যাগ করিতে লাগিল ॥৭৬॥

উত্তমাস্ত্রধারী ও বহুবিধযুদ্ধকারী বিপক্ষেরা বধ করিলে, ভয়ঙ্করাকৃতি কতকগুলি লোক ভূতলে পড়িয়া গেল, কেহ কেহ অশ্ব ও হস্তীর চরণতাড়িত হইয়া নিষ্পেষিত হইল এবং অনেকে রথচক্রের আঘাতে বিদীর্ণ হইয়া অত্যন্ত আকুল হইয়া পড়িল ॥৭৭॥

(৭৭)···রথমুখনেমিভিঃ ক্লতাঃ—পি।

ততো বলে ভৃশলুলিতে পরস্পরং নিরীক্ষমাণে রুধিরৌঘসংপ্লুতে।
দিবাকরেঽস্তং গিরিমাস্থিতে শনৈরুভে প্রয়াতে শিবিরায় ভারত ! ॥৭৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
সংশপ্তকবধে দ্বিতীয়দিবসযুদ্ধাবহারে ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

(৩। অভিমন্যুবধপর্ব।)

একত্রিংশোঽধ্যায়ঃ।

——:*:——

সঞ্জয় উবাচ।

পূর্ব্বমস্মাসু ভগ্নেষু ফাল্গুনেনামিতৌজসা।
দ্রোণে চ মোঘসঙ্কল্পে রক্ষিতে চ যুধিষ্ঠিরে ॥১॥
সর্ব্বে বিধ্বস্তকবচাস্তাবকা যুধি নির্জিতাঃ।
রজস্বলা ভৃশোদ্বিগ্না বীক্ষমাণা দিশো দশ ॥২॥

তত ইতি। বলে উভয়সৈন্য এব, ভৃশলুলিতে অতীবশ্রান্তে। প্রয়াতে প্রস্থিতে ॥৭৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

পূর্ব্বমিতি। ভগ্নেষু পরাজিতেষু, ফাল্গুনেনার্জ্জুনেন। মোঘসঙ্কল্পে যুধিষ্ঠিরগ্রহণাসামর্থ্যাৎ

হিংস্রজন্তু, পক্ষী ও রাক্ষসদিগের আনন্দজনক সেই দারুণ লোকক্ষয় চলিতে লাগিলে, উভয়পক্ষের মহাবল যোদ্ধারা ক্রুদ্ধ হইয়া পরস্পর প্রহার করিতে থাকিয়া মহাবিক্রমে বিচরণ করিতে লাগিলেন ॥৭৮॥

ভরতনন্দন! তাহার পর সূর্য্য ধীরে ধীরে অস্তাচলে আরোহণ করিতে লাগিলে, অত্যন্তপরিশ্রান্ত ও রক্তাক্তদেহ উভয়পক্ষের সৈন্যই পরস্পর নিরীক্ষণ করিতে থাকিয়া শিবিরের দিকে প্রস্থান করিল' ॥৭৯॥

——০::০——

সঞ্জয় বলিলেন—'মহারাজ! অমিততেজা অর্জুন পূর্ব্বেই আমাদিগকে পরাজিত করিলে এবং অর্জুনভিন্ন অন্য পাণ্ডবযোদ্ধারাই যুধিষ্ঠিরকে রক্ষা করায়

* '...একত্রিংশোঽধ্যায়ঃ' ব, '...দ্বাত্রিংশোঽধ্যায়ঃ' বা। রা নি।

অবহারং ততঃ কৃত্বা ভারদ্বাজস্য সম্মতে।
লব্ধলক্ষৈঃ শরৈর্ভিন্না ভৃশাবহসিতা রণে ॥৩॥
শ্লাঘমানেষু ভূতেষু ফাল্গুনস্যামিতান্ গুণান্।
কেশবস্য চ সৌহার্দ্দে কীর্ত্ত্যমানেঽর্জ্জুনং প্রতি ॥৪॥
অভিশস্তা ইবাভূবন্ ধ্যানমূকত্বমাস্থিতাঃ।
ততঃ প্রভাতসময়ে দ্রোণং দুর্য্যোধনোঽব্রবীৎ ॥৫॥
প্রণয়াদভিমানাচ্চ দ্বিষদ্‌বৃদ্ধ্যা চ দুর্ম্মনাঃ।
শৃণ্বতাং সর্ব্বযোধানাং সংরব্ধো বাক্যকোবিদঃ ॥৬॥ (কুলকম্)
নূনং বয়ং বধ্যপক্ষে ভবতো দ্বিজসত্তম !।
তথাহি নাগ্রহীঃ প্রাপ্তং সমীপেঽদ্য যুধিষ্ঠিরম্ ॥৭॥
ইচ্ছতস্তে ন মুচ্যেত চক্ষুঃপ্রাপ্তো রণে রিপুঃ।
জিঘৃক্ষতো রক্ষ্যমাণঃ সামরৈরপি পাণ্ডবৈঃ ॥৮॥

ব্যর্থমনোরথে, রক্ষিতে অর্জ্জুনেতরপাণ্ডবযোধৈরেব। রজস্বলা ধূলিব্যাপ্তদেহাঃ। অবহারং যুদ্ধবিরামম্। লব্ধানি লক্ষাণি শরব্যাণি যৈস্তৈঃ, ভিন্না বিদীর্ণদেহাঃ। শ্লাঘমানেষু প্রশংসৎসু, ভূতেষু লোকেষু। অভিশস্তা অভিশপ্তাঃ, ধ্যানেন চিন্তয়া মূকত্বং নীরবত্বম্, আস্থিতাঃ প্রাপ্তাঃ। দ্বিষদ্‌বৃদ্ধ্যা জয়লাভাৎ পাণ্ডবাভ্যুদয়েন। সংরব্ধঃ ক্রুদ্ধঃ ॥১—৬॥

নূনমিতি। নূনং নিশ্চিতমেব। তথাহি তৎকারণং জানীহি ॥৭॥

ইচ্ছত ইতি। ইচ্ছতো জয়মিতি শেষঃ। চক্ষুঃপ্রাপ্তো দৃষ্টিবিষয়ং গতঃ। জিঘৃক্ষতো রিপুমেব গ্রহীতুমিচ্ছতঃ, তে তব সকাশাৎ। সামরৈরপি দেবগণেন সহ মিলিতৈরপি ॥৮॥

দ্রোণের সঙ্কল্প ব্যর্থ হইলে, আর সমস্ত লোক অর্জুনের অসংখ্য গুণের প্রশংসা করিতে লাগিলে এবং অর্জুনের প্রতি কৃষ্ণের সৌহার্দ্দের বিষয় বর্ণনা করিতে থাকিলে, যুদ্ধে পরাজিত, কবচশূন্য, ধূলিধূসরাঙ্গ, অত্যন্ত উদ্বিগ্ন, দশ দিকে দৃষ্টি-পাতকারী, লক্ষ্যপাতী বাণসমূহে বিদীর্ণদেহ এবং যুদ্ধে শত্রুপক্ষকর্তৃক উপহসিত আপনার পক্ষের যোদ্ধারা সকলে দ্রোণের সম্মতিক্রমে যুদ্ধবন্ধ করিয়া যেন অভিশপ্তের ন্যায় হইলেন এবং চিন্তায় নীরব হইয়া রহিলেন। তাহার পর প্রাতঃকালে—শত্রুগণের অভ্যুদয়ে দুঃখিতচিত্ত ও ক্রুদ্ধ বাক্যনিপুণ দুর্য্যোধন সমস্ত যোদ্ধার সমক্ষে প্রণয় ও অভিমানবশতঃ দ্রোণকে বলিলেন—॥১—৬॥

'ব্রাহ্মণশ্রেষ্ঠ! নিশ্চয়ই আমরা আপনার বধ্যপক্ষের মধ্যে গণ্য। যে হেতু আজ আপনি যুধিষ্ঠিরকে নিকটে পাইয়াও ধরেন নাই ॥৭॥

(৩)···লব্ধলক্ষৈঃ পরৈর্হীনাঃ···পি ব। (৬) শ্লোকাৎ পরম্ 'দুর্য্যোধন উবাচ' পি।

বরং দত্ত্বা মম প্রীতঃ পশ্চাদ্বিকৃতবানসি।
আশাভঙ্গং ন কুর্ব্বন্তি ভক্তস্যার্য্যাঃ কথঞ্চন ॥৯॥
ততো হ্রীতস্তথোক্তঃ সন্ ভারদ্বাজোঽব্রবীন্নৃপম্।
নার্হসে মাং তথা জ্ঞাতুং ঘটমানং তব প্রিয়ে ॥১০॥
সসুরাসুরগন্ধর্ব্বাঃ সযক্ষোরগরাক্ষসাঃ।
নালং লোকা রণে জেতুং পাল্যমানং কিরীটিনা ॥১১॥
বিশ্বসৃগ্‌যত্র গোবিন্দঃ পৃতনানীস্তথার্জ্জুনঃ।
তত্র কোঽস্য বলং ক্রামেদন্যত্র ত্র্যম্বকাৎ প্রভো! ॥১২॥
সত্যং ব্রবীম্যদ্য রাজন্! নৈতজ্জাত্বন্যথা ভবেৎ।
অদ্যৈষাং প্রবরং কঞ্চিৎ পাতয়িষ্যে মহারথম্ ॥১৩॥

বরমিতি। বিকৃতবান্ বিপরীতং কৃতবান্। আর্য্যাঃ সজ্জনাঃ ॥৯॥
তত ইতি। হ্রীতো যুধিষ্ঠিরগ্রহণাসামর্থ্যাল্লজ্জিতঃ। ঘটমানং চেষ্টমানম্ ॥১০॥
সেতি। অলং সমর্থা ন ভবন্তি, লোকাস্ত্রিভুবনবাসিনো জনাঃ ॥১১॥
বিশ্বেতি। পৃতনানীঃ সেনাচালকঃ। বলং শক্তিম্, ক্রামেৎ অতিক্রামেৎ, ত্র্যম্বকাচ্ছিবাৎ ॥১২॥

আপনি জয় লাভের ইচ্ছা করিয়া যদি যুদ্ধে কোন শত্রুকে ধরিবার ইচ্ছা করেন, তবে পাণ্ডবেরা দেবগণের সহিত মিলিত হইয়া রক্ষা করিতে থাকিলেও, আপনার দৃষ্টিবিষয়প্রাপ্ত সে শত্রু মুক্তিলাভ করিতে পারে না ॥৮॥

আপনি সন্তুষ্ট হইয়া আমাকে বরদান করিয়া পরে বিপরীত কার্য্য করিয়াছেন। দেখুন—সজ্জনেরা কোন প্রকারেই ভক্তের আশাভঙ্গ করেন না' ॥৯॥

দুর্য্যোধন এইরূপ বলিলে, দ্রোণ লজ্জিত হইয়া তাঁহাকে বলিলেন—'বৎস! আমি সর্বদাই তোমার প্রিয়কার্য্য করিবার চেষ্টা করিতেছি; সুতরাং তুমি সেরূপ বুঝিতে পার না ॥১০॥

দেখ, অর্জুন রক্ষা করিতে থাকিলে, দেব, দানব, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস ও পন্নগদিগের সহিত মিলিত হইয়া সমগ্র ত্রিভুবনও যুদ্ধে কোন লোককে জয় করিতে পারে না ॥১১॥

সুতরাং বিশ্ববিধাতা স্বয়ং কৃষ্ণ যে পক্ষে রহিয়াছেন এবং অর্জুন যে পক্ষের সেনাপরিচালক, এক মহাদেব ব্যতীত অন্য কোন্ ব্যক্তি সেই পক্ষের যুধিষ্ঠিরের শক্তি অতিক্রম করিতে পারে? ॥১২॥

(৯) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি। (১০) ততোঽপ্রীতস্তথোক্তঃ সন্... নি। (১২)... তত্র কস্য...প্রভোঃ—বা ব রা নি। (১৩) সত্যং তাত! ব্রবীম্যদ্য নি।

তঞ্চ বূ্যহং বিধাস্যামি যোঽভেদ্যস্ত্রিদশৈরপি।
যোগেন কেনচিদ্রাজন্! অর্জ্জুনস্ত্বপনীয়তাম্ ॥১৪॥
নহ্যজ্ঞাতমসাধ্যং বা তস্য সংখ্যেঽস্তি কিঞ্চন।
তেন হ্যুপাত্তং সকলমস্ত্রজ্ঞানমিতস্ততঃ ॥১৫॥
দ্রোণেন ব্যাহৃতে ত্বেবং সংশপ্তকগণাঃ পুনঃ।
আহ্বয়ন্নর্জ্জুনং সংখ্যে দক্ষিণামভিতো দিশম্ ॥১৬॥
ততোঽর্জ্জুনস্যাথ পরৈঃ সার্দ্ধং সমভবদ্রণঃ।
তাদৃশো যাদৃশো নান্যঃ শ্রুতো দৃষ্টোঽপি বা ক্বচিৎ ॥১৭॥
তত্র দ্রোণেন বিহিতো ব্যূহো রাজন্! ব্যরোচত।
শরন্মধ্যন্দিনে সূর্য্যঃ প্রতপন্নিব দুর্দ্দৃশঃ ॥১৮॥

সত্যমিতি। জাতু কদাচিৎ। এষাং পাণ্ডবানাম্ ॥১৩॥

তমিতি। তং তাদৃশম্। যোগেন উপায়েন। অপনীয়তাং স্থানান্তরে অপসার্য্যতাম্ ॥১৪॥

নহীতি। সংখ্যে যুদ্ধবিষয়ে। উপাত্তং গৃহীতম্। ইতো মর্ত্ত্যলোকাৎ, ততঃ স্বর্গলোকাৎ ॥১৫॥

দ্রোণেনেতি। ব্যাহৃতে উক্তে। দক্ষিণাং দিশমিতি অভিতঃশব্দযোগে দ্বিতীয়া ॥১৬॥

তত ইতি। পরৈঃ সংশপ্তকনারায়ণসৈন্যৈঃ, তেষামবশেষস্য পূর্ব্বমুক্তত্বাৎ ॥১৭॥

তত্রেতি। দুঃখেন দৃশ্যত ইতি দুর্দ্দৃশো দুর্দ্দর্শঃ, আর্ষত্বাদ্গুণাভাবঃ ॥১৮॥

(সে যাহা হউক,) রাজা! আমি আজ সত্য বলিতেছি, কখনও একথা মিথ্যা হইবে না। আমি আজ পাণ্ডবপক্ষের কোন প্রধান মহারথকে নিপাতিত করিব ॥১৩॥

রাজা! দেবতারাও যাহা ভেদ করিতে পারেন না, আমি আজ সেই-প্রকার এক ব্যূহ রচনা করিব। তোমরা কোন উপায়ে অর্জুনকে অন্যদিকে লইয়া যাও ॥১৪॥

কারণ, যুদ্ধবিষয়ে অর্জুনের অজ্ঞাত বা অসাধ্য কিছুই নাই। কেন না, তিনি মর্ত্ত্যলোক এবং স্বর্গলোক হইতে সর্বপ্রকার অস্ত্রজ্ঞানই লাভ করিয়াছেন' ॥১৫॥

দ্রোণাচার্য্য এইরূপ বলিলে, সংশপ্তকেরা দক্ষিণদিকে যাইয়া যুদ্ধ করিবার জন্য পুনরায় অর্জুনকে আহ্বান করিল ॥১৬॥

তাহার পর সংশপ্তকপ্রভৃতির সহিত অর্জুনের যেরূপ যুদ্ধ হইল, সেরূপ অন্য যুদ্ধ আমরা কখন দেখিও নাই বা শুনিও নাই ॥১৭॥

(১৪) চক্রব্যূহং বিধাস্যামি···নি। (১৫)···সকলং সর্বজ্ঞানম্··বা নি। (১৬)··· আহ্বয়ন্তোঽর্জ্জুনম্···পি ব। (১৮)··· চরন্মধ্যন্দিনে···বা নি।

তঞ্চাভিমন্যুর্ব্বচনাৎ পিতুর্জ্যেষ্ঠস্য ভারত ! ।
বিভেদ দুর্ভিদং সংখ্যে চক্রব্যূহমনেকধা ॥১৯॥
স কৃত্বা দুষ্করং কর্ম্ম হত্বা বীরান্ সহস্রশঃ ।
ষট্সু বীরেষু সংসক্তো দৌঃশাসনিবশং.গতঃ ॥২০॥
বয়ং পরমসংহৃষ্টাঃ পাণ্ডবাঃ শোককর্ষিতাঃ ।
সৌভদ্রে নিহতে রাজন্নবহারং স্ম কুর্ম্মহে ॥২১॥

ধৃতরাষ্ট্র উবাচ ।

পুত্রং পুরুষসিংহস্য সঞ্জয়াপ্রাপ্তযৌবনম্ ।
রণে বিনিহতং শ্রুত্বা ভৃশং মে দীর্য্যতে মনঃ ॥২২॥
দারুণঃ ক্ষত্রধর্ম্মোঽয়ং বিহিতো ধর্ম্মকর্তৃভিঃ ।
যত্র রাজ্যেপ্সবঃ শূরা বালে শস্ত্রমপাতয়ন্ ॥২৩॥

তমিতি। জ্যেষ্ঠস্য পিতুর্যুধিষ্ঠিরস্য। অন্যৈর্দুষ্করা ভিদা ভেদো যস্য তম্ ॥১৯॥
স ইতি। সংসক্তো যুদ্ধে মিলিতঃ, দৌঃশাসনির্দুঃশাসনপুত্রঃ ॥২০॥
বয়মিতি। সৌভদ্রে অভিমন্যৌ। অবহারং তদ্দিনযুদ্ধনিবৃত্তিম্ ॥২১॥
পুত্রমিতি। পুরুষসিংহস্য অর্জ্জুনস্য। এতেনোদ্বেগোঽপি সূচ্যতে ॥২২॥

তৎকালে এদিকে দ্রোণ যে ব্যূহ রচনা করিয়াছিলেন, শরৎকালের মধ্যাহ্ন-সময়ে জগৎসন্তাপকারী সূর্য্যের ন্যায় সেই ব্যূহের প্রতি দৃষ্টিপাত করাও দুষ্কর হইয়াছিল ॥১৮॥

কিন্তু ভরতনন্দন ! অভিমন্যু যুধিষ্ঠিরের আদেশে দুর্ভেদ্য সেই চক্রব্যূহকে অনেক ভাবে ভেদ করিলেন ॥১৯॥

তৎপরে তিনি দুষ্কর কার্য্য করিয়া সহস্র সহস্র বীর সংহারপূর্ব্বক ছয় জন বীরের সহিত মিলিত হইয়া পরে দুঃশাসনপুত্রের হাতে নিহত হইলেন ॥২০॥

রাজা ! অভিমন্যু নিহত হইলে, আমরা পরমানন্দিত এবং পাণ্ডবেরা অত্যন্তশোকার্ত্ত হইয়া (সে দিনের মত) যুদ্ধ সমাপ্ত করিলাম' ॥২১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! পুরুষসিংহ অর্জ্জুনের পুত্র এবং অপ্রাপ্তযৌবন অভিমন্যুকে যুদ্ধে নিহত শুনিয়া আমার হৃদয় অত্যন্ত বিদীর্ণ হইতেছে ॥২২॥

ধর্ম্মব্যবস্থাপকেরা এই ক্ষত্রিয়ধর্ম্মকে দারুণ করিয়া বিহিত করিয়াছেন। কারণ, যে ধর্ম্ম অনুসারে রাজ্যাভিলাষী বীরেরা বালকের উপরেও অস্ত্রক্ষেপ করিয়াছেন ॥২৩॥

(২১) অবহারমকুর্ম্মহি—বা ব রা নি। ইতঃ পরং বহুষু পুস্তকেষু বহব এব পাঠভেদা লক্ষ্যন্তে। (২৩)···বালে শস্ত্রাণ্যপাতয়ন্···পি।

বালমত্যন্তসুখিনং বিচরন্তমভীতবৎ।
কৃতাস্ত্রা বহবো জঘ্নুর্ব্রূহি গাবল্গনে! কথম্ ॥২৪॥
বিভিৎসতা রথানীকং সৌভদ্রেণামিতৌজসা।
বিক্রীড়িতং যথা সংখ্যে তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥২৫॥
সঞ্জয় উবাচ।
যন্মাং পৃচ্ছসি রাজেন্দ্র! সৌভদ্রস্য নিপাতনম্।
তত্তে কার্ৎস্ন্যেন বক্ষ্যামি শৃণু রাজন্! সমাহিতঃ ॥২৬॥
বিক্রীড়িতং কুমারেণ যথানীকং বিভিৎসতা।
আরুগ্নাশ্চ যথা বীরা দুরাবারাসহিষ্ণবঃ ॥২৭॥
দাবাগ্ন্যভিপরীতানাং ভূরিগুল্মতৃণদ্রুমে।
বনৌকসামিবারণ্যে ত্বদীয়ানামভূদ্ভয়ম্ ॥২৮॥

দারুণ ইতি। ধর্ম্মকর্ত্তৃভির্জাতিধর্ম্মব্যবস্থাপকৈর্ম্মন্বাদিভিঃ। যত্র যেন ॥২৩॥
বালমিতি। হে গাবল্গনে! গবল্গনপুত্র! সঞ্জয়! ॥২৪॥
বিভিৎসতেতি। বিভিৎসতা ভেত্তুমিচ্ছতা। বিক্রীড়িতং বিক্রীড়িতবদেব বিচরিতম্ ॥২৫॥
যদিতি। কার্ৎস্ন্যেন সাকল্যেন। সমাহিতঃ কৃতমনোযোগঃ ॥২৬॥
বীতি। আরুগ্না ভগ্নাঃ। দুরাবারা দুর্নিবারাশ্চ তে অসহিষ্ণবশ্চেতি তে ॥২৭॥

(সে যাহা হউক,) সঞ্জয়! বালক ও অত্যন্তসুখী অভিমন্যু নির্ভয়ের ন্যায় বিচরণ করিতেছিল, এই অবস্থায় শিক্ষিতাস্ত্র বহু বীর তাহাকে কি করিয়া বধ করিলেন? ॥২৪॥

সঞ্জয়! অমিততেজা অভিমন্যু রথিসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া যে ভাবে যুদ্ধে বিচরণ করিয়াছিল, তাহা আমার নিকট বল' ॥২৫॥

সঞ্জয় বলিলেন—'রাজশ্রেষ্ঠ! আপনি যে আমার নিকটে অভিমন্যুবধের কথা জিজ্ঞাসা করিলেন, তাহা আমি সমস্তই বলিব; আপনি মনোযোগ দিয়া শুনুন ॥২৬॥

কুমার অভিমন্যু কৌরবসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া যেভাবে বিচরণ করিয়াছিলেন এবং যে ভাবে দুর্নিবারও অসহিষ্ণু বীরগণকে পরাভূত করিয়াছিলেন, (তাহাও বলিব) ॥২৭॥

(২৭)···দুশ্চরাশ্চাসহিষ্ণবঃ—পি,···দুঃসাধ্যাশ্চাপি বিপ্লবে—বা নি। (২৮) ইতঃ পরম্ '···দ্বাত্রিংশোঽধ্যায়ঃ' ব, '···ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি। তৎপরঞ্চ অপ্রাসঙ্গিকা দশ শ্লোকাঃ পি বা ব। তে চ যথা—

সঞ্জয় উবাচ।

সমরেঽত্যুগ্রকর্ম্মাণঃ কর্ম্মভির্ব্যঞ্জিতশ্রমাঃ। সকৃষ্ণাঃ পাণ্ডবাঃ পঞ্চ দেবৈরপি দুরাসদাঃ ॥

ধৃতরাষ্ট্র উবাচ।

অভিমন্যুমহং সূত! সৌভদ্রমপরাজিতম্।
শ্রোতুমিচ্ছামি কাৎর্স্ন্যেন কথমায়োধনে হতঃ ॥২৯॥

সঞ্জয় উবাচ।

স্থিরো ভব মহারাজ! শোকং ধারয় দুর্দ্ধরম্।
মহান্তং বন্ধুনাশং তে কথয়িষ্যামি তচ্ছৃণু ॥৩০॥
চক্রব্যূহো মহারাজ! আচার্য্যেণাভিকল্পিতঃ।
তত্র শক্রোপমাঃ সর্ব্বে রাজানো বিনিবেশিতাঃ ॥৩১॥

দাবেতি। দাবাগ্নিনা অভিপরীতানাং পরিবেষ্টিতানাম্। বনৌকসাং বনবাসিনাম্ ॥২৮॥
অভীতি। হে সূত! সূতবংশীয় সঞ্জয়!। আয়োধনে যুদ্ধে ॥২৯॥
স্থির ইতি। ধারয় সংবৃণু ॥৩০॥
চক্রেতি। আচার্য্যেণ দ্রোণেন, অভিকল্পিতো রচিতঃ। তত্র চক্রব্যূহে ॥৩১॥

প্রচুর গুল্ম, তৃণ ও বৃক্ষপূর্ণ বনে দাবাগ্নিপরিবেষ্টিত বনবাসীদিগের যেরূপ ভয় হয়, আপনার পক্ষের বীরগণেরও সেইরূপ ভয় হইয়াছিল' ॥২৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! অপরাজিত সুভদ্রানন্দন অভিমন্যুর বধবৃত্তান্ত আমি সমস্তই শুনিতে ইচ্ছা করি; সে কিপ্রকারে যুদ্ধে নিহত হইল' ॥২৯॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! স্থির হউন, দুর্দ্ধর শোক সম্বরণ করুন। গুরুতর বন্ধুনাশ আপনার নিকট বলিব, তাহা শ্রবণ করুন ॥৩০॥

মহারাজ! সে দিন দ্রোণাচার্য্য চক্রব্যূহ নির্ম্মাণ করিলেন এবং তাহাতে ইন্দ্রতুল্য সকল রাজাকে স্থাপন করিলেন ॥৩১॥

সত্ত্বকর্ম্মান্বয়ৈর্বুদ্ধ্যা কীর্ত্ত্যা চ যশসা শ্রিয়া। নৈব ভূতো ন ভবিতা কৃষ্ণতুল্যগুণঃ পুমান্ ॥
সত্যধর্ম্মরতো দান্তো বিপ্রপূজাদিভির্গুণৈঃ। সদৈব ত্রিদিবং প্রাপ্তো রাজা কিল যুধিষ্ঠিরঃ ॥
যুগান্তে চান্তকো রাজন্ জামদগ্ন্যশ্চ বীর্য্যবান্। রথস্থো ভীমসেনশ্চ কথ্যন্তে সদৃশাস্ত্রয়ঃ ॥
প্রতিজ্ঞাকর্ম্মদক্ষস্য রণে গাণ্ডীবধন্বনঃ। উপমাং নাধিগচ্ছামি পার্থস্য সদৃশীং ক্ষিতৌ ॥
গুরুবাৎসল্যমত্যন্তং নৈভৃত্যং বিনয়ো দমঃ। নকুলেঽপ্রাতিরূপ্যঞ্চ শৌর্য্যঞ্চ নিয়তানি ষট্ ॥
শ্রুতগাম্ভীর্য্যমাধুর্য্যসত্ত্বরূপপরাক্রমৈঃ। সদৃশো দেবয়োর্ব্বীরঃ সহদেবঃ কিলাশ্বিনোঃ ॥
যে চ কৃষ্ণে গুণাঃ স্ফীতাঃ পাণ্ডবেষু চ যে গুণাঃ। অভিমন্যৌ কিলৈকস্থা দৃশ্যন্তে গুণসঞ্চয়াঃ ॥
যুধিষ্ঠিরস্য ধৈর্য্যেণ কৃষ্ণস্য চরিতেন চ। কর্ম্মভির্ভীমসেনস্য সদৃশো ভীমকর্ম্মণঃ ॥
ধনঞ্জয়স্য রূপেণ বিক্রমেণ শ্রুতেন চ। বিনয়াৎ সহদেবস্য সদৃশো নকুলস্য চ ॥

(২৯)···কথমায়োধনে হতম্—পি। (৩০) স্থিরীভব···পি। (৩১) পদ্মব্যূহো মহারাজ! ··· তত্র পদ্মোপমাঃ সর্ব্বে···নি।

অবস্থানেষু বিন্যস্তাঃ কুমারাঃ সূর্য্যবর্চ্চসঃ।
সংঘাতো রাজপুত্রাণাং সর্বেষামভবত্তদা ॥৩২॥
কৃতাভিসময়াঃ সর্ব্বে সুবর্ণবিকৃতধ্বজাঃ।
রক্তাম্বরধরাঃ সর্বে সর্ব্বে রক্তবিভূষণাঃ ॥৩৩॥
সর্ব্বে রক্তপতাকাশ্চ সর্বে বৈ হেমমালিনঃ।
চন্দনাগুরুদিগ্ধাঙ্গাঃ স্রগ্বিণঃ সূক্ষ্মবাসসঃ ॥৩৪॥
সহিতাঃ পর্য্যধাবন্ত কার্ষ্ণিং প্রতি যুযুৎসবঃ।
তেষাং দশ সহস্রাণি বভূবুর্দৃঢ়ধন্বিনাম্।
পৌত্রং তব পুরস্কৃত্য লক্ষ্মণং প্রিয়দর্শনম্ ॥৩৫॥ (বিশেষকম্)
অন্যোন্যসমদুঃখাস্তে অন্যোন্যসমসাহসাঃ।
অন্যোন্যং স্পর্দ্ধমানাশ্চ অন্যোন্যস্য হিতে রতাঃ ॥৩৬॥
দুর্য্যোধনস্তু রাজেন্দ্র ! সৈন্যমধ্যে ব্যবস্থিতঃ।
কর্ণদুঃশাসনকৃপৈর্বৃতো রাজা মহারথৈঃ ॥৩৭॥

অবেতি। অবস্থানেষু যথাযোগ্যস্থানেষু। সংঘাতঃ সম্মেলনম্ ॥৩২॥

কৃতেতি। কৃতাভিসময়াঃ সর্বেণ ভাবেন কৃতশপথাঃ, সুবর্ণবিকৃতধ্বজাঃ স্বর্ণখচিতধ্বজাঃ। চন্দনাগুরুভির্দিগ্ধাঙ্গা লিপ্তগাত্রাঃ, স্রগ্বিণঃ পুষ্পমালাবন্তঃ। কার্ষ্ণিমভিমন্যুম্। পৌত্রং দুর্য্যোধনপুত্রত্বাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৩—৩৫॥

অন্যোন্যেতি। সর্ব্বত্র আসন্নিতি শেষঃ ॥৩৬॥

এবং সূর্য্যের তুল্য তেজস্বী রাজকুমারদিগকে যথাস্থানে সন্নিবেশিত করিলেন। তখন সমস্ত রাজপুত্রের একটী সমবায় হইল ॥৩২॥

তাঁহারা সকলেই যুদ্ধের সমস্ত বিষয়ে শপথ করিলেন; সকলের ধ্বজই স্বর্ণখচিত ছিল, সকলের পরিধানেই রক্ত বস্ত্র, সকলেরই রক্ত ভূষণ, সকলেরই রক্ত পতাকা, সকলের কণ্ঠেই স্বর্ণমালা, সকলের অঙ্গই চন্দন ও অগুরুদ্বারা লিপ্ত, সকলের গলদেশেই পুষ্পমালা এবং সকলের পরিধানেই সূক্ষ্ম বস্ত্র ছিল। তাঁহারা সম্মিলিত হইয়া আপনার পৌত্র প্রিয়দর্শন লক্ষ্মণকে অগ্রবর্ত্তী করিয়া যুদ্ধ করিবার ইচ্ছায় সকল দিক্ হইতে অভিমন্যুর প্রতি ধাবিত হইলেন। তৎকালে দৃঢ়ধনুর্দ্ধর সেই রাজপুত্রেরা সংখ্যায় দশ সহস্র হইয়াছিলেন ॥৩৩—৩৫॥

তাঁহাদের পরস্পর সমান দুঃখ, সমান সাহস ও সমান স্পর্দ্ধা ছিল এবং তাঁহারা পরস্পর হিতে নিরত ছিলেন ॥৩৬॥

রাজশ্রেষ্ঠ! সেই সৈন্যের মধ্যস্থানে রাজা দুর্য্যোধন অবস্থান করিতে

(৩৫)···তেষাং শতসহস্রাণি···পি।

দেবরাজোপমঃ শ্রীমান্ শ্বেতচ্ছত্রাভিসংবৃতঃ।
চামরব্যজনক্ষেপৈরুদয়ন্নিব ভাস্করঃ ॥৩৮॥ (যুগ্মকম্)
প্রমুখে তস্য সৈন্যস্য দ্রোণোঽবাস্থিত নায়কঃ।
সিন্ধুরাজস্তথাতিষ্ঠচ্ছ্রীমান্ মেররিবাচলঃ ॥৩৯॥
সিন্ধুরাজস্য পার্শ্বস্থা অশ্বত্থামপুরোগমাঃ।
সুতাস্তব মহারাজ! ত্রিংশত্রিদশসন্নিভাঃ ॥৪০॥
গান্ধাররাজঃ কিতবঃ শল্যো ভূরিশ্রবাস্তথা।
পার্শ্বতঃ সিন্ধুরাজস্য ব্যরাজন্ত মহারথাঃ ॥৪১॥
ততঃ প্রববৃতে যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্।
তাবকানাং পরেষাঞ্চ মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্ ॥৪২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে সংক্ষেপতোঽভিমন্যুবধবর্ণনে একত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

দুর্য্যোধন ইতি। বৃতঃ পরিবেষ্টিতঃ। চামরব্যজনক্ষেপৈর্যুক্তঃ ॥৩৭—৩৮॥
প্রেতি। প্রমুখে অগ্রে। নায়কঃ সেনাপতিঃ। সিন্ধুরাজো জয়দ্রথঃ ॥৩৯॥
সিন্ধুরাজস্যেতি। ত্রিদশসন্নিভা দেবতুল্যপরাক্রমাঃ ॥৪০॥
গান্ধারেতি। কিতবো ধূর্ত্তঃ। পার্শ্বতঃ পার্শ্বে ॥৪১॥
তত ইতি। নিবর্ত্তনং যুদ্ধান্নিবৃত্তিজনকম্। মৃত্যোরভাবে যুদ্ধান্ন নিবৃত্তিরিত্যাশয়ঃ ॥৪২॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি অভিমন্যুবধে একত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

লাগিলেন; মহারথ কর্ণ, দুঃশাসন ও কৃপ তাঁহাকে পরিবেষ্টন করিয়া রহিলেন; তাঁহার মস্তকের উপরে একটা শ্বেতচ্ছত্র ধারণ করিল এবং দুই পার্শ্বে চামর-ব্যজন করিতে লাগিল। তখন তিনি দেবরাজের ন্যায় এবং উদয়মান সূর্য্যের তুল্য শোভা পাইতে লাগিলেন ॥৩৭—৩৮॥

সেই সৈন্যের সম্মুখদেশে সেনাপতি দ্রোণ থাকিলেন এবং বীরশোভায় শোভিত সিন্ধুরাজ জয়দ্রথ সুমেরুপর্ব্বতের ন্যায় অচল হইয়া রহিলেন ॥৩৯॥

মহারাজ! সিন্ধুরাজের পার্শ্বে অশ্বত্থামা এবং দেবতার তুল্য পরাক্রমশালী আপনার ত্রিশ জন পুত্র থাকিলেন ॥৪০॥

আর ধূর্ত্ত শকুনি, শল্য ও ভূরিশ্রবা এই মহারথেরা জয়দ্রথের অপর পার্শ্বে শোভা পাইতে লাগিলেন ॥৪১॥

(৩৯)···দ্রোণাবস্থিতনায়কঃ···পি,···দ্রোণোঽবস্থিত নায়কঃ···বা ব নি। * '···ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ' ব, '···চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ।

———:*:———

সঞ্জয় উবাচ।

তদনীকমনাধৃষ্যং ভারদ্বাজেন রক্ষিতম্।
পার্থাঃ সমভ্যবর্ত্তন্ত ভীমসেনপুরোগমাঃ ॥১॥
সাত্যকিশ্চেকিতানশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
কুন্তিভোজশ্চ বিক্রান্তো দ্রুপদশ্চ মহারথঃ ॥২॥
আর্জ্জুনিঃ ক্ষত্রধর্ম্মা চ বৃহৎক্ষত্রশ্চ বীর্য্যবান্।
চেদিপো ধৃষ্টকেতুশ্চ মাদ্রীপুত্রৌ ঘটোৎকচঃ ॥৩॥
যুধামন্যুশ্চ বিক্রান্তঃ শিখণ্ডী চাপরাজিতঃ।
উত্তমৌজাশ্চ দুর্দ্ধর্ষো বিরাটশ্চ মহারথঃ ॥৪॥
দ্রৌপদেয়াশ্চ সংরব্ধাঃ শৈশুপালিশ্চ বীর্য্যবান্।
কেকয়াশ্চ মহাবীর্য্যাঃ সৃঞ্জয়াশ্চ সহস্রশঃ ॥৫॥
এতে চান্যে চ সগণাঃ কৃতাস্ত্রা যুদ্ধদুর্ম্মদাঃ।
সমভ্যধাবন্ সহসা ভারদ্বাজং যুযুৎসবঃ ॥৬॥ (কুলকম্)

তদিতি। অনীকং কৌরবসৈন্যম্, অনাধৃষ্যম্ অনভিভবনীয়ম্। পার্থাঃ পাণ্ডবাঃ ॥১॥
সাত্যকিরিতি। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। আর্জ্জুনিরভিমন্যুঃ। চেদিপশ্চেদিরাজঃ। দুর্দ্ধর্ষো মহাবীরঃ। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ, সংরব্ধাঃ সোৎসাহাঃ, শৈশুপালিঃ ধৃষ্টকেতুভিন্নঃ শিশুপালপুত্রঃ। সগণাঃ পরিজনসহিতাঃ, কৃতাস্ত্রাঃ শিক্ষিতাস্ত্রাঃ। যুযুৎসবো যোদ্ধুমিচ্ছবঃ ॥২-৬॥

তাহার পর 'মৃত্যুই আমাদিগকে যুদ্ধ হইতে নিবৃত্ত করিতে পারিবে' এইরূপ সঙ্কল্প করিয়া আপনার পক্ষ ও বিপক্ষ তুমুল ও লোমহর্ষণ যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৪২॥

———•:•———

সঞ্জয় বলিলেন—'ভীমসেনপ্রভৃতি পাণ্ডবেরা দ্রোণরক্ষিত দুর্দ্ধর্ষ সেই কৌরবসৈন্যের প্রতি ধাবিত হইলেন ॥১॥

আর সাত্যকি, চেকিতান, পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, বিক্রমশালী কুন্তিভোজ, মহারথ দ্রুপদ, অভিমন্যু, ক্ষত্রধর্ম্মা, বলবান্ বৃহৎক্ষত্র, চেদিরাজ ধৃষ্টকেতু, নকুল,

(৩)·· ক্ষত্রবর্ম্মা চ···পি।

সমীপে বর্ত্তমানাংস্তান্ ভারদ্বাজোঽতিবীর্য্যবান্।
অসংভ্রান্তঃ শরৌঘেণ মহতা সমবারয়ৎ ॥৭॥
মহৌঘঃ সলিলস্যেব গিরিমাসাদ্য দুর্ভিদম্।
দ্রোণং তে নাভ্যবর্ত্তন্ত বেলামিব জলাশয়াঃ ॥৮॥
পীড্যমানাঃ শরৈ রাজন্! দ্রোণচাপবিনিঃসৃতৈঃ।
ন শেকুঃ প্রমুখে স্থাতুং ভারদ্বাজস্য পাণ্ডবাঃ ॥৯॥
তদদ্ভুতমপশ্যাম দ্রোণস্য ভুজয়োর্বলম্।
যদেনং নাভ্যবর্ত্তন্ত পাঞ্চালাঃ সৃঞ্জয়ৈঃ সহ ॥১০॥
তমায়ান্তমতিক্রুদ্ধং দ্রোণং দৃষ্ট্বা যুধিষ্ঠিরঃ।
বহুধা চিন্তয়ামাস দ্রোণস্য প্রতিবারণম্ ॥১১॥

সমীপ ইতি। অসংভ্রান্তঃ প্রবলবিপক্ষদর্শনেঽপি অবিচলিতচিত্তঃ ॥৭॥

মহৌঘ ইতি। দুষ্করা ভিদা বিদারণং যস্য তম্। নাভ্যবর্ত্তন্ত নাতিক্রামন্, বেলাং তীরম্ ॥৮॥

পীড্যেতি। প্রমুখে সম্মুখে, ভারদ্বাজস্য দ্রোণস্য ॥৯॥

তদিতি। দ্রোণাভিমুখ্যেন যদনবস্থানং তদেবাদ্ভুতমিতি ভাবঃ ॥১০॥

তমিতি। কেনোপায়েন প্রতিবারণং ভবেদিতি বিষয়ং বহুধা চিন্তয়ামাস ॥১১॥

সহদেব, ঘটোৎকচ, বিক্রমশালী যুধামন্যু, অপরাজিত শিখণ্ডী, দুর্দ্ধর্ষ উত্তমৌজা, মহারথ বিরাট, উৎসাহসম্পন্ন দ্রৌপদীর পুত্রগণ, বলবান্ শিশুপালপুত্র, মহাবীর কেকয়গণ এবং সহস্র সহস্র সৃঞ্জয়, ইঁহারা এবং অন্যও বহুতর যুদ্ধদুর্দ্ধর্ষ ও অস্ত্রে সুশিক্ষিত বীর অনুচরগণের সহিত মিলিত হইয়া যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া সত্বর দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥২—৬॥

তখন অত্যন্ত বলবান্ দ্রোণ অবিচলিত থাকিয়া বিশাল শরজালদ্বারা নিকটবর্ত্তী সেই পাণ্ডবপক্ষীয় বীরগণকে বারণ করিতে লাগিলেন ॥৭॥

জলের মহাস্রোত যেমন দুর্ভেদ্য পর্বতের নিকটে যাইয়া তাহা ভেদ করিতে পারে না এবং নদীপ্রভৃতি যেমন তীর অতিক্রম করিতে সমর্থ হয় না, সেইরূপ পাণ্ডবেরা দ্রোণকে অতিক্রম করিতে পারিলেন না ॥৮॥

রাজা দ্রোণের ধনু হইতে নির্গত বাণসমূহ পীড়ন করিতে লাগিলে, পাণ্ডবেরা দ্রোণের সম্মুখেই থাকিতে পারিলেন না ॥৯॥

তখন আমরা দ্রোণের অদ্ভুত বাহুবল দেখিলাম; যে হেতু সৃঞ্জয়গণের সহিত পাঞ্চালেরা দ্রোণের সম্মুখে থাকিতেই সমর্থ হইল না ॥১০॥

(১১)···অভিক্রুদ্ধম্···বা ব রা নি।

অশক্যন্তু তমন্যেন দ্রোণং মত্বা যুধিষ্ঠিরঃ।
অবিষহ্যং গুরুং ভারং সৌভদ্রে সমবাসৃজৎ ॥১২॥
বাসুদেবাদনবরং ফাল্গুনাচ্চামিতৌজসম্।
অব্রবীৎ পরবীরঘ্নমভিমন্যুমিদং বচঃ ॥১৩॥
এত্য নো নার্জ্জুনো গর্হেদ্‌যথা তাত! তথা কুরু।
চক্রব্যূহস্য ন বয়ং বিদ্মো ভেদং কথঞ্চন ॥১৪॥
ত্বং বার্জ্জুনো বা কৃষ্ণো বা ভিন্দ্যাৎ প্রদ্যুম্ন এব বা।
চক্রব্যূহং মহাবাহো! পঞ্চমো নোপপদ্যতে ॥১৫॥
অভিমন্যো! বরং তাত! যাচতাং দাতুমর্হসি।
পিতৃণাং মাতুলানাঞ্চ সৈন্যানাঞ্চৈব সর্ব্বশঃ ॥১৬॥
ধনঞ্জয়ো হি নস্তাত! গর্হয়েদেত্য সংযুগাৎ।
ক্ষিপ্রমস্ত্রং সমাদায় দ্রোণানীকং বিশাতয় ॥১৭॥

অশক্যমিতি। অশক্যং বারয়িতুমিতি শেষঃ। সমবাসৃজৎ সমর্পয়ৎ ॥১২॥
বাস্বিতি। অনবরমন্যূনম্, ফাল্গুনাদর্জ্জুনাৎ। অব্রবীদ্‌যুধিষ্ঠির এব ॥১৩॥
এত্যেতি। নঃ অস্মান্। বিদ্মো জানীমঃ ॥১৪॥
ত্বমিতি। প্রদ্যুম্নঃ কৃষ্ণস্যৈব পুত্রঃ। নোপপদ্যতে অসত্ত্বান্ন সম্ভবতি ॥১৫॥
অভীতি। যাচতাং যাচমানানাম্। পিতৃণামস্মাকম্, মাতুলানাং সাত্যকিপ্রভৃতীনাম্ ॥১৬॥

অত্যন্তক্রুদ্ধ দ্রোণকে আসিতে দেখিয়া যুধিষ্ঠির তাঁহার নিবারণের বিষয়ে বহুপ্রকার চিন্তা করিলেন ॥১১॥

ক্রমে অন্য কেহই দ্রোণকে নিবারণ করিতে সমর্থ হইবে না এইরূপ মনে করিয়া যুধিষ্ঠির অভিমন্যুর উপরে অসহ্য গুরুতর ভার অর্পণ করিলেন ॥১২॥

কৃষ্ণ ও অর্জ্জুন অপেক্ষা অন্যূন, অমিততেজা ও বিপক্ষবীরহন্তা অভিমন্যুকে তিনি এই কথা বলিলেন—॥১৩॥

'বৎস! অর্জ্জুন আসিয়া যাহাতে আমাদের নিন্দা না করেন, তুমি সেইরূপ কার্য্য কর। আমরা কোন প্রকারেই চক্রব্যূহের ভেদ জানি না ॥১৪॥

মহাবাহু! তুমি, বা অর্জ্জুন, কিংবা কৃষ্ণ, অথবা প্রদ্যুম্ন, তোমরা এই চারি জনই চক্রব্যূহ ভেদ করিতে পার; কিন্তু পঞ্চম কেহ পারে না ॥১৫॥

অতএব বৎস অভিমন্যু! তোমার পিতৃগণ, মাতুলগণ ও সমস্ত সৈন্য তোমার নিকট বর প্রার্থনা করিতেছেন, তুমি তাহা দান কর ॥১৬॥

(১৩) শ্লোকাৎ পরম্ 'যুধিষ্ঠির উবাচ' নি। (১৪)…পদ্মব্যূহস্য ন বয়ম্…নি,…বিদ্ম ভেদম্…পি। (১৫) ত্বঞ্চার্জ্জুনো বা…পি,…দ্রোণানীকং মহাবাহো!…নি।

অভিমন্যুরুবাচ।

দ্রোণস্য দৃঢ়মত্যুগ্রমনীকপ্রবরং যুধি।
পিতৃণাং জয়মাকাঙ্ক্ষন্নবগাহেঽবিলম্বিতম্ ॥১৮॥
উপদিষ্টো হি মে পিত্রা যোগোঽনীকবিশাতনে।
নোৎসহে তু বিনির্গন্তুমহং কস্যাঞ্চিদাপদি ॥১৯॥

যুধিষ্ঠির উবাচ।

ভিন্ধ্যনীকং যুধাং শ্রেষ্ঠ! দ্বারং সংজনয়স্ব নঃ।
বয়ং ত্বাঽনুগমিষ্যামো যেন ত্বং তাত! যাস্যসি ॥২০॥
ধনঞ্জয়সমং যুদ্ধে ত্বাং বয়ং তাত! সংযুগে।
প্রণিধায়ানুযাস্যামো রক্ষন্তঃ সর্ব্বতোমুখাঃ ॥২১॥

ধনঞ্জয় ইতি। নঃ অস্মান্। দ্রোণানীকং চক্রব্যূহস্থম্, বিশাতয় ভিন্ধি ॥১৭॥
দ্রোণস্যেতি। পিতৃণাং ভবতাম্। অবগাহে প্রবিশামি, অবিলম্বিতং দ্রুতমেব ॥১৮॥
তত্রানুপপত্তিমাহ উপেতি। পিত্রা অর্জ্জুনেন, যোগ উপায়ঃ, অনীকবিশাতনে চক্রব্যূহস্থ-সৈন্যভেদনে। কিন্তু তত্র কস্যাঞ্চিদাপদি ভাবিন্যাম্, বিনির্গন্তুং নোৎসহে ন শক্নোমি, পিত্রা তদুপায়স্যানুপদিষ্টত্বাদিত্যাশয়ঃ ॥১৯॥
ভিন্ধীতি। যেন পথা ত্বং যাস্যসি, বয়মপি তেন পথৈব ত্বা ত্বামনুগমিষ্যামঃ ॥২০॥
ধনঞ্জয়েতি। যুদ্ধে ধনঞ্জয়সমং ত্বাম্, সংযুগে প্রণিধায় অগ্রতঃ সংস্থাপ্য ॥২১॥

বৎস! অর্জ্জুন যুদ্ধ হইতে আসিয়া আমাদিগকে নিন্দা করিবেন। অতএব তুমি সত্বর অস্ত্র ধারণ করিয়া দ্রোণের চক্রব্যূহ ভেদ কর’ ॥১৭॥

অভিমন্যু বলিলেন—‘আমি পিতৃগণের জয়কামনা করিয়া সত্বরই যুদ্ধে দ্রোণের অতিভীষণ ও দৃঢ় প্রধানসৈন্যমধ্যে প্রবেশ করিতেছি ॥১৮॥

কিন্তু আমার পিতা আমার নিকট কেবল চক্রব্যূহভেদের উপায় বলিয়াছিলেন। সুতরাং সেখানে কোন বিপদ উপস্থিত হইলে আমি নির্গত হইতে সমর্থ হইব না’ ॥১৯॥

যুধিষ্ঠির বলিলেন—‘বৎস যোদ্ধৃশ্রেষ্ঠ! তুমি ব্যূহ ভেদ কর এবং দ্বার প্রস্তুত করিয়া দাও; তা’র পর তুমি যে পথে যাইবে, আমরা সেই পথে তোমার পিছনে পিছনে যাইব ॥২০॥

বৎস! তুমি যুদ্ধে অর্জ্জুনের তুল্য। তথাপি আমরা তোমাকে যুদ্ধে সম্মুখে রাখিয়া রক্ষা করিতে থাকিয়া সকল দিক্ দেখিতে দেখিতে তোমার অনুসরণ করিব’ ॥২১॥

ভীম উবাচ।

অহং ত্বাঽনুগমিষ্যামি ধৃষ্টদ্যুম্নোঽথ সাত্যকিঃ।
পাঞ্চালাঃ কেকয়া মৎস্যাস্তথা সর্ব্বে প্রভদ্রকাঃ ॥২২॥
সকৃদ্ভিন্নং ত্বয়া ব্যূহং তত্র তত্র পুনঃ পুনঃ।
বয়ং প্রধ্বংসয়িষ্যামো নিঘ্নমানা বরান্ বরান্ ॥২৩॥

অভিমন্যুরুবাচ।

অহমেতৎ প্রবেক্ষ্যামি দ্রোণানীকং দুরাসদম্।
পতঙ্গ ইব স ক্রুদ্ধো জ্বলিতং জাতবেদসম্ ॥২৪॥
তৎ কর্ম্মাদ্য করিষ্যামি হিতং যদ্বংশয়োর্দ্বয়োঃ।
মাতুলস্য চ যৎপ্রীতিং করিষ্যতি পিতুশ্চ মে ॥২৫॥
শিশুনৈকেন সংগ্রামে কাল্যমানানি সংঘশঃ।
দ্রক্ষ্যন্তি সর্ব্বভূতানি দ্বিষৎসৈন্যানি বৈ ময়া ॥২৬॥

অহমিতি। ত্বা ত্বাম্। অনুগমিষ্যতি অনুগমিষ্যন্তীতি যথাসম্ভবমনুষঙ্গঃ ॥২২॥
সকৃদিতি। ভিন্নং কৃতদ্বারম্, ব্যূহং চক্রব্যূহম্। নিঘ্নমানা ইত্যার্ষঃ প্রয়োগঃ ॥২৩॥
অহমিতি। জাতবেদসং বহ্নিম্। এতেনাত্মনো মৃত্যুরবশ্যম্ভাবীতি সূচিতম্ ॥২৪॥
তদিতি। দ্বয়োর্মাতাপিতৃসম্বন্ধিনোঃ। মাতুলস্য কৃষ্ণস্য, পিতুরর্জ্জুনস্য ॥২৫॥

ভীম বলিলেন—'বৎস! আমি তোমার অনুসরণ করিব এবং ধৃষ্টদ্যুম্ন ও সাত্যকি যাইবেন; আর পাঞ্চালগণ, কেকয়গণ, মৎস্যগণ ও সমস্ত প্রভদ্রক যোদ্ধা তোমার পিছনে পিছনে গমন করিবেন ॥২২॥

তুমি একবার চক্রব্যূহ ভেদ করিয়া দিলে, আমরা প্রধান প্রধান শত্রু সংহার করিতে থাকিয়া সেই সেই স্থানে বার বার ঐ ব্যূহ বিধ্বস্ত করিব' ॥২৩॥

অভিমন্যু বলিলেন—'পতঙ্গ (ফড়িং) যেমন প্রজ্বলিত অগ্নির মধ্যে প্রবেশ করে, আমিও সেইরূপ অত্যন্তক্রুদ্ধ হইয়া এই দুর্দ্ধর্ষ দ্রোণসৈন্যমধ্যে প্রবেশ করিব ॥২৪॥

যে কার্য্য মাতৃবংশ ও পিতৃবংশ দুই বংশেরই হিতজনক হইবে এবং যে কার্য্য আমার মাতুল কৃষ্ণের ও পিতা ধনঞ্জয়ের প্রীতিসম্পাদন করিবে, আমি আজ সেই কার্য্য করিব ॥২৫॥

(২২) ··কেকয়া মাৎস্যাঃ···নি। (২৫)···করিষ্যামি পিতুশ্চ মে—পি। (২৬) শ্লোকাৎ পরমিদং শ্লোকদ্বয়মধিকং বা ব রা নি। তদ্‌যথা—
নাহং পার্থেন জাতঃ স্যাং ন চ জাতঃ সুভদ্রয়া। যদি মে সংযুগে কশ্চিজ্জীবিতেনাদ্য মুচ্যতে ॥
যদি বৈকরথেনাহং সমগ্রং ক্ষত্রমণ্ডলম্। ন করোম্যষ্টধা যুদ্ধে ন ভবাম্যর্জ্জুনাত্মজঃ ॥

যুধিষ্ঠির উবাচ।

এবং তে ভাষমাণস্য বলং সৌভদ্র! বর্দ্ধতাম্।
যৎ সমুৎসহসে ভেত্তুং দ্রোণানীকং দুরাসদম্ ॥২৭॥
রক্ষিতং পুরুষব্যাঘ্রৈর্মহেষ্বাসৈর্মহাবলৈঃ।
সাধ্যরুদ্রমরুৎকল্পৈর্বস্বগ্ন্যাদিত্যবিক্রমৈঃ ॥২৮॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

তস্য তদ্বচনং শ্রুত্বা স যন্তারমচোদয়ৎ।
সুমিত্রাশ্বান্ রণে ক্ষিপ্রং দ্রোণানীকায় চোদয় ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধে অভিমন্যুপ্রতিজ্ঞায়াং দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

শিশুনেতি। কাল্যমানানি হন্যমানানি। সর্ব্বভূতানি তত্রত্যাঃ সর্বে লোকাঃ ॥২৬॥

এবমিতি। সমুৎসহসে সম্যগুৎসাহং প্রকাশয়সি, দ্রোণস্য অনীকং চক্রব্যূহস্থং সৈন্যম্। মহেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈঃ কর্ণাদিভিঃ। মরুৎ পবনঃ ॥২৭—২৮॥

তস্যেতি। তস্য যুধিষ্ঠিরস্য। সঃ অভিমন্যুঃ, যন্তারং সারথিম্, অচোদয়ৎ প্রৈরয়ৎ। হে সুমিত্র! তদাখ্য! সারথে!। চোদয় প্রেরয় ॥২৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—(::)—

আমি—বালক এবং একাকী হইয়াও যুদ্ধে দলে দলে শত্রুসৈন্য সংহার করিব; তাহা তত্রত্য লোকেরা দেখিতে পাইবে ॥২৬॥

যুধিষ্ঠির বলিলেন—'বৎস সুভদ্রানন্দন! সাধ্য, রুদ্র ও বায়ুর সমান এবং বসু, অগ্নি ও সূর্য্যের তুল্য বিক্রমশালী, আর মহাবল ও মহাধনুর্দ্ধর পুরুষশ্রেষ্ঠগণ যাহা রক্ষা করিতেছেন, সেই দুর্দ্ধর্ষ দ্রোণসৈন্য ভেদ করিবার জন্য তুমি যখন উৎসাহ প্রকাশ করিতেছ এবং এইরূপ বলিতেছ, তখন তোমার শক্তি বৃদ্ধি লাভ করুক' ॥২৭—২৮॥

সঞ্জয় বলিলেন—'যুধিষ্ঠিরের সেই কথা শুনিয়া অভিমন্যু সারথিকে আদেশ করিলেন—'সুমিত্র! তুমি সমরাঙ্গনে দ্রোণসৈন্যের দিকে সত্বর অশ্বগণকে সঞ্চালন কর' ॥২৯॥

—০::০—

* '...চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ' ব, '...পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

সৌভদ্রস্তদ্বচঃ শ্রুত্বা ধর্ম্মরাজস্য ধীমতঃ।
অচোদয়ত যন্তারং দ্রোণানীকায় ভারত! ॥১॥
তেন সঞ্চোদ্যমানস্তু যাহি যাহীতি সারথিঃ।
প্রত্যুবাচ ততো রাজন্নভিমন্যুমিদং বচঃ ॥২॥
অতিভারোঽয়মায়ুষ্মন্নাহিতস্ত্বয়ি পাণ্ডবৈঃ।
সম্প্রধার্য্য ক্ষমং বুদ্ধ্যা ততস্ত্বং যোদ্ধুমর্হসি ॥৩॥
আচার্য্যো হি কৃতী দ্রোণঃ পরমাস্ত্রে কৃতশ্রমঃ।
অত্যন্তসুখসংবৃদ্ধস্ত্বঞ্চাযুদ্ধবিশারদঃ ॥৪॥
ততোঽভিমন্যুঃ প্রহসন্ সারথিং বাক্যমব্রবীৎ।
সারথে! কো ন্বয়ং দ্রোণঃ সমগ্রং ক্ষত্রমেব বা ॥৫॥

উক্তমপ্যর্থং স্বতোক্তিপ্রসক্তয়ে পুনরাহ সৌভদ্র ইতি। ধীমতো যোগ্যজননিয়োগাৎ ॥১॥
তেনেতি। সঞ্চোদ্যমানঃ প্রেৰ্য্যমাণঃ ॥২॥
অতীতি। আহিতঃ স্থাপিতঃ। সম্প্রধার্য্য নিশ্চিত্য, ক্ষমমুচিতম্ ॥৩॥
আচার্য্য ইতি। অযুদ্ধবিশারদঃ, বালত্বেন তাদৃশশ্রমাসহিষ্ণুত্বাৎ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন! বুদ্ধিমান্ যুধিষ্ঠিরের সেই কথা শুনিয়া অভিমন্যু তাঁহার সারথিকে দ্রোণসৈন্যের দিকে প্রেরণ করিলেন ॥১॥

রাজা! 'যাও যাও' বলিয়া অভিমন্যু আদেশ করিতে লাগিলে, সারথি অভিমন্যুকে এই কথা বলিল—॥২॥

'আয়ুষ্মন্! পাণ্ডবেরা আপনার উপরে এটা গুরুতর ভার ন্যস্ত করিয়াছেন। তথাপি আপনি আপন বুদ্ধিতে উচিত বিষয় স্থির করিয়া যুদ্ধ করিতে পারেন ॥৩॥

কারণ, দ্রোণাচার্য্য যুদ্ধে সুনিপুণ, বিশেষতঃ তিনি উত্তম উত্তম অস্ত্রশিক্ষায় পরিশ্রম করিয়াছেন; আর আপনি অত্যন্তসুখে বৃদ্ধি লাভ করিয়াছেন, তা'র পর আবার বালক বলিয়া যুদ্ধেও সেরূপ নিপুণ নহেন' ॥৪॥

(১) সৌভদ্রস্তু বচঃ শ্রুত্বা···পি ব। (৩)···সম্প্রধার্য্য ক্ষণং বুদ্ধ্যা···নি। (৪)···ত্বঞ্চ যুদ্ধবিশারদঃ—পি ব,···ত্বঞ্চ বালঃ স বলবান্ সংগ্রামাণামকোবিদঃ—নি।

ঐরাবতগতং শক্রং সহামরগণৈরহম্।
যোধয়েয়ং রণমুখে ন মে ক্ষত্রেঽস্য বিস্ময়ঃ ॥৬॥
ন মমৈতাদ্দ্বিষৎসৈন্যং কলামর্হতি ষোড়শীম্।
অপি বিশ্বজিতং বিষ্ণুং মাতুলং প্রাপ্য সূতজ!।
পিতরঞ্চার্জ্জুনং যুদ্ধে ন ভীর্মামুপযাস্যতি ॥৭॥
ততোঽভিমন্যুস্তাং বাচং কদর্থীকৃত্য সারথেঃ।
যাহীত্যেবাব্রবীদেনং দ্রোণানীকায় মা চিরম্ ॥৮॥
ততঃ সঞ্চোদয়ামাস হয়ানাশু ত্রিহায়নান্।
নাতিহৃষ্টমনাঃ সূতো হেমভাণ্ডপরিচ্ছদান্ ॥৯॥
তে প্রেষিতাঃ সুমিত্রেণ দ্রোণানীকায় বাজিনঃ।
দ্রোণমভ্যদ্রবন্ রাজন্! মহাবেগপরাক্রমাঃ ॥১০॥

তত ইতি। ক্ষত্রং ক্ষত্রিয়বৃন্দম্। মৎসমক্ষে কোঽপি কিমপি চ নেত্যর্থঃ ॥৫॥
ঐরেতি। যোধয়েয়ং যোদ্ধুং শক্নুয়াম্। স্ময়বিপরীতো বিস্ময়ো বিষাদঃ ॥৬॥
নেতি। ষোড়শীং কলাং ষোড়শভাগৈকভাগম্। বিষ্ণুং কৃষ্ণম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥
তত ইতি। কদর্থীকৃত্য কুৎসিতার্থীকৃত্য অবজ্ঞায়েত্যর্থঃ। মা চিরং ন বিলম্বস্ব ॥৮॥
তত ইতি। ততো নাতিহৃষ্টমনাঃ সূতঃ সারথিঃ, ত্রিহায়নান্ ত্রিবর্ষবয়স্কান্ তত এব যূন ইত্যর্থঃ, হেমভাণ্ডপরিচ্ছদান্ স্বর্ণালঙ্কারাবৃতান্ হয়ান্, আশু সঞ্চোদয়ামাস ॥৯॥
ত ইতি। সুমিত্রেণ তদাখ্যেন সারথিনা। মহান্তৌ বেগপরাক্রমৌ যেষাং তে ॥১০॥

তাহার পর অভিমন্যু হাস্য করিয়া সারথিকে এই কথা বলিলেন—'সারথি! আমার সমক্ষে এ দ্রোণ কে? সমস্ত ক্ষত্রিয়মণ্ডলই বা কে? ॥৫॥

আমি দেবগণের সহিত সম্মিলিত ঐরাবতগজারূঢ় ইন্দ্রের সহিতও যুদ্ধ করিতে পারি। সুতরাং ক্ষত্রিয়গণের বিষয়ে আমার কোন বিষাদ নাই ॥৬॥

অতএব এই শত্রুসৈন্য আমার ষোড়শভাগের একভাগেরও তুল্য নহে। তা'র পর, সারথিনন্দন! বিশ্ববিজয়ী মাতুল কৃষ্ণকে কিংবা পিতা অর্জুনকে যুদ্ধে বিপক্ষরূপে দেখিতে পাইলেও ত আমার ভয় হয় না' ॥৭॥

তাহার পর অভিমন্যু সারথির সেই কথা অগ্রাহ্য করিয়া তাহাকে বলিলেন—'দ্রোণসৈন্যের দিকে যাও, বিলম্ব করিও না।' ॥৮॥

তদনন্তর সারথি অনতিহৃষ্টচিত্তে স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত এবং ত্রিবর্ষবয়স্ক অশ্বগণকে দ্রুত সঞ্চালন করিল ॥৯॥

(৮) অভিমন্যুস্ত তাং বাচম্⋯বা নি। (৯) ততঃ সংনোদয়ামাস⋯বা নি। (১০)⋯ মহাবেগা মহাবলাঃ—নি,⋯মহাবেগপরাক্রমম্—বা।

তমুদীক্ষ্য তথায়ান্তং সর্ব্বে দ্রোণপুরোগমাঃ।
অভ্যবর্ত্তন্ত কৌরব্যাঃ পাণ্ডবাশ্চ তমন্বয়ুঃ ॥১১॥
স কর্ণিকারপ্রবরোচ্ছ্রিতধ্বজঃ সুবর্ণবর্ম্মার্জ্জুনিরর্জ্জুনাবরঃ।
যুযুৎসয়া দ্রোণমুখান্ মহারথান্ সমাসদৎ সিংহশিশুর্যথা দ্বিপান্ ॥১২॥
তে বিংশতিপদে যত্তাঃ সম্প্রহারং প্রচক্রিরে।
আসীদ্‌গাঙ্গ ইবাবর্ত্তো মুহূর্ত্তমুদধাবিব ॥১৩॥
শূরাণাং যুধ্যমানানাং নিঘ্নতামিতরেতরম্।
সংগ্রামস্তুমুলো রাজন্! প্রাবর্ত্তত সুদারুণঃ ॥১৪॥

তমিতি। উদীক্ষ্য দৃষ্ট্বা। অন্বয়ুঃ পশ্চাদগচ্ছন্ ॥১১॥

স ইতি। কর্ণিকারপ্রবরঃ তদাখ্যবৃক্ষশ্রেষ্ঠ এব উচ্ছ্রিত উত্তোলিতো ধ্বজো যস্য সঃ, সুবর্ণবর্ম্মা স্বর্ণনির্ম্মিতকবচঃ, আর্জ্জুনিরভিমন্যুঃ, অর্জ্জুনাদবর ঈষন্ন্যূনঃ ॥১২॥

ত ইতি। অভিমন্যৌ বিংশতিপদে গত এবেত্যর্থঃ, তে কৌরবাঃ, যত্তা জয়ায় যত্নবন্তঃ সন্তঃ, তস্মিন্ সম্প্রহারং প্রচক্রিরে। তদা চ গঙ্গায়া অয়মিতি গাঙ্গঃ, আবর্ত্তো জলভ্রমিরিব, উদধৌ আবর্ত্ত ইব চ তেষামুভয়েষাং মুহূর্ত্তমাবর্ত্তো ভ্রমণমাসীৎ ॥১৩॥

রাজা! সারথি সুমিত্র অশ্বগুলিকে দ্রোণসৈন্যের দিকে চালাইয়া দিলে, মহাবেগশালী ও অত্যন্তপরাক্রমযুক্ত অশ্বগণ দ্রোণের দিকে ধাবিত হইল ॥১০॥

তখন অভিমন্যুকে সেইভাবে আসিতে দেখিয়া দ্রোণপ্রভৃতি কৌরবেরা সকলে তাঁহার অভিমুখবর্ত্তী হইয়া রহিলেন; আর পাণ্ডবেরা তাঁহার পিছনে যাইতে লাগিলেন ॥১১॥

তৎকালে অভিমন্যুর রথে উত্তম কর্ণিকারবৃক্ষের একটা ধ্বজ উত্তোলিত ছিল এবং তাঁহার গাত্রে একটী স্বর্ণময় বর্ম্ম নিবদ্ধ রহিয়াছিল; এই অবস্থায় অর্জুনের তুল্য যোদ্ধা অর্জুননন্দন অভিমন্যু—সিংহশিশু যেমন হস্তিগণের প্রতি ধাবিত হয়, সেইরূপ যুদ্ধ করিবার ইচ্ছায় দ্রোণপ্রভৃতি মহারথগণের প্রতি ধাবিত হইলেন ॥১২॥

অভিমন্যু বিংশতি পদ অগ্রসর হইবামাত্রই কৌরবগণ যত্নবান্ হইয়া প্রহার আরম্ভ করিয়া দিলেন। তখন গঙ্গার ও সমুদ্রের আবর্ত্তের (ঘোলার) ন্যায় উভয় সৈন্যের সংঘর্ষ উপস্থিত হইল ॥১৩॥

রাজা! ক্রমে বীরগণ যুদ্ধে প্রবৃত্ত হইয়া পরস্পর সংহার করিতে থাকিলে, তুমুল ও অতিভীষণ যুদ্ধ চলিতে লাগিল ॥১৪॥

(১২)···অর্জ্জুনাদ্বরঃ··নি।

প্রবর্ত্তমানে সংগ্রামে তস্মিন্নতিভয়ঙ্করে।
দ্রোণস্য মিষতো ব্যূহং ভিত্ত্বা প্রাবিশদার্জ্জুনিঃ ॥১৫॥
তং প্রবিষ্টং বিনিঘ্নন্তং শত্রুসংঘান্ মহাবলম্।
হস্ত্যশ্বরথপত্ত্যোঘাঃ পরিবব্রুরুদায়ুধাঃ ॥১৬॥
নানাবাদিত্রনিনদৈঃ ক্ষ্বেড়িতোৎক্রুষ্টগর্জ্জিতৈঃ।
হুঙ্কারৈঃ সিংহনাদৈশ্চ তিষ্ঠ তিষ্ঠেতি নিস্বনৈঃ ॥১৭॥
ঘোরৈর্হলহলাশব্দৈর্মা গাস্তিষ্ঠেহি মামিতি।
অসাবহমমুত্রেতি প্রবদন্তো মুহুর্মুহুঃ ॥১৮॥
বৃংহিতৈঃ শিঞ্জিতৈর্হাসৈঃ ক্ষুরনেমিস্বনৈরপি।
সন্নাদয়ন্তো বসুধামভিদুদ্রুবুরার্জ্জুনিম্ ॥১৯॥ (বিশেষকম্)

শূরাণামিতি। ইতরেতরং পরস্পরম্ ॥১৪॥
প্রেতি। মিষতঃ পশ্যতঃ পশ্যন্তং দ্রোণমনাদৃত্যেত্যর্থঃ। অনাদরে ষষ্ঠী ॥১৫॥
তমিতি। পরিবব্রুঃ পরিবেষ্টিতবন্তঃ ॥১৬॥
নানেতি। ক্ষ্বেড়িতম্ অস্পষ্টমুখধ্বনিঃ, আক্রুষ্টম্ আহ্বানশব্দঃ, গর্জ্জিতং স্পষ্টং গর্জনঞ্চ তৈঃ। মা গা ন গচ্ছ, এহি আগচ্ছ। অমুত্র অস্মিন্ স্থানে তিষ্ঠামীতি শেষঃ। বৃংহিতৈ-র্গজগর্জ্জিতৈঃ, শিঞ্জিতৈরস্ত্রাণামব্যক্তশব্দৈঃ, ক্ষুরাণামশ্বপদস্থিতানাং নেমীনাং চক্রপ্রান্তানাঞ্চ স্বনৈঃ শব্দৈঃ। অভিদুদ্রুবুঃ অভিদধাবুঃ, আর্জ্জুনিমভিমন্যুম্ ॥১৭—১৯॥

অতিভীষণ সেই যুদ্ধ চলিতে লাগিলে, অভিমন্যু দ্রোণের সমক্ষেই ব্যূহ ভেদ করিয়া তাহার মধ্যে প্রবেশ করিলেন ॥১৫॥

মহাবল অভিমন্যু প্রবেশ করিয়াই শত্রুসমূহ সংহার করিতে লাগিলে, গজারোহী, অশ্বারোহী, রথী ও পদাতিরা অস্ত্র উত্তোলন করিয়া তাঁহাকে পরিবেষ্টন করিল ॥১৬॥

আর নানাবিধ বাদ্যধ্বনি, অস্পষ্ট কণ্ঠস্বর, গর্জন, হুঙ্কার ও সিংহনাদ এবং 'থাক থাক' ইত্যাকার শব্দ, ভয়ঙ্কর হলহলাশব্দ, 'যাইও না' 'দাঁড়াও' 'আমার দিকে আইস' এবং 'এই আমি এইখানে রহিয়াছি' ইত্যাকার বাক্য মুহুর্মুহুঃ বলিতে থাকিয়া, বিশেষতঃ হস্তীর বৃংহিতধ্বনি, অস্ত্রের অব্যক্ত শব্দ, হাস্যরব, অশ্বক্ষুরের শব্দ ও চক্রপ্রান্তের শব্দে সমরভূমি নিনাদিত করিয়া বীরগণ অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥১৭—১৯॥

(১৫)···ভিত্ত্বা ব্যচরদার্জ্জুনিঃ—নি। (১৬)···শত্রুমধ্যে মহাবলম্···পি ব। (১৮)··· অসাবহমমিত্রেতি·· বা নি। (১৯)···করনেমিস্বনৈরপি···নি···।

তেষামাপততাং বীরঃ শীঘ্রযোধী মহাবলঃ।
ক্ষিপ্রাস্ত্রো ন্যবধীদ্‌ব্রাতান্! মর্ম্মজ্ঞো মর্ম্মভেদিভিঃ ॥২০॥
তে হন্যমানা বিবশা নানালিঙ্গৈঃ শিতৈঃ শরৈঃ।
অভিপেতুঃ সুবহুশঃ শলভা ইব পাবকম্ ॥২১॥
ততস্তেষাং শরীরৈশ্চ শরীরাবয়বৈশ্চ সঃ।
আতস্তার ক্ষিতিং ক্ষিপ্রং কুশৈর্বেদীমিবাধ্বরে ॥২২॥
বদ্ধগোধাঙ্গুলিত্রাণান্ সশরাসনসায়কান্।
সাসিচর্ম্মাঙ্কুশাভীষূন্ সতোমরপরশ্বধান্ ॥২৩॥
সগদায়োগুড়প্রাসান্ সর্ষ্টিতোমরপট্টিশান্।
সভিন্দিপালপরিঘান্ সশক্তিবরকম্পনান্ ॥২৪॥
সপ্রতোদমহাশঙ্খান্ সকুন্তান্ সকচগ্রহান্।
সমুদ্‌গরক্ষেপণীয়ান্ সপাশপরিঘোপলান্ ॥২৫॥
সকেয়ূরাঙ্গদান্ বাহূন্ হৃদ্যগন্ধানুলেপনান্।
সংচিচ্ছেদার্জ্জুনির্বৃত্তাংস্ত্বদীয়ানাং সহস্রশঃ ॥২৬॥ (কলাপকম্)

তেষামিতি। বীরোঽভিমন্যুঃ। ব্রাতান্ সমূহান্, মর্ম্মভেদিভিঃ শরৈঃ ॥২০॥
ত ইতি। নানা বহুবিধানি লিঙ্গানি চিহ্নানি যেষু তৈঃ। অভিপেতুরুপাজগ্মুঃ ॥২১॥
তত ইতি। আতস্তার আচ্ছাদয়ামাস। বেদীং পরিষ্কৃতাং ভূমিম্ ॥২২॥
বদ্ধেতি। বদ্ধানি ধৃতানি গোধা হস্তাবাপা অঙ্গুলিত্রাণানি চ যেষু তান্। শরাসনৈর্ধনুর্ভিঃ সায়কৈর্বাণৈশ্চ সহেতি তান্। এবমন্যত্র। অভীষবঃ প্রগ্রহা অশ্বমুখরজ্জবঃ, "অভীষুঃ প্রগ্রহে

তাঁহারা আসিতে লাগিলে, বীর, শীঘ্রযোধী, মহাবল, দ্রুতাস্ত্রক্ষেপী ও মর্ম্মজ্ঞ অভিমন্যু মর্ম্মভেদী বাণদ্বারা তাঁহাদিগকে বধ করিতে লাগিলেন ॥২০॥

অভিমন্যু নানাবিধচিহ্নযুক্ত ও সুধার বাণসমূহদ্বারা বধ করিতে লাগিলেও, পরাধীন সেই বহুতর বীর—পতঙ্গ যেমন অগ্নির দিকে ধাবিত হয়, সেইরূপ অভিমন্যুর দিকে ধাবিত হইতে লাগিলেন ॥২১॥

তাহার পর যাজ্ঞিকেরা যেমন কুশদ্বারা যজ্ঞের বেদি আবৃত করেন, সেইরূপ অভিমন্যু তাঁহাদের শরীর ও শরীরের অঙ্গ-প্রত্যঙ্গদ্বারা সত্বর সমরভূমি আবৃত করিয়া ফেলিলেন ॥২২॥

মহারাজ! ক্রমে হস্তাবাপ (চর্ম্মনির্ম্মিত হস্তাবরণ), অঙ্গুলিত্র (অঙ্গুলিরক্ষক চর্ম্মাবরণ), ধনু, বাণ, তরবারি, চর্ম্ম (ঢাল), অঙ্কুশ, অশ্বমুখরজ্জু, তোমর, পরশু,

(২০)···শীঘ্রপূর্ব্বমথো দৃঢ়ম্···পি ব,···ন্যবধীদ্রাজন্!···নি। (২২) ··সংতস্তার···নি। (২৩)···সাসিচর্ম্মাঙ্কুশান্ সেষূন্···পি।

তৈঃ স্ফুরদ্ভির্মহারাজ! শুশুভে ভূঃ সুলোহিতৈঃ।
পঞ্চাস্যৈঃ পন্নগৈশ্ছিন্নৈর্গরুড়েনেব মারিষ! ॥২৭॥
সুনাসাননকেশান্তৈরব্রণৈশ্চারুকুণ্ডলৈঃ।
সন্দষ্টৌষ্ঠপুটৈঃ ক্রোধাৎ ক্ষরদ্ভিঃ শোণিতং বহু ॥২৮॥
চারুস্রঙ্‌মুকুটোষ্ণীষৈর্মণিরত্নবিভূষিতৈঃ।
বিনালনলিনাকারৈর্দিবাকরশশিপ্রভৈঃ ॥২৯॥
হিতপ্রিয়ংবদৈঃ কালে বহুভিঃ পুণ্যগন্ধিভিঃ।
দ্বিষচ্ছিরোভিঃ পৃথিবীমবতস্তার ফাল্গুনিঃ ॥৩০॥ (বিশেষকম্)

রশ্মৌ" ইত্যমরঃ। তোমরাদীনি তদানীন্তনাস্ত্রাণি। ক্ষুদ্রবিশালভেদেন তোমরভেদা-দপৌনরুক্ত্যম্। অয়োগুড়ানি লৌহগুলিকাঃ। প্রতোদা অশ্বাদিতাড়নদণ্ডাঃ। কচগ্রহোঽপ্যস্ত্র-বিশেষঃ। বৃত্তান্ গোলাকারান্ ॥২৩—২৬॥

তৈরিতি। পঞ্চ আস্যানি মুখানি যেষাং তৈঃ। এতেন পঞ্চাঙ্গুলিযুক্তা বাহব ইতি সূচ্যতে ॥২৭॥

স্বিতি। শোভনা নাসা আননানি কেশান্তাশ্চ যেষাং তৈঃ, অব্রণৈরক্ষতৈঃ। সন্দষ্টানি দন্তৈঃ কৃতদংশানি ওষ্ঠপুটানি যেষাং তৈঃ। চারবঃ সুন্দরাঃ স্রজো মালা মুকুটানি উষ্ণীষাশ্চ যেষু তৈঃ। বিনালানি দণ্ডশূন্যানি যানি নলিনানি পদ্মানি তদাকারৈঃ। কালে যথাসময়ং হিতং প্রিয়ঞ্চ বদন্তীতি তৈঃ। পৃথিবীং যুদ্ধভূমিম্, অবতস্তার আচ্ছাদয়ামাস, ফাল্গুনি-রভিমন্যুঃ ॥২৮—৩০॥

গদা, লৌহগুলিকা, ঋষ্টি, তোমর, পট্টিশ, ভিন্দিপাল, পরিধ, শক্তি, কম্পন, চাবুক, মহাশঙ্খ, কুন্ত, কচগ্রহ, মুদ্গর, ক্ষেপণীয়, পাশ, পরিঘতুল্য প্রস্তর, কেয়ূর ও অঙ্গদযুক্ত, মনোহরচন্দনলিপ্ত এবং গোলাকার আপনার পক্ষীয় যোদ্ধাদের সহস্র সহস্র বাহু অভিমন্যু ছেদন করিতে লাগিলেন ॥২৩—২৬॥

মাননীয় মহারাজ! গরুড় চঞ্চুদ্বারা মধ্যে ছিন্ন করিলে, পঞ্চমুখ সর্পের ন্যায় স্পন্দমান, পঞ্চাঙ্গুলীযুক্ত ও রক্তে রক্তবর্ণ সেই সকল বাহুদ্বারা সমরভূমি শোভা পাইতে লাগিল ॥২৭॥

অভিমন্যু শত্রুগণের বহুতর মস্তকদ্বারাও সমরভূমি আবৃত করিয়া ফেলি-লেন। সে মস্তকগুলির নাসিকা, মুখ ও কেশপ্রান্ত সুন্দর ছিল, সেগুলিতে কোন ক্ষতচিহ্ন ছিল না, সুন্দর কুণ্ডল ছিল, ক্রোধে দন্তদ্বারা ওষ্ঠপুট দংশন করিতেছিল, সেগুলি হইতে প্রচুর রক্ত নির্গত হইতেছিল, মনোহর মালা, মুকুট, উষ্ণীষ, মণি ও রত্নদ্বারা সেগুলি শোভিত ছিল, নালশূন্য পদ্ম, চন্দ্র ও সূর্য্যের

(২৯) সচারুমুকুটোষ্ণীষৈঃ···বা নি। (৩০)···স বৈ তস্তার ফাল্গুনিঃ—বা ব রা নি।

গন্ধর্বনগরাকারান্ বিধিবৎ কল্পিতান্ রথান্ ।
ঈষামুখান্ বিত্রিবেণূন্ ন্যস্তদণ্ডকবন্ধুরান্ ॥৩১॥
বিজঙ্ঘাকূবরাংস্তত্র বিনেমীংশ্চ ব্যরানপি ।
বিচক্রোপস্করোপস্থান্ ভগ্নোপকরণানপি ॥৩২॥
প্রপাতিতোপস্তরণান্ হতযোধান্ সহস্রশঃ ।
শরৈর্বিশকলীকুর্বন্ দিক্ষু সর্বাস্বদৃশ্যত ॥৩৩॥ (বিশেষকম্)
পুনর্দ্বিপান্ বরারোহান্ বৈজয়ন্ত্যঙ্কুশধ্বজান্ ।
তূণান্ বর্ম্মাণ্যথো কক্ষ্যা গ্রৈবেয়াংশ্চ সকম্বলান্ ॥৩৪॥
ঘণ্টাঃ শুণ্ডা বিষাণাগ্রান্ ক্ষুরমাল্যপদানুগান্ ।
শরৈর্নিশিতধারাগ্রৈঃ শাত্রবাণামশাতয়ৎ ॥৩৫॥ (যুগ্মকম্)

গন্ধর্বেতি। কল্পিতান্ সজ্জিতান্। ছেদনেন বিগতানি ঈষামুখানি উর্দ্ধদারুপরিভাগা যেষাং তান্, বিগতাস্ত্রয়ো বেণবো বংশবৎ সরলকাষ্ঠানি যেষাং তান্, ন্যস্তাশ্ছিত্ত্বা পাতিতা দণ্ডাঃ স্তম্ভা যেষাং তে অতএব বন্ধুরা উন্নতাবনতাস্তান্। বিগতা জঙ্ঘাকূবরাঃ তির্য্যগ্দারুবিশেষা যেষাং তান্, বিগতা নেময়শ্চক্রপ্রান্তা যেষাং তান্। বিগতা অরাঃ চক্রান্তর্গততির্য্যগ্দারূণি যেষাং তান্। বিগতাঃ চক্রাণি উপস্করাঃ সংযোজনকাষ্ঠানি উপস্থা নিম্নকাষ্ঠানি চ যেষাং তান্, ভগ্নানি উপকরণানি ধনুস্তূণাদিধারকাণি শিক্যাদীনি যেষাং তান্। প্রপাতিতানি উপস্তরণানি আস্তরণবস্ত্রাণি যেভ্যস্তান্। বিশকলীকুর্বন্ খণ্ডখণ্ডীকুর্ব্বন্, অদৃশ্যত ফাল্গুনিরিত্যনুবৃত্তিঃ ॥৩১—৩৩॥

পুনরিতি। দ্বিপান্ গজান্, বরা উত্তমা আরোহা আরোহিণো যেষাং তান্, বৈজয়ন্ত্যস্তেষাং দ্বিপানামেব পতাকাশ্চ অঙ্কুশাশ্চ ধ্বজাশ্চ তান্। কক্ষ্যা মধ্যবন্ধনরজ্জূঃ, গ্রৈবেয়ান্ গ্রীবালঙ্কারান্। বিষাণাগ্রান্ দন্তাগ্রদেশান্, ক্ষুরাশ্চ মাল্যানি চ পদানুগা অনুচরাশ্চ তান্। অশাতয়ৎ অভিমন্যুরচ্ছিনৎ ॥৩৪—৩৫॥

ন্যায় বিরাজিত ছিল, সেগুলি যথাসময়ে হিত ও প্রিয় বাক্য বলিত এবং সেগুলি হইতে পবিত্র সৌরভ বাহির হইতেছিল ॥২৮—৩০॥

আর অভিমন্যু বাণদ্বারা গন্ধর্বনগরতুল্য ও যথাবিধানে সুসজ্জিত বহুতর রথকে খণ্ড খণ্ড করিতে থাকিয়া সকল দিকে দৃষ্টিগোচর হইতে লাগিলেন। সে রথগুলির ঈষামুখ (খাড়াকাঠের উপর), ত্রিবেণু (তেরচা তিনখানা কাঠ), ও স্তম্ভ না থাকায় সে রথগুলি উচুনীচু হইয়া গিয়াছিল এবং সেগুলির মধ্যের কাঠ, চক্রপ্রান্ত, চক্রের ভিতরের কাঠ, চক্র, সংযোগস্থানের কাঠ, নীচের কাঠ, সমস্ত উপকরণ ও আস্তরণবস্ত্র ছিল না, যোদ্ধারাও নিহত হইয়াছিল ॥৩১—৩৩॥

অভিমন্যু সুধার বাণসমূহদ্বারা পুনরায় আরোহিগণের সহিত বিপক্ষহস্তি-

(৩৫)…ছত্রমালাঃ পদানুগান্…বা নি।

বানায়ুজান্ পার্বতীয়ান্ কাম্বোজানথ বাহ্লিকান্।
স্থিরবালধিকর্ণাক্ষান্ জবনান্ সাধুবাহিনঃ ॥৩৬॥
আরূঢ়ান্ শিক্ষিতৈর্যোধৈঃ শক্ত্যৃষ্টিপ্রাসযোধিভিঃ।
বিধ্বস্তচামরমুখান্ বিপ্রবিদ্ধপ্রকীর্ণকান্ ॥৩৭॥
নিরস্তজিহ্বানয়নান্ নিষ্কীর্ণান্ত্রযকৃদ্ঘনান্।
হতারোহাংশ্চিত্রঘণ্টান্ ক্রব্যাদগণমোদকান্।
নিকৃত্তচর্ম্মকবচান্ শকৃন্মূত্রাসৃগাপ্লুতান্ ॥৩৮॥
নিপাতয়ন্নশ্ববরাংস্তাবকান্ স ব্যরোচত।
একো বিষ্ণুরিবাচিন্ত্যং কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্ ॥৩৯॥ (কলাপকম্)

বানেতি। বনায়ুপ্রভৃতয়ো দেশাঃ তত্রত্যান্। স্থিরাণি বালধয়ো লাঙ্গূলানি কর্ণৌ অক্ষিণী চক্ষুষী চ যেষাং তান্, জবনান্ বেগবতঃ, সাধুবাহিন আরোহিণাং সুষ্ঠুবহনকারিণঃ। বিধ্বস্তানি চামরাণি মুখানি চ যেষাং তান, বিপ্রবিদ্ধানি পাতিতানি প্রকীর্ণকানি চামরাণি যেষাং তান্। ব্যক্তিভেদেন বহুবিধোক্তিঃ। নিরস্তানি ছিত্ত্বা নিক্ষিপ্তানি জিহ্বানয়নানি যেষাং তান্, নিষ্কীর্ণৈশ্ছিত্ত্বা নিষ্কাশিতৈঃ অন্ত্রৈর্নাড়ীবিশেষৈর্যকৃদ্ভিশ্চ ঘনান্ নিরন্তরগাত্রান্। ক্রব্যাদগণমোদকান্ মাংসভোজিপ্রাণিগণানন্দজনকান্। নিকৃত্তানি ছিন্নানি চর্ম্মাণি কবচানি চ যেষাং তান্, শকৃদ্ভির্বিষ্ঠাভিঃ মূত্রৈঃ অসৃগ্ভিঃ রক্তৈশ্চ আপ্লুতান্ ব্যাপ্তদেহান্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। সঃ অভিমন্যুঃ ॥৩৬—৩৯॥

গণকে নিপাতিত করিতে লাগিলেন এবং সেগুলির পতাকা, অঙ্কুশ, ধ্বজ, তূণ, বর্ম্ম, মধ্যবন্ধনরজ্জু, গ্রীবালঙ্কার, কম্বল, ঘণ্টা, শুণ্ড, দন্তাগ্র, ক্ষুর, মালা ও অনুচরদিগকে ছেদন করিতে থাকিলেন ॥৩৪—৩৫॥

তা'র পর শক্তি, ঋষ্টি ও প্রাসযোধী শিক্ষিত যোদ্ধারা যে অশ্বগুলির উপরে আরোহণ করিয়া ছিলেন, যে অশ্বগণ আরোহিগণকে সুন্দরভাবে বহন করিত ও অত্যন্ত বেগবান্ ছিল এবং যেগুলির ঘণ্টা সকল বিচিত্র ছিল, আপনার পক্ষের সেই সকল বনায়ু, কাম্বোজ ও বাহ্লিকদেশীয় এবং পার্ব্বতীয় উত্তম উত্তম অশ্বকে, আর সেগুলির আরোহিগণকে নিপাতিত করিয়া এক অভিমন্যু বিষ্ণুর ন্যায় অচিন্তনীয় অতিদুষ্কর কার্য্য করিয়া শোভা পাইতে লাগিলেন। তৎকালে কতকগুলি অশ্বের লাঙ্গূল, কর্ণ ও নয়ন স্থির ছিল, কতকগুলির চামর ও মুখ বিনষ্ট হইয়াছিল, কতকগুলির চামর পড়িয়া গিয়াছিল, কতকগুলির জিহ্বা ও নয়ন বিক্ষিপ্ত হইয়াছিল, কতকগুলির নাড়ী ও যকৃৎ বাহির হইয়া দেহকে ব্যাপ্ত করিয়াছিল, কতকগুলির গাত্রের চর্ম্ম ও কবচ ছিন্ন হইয়াছিল,

(৩৬) বনায়ুজান্···নি। (৩৯) নিকৃত্তবর্ম্মকবচান্···ব।

তথা বিমথিতং তেন চতুরঙ্গবলং মহৎ।
যথাঽসুরবলং ঘোরং ত্র্যম্বকেন মহৌজসা ॥৪০॥
কৃত্বা কর্ম্ম রণেঽসহ্যং পরৈরার্জ্জুনিরাহবে।
অভিনচ্চ পদাত্যোঘাংস্ত্বদীয়ানেব ভারত! ॥৪১॥
এবমেকেন তাং সেনাং সৌভদ্রেণ শিতৈঃ শরৈঃ।
ভৃশং বিপ্রহতাং দৃষ্ট্বা শক্রেণেবাসুরীং চমূম্ ॥৪২॥
ত্বদীয়াস্তব পুত্রাশ্চ বীক্ষমাণা দিশো দশ।
সংশুষ্কাস্যাশ্চলন্নেত্রাঃ প্রস্বিন্না রোমহর্ষিণঃ ॥৪৩॥
পলায়নকৃতোৎসাহা নিরুৎসাহা দ্বিষজ্জয়ে।
গোত্রনামভিরন্যোন্যং ক্রন্দন্তো জীবিতৈষিণঃ ॥৪৪॥
হতান্ পুত্রান্ পিতৄন্ ভ্রাতৄন্ বন্ধূন্ সম্বন্ধিনস্তথা।
প্রাতিষ্ঠন্ত সমুৎসৃজ্য ত্বরয়ন্তো হয়দ্বিপান্ ॥৪৫॥ (কলাপকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে অভিমন্যুপরাক্রমে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

তথেতি। চত্বারি হস্ত্যশ্বরথপদাতিরূপাণি অঙ্গানি যস্য তৎ। ত্র্যম্বকেন শিবেন ॥৪০॥
কৃত্বেতি। আর্জ্জুনিরভিমন্যুঃ। পদাত্যোঘান্ পদাতিসমূহান্ ॥৪১॥
এবমিতি। বিশেষেণ প্রকর্ষেণ চ হতাম্। সংশুষ্কাস্যাঃ সম্যক্শুষ্কমুখাঃ, প্রস্বিন্না ঘর্ম্মাক্তাঃ। ক্রন্দন্ত আহ্বয়ন্তঃ। সমুৎসৃজ্য বিহায় ॥৪২—৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি অভিমন্যুবধে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

কতকগুলির গাত্র—বিষ্ঠা, মূত্র ও রক্তে আপ্লুত হইয়া গিয়াছিল এবং এই সমস্ত অশ্বই মাংসভোজী প্রাণিগণের আনন্দ জন্মাইতেছিল ॥৩৬—৩৯॥

পূর্ব্বকালে মহাতেজা মহাদেব যেমন ভয়ঙ্কর অসুরসৈন্য আলোড়ন করিয়াছিলেন, সেইরূপ অভিমন্যু চতুরঙ্গ বিশাল কৌরবসৈন্য আলোড়ন করিলেন ॥৪০॥

ভরতনন্দন! অভিমন্যু যুদ্ধে বিপক্ষের অসহ্য কার্য্য করিয়া আবার যুদ্ধেই আপনার পদাতিসমূহকেও বিশ্লিষ্ট করিলেন ॥৪১॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন অসুরসৈন্য বিনাশ করিয়াছিলেন, সেইরূপ এক

(৪০)···ত্র্যংশং তব বলং মহৎ···পি ব,··ত্র্যঙ্গং তব বলং মহৎ···বা। (৪১)···ত্বদীয়ানেব সর্বশঃ—বা ব রা নি। (৪২)···স্কন্দেনেবাসুরীং চমূম্—বা ব রা নি। (৪৫)···ত্বরমাণা হয়দ্বিপান্—পি। * '···পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ' ব, '··ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তাং প্রভগ্নাং চমূং দৃষ্ট্বা সৌভদ্রেণামিতৌজসা।
দুর্য্যোধনো ভৃশং ক্রুদ্ধঃ স্বয়ং সৌভদ্রমভ্যগাৎ ॥১॥
ততো রাজানমাবৃত্তং সৌভদ্রং প্রতি সংযুগে।
দৃষ্ট্বা দ্রোণোঽব্রবীদ্‌যোধান্ পরীপ্সধ্বং নরাধিপম্ ॥২॥
পুরাভিমন্যুর্লক্ষ্যং নঃ পশ্যতাং হন্তি বীর্য্যবান্।
তমাদ্রবত মা ভৈষ্ট ক্ষিপ্রং রক্ষত কৌরবম্ ॥৩॥

তামিতি। প্রভগ্নাং প্রকর্ষেণ পরাভূতাম্। সৌভদ্রেণ সুভদ্রাপুত্রেণাভিমন্যুনা ॥১॥
তত ইতি। আবৃত্তং পরিবৃত্তম্। পরীপ্সধ্বং রক্ষত, নরাধিপং দুর্য্যোধনম্ ॥২॥
পুরেতি। পুরা পরবর্ত্তিনি কালে, "নিকটাগামিকে পুরা।" ইত্যমরঃ ॥৩॥

অভিমন্যুই সুধার বাণসমূহদ্বারা কৌরবসৈন্যকে বিনাশ করিয়াছেন দেখিয়া আপনার পুত্রেরা ও অন্যান্য যোদ্ধারা দশ দিকে দৃষ্টিপাত করিতে থাকিয়া, শুষ্কমুখ, অস্থিরনয়ন, ঘর্ম্মাক্তদেহ, রোমাঞ্চিতশরীর, শত্রুজয়ে নিরুৎসাহ, জীবনার্থী ও পলায়নাভিলাষী হইয়া গোত্র ও নাম লইয়া পরস্পর আহ্বান করতঃ, নিহত পুত্র, পিতা, ভ্রাতা, বন্ধু ও সম্বন্ধীদিগকে পরিত্যাগ করিয়া নিজ নিজ বাহন হস্তী ও অশ্বগণকে সত্বর চালাইতে থাকিয়া সমরাঙ্গন হইতে প্রস্থান করিতে লাগিলেন ॥৪২—৪৫॥

সঞ্জয় বলিলেন—'অমিততেজা অভিমন্যু সেই কৌরবসৈন্যকে পরাভূত করিয়াছেন দেখিয়া দুর্য্যোধন অত্যন্তক্রুদ্ধ হইয়া নিজেই অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥১॥

তদনন্তর দুর্য্যোধনকে যুদ্ধে অভিমন্যুর দিকে ফিরিতে দেখিয়া দ্রোণ কৌরবযোদ্ধাদিগকে বলিলেন—'আপনারা রাজাকে রক্ষা করুন ॥২॥

বলবান্ অভিমন্যু আমাদের সমক্ষেই উঁহার লক্ষ্য দুর্য্যোধনকে পরে বধ করিতে পারেন। অতএব আপনারা দুর্য্যোধনের দিকে যান, ভয় করিবেন না, সত্বর দুর্য্যোধনকে রক্ষা করুন' ॥৩॥

(২)… পর্য্যাপ্তাংস্তান্ নরাধিপান্—ব। (৩)…তমাব্রজত…পি।

ততঃ কৃতাস্ত্রা বলিনঃ সুহৃদো জিতকাশিনঃ।
ত্রাস্যমানা ভয়াদ্বীরং পরিবব্রুস্তবাত্মজম্ ॥৪॥
দ্রোণো দ্রৌণিঃ কৃপঃ কর্ণঃ কৃতবর্ম্মা চ সৌবলঃ।
বৃহদ্বলো মদ্ররাজো ভূরির্ভূরিশ্রবাঃ শলঃ ॥৫॥
পৌরবো বৃষসেনশ্চ বিসৃজন্তঃ শিতান্ শরান্।
সৌভদ্রং শরবর্ষেণ মহতা সমবাকিরন্ ॥৬॥ (যুগ্মকম্)
সম্মোহয়িত্বা তমথ দুর্য্যোধনমমোচয়ন্।
আস্যাদ্গ্রাসমিবাক্ষিপ্তং মমৃষে নার্জ্জুনাত্মজঃ ॥৭॥
তান্ শরৌঘেণ মহতা সাশ্বসূতান্ মহারথান্।
বিমুখীকৃত্য সৌভদ্রঃ সিংহনাদমথানদৎ ॥৮॥
তস্য নাদং ততঃ শ্রুত্বা সিংহস্যেবামিষৈষিণঃ।
নামৃষ্যন্ত সুসংরব্ধাঃ পুনর্দ্রোণমুখা রথাঃ ॥৯॥

তত ইতি। জিতেন জয়েন কাশন্তে শোভন্ত ইতি তে। ত্রাস্যমানা অভিমন্যুনৈব ॥৪॥
দ্রোণ ইতি। দ্রৌণিরশ্বত্থামা। সৌবলঃ শকুনিঃ। সমবাকিরন্ আবৃণ্বন্ ॥৫—৬॥
সমিতি। আস্যান্মুখাৎ, আক্ষিপ্তমাকৃষ্য নীতম্, মমৃষে সেহে ॥৭॥
তানিতি। অশ্বৈঃ সূতৈঃ সারথিভিশ্চ সহেতি তান্। অনদৎ অকরোৎ ॥৮॥
তস্যেতি। আমিষৈষিণো মাংসাভিলাষিণঃ। নামৃষ্যন্ত নাসহন্ত, সুসংরব্ধা অতীবক্রুদ্ধাঃ ॥৯॥

রাজা! তাহার পর অস্ত্রে সুশিক্ষিত, বলবান্, হিতৈষী, বিজয়শোভী, অথ চ অভিমন্যুর ভয়ে ভীত যোদ্ধারা আপনার বীর পুত্র দুর্য্যোধনকে যাইয়া পরিবেষ্টন করিলেন ॥৪॥

দ্রোণ, অশ্বত্থামা, কৃপ, কর্ণ, কৃতবর্ম্মা, শকুনি, বৃহদ্বল, শল্য, ভূরি, ভূরিশ্রবা, শল, পৌরব ও বৃষসেন ইঁহারা সুধার বাণবর্ষণ করিতে থাকিয়া সেই বিশাল বাণবর্ষণদ্বারা অভিমন্যুকে আবৃত করিয়া ফেলিলেন ॥৫—৬॥

তদনন্তর তাঁহারা অভিমন্যুকে মোহিত করিয়া মুখ হইতে আকৃষ্ট গ্রাসের ন্যায় দুর্য্যোধনকে মুক্ত করিলেন। কিন্তু অভিমন্যু তাহা সহ্য করিলেন না ॥৭॥

সুতরাং অভিমন্যু বিশাল শরজালদ্বারা অশ্ব ও সারথিদিগের সহিত সেই মহারথগণকে বিমুখ করিয়া সিংহনাদ করিলেন ॥৮॥

তাহার পর মাংসাভিলাষী সিংহের ন্যায় অভিমন্যুর সেই গর্জন শুনিয়া দ্রোণপ্রভৃতি রথীরা অত্যন্তক্রুদ্ধ হইয়া আর সহ্য করিলেন না ॥৯॥

(৪) ততঃ কৃতজ্ঞা বলিনঃ···বা ব,···কৃতজ্ঞানবলোৎসেধাঃ···নি।

ত এনং কোষ্ঠকীকৃত্য রথবংশেন মারিষ !।
ব্যসৃজন্নিষুজালানি নানালিঙ্গানি সংঘশঃ ॥১০॥
তান্যন্তরীক্ষে চিচ্ছেদ পৌত্রস্তব শিতৈঃ শরৈঃ।
তাংশ্চৈব প্রতিবিব্যাধ তদদ্ভুতমিবাভবৎ ॥১১॥
ততস্তে কোপিতাস্তেন শরৈরাশীবিষোপমৈঃ।
পরিবব্রুর্জিঘাংসন্তঃ সৌভদ্রমপলায়িনম্ ॥১২॥
সমুদ্রমিব পর্য্যস্তং ত্বদীয়ং তং বলার্ণবম্।
দধারৈকোঽর্জ্জুনির্ব্বাণৈর্ব্বেলেব ভরতর্ষভ ! ॥১৩॥
শূরাণাং যুধ্যমানানাং নিঘ্নতামিতরেতরম্।
অভিমন্যোঃ পরেষাঞ্চ নাসীৎ কশ্চিৎ পরাঙ্মুখঃ ॥১৪॥

ত ইতি। কোষ্ঠকীকৃত্য মধ্যবর্ত্তীকৃত্য, রথানাং বংশেন সমূহেন। নানালিঙ্গানি বহুচিহ্নানি ॥১০॥

তানীতি। তব পৌত্রোঽভিমন্যুঃ। অভিমন্যোরতিলঘুহস্তত্বমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥১১॥

তত ইতি। তেন তব পৌত্রেণ। জিঘাংসন্তো হন্তুমিচ্ছন্তঃ ॥১২॥

সমুদ্রমিতি। পর্য্যস্তম্ উদ্বেলিতম্। বেলা তীরম্। একোঽর্জ্জুনিরিতি সন্ধিরার্ষঃ ॥১৩॥

শূরাণামিতি। ইতরেতরং পরস্পরম্ ॥১৪॥

মাননীয় রাজা! তাঁহারা রথসমূহদ্বারা অভিমন্যুকে পরিবেষ্টন করিয়া দলে দলে নানাচিহ্নযুক্ত বাণসমূহ অভিমন্যুর প্রতি নিক্ষেপ করিলেন ॥১০॥

তখন অভিমন্যু সুধার বাণসমূহদ্বারা সেই বাণগুলিকে আকাশেই ছেদন করিলেন এবং তাঁহাদিগকেও প্রতিবিদ্ধ করিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥১১॥

তদনন্তর অভিমন্যু সর্পতুল্য বাণসমূহদ্বারা আঘাত করিলে, তাঁহারা ক্রুদ্ধ হইয়া অপলায়ী অভিমন্যুকে বধ করিবার ইচ্ছা করিয়া তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥১২॥

ভরতশ্রেষ্ঠ! তীরের ন্যায় এক অভিমন্যুই বাণদ্বারা উদ্বেলিত সমুদ্রতুল্য আপনার সেই সৈন্যসমুদ্রকে ধারণ করিলেন ॥১৩॥

তৎকালে পরস্পর প্রহারকারী যুধ্যমান বিপক্ষ বীরগণ বা অভিমন্যুর মধ্যে কেহই পরাঙ্মুখ হইলেন না ॥১৪॥

(১১)···পৌত্রস্তে নিশিতৈঃ শরৈঃ···বা. নি। (১২) কোপিতাস্তেন শূরেণ···নি,··· সৌভদ্রমপরাজিতম্—বা নি। (১৩)···বেলেবোদ্বৃত্তমর্ণবম্—নি।

তস্মিংস্তু ঘোরে সংগ্রামে বর্ত্তমানে ভয়ঙ্করে।
দুঃসহো নবভির্ব্বাণৈরভিমন্যুমবিধ্যত ॥১৫॥
দুঃশাসনো দ্বাদশভিঃ কৃপঃ শারদ্বতস্ত্রিভিঃ।
দ্রোণস্তু সপ্তদশভিঃ শরৈরাশীবিষোপমৈঃ ॥১৬॥
বিবিংশতিস্তু সপ্তত্যা কৃতবর্ম্মা চ সপ্তভিঃ।
বৃহদ্বলস্তথাষ্টাভিরশ্বত্থামা চ সপ্তভিঃ ॥১৭॥
ভূরিশ্রবাস্ত্রিভির্ব্বাণৈর্মদ্রেশঃ ষড়্ভিরাশুগৈঃ।
দ্বাভ্যাং শরাভ্যাং শকুনিস্ত্রিভির্দুর্য্যোধনো নৃপঃ ॥১৮॥ (কলাপকম্)
স তু তান্ প্রতিবিব্যাধ ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ।
নৃত্যন্নিব মহারাজ! চাপহস্তঃ প্রতাপবান্ ॥১৯॥
ততোঽভিমন্যুঃ সংক্রুদ্ধস্তাড্যমানস্তবাত্মজৈঃ।
বিদর্শয়ন্ বৈ সুমহচ্ছিক্ষৌরসকৃতং বলম্ ॥২০॥
গরুড়ানিলরংহোভির্যন্তুর্ব্বাক্যকরৈর্হয়ৈঃ।
দান্তৈরশ্মকদায়াদং ত্বরমাণমবারয়ৎ।
বিব্যাধ চৈনং দশভির্ব্বাণৈস্তিষ্ঠেতি চাব্রবীৎ ॥২১॥ (যুগ্মকম্)

তস্মিন্নিতি। ঘোরে মহতি। দুঃসহো নাম ধার্ত্তরাষ্ট্রঃ। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ। আশীবিষস্তীক্ষ্ণবিষঃ সর্পস্তদুপমৈঃ। সপ্তত্যা শরৈঃ। এবং সর্বত্রানুবৃত্তিঃ। মদ্রেশঃ শল্যঃ ॥১৫—১৮॥

স ইতি। সোঽভিমন্যুঃ। অজিহ্মগৈঃ সরলগামিভির্বাণৈঃ ॥১৯॥

তত ইতি। শিক্ষা গুরোরাদানম্ ঔরসং দেহস্বভাবস্তাভ্যাং কৃতম্। গরুড়ানিলয়োরিব রংহো বেগো যেষাং তৈঃ, যন্তুঃ সারথেঃ। দান্তৈঃ শিক্ষিতৈঃ, অশ্মকদায়াদম্ অশ্মকদেশরাজ-পুত্রম্, ত্বরমাণং সত্বরমাগচ্ছন্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০—২১॥

সেই ভয়ঙ্কর মহাসংগ্রাম চলিতে লাগিলে, আপনার পুত্র দুঃসহ নয়টা বাণ-দ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিলেন এবং দুঃশাসন বারটা, শরদ্বানের পুত্র কৃপ তিনটা, দ্রোণ তীক্ষ্ণবিষ-সর্পতুল্য সতরটা, বিবিংশতি সত্তরটা, কৃতবর্ম্মা সাতটা, বৃহদ্বল আটটা, অশ্বত্থামা সাতটা, ভূরিশ্রবা তিনটা, শল্য ছয়টা, শকুনি দুইটা ও রাজা দুর্য্যোধন তিনটা বাণদ্বারা অভিমন্যুকে তাড়ন করিলেন ॥১৫—১৮॥

মহারাজ! ওদিকে চাপহস্ত ও প্রতাপশালী অভিমন্যু নৃত্য করতই যেন তিন তিনটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে প্রতিবিদ্ধ করিলেন ॥১৯॥

তাহার পর অশ্মকদেশের রাজপুত্র—গরুড় ও বায়ুর ন্যায় বেগবান্, সারথির

(২০)···ত্রাস্যমানস্তবাত্মজৈঃ···শিক্ষাভ্যাসকৃতং বলম্—বা ব রা নি।

তস্যাভিমন্যুর্দশভির্ব্বাণৈঃ সূতং হয়ং ধ্বজম্।
বাহূ ধনুঃ শিরশ্চোর্ব্ব্যাং স্ময়মানোঽভ্যপাতয়ৎ ॥২২॥
ততস্তস্মিন্ হতে বীরে সৌভদ্রেণাশ্মকেশ্বরে।
সঞ্চচাল বলং সর্বং পলায়নপরায়ণম্ ॥২৩॥
ততঃ কর্ণঃ কৃপো দ্রোণো দ্রৌণির্গান্ধাররাট্ শলঃ।
শল্যো ভূরিশ্রবাঃ ক্রাথঃ সোমদত্তো বিবিংশতিঃ ॥২৪॥
বৃষসেনঃ সুষেণশ্চ কুণ্ডভেদী প্রতর্দ্দনঃ।
বৃন্দারকো ললিত্থশ্চ প্রবাহুর্দীর্ঘলোচনঃ।
দুর্য্যোধনশ্চ সংক্রুদ্ধঃ শরবর্ষৈরবাকিরন্ ॥২৫॥ (যুগ্মকম্)
সোঽতিবিদ্ধো মহেষ্বাসৈরভিমন্যুরজিহ্মগৈঃ।
শরমাদত্ত কর্ণায় বর্ম্মকায়াবভেদিনম্ ॥২৬॥

তস্যেতি। হয়াশ্চত্বার ইতি পাত্যানামপি দশসংখ্যাপূর্ত্তিঃ। স্ময়মান ঈষদ্ধসন্ ॥২২॥
তত ইতি। পলায়নমেব পরম্ অয়নং গতির্যস্য তৎ পলায়নোৎসুকমিত্যর্থঃ ॥২৩॥
তত ইতি। দ্রৌণিরশ্বত্থামা। অবাকিরন্ অভিমন্যুমাবৃণ্বন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪-২৫॥
স ইতি। মহেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈঃ কর্ত্তৃভিঃ, অজিহ্মগৈর্বাণৈঃ করণৈঃ ॥২৬॥

বাক্যানুসারী ও সুশিক্ষিত অশ্বগণের গুণে বেগে আসিতে লাগিলে, আপনার পুত্রগণের তাড়নে অত্যন্তক্রুদ্ধ অভিমন্যু শিক্ষা ও দেহের মহাবল প্রদর্শন করতঃ তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন এবং দশটা বাণদ্বারা উঁহাকে বিদ্ধ করিলেন, আর 'থাক' এই কথা বলিলেন ॥২০—২১॥

তৎপরে অভিমন্যু ঈষৎ হাস্য করতঃ দশটা বাণদ্বারা অশ্মকরাজপুত্রের সারথি, চারিটা অশ্ব, ধ্বজ, বাহুযুগল, ধনু ও মস্তক ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥২২॥

অভিমন্যু—বীর অশ্মকরাজপুত্রকে বধ করিলে, সমগ্র কৌরবসৈন্যই পলায়নোৎসুখ হইয়া বিচলিত হইল ॥২৩॥

তদনন্তর কর্ণ, কৃপ, দ্রোণ, অশ্বত্থামা, শকুনি, শল, শল্য ভূরিশ্রবা, ক্রাথ, সোমদত্ত, বিবিংশতি, বৃষসেন, সুষেণ, কুণ্ডভেদী, প্রতর্দ্দন, বৃন্দারক, ললিত্থ, প্রবাহু, দীর্ঘলোচন ও দুর্য্যোধন অত্যন্তক্রুদ্ধ হইয়া বাণবর্ষণ করিয়া অভিমন্যুকে আবৃত করিলেন ॥২৪—২৫॥

(২২)…দশভির্হয়ান্ সূতং ধ্বজং শরৈঃ…নি।

তস্য ভিত্ত্বা তনুত্রাণং দেহং নির্ভিদ্য চাশুগঃ।
প্রাবিশদ্ধরণীং বেগাদ্বল্মীকমিব পন্নগঃ ॥২৭॥
স তেনাতিপ্রহারেণ ব্যথিতো বিহ্বলন্নিব।
সঞ্চাল রণে কর্ণঃ ক্ষিতিকম্পে যথাঽচলঃ ॥২৮॥
তথান্যৈর্নিশিতৈর্বাণৈঃ সুষেণং দীর্ঘলোচনম্।
কুণ্ডভেদিঞ্চ সংক্রুদ্ধস্ত্রিভিস্ত্রীনবধীদ্বলী ॥২৯॥
কর্ণস্তং পঞ্চবিংশত্যা নারাচানাং সমার্পয়ৎ।
অশ্বত্থামা চ বিংশত্যা কৃতবর্ম্মা চ সপ্তভিঃ ॥৩০॥
স শরাচিতসর্ব্বাঙ্গঃ ক্রুদ্ধঃ শক্রাত্মজাত্মজঃ।
বিচরন্ দদৃশে সৈন্যে পাশহস্ত ইবান্তকঃ ॥৩১॥
শল্যঞ্চ শরবর্ষেণ সমীপস্থমবাকিরৎ।
উদক্রোশন্মহাবাহুস্তব সৈন্যানি ভীষয়ন্ ॥৩২॥

তস্যেতি। তনুত্রাণং বর্ম্ম। বল্মীকম্ উয়ীমৃত্তিকাম্ ॥২৭॥
স ইতি। বিহ্বলন্ আকুলীভবন্। অচলঃ পর্ব্বতঃ ॥২৮॥
তথেতি। দ্বিবিধোক্তিদর্শনাৎ কুণ্ডভেদিশব্দো নান্ত ইকারান্তশ্চ মন্তব্যঃ ॥২৯॥
কর্ণ ইতি। সমার্পয়ৎ অপীড়য়ৎ। বিংশত্যা সপ্তভিশ্চ নারাচৈরেব ॥৩০॥
স ইতি। শরৈরাচিতানি ব্যাপ্তানি সর্ব্বাণ্যঙ্গানি যস্য সঃ, শক্রাত্মজোঽর্জ্জুনস্তস্যাত্মজঃ ॥৩১॥

তখন অভিমন্যু মহাধনুর্দ্ধরগণের বাণে অত্যন্তবিদ্ধ হইয়া কর্ণের উদ্দেশে একটা বর্ম্ম ও দেহভেদী বাণ গ্রহণ করিলেন ॥২৬॥

সেই বাণটা যাইয়া কর্ণের বর্ম্ম ও দেহ ভেদ করিয়া—সাপ যেমন উয়ীর মাটীর ভিতরে প্রবেশ করে, সেইরূপ বেগে ভূতলে প্রবেশ করিল ॥২৭॥

কর্ণ সেই গুরুতর প্রহারে ব্যথিত ও বিহ্বলের ন্যায় হইয়া ভূমিকম্পে পর্ব্বতের ন্যায় সমরাঙ্গনে কম্পিত হইলেন ॥২৮॥

এবং অত্যন্তক্রুদ্ধ ও বলবান্ অভিমন্যু তিনটা সুধার বাণদ্বারা সুষেণ, দীর্ঘলোচন ও কুণ্ডভেদি এই তিন জনকে বধ করিলেন ॥২৯॥

তখন কর্ণ পঁচিশটা, অশ্বত্থামা কুড়িটা ও কৃতবর্ম্মা সাতটা নারাচদ্বারা অভিমন্যুকে তাড়ন করিলেন ॥৩০॥

বাণব্যাপ্তসর্ব্বাঙ্গ ও ক্রুদ্ধ অভিমন্যু বিপক্ষসৈন্যমধ্যে বিচরণ করিবার সময়ে পাশহস্ত যমের ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥৩১॥

(২৭) তস্য ছিত্ত্বা…ধরণীং রাজন্!…পি,…ধরণীং রাজন্!…ব। (৩১) স শরার্দ্দিত-সর্ব্বাঙ্গঃ…পি।

ততঃ স বিদ্ধোঽস্ত্রবিদা মর্ম্মভিদ্ভিরজিহ্মগৈঃ।
শল্যো রাজন্! রথোপস্থে নিষসাদ মুমোহ চ ॥৩৩॥
তং হি দৃষ্ট্বা তথা বিদ্ধং সৌভদ্রেণ যশস্বিনা।
সংপ্রাদ্রবচ্চমূঃ সর্ব্বা ভারদ্বাজস্য পশ্যতঃ ॥৩৪॥
সংপ্রেক্ষ্য তং মহাবাহুং রুক্মপুঙ্খৈঃ সমাবৃতম্।
ত্বদীয়াঃ প্রপলায়ন্তে মৃগাঃ সিংহার্দ্দিতা ইব ॥৩৫॥
স তু রণযশসাভিপূজ্যমানঃ পিতৃ-সুর-চারণ-যক্ষ-সিদ্ধ-সংঘৈঃ।
অবনিতলগতৈশ্চ ভূতসংঘৈরতিবিবভৌ হুতভুগ্‌যথাজ্যসিক্তঃ ॥৩৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
অভিমন্যুবধে অভিমন্যুপরাক্রমে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

শল্যমিতি। উদক্রোশৎ আগচ্ছেত্যুচ্চৈরাহূতবান্, মহাবাহুরভিমন্যুঃ ॥৩২॥
তত ইতি। স শল্যঃ। রথস্য উপস্থে উপরিদেশে, নিষসাদ উপবিবেশ ॥৩৩॥
তমিতি। তং শল্যম্। সংপ্রাদ্রবৎ অপাসরৎ, ভারদ্বাজস্য দ্রোণস্য ॥৩৪॥
সমিতি। তং শল্যম্। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ শরৈঃ ॥৩৫॥
স ইতি। অভিপূজ্যমানঃ সর্ব্বতঃ প্রশস্যমানঃ। অবনীত্যনেন পিত্রাদীনাং গগনগতত্ব-মাক্ষিপ্যতে। ভূতসংঘৈস্তত্রত্যৈর্লোকৈঃ। হুতভুক্ অগ্নিঃ, আজ্যসিক্তো দত্তঘৃতঃ ॥৩৬॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

এবং মহাবাহু অভিমন্যু বাণবর্ষণদ্বারা নিকটবর্ত্তী শল্যকে আবৃত করিয়া ফেলিলেন, আর আপনার সৈন্যগণের ভয় উৎপাদন করতঃ উচ্চস্বরে বীরগণকে আহ্বান করিতে থাকিলেন ॥৩২॥

রাজা! তাহার পর শল্য—অস্ত্রজ্ঞ অভিমন্যুকর্ত্তৃক মর্ম্মভেদী বাণসমূহদ্বারা বিদ্ধ হইয়া রথের উপরে উপবেশন করিলেন এবং মূর্চ্ছিত হইলেন ॥৩৩॥

যশস্বী অভিমন্যু বিদ্ধ করায় শল্য মূর্চ্ছিত হইয়াছেন দেখিয়া সমস্ত কৌরব-সৈন্য দ্রোণের সমক্ষেই পলায়ন করিতে লাগিল ॥৩৪॥

আর মহাবাহু শল্যকে অভিমন্যুর স্বর্ণপুঙ্খ বাণে সমাবৃত দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারাও সিংহপীড়িত হরিণগণের ন্যায় পলায়ন করিতে থাকিলেন ॥৩৫॥

ক্রমে আকাশবর্ত্তী পিতৃগণ, দেবগণ, চারণগণ, যক্ষগণ ও সিদ্ধগণ এবং ভূতলবর্ত্তী তত্রত্য লোকেরাও অভিমন্যুর যুদ্ধনৈপুণ্য দেখিয়া সর্বতোভাবে তাঁহার

(৩৫) অবৈক্ষন্ত মহাবাহুম্…ত্বদীয়াঃ প্রপলায়ন্তঃ …পি। * '…ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ' ব, '…সপ্তত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

তথা প্রমথমানং তং মহেষ্বাসানজিহ্মগৈঃ।
আর্জ্জুনিং মামকাঃ সংখ্যে কে ত্বেনং সমবারয়ন্ ॥১॥

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্! কুমারস্য রণে বিক্রীড়িতং মহৎ।
বিভিৎসতো রথানীকং ভারদ্বাজেন রক্ষিতম্ ॥২॥
মদ্রেশং সাদিতং দৃষ্ট্বা সৌভদ্রেণাশুগৈ রণে।
শল্যাদবরজঃ ক্রুদ্ধঃ কিরন্ বাণান্ সমভ্যয়াৎ ॥৩॥
স বিদ্ধা দশভির্ব্বাণৈঃ সাশ্বযন্তারমার্জ্জুনিম্।
উদক্রোশন্মহাশব্দং তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৪॥

তথেতি। প্রমথমানমালোড়য়ন্তম্, মহেষ্বাসান্ শল্যাদীন্ মহাধনুর্দ্ধরান্ ॥১॥
শৃণ্বিতি। বিক্রীড়িতং বিশেষক্রীড়াবদানন্দপ্রযুক্তং যুদ্ধম্। বিভিৎসতো ভেত্তুমিচ্ছতঃ ॥২॥
মদ্রেশমিতি। সাদিতমবসন্নীকৃতম্। অবরজঃ কনিষ্ঠো ভ্রাতা ॥৩॥

প্রশংসা করিতে লাগিলেন। তৎকালে অভিমন্যু ঘৃতসিক্ত অগ্নির ন্যায় অত্যন্ত শোভা পাইতে থাকিলেন ॥৩৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! অভিমন্যু বাণদ্বারা সেইভাবে মহাধনুর্দ্ধরগণকে আলোড়ন করিতে লাগিলে, আমার পক্ষের কোন্ বীরেরা উহাকে যুদ্ধে বারণ করিলেন?' ॥১॥

সঞ্জয় বলিলেন—'রাজা! কুমার অভিমন্যু দ্রোণরক্ষিত রথিসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া সমরাঙ্গনে যে বিশাল ও বিশেষ ক্রীড়া করিয়াছিলেন, তাহা আপনি শ্রবণ করুন ॥২॥

অভিমন্যু বাণদ্বারা যুদ্ধে শল্যকে অবসন্ন করিয়া ফেলিয়াছেন দেখিয়া শল্যের কনিষ্ঠভ্রাতা ক্রুদ্ধ হইয়া বাণক্ষেপ করিতে করিতে অভিমন্যুর দিকে আসিতে লাগিলেন ॥৩॥

(১)···মহেষ্বাসমজিহ্মগৈঃ···পি।

তস্যার্জ্জুনিঃ শিরোগ্রীবং পাণিপাদং ধনুর্হয়ান্।
ছত্রং ধ্বজং নিয়ন্তারং ত্রিবেণুঞ্চাপ্যুপস্করম্ ॥৫॥
চক্রং যুগঞ্চ তূণীরং হ্যনুকর্ষঞ্চ সায়কৈঃ।
পতাকাং চক্রগোপ্তারৌ সর্ব্বোপকরণানি চ ॥৬॥
লঘুহস্তঃ প্রচিচ্ছেদ দদৃশে তং ন কশ্চন।
স পপাত ক্ষিতৌ ক্ষীণঃ প্রবিদ্ধাভরণাম্বরঃ ॥৭॥
বায়ুনেব মহাচৈত্যঃ সমূলং চিত্রবেদিকঃ।
অনুগাস্তস্য বিত্রস্তাঃ প্রাদ্রবন্ সর্ব্বতো দিশঃ ॥ ॥ (কলাপকম্)
আর্জ্জুনেঃ কর্ম্ম তদ্দৃষ্ট্বা সংপ্রণেদুঃ সমন্ততঃ।
নাদেন সর্ব্বভূতানি সাধু সাধ্বিতি ভারত ! ॥৯॥

স ইতি। অশ্বৈর্যন্ত্রা সারথিনা চ সহেতি তম্। উদক্রোশদুচ্চৈরাহূতবান্ ॥৪॥

তস্যেতি। নিয়ন্তারং সারথিম্, ত্রিবেণুং রথদারুবিশেষম্, উপস্করং শিক্যাদিশস্ত্রস্থাপনাধারম্। যুগং রথস্থতির্য্যক্‌কাষ্ঠম্, অনুকর্ষং রথনিম্নগতকাষ্ঠবিশেষম্। চক্রগোপ্তারৌ চক্রদ্বয়রক্ষকৌ। সর্বোপকরণানি হস্তাবাপাদীনি। দদৃশে যোদ্ধৃভাবেন দদর্শ তং শল্যানুজম্। প্রবিদ্ধাভরণাম্বরঃ পতিতালঙ্কারবস্ত্রঃ। মহাচৈত্য আয়তনগতবিশালবৃক্ষঃ, চিত্রা বেদির্মূলোচ্চভূমির্যস্য সঃ ॥৫—৮॥

আর্জ্জুনেরিতি। সর্ব্বভূতানি তত্রত্যাঃ সর্ব্বে জনাঃ, সাধু সাধ্বিতি নাদেন সম্প্রণেদুঃ ॥৯॥

তিনি দশটা বাণদ্বারা অশ্ব ও সারথির সহিত অভিমন্যুকে বিদ্ধ করিয়া বিশাল শব্দে তাঁহাকে আহ্বান করিলেন এবং 'থাক্ থাক্' এই কথা বলিলেন ॥৪॥

তখন লঘুহস্ত অভিমন্যু বাণদ্বারা তাঁহার মস্তক, গ্রীবা, হস্ত, পদ, ধনু, অশ্ব, ছত্র, ধ্বজ, সারথি, ত্রিবেণু (রথের কাষ্ঠবিশেষ), উপস্কর (অস্ত্র রাখিবার আধার), চক্র, যুগ (রথের তেরচা কাঠ), তূণ, রথের নীচের কাঠ, পতাকা, চক্ররক্ষকদ্বয় ও সমস্ত উপকরণ ছেদন করিলেন; তখন কোন লোকই আর তাঁহাকে যোদ্ধৃভাবে দেখিতে পাইল না, তাঁহার অলঙ্কার ও বস্ত্র পড়িয়া গেল। ক্রমে প্রবলবায়ুবেগে বিচিত্রবেদিস্থিত বিশাল আয়তনবৃক্ষ যেমন মূলের সহিত পতিত হয়, সেইরূপ শল্যের ভ্রাতা ক্ষীণ অবস্থায় রথ হইতে ভূতলে পতিত হইলেন। তখন তাঁহার অনুচরেরা অত্যন্তভীত হইয়া সকল দিকে পলায়ন করিতে লাগিল ॥৫—৮॥

(৫)···ত্রিবেণুং তুল্যমেব চ—পি বা ব রা। (৭) ব্যধমল্লাঘবাত্তচ্চ দদৃশেঽস্য ন কশ্চন ···পি। (৮) বায়ুনেব মহাশৈলঃ সংভগ্নোঽমিততেজসা · পি বা ব রা।

শল্যভ্রাতর্য্যথারুগ্‌ণে বহুশস্তস্য সৈনিকাঃ।
কুলাধিবাসনামানি শ্রাবয়ন্তোঽর্জ্জুনাত্মজম্ ॥১০॥
অভ্যধাবন্ত সংক্রুদ্ধা বিবিধায়ুধপাণয়ঃ।
রথৈরশ্বৈর্গজৈশ্চান্যে পত্তিশ্চান্যে বলোৎকটাঃ ॥১১॥
বাণশব্দেন মহতা রথনেমিস্বনেন চ।
হুঙ্কারৈঃ ক্ষ্বেড়িতোৎক্রুষ্টৈঃ সিংহনাদৈঃ সগর্জিতৈঃ ॥১২॥
জ্যাতলত্রস্বনৈরন্যে গর্জন্তোঽর্জ্জুননন্দনম্।
ব্রুবন্তশ্চ ন নো জীবন্মোক্ষ্যসে জীবিতাদিতি ॥১৩॥ (কলাপকম্)
তাংস্তথা ব্রুবতো দৃষ্ট্বা সৌভদ্রঃ প্রহসন্নিব।
যো যোঽস্মৈ প্রাহরৎ পূর্ব্বং তং তং বিব্যাধ পত্রিভিঃ ॥১৪॥

শল্যেতি। আরুগ্‌ণে সম্যগ্‌ভগ্নে নিহত ইত্যর্থঃ। কুলং বংশঃ অধিবাসো নিবাসঃ নাম চ তানি। বলেন উৎকটা উদ্ধতাঃ। ক্ষ্বেড়িতানি অস্পষ্টাঃ শব্দাঃ, উৎক্রুষ্টানি উচ্চৈরাহ্বানানি তৈঃ। জ্যা ধনুর্গুণাঃ তলত্রাণি হস্তাবাপাশ্চ তেষাং স্বনৈঃ। নঃ অস্মাকং সমীপাৎ জীবন্ ন মোক্ষ্যসে, অপি তু জীবিতাজ্জীবনাদেব মোক্ষ্যসে ইতি ব্রুবন্তশ্চাভ্যধাবন্ত ॥১০—১৩॥

তানিতি। পত্রাণি পক্ষিপক্ষা এষাং সন্তীতি তৈঃ পত্রিভির্বাণৈঃ ॥১৪॥

ভরতনন্দন! অভিমন্যুর সেই কার্য্য দেখিয়া সকল দিকের সমস্ত লোক 'সাধু সাধু' এইরূপ শব্দে কোলাহল করিয়া উঠিল ॥৯॥

ওদিকে শল্যের ভ্রাতা নিহত হইলে, তাঁহার বহুতর সৈন্য অত্যন্তক্রুদ্ধ হইয়া নানাবিধ অস্ত্র ধারণ করিয়া আপনাদের বংশ, বাসস্থান ও নাম অভিমন্যুকে শুনাইতে থাকিয়া তাঁহার দিকে ধাবিত হইল। বিশাল বাণশব্দ ও রথচক্রের শব্দ এবং হুঙ্কার, অস্পষ্ট কণ্ঠধ্বনি, উচ্চ আহ্বান, সিংহনাদ, গর্জন, ধনুষ্টঙ্কার ও হস্তাবাপের শব্দ করিতে থাকিয়া 'তুমি জীবিত অবস্থায় আমাদের নিকট হইতে মুক্ত হইতে পারিবে না, কিন্তু জীবন হইতেই মুক্ত হইবে' এই কথা অভিমন্যুকে বলিতে থাকিয়া সেই বলমত্ত সৈন্যেরা কেহ কেহ রথে, কেহ কেহ অশ্বে, কেহ কেহ হস্তীতে এবং কেহ কেহ চরণে অভিমন্যুর দিকে ধাবিত হইয়াছিল ॥১০—১৩॥

তাহাদিগকে সেইরূপ বলিতে দেখিয়া অভিমন্যু যেন হাস্য করিতে থাকিয়া—যে যে উঁহাকে প্রথমে প্রহার করিতে লাগিল, তাহাকে তাহাকেই বাণদ্বারা বিদ্ধ করিতে লাগিলেন ॥১৪॥

(১৪)···যো যঃ স্যাৎ প্রহরন্ পূর্বম্···পি,···যো যঃ সম্প্রাহরৎ পূর্বম্···ব।

সন্দর্শয়িষ্যন্নস্ত্রাণি বিচিত্রাণি লঘূনি চ ।
আর্জ্জুনিঃ সমরে শূরো মৃদুপূর্ব্বমযুধ্যত ॥১৫॥
বাসুদেবাদুপাত্তং যদস্ত্রং যচ্চ ধনঞ্জয়াৎ ।
অদর্শয়ত তৎ কার্ষ্ণিঃ কৃষ্ণাভ্যামবিশেষবৎ ॥১৬॥
দূরমস্য গুরুং ভারং সাধ্বসঞ্চ পুনঃ পুনঃ ।
সংদধদ্বিসৃজংশ্চেষূন্ নির্বিশেষমদৃশ্যত ॥১৭॥
চাপমণ্ডলমেবাস্য বিস্ফুরদ্দিক্ষ্বদৃশ্যত ।
সুদীপ্তস্য শরৎকালে সবিতুর্ম্মণ্ডলং যথা ॥১৮॥
জ্যাশব্দঃ শুশ্রুবে তস্য তলশব্দশ্চ দারুণঃ ।
মহাশনিমুচঃ কালে পয়োদস্যেব নিস্বনঃ ॥১৯॥
হ্রীমানমর্ষী সৌভদ্রো মানকৃৎ প্রিয়দর্শনঃ ।
সংমিমানয়িষুর্বীরানিষ্বস্ত্রৈশ্চাপ্যযুধ্যত ॥২০॥

সন্নিতি। লঘূনি দ্রুতক্ষিপ্তানি। মৃদুপূর্ব্বং কোমলতাপূর্ব্বকম্ ॥১৫॥
বাস্বিতি। উপাত্তং প্রাপ্তম্। কার্ষ্ণিরভিমন্যুঃ, কৃষ্ণাভ্যাং কৃষ্ণার্জ্জুনাভ্যাম্ ॥১৬॥
দূরমিতি। অস্য নিক্ষিপ্য বিহায়েত্যর্থঃ। সাধ্বসং ভয়ম্। ইষূন্ বাণান্ ॥১৭॥
চাপেতি। বিস্ফুরৎ উজ্জ্বলং। সুদীপ্তস্য অত্যুজ্জ্বলস্য, সবিতুঃ সূর্য্যস্য ॥১৮॥
জ্যেতি। মহাশনিমুচো মহাবজ্রপাতিনঃ, পয়োদস্য মেঘস্য ॥১৯॥

মহাবীর অভিমন্যু যুদ্ধে বিচিত্র ও দ্রুতক্ষিপ্ত অস্ত্র সকল দেখাইবেন বলিয়াই কোমলভাবে যুদ্ধ করিতে থাকিলেন ॥১৫॥

অভিমন্যু কৃষ্ণের নিকট হইতে যে অস্ত্র বা অর্জ্জুনের নিকট হইতে যে সকল অস্ত্র লাভ করিয়াছিলেন, সে সকল অস্ত্র তাঁহাদের তুল্যই দেখাইতে লাগিলেন ॥১৬॥

অভিমন্যু গুরুতর কর্ত্তব্যভার এবং ভয় পরিত্যাগ করিয়া বার বার সমানভাবে বাণসন্ধান ও বাণক্ষেপ করিতে থাকিলেন দেখা গেল ॥১৭॥

শরৎকালে উজ্জ্বল সূর্য্যমণ্ডলের ন্যায় সকল দিকে অভিমন্যুর উজ্জ্বল চাপমণ্ডলই দেখা যাইতে লাগিল ॥১৮॥

বর্ষাকালে মহাবজ্রপাতী মেঘের শব্দের ন্যায় অভিমন্যুর জ্যাশব্দ ও দারুণ তলশব্দ শুনা যাইতে থাকিল ॥১৯॥

অকার্য্যকরণে লজ্জাশীল, ক্রোধী, গুরুজনের সম্মানকারী ও প্রিয়দর্শন অভিমন্যু বীরগণের সম্মান করিবার ইচ্ছা করিয়া বাণ ও অন্যান্য অস্ত্রদ্বারা যুদ্ধ করিতে লাগিলেন ॥২০॥

মৃদুর্ভূত্বা মহারাজ ! দারুণঃ সমপদ্যত ।
বর্ষাভ্যতীতো ভগবান্ শরদীব দিবাকরঃ ॥২১॥
শরান্ বিচিত্রান্ বৃহতো রুক্মপুঙ্খান্ শিলাশিতান্ ।
মুমোচ শতশঃ ক্রুদ্ধো গভস্তীনিব ভাস্করঃ ॥২২॥
ক্ষুরপ্রৈর্বৎসদন্তৈশ্চ বিপাঠৈশ্চ মহাযশাঃ ।
নারাচৈরর্দ্ধচন্দ্রাভৈর্ভল্লৈরঞ্জলিকৈরপি ॥২৩॥
অবাকিরদ্রথানীকং ভারদ্বাজস্য পশ্যতঃ ।
ততস্তৎ সৈন্যমভবদ্বিমুখং শরপীড়িতম্ ॥২৪॥ (যুগ্মকম্)
ধৃতরাষ্ট্র উবাচ ।
দ্বৈধীভবতি মে চিত্তং হ্রিয়া তুষ্ট্যা চ সঞ্জয় ! ।
মম পুত্রস্য যৎ সৈন্যং সৌভদ্রঃ সমবারয়ৎ ॥২৫॥

হ্রীমানিতি। হ্রীমান্ অকার্য্যকরণে লজ্জাবান্। সংমিমানয়িষুঃ সম্মানয়িতুমিচ্ছুঃ ॥২০॥
মৃদুরিতি। দিবাকরস্যাপি বর্ষাসু মৃদুত্বাৎ শরদি চ দারুণত্বাদুপমাসিদ্ধিঃ ॥২১॥
শরানিতি। শিলাসু শিতান্ ঘর্ষণেন সুধারীকৃতান্। গভস্তীন্ কিরণান্ ॥২২॥
ক্ষুরপ্রৈরিতি। ক্ষুরপ্রাদয়স্তদানীন্তনাঃ শরবিশেষাঃ। অবাকিরদভিমন্যুঃ ॥২৩—২৪॥
দ্বৈধীতি। বালকেন মদীয়দুর্দ্ধর্ষসৈন্যবারণাৎ হ্রীঃ পৌত্রেণ বারণাচ্চ তুষ্টিরিতি ভাবঃ ॥২৫॥

মহারাজ ! ভগবান্ সূর্য্য যেমন বর্ষাকালে কোমল হইয়া শরৎকালে তীক্ষ্ণ হন, সেইরূপ অভিমন্যুও কোমল হইয়া তীক্ষ্ণ হইলেন ॥২১॥

সূর্য্য যেমন কিরণ নিক্ষেপ করেন, সেইরূপ ক্রুদ্ধ অভিমন্যুও বিচিত্র, বিশাল, স্বর্ণপুঙ্খ এবং শিলাশাণিত শত শত বাণ নিক্ষেপ করিতে লাগিলেন ॥২২॥

মহাযশা অভিমন্যু ক্রমে দ্রোণের সমক্ষেই ক্ষুরপ্র, বৎসদন্ত, বিপাঠ, নারাচ, অর্দ্ধচন্দ্রতুল্য ভল্ল ও অঞ্জলিকদ্বারা রথিসৈন্যদিগকে পীড়ন করিতে থাকিলেন। তাহাতে সেই সৈন্য শরপীড়িত হইয়া বিমুখ হইল' ॥২৩—২৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! অভিমন্যু যে আমার পুত্রের সৈন্য বারণ করিতে পারিল, ইহা শুনিয়া আমার মন লজ্জায় ও আনন্দে দ্বিবিধ হইয়া পড়িয়াছে ॥২৫॥

---

(২২)···বিচিত্রান্ সুবহূন্···বা ব রা নি। (২৩)··নারাচৈরর্দ্ধনারাচৈঃ···পি। (২৪) ইতঃ পরম্ '··সপ্তত্রিংশোঽধ্যায়ঃ' ব, '···অষ্টত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি। (২৫)···মচ্চিত্তম্··· পি বা,···শুচা তুষ্ট্যা চ···নি,···ভিয়া তুষ্ট্যা চ···বা।

বিস্তরেণৈব মে শংস সর্ব্বং গাবল্গনে! পুনঃ।
বিক্রীড়িতং কুমারস্য স্কন্দস্যেবাসুরৈঃ সহ ॥২৬॥

সঞ্জয় উবাচ।

হন্ত তে সম্প্রবক্ষ্যামি বিমর্দ্দমতিদারুণম্।
একস্য চ বহূনাঞ্চ যথাসীত্তুমুলো রণঃ ॥২৭॥
অভিমন্যুঃ কৃতোৎসাহঃ কৃতোৎসাহানরিন্দমান্।
রথস্থো রথিনঃ সর্ব্বাংস্তাবকানভ্যবর্ষত ॥২৮॥
দ্রোণং কর্ণং কৃপং শল্যং দ্রৌণিং ভোজং বৃহদ্বলম্।
দুর্য্যোধনং সৌমদত্তিং শকুনিঞ্চ মহাবলম্ ॥২৯॥
নানা নৃপান্ নৃপসুতান্ সৈন্যানি বিবিধানি চ।
অলাতচক্রবৎ সর্ব্বাংশ্চরন্ বাণৈঃ সমার্পয়ৎ ॥৩০॥ (যুগ্মকম্)
নিঘ্নন্নমিত্রান্ সৌভদ্রঃ পরমাস্ত্রৈঃ প্রতাপবান্।
অদর্শয়ত তেজস্বী দিক্ষু সর্ব্বাসু ভারত! ॥৩১॥

বিস্তরেণেতি। হে গাবল্গনে! গবল্গনপুত্র! সঞ্জয়!। স্কন্দস্য কার্ত্তিকেয়স্য ॥২৬॥
হন্তেতি। হন্তশব্দো হর্ষে। হর্ষশ্চাভিমন্যুবিক্রমস্মরণাৎ। বিমর্দ্দং সংঘর্ষম্ ॥২৭॥
অভীতি। অভ্যবর্ষত শরৈরিতি শেষঃ ॥২৮॥
দ্রোণমিতি। সৌমদত্তিং ভূরিশ্রবসম্। অলাতচক্রবৎ ঘূর্ণমানাগ্নিযুক্তকাষ্ঠবৎ ॥২৯—৩০॥
নিঘ্নন্নিতি। অমিত্রান্ শত্রূন্। অদর্শয়ত নিজবীরত্বমিতি শেষঃ ॥৩১॥

সে যাহা হউক; সঞ্জয়! অসুরগণের সহিত কার্ত্তিকের যুদ্ধক্রীড়ার ন্যায় কুমার অভিমন্যুর সমস্ত যুদ্ধক্রীড়ার বিষয় পুনরায় তুমি আমার নিকট বিস্তরক্রমে বল' ॥২৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আমি আপনার নিকট অতিদারুণ সংঘর্ষের বিষয় বলিব; যেভাবে একের ও বহুর তুমুল যুদ্ধ হইয়াছিল ॥২৭॥

উৎসাহী ও রথারোহী অভিমন্যু—আপনার পক্ষের উৎসাহী ও শত্রুদমনকারী সমস্ত রথীর উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥২৮॥

তিনি সমরাঙ্গনে অগ্নিসংযুক্ত কাষ্ঠের ন্যায় বিচরণ করিতে থাকিয়া বাণদ্বারা দ্রোণ, কর্ণ, কৃপ, শল্য, অশ্বত্থামা, ভোজ, বৃহদ্বল, দুর্য্যোধন, ভূরিশ্রবা, শকুনি, নানাদেশীয় রাজা, রাজপুত্র ও নানাবিধ সৈন্যদিগকে পীড়ন করিতে থাকিলেন ॥২৯—৩০॥

(২৮)···অভ্যবর্ত্তত—পি,···অভ্যবর্ষয়ৎ—নি।

তদ্দৃষ্ট্বা চরিতং তস্য সৌভদ্রস্যামিতৌজসঃ।
সমকম্পন্ত সৈন্যানি ত্বদীয়ানি সহস্রশঃ ॥৩২॥
অথাব্রবীন্মহাপ্রাজ্ঞো ভারদ্বাজঃ প্রতাপবান্।
হর্ষেণোৎফুল্লনয়নঃ কৃপমাভাষ্য সত্বরম্ ॥৩৩॥
ঘট্টয়ন্নিব মর্ম্মাণি পুত্রস্য তব ভারত !।
অভিমন্যুং রণে দৃষ্ট্বা তদা রণবিশারদম্ ॥৩৪॥ (যুগ্মকম্)
এষ গচ্ছতি সৌভদ্রঃ পার্থানামগ্রতো যুবা।
নন্দয়ন্ সুহৃদঃ সর্ব্বান্ রাজানঞ্চ যুধিষ্ঠিরম্ ॥৩৫॥
নকুলং সহদেবঞ্চ ভীমসেনঞ্চ পাণ্ডবম্।
বন্ধূন্ সম্বন্ধিনশ্চান্যান্ মধ্যস্থান্ সুহৃদস্তথা ॥৩৬॥ (যুগ্মকম্)
নাস্য যুদ্ধে সমং মন্যে কঞ্চিদন্যং ধনুর্দ্ধরম্।
ইচ্ছন্ হন্যাদিমাং সেনাং কিমর্থমপি নেচ্ছতি ॥৩৭॥

তদিতি। অভিমন্যোঃ শিক্ষাশৌর্য্যাতিরেকাদেবায়ং বিপক্ষসৈন্যকম্প ইতি ভাবঃ ॥৩২॥
অথেতি। হর্ষেণ প্রিয়শিষ্যপুত্রবীরত্বদর্শনানন্দেন। ঘট্টয়ন্ সঞ্চালয়ন্ ॥৩৩—৩৪॥
এষ ইতি। গচ্ছতি কৌরবান্ বিজিত্যেতি শেষঃ। মধ্যস্থান্ নিরপেক্ষান্ ॥৩৫—৩৬॥
নেতি। কিমর্থমপি কিমপি নিমিত্তমাশ্রিত্যেত্যর্থঃ ॥৩৭॥

ভরতনন্দন! প্রতাপশালী ও তেজস্বী অভিমন্যু উত্তম উত্তম অস্ত্রদ্বারা শত্রুগণকে বিনাশ করিতে থাকিয়া সকল দিকেই নিজের বীরত্ব দেখাইতে লাগিলেন ॥৩১॥

অমিততেজা অভিমন্যুর সেই চরিত্র দেখিয়া আপনার পক্ষের সহস্র সহস্র সৈন্য কাঁপিতে লাগিল ॥৩২॥

ভরতনন্দন! তাহার পর মহাপ্রাজ্ঞ ও প্রতাপশালী দ্রোণ সমরাঙ্গনে যুদ্ধবিশারদ অভিমন্যুকে দেখিয়া আনন্দে উৎফুল্লনয়ন হইয়া দুর্য্যোধনের হৃদয় উদ্বেলিত করিয়া ত্বরার সহিত কৃপাচার্য্যকে সম্বোধনপূর্ব্বক বলিলেন—॥৩৩—৩৪॥

'এই যুবা অভিমন্যু (কৌরবসৈন্যগণকে জয় করিয়া) সমস্ত সুহৃৎ, রাজা যুধিষ্ঠির, ভীম, নকুল, সহদেব, বন্ধু, সম্বন্ধী, নিরপেক্ষ লোক ও আত্মীয়গণকে আনন্দিত করতঃ পাণ্ডবগণের নিকটে যাইতেছেন ॥৩৫—৩৬॥

যুদ্ধে ইঁহার তুল্য অন্য ধনুর্দ্ধর আমি কাঁহাকেও মনে করি না। কারণ,

(৩২)…ত্বদীয়ানি পুনঃ পুনঃ—পি। (৩৫) পার্থানাং প্রথিতো যুবা ..নি।

দ্রোণস্য প্রীতিসংযুক্তং শ্রুত্বা বাক্যং তবাত্মজঃ।
আর্জ্জুনিং প্রতি সংক্রুদ্ধো দ্রোণং দৃষ্ট্বা স্ময়ন্নিব ॥৩৮॥
অথ দুর্য্যোধনঃ কর্ণমব্রবীদ্বাহ্লিকং কৃপম্।
দুঃশাসনং মদ্ররাজং তাংস্তাংশ্চান্যান্ মহারথান্ ॥৩৯॥
সর্ব্বমূর্দ্ধাভিষিক্তানামাচার্য্যো ব্রহ্মবিত্তমঃ।
অর্জ্জুনস্য সুতং মূঢ়ং নায়ং হন্তুমিহেচ্ছতি ॥৪০॥
ন হ্যস্য সমরে মুচ্যেদন্তকোঽপ্যাততায়িনঃ।
কিমঙ্গ! পুনরেবান্যো মর্ত্ত্যঃ সত্যং ব্রবীমি বঃ ॥৪১॥
অর্জ্জুনস্য সুতং ত্বেষ শিষ্যত্বাদভিরক্ষতি।
শিষ্যাঃ পুত্রাশ্চ দয়িতাস্তদপত্যঞ্চ ধর্ম্মিণাম্ ॥৪২॥

দ্রোণস্যেতি। তবাত্মজো দুর্য্যোধনঃ। সংক্রুদ্ধোঽভবৎ। স্ময়ন্ বিস্ময়াপন্নঃ ॥৩৮॥
অথেতি। অন্যান্ সোমদত্তাদীন্ ॥৩৯॥
সর্ব্বেতি। সর্ব্বমূর্দ্ধাভিষিক্তানাং সমস্তক্ষত্রিয়াণাম্, ব্রহ্মবিত্তমো বেদজ্ঞশ্রেষ্ঠঃ ॥৪০॥
নেতি। অস্য দ্রোণস্য। আততায়িনঃ শস্ত্রপাণেঃ। অঙ্গেতি সম্বোধনে ॥৪১॥
অর্জ্জুনস্যেতি। শিষ্যত্বাৎ শিষ্যপুত্রত্বাৎ। ধর্ম্মিণাং ধার্ম্মিকানামিতি সোল্লুণ্ঠনোক্তিঃ ॥৪২॥

ইনি ইচ্ছা করিলে এই কৌরবসৈন্য সমস্তই সংহার করিতে পারেন; কিন্তু কোন কারণবশতঃ তাহা ইচ্ছা করেন না' ॥৩৭॥

দ্রোণের প্রীতিযুক্ত বাক্য শুনিয়া দুর্য্যোধন তাঁহার দিকে চাহিয়া যেন বিস্ময়াপন্ন হইয়া অভিমন্যুর প্রতি ক্রুদ্ধ হইলেন ॥৩৮॥

তাহার পর তিনি কর্ণ, বাহ্লিক, কৃপ, দুঃশাসন, শল্য এবং অন্যান্য মহারথগণকে বলিলেন—॥৩৯॥

'সকল ক্ষত্রিয়ের গুরু এবং বেদজ্ঞশ্রেষ্ঠ দ্রোণ মূর্খ অর্জ্জুনের পুত্রটাকে বধ করিতে ইচ্ছা করেন না ॥৪০॥

নতুবা বীরগণ! অস্ত্রধারী দ্রোণের যুদ্ধে যমও মুক্ত হইতে পারেন না; তাহাতে অন্য মানুষের কথা আর কি বলিব। ইহা আপনাদের নিকট সত্য বলিতেছি ॥৪১॥

ইনি (দ্রোণ), শিষ্যের পুত্র বলিয়া অর্জ্জুনের পুত্রকে রক্ষা করিতেছেন। কারণ, ধার্ম্মিকদের নিকটে শিষ্য ও পুত্র প্রিয় এবং তাহাদের সন্তানও প্রিয় ॥৪২॥

(৩৯)···বাহ্লিকংনৃপম্···বা ব,···বাহ্লিকং নৃপঃ···নি,···তাংস্তথান্যান্···বা ব রা নি।
(৪১) নহ্যস্য সমরে যুধ্যেৎ···বা নি।

সংরক্ষ্যমাণো দ্রোণেন মন্যতে বীর্য্যমাত্মনঃ।
আত্মসম্ভাবিতো মূঢ়স্তং প্রমথ্নীত মা চিরম্ ॥৪৩॥
এবমুক্তাস্তু তে রাজ্ঞা সাত্বতীপুত্রমভ্যয়ুঃ।
সংরব্ধাস্তে জিঘাংসন্তো ভারদ্বাজস্য পশ্যতঃ ॥৪৪॥
দুঃশাসনস্তু তচ্ছ্রুত্বা দুর্য্যোধনবচস্তদা।
অব্রবীৎ কুরুশার্দ্দূল! দুর্য্যোধনমিদং বচঃ ॥৪৫॥
অহমেনং হনিষ্যামি মহারাজ! ব্রবীমি তে।
মিষতাং পাণ্ডুপুত্রাণাং পাঞ্চালানাঞ্চ পশ্যতাম্ ॥৪৬॥
গ্রসিষ্যাম্যদ্য সৌভদ্রং যথা রাহুর্দিবাকরম্।
উৎক্রুশ্য চাব্রবীদ্বাক্যং কুরুরাজমিদং পুনঃ ॥৪৭॥
শ্রুত্বা কৃষ্ণৌ ময়া গ্রস্তং সৌভদ্রমতিমানিনৌ।
গমিষ্যতঃ প্রেতলোকং জীবলোকান্ন সংশয়ঃ ॥৪৮॥

সমিতি। আত্মনৈব সম্ভাবিতো বীরত্বেন সম্মতঃ অভিমন্যুঃ ॥৪৩॥
এবমিতি। সাত্বতী সাত্বতবংশীয়া সুভদ্রা তস্যাঃ পুত্রম্। সংরব্ধাঃ সোৎসাহাঃ ॥৪৪॥
দুঃশাসন ইতি। কুরুশার্দ্দূলেতি সঞ্জয়স্য ধৃতরাষ্ট্রসম্বোধনম্ ॥৪৫॥
অহমিতি। মিষতাং পশ্যতাম্। উভয়ত্রাপ্যনাদরে ষষ্ঠী ॥৪৬॥
গ্রসিষ্যামীতি। উৎক্রুশ্য উচ্চৈরাহূয়, অব্রবীৎ দুঃশাসন এব ॥৪৭॥

দ্রোণ রক্ষা করিতেছেন বলিয়া অভিমন্যু আপনাকে আপনি বীর মনে করিতেছে। সুতরাং নিজেকে নিজে বীর মনে করায় ওটা মূর্খ। সে যাহা হউক, বীরগণ! আপনারা উহাকে বধ করুন, বিলম্ব করিবেন না' ॥৪৩॥

দুর্য্যোধন এইরূপ বলিলে, সেই বীরগণ উৎসাহী ও হননাভিলাষী হইয়া দ্রোণের সমক্ষেই অভিমন্যুর দিকে চলিলেন ॥৪৪॥

কৌরবশ্রেষ্ঠ! তখন দুঃশাসন দুর্য্যোধনের সেই কথা শুনিয়া দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥৪৫॥

'মহারাজ! আমি বলিতেছি—পাণ্ডবগণ ও পাঞ্চালগণের সমক্ষে আমিই উহাকে বধ করিব ॥৪৬॥

রাহু যেমন সূর্য্যকে গ্রাস করে, সেইরূপ আমি আজ উহাকে গ্রাস করিব'। দুঃশাসন পুনরায় উচ্চস্বরে সম্বোধন করিয়া দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥৪৭॥

'আমি অভিমন্যুকে গ্রাস করিয়াছি শুনিয়া অত্যন্ত অভিমানী কৃষ্ণ ও অর্জ্জুন নিশ্চয়ই জীবলোক হইতে প্রেতলোকে যাইবে ॥৪৮॥

তৌ চ শ্রুত্বা মৃতৌ ব্যক্তং পাণ্ডোঃ ক্ষেত্রোদ্ভবাঃ সুতাঃ।
একাহ্না সসুহৃদ্বর্গাঃ ক্লৈব্যাদ্ধাস্যন্তি জীবিতম্ ॥৪৯॥
তস্মাদস্মিন্ হতে শত্রৌ হতাঃ সর্বেঽহিতাস্তব।
শিবেন ধ্যায় মাং রাজন্! এষ হন্মি রিপুং তব ॥৫০॥
এবমুক্ত্বা নদন্ রাজন্! পুত্রো দুঃশাসনস্তব।
সৌভদ্রমভ্যয়াৎ ক্রুদ্ধঃ শরবর্ষৈরবাকিরন্ ॥৫১॥
তমতিক্রুদ্ধমায়ান্তং তব পুত্রমরিন্দমঃ।
অভিমন্যুঃ শরৈস্তীক্ষ্ণৈঃ ষড়্‌বিংশত্যা সমার্পয়ৎ ॥৫২॥
দুঃশাসনস্তু সংক্রুদ্ধঃ প্রভিন্ন ইব কুঞ্জরঃ।
অযোধয়ত সৌভদ্রমভিমন্যুশ্চ তং রণে ॥৫৩॥

শ্রুত্বেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, গ্রস্তং পরাজিত্যায়ত্তীকৃতং নিহতমিত্যর্থঃ ॥৪৮॥
তাবিতি। ব্যক্তং ধ্রুবম্। ক্ষেত্রোদ্ভবাঃ পত্ন্যাং পরৈরুৎপন্নাঃ। হাস্যন্তি ত্যক্ষ্যন্তি ॥৪৯॥
তস্মাদিতি। অহিতাঃ শত্রবঃ। শিবেন মঙ্গলেন, মম মঙ্গলং চিন্তয়েত্যর্থঃ ॥৫০॥
এবমিতি। নদন্ সিংহনাদং কুর্বন্। অভ্যয়াৎ অভ্যধাবৎ ॥৫১॥
তমিতি। সমার্পয়ৎ অতাড়য়ৎ ॥৫২॥
দুঃশাসন ইতি। প্রভিন্নো মদস্রাবী। তমযোধয়তেতি সম্বন্ধঃ ॥৫৩॥

আবার তাহারা মরিয়াছে শুনিয়া নিশ্চয়ই পাণ্ডুর ক্ষেত্রজ পুত্রগুলি দুর্বলতা-বশতঃ একদিনেই বন্ধুবর্গের সহিত জীবন ত্যাগ করিবে ॥৪৯॥

অতএব রাজা! এই শত্রুটা নিহত হইলে আপনার সমস্ত শত্রুই নিহত হইবে। সুতরাং আপনি আমার মঙ্গল চিন্তা করুন; আমি এই আপনার শত্রু সংহার করিতেছি' ॥৫০॥

রাজা! আপনার পুত্র দুঃশাসন এইরূপ বলিয়া ক্রুদ্ধ হইয়া সিংহনাদ ও শরবর্ষণ করিতে করিতে অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥৫১॥

আপনার পুত্র দুঃশাসন অত্যন্তক্রুদ্ধ হইয়া আসিতে লাগিলে, শত্রুদমনকারী অভিমন্যু ছাব্বিশটা তীক্ষ্ণ বাণদ্বারা তাঁহাকে পীড়ন করিলেন ॥৫২॥

তখন দুঃশাসন অত্যন্তক্রুদ্ধ হইয়া মদস্রাবী হস্তীর ন্যায় অভিমন্যুকে প্রহার করিতে লাগিলেন; আবার অভিমন্যুও যুদ্ধে তাঁহাকে প্রহার করিতে থাকিলেন ॥৫৩॥

---

(৫০)…শিবেন মাং ধ্যাহি রাজন্!…বা ব রা নি। (৫১)…শরবর্ষৈরবাকিরৎ—পি ব।
(৫২)… অরিন্দম!… পি।

তৌ মণ্ডলানি চিত্রাণি রথাভ্যাং সব্যদক্ষিণম্ ।
চরমাণাবযুধ্যেতাং রথশিক্ষাবিশারদৌ ॥৫৪॥
অথ পণবমৃদঙ্গদুন্দুভীনাং ক্রকচমহানকঝর্ঝরাণাম্ ।
নিনদমতিভৃশং নরাঃ প্রচক্রুর্লবণজলোদ্ভবসিংহনাদমিশ্রম্ ॥৫৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে দুঃশাসনযুদ্ধে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———(:*:)———

ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ।

———:*:———

সঞ্জয় উবাচ ।
শরবিক্ষতগাত্রস্তু প্রত্যমিত্রমবস্থিতম্ ।
অভিমন্যুঃ স্ময়ন্ ধীমান্ দুঃশাসনমথাব্রবীৎ ॥১॥
দিষ্ট্যা পশ্যামি সংগ্রামে মানিনং শূরমাগতম্ ।
নিষ্ঠুরং ত্যক্তধর্ম্মাণমাক্রোশনপরায়ণম্ ॥২॥

তাবিতি । মণ্ডলানি গোলাকারভ্রমণানি । চরমাণৌ কুর্বন্তৌ ॥৫৪॥
অথেতি । পণবাদীনি তদানীন্তনানি বাদ্যানি । লবণজলোদ্ভবঃ শঙ্খস্তন্নাদ ইত্যর্থঃ ॥৫৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি অভিমন্যুবধে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

শরেতি । প্রত্যবস্থিতমমিত্রং শত্রুম্ । স্ময়ন্ ঈষদ্ধসন্ ॥১॥

ক্রমে রথশিক্ষাবিশারদ দুঃশাসন ও অভিমন্যু আপন আপন রথদ্বারা বামে ও দক্ষিণে মণ্ডলাকারে বিচিত্র ভ্রমণ করিতে থাকিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৫৪॥

তখন বাদ্যকারেরা শঙ্খধ্বনি ও সিংহনাদের সহিত পণব, মৃদঙ্গ, দুন্দুভি, ক্রকচ, মহানক ও ঝর্ঝরের গুরুতর ধ্বনি করিতে থাকিল' ॥৫৫॥

———•::•———

সঞ্জয় কহিলেন—'তাহার পর বুদ্ধিমান্ অভিমন্যু ঈষৎ হাস্য করতঃ সম্মুখে অবস্থিত বাণবিক্ষতদেহ শত্রু দুঃশাসনকে বলিলেন—॥১॥

* '.. অষ্টত্রিংশোঽধ্যায়ঃ' ব, '.. একোনচত্বারিংশোঽধ্যায়ঃ'বা রা নি ।

যৎ সভায়াং ত্বয়া রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য শৃণ্বতঃ।
কোপিতঃ পরুষৈর্বাক্যৈর্ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥৩॥
জয়োন্মত্তেন মূঢ়েন বহ্বনর্থং প্রভাষতা।
তত্ত্বয়েদমনুপ্রাপ্তং তস্য কোপান্মহাত্মনঃ ॥৪॥ (যুগ্মকম্)
পরবিত্তাপহারস্য ক্রোধস্যাপ্রশমস্য চ।
লোভস্য জ্ঞাননাশস্য দ্রোহস্যাত্যাহিতস্য চ ॥৫॥
পিতৃণাং মম রাজ্যস্য হরণস্যোগ্রধন্বিনাম্।
তত্ত্বয়েদমনুপ্রাপ্তং প্রকোপাদ্বৈ মহাত্মনাম্ ॥৬॥ (যুগ্মকম্)
স তস্যোগ্রমধর্ম্মস্য ফলং প্রাপ্নুহি দুর্ম্মতে!।
শাসিতাস্ম্যদ্য তে বাণৈঃ সর্ব্বসৈন্যস্য পশ্যতঃ ॥৭॥
অদ্যাহমনৃণস্তস্য কোপস্য ভবিতা রণে।
অমর্ষিতায়াঃ কৃষ্ণায়াঃ কাঙ্ক্ষিতস্য চ মে পিতুঃ ॥৮॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। আক্রোশনপরায়ণং পরেষু গালিদাননিরতম্ ॥২॥
যদিতি। পরুষৈর্নিষ্ঠুরৈঃ। ইদং যুদ্ধে মৎসান্নিধ্যম্ ॥৩—৪॥
পরেতি। অপ্রশমস্য পরবিত্তাপহারাদাবপি শান্তিরাহিত্যস্য। অত্যাহিতস্য জীবানপেক্ষিকর্ম্মণো দ্রৌপদীবস্ত্রহরণস্য। অত্রাপি ইদং যুদ্ধে মৎসান্নিধ্যম্ ॥৫—৬॥
স ইতি। স ত্বম্। শাসিতা দময়িতা, অস্মি অহম্ ॥৭॥

'আমি আজ ভাগ্যবশতঃ যুদ্ধে আগত অভিমানী, নিষ্ঠুর, ধর্ম্মত্যাগী এবং অন্যকে গালিদানে নিরত বীরকে দেখিতে পাইয়াছি ॥২॥

তুমি মূর্খ। সুতরাং অক্ষক্রীড়ায় জয়লাভে উন্মত্ত হইয়া বহুতর অনর্থজনক বাক্য বলিতে থাকিয়া সভামধ্যে রাজা ধৃতরাষ্ট্রের সমক্ষে নিষ্ঠুর উক্তিদ্বারা ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের যে ক্রোধ উৎপাদন করিয়াছিলে, সেই মহাত্মার সেই ক্রোধের ফলেই তুমি আজ আমার নিকটে আসিয়াছ ॥৩—৪॥

আর পরবিত্তাপহরণ, ক্রোধ, শান্তিহীনতা, লোভ, জ্ঞানলোপ, দ্রোহ, অত্যাহিত এবং আমার ভয়ঙ্কর ধনুর্দ্ধর পিতৃগণের রাজ্যহরণ এই সকলের ফলস্বরূপে সেই মহাত্মাদের কোপে তুমি এই আমার নিকটে আসিয়াছ ॥৫—৬॥

অতএব দুর্ম্মতি! তুমি এখন সেই অধর্ম্মের ভয়ঙ্কর ফল ভোগ কর। আমি আজ সমস্ত সৈন্যের সমক্ষে বাণদ্বারা তোমার শাসন করিব ॥৭॥

(৪)…জয়োন্মত্তেন ভীমশ্চ বহ্ববদ্ধং প্রভাষিতঃ। অক্ষকূটং সমাশ্রিত্য সৌবলস্যাত্মনো বলম্—বা ব নি। (৭) সত্যশ্চোগ্রমধর্ম্মস্য…পি ব।

অদ্য কৌরব্য ! ভীমস্য ভবিতাস্ম্যনৃণো যুধি ।
ন হি মে মোক্ষ্যসে জীবন্ যদি নোৎস্বজসে রণম্ ॥৯॥
এবমুক্ত্বা মহাবাহুর্ব্বাণং দুঃশাসনান্তকম্ ।
সন্দধে পরবীরঘ্নঃ কালাগ্ন্যনিলবর্চ্চসম্ ॥১০॥
তস্যোরস্তূর্ণমাসাদ্য জত্রুদেশে বিভিদ্য তম্ ।
জগাম সহ পুঙ্খেন বল্মীকমিব পন্নগঃ ॥১১॥
অথৈনং পঞ্চবিংশত্যা পুনরেব সমার্পয়ৎ ।
শরৈরগ্নিসমস্পর্শৈরাকর্ণসমচোদিতৈঃ ॥১২॥
স গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থ উপাবিশৎ ।
দুঃশাসনো মহারাজ ! কশ্মলঞ্চাবিশন্মহৎ ॥১৩॥

অদ্যেতি। অমর্ষিতায়াঃ সভায়াং প্রবেশনাদিনা কোপিতায়াঃ, কৃষ্ণায়া দ্রৌপদ্যাঃ ॥৮॥
অদ্যেতি। অনৃণঃ, ত্বদ্বধেনেতি ভাবঃ। এবং সর্ব্বত্র ॥৯॥
এবমিতি। পরবীরঘ্নোঽভিমন্যুঃ, কালাগ্ন্যনিলবর্চ্চসং তত্তদ্বন্মহাশক্তিকম্ ॥১০॥
তস্যেতি। উরো বক্ষঃসমীপম্, জত্রুদেশে স্কন্দসন্ধৌ। বল্মীকমুয়ীমৃত্তিকাম্ ॥১১॥
অথেতি। সমার্পয়ৎ অপীড়য়ৎ। আকর্ণং সমং তুল্যঞ্চ চোদিতৈঃ প্রেরিতৈঃ ॥১২॥
স ইতি। রথস্য উপস্থে উপরিভাগে। কশ্মলং মোহম্ ॥১৩॥

আজ আমি যুদ্ধে তাঁহাদের সেই ক্রোধের, কোপিতা দ্রৌপদীর এবং পিতৃদেবের আকাঙ্ক্ষিত বিষয়ের নিকট অনৃণী হইব ॥৮॥

আর কৌরব ! আজ আমি যুদ্ধে ভীমসেনের নিকটেও অনৃণী হইব। কারণ, তুমি যদি সমরাঙ্গন পরিত্যাগ না কর, তবে জীবিত অবস্থায় আমার নিকট হইতে মুক্ত হইতে পারিবে না' ॥৯॥

এইরূপ বলিয়া মহাবাহু ও বিপক্ষবীরহন্তা অভিমন্যু কাল, অগ্নি ও বায়ুর তুল্য মহাশক্তিশালী দুঃশাসননাশক একটা বাণ সন্ধান করিলেন ॥১০॥

সেই বাণটা দুঃশাসনের বক্ষের নিকটে সত্বর যাইয়া তাঁহার স্কন্ধসন্ধিস্থান ভেদ করিয়া—সর্প যেমন উয়ীমৃত্তিকার ভিতরে গমন করে, সেইরূপ পুঙ্খের সহিত গমন করিল ॥১১॥

তাহার পর আবার অভিমন্যু অগ্নিসমস্পর্শ এবং আকর্ণাকৃষ্ট কার্ম্মুকদ্বারা সমানভাবে নিক্ষিপ্ত পঁচিশটা বাণদ্বারা তাঁহাকে পীড়ন করিলেন ॥১২॥

মহারাজ ! তখন দুঃশাসন দৃঢ়বিদ্ধ ও ব্যথিত হইয়া রথের উপরে বসিয়া পড়িলেন এবং গুরুতর মূর্চ্ছা প্রাপ্ত হইলেন ॥১৩॥

সারথিস্ত্বরমাণস্তু দুঃশাসনমচেতনম্।
রণমধ্যাদপোবাহ সৌভদ্রশরপীড়িতম্ ॥১৪॥
পাণ্ডবা দ্রৌপদেয়াশ্চ বিরাটশ্চ সমীক্ষ্য তম্।
পাঞ্চালাঃ কেকয়াশ্চৈব সিংহনাদমথানদন্ ॥১৫॥
বাদিত্রাণি চ সর্বাণি নানালিঙ্গানি সর্ব্বশঃ।
প্রাবাদয়ন্ত সংহৃষ্টাঃ পাণ্ডূনাং তত্র সৈনিকাঃ ॥১৬॥
অপশ্যন্ স্ময়মানাশ্চ সৌভদ্রস্য বিচেষ্টিতম্।
অত্যন্তবৈরিণং দৃপ্তং দৃষ্ট্বা শত্রুং পরাজিতম্ ॥১৭॥
ধর্ম্মমারুতশক্রাণামশ্বিনোঃ প্রতিমাস্তথা।
ধারয়ন্তো ধ্বজাগ্রেষু দ্রৌপদেয়া মহারথাঃ ॥১৮॥
সাত্যকিশ্চেকিতানশ্চ ধৃষ্টদ্যুম্নশিখণ্ডিনৌ।
কৈকেয়া ধৃষ্টকেতুশ্চ মৎস্যপাঞ্চালসৃঞ্জয়াঃ ॥১৯॥
পাণ্ডবাশ্চ মুদা যুক্তা যুধিষ্ঠিরপুরোগমাঃ।
অভ্যদ্রবন্ত ত্বরিতা দ্রোণানীকং বিভিৎসবঃ ॥২০॥ (বিশেষকম্)

সারথিরিতি। অপোবাহ অন্যত্রাপসারয়ামাস ॥১৪॥

পাণ্ডবা ইতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পঞ্চ পুত্রাঃ, সমীক্ষ্য দূরাৎ। অনদন্ অকুর্বন্ ॥১৫॥

বাদিত্রাণীতি। নানালিঙ্গানি বহুবিধচিহ্নানি। সৈনিকাঃ সৈনিকান্তর্গতবাদ্যকারাঃ ॥১৬॥

অপশ্যন্নিতি। স্ময়মানা মৃদু হসন্তঃ। বিচেষ্টিতং কার্য্যম্। দৃপ্তং গর্বিতম্ ॥১৭॥

ধর্ম্মেতি। প্রতিমা বিগ্রহান্। ধারয়ন্তঃ স্থাপয়ন্তঃ। কৈকেয়াঃ পঞ্চ। মুদা অভিমন্যু-জয়দর্শনাদানন্দেন। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্। বিভিৎসবো ভেত্তুমিচ্ছবঃ ॥১৮—২০॥

সেই সময়ে তাঁহার সারথি ত্বরান্বিত হইয়া অভিমন্যুর বাণে পীড়িত ও অচেতন দুঃশাসনকে সমরমধ্য হইতে অপসৃত করিল ॥১৪॥

পাণ্ডবগণ, দ্রৌপদীর পুত্রগণ, বিরাট, পাঞ্চালগণ ও কেকয়গণ দূর হইতে অভিমন্যুকে দেখিয়া সিংহনাদ করিয়া উঠিলেন ॥১৫॥

এবং তখন পাণ্ডবসেনার বাদ্যকারেরা আনন্দিত হইয়া সমস্ত স্থানে নানাবিধ-চিহ্নযুক্ত সমস্ত বাদ্য বাজাইতে লাগিল ॥১৬॥

আর অত্যন্তবিদ্বেষী ও গর্বিত দুঃশাসনকে পরাজিত দেখিয়া মৃদু হাস্য করিতে থাকিয়া অভিমন্যুর কার্য্য দেখিতে থাকিল ॥১৭॥

তাহার পর ধ্বজের উপরিভাগে ধর্ম্ম, বায়ু, ইন্দ্র ও অশ্বিনীকুমারদ্বয়ের

(১৪)···ত্বরমাণস্তম্··পি। (১৭)···দৃষ্ট্বা শত্রুং পরাঙ্মুখম্—পি। (১৯)···মৎস্যাঃ পাঞ্চালসৃঞ্জয়াঃ···বা, মাৎস্যাঃ পাঞ্চালসৃঞ্জয়াঃ—নি।

ততোঽভবন্মহাযুদ্ধং ত্বদীয়ানাং পরৈঃ সহ।
জয়মাকাঙ্ক্ষমাণানাং শূরাণামনিবর্ত্তিনাম্ ॥২১॥
তথা প্রবর্ত্তমানে বৈ সংগ্রামেঽতিভয়ঙ্করে।
দুর্য্যোধনো মহারাজ ! রাধেয়মিদমব্রবীৎ ॥২২॥
পশ্য দুঃশাসনং বীরমভিমন্যুবশং গতম্।
প্রতপন্তমিবাদিত্যং নিঘ্নন্তং শাত্রবান্ রণে ॥২৩॥
অথ চৈতে সুসংরব্ধাঃ সিংহা ইব বলোৎকটাঃ।
সৌভদ্রমুদ্যতাস্ত্রাতুমভ্যধাবন্ত পাণ্ডবাঃ ॥২৪॥
ততঃ কর্ণঃ শরৈস্তীক্ষ্ণৈরভিমন্যুং দুরাসদম্।
অভ্যবর্ষত সংক্রুদ্ধঃ পুত্রস্য হিতকৃত্তব ॥২৫॥

তত ইতি। অনিবর্ত্তিনাং বিপৎপাতসম্ভাবনায়ামপীতি ভাবঃ ॥২১॥
তথেতি। রাধেয়ং রাধায়াস্তদাখ্যায়া অধিরথপত্ন্যাঃ পুত্রং কর্ণম্ ॥২২॥
পশ্যেতি। আদিত্যমিব শাত্রবান্ প্রতপন্তং নিঘ্নন্তঞ্চেতি সম্বন্ধঃ ॥২৩॥
অথেতি। সুসংরব্ধা অতীবোৎসাহিনঃ, বলেন উৎকটা মত্তাঃ ॥২৪॥
তত ইতি। পুত্রস্য দুর্য্যোধনস্য ॥২৫॥

প্রতিমূর্ত্তি স্থাপনকারী মহারথ দ্রৌপদীপুত্রগণ, সাত্যকি, চেকিতান, ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, ধৃষ্টকেতু, কেকয়গণ, মৎস্য, পাঞ্চাল ও সৃঞ্জয়গণ এবং যুধিষ্ঠিরপ্রভৃতি পাণ্ডবেরা আনন্দিত হইয়া দ্রোণসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া সত্বর ধাবিত হইলেন ॥১৮—২০॥

রাজা ! তদনন্তর বিপক্ষগণের সহিত আপনার পক্ষের জয়াভিলাষী ও অনিবর্ত্তী বীরগণের মহাযুদ্ধ হইতে লাগিল ॥২১॥

মহারাজ ! অতিভয়ঙ্কর যুদ্ধ সেইভাবে চলিতে লাগিলে, দুর্য্যোধন কর্ণকে এই কথা বলিলেন—॥২২॥

'কর্ণ ! দেখ—বীর দুঃশাসন যুদ্ধে সূর্য্যের ন্যায় শত্রুগণকে সন্তপ্ত ও নিহত করিতেছিলেন, সেই অবস্থাতেই তিনি অভিমন্যুর বশীভূত হইয়াছেন ॥২৩॥

আবার অত্যন্ত উৎসাহী এবং সিংহের ন্যায় বলমত্ত এই পাণ্ডবেরাও অভিমন্যুকে রক্ষা করিবার জন্য উদ্যত হইয়া তোমাদের অভিমুখে ধাবিত হইয়াছে' ॥২৪॥

রাজা ! তাহার পর আপনার পুত্রের হিতকারী কর্ণ অত্যন্তক্রুদ্ধ হইয়া দুর্দ্ধর্ষ অভিমন্যুর উপরে তীক্ষ্ণ বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥২৫॥

তস্য চানুচরাংস্তীক্ষ্ণৈর্বিব্যাধ পরমেষুভিঃ।
অবজ্ঞাপূর্ব্বকং শূরঃ সৌভদ্রস্য রণাজিরে ॥২৬॥
অভিমন্যুস্তু রাধেয়ং ত্রিসপ্তত্যা শিলীমুখৈঃ।
অবিধ্যত্বরিতো রাজন্! দ্রোণং প্রেপ্সুর্মহামনাঃ ॥২৭॥
তং তথা নাশকৎ কশ্চিদ্দ্রোণাদ্বারয়িতুং রথী।
আরুজন্তং রথশ্রেষ্ঠান্ বজ্রহস্তাত্মজাত্মজম্ ॥২৮॥
ততঃ কর্ণো জয়প্রেপ্সুর্মানী সর্বধনুষ্মতাম্।
সৌভদ্রং শতশোঽবিধ্যদুত্তমাস্ত্রাণি দর্শয়ন্ ॥২৯॥
সোঽস্ত্রৈরস্ত্রবিদাং শ্রেষ্ঠো রামশিষ্যঃ প্রতাপবান্।
সমরে শত্রুদুর্দ্ধর্ষমভিমন্যুমপীড়য়ৎ ॥৩০॥
স তথা পীড্যমানস্তু রাধেয়েনাস্ত্রবৃষ্টিভিঃ।
সমরেঽমরসঙ্কাশঃ সৌভদ্রো ন ব্যসীদত ॥৩১॥

তস্যেতি। অবজ্ঞাপূর্বকং দুর্বলবোধাৎ, শূরঃ কর্ণঃ ॥২৬॥
অভীতি। শিলীমুখৈর্বাণৈঃ প্রেপ্সুর্দ্ধায় প্রাপ্তুমিচ্ছুঃ ॥২৭॥
তমিতি। আরুজন্তং ভঞ্জন্তম্। বজ্রহস্ত ইন্দ্রস্তদাত্মজোঽর্জ্জুনস্তদাত্মজমভিমন্যুম্ ॥২৮॥
তত ইতি। উত্তমাস্ত্রাণি দর্শয়ন্ আবিষ্কুর্বন্ বীরত্বপ্রদর্শনায় ॥২৯॥
স ইতি। স কর্ণঃ। রামস্য জামদগ্ন্যস্য শিষ্যঃ ॥৩০॥
স ইতি। অমরসঙ্কাশো দেবতুল্যপ্রভাবঃ। ন ব্যসীদত নাবসন্নোঽভবৎ ॥৩১॥

এবং বীর কর্ণ তীক্ষ্ণ ও উত্তম বাণসমূহদ্বারা সমরাঙ্গনে অবজ্ঞাপূর্ব্বক অভিমন্যুর অনুচরগণকেও বিদ্ধ করিতে থাকিলেন ॥২৬॥

রাজা! তখন মহামনা অভিমন্যুও দ্রোণের নিকট যাইবার ইচ্ছা করিয়া সত্বর ত্রিসপ্ততি বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিলেন ॥২৭॥

রথী অভিমন্যু সেইভাবে রথিশ্রেষ্ঠগণকে পরাভূত করিতে লাগিলে, কোন ব্যক্তিই তাঁহাকে দ্রোণের নিকটে যাইবার সময়ে বারণ করিতে পারিল না ॥২৮॥

তদনন্তর জয়াভিলাষী ও সমস্ত ধনুর্দ্ধরের মধ্যে অভিমানী কর্ণ উত্তম উত্তম অস্ত্র দেখাইতে থাকিয়া শত শত বার অভিমন্যুকে বিদ্ধ করিলেন ॥২৯॥

এবং পরশুরামের শিষ্য, অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ ও প্রতাপশালী কর্ণ যুদ্ধে নানাবিধ অস্ত্রদ্বারা শত্রুদুর্দ্ধর্ষ অভিমন্যুকে পীড়ন করিতে লাগিলেন ॥৩০॥

দেবতুল্যপ্রভাবশালী অভিমন্যু কর্ণের অস্ত্রবর্ষণে সেইরূপ পীড়িত হইতে থাকিয়াও যুদ্ধে অবসন্ন হইলেন না ॥৩১॥

(২৮)...আরুজন্তং রথব্রাতান্...বা নি। (৩১)...সৌভদ্রো ন ব্যশীর্য্যত—বা নি।

ততঃ শিলাশিতৈস্তীক্ষ্ণৈর্ভল্লৈরানতপর্ব্বভিঃ।
ছিত্ত্বা ধনূংষি শূরাণামার্জ্জুনিঃ কর্ণমার্দ্দয়ৎ ॥৩২॥
ধনুর্মণ্ডলনির্ম্মুক্তৈঃ শরৈরাশীবিষোপমৈঃ।
সচ্ছত্রধ্বজযন্তারং সাশ্বমাশু স্ময়ন্নিব ॥৩৩॥ (যুগ্মকম্)
কর্ণোঽপি চাস্য চিক্ষেপ বাণান্ সন্নতপর্ব্বণঃ।
অসংভ্রান্তশ্চ তান্ সর্বানগৃহ্ণাৎ ফাল্গুনাত্মজঃ ॥৩৪॥
ততো মুহূর্ত্তাৎ কর্ণস্য বাণেনৈকেন বীর্য্যবান্।
সধ্বজং কার্ম্মুকং বীরশ্ছিত্ত্বা ভূমৌ ন্যপাতয়ৎ ॥৩৫॥
ততঃ কৃচ্ছ্রগতং কর্ণং দৃষ্ট্বা কর্ণাদনন্তরঃ।
সৌভদ্রমভ্যয়াত্তূর্ণং দৃঢ়মুদ্যম্য কার্ম্মুকম্ ॥৩৬॥
তত উচ্চুক্রুশুঃ পার্থাস্তেষাঞ্চানুচরা জনাঃ।
বাদিত্রাণি চ সংজঘ্নুঃ সৌভদ্রঞ্চাপি তুষ্টুবুঃ ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধে দুঃশাসনকর্ণপরাজয়ে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

তত ইতি। আর্দ্দয়দপীড়য়ৎ। যন্তা সারথিঃ। স্ময়ন্ ঈষদ্ধসন্ ॥৩২—৩৩॥
কর্ণ ইতি। অসংভ্রান্তঃ অবিচলিতচিত্তঃ। ফাল্গুনাত্মজোঽর্জ্জুনপুত্রঃ ॥৩৪॥
তত ইতি। একেনেতি বীপ্সাবগন্তব্যা। বীরঃ অভিমন্যুরেব ॥৩৫॥
তত ইতি। কৃচ্ছ্রগতং বিপদাপন্নম্। অনন্তরঃ পশ্চাজ্জাতঃ কনিষ্ঠভ্রাতা ॥৩৬॥

তাহার পর অভিমন্যু শিলাশাণিত, তীক্ষ্ণ ও নতপর্ব্ব ভল্লসমূহদ্বারা কর্ণ-সহচর বীরগণের ধনুগুলি ছেদন করিয়া ঈষৎ হাস্য করতই যেন মণ্ডলীকৃত কার্ম্মুকনিক্ষিপ্ত সর্পতুল্য বাণসমূহদ্বারা ছত্র, ধ্বজ, সারথি ও অশ্বগণের সহিত কর্ণকে পীড়ন করিলেন ॥৩২—৩৩॥

কর্ণও অভিমন্যুর উপরে নতপর্ব বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন; আবার অভিমন্যুও অবিচলিত চিত্তে সেই বাণ সকল গ্রহণ করিতে থাকিলেন ॥৩৪॥

ক্রমে বলবান্ ও বীর অভিমন্যু এক এক বাণে কর্ণের ধ্বজ ও ধনু ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥৩৫॥

তখন কর্ণ বিপদাপন্ন হইয়াছেন দেখিয়া কর্ণের কনিষ্ঠ ভ্রাতা সত্বর দৃঢ় ধনু উদ্যত করিয়া অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥৩৬॥

(৩৫)…ভূমাবপাতয়ৎ—বা ব নি। (৩৬) ততঃ কৃচ্ছ্রং গতং কর্ণম্…পি। * '‥ একোনচত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '‥ চত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

সপ্তত্রিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

সোঽভিগর্জ্জন্ ধনুষ্পাণির্জ্যাং বিকর্ষন্ পুনঃ পুনঃ।
তয়োর্মহাত্মনোস্তূর্ণং রথান্তরমবাপতৎ ॥১॥
সোঽবিধ্যদ্দশভির্ব্বাণৈরভিমন্যুং দুরাসদম্।
সচ্ছত্রধ্বজযন্তারং সাশ্বমাশু স্ময়ন্নিব ॥২॥
পিতৃপৈতামহং কর্ম্ম কুর্ব্বাণমতিমানুষম্।
দৃষ্ট্বার্দ্দিতং শরৈঃ কার্ষ্ণিং ত্বদীয়া হৃষিতাভবন্ ॥৩॥

তত ইতি। উচ্চুক্রুশুঃ উচ্চৈরানন্দকোলাহলং চক্রুঃ, পার্থাঃ পাণ্ডবাঃ ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

স ইতি। তয়োঃ কর্ণাভিমন্ব্যোঃ। রথয়োরন্তরং মধ্যম্, অবাপতদগচ্ছৎ ॥১॥
স ইতি। ছত্রেণ ধ্বজেন যন্ত্রা সারথিনা চ সহ তম্। স্ময়ন্ ঈষদ্ধসন্ ॥২॥
পিত্রিতি। কর্ম্ম যুদ্ধম্। কার্ষ্ণিমভিমন্যুম্। হৃষিতাভবন্নিতি সন্ধিরার্ষঃ ॥৩॥

সেই সময়ে পাণ্ডবগণ ও তাঁহাদের অনুচরগণ উচ্চস্বরে আনন্দকোলাহল করিয়া উঠিলেন, বাদ্যকারেরা বাদ্য বাজাইতে লাগিল এবং অন্য সকলে অভিমন্যুর প্রশংসা করিতে থাকিল' ॥৩৭॥

সঞ্জয় বলিলেন—'কর্ণের সেই ভ্রাতা ধনু ধারণ করিয়া বার বার গর্জ্জন ও ধনুর গুণ আকর্ষণ করতঃ কর্ণ ও অভিমন্যুর রথদ্বয়ের মধ্যস্থানে যাইয়া উপস্থিত হইলেন ॥১॥

তৎপরে তিনি ঈষৎ হাস্য করতই যেন দশটা বাণদ্বারা ছত্র, ধ্বজ, সারথি ও অশ্বগণের সহিত দুর্দ্ধর্ষ অভিমন্যুকে সত্বর বিদ্ধ করিলেন ॥২॥

পিতা যে কার্য্য করিতেছেন এবং পিতামহপ্রভৃতি যে কার্য্য করিয়া গিয়াছেন, সেই অলৌকিক কার্য্য করিতে প্রবৃত্ত অভিমন্যুকে শরপীড়িত দেখিয়া আপনার পক্ষের লোকেরা আনন্দিত হইল ॥৩॥

(১) সোঽভ্যগচ্ছদ্ধনুষ্পাণিঃ···রথোঽন্তরমবাপতৎ—নি।

তস্যাভিমন্যুরায়ম্য স্ময়ন্নেকেন পত্রিণা।
শিরঃ প্রচ্যাবয়ামাস তদ্রথাৎ প্রাপতদ্ভুবি ॥৪॥
কর্ণিকারমিবাধূতং বাতেন পতিতং নগাৎ।
ভ্রাতরং নিহতং দৃষ্ট্বা রাজন্! কর্ণো ব্যথাং যযৌ ॥৫॥
বিমুখীকৃত্য কর্ণন্তু সৌভদ্রঃ কঙ্কপত্রিভিঃ।
অন্যানপি মহেষ্বাসাংস্তূর্ণমেবাভিদুদ্রুবে ॥৬॥
ততস্তদ্বিততং সৈন্যং হস্ত্যশ্বরথপত্তিমৎ।
ক্রুদ্ধোঽভিমন্যুরভিনত্তিগ্মতেজা মহারথঃ ॥৭॥
কর্ণস্তু বহুভির্ব্বাণৈরর্দ্দ্যমানোঽভিমন্যুনা।
অপায়াজ্জবনৈরশ্বৈস্ততোঽনীকমভজ্যত ॥৮॥
শলভৈরিব চাকাশে ধারাভিরিব চাবৃতে।
অভিমন্যোঃ শরৈ রাজন্! ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৯॥

তস্যেতি। আয়ম্য ধনুরাকৃষ্য। প্রচ্যাবয়ামাস দেহাৎ পৃথক্ চকার ॥৪॥
কর্ণীতি। কর্ণিকারং বৃক্ষম্, আধূতং কম্পিতম্। নগাৎ পর্বতাৎ ॥৫॥
বিমুখীতি। কঙ্কপত্রিভির্বাণৈঃ। অভিদুদ্রুবে অভিদধাব ॥৬॥
তত ইতি। বিততং বিস্তৃতম্। পত্তিঃ পদাতিঃ ॥৭॥
কর্ণ ইতি। অপায়াৎ সমরাঙ্গনাদপাসরৎ, জবনৈর্বেগবদ্ভিঃ। অনীকং সৈন্যম্ ॥৮॥

ক্রমে অভিমন্যু ঈষৎ হাস্য করতঃ ধনু আকর্ষণ করিয়া একটা বাণদ্বারা কর্ণের ভ্রাতার মস্তক ছেদন করিলেন; তখন তাহা ভূতলে পতিত হইল ॥৪॥

রাজা! বায়ুসঞ্চালিত কর্ণিকারবৃক্ষ যেমন পর্ব্বত হইতে পতিত হয়, সেইরূপ ভ্রাতা নিহত ও রথ হইতে পতিত হইয়াছেন দেখিয়া কর্ণ দারুণ ব্যথিত হইলেন ॥৫॥

অভিমন্যু বাণদ্বারা ক্রমে কর্ণকেও পরাঙ্মুখ করিয়া অন্যান্য মহাধনুর্দ্ধরগণের দিকে সত্বর ধাবিত হইলেন ॥৬॥

তাহার পর মহাতেজা ও মহারথ অভিমন্যু ক্রুদ্ধ হইয়া হস্তী, অশ্ব, রথ ও পদাতিযুক্ত সেই বিস্তৃত কৌরবসৈন্যকে ছিন্ন-ভিন্ন করিয়া তুলিলেন ॥৭॥

অভিমন্যু বহুতর বাণদ্বারা পীড়ন করিতে লাগিলে, কর্ণ বেগবান্ অশ্বগণের গুণে সত্বর সমরাঙ্গন হইতে অপসৃত হইলেন। তাহার পর কৌরবসৈন্য বিচ্ছিন্ন হইতে লাগিল ॥৮॥

(৫)···বাতেনাপতিতং নগাৎ···বা ব নি। (৮)···ততোঽনীকমভিদ্ভত···পি,···ততোঽনীকমভিদ্রবৎ···নি। (৯) শলভৈরিব চাকাশং ধারাভিরিব পর্ব্বতঃ।·· শরৈশ্ছন্নম্···নি।

তাবকানাস্তু যোধানাং বধ্যতাং নিশিতৈঃ শরৈঃ।
অন্যত্র সৈন্ধবাদ্রাজন্! ন স্ম কশ্চিদতিষ্ঠত ॥১০॥
সৌভদ্রস্তু ততঃ শঙ্খং প্রধ্মাপ্য পুরুষর্ষভঃ।
শীঘ্রমভ্যপতৎ সেনাং ভারতীং ভরতর্ষভ! ॥১১॥
স কক্ষেঽগ্নিরিবোৎসৃষ্টো নির্দ্দহংস্তরসা রিপূন্।
মধ্যে ভারতসৈন্যানামার্জ্জুনিঃ পর্য্যবর্ত্তত ॥১২॥
রথনাগাশ্বমনুজানর্দ্দয়ন্ নিশিতৈঃ শরৈঃ।
স প্রবিশ্যাকরোদ্ভূমিং কবন্ধগণসঙ্কুলাম্ ॥১৩॥
সৌভদ্রচাপপ্রভবৈর্নিকৃত্তাঃ পরমেষুভিঃ।
স্বানেবাভিমুখান্ ঘ্নন্তঃ প্রাদ্রবন্ জীবিতার্থিনঃ ॥১৪॥

শলভৈরিতি। শলভৈঃ পতঙ্গৈঃ, ধারাভির্মেঘবৃষ্টিস্রবৈঃ ॥৯॥
তাবকানামিতি। বধ্যতাং বধ্যমানানাম্। অন্যত্র অন্যং, সৈন্ধবাজ্জয়দ্রথাৎ ॥১০॥
সৌভদ্র ইতি। প্রধ্মাপ্য বাদয়িত্বা। ভারতীং কৌরবীম্ ॥১১॥
স ইতি। কক্ষে তৃণরাশৌ, উৎসৃষ্টঃ অর্পিতঃ, তরসা বেগেন ॥১২॥
রথেতি। নাগা হস্তিনঃ। সঃ অভিমন্যুঃ। কবন্ধঃ শিরঃশূন্যদেহঃ ॥১৩॥
সৌভদ্রেতি। সৌভদ্রচাপপ্রভবৈরভিমন্যুকার্ম্মুকনির্গতৈঃ, নিকৃত্তাশ্ছিন্নাঃ ॥১৪॥

রাজা! পতঙ্গ ও জলধারার ন্যায় অভিমন্যুর বাণে আকাশ আবৃত হইলে, কিছুই দেখা গেল না ॥৯॥

রাজা! আপনার পক্ষের যোদ্ধারা অভিমন্যুর তীক্ষ্ণবাণে নিহত হইতে থাকিলে, এক জয়দ্রথভিন্ন অপর কেহই রণস্থলে রহিল না ॥১০॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর পুরুষশ্রেষ্ঠ অভিমন্যু শঙ্খধ্বনি করিয়া সত্বর কৌরবসৈন্যের উপরে আপতিত হইলেন ॥১১॥

তৃণরাশিতে প্রদত্ত অগ্নির ন্যায় অভিমন্যু বেগে শত্রুগণকে দগ্ধ করিতে থাকিয়া কৌরবসৈন্যমধ্যে অবস্থান করিতে লাগিলেন ॥১২॥

ক্রমে তিনি তাহাতে প্রবেশ করিয়া নিশিত শরসমূহদ্বারা হস্তী, অশ্ব, রথী ও পদাতিদিগকে পীড়ন করিতে থাকিয়া সমরভূমিকে কবন্ধগণে ব্যাপ্ত করিয়া ফেলিলেন ॥১৩॥

অভিমন্যুর কার্ম্মুকনির্গত উত্তম বাণসমূহ যাইয়া ছেদন করিতে লাগিলে, বিপক্ষেরা আপন পক্ষের লোকদিগকেই আঘাত করতঃ জীবনরক্ষার্থী হইয়া পলায়ন করিতে লাগিল ॥১৪॥

(১১)…প্রধ্মায়…নি।

তে ঘোরা রৌদ্রকর্ম্মাণো বিপাঠা বহবঃ শিতাঃ ।
নিঘ্নন্তো রথনাগাশ্বান্ জগ্মুরাশু বসুন্ধরাম্ ॥১৫॥
সায়ুধাঃ সাঙ্গুলিত্রাণাঃ সগদাঃ সাঙ্গদা রণে ।
দৃশ্যন্তে বাহবশ্ছিন্না হেমাভরণভূষিতাঃ ॥১৬॥
শরাশ্চাপানি খড়্গাশ্চ শরীরাণি শিরাংসি চ ।
সকুণ্ডলানি স্রগ্বীণি ভূমাবাসন্ সহস্রশঃ ॥১৭॥
সোপস্করৈরধিষ্ঠানৈরীশাদণ্ডকবন্ধুরৈঃ ।
অক্ষৈর্বিমথিতৈশ্চক্রৈর্ব্বহুধা পতিতৈর্যুগৈঃ ॥১৮॥
শক্তিচাপাসিভিশ্চৈব পতিতৈশ্চ মহাধ্বজৈঃ ।
চর্ম্মচাপশরৈশ্চৈব ব্যবকীর্ণৈঃ সমন্ততঃ ॥১৯॥
নিহতৈঃ ক্ষত্রিয়ৈরশ্বৈর্ব্বারণৈশ্চ বিশাংপতে ! ।
অগম্যরূপা পৃথিবী ক্ষণেনাসীৎ সুদারুণা ॥২০॥ (বিশেষকম্)

ত ইতি। বিপাঠা বাণবিশেষাঃ। জগ্মুঃ প্রবিবিশুঃ, বসুন্ধরাং রণভূমিম্ ॥১৫॥
সায়ুধা ইতি। অঙ্গুলিত্রাণৈশ্চর্ম্মনির্ম্মিতৈরঙ্গুলিত্রৈঃ সহেতি তে ॥১৬॥
শরা ইতি। স্রজো মালা এষাং সন্তীতি স্রগ্বীণি। মত্বর্থীয়ো বিণ্ ॥১৭॥
সোপেতি। উপস্করাদীনি রথাঙ্গানি প্রাগ্‌বিবৃতানি। সগুণনির্গুণভেদাচ্চাপস্য দ্বিরুক্তিঃ। ব্যবকীর্ণৈর্বিক্ষিপ্তৈঃ। বারণৈর্হস্তিভিঃ। অগম্যরূপা ব্যাপ্তত্বাৎ, পৃথিবী সমরভূমিঃ ॥১৮—২০॥

অভিমন্যুনিক্ষিপ্ত ভয়ঙ্করমূর্ত্তি ও ভয়ঙ্করকার্য্যকারী বহুতর সুধার বিপাঠ (বাণবিশেষ) হস্তী, অশ্ব ও রথ বিনাশ করতঃ সত্বর সমরভূমিতে প্রবেশ করিতে লাগিল ॥১৫॥

অস্ত্র, অঙ্গুলিত্র, গদা ও অঙ্গদযুক্ত এবং অন্যান্য স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত ছিন্ন বাহু সকল দেখা যাইতে থাকিল ॥১৬॥

সহস্র সহস্র বাণ, ধনু, তরবারি, শরীর এবং কুণ্ডল ও মালাযুক্ত মস্তক ভূতলে পতিত হইতে লাগিল ॥১৭॥

নরনাথ! নিপতিত উপকরণ, আধারকাষ্ঠ, স্তম্ভদণ্ড, ভগ্ন চক্রের কাষ্ঠ, চক্র, বহুতর তির্য্যক্ দারু (তেরচা কাঠ), শক্তি, গুণযুক্ত ধনু, তরবারি, বিশাল, ধ্বজ, ইতস্ততঃ বিক্ষিপ্ত চর্ম্ম (ঢাল), গুণশূন্য ধনু ও বাণ এবং নিহত ক্ষত্রিয়, অশ্ব ও হস্তিদ্বারা সমরভূমি ক্ষণকালমধ্যে অগম্য ও অতিভয়ঙ্কর হইয়া পড়িল ॥১৮—২০॥

(২০) · অগম্যকল্পা পৃথিবী···পি।

বধ্যতাং রাজপুত্রাণাং ক্রন্দতামিতরেতরম্।
প্রাদুরাসীন্মহাশব্দো ভীরূণাং ভয়বর্দ্ধনঃ ॥২১॥
স শব্দো ভরতশ্রেষ্ঠ! দিশঃ সর্ব্বা ব্যনাদয়ৎ।
সৌভদ্রশ্চাদ্রবৎ সেনাং ঘ্নন্ নরাশ্বরথদ্বিপান্ ॥২২॥
কক্ষমগ্নিরিবোৎসৃষ্টো নির্দ্দহংস্তরসা রিপূন্।
মধ্যে ভারতসৈন্যানামার্জ্জুনিঃ প্রত্যদৃশ্যত ॥২৩॥
বিচরন্তং দিশঃ সর্ব্বাঃ প্রদিশশ্চাপি ভারত!।
তং তদা নানুপশ্যামঃ সৈন্যেন রজসাবৃতম্ ॥২৪॥
আদদানং গজাশ্বানাং নৃণাঞ্চায়ূংষি ভারত!।
ক্ষণেন ভূয়ঃ পশ্যামঃ সূর্য্যং মধ্যন্দিনে যথা।
অভিমন্যুং মহারাজ! প্রতপন্তং দ্বিষদ্গণান্ ॥২৫॥

বধ্যতামিতি। বধ্যতাম্ অভিমন্যুনা বধ্যমানানাম্, ক্রন্দতামাহ্বয়তাম্ ॥২১॥
স ইতি। অদ্রবৎ অভ্যধাবৎ, সেনাং কৌরবীয়াম্, ঘ্নন্ বিনাশয়ন্ ॥২২॥
কক্ষমিতি। কক্ষং তৃণরাশিম্। তরসা বেগেন। আর্জ্জুনিরভিমন্যুঃ ॥২৩॥
বিচরন্তমিতি। প্রদিশো বিদিশঃ। সৈন্যেন সৈন্যোত্তোলিতেন ॥২৪॥

বধ্যমান রাজপুত্রগণ পরস্পর আহ্বান করিতে থাকিলে, ভীরুজনের ভয়-বর্দ্ধক মহাশব্দ হইতে থাকিল ॥২১॥

ভরতশ্রেষ্ঠ! সেই শব্দ সমস্ত দিক্ নিনাদিত করিল এবং অভিমন্যুও পদাতি, অশ্ব, রথ ও হস্তিগণকে বিনাশ করিতে করিতে বিপক্ষসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥২২॥

প্রদত্ত অগ্নি যেমন তৃণরাশি দগ্ধ করে, সেইরূপ অভিমন্যু বেগে শত্রুগণকে দগ্ধ করিতে লাগিলেন; সেই অবস্থায় তাঁহাকে কৌরবসৈন্যমধ্যে দেখা গেল ॥২৩॥

ভরতনন্দন! অভিমন্যু তখন সমস্ত দিক্ ও বিদিক্ বিচরণ করিতেছিলেন; তথাপি সৈন্যগণের ধূলিজালে আবৃত থাকায় তাঁহাকে আমরা দেখিতেছিলাম না ॥২৪॥

ভরতনন্দন মহারাজ! ক্ষণকালমধ্যে আবার আমরা দেখিলাম—অভিমন্যু হস্তী, অশ্ব ও মনুষ্যগণের আয়ু হরণ করিতেছেন এবং মধ্যাহ্নকালের সূর্য্যের ন্যায় শত্রুগণকে সন্তপ্ত করিতেছেন ॥২৫॥

(২২)···বরাশ্বরথদ্বিপান্—নি। (২৪)···সৈন্যে চ রজসা বৃতে—নি।

স বাসবসমঃ সংখ্যে বাসবস্যাত্মজাত্মজঃ।
অভিমন্যুর্মহারাজ! সৈন্যমধ্যে ব্যরোচত ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে অভিমন্যুপরাক্রমে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ।

———:*:———

ধৃতরাষ্ট্র উবাচ।

বালমত্যন্তসুখিনং স্ববাহুবলদর্পিতম্।
যুদ্ধে সুকুশলং বীরং কুলপুত্রং তনুত্যজম্ ॥১॥
গাহমানমনীকানি সদশ্বৈশ্চ ত্রিহায়নৈঃ।
অপি যৌধিষ্ঠিরাৎ সৈন্যাৎ কশ্চিদন্বপতদ্বলী ॥২॥ (যুগ্মকম্)

আদদানমিতি। আদদানং সংহরন্তমিত্যর্থঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

স ইতি। বাসবসম ইন্দ্রতুল্যঃ, বাসবস্য ইন্দ্রস্য আত্মজোঽর্জ্জুনস্তদাত্মজঃ ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি অভিমন্যুবধে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

বালমিতি। কুলপুত্রং সদ্বংশজাতম্, তনুত্যজং দেহত্যাগায়োদ্যতম্। অপিঃ প্রশ্নে ॥১—২॥

মহারাজ! ক্রমে ইন্দ্রের পুত্রের পুত্র অভিমন্যু রণস্থলে বিপক্ষসৈন্যের মধ্যে ইন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন' ॥২৬॥

———০::০———

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! বালক, অত্যন্তসুখী, আপন বাহুবলে দর্পিত, যুদ্ধে বিশেষনিপুণ, বীর, সদ্বংশজাত ও দেহত্যাগে উদ্যত অভিমন্যু যখন ত্রিবর্ষ-বয়স্ক উত্তম অশ্বগণের গুণে কৌরবসৈন্য আলোড়ন করিতেছিল, তখন যুধিষ্ঠিরের সৈন্যমধ্য হইতে কোন বলবান্ যোদ্ধা তাহার অনুসরণ করিয়াছিলেন কি?' ॥১—২॥

---

* '...চত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '...একচত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি। (১)...যুদ্ধেষু কুশলম্...পি বা,...যুদ্ধেষ্বকুশলম্...নি।

সঞ্জয় উবাচ।

যুধিষ্ঠিরো ভীমসেনঃ শিখণ্ডী সাত্যকির্যমৌ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ দ্রুপদশ্চ সকেকয়ঃ ॥৩॥
ধৃষ্টকেতুশ্চ সংরব্ধো মৎস্যাশ্চান্বপতন্ রণে।
তেনৈব তু পথা যান্তঃ পিতরো মাতুলৈঃ সহ ॥৪॥
অভ্যদ্রবন্ পরীপ্সন্তো ব্যূঢ়ানীকাঃ প্রহারিণঃ।
তান্ দৃষ্ট্বা দ্রবতঃ শূরাংস্ত্বদীয়া বিমুখাভবন্ ॥৫॥ (বিশেষকম্)
ততস্তদ্বিমুখং দৃষ্ট্বা তব সূনোর্মহদ্বলম্।
জামাতা তব তেজস্বী তিস্তম্ভয়িষুরাদ্রবৎ ॥৬॥
সৈন্ধবস্য মহারাজ! পুত্রো রাজা জয়দ্রথঃ।
স পুত্রগৃদ্ধিনঃ পার্থান্ সহসৈন্যানবারয়ৎ ॥৭॥

যুধীতি। যমৌ নকুলসহদেবৌ। সংরব্ধ উৎসাহী। তেনৈব অভিমন্যুনা কৃতেনৈব। পিতরো যুধিষ্ঠিরাদয়ঃ, মাতুলৈঃ শিখণ্ডিপ্রভৃতিভিঃ। অভ্যদ্রবন্ অভ্যধাবন্, পরীপ্সন্তঃ অভিমন্যুং প্রাপ্তুমিচ্ছন্তঃ, ব্যূঢ়ানীকাঃ সজ্জীকৃতসৈন্যাঃ। বিমুখাভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৩—৫॥

তত ইতি। জামাতা জয়দ্রথঃ। তিস্তম্ভয়িষুঃ স্তম্ভয়িতুং বারয়িতুমিচ্ছুঃ ॥৬॥

সৈন্ধবস্যেতি। সিন্ধুরাজস্য বৃদ্ধক্ষত্রস্য। পুত্রগৃদ্ধিনঃ পুত্রবৎসলান্ ॥৭॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! যুধিষ্ঠির, ভীম, নকুল, সহদেব, শিখণ্ডী, সাত্যকি, ধৃষ্টদ্যুম্ন, বিরাট, দ্রুপদ, কেকয়গণ, উৎসাহী ধৃষ্টকেতু এবং মৎস্যদেশীয় অন্যান্য যোদ্ধারা অভিমন্যুর অনুসরণ করিয়াছিলেন। শিখণ্ডিপ্রভৃতি মাতুলগণের সহিত যুধিষ্ঠিরাদি পিতৃগণ ও অন্যান্য যোদ্ধারা অভিমন্যুর নিকটে যাইবার ইচ্ছায় সৈন্য সজ্জিত করিয়া প্রহারার্থী হইয়া অভিমন্যুকৃত পথেই যাইতে থাকিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন। সেই বীরগণকে দ্রুত আসিতে দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারা বিমুখ হইলেন ॥৩—৫॥

তখন আপনার পুত্রের বিশাল সৈন্যকে বিমুখ দেখিয়া আপনার তেজস্বী জামাতা জয়দ্রথ তাঁহাদিগকে বারণ করিবার ইচ্ছায় ধাবিত হইলেন ॥৬॥

মহারাজ! সিন্ধুরাজের পুত্র রাজা জয়দ্রথ ক্রমে সৈন্যগণের সহিত পুত্রবৎসল পাণ্ডবগণকে বারণ করিতে লাগিলেন ॥৭॥

(৪)···মাৎস্যাশ্চান্বপতন্ রণে—নি, মৎস্যাশ্চাভ্যপতন্ রণে—বা ব। (৬) ততস্তে বিমুখম্···পি,···সংস্তম্ভয়িষুরাদ্রবৎ—বা নি,···বিষ্টম্ভয়িষুরাদ্রবৎ—ব।

উগ্রধন্বা মহেষ্বাসো দিব্যমস্ত্রমুদীরয়ন্।
বার্দ্ধক্ষত্রিরুপাসেধৎ প্রবণাদিব কুঞ্জরঃ ॥৮॥
ধৃতরাষ্ট্র উবাচ।
অতিভারমহং মন্যে সৈন্ধবে সঞ্জয়াহিতম্।
যদেকঃ পাণ্ডবান্ ক্রুদ্ধান্ পুত্রপ্রেপ্সূনবারয়ৎ ॥৯॥
অত্যদ্ভুতমহং মন্যে বলং শৌর্য্যঞ্চ সৈন্ধবে।
তস্য প্রব্রূহি মে বীর্য্যং কর্ম্ম চাগ্র্যং মহাত্মনঃ ॥১০॥
কিং জপ্তং হুতমিষ্টং বা কিং সুতপ্তমথো তপঃ।
সিন্ধুরাজেন যেনৈকঃ ক্রুদ্ধান্ পার্থানবারয়ৎ ॥১১॥
সঞ্জয় উবাচ।
দ্রৌপদীহরণে যত্তদ্ভীমসেনেন নির্জিতঃ।
মানাৎ স তপ্তবান্ রাজা বরার্থী সুমহত্তপঃ ॥১২॥

উগ্রেতি। বার্দ্ধক্ষত্রিঃ বৃদ্ধক্ষত্রপুত্রো জয়দ্রথঃ, উপাসেধৎ পাণ্ডবাদীন্ ন্যবারয়ৎ, প্রবণাৎ ক্রমনিম্নদেশাৎ, "প্রবণং ক্রমনিম্নোর্ব্যাং প্রহ্বে না তু চতুষ্পথে" ইত্যমরঃ ॥৮॥

অতীতি। সৈন্ধবে জয়দ্রথে, আহিতং সেনাপতিনা দুর্য্যোধনেন বা স্থাপিতম্ ॥৯॥

অতীতি। বলং শক্তিম্, শৌর্য্যমুৎসাহম্। বীর্য্যং শিক্ষাদাক্ষ্যম্, অগ্র্যং প্রধানম্ ॥১০॥

কিমিতি। ইষ্টং যজ্ঞঃ কৃতঃ, সুতপ্তং সুষ্ঠু কৃতম্। যেন হেতুনা ॥১১॥

দ্রৌপদীতি। তপ্তবান্ কৃতবান্, রাজা জয়দ্রথঃ ॥১২॥

হস্তী যেমন ক্রমনিম্নস্থান হইতে শত্রুকে নিবারণ করে, সেইরূপ ভীষণধন্বা ও মহাধনুর্দ্ধর জয়দ্রথ অলৌকিক অস্ত্র সকল নিক্ষেপ করিতে থাকিয়া পাণ্ডবপক্ষকে নিবারণ করিতে লাগিলেন' ॥৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! আমি মনে করি—জয়দ্রথের উপরে গুরুতর ভার ন্যস্ত করা হইয়াছিল। যে হেতু তিনি একাকী—পুত্রের নিকট গমনার্থী ও ক্রুদ্ধ পাণ্ডবপক্ষকে বারণ করিতেছিলেন ॥৯॥

আমি আরও মনে করি—জয়দ্রথের শক্তি ও উৎসাহ অত্যন্ত অদ্ভুতই বটে। সে যাহা হউক, সেই মহাত্মার শক্তি ও প্রধান কার্য্যগুলি তুমি আমার নিকট বল ॥১০॥

জয়দ্রথ কি জপ, কি হোম, কি যজ্ঞ, অথবা কোন্ তপস্যা করিয়াছিলেন, যাহার বলে তিনি একাকী ক্রুদ্ধ পাণ্ডবগণকে বারণ করিতে লাগিলেন' ॥১১॥

সঞ্জয় বলিলেন—'দ্রৌপদীহরণের সময়ে ভীম সেই যে জয়দ্রথকে জয়

(৮)…বার্দ্ধক্ষেত্রিঃ…পি ব। (১১)…কিং দত্তং হুতমিষ্টং বা সুতপ্তমথবা তপঃ…পি ব।

ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যঃ প্রিয়েভ্যঃ সন্নিবর্ত্ত্য সঃ।
ক্ষুৎপিপাসাতপসহঃ কৃশো ধমনিসন্ততঃ ॥১৩॥
দেবমারাধয়ৎ সর্ব্বং গৃণন্ ব্রহ্ম সনাতনম্।
ভক্তানুকম্পী ভগবাংস্তস্য চক্রে ততো দয়াম্ ॥১৪॥ (যুগ্মকম্)
স্বপ্নান্তেঽপ্যথ চৈবাহ হরঃ সিন্ধুপতেঃ সুতম্।
বরং বৃণীষ্ব প্রীতোঽস্মি জয়দ্রথ! কিমিচ্ছসি ॥১৫॥
এবমুক্তস্তু সর্ব্বেণ সিন্ধুরাজো জয়দ্রথঃ।
উবাচ প্রণতো রুদ্রং প্রাঞ্জলির্নিয়তাত্মবান্ ॥১৬॥
পাণ্ডবেয়ানহং সংখ্যে ভীমবীর্য্যপরাক্রমান্।
বারয়েয়ং রথেনৈকঃ সমস্তানিতি ভারত! ॥১৭॥
এবমুক্তস্তু দেবেশো জয়দ্রথমথাব্রবীৎ।
দদানি তে বরং সৌম্য! বিনা পার্থং ধনঞ্জয়ম্ ॥১৮॥

ইন্দ্রিয়াণীতি। ইন্দ্রিয়ার্থেভ্যঃ শব্দাদিবিষয়েভ্যঃ। ধমনিভির্নাড়ীভিঃ সন্ততো ব্যাপ্তদেহঃ। সর্বং শিবম্, গৃণন্ স্তবন্, ব্রহ্ম পরমাত্মস্বরূপম্, সনাতনং নিত্যম্। ভগবান্ শিবঃ ॥১৩—১৪॥

স্বপ্নেতি। স্বপ্নস্য অন্তে মধ্যে, হরঃ স শিবঃ। সুতং জয়দ্রথম্ ॥১৫॥

এবমিতি। সর্বেণ শিবেন। নিয়তাত্মবান্ সংযতচিত্তঃ ॥১৬॥

পাণ্ডবেয়ানিতি। সংখ্যে যুদ্ধে। ইতি বরং প্রার্থয় ইতি শেষঃ ॥১৭॥

করিয়াছিলেন, সেই অভিমানে জয়দ্রথ বরপ্রার্থী হইয়া গুরুতর তপস্যা করিয়াছিলেন ॥১২॥

তিনি প্রিয় শব্দপ্রভৃতি বিষয় হইতে ইন্দ্রিয়গুলিকে নিবৃত্ত রাখিয়া ক্ষুধা, পিপাসা ও আতপ সহ্য করায় কৃশ ও নাড়ীব্যাপ্তদেহ হইয়া সর্ব্বদা সনাতন ব্রহ্মরূপে স্তব করিতে থাকিয়া মহাদেবের আরাধনা করিয়াছিলেন। তাহাতে ভক্তানুকম্পী ভগবান্ মহাদেব তাঁহার উপরে দয়া করিয়াছিলেন ॥১৩—১৪॥

একদিন মহাদেব আসিয়া স্বপ্নের মধ্যে জয়দ্রথকে বলিয়াছিলেন—'জয়দ্রথ! আমি সন্তুষ্ট হইয়াছি, বর গ্রহণ কর, তুমি কি ইচ্ছা কর—(বল)' ॥১৫॥

মহাদেব এইরূপ বলিলে, সিন্ধুরাজ জয়দ্রথ অবনত, কৃতাঞ্জলি ও সংযতচিত্ত হইয়া মহাদেবকে বলিলেন—॥১৬॥

(অর্থাৎ) ভরতনন্দন! তিনি এই বর প্রার্থনা করিলেন যে, 'আমি রথে আরোহণ করিয়া একাকী যুদ্ধে ভয়ঙ্করশক্তি-বিক্রমশালী সমস্ত পাণ্ডবকে যেন বারণ করিতে পারি' ॥১৭॥

বারয়িষ্যসি সংগ্রামে চতুরঃ পাণ্ডুনন্দনান্।
এবমস্ত্বিতি দেবেশমুক্ত্বাবুধ্যত পার্থিবঃ ॥১৯॥ (যুগ্মকম্)
স তেন বরদানেন দিব্যেনাস্ত্রবলেন চ।
একঃ সংবারয়ামাস পাণ্ডবানামনীকিনীম্ ॥২০॥
তস্য জ্যাতলঘোষেণ ক্ষত্রিয়ান্ ভয়মাবিশৎ।
পরাংস্তু তব সৈন্যস্য হর্ষঃ পরমকোঽভবৎ ॥২১॥
দৃষ্ট্বা তু ক্ষত্রিয়া ভারং সৈন্ধবে সর্ব্বমাহিতম্।
উৎক্রুশ্যাভ্যদ্রবন্ রাজন্! যেন যৌধিষ্ঠিরং বলম্ ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে জয়দ্রথপরাক্রমে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———০*০———

এবমিতি। হে সৌম্য! ভক্ত্যা সুন্দরস্বভাব!। চতুরঃ চতুঃসংখ্যকান্। অবুধ্যত নিদ্রাতো জাগরিতবান্, পার্থিবো জয়দ্রথঃ ॥১৮—১৯॥

স ইতি। স জয়দ্রথঃ। সংবারয়ামাস অভিমন্যুযুদ্ধকালে ॥২০॥

তস্যেতি। জ্যা ধনুর্গুণঃ তলং হস্তাবাপশ্চ তয়োর্ঘোষেণ! পরান্ বিপক্ষান্ ॥২১॥

দৃষ্ট্বেতি। ক্ষত্রিয়াঃ কৌরবীয়াঃ, সৈন্ধবে জয়দ্রথে। উৎক্রুশ্য উচ্চৈরাহূয় ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

জয়দ্রথ এইরূপ বলিলে, মহাদেব তাঁহাকে বলিলেন—'সৌম্য! আমি তোমাকে বর দিতেছি—তুমি যুদ্ধে পৃথানন্দন অর্জ্জুন ব্যতীত অপর চারি জন পাণ্ডবকেই বারণ করিতে পারিবে'। 'এইরূপই হউক' এই কথা মহাদেবকে বলিয়া জয়দ্রথ নিদ্রা হইতে জাগরিত হইলেন ॥১৮—১৯॥

জয়দ্রথ মহাদেবের সেই বরের প্রভাবে এবং অলৌকিক অস্ত্রের বলে একাকীই সে দিন পাণ্ডবসৈন্য বারণ করিতে পারিয়াছিলেন ॥২০॥

মহারাজ! সুতরাং জয়দ্রথের ধনুষ্টঙ্কারে ও তলশব্দে বিপক্ষ সৈন্যগণের ভয় উপস্থিত হইল এবং আপনার সৈন্যগণের অত্যন্ত আনন্দ জন্মিল ॥২১॥

রাজা! আপনার পক্ষের ক্ষত্রিয়েরা জয়দ্রথের উপরে সমস্ত ভার অর্পিত হইয়াছে দেখিয়া উচ্চস্বরে আহ্বান করিয়া—যে দিকে যুধিষ্ঠিরের সৈন্য ছিল, সেই দিকে ধাবিত হইলেন' ॥২২॥

———***———

* '…একচত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '…দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি

ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ।

———(ঃ*ঃ)———

সঞ্জয় উবাচ।

যন্মাং পৃচ্ছসি রাজেন্দ্র! সিন্ধুরাজস্য বিক্রমম্।
শৃণু তৎ সর্ব্বমাখ্যাস্যে যথা পাণ্ডূনযোধয়ৎ ॥১॥
তমূহুঃ সারথের্ব্বশ্যাঃ সৈন্ধবাঃ সাধুবাহিনঃ।
বিকুর্ব্বাণা বৃহন্তোঽশ্বাঃ শ্বসনোপমরংহসঃ ॥২॥
গন্ধর্ব্বনগরাকারং বিধিবৎ কল্পিতং রথম্।
তস্যাভ্যশোভয়ৎ কেতুর্ব্বারাহো রাজতো মহান্ ॥৩॥
শ্বেতচ্ছত্রপতাকাভিশ্চামরব্যজনেন চ।
স বভৌ রাজলিঙ্গৈস্তৈস্তারাপতিরিবাম্বরে ॥৪॥
মুক্তাবজ্রমণিস্বর্ণৈর্ভূষিতং তদয়স্ময়ম্।
বরূথং বিবভৌ তস্য জ্যোতির্ভিঃ খমিবাবৃতম্ ॥৫॥

যদিতি। পৃচ্ছসি, "তস্য প্রব্রূহি মে বীর্য্যম্" ইত্যাদিনা পূর্ব্বোক্তেনেত্যাশয়ঃ ॥১॥

তমিতি। ঊহুঃ ঊঢ়বন্তঃ। সৈন্ধবাঃ সিন্ধুদেশীয়াঃ, সাধু সুষ্ঠু বহন্তীতি তে। বিকুর্বাণা বিবিধাং গতিং কুর্ব্বন্তঃ। শ্বসনোপমরংহসো বায়ুতুল্যবেগাঃ ॥২॥

গন্ধর্ব্বেতি। কল্পিতং সজ্জিতম্। বারাহো বরাহচিহ্নিতঃ, রাজতো রৌপ্যময়ঃ ॥৩॥

শ্বেতেতি। রাজ্ঞাং লিঙ্গৈশ্চিহ্নৈঃ, তৈঃ শ্বেতচ্ছত্রাদিভিঃ, তারাপতিশ্চন্দ্রঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'রাজশ্রেষ্ঠ! আপনি যে সিন্ধুরাজ জয়দ্রথের বিক্রমের বিষয় আমার নিকট জিজ্ঞাসা করিলেন এবং তিনি যেভাবে পাণ্ডবদের সহিত যুদ্ধ করিয়াছিলেন, সে সমস্তই আমি বলিব, আপনি শ্রবণ করুন ॥১॥

সারথির বশীভূত, সিন্ধুদেশীয়, সুষ্ঠুভাবে বহনকারী ও বায়ুর তুল্য বেগবান্ বিশাল চারিটা অশ্ব নানাবিধ গতি অবলম্বন করিয়া সিন্ধুরাজকে বহন করিতে লাগিল ॥২॥

বরাহমূর্ত্তিচিহ্নিত, রজতময় ও বিশাল একটা ধ্বজ তাঁহার গন্ধর্ব্বনগরাকার ও যথাবিধানে সজ্জিত রথখানার শোভা জন্মাইতে থাকিল ॥৩॥

চন্দ্র যেমন আকাশে শোভা পান, সেইরূপ জয়দ্রথও সেই রথে রাজচিহ্ন-স্বরূপ শ্বেতচ্ছত্র, পতাকা ও চামরান্দোলনদ্বারা শোভা পাইতে লাগিলেন ॥৪॥

---

(২) তমূহুর্ব্বাজিনো বশ্যাঃ···বা নি।

স বিস্ফার্য্য মহচ্চাপং কিরন্নিষুগণান্ বহূন্।
তৎ খণ্ডং পূরয়ামাস যদার্জ্জুনিরদারয়ৎ ॥৬॥
স সাত্যকিং ত্রিভির্ব্বাণৈরষ্টভিশ্চ বৃকোদরম্।
ধৃষ্টদ্যুম্নং তথা ষষ্ট্যা বিরাটং দশভিঃ শরৈঃ ॥৭॥
দ্রুপদং পঞ্চভিস্তীক্ষ্ণৈঃ সপ্তভিশ্চ শিখণ্ডিনম্।
কেকয়ান্ পঞ্চবিংশত্যা দ্রৌপদেয়াংস্ত্রিভিস্ত্রিভিঃ ॥৮॥
যুধিষ্ঠিরন্তু সপ্তত্যা ততঃ শেষানপানুদৎ।
ইষুজালেন মহতা তদদ্ভুতমিবাভবৎ ॥৯॥ (বিশেষকম্)
অথাস্য শিতপীতেন ভল্লেনাদিশ্য কার্ম্মুকম্।
চিচ্ছেদ প্রহসন্ রাজা ধর্ম্মপুত্রঃ প্রতাপবান্ ॥১০॥
অক্ষ্ণোর্নিমেষমাত্রেণ সোঽন্যদাদায় কার্ম্মুকম্।
বিব্যাধ দশভিঃ পার্থং তাংশ্চৈবান্যাংস্ত্রিভিস্ত্রিভিঃ ॥১১॥

মুক্তেতি। বজ্রং হীরকম্। অয়স্ময়ং লৌহময়ম্। বরূথমাবরণম্। জ্যোতির্ভির্নক্ষত্রৈঃ ॥৫॥
স ইতি। খণ্ডং চক্রব্যূহস্য শূন্যদেশম্। আর্জ্জুনিরভিমন্যুঃ, অদারয়ৎ বিদার্য্যাকরোৎ ॥৬॥
স ইতি। স জয়দ্রথঃ। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। অপানুদদতাড়য়ৎ ॥৭—৯॥
অথেতি। শিতঃ শিলায়াং ঘর্ষণেন সুধারীকৃতঃ পীতঃ প্রাক্পীতরক্তশ্চ তেন ॥১০॥
অক্ষ্ণোরিতি। অক্ষ্ণোশ্চক্ষুষোঃ। দশভিঃ শরৈঃ, পার্থং যুধিষ্ঠিরম্ ॥১১॥

নক্ষত্রাবৃত আকাশ যেমন প্রকাশ পায়, সেইরূপ মণি, মুক্তা, স্বর্ণ ও হীরকমণ্ডিত তাঁহার লৌহময় রথাবরণ প্রকাশ পাইতে থাকিল ॥৫॥

এই অবস্থায় জয়দ্রথ বিশাল ধনু বিস্ফারিত করিয়া বহুতর বাণজাল নিক্ষেপ করিতে থাকিয়া—পূর্ব্বে অভিমন্যু বিদারণপূর্ব্বক চক্রব্যূহের যে স্থান শূন্য করিয়াছিলেন, সেই স্থান পূরণ করিলেন ॥৬॥

ক্রমে জয়দ্রথ তিন বাণে সাত্যকিকে, আট বাণে ভীমকে, ষাট বাণে ধৃষ্টদ্যুম্নকে, দশ বাণে বিরাটকে, পাঁচ বাণে দ্রুপদকে, সাত বাণে শিখণ্ডীকে, পঁচিশ বাণে কেকয়দিগকে, তিন তিন বাণে দ্রৌপদীর পুত্রগণকে, সত্তর বাণে যুধিষ্ঠিরকে এবং তৎপরে বিশাল বাণজালে অবশিষ্ট সকলকে তাড়ন করিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৭—৯॥

তাহার পর প্রতাপশালী রাজা যুধিষ্ঠির হাস্য করতঃ (এই তোমার ধনু ছেদন করিলাম) এই কথা বলিয়া সুধার ও রক্তপায়ী একটা ভল্লদ্বারা জয়দ্রথের ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥১০॥

(৮)···দশভিশ্চ শিখণ্ডিনম্···পি। (১১)···পার্থাংস্তাংশ্চৈবান্যাংস্ত্রিভিস্ত্রিভিঃ—পি বা।

তস্য তল্লাঘবং জ্ঞাত্বা ভীমো ভল্লৈস্ত্রিভিঃ পুনঃ।
ধনুর্ধ্বজঞ্চ চ্ছত্রঞ্চ ক্ষিতৌ ক্ষিপ্রমপাতয়ৎ ॥১২॥
সোঽন্যদাদায় বলবান্ সজ্যং কৃত্বা চ কার্ম্মুকম্।
ভীমস্যাপাতয়ৎ কেতুং ধনুরশ্বাংশ্চ মারিষ! ॥১৩॥
স হতাশ্বাদবপ্লুত্য ছিন্নধন্বা রথোত্তমাৎ।
সাত্যকেরাপ্লুতো যানং গির্য্যগ্রমিব কেশরী ॥১৪॥
ততস্ত্বদীয়াঃ সংহৃষ্টাঃ সাধু সাধ্বিতি বাদিনঃ।
সিন্ধুরাজস্য তৎ কর্ম্ম প্রেক্ষ্যাশ্রদ্ধেয়মদ্ভুতম্ ॥১৫॥
সংক্রুদ্ধান্ পাণ্ডবানেকো যদ্দধারাস্ত্রতেজসা।
তত্তস্য কর্ম্ম ভূতানি সর্বাণ্যেবাভ্যপূজয়ন্ ॥১৬॥

তস্যেতি। লাঘবং শরক্ষেপে শীঘ্রতাম্। অপাতয়ৎ ছিত্ত্বেতি শেষঃ ॥১২॥
স ইতি। স জয়দ্রথঃ। সজ্যং সগুণম্ ॥১৩॥
স ইতি। স ভীমঃ। আপ্লুত উৎপ্লুত্যারূঢ়ঃ, যানং রথম্ ॥১৪॥
তত ইতি। ইতি বাদিন আসন্। অশ্রদ্ধেয়ং পূর্ব্বমদর্শনাদবিশ্বাস্যম্ ॥১৫॥

তখন জয়দ্রথ চোখের নিমেষমধ্যে অন্য একখানা ধনু লইয়া দশটা বাণে যুধিষ্ঠিরকে এবং তিন তিনটা বাণে তাঁহাদের অন্য সকলকে বিদ্ধ করিলেন ॥১১॥

জয়দ্রথের সেই লঘুহস্ততা দেখিয়া ভীমসেন পুনরায় তিনটা ভল্লদ্বারা জয়দ্রথের ধনু, ধ্বজ ও ছত্র ছেদন করিয়া সত্বর ভূতলে নিপাতিত করিলেন ॥১২॥

মাননীয় রাজা! তখন জয়দ্রথ অন্য ধনু লইয়া এবং তাহাতে গুণারোপণ করিয়া ভীমের ধ্বজ, ধনু ও অশ্বগণকে নিপাত করিলেন ॥১৩॥

অশ্বগণ নিহত ও ধনু ছিন্ন হইলে, ভীমসেন নিজের উত্তম রথ হইতে লাফাইয়া পড়িয়া—সিংহ যেমন পর্ব্বতাগ্রে লাফাইয়া উঠে, সেইরূপ যাইয়া সাত্যকির রথে লাফাইয়া উঠিলেন ॥১৪॥

মহারাজ! তাহার পর আপনার পক্ষের যোদ্ধারা জয়দ্রথের সেই অবিশ্বাস্য ও অদ্ভুত কার্য্য দেখিয়া অত্যন্ত আনন্দিত হইয়া 'সাধু সাধু' এইরূপ বলিতে লাগিলেন ॥১৫॥

এবং জয়দ্রথ অস্ত্রের বলে যে হেতু একাকী ক্রুদ্ধ পাণ্ডবপক্ষকে বারণ করিতে থাকিলেন, সেই হেতু তত্রত্য সমস্ত লোক তাঁহার কার্য্যের প্রশংসা করিতে লাগিল ॥১৬॥

(১২)···ভীমো ভল্লৈস্ত্রিভিস্ত্রিভিঃ···বা নি।

সৌভদ্রেণ হতৈঃ পূর্ব্বং সোত্তরায়ুধিভির্দ্বিপৈঃ।
পাণ্ডূনাং দর্শিতঃ পন্থাঃ সৈন্ধবেন নিবারিতঃ ॥১৭॥
যতমানাস্তু তে বীরা মৎস্যপাঞ্চালকেকয়াঃ।
পাণ্ডবাশ্চান্বপদ্যন্ত প্রতিশেকুর্ন সৈন্ধবম্ ॥১৮॥
যো যো হি যততে ভেত্তুং দ্রোণানীকং তবাহিতঃ।
তং তমেব বরং প্রাপ্য সৈন্ধবঃ প্রত্যবারয়ৎ ॥১৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধে জয়দ্রথপরাক্রমে ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

সমিতি। দধার নিবারয়ামাস। ভূতানি তত্রত্যা জনাঃ, অভ্যপূজয়ন্ প্রাশংসন্ ॥১৬॥

সৌভদ্রেণেতি। উত্তরৈরারূঢ়ৈঃ আয়ুধিভিঃ অস্ত্রধারিভিঃ সহেতি তৈঃ ॥১৭॥

যতেতি। যতমানাঃ পরাভবায়। অন্বপদ্যন্ত ব্যূহমুখং প্রাপ্নুবন্, প্রতিশেকুঃ পরাভবিতুম্ ॥১৮॥

য ইতি। অহিতঃ শত্রুঃ। প্রাপ্য শিবাৎ, সৈন্ধবো জয়দ্রথঃ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি অভিমন্যুবধে ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

———০::০———

অভিমন্যু পূর্ব্বে আরোহিগণের সহিত যে সকল হস্তী নিহত করিয়া গিয়াছিলেন, সেই সকল হস্তীই পাণ্ডবগণকে ব্যূহপ্রবেশের পথ দেখাইয়া দিতেছিল বটে ; কিন্তু জয়দ্রথ সে পথ রুদ্ধ করিয়া রাখিলেন ॥১৭॥

ক্রমে মৎস্য, পাঞ্চাল ও কেকয়দেশীয় সেই বীরেরা এবং পাণ্ডবেরা ব্যূহমুখে উপস্থিত হইয়া যত্ন করিয়াও জয়দ্রথকে পরাজয় করিতে পারিলেন না ॥১৮॥

মহারাজ! তা'র পর আপনার যে যে শত্রু যাইয়া দ্রোণের সৈন্য ভেদ করিবার চেষ্টা করিতে লাগিল, জয়দ্রথ শিবের বরপ্রভাবে তাহাকে তাহাকেই বারণ করিতে লাগিলেন' ॥১৯॥

———(::)———

(১৭)…সান্তরায়ুধিভির্দ্বিপৈঃ…পি,…হৃতৈঃ পূর্ব্বমন্তরানিহিতৈর্দ্বিপৈঃ…বা,…সোত্তরায়োধিভির্দ্বিপৈঃ…নি। (১৮)…প্রত্যেকং তে তু সৈন্ধবম্—পি বা, একৈকশ্যেন সৈন্ধবম্—ব। (১৯)…বরপ্রাপ্ত্যা…পি। * '…দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '…ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

চত্বারিংশোঽধ্যায়ঃ।

———(ঃ*ঃ)———

সঞ্জয় উবাচ।

সৈন্ধবেন নিরুদ্ধেষু জয়গৃদ্ধিষু পাণ্ডুষু।
সুঘোরমভবদ্‌যুদ্ধং ত্বদীয়ানাং পরৈঃ সহ ॥১॥
প্রবিশ্যাথার্জ্জুনিঃ সেনাং সত্যসন্ধো দুরাসদঃ।
ব্যক্ষোভয়ত তেজস্বী মকরঃ সাগরং যথা ॥২॥
তং তথা শরবর্ষেণ ক্ষোভয়ন্তমরিন্দমম্।
যথাপ্রধানাঃ সৌভদ্রমভ্যয়ুর্নরসত্তমাঃ ॥৩॥
তেষাং তস্য চ সম্মর্দ্দো দারুণঃ সমপদ্যত।
সৃজতাং শরবর্ষাণি প্রসক্তমমিতৌজসাম্ ॥৪॥
রথব্রজেন সংরুদ্ধস্তৈরমিত্রৈরথার্জ্জুনিঃ।
বৃষসেনস্য যন্তারং হত্বা চিচ্ছেদ কার্ম্মুকম্ ॥৫॥

সৈন্ধবেনেতি। সৈন্ধবেন জয়দ্রথেন, জয়গৃদ্ধিষু জয়াভিলাষিষু ॥১॥

প্রবিশ্যেতি। সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ, সারথিং প্রতি কৃতায়াঃ প্রতিজ্ঞায়াঃ সর্ব্বথা পালনাৎ ॥২॥

তমিতি। প্রধানাননতিক্রম্যেতি যথাপ্রধানাঃ। অস্তাবাভাব আর্ষঃ ॥৩॥

তেষামিতি। সম্মর্দ্দো যুদ্ধসংঘর্ষঃ। প্রসক্তং পরস্পরসংলগ্নং যথা স্যাত্তথা ॥৪॥

সঞ্জয় বলিলেন—'জয়দ্রথ জয়াভিলাষী পাণ্ডবগণকে নিরুদ্ধ করিলে, বিপক্ষগণের সহিত আপনার পক্ষীয় যোদ্ধাদের অতিদারুণ যুদ্ধ হইতে লাগিল ॥১॥

ক্রমে সত্যপ্রতিজ্ঞ, দুর্দ্ধর্ষ ও তেজস্বী অভিমন্যু বিপক্ষসৈন্যমধ্যে প্রবেশ করিয়া—মকর যেমন সমুদ্র আলোড়ন করে, সেইরূপ সেই সৈন্য আলোড়ন করিতে লাগিলেন ॥২॥

শত্রুদমনকারী অভিমন্যু বাণবর্ষণদ্বারা সেইভাবে শত্রুসৈন্য আলোড়ন করিতে লাগিলে, কৌরবপক্ষের নরশ্রেষ্ঠগণ প্রধানক্রমে তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৩॥

তখন অমিততেজা সেই কৌরবযোদ্ধারা পরস্পর সংলগ্নভাবে বাণবর্ষণ করিতে থাকিলে, তাঁহাদের ও অভিমন্যুর দারুণ যুদ্ধ হইতে লাগিল ॥৪॥

(৩)…ছাদয়ন্তমরিন্দমম্…নি,…অন্বয়ুর্নরসত্তমাঃ—পি। (৫) রথব্রাতেন…পি।

তস্য বিব্যাধ বলবান্ শরৈরশ্বানজিহ্মগৈঃ।
বাতায়মানৈরথ তৈরশ্বৈরপহৃতো রণাৎ ॥৬॥
তেনান্তরেণাভিমন্যোর্যন্তাপাসারয়দ্রথম্।
রথব্রজাস্ততো হৃষ্টাঃ সাধু সাধ্বিতি চুক্রুশুঃ ॥৭॥
তং সিংহমিব সংক্রুদ্ধং প্রমথ্নন্তং শরৈররীন্।
আরাদায়ান্তমভ্যেত্য বসাতীয়োঽভ্যয়াদ্দ্রুতম্ ॥৮॥
সোঽভিমন্যুং শরৈঃ ষষ্ট্যা রুক্মপুঙ্খৈরবাকিরৎ।
অব্রবীচ্চ ন মে জীবন্ জীবতো যুধি মোক্ষ্যসে ॥৯॥
তমযস্ময়বর্ম্মাণমিষুণা দূরপাতিনা।
বিব্যাধ হৃদি সৌভদ্রঃ স পপাত ব্যসুঃ ক্ষিতৌ ॥১০॥

রথেতি। রথানাং ব্রজেন সমূহেন। অমিত্রৈঃ শত্রুভিঃ। যন্তারং সারথিম্ ॥৫॥
তস্যেতি। বলবানভিমন্যুঃ। অজিহ্মগৈঃ সরলগামিভিঃ। বাতায়মানৈর্বায়ুবদ্দ্রুতৈঃ ॥৬॥
তেনেতি। অন্তরেণ অবকাশেন, যন্তা সারথিঃ। চুক্রুশুরুচ্চৈরূচুঃ ॥৭॥
তমিতি। আরাৎ দূরাৎ, "আরাদ্দূরসমীপয়োঃ" ইত্যমরঃ। বসাতীয়স্তত্রত্যো রাজা ॥৮॥
স ইতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ। জীবতো মে ইতি সম্বন্ধঃ ॥৯॥
তমিতি। অয়স্ময়ং লৌহময়ং বর্ম্ম যস্য তম্। ব্যসুর্বিগতপ্রাণঃ ॥১০॥

তদনন্তর সেই বিপক্ষেরা রথসমূহদ্বারা অভিমন্যুকে অবরুদ্ধ করিলে, অভিমন্যু বৃষসেনের সারথিকে বধ করিয়া তাঁহার ধনু ছেদন করিলেন ॥৫॥

এবং বলবান্ অভিমন্যু সরলগামী বাণসমূহদ্বারা বৃষসেনের অশ্বগণকেও বিদ্ধ করিলেন। তা'র পর বায়ুর ন্যায় দ্রুতগামী সেই অশ্বগণ বৃষসেনকে রণস্থল হইতে লইয়া গেল ॥৬॥

তখন অভিমন্যুর সারথি সেই অবকাশে (ফাঁক্ দিয়া) অভিমন্যুর রথখানাকে সরাইয়া লইয়া গেল। তৎপরে রথীরা আনন্দিত হইয়া 'সাধু সাধু' বলিয়া কোলাহল করিয়া উঠিলেন ॥৭॥

সিংহের ন্যায় ক্রুদ্ধ অভিমন্যু উপস্থিত হইয়া বাণদ্বারা শত্রুগণকে প্রহার করিতে করিতে দূর হইতে আসিতে লাগিলে, বসাতিদেশের রাজা তাঁহার দিকে দ্রুত গমন করিলেন ॥৮॥

তিনি স্বর্ণপুঙ্খ ষাটটা বাণদ্বারা অভিমন্যুকে পীড়ন করিলেন এবং বলিলেন—"আমার জীবিত অবস্থায় তুমি জীবিত থাকিয়া মুক্তি পাইবে না' ॥৯॥

(৬) তঞ্চ বিব্যাধ বলবাংস্তস্য চাশ্বানজিহ্মগৈঃ। বাতায়মানৈস্তৈরশ্বৈর্বিসংজ্ঞোঽপহৃতো রণাৎ—নি।

বসাতীয়ং হতং দৃষ্ট্বা ক্রুদ্ধাঃ ক্ষত্রিয়পুঙ্গবাঃ।
পরিবব্রুস্তদা রাজংস্তব পৌত্রং জিঘাংসবঃ ॥১১॥
বিস্ফারয়ন্তশ্চাপানি নানারূপাণ্যনেকশঃ।
তদ্‌যুদ্ধমভবদ্রৌদ্রং সৌভদ্রস্যারিভিঃ সহ ॥১২॥ (যুগ্মকম্)
তেষাং শরান্ সেম্বসনান্ শরীরাণি শিরাংসি চ।
সকুণ্ডলানি স্রগ্বীণি ক্রুদ্ধশ্চিচ্ছেদ ফাল্গুনিঃ ॥১৩॥
সখড়্গাঃ সাঙ্গুলিত্রাণাঃ সপট্টিশপরশ্বধাঃ।
অদৃশ্যন্ত ভুজাশ্ছিন্না হেমাভরণভূষিতাঃ ॥১৪॥
স্রগ্‌ভিরাভরণৈর্ব্বস্ত্রৈঃ পতিতৈর্বিবিধৈর্ধ্বজৈঃ।
বর্ম্মভিশ্চর্ম্মভির্হারৈর্মুকুটৈশ্ছত্রচামরৈঃ ॥১৫॥
উপস্করৈরধিষ্ঠানৈরীশাদণ্ডকবন্ধুরৈঃ।
অক্ষৈর্বিমথিতৈশ্চক্রৈর্ভগ্নৈশ্চ বসুধা যুগৈঃ ॥১৬॥
অনুকর্ষৈঃ পতাকাভিস্তথা সারথিবাজিভিঃ।
রথৈশ্চ ভগ্নৈর্নাগৈশ্চ হতৈঃ কীর্ণাভবন্মহী ॥১৭॥ (বিশেষকম্)

বসেতি। পৌত্রমভিমন্যুম্। অনেকশো বহুভিররিভিঃ সহ ॥১১—১২॥
তেষামিতি। সেম্বসনান্ সকার্ম্মুকান্। স্রগ্বীণি মালাযুক্তানি। ফাল্গুনিরভিমন্যুঃ ॥১৩॥
সেতি। অঙ্গুলিত্রাণৈরঙ্গুলিরক্ষকচর্ম্মাবরণৈঃ সহেতি তে ॥১৪॥
স্রগ্‌ভিরিতি। স্রগ্‌ভির্মালাভিঃ। উপস্করাদয়ো রথাবয়ববিশেষা বহুশঃ প্রাগ্‌ব্যাখ্যাতাঃ। নাগৈর্হস্তিভিঃ, কীর্ণা ব্যাপ্তা, মহী সমরভূমিঃ ॥১৫—১৭॥

তখন অভিমন্যু একটা দূরগামী বাণদ্বারা বসাতিরাজের লৌহবর্ম্মাবৃত হৃদয় বিদ্ধ করিলেন; পরেই তিনি প্রাণশূন্য হইয়া ভূতলে পতিত হইলেন ॥১০॥

রাজা! বসাতিরাজকে নিহত দেখিয়া কৌরবপক্ষীয় ক্ষত্রিয়শ্রেষ্ঠেরা ক্রুদ্ধ হইয়া অভিমন্যুকে বধ করিবার ইচ্ছা করিয়া নানাপ্রকার ধনু বিস্ফারণপূর্ব্বক তাঁহাকে পরিবেষ্টন করিলেন। তখন শত্রুগণের সহিত অভিমন্যুর ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল ॥১১—১২॥

ক্রমে অভিমন্যু ক্রুদ্ধ হইয়া সেই বীরগণের ধনু, বাণ, শরীর এবং কুণ্ডল ও মালাযুক্ত মস্তক সকল ছেদন করিতে লাগিলেন ॥১৩॥

তখন তরবারি, অঙ্গুলিত্র, পট্টিশ ও পরশুযুক্ত এবং স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত ছিন্ন বাহু সকল দেখা যাইতে লাগিল ॥১৪॥

পতিত মালা, অলঙ্কার, বস্ত্র, নানাবিধ ধ্বজ, কবচ, চর্ম্ম, হার, মুকুট, ছত্র,

(১১) বাসাত্যং নিহতং দৃষ্ট্বা…পি ব।

নিহতৈঃ ক্ষত্রিয়ৈঃ শূরৈর্নানাজনপদেশ্বরৈঃ।
জয়গৃদ্ধৈর্বৃতা ভূমির্দারুণা সমপদ্যত ॥১৮॥
দিশো বিচরতস্তস্য সর্ব্বাশ্চ প্রদিশস্তথা।
রণেঽভিমন্যোঃ ক্রুদ্ধস্য রূপমন্তরধীয়ত ॥১৯॥
কাঞ্চনং যদ্‌যদস্যাসীদ্বর্ম্ম চাভরণানি চ।
ধনুষশ্চ শরাণাঞ্চ তদপশ্যাম কেবলম্ ॥২০॥
তং তদা নাশকৎ কশ্চিচ্চক্ষুর্ভ্যামভিবীক্ষিতুম্।
আদদানং শরৈর্যোধান্ মধ্যে সূর্য্যমিব স্থিতম্ ॥২১॥
আদদানস্তু শূরাণামায়ূংষ্যভবদার্জ্জুনিঃ।
অন্তকঃ সর্ব্বভূতানাং প্রাণান্ কাল ইবাগতে ॥২২॥

নিহতৈরিতি। জয়গৃদ্ধৈর্জয়াভিলাষিভিঃ। সমপদ্যত অভবৎ ॥১৮॥
দিশ ইতি। রূপমাকৃতিঃ, অন্তরধীয়ত অস্মাদিভিরদৃশ্যমভবৎ ॥১৯॥
কাঞ্চনমিতি। কাঞ্চনং স্বর্ণময়ম্। ধনুষঃ শরাণাঞ্চাঙ্গম্, অপশ্যাম উজ্জ্বলত্বাৎ ॥২০॥
তমিতি। তমভিমন্যুম্। যোধান্ যোধানাং প্রাণান্, মধ্যে ব্যূহস্য গগনস্য চ ॥২১॥
সাদৃশ্যং দর্শয়ন্নাহ আদদান ইতি। আয়ূংষি জীবনকালান্, আর্জ্জুনিরভিমন্যুঃ ॥২২॥

চামর, রথের উপকরণ, আসন, ঊর্দ্ধস্তম্ভ, তির্য্যগ্‌দণ্ড ও নানাপ্রকার কাষ্ঠ, মর্দ্দিত অক্ষ ও চক্র, বহুপ্রকারে ভগ্ন যুগকাষ্ঠ ও নিম্ন কাষ্ঠ এবং ছিন্ন পতাকা, সারথি ও অশ্ব, আর ভগ্ন রথ ও নিহত হস্তীদ্বারা সমরভূমি আবৃত হইয়া পড়িল ॥১৫—১৭॥

বীর, নানাদেশের অধীশ্বর ও জয়াভিলাষী নিহত ক্ষত্রিয়গণে আবৃত হইয়া সমরভূমি দারুণ মূর্ত্তি ধারণ করিল ॥১৮॥

ক্রুদ্ধ অভিমন্যু যখন সমরাঙ্গনের সমস্ত দিক্ ও বিদিকে বিচরণ করিতে লাগিলেন, তখন মধ্যে মধ্যে তাঁহার মূর্ত্তি অদৃশ্য হইতে লাগিল ॥১৯॥

অভিমন্যুর বর্ম্ম, অলঙ্কার, ধনু ও বাণের যে যে অবয়ব স্বর্ণময় ছিল, কেবল তাহাই আমরা দেখিতে লাগিলাম ॥২০॥

অভিমন্যু যখন বাণদ্বারা যোদ্ধাদের প্রাণ লইতেছিলেন এবং ব্যূহমধ্যে সূর্য্যের ন্যায় অবস্থান করিতেছিলেন, তখন কোন ব্যক্তিই নয়নদ্বারা তাঁহাকে দর্শন করিতে সমর্থ হয় নাই ॥২১॥

মৃত্যুকাল উপস্থিত হইলে যম যেমন সকল প্রাণীর প্রাণ গ্রহণ করেন, সেই রূপ অভিমন্যু বীরগণের প্রাণ গ্রহণ করিতে লাগিলেন ॥২২॥

(২১) ইতঃ পরং '…ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ।' ব, '…চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ।' বা রা নি।

স শক্র ইব বিক্রান্তঃ শক্রসূনোঃ সুতো বলী।
অভিমন্যুস্তদানীকং লোড়য়ন্ সমদৃশ্যত ॥২৩॥
প্রবিশ্যৈব তু রাজেন্দ্র! ক্ষত্রিয়েষ্বন্তকোপমঃ।
সত্যশ্রবসমাদত্ত ব্যাঘ্রো মৃগমিবোল্বণঃ ॥২৪॥
সত্যশ্রবসি চাক্ষিপ্তে ত্বরমাণা মহারথাঃ।
প্রগৃহ্য বিবিধং শস্ত্রমভিমন্যুমুপাদ্রবন্ ॥২৫॥
অহং পূর্ব্বমহং পূর্ব্বমিতি ক্ষত্রিয়পুঙ্গবাঃ।
স্পর্দ্ধমানাঃ সমাজগ্মুর্জিঘাংসন্তোঽর্জ্জুনাত্মজম্ ॥২৬॥
ক্ষত্রিয়াণামনীকানি প্রদ্রুতান্যভিধাবতাম্।
জগ্রাহ তিমিরাসাদ্য ক্ষুদ্রমৎস্যানিবার্ণবে ॥২৭॥
যে কেচন গতাস্তস্য সমীপমপলায়িনঃ।
ন তে প্রতিন্যবর্ত্তন্ত সমুদ্রাদিব সিন্ধবঃ ॥২৮॥

স ইতি। শক্রসূনোরিন্দ্রপুত্রস্য অর্জ্জুনস্য। অনীকং কৌরবসৈন্যম্ ॥২৩॥
প্রবিশ্যেতি। সত্যশ্রবসং তদাখ্যং কৌরববীরম্, উল্বণ উন্মত্তঃ ॥২৪॥
সত্যেতি। আক্ষিপ্তে নিহতে। উপাদ্রবন্ অভ্যধাবন্ ॥২৫॥
অহমিতি। পূর্ব্বং যোৎস্যে ইতি শেষঃ। জিঘাংসন্তো হন্তুমিচ্ছন্তঃ ॥২৬॥
ক্ষত্রিয়াণামিতি। প্রদ্রুতানি দ্রুতমাগতানি। তিমির্বৃহজ্জলজন্তুবিশেষঃ ॥২৭॥
য ইতি। ন প্রতিন্যবর্ত্তন্ত লয়মপ্রাপ্যেতি ভাবঃ। সিন্ধবো নদ্যঃ ॥২৮॥

ইন্দ্রের ন্যায় বিক্রমশালী ও বলবান্ অর্জ্জুননন্দন অভিমন্যুকে তখন কৌরব-সৈন্য আলোড়ন করিতে দেখা গেল ॥২৩॥

রাজশ্রেষ্ঠ! অভিমন্যু যমের ন্যায় ক্ষত্রিয়গণের মধ্যে প্রবেশ করিয়াই—উন্মত্ত ব্যাঘ্র যেমন হরিণকে গ্রহণ করে, সেইরূপ সত্যশ্রবাকে গ্রহণ করিলেন ॥২৪॥

সত্যশ্রবা নিহত হইলে, মহারথেরা নানাবিধ অস্ত্র গ্রহণ করিয়া সত্বর অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥২৫॥

'আমি আগে' 'আমি আগে' এইরূপ স্পর্দ্ধা করিতে থাকিয়া ক্ষত্রিয়শ্রেষ্ঠেরা অভিমন্যুকে বধ করিবার ইচ্ছা করিয়া উপস্থিত হইলেন ॥২৬॥

তখন সমুদ্রে তিমি যেমন ক্ষুদ্র মৎস্যগণকে গ্রহণ করে, সেইরূপ অভিমন্যু সম্মুখাগত ক্ষত্রিয়সৈন্যদিগকে গ্রহণ করিলেন ॥২৭॥

(২৪)···ক্ষত্রিয়েন্দ্রান্তকোপমঃ···বা নি,···মৃগমিবোল্বণম্—পি। (২৫)···প্রগৃহ্য বিপুলং শস্ত্রম্···বা নি।

মহাগ্রাহগৃহীতেব বাতবেগভয়ার্দ্দিতা।
সমকম্পত সা সেনা বিভ্রান্তা নৌরিবার্ণবে ॥২৯॥
অথ রুক্মরথো নাম মদ্রেশ্বরসুতো বলী।
ত্রস্তামাশ্বাসয়ন্ সেনামত্রস্তো বাক্যমব্রবীৎ ॥৩০॥
অলং ত্রাসেন বঃ শূরা নৈষ কশ্চিন্ময়ি স্থিতে।
অহমেনং গ্রহীষ্যামি জীবগ্রাহং ন সংশয়ঃ ॥৩১॥
এবমুক্ত্বা তু সৌভদ্রমভিদুদ্রাব বীর্য্যবান্।
সুকল্পিতেনোহ্যমানঃ স্যন্দনেন বিরাজতা ॥৩২॥
সোঽভিমন্যুং ত্রিভির্বাণৈর্বিদ্ধা বক্ষস্যথানদৎ।
ত্রিভিশ্চ দক্ষিণে বাহৌ সব্যে চ নিশিতৈস্ত্রিভিঃ ॥৩৩॥

মহেতি। মহাগ্রাহেণ বিশালজলজন্তুনা গৃহীতা। বিভ্রান্তা ঘূর্ণিতা ॥২৯॥
অথেতি। মদ্রেশ্বরসুতঃ শল্যপুত্রঃ। অত্রস্তো নির্ভয়ঃ ॥৩০॥
অলমিতি। এষঃ অভিমন্যুঃ। জীবং গৃহীত্বেতি জীবগ্রাহম্, "জীবে গ্রহে" ইতি ণম্ ॥৩১॥
এবমিতি। বীর্য্যবান্ রুক্মরথঃ। সুকল্পিতেন সুসজ্জিতেন, স্যন্দনেন রথেন ॥৩২॥
স ইতি। অনদৎ সিংহনাদমকরোৎ। সব্যে বামে ॥৩৩॥

তৎকালে পলাইয়া না যাইয়া যে কোন যোদ্ধাই অভিমন্যুর নিকটে যাইতে লাগিল, সেই সেই যোদ্ধাই—নদী যেমন সমুদ্রের নিকট হইতে ফিরিয়া যায় না, সেইরূপ অভিমন্যুর নিকট হইতে ফিরিয়া যাইতে পারিল না ॥২৮॥

সুতরাং তখন সমুদ্রে বিশালজলজন্তুসমাক্রান্ত ও বায়ুবেগতাড়িত নৌকার ন্যায় সেই কৌরবসেনা কাঁপিতে লাগিল ॥২৯॥

তাহার পর শল্যরাজার পুত্র বলবান্ রুক্মরথ নির্ভয়চিত্তে ভীত কৌরবসৈন্যকে আশ্বস্ত করতঃ বলিলেন—॥৩০॥

'বীরগণ! আপনারা ভয় করিবেন না; আমি থাকিতে এ (অভিমন্যু) কে? আমি উহার জীবন লইব; এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥৩১॥

এই কথা বলিয়া বলবান্ রুক্মরথ সুসজ্জিত ও সুশোভিত রথে আরোহণ করিয়া অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥৩২॥

এবং তিনি সুধার তিনটা বাণদ্বারা অভিমন্যুর বক্ষস্থল বিদ্ধ করিয়া সিংহনাদ করিয়া উঠিলেন; পরে আবার তিনটা বাণ দ্বারা তাঁহার দক্ষিণ বাহু ও তিনটা বাণ দ্বারা বাম বাহু বিদ্ধ করিলেন ॥৩৩॥

(২৯) মহাগ্রহ…নি,…বিভ্রষ্টা…বা নি।

স তস্যেষ্বসনং ছিত্ত্বা ফাল্গুনিঃ সব্যদক্ষিণৌ।
ভুজৌ শিরশ্চ স্বক্ষিভ্রু ক্ষিতৌ ক্ষিপ্রমপাতয়ৎ ॥৩৪॥
দৃষ্ট্বা রুক্মরথং রুগ্‌ণং পুত্রং শল্যস্য মানিনম্।
জীবগ্রাহং জিঘৃক্ষন্তং সৌভদ্রেণ যশস্বিনা ॥৩৫॥
সংগ্রামদুর্ম্মদা রাজন্! রাজপুত্রাঃ প্রহারিণঃ।
বয়স্যাঃ শল্যপুত্রস্য সুবর্ণবিকৃতধ্বজাঃ ॥৩৬॥
তালমাত্রাণি চাপানি বিকর্ষন্তো মহাবলাঃ।
আর্জ্জুনিং শরবর্ষেণ সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥৩৭॥ (বিশেষকম্)
শূরৈঃ শিক্ষাবলোপেতৈস্তরুণৈরত্যমর্ষণৈঃ।
দৃষ্ট্বৈকং সমরে শূরং সৌভদ্রমপরাজিতম্ ॥৩৮॥
ছাদ্যমানং শরব্রাতৈর্হৃষ্টো দুর্য্যোধনোঽভবৎ।
বৈবস্বতস্য ভবনং গতং হ্যেনমমন্যত ॥৩৯॥ (যুগ্মকম্)
সুবর্ণপুঙ্খৈরিষুভির্নানালিঙ্গৈঃ সুতেজনৈঃ।
অদৃশ্যমার্জ্জুনিং চক্রুর্নিমেষাত্তে নৃপাত্মজাঃ ॥৪০॥

স ইতি। ইষ্বসনং ধনুঃ। শোভনা অক্ষিভ্রুবো যস্মিন্ তৎ ॥৩৪॥

দৃষ্ট্বেতি। রুগ্‌ণং নিহতম্। জিঘৃক্ষন্তং গ্রহীতুমিচ্ছন্তম্। সুবর্ণবিকৃতধ্বজাঃ স্বর্ণশোভিত-কেতবঃ। তালমাত্রাণি হস্তচতুষ্টয়প্রমাণানি। পর্য্যবারয়ন্ আবৃতবন্তঃ ॥৩৫—৩৭॥

শূরৈরিতি। অত্যমর্ষণৈরতীবক্রুদ্ধৈঃ। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ। বৈবস্বতস্য যমস্য ॥৩৮—৩৯॥

তখন অভিমন্যু সত্বর রুক্মরথের ধনু, বাম ও দক্ষিণ বাহু এবং সুন্দর নয়ন ও ভ্রূযুক্ত মস্তক ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥৩৪॥

রাজা! অভিমানী শল্যপুত্র রুক্মরথ অভিমন্যুর জীবন লইবার ইচ্ছা করিয়াছিলেন, অথ চ যশস্বী অভিমন্যুই তাঁহাকে বধ করিলেন দেখিয়া মহাবল, যুদ্ধদুর্দ্ধর্ষ, প্রহারনিপুণ ও স্বর্ণশোভিতধ্বজ শল্যপুত্রের বয়স্য রাজপুত্রেরা হস্ত-চতুষ্টয়প্রমাণ ধনুগুলি আকর্ষণ করিয়া সকল দিক্ হইতে বাণবর্ষণদ্বারা অভিমন্যুকে আবৃত করিয়া ফেলিলেন ॥৩৫—৩৭॥

তখন শিক্ষা ও শক্তিশালী, তরুণ এবং অত্যন্তক্রুদ্ধ বহুতর বীর বাণসমূহ-দ্বারা যুদ্ধে অপরাজিত একমাত্র বীর অভিমন্যুকে আবৃত করিতেছেন দেখিয়া দুর্য্যোধন আনন্দিত হইলেন এবং অভিমন্যু যমালয়ে গিয়াছেন বলিয়া মনে করিলেন ॥৩৮—৩৯॥

(৩৪)···সাক্ষিভ্রু···পি।

সসূতাশ্বধ্বজং তস্য স্যন্দনং তঞ্চ মারিষ ! ।
আচিতং সমপশ্যাম শ্বাবিধং শললৈরিব ॥৪১॥
স গাঢ়বিদ্ধঃ ক্রুদ্ধশ্চ তোত্ত্রৈর্গজ ইবার্দ্দিতঃ ।
গান্ধর্ব্বমস্ত্রমায়চ্ছদ্রথমায়াঞ্চ ভারত ! ॥৪২॥
অর্জ্জুনেন তপস্তপ্ত্বা গন্ধর্ব্বেভ্যো যদাহৃতম্ ।
তুম্বুরুপ্রমুখেভ্যো বৈ তেনামোহয়তাহিতান্ ॥৪৩॥
একঃ স শতধা রাজন্ ! দৃশ্যতে স্ম সহস্রধা ।
অলাতচক্রবৎ সংখ্যে ক্ষিপ্রমস্ত্রাণি দর্শয়ন্ ॥৪৪॥
রথচর্য্যাস্ত্রমায়াভির্মোহয়িত্বা পরন্তপঃ ।
বিভেদ শতধা রাজন্ ! শরীরাণি মহীক্ষিতাম্ ॥৪৫॥

সুবর্ণেতি। ইষুভির্বাণৈঃ, নানালিঙ্গৈঃ বহুবিধচিহ্নযুক্তৈঃ ॥৪০॥
সেতি। স্যন্দনং রথম্। আচিতং ব্যাপ্তম্। শ্বাবিধং জন্তুবিশেষম্, শললৈঃ কণ্টকৈঃ। "শাবিত্তু শল্যস্তল্লোম্নি শললী শললং শলম্" ইত্যমরঃ ॥৪১॥
স ইতি। তোত্ত্রৈরঙ্কুশৈঃ। আয়চ্ছৎ বিস্তারেণ প্রযুক্তবান্ ॥৪২॥
নন্বভিমন্যুর্গান্ধর্বমস্ত্রং রথমায়াঞ্চ কুতো লব্ধবানিত্যাহার্জ্জুনেতি। অহিতান্ শত্রূন্ ॥৪৩॥
এক ইতি। দৃশ্যতে স্ম রথমায়য়া। অলাতচক্রবৎ ঘূর্ণিতাগ্নিসংযুক্তকাষ্ঠবৎ ॥৪৪॥

সেই রাজপুত্রেরা স্বর্ণপুঙ্খ, নানাচিহ্নযুক্ত ও সুধার বাণসমূহদ্বারা নিমেষমধ্যে অভিমন্যুকে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৪০॥

মাননীয় রাজা ! তখন শেজারুকে যেমন তাহার কণ্টকে ব্যাপ্ত দেখা যায়, তেমন সারথি, অশ্ব ও ধ্বজের সহিত অভিমন্যুকে এবং তাঁহার রথখানাকে আমরা বাণে ব্যাপ্ত দেখিতে লাগিলাম ॥৪১॥

ভরতনন্দন ! তখন অঙ্কুশতাড়িত হস্তীর ন্যায় গাঢ়বিদ্ধ অভিমন্যু ক্রুদ্ধ হইয়া গান্ধর্ব্বাস্ত্র এবং রথচর্য্যাকৌশল আবিষ্কার করিলেন ॥৪২॥

অর্জ্জুন তপস্যা করিয়া তুম্বুরুপ্রভৃতি গন্ধর্ব্বগণের নিকট হইতে যে অস্ত্র ও রথচর্য্যাকৌশল লাভ করিয়াছিলেন, তাহাদ্বারাই অভিমন্যু শত্রুগণকে মোহিত করিলেন ॥৪৩॥

রাজা ! অভিমন্যু তখন দ্রুত অস্ত্র আবিষ্কার করিতে থাকিয়া এক হইয়াও ঘূর্ণিত অগ্নিসংযুক্ত কাষ্ঠের ন্যায় সমরাঙ্গনে শত শত ও সহস্র সহস্র মূর্ত্তিতে দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥৪৪॥

(৪১)···স্যন্দনং বত মারিষ !···পি। (৪৪) একধা শতধা রাজন্ !···বা নি।

প্রাণাঃ প্রাণভৃতাং সংখ্যে প্রেষিতা নিশিতৈঃ শরৈঃ।
রাজন্! প্রাপুরমুং লোকং শরীরাণ্যবনিং যযুঃ ॥৪৬॥
ধনূংষ্যশ্বান্ নিয়ন্তৄংশ্চ ধ্বজান্ বাহূংশ্চ সাঙ্গদান্।
শিরাংসি চ শিতৈর্ব্বাণৈস্তেষাং চিচ্ছেদ ফাল্গুনিঃ ॥৪৭॥
চূতারামো যথা ভগ্নঃ পঞ্চবর্ষঃ ফলোপগঃ।
রাজপুত্রশতং তদ্বৎ সৌভদ্রেণ নিপাতিতম্ ॥৪ ॥
ক্রুদ্ধাশীবিষসঙ্কাশান্ সুকুমারান্ সুখোচিতান্।
একেন নিহতান্ দৃষ্ট্বা ভীতো দুর্য্যোধনোঽভবৎ ॥৪৯॥
রথিনঃ কুঞ্জরানশ্বান্ পদাতীংশ্চাবমর্দ্দিতান্।
দৃষ্ট্বা দুর্য্যোধনঃ ক্ষিপ্রমুপায়াত্তমমর্ষিতঃ ॥৫০॥

রথেতি। পরন্তপোঽভিমন্যুঃ। মহীক্ষিতাং রাজ্ঞাম্ ॥৪৫॥
প্রাণা ইতি। অমুং পরং লোকম্। অবনিং ভূতলম্ ॥৪৬॥
ধনূংষীতি। নিয়ন্তৄন্ চালকান্ সারথীন্। সাঙ্গদান্ সকেয়ূরান্ ॥৪৭॥
চূতেতি। চূতানামাম্রবৃক্ষাণামারাম উদ্যানম্। ফলোপগঃ ফলজননোন্মুখঃ ॥৪৮॥
ক্রুদ্ধেতি। ক্রুদ্ধাশীবিষসঙ্কাশান্ ক্রুদ্ধতীক্ষ্ণবিষসর্পতুল্যান্, সুকুমারান্ কোমলান্ ॥৪৯॥
রথিন ইতি। উপায়াৎ যোদ্ধুমুপাগচ্ছৎ, তমভিমন্যুম্, অমর্ষিতঃ ক্রুদ্ধঃ ॥৫০॥

রাজা! ক্রমে শত্রুসন্তাপকারী অভিমন্যু রথচর্য্যা এবং অস্ত্রপ্রয়োগনৈপুণ্যে রাজাদের দেহ সকল শত শতভাবে বিদীর্ণ করিতে থাকিলেন ॥৪৫॥

রাজা! অভিমন্যু সুধার বাণসমূহদ্বারা যুদ্ধে প্রাণিগণের প্রাণ প্রেরণ করিতে লাগিলে, সেগুলি পরলোকে যাইতে লাগিল এবং শরীরগুলি ভূতলে পড়িতে থাকিল ॥৪৬॥

অভিমন্যু তখন নিশিত শরসমূহদ্বারা শত্রুগণের ধনু, অশ্ব, সারথি, ধ্বজ, কেয়ূরযুক্ত বাহু ও মস্তক ছেদন করিতে লাগিলেন ॥৪৭॥

বায়ু যেমন পঞ্চবর্ষবয়স্ক এবং ফলজননোন্মুখ আম্রবনকে ভগ্ন করিয়া নিপাতিত করে, সেইরূপ অভিমন্যু বহু রাজপুত্রকে নিহত করিয়া নিপাতিত করিলেন ॥৪৮॥

ক্রুদ্ধ-তীক্ষ্ণবিষ-সর্প-তুল্য, কোমল ও সুখভোগযোগ্য রাজপুত্রগণকে এক অভিমন্যু নিহত করিয়াছেন দেখিয়া দুর্য্যোধন ভীত হইলেন ॥৪৯॥

এবং অভিমন্যু হস্তী, অশ্ব, রথী ও পদাতিদিগকে বিমর্দ্দিত করিয়াছেন দেখিয়া দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া সত্বর তাঁহার দিকে গমন করিলেন ॥৫০॥

তয়োঃ ক্ষণমিবাপূর্ব্বঃ সংগ্রামঃ সমপদ্যত।
অথাভবত্তে বিমুখঃ পুত্রঃ শরশতার্দ্দিতঃ ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে দুর্য্যোধনপরাজয়ে চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

একচত্বারিংশোঽধ্যায়ঃ।

———(:*:)———

ধৃতরাষ্ট্র উবাচ।

যথা বদসি মে সূত! একস্য বহুভিঃ সহ।
সংগ্রামং তুমুলং ঘোরং জয়ঞ্চৈব মহাত্মনঃ ॥১॥
অশ্রদ্ধেয়মিবাশ্চর্য্যং সৌভদ্রস্যাথ বিক্রমম্।
কিন্তু নাত্যদ্ভুতং মন্যে যেষাং ধর্ম্মো ব্যপাশ্রয়ঃ ॥২॥ (যুগ্মকম্)

তয়োরিতি। অপূর্বঃ অদ্ভুতঃ। সমপদ্যত সমজায়ত। তে তব পুত্রো দুর্য্যোধনঃ ॥৫১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

যথেতি। হে সূত! সারথিবংশীয় সঞ্জয়!। মহাত্মনঃ অভিমন্যোঃ। অশ্রদ্ধেয়মবিশ্বাস্যমিব মন্য ইতি সম্বন্ধঃ। যেষাং পাণ্ডবানাম্। অভিমন্যোস্তৎপক্ষীয়ত্বাদিতি ভাবঃ ॥১—২॥

তখন ক্ষণকাল তাঁহাদের অদ্ভুত যুদ্ধ হইল। তাহার পর আপনার পুত্র (দুর্য্যোধন) অভিমন্যুর বাণসমূহে পীড়িত হইয়া বিমুখ হইলেন' ॥৫১॥

———০::০———

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! তুমি যে আমার নিকটে বহু বীরের সহিত এক অভিমন্যুর তুমুল ও ভয়ঙ্কর যুদ্ধের কথা এবং সেই মহাত্মারই জয়ের কথা বলিলে, সে বিষয়ে অভিমন্যুর বিক্রমটাকে অবিশ্বাস্য আশ্চর্য্যের ন্যায় বোধ

(৫১) তয়োঃ ক্ষণমিবাপূর্ণঃ সংগ্রামস্তুমুলোঽভবৎ···পি ব,···ক্ষণমিবাপূর্ণঃ···বা,···শরশতাহতঃ—বা নি। * '··· চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '···পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ' বা স্বা নি।
(২)···কিন্তু নাত্যদ্ভুতং তেষাম্···বা নি।

দুর্য্যোধনে চ বিমুখে রাজপুত্রশতে হতে।
সৌভদ্রে প্রতিপত্তিং কাং প্রত্যপদ্যন্ত মামকাঃ ॥৩॥
সঞ্জয় উবাচ।
সংশুষ্কাস্যাশ্চলন্নেত্রাঃ প্রস্বিন্না রোমহর্ষিণঃ।
পলায়নকৃতোৎসাহা নিরুৎসাহা দ্বিষজ্জয়ে ॥৪॥
হতান্ ভ্রাতৄন্ পিতৄন্ পুত্রান্ সুহৃৎসম্বন্ধিবান্ধবান্।
উৎসৃজ্যোৎসৃজ্য সংজগ্মুস্ত্বরয়ন্তো হয়দ্বিপান্ ॥৫॥ (যুগ্মকম্)
তান্ প্রভগ্নাংস্তথা দৃষ্ট্বা দ্রোণো দ্রৌণির্বৃহদ্বলঃ।
কৃপো দুর্য্যোধনঃ কর্ণঃ কৃতবর্ম্মাথ সৌবলঃ ॥৬॥
অভ্যধাবন্ সুসংক্রুদ্ধাঃ সৌভদ্রমপরাজিতম্।
তে তু পৌত্রেণ তে রাজন্! প্রায়শো বিমুখীকৃতাঃ ॥৭॥ (যুগ্মকম্)

দুর্য্যোধন ইতি। প্রতিপত্তিং প্রতিবিধানম্, প্রত্যপদ্যন্ত প্রাপ্নুবন্ অকুর্বন্ ॥৩॥
সমিতি। সংশুষ্কাণি আস্যানি বদনানি যেষাং তে, প্রস্বিন্না ঘর্ম্মাক্তাঃ। সুহৃদঃ সখায়ঃ, সম্বন্ধিনঃ শ্যালকাঃ, বান্ধবাশ্চ মাতুলাদয়স্তান্। হয়দ্বিপান্ বাহনীভূতান্ ॥৪—৫॥
তানিতি। দ্রৌণিরশ্বত্থামা। সৌবলঃ শকুনিঃ। পৌত্রেণ অভিমন্যুনা ॥৬—৭॥

করিলেও আমি অতি আশ্চর্য্য মনে করি না। কারণ, যাঁহাদের ধর্ম্ম অবলম্বন রহিয়াছেন ॥১—২॥

সে যাহা হউক, বহুরাজপুত্র নিহত এবং দুর্য্যোধন পরাঙ্মুখ হইলে, আমার পক্ষের যোদ্ধারা অভিমন্যুবিষয়ে কি প্রতিবিধান করিলেন?' ॥৩॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আপনার পক্ষের যোদ্ধারা শুষ্কবদন, চঞ্চলনয়ন, ঘর্ম্মাক্ত ও রোমাঞ্চিতদেহ, পলায়নে উৎসাহী এবং শত্রুজয়ে নিরুৎসাহ হইয়া নিহত ভ্রাতা, পিতা, পুত্র, সুহৃৎ, সম্বন্ধী ও বান্ধবদিগকে পরিত্যাগ করিয়া করিয়া নিজ নিজ বাহন হস্তী ও অশ্বগণকে সত্বর চালাইতে থাকিয়া যুদ্ধস্থল হইতে প্রস্থান করিতে লাগিলেন ॥৪—৫॥

রাজা! তাঁহাদিগকে সেইভাবে ভগ্ন দেখিয়া দ্রোণ, অশ্বত্থামা, বৃহদ্বল, কৃপ, দুর্য্যোধন, কর্ণ, কৃতবর্ম্মা ও শকুনি অত্যন্তক্রুদ্ধ হইয়া অপরাজিত অভিমন্যুর দিকে ধাবিত হইলেন। কিন্তু অভিমন্যু তাঁহাদের অনেককেই পরাঙ্মুখ করিলেন ॥৬—৭॥

(৪)···রোমহর্ষণাঃ···নি। (৫)···উৎসৃজ্যোৎসৃজ্য গচ্ছন্তি···পি। (৭) অভ্যদ্রবন্ সুসংক্রুদ্ধাঃ···পি।

একস্তু সুখসংবৃদ্ধো বাল্যাদ্দর্পাচ্চ নির্ভয়ঃ।
ইম্বস্ত্রবিন্মহাতেজা লক্ষ্মণোঽর্জ্জুনিমভ্যয়াৎ ॥৮॥
তমন্বগেবাস্য পিতা পুত্রগৃদ্ধী ন্যবর্ত্তত।
অনু দুর্য্যোধনঞ্চান্যে ন্যবর্ত্তন্ত মহারথাঃ ॥৯॥
তং তেঽভিসিষিচুর্ব্বাণৈর্মেঘা গিরিমিবাম্বুভিঃ।
স তু তান্ প্রমমাথৈকো বিষ্বগ্‌বাতো যথাম্বুদান্ ॥১০॥
পৌত্রং তব চ দুর্দ্ধর্ষং লক্ষ্মণং প্রিয়দর্শনম্।
পিতুঃ সমীপে তিষ্ঠন্তং শূরমুদ্যতকার্ম্মুকম্ ॥১১॥
অত্যন্তসুখসংবৃদ্ধং ধনেশ্বরসুতোপমম্।
আসসাদ রণে কার্ষ্ণির্মত্তো মত্তমিব দ্বিপম্ ॥১২॥ (যুগ্মকম্)
লক্ষ্মণেন তু সংগম্য সৌভদ্রঃ পরবীরহা।
শরৈঃ সুনিশিতৈস্তীক্ষ্ণৈর্ব্বাহ্বোরুরসি চার্পিতঃ ॥১৩॥

এক ইতি। ইম্বস্ত্রবিৎ বাণাস্ত্রজ্ঞঃ, লক্ষ্মণো দুর্য্যোধনপুত্রঃ। সন্ধিরার্ষঃ ॥৮॥
তমিতি। অন্বক্ অনুগামী, পুত্রগৃদ্ধী পুত্রবৎসলঃ। উভয়ত্রৈব কর্ম্মপ্রবচনীয়ত্বাদ্দ্বিতীয়া ॥৯॥
তমিতি। তমভিমন্যুম্। প্রমমাথ অর্দ্দয়ামাস, বিষ্বগ্‌বাতঃ সমন্তাদাগতো বায়ুঃ ॥১০॥
পৌত্রমিতি। পিতুর্দুর্য্যোধনস্য। ধনেশ্বরসুতোপমং কুবেরপুত্রতুল্যম্ ॥১১—১২॥
লক্ষ্মণেনেতি। উরসি বক্ষসি, আর্পিতঃ পীড়িতঃ ॥১৩॥

কিন্তু সুখসংবৃদ্ধ, বাল্য ও দর্পবশতঃ নির্ভয়চিত্ত, বাণাস্ত্রজ্ঞ ও মহাতেজা লক্ষ্মণ অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥৮॥

তখন উঁহার পিতা পুত্রবৎসল দুর্য্যোধন উঁহার পিছনে চলিলেন এবং অন্য মহারথেরাও দুর্য্যোধনের অনুসরণ করিতে লাগিলেন ॥৯॥

তাহার পর মেঘ যেমন পর্ব্বতের উপরে জল বর্ষণ করে, সেইরূপ তাঁহারা অভিমন্যুর উপরে বাণ বর্ষণ করিতে থাকিলেন। তখন ঘূর্ণী বায়ু যেমন মেঘ সকল অপসারিত করে, সেইরূপ অভিমন্যু তাঁহাদিগকে অপসারিত করিলেন ॥১০॥

তৎপরে মত্ত হস্তীর নিকটে যেমন মত্ত হস্তী উপস্থিত হয়, সেইরূপ আপনার পৌত্র, দুর্দ্ধর্ষ, প্রিয়দর্শন, পিতার নিকটে অবস্থিত, বীর, উত্তোলিতকার্ম্মুক, অত্যন্তসুখে বৃদ্ধিপ্রাপ্ত ও কুবেরপুত্রতুল্য লক্ষ্মণের নিকটে অভিমন্যু উপস্থিত হইলেন ॥১১—১২॥

(১৩)···উরসি চার্প্যয়ৎ—পি বা রা নি।

সংক্রুদ্ধো বৈ মহাবাহুর্দণ্ডাহত ইবোরগঃ।
পৌত্রস্তব মহারাজ! তব পৌত্রমভাষত ॥১৪॥
সুদৃষ্টঃ ক্রিয়তাং লোকো হ্যমুং লোকং গমিষ্যসি।
পশ্যতাং বান্ধবানাং ত্বাং নয়ামি যমসাদনম্ ॥১৫॥
এবমুক্ত্বা ততো ভল্লং সৌভদ্রঃ পরবীরহা।
উৎসসর্জ্জ মহাবাহুর্নির্ম্মুক্তোরগসন্নিভম্ ॥১৬॥
স তস্য ভুজনির্ম্মুক্তো লক্ষ্মণস্য সুদর্শনম্।
সুনসং সুভ্রু কেশান্তং শিরোঽহার্ষীৎ সকুণ্ডলম্।
লক্ষ্মণং নিহতং দৃষ্ট্বা হাহেত্যুচ্চুক্রুশুর্জনাঃ ॥১৭॥

সমিতি। উরগঃ সর্পঃ। পৌত্রোঽভিমন্যুঃ। পৌত্রং লক্ষ্মণম্ ॥১৪॥
সুদৃষ্ট ইতি। হি যস্মাৎ, অমুং পরং লোকম্। বান্ধবানামিত্যনাদরে ষষ্ঠী ॥১৫॥
এবমিতি। নির্ম্মুক্তঃ ত্যক্তচর্ম্মা য উরগঃ সর্পস্তৎসন্নিভম্ ॥১৬॥
স ইতি। শোভনা নাসা যত্র তৎ, শোভনে ভ্রুবৌ যত্র তৎ, কেশৈরন্তম্ অতিসুন্দরম্, "অন্তঃ প্রান্তেঽন্তিকে নাশে স্বরূপেঽতিমনোহরে" ইতি বিশ্বঃ। উচ্চুক্রুশুরুচ্চৈরূচুঃ। ষট্-পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

তখন লক্ষ্মণ সুনিশিত ও তীক্ষ্ণ শরসমূহদ্বারা বিপক্ষবীরহন্তা অভিমন্যুর বাহুযুগলে ও বক্ষস্থলে আঘাত করিলেন ॥১৩॥

মহারাজ! এই সময়ে দণ্ডতাড়িত সর্পের ন্যায় মহাবাহু আপনার পৌত্র (অভিমন্যু) অত্যন্তক্রুদ্ধ হইয়া আপনার পৌত্রকে (লক্ষ্মণকে) বলিলেন—॥১৪॥

'লক্ষ্মণ! তুমি জগৎটাকে ভাল করিয়া দেখিয়া লও। কারণ, ইহার পরে তুমি পরলোকে যাইবে। তোমার বান্ধবগণের সমক্ষেই আমি তোমাকে যমালয়ে পাঠাইতেছি' ॥১৫॥

এইরূপ বলিয়া মহাবাহু ও বিপক্ষবীরহন্তা অভিমন্যু খোলসশূন্য সর্পের তুল্য একটা ভল্ল নিক্ষেপ করিলেন ॥১৬॥

অভিমন্যুর বাহুনিক্ষিপ্ত সেই ভল্লটা যাইয়া লক্ষ্মণের সুদৃশ্য, সুন্দর নাসিকা ও ভ্রূযুক্ত, কেশবিন্যাসে অতিমনোহর এবং কুণ্ডলসমন্বিত মস্তকটীকে হরণ করিল। তখন লক্ষ্মণকে নিহত দেখিয়া তত্রত্য লোকেরা উচ্চস্বরে হাহাকার করিতে লাগিল ॥১৭॥

(১৪) সংক্রুদ্ধো বৈ মহারাজ! বা নি। (১৬)…উদ্ববর্হ মহাবাহুঃ…বা ব রা নি।

ততো দুর্য্যোধনঃ ক্রুদ্ধঃ প্রিয়ে পুত্রে নিপাতিতে।
হতৈনমিতি চুক্রোশ ক্ষত্রিয়ান্ ক্ষত্রিয়র্ষভঃ ॥১৮॥
ততো দ্রোণঃ কৃপঃ কর্ণো দ্রোণপুত্রো বৃহদ্বলঃ।
কৃতবর্ম্মা চ হার্দ্দিক্যঃ ষড়্রথাঃ পর্য্যবারয়ন্ ॥১৯॥
স তান্ বিদ্ধা শিতৈর্ব্বাণৈর্বিমুখীকৃত্য চার্জ্জুনিঃ।
বেগেনাভ্যপতৎ ক্রুদ্ধঃ সৈন্ধবস্য মহদ্বলম্ ॥২০॥
আবব্রুস্তস্য পন্থানং গজানীকেন দংশিতাঃ।
কলিঙ্গাশ্চ নিষাদাশ্চ ক্রাথপুত্রশ্চ বীর্য্যবান্।
তৎ প্রসক্তমিবাত্যর্থং যুদ্ধমাসীদ্বিশাংপতে! ॥২১॥
ততস্তৎ কুঞ্জরানীকং ব্যধমদ্ধৃষ্টমার্জ্জুনিঃ।
যথা বায়ুর্নিত্যগতির্জলদান্ শতশোঽম্বরে ॥২২॥

তত ইতি। হত যূয়ং নাশয়ত, এনমভিমন্যুম্, চুক্রোশ উচ্চৈরুবাচ ॥১৮॥
তত ইতি। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ কৃতবর্ম্মৈকঃ। পর্য্যবারয়ন্ অভিমন্যুং পর্য্যবেষ্টন্ত ॥১৯॥
স ইতি। সৈন্ধবস্য বৃাহদ্বাররক্ষিণো জয়দ্রথস্য ॥২০॥
আবব্রুরিতি। দংশিতাঃ কৃতসন্নাহাঃ। প্রসক্তং পরস্পরলগ্নম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥
তত ইতি। ব্যধমং ব্যনাশয়ং, ধৃষ্টং প্রগল্‌ভং রণোন্মত্তমিত্যর্থঃ ॥২২॥

প্রিয় পুত্র নিহত হইলে ক্ষত্রিয়শ্রেষ্ঠ দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া উচ্চস্বরে ক্ষত্রিয়গণকে বলিলেন—'আপনারা এটাকে বধ করুন' ॥১৮॥

তাহার পর দ্রোণ, কৃপ, কর্ণ, অশ্বত্থামা, বৃহদ্বল ও হৃদিকপুত্র কৃতবর্ম্মা এই ছয় জন রথী যাইয়া অভিমন্যুকে পরিবেষ্টন করিলেন ॥১৯॥

তখন অভিমন্যু ক্রুদ্ধ হইয়া সুধার বাণদ্বারা তাড়নপূর্ব্বক তাঁহাদিগকে পরাঙ্মুখ করিয়া বেগে জয়দ্রথের বিশাল সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥২০॥

সেই সময়ে যুদ্ধসজ্জায় সজ্জিত কলিঙ্গ ও নিষাদদেশীয় যোদ্ধারা এবং বলবান্ ক্রাথপুত্র যাইয়া হস্তিসৈন্যদ্বারা অভিমন্যুর পথ রোধ করিলেন। নরনাথ! তখন পরস্পরসংলগ্ন অবস্থাতেই যেন গুরুতর যুদ্ধ হইতে লাগিল ॥২১॥

ক্রমে সর্ব্বদা গমনশীল বায়ু যেমন আকাশে শত শত মেঘ বিনাশ করে, সেইরূপ অভিমন্যুও সেই রণোন্মত্ত হস্তিসৈন্যকে বিনাশ করিলেন ॥২২॥

(১৮)…ক্ষত্রিয়র্ষভ!—পি। (২০) তাংস্তু বিদ্ধা…বা নি। (২২)…ব্যধমদ্দৃপ্তমার্জ্জুনিঃ …যথা বিবান নিত্যগতিঃ…পি।

ততঃ ক্রাথঃ শরব্রাতৈরার্জ্জুনিং সমবাকিরৎ।
অথেতরে সন্নিবৃত্তাঃ পুনর্দ্রোণমুখা রথাঃ।
পরমাস্ত্রাণি ধুন্বানাঃ সৌভদ্রমভিদুদ্রুবুঃ ॥২৩॥
তান্ নিবার্য্যার্জ্জুনির্বাণৈঃ ক্রাথপুত্রমথার্দ্দয়ৎ।
শরৌঘেণাপ্রমেয়েণ ত্বরমাণো জিঘাংসয়া ॥২৪॥
সধনুর্বাণকেয়ূরৌ বাহূ সমুকুটং শিরঃ।
ছত্রং ধ্বজং নিয়ন্তারমশ্বাংশ্চাস্য ন্যপাতয়ৎ ॥২৫॥
কুলশীলশ্রুতবলৈঃ কীর্ত্ত্যা চাস্ত্রবলেন চ।
যুক্তে তস্মিন্ হতে বীরাঃ প্রায়শো বিমুখাঽভবন্ ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধে ক্রাথপুত্রবধে একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

তত ইতি। ক্রাথঃ ক্রাথপুত্রঃ, শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ। ধুন্বানাশ্চালয়ন্তঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

তানিতি। প্রমাতুং সংখ্যাতুমশক্যেনেতি অপ্রমেয়েণ, জিঘাংসয়া হন্তুমিচ্ছয়া ॥২৪॥

সেতি। নিয়ন্তারং সারথিম্, অস্য ক্রাথপুত্রস্য ॥২৫॥

কুলেতি। কুলং সদ্বংশঃ শীলং সংস্বভাবঃ শ্রুতং শাস্ত্রজ্ঞানং বলং শক্তিশ্চ তৈঃ ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি অভিমন্যুবধে একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

তদনন্তর ক্রাথপুত্র বাণসমূহদ্বারা অভিমন্যুকে আবৃত করিয়া ফেলিলেন। তৎপরে দ্রোণপ্রভৃতি অপর রথীরাও পুনরায় ফিরিয়া উত্তমাস্ত্র সকল সঞ্চালন করিতে করিতে অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥২৩॥

তখন অভিমন্যু বাণদ্বারা তাঁহাদিগকে নিবারণ করিয়া বধ করিবার ইচ্ছায় ত্বরান্বিত হইয়া অসংখ্য বাণদ্বারা ক্রাথপুত্রকে পীড়ন করিলেন ॥২৪॥

ক্রমে অভিমন্যু ক্রাথপুত্রের ধনু বাণ ও কেয়ূরযুক্ত বাহুযুগল, মুকুটশোভিত মস্তক, ছত্র, ধ্বজ, সারথি ও অশ্বগুলিকে ছেদন করিয়া নিপাতিত করিলেন ॥২৫॥

কুল, শীল, শাস্ত্রজ্ঞান, শক্তি, কীর্ত্তি ও অস্ত্রবলসম্পন্ন ক্রাথপুত্র নিহত হইলে, প্রায় বীরেরাই বিমুখ হইলেন' ॥২৬॥

(২৩) ততঃ ক্রুদ্ধাঃ শরব্রাতৈ রাজানঃ সমবারয়ন্…নি। (২৪) ক্রাথপুত্রমযোধয়ৎ…নি। (২৫)…সকুণ্ডলং শিরঃ…পি,…সচ্ছত্রধ্বজযন্তারং রথঞ্চাশ্বান্ ন্যপাতয়ৎ—বা নি। (২৬) কুলশীলশ্রুতিবলৈঃ…নি। * '…পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '…ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ।

———(ঃ*ঃ)———

ধৃতরাষ্ট্র উবাচ।

তথা প্রবিষ্টং তরুণং সৌভদ্রমপরাজিতম্।
কুলানুরূপং কুর্ব্বাণং সংগ্রামেষ্বপলায়িনম্ ॥১॥
আজানেয়ৈঃ সুবলিভির্যান্তমশ্বৈস্ত্রিহায়নৈঃ।
প্লবমানমিবাকাশে কে শূরাঃ সমবারয়ন্ ॥২॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

অভিমন্যুঃ প্রবিশ্যৈব তাবকান্ নিশিতৈঃ শরৈঃ।
অকরোৎ পার্থিবান্ সর্ব্বান্ বিমুখান্ পাণ্ডুনন্দনঃ ॥৩॥
তং তু দ্রোণঃ কৃপঃ কর্ণো দ্রৌণিশ্চ সবৃহদ্বলঃ।
কৃতবর্ম্মা চ হার্দ্দিক্যঃ ষড়্‌রথাঃ পর্য্যবারয়ন্ ॥৪॥
দৃষ্ট্বা তু সৈন্ধবে ভারমতিমাত্রং সমাহিতম্।
সৈন্যং তব মহারাজ! যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥৫॥

তথেতি। কুলানুরূপং যুদ্ধাদিকার্য্যমিতি শেষঃ। আজানেয়ৈঃ সৎকুলজাতৈঃ ॥১—২॥
অভীতি। পাণ্ডূন্ পাণ্ডবপক্ষান্ নন্দয়তি যুদ্ধাদিনা হর্ষয়তীতি সঃ ॥৩॥
তমিতি। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ কৃতবর্ম্মৈক ইতি ষট্‌সংখ্যোপপত্তিঃ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! যুবক, অপরাজিত, বংশের অনুরূপকার্য্যকারী ও যুদ্ধে অপলায়ী অভিমন্যু সেইভাবে জয়দ্রথসৈন্যমধ্যে প্রবেশ করিয়া সৎকুল-জাত, অত্যন্ত বলবান্ ও ত্রিবর্ষবয়স্ক অশ্বগণের গুণে আকাশে লম্ফন করিয়া করিয়াই যেন গমন করিতে লাগিলে, কোন্ বীরেরা তাহাকে বারণ করিতে লাগিলেন?' ॥১—২॥

সঞ্জয় কহিলেন—'রাজা! পাণ্ডবপক্ষের আনন্দজনক অভিমন্যু জয়দ্রথ-সৈন্যমধ্যে প্রবেশ করিয়াই সুধার বাণসমূহদ্বারা আপনার পক্ষের সমস্ত রাজাকে পরাঙ্মুখ করিয়া ফেলিলেন ॥৩॥

তখন দ্রোণ, কৃপ, কর্ণ, অশ্বত্থামা, বৃহদ্বল ও হৃদিকপুত্র কৃতবর্ম্মা এই ছয় জন রথী তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥৪॥

---

(১)···সংগ্রামেষ্বপরাজিতম্—বা ব রা নি। (৩) ··প্রবিশ্যৈতান্···বা নি।

সৌভদ্রমিতরে বীরমভ্যবর্ষন্ শরাম্বুভিঃ।
তালমাত্রাণি চাপানি বিকর্ষন্তো মহাবলাঃ ॥৬॥
তাংস্তু সর্ব্বান্ মহেষ্বাসান্ সর্ব্ববিদ্যাসু নিষ্ঠিতান্।
ব্যষ্টম্ভয়দ্রণে বাণৈঃ সৌভদ্রঃ পরবীরহা ॥৭॥
দ্রোণং পঞ্চাশতাবিধ্যদ্বিংশত্যা চ বৃহদ্বলম্।
অশীত্যা কৃতবর্ম্মাণং কৃপং ষষ্ট্যা শিলীমুখৈঃ ॥৮॥
রুক্মপুঙ্খৈর্মহাবেগৈরাকর্ণসমচোদিতৈঃ।
অবিধ্যদ্দশভির্ব্বাণৈরশ্বত্থামানমার্জ্জুনিঃ ॥৯॥
কর্ণঞ্চ কর্ণিনা কর্ণে পীতেন নিশিতেন চ।
ফাল্গুনির্দ্বিষতাং মধ্যে বিব্যাধ পরমেষুণা ॥১০॥

দৃষ্ট্বেতি। সৈন্ধবে সিন্ধুরাজে জয়দ্রথে, ভারং ব্যূহদ্বাররক্ষারূপং দুষ্করং কার্য্যম্ ॥৫॥
সৌভদ্রমিতি। শরাম্বুভিরিত্যনেন বীরে গিরিরূপত্বং ব্যজ্যতে। তালমাত্রাণি হস্ত-চতুষ্টয়মাত্রাণি ॥৬॥
তানিতি। সর্ব্ববিদ্যাসু যুদ্ধসম্বন্ধিনীষু, নিষ্ঠিতান্ অভিনিবিষ্টান্। ব্যষ্টম্ভয়ৎ ন্যবারয়ৎ ॥৭॥
তন্নিবারণপ্রকারমাহ দ্রোণমিতি। শিলীমুখৈর্বাণৈঃ ॥৮॥
রুক্মেতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ, আকর্ণসমচোদিতৈঃ কর্ণপর্য্যন্তাকৃষ্টধনুর্মুক্তৈঃ ॥৯॥
কর্ণমিতি। কর্ণিনা তদাখ্যেন, পীতেন স্বর্ণখচিতত্বাৎ পীতবর্ণেন। ফাল্গুনিরভিমন্যুঃ ॥১০॥

মহারাজ! ওদিকে জয়দ্রথের উপরে গুরুতর ভার ন্যস্ত রহিয়াছে দেখিয়া আপনার সৈন্যেরা যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইল ॥৫॥

আর অন্য মহাবলেরা হস্তচতুষ্টয়প্রমাণ ধনু আকর্ষণ করতঃ বীর অভিমন্যুরূপ পর্ব্বতের উপরে বাণরূপ জল বর্ষণ করিতে থাকিলেন ॥৬॥

বিপক্ষবীরহন্তা অভিমন্যুও বাণদ্বারা মহাধনুর্দ্ধর ও সমগ্র যুদ্ধবিদ্যায় অভি-নিবিষ্ট সেই সকল বীরকে যুদ্ধে নিবারণ করিলেন ॥৭॥

তিনি পঞ্চাশটাদ্বারা দ্রোণকে, কুড়িটাদ্বারা বৃহদ্বলকে, আশীটাদ্বারা কৃত-বর্ম্মাকে এবং ষাট্‌টা বাণদ্বারা কৃপকে বিদ্ধ করিলেন ॥৮॥

তৎপরে অভিমন্যু স্বর্ণপুঙ্খ, মহাবেগশালী এবং কর্ণপর্য্যন্ত আকৃষ্ট কার্ম্মুকনিক্ষিপ্ত দশটা বাণদ্বারা অশ্বত্থামাকে তাড়ন করিলেন ॥৯॥

তাহার পর অভিমন্যু শত্রুমধ্যে পীতবর্ণ ও সুধার কর্ণিনামক একটা উত্তম বাণদ্বারা কর্ণের কর্ণদেশে আঘাত করিলেন ॥১০॥

(৬)···বিকর্ষন্তো মহারথাঃ—বা নি। (১০)···পীতেন চ শিতেন চ···বা নি।

পাতয়িত্বা কৃপস্যাশ্বাংস্তথোভৌ পার্ষ্ণিসারথী।
অথৈনং দশভির্ব্বাণৈঃ প্রত্যবিধ্যৎ স্তনান্তরে ॥১১॥
ততো বৃন্দারকং বীরং কুরূণাং কীর্ত্তিবর্দ্ধনম্।
পুত্ত্রাণাং তব বীরাণাং পশ্যতামবধীদ্বলী ॥১২॥
তং দ্রৌণিঃ পঞ্চবিংশত্যা ক্ষুদ্রকাণাং সমার্পয়ৎ।
বরং বরমমিত্রাণামারুজন্তমভীতবৎ ॥১৩॥
স তু বাণৈঃ শিতৈস্তূর্ণং প্রত্যবিধ্যত মারিষ!।
পশ্যতাং ধার্ত্তরাষ্ট্রাণামশ্বত্থামানমার্জ্জুনিঃ ॥১৪॥
ষষ্ট্যা শরাণাং তং দ্রৌণিস্তিগ্মধারৈঃ সুতেজনৈঃ।
উগ্রৈর্নাকম্পয়দ্বিদ্ধা মৈনাকমিব পর্ব্বতম্ ॥১৫॥
স তু দ্রৌণিং ত্রিসপ্তত্যা হেমপুঙ্খৈরজিহ্মগৈঃ।
প্রত্যবিধ্যন্মহাতেজা বলবানপকারিণম্ ॥১৬॥

পাতয়িত্বেতি। পার্ষ্ণিসারথী রথস্য পৃষ্ঠবর্ত্তিনৌ চালকৌ। স্তনান্তরে বক্ষসি ॥১১॥
তত ইতি। বৃন্দারকং নাম। পুত্ত্রাণামিত্যনাদরে ষষ্ঠী। বলী অভিমন্যুঃ ॥১২॥
তমিতি। সমার্পয়ৎ অপীড়য়ৎ। অমিত্রাণাং শত্রূণাম্, আরুজন্তং পীড়য়ন্তম্ ॥১৩॥
স ইতি। শিতৈঃ শিলায়াং ঘর্ষণেন সুধারীকৃতৈঃ। আর্জ্জুনিরভিমন্যুঃ ॥১৪॥
ষষ্ট্যেতি। দ্রৌণিরশ্বত্থামা। সুতেজনৈঃ অতীবোজ্জ্বলৈঃ ॥১৫॥
স ইতি। অজিহ্মগৈঃ সরলগামিভির্বাণৈঃ। অপকারিণং মার্গরোধাদিকরণাৎ ॥১৬॥

তদনন্তর তিনি কৃপাচার্য্যের চারিটা অশ্ব এবং দুই জন পৃষ্ঠসারথিকে নিপাতিত করিয়া দশটা বাণদ্বারা কৃপাচার্য্যের বক্ষস্থলে প্রহার করিলেন ॥১১॥

রাজা! তৎপরে বলবান্ অভিমন্যু আপনার বীরপুত্ত্রগণের সমক্ষেই কৌরবগণের কীর্ত্তিবর্দ্ধক বীর বৃন্দারককে বধ করিলেন ॥১২॥

এইভাবে অভিমন্যু শত্রুপক্ষের প্রধান প্রধান যোদ্ধাকে পীড়ন করিতে থাকিয়া নির্ভয়ের ন্যায় বিচরণ করিতে থাকিলে, অশ্বত্থামা পঁচিশটা ক্ষুদ্রকদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥১৩॥

মাননীয় রাজা! অভিমন্যুও তখন ধার্ত্তরাষ্ট্রগণের সমক্ষেই সত্বর নিশিত শরসমূহদ্বারা অশ্বত্থামাকে প্রতিবিদ্ধ করিলেন ॥১৪॥

ক্রমে অশ্বত্থামা তীক্ষ্ণধার, অত্যন্ত উজ্জ্বল ও ভয়ঙ্কর ষাট্‌টা বাণদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিয়াও মৈনাকপর্ব্বতের ন্যায় বিচলিত করিতে পারিলেন না ॥১৫॥

(১১) ঘাতয়িত্বা কৃপস্যাশ্বান্…পি। (১৫)…তির্য্যগ্‌ধারৈঃ সুতেজনৈঃ…পি ব।

তস্মিন্ দ্রোণো বাণশতং পুত্রগৃদ্ধী ন্যপাতয়ৎ।
অশ্বত্থামা তথা ষষ্টিং পরীপ্সন্ পিতরং রণে ॥১৭॥
কর্ণো দ্বাবিংশতিং ভল্লান্ কৃতবর্ম্মা চ বিংশতিম্।
বৃহদ্বলস্তু পঞ্চাশৎ কৃপঃ শারদ্বতো দশ ॥১৮॥
তাংস্তু প্রত্যবধীৎ সর্ব্বান্ দশভির্দশভিঃ শরৈঃ।
তৈরর্দ্দ্যমানঃ সৌভদ্রঃ সর্ব্বতো নিশিতৈঃ শরৈঃ ॥১৯॥
তং কোশলানামধিপঃ কর্ণিনাঽতাড়য়দ্ধৃদিঃ।
স তস্যাশ্বান্ ধ্বজং চাপং সূতঞ্চাপাতয়ৎ ক্ষিতৌ ॥২০॥
অথ কোশলরাজস্তু বিরথঃ খড়্গচর্ম্মভৃৎ।
ইয়েষ ফাল্গুনেঃ কায়াচ্ছিরো হর্ত্তুং সকুণ্ডলম্ ॥২১॥
স কোশলানামধিপং রাজপুত্রং বৃহদ্বলম্।
হৃদি বিব্যাধ বাণেন স ভিন্নহৃদয়োঽপতৎ ॥২২॥

তস্মিন্নিতি। পুত্রগৃদ্ধী পুত্রবৎসলঃ। ষষ্টিং বাণানাম্, পরীপ্সন্ প্রাপ্তুমিচ্ছন্ ॥১৭॥
কর্ণ ইতি। সর্বত্র ন্যক্ষিপদিতি শেষঃ। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ ॥১৮॥
তানিতি। অর্দ্দ্যমানঃ পীড্যমানঃ, সৌভদ্রোঽভিমন্যুঃ ॥১৯॥
তমিতি। কর্ণিনা কর্ণিনামকেন বাণবিশেষেণ। সঃ অভিমন্যুঃ ॥২০॥
অথেতি। কোশলরাজো বৃহদ্বলঃ, বিরথঃ সূতহননেনৈবাকর্ম্মণ্যরথঃ ॥২১॥

পরে মহাতেজা ও বলবান্ অভিমন্যু পুনরায় স্বর্ণপুঙ্খ ত্রিসপ্ততিসংখ্যক বাণদ্বারা অপকারী অশ্বত্থামাকে প্রতিবিদ্ধ করিলেন ॥১৬॥

তৎকালে পুত্রবৎসল দ্রোণ একশত বাণ এবং পিতার নিকট গমনার্থী অশ্বত্থামা ষাট্‌টা বাণ অভিমন্যুর প্রতি নিক্ষেপ করিলেন ॥১৭॥

তদনন্তর কর্ণ বাইশটা, কৃতবর্ম্মা কুড়িটা, বৃহদ্বল পঞ্চাশটা এবং শরদ্বানের পুত্র কৃপ দশটা ভল্ল নিক্ষেপ করিলেন ॥১৮॥

তাঁহারা সকল দিক্ হইতে নিশিত শরসমূহদ্বারা পীড়ন করিতে লাগিলে, অভিমন্যুও দশ দশটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে প্রতিবিদ্ধ করিলেন ॥১৯॥

এই সময়ে কোশলাধিপতি বৃহদ্বল একটা কর্ণিদ্বারা অভিমন্যুর বক্ষস্থলে তাড়ন করিলেন। তখন অভিমন্যু বৃহদ্বলের অশ্ব, ধ্বজ, ধনু ও সারথিকে নিপাতিত করিলেন ॥২০॥

তদনন্তর বৃহদ্বল রথবিহীন হইয়া তরবারি ও চর্ম্ম (ঢাল) ধারণ করিয়া অভিমন্যুর দেহ হইতে কুণ্ডলযুক্ত মস্তকটী হরণ করিবার ইচ্ছা করিলেন ॥২১॥

(১৭)…অশ্বত্থামা তথাষ্টৌ চ…বা নি।

বভঞ্জ চ সহস্রাণি দশ রাজ্ঞাং মহাত্মনাম্।
সৃজতামশিবা বাচঃ খড়্গকার্ম্মুকধারিণাম্ ॥২৩॥
তথা বৃহদ্বলং হত্বা সৌভদ্রো ব্যচরদ্রণে।
ব্যষ্টম্ভয়ন্মহেষ্বাসো যোধাংস্তব শরাম্বুভিঃ ॥২৪॥
স কর্ণং কর্ণিনা কর্ণে পুনর্বিব্যাধ ফাল্গুনিঃ।
শরৈঃ পঞ্চাশতা চৈনমবিধ্যৎ কোপয়ন্ ভৃশম্ ॥২৫॥
প্রতিবিব্যাধ রাধেয়স্তাবদ্ভিরথ তং পুনঃ।
শরৈরাচিতসর্বাঙ্গো বহ্বশোভত ভারত! ॥২৬॥
কর্ণং চাপ্যকরোৎ ক্রুদ্ধো রুধিরোৎপীড়বাহিনম্।
কর্ণোঽপি বিবভৌ শূরঃ শরৈশ্চিত্রোঽসৃগাপ্লুতঃ ॥২৭॥

স ইতি। ভিন্নহৃদয়ো বিদীর্ণবক্ষাঃ ॥২২॥

বভঞ্জেতি। বভঞ্জ বিজিগ্যে। সৃজতাং ব্রুবতাম্, অশিবা অমঙ্গলসূচিকাঃ ॥২৩॥

তথেতি। ব্যষ্টম্ভয়ৎ ন্যবারয়ৎ। শরা অম্বূনীব তৈঃ। এতেন যোধান্ বৃষানিবেতি ব্যজ্যতে ॥২৪॥

স ইতি। কর্ণিনা তদাখ্যেন বাণেন। ফাল্গুনিরভিমন্যুঃ ॥২৫॥

প্রতীতি। তাবদ্ভিঃ পঞ্চাশতৈব। আচিতসর্ব্বাঙ্গো ব্যাপ্তসকলাবয়বঃ ॥২৬॥

কর্ণমিতি। রুধিরস্য উৎপীড়ং প্রবাহং বহতীতি তম্। অসৃগাপ্লুতো রক্তাক্তঃ ॥২৭॥

তখন অভিমন্যু একটা বাণদ্বারা কোশলদেশাধিপতি রাজপুত্র বৃহদ্বলের হৃদয় বিদ্ধ করিলেন; সেইক্ষণেই তিনি বিদীর্ণহৃদয় হইয়া পতিত হইলেন ॥২২॥

পরে খড়্গ ও চর্ম্মধারী দৃঢ়চিত্ত দশ সহস্র ক্ষত্রিয় অমঙ্গলসূচক বাক্য বলিতে লাগিলে, অভিমন্যু তাহাদিগকেও পরাজয় করিলেন ॥২৩॥

মহাধনুর্দ্ধর অভিমন্যু সেইভাবে বৃহদ্বলকে বধ করিয়া যুদ্ধে বিচরণ করিতে লাগিলেন এবং জলের ন্যায় বাণ বর্ষণ করিয়া আপনার পক্ষের যোদ্ধাদিগকে বারণ করিতে থাকিলেন ॥২৪॥

ক্রমে অভিমন্যু পুনরায় একটা কর্ণিদ্বারা কর্ণের কর্ণদেশ বিদ্ধ করিলেন এবং উঁহাকে অত্যন্তক্রুদ্ধ করতঃ পঞ্চাশটা বাণদ্বারা তাড়ন করিলেন ॥২৫॥

ভরতনন্দন! তখন কর্ণও ততগুলি বাণদ্বারা পুনরায় অভিমন্যুকে বিদ্ধ করিলেন। সেই সময়ে অভিমন্যু বাণব্যাপ্তদেহ হইয়া বিশেষ শোভা পাইতে লাগিলেন ॥২৬॥

---

(২৪) ইতঃ পরম্ '···ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' ব, '···সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বা রা নি। (২৭)·· শরৈশ্ছিন্নোঽসৃগাপ্লুতঃ—নি।

তৌ তথা শরচিত্রাঙ্গৌ রুধিরেণ সমুক্ষিতৌ।
বভূবতুর্মহাত্মানৌ পুষ্পিতাবিব কিংশুকৌ ॥২৮॥
অথ কর্ণস্য সচিবান্ ষট্ শূরাংশ্চিত্রযোধিনঃ।
সাশ্বসূতধ্বজরথান্ সৌভদ্রো নিজঘান হ ॥২৯॥
তথেতরান্ মহেষ্বাসান্ দশভির্দশভিঃ শরৈঃ।
প্রত্যবিধ্যদসংভ্রান্তস্তদদ্ভুতমিবাভবৎ ॥৩০॥
মাগধস্য পুনঃ পুত্রং হত্বা ষড়্‌ভিরজিহ্মগৈঃ।
সাশ্বং সসূতং তরুণমশ্বকেতুমপাতয়ৎ ॥৩১॥
মার্ত্তিকাবতকং ভোজং ততঃ কুঞ্জরকেতনম্।
ক্ষুরপ্রেণ সমুন্মথ্য ননাদ বিসৃজন্ শরান্ ॥৩২॥

তাবিতি। সমুক্ষিতৌ সিক্তদেহৌ। পুষ্পিতৌ সঞ্জাতপুষ্পৌ ॥২৮॥
অথেতি। সচিবান্ সহায়ান্। চিত্রযোধিনো নানাবিধযুদ্ধকারিণঃ ॥২৯॥
তথেতি। অসংভ্রান্তঃ অবিচলিতচিত্তঃ। একস্য বহুপ্রতিতাড়নমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥৩০॥
মাগধস্যেতি। মাগধস্য মগধরাজস্য জয়ৎসেনস্য। অজিহ্মগৈর্ব্বাণৈঃ ॥৩১॥
মার্ত্তিকেতি। মৃত্তিকাস্যাস্তীতি মৃত্তিকাবান্ দেশঃ তস্যায়ং রাজেতি মার্ত্তিকাবতকস্তম্ ॥৩২॥

পরে অভিমন্যু ক্রুদ্ধ হইয়া কর্ণের অঙ্গে রক্তের স্রোত প্রবাহিত করিলেন। তখন বীর কর্ণও অভিমন্যুর বাণে রক্তাক্তদেহ ও বিচিত্রমূর্ত্তি হইয়া শোভা পাইতে থাকিলেন ॥২৭॥

সেই মহাত্মারা দুই জনই বাণ সংলগ্ন হওয়ায় বিচিত্রাঙ্গ ও রক্তাক্তদেহ হইয়া পুষ্পসমন্বিত দুইটা কিংশুকবৃক্ষের ন্যায় হইলেন ॥২৮॥

তাহার পর অভিমন্যু অশ্ব, সারথি, ধ্বজ ও রথের সহিত কর্ণের সহচর ছয় জন বিচিত্রযোধী বীরকে বধ করিলেন ॥২৯॥

এবং তিনি অবিচলিত থাকিয়া দশ দশটা বাণদ্বারা অপর মহাধনুর্দ্ধরদিগকে প্রতিবিদ্ধ করিলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৩০॥

আবার তিনি ছয়টা বাণদ্বারা চারিটা অশ্ব ও সারথিকে বধ করিয়া মগধ-রাজ জয়ৎসেনের পুত্র যুবা অশ্বকেতুকে নিপাতিত করিলেন ॥৩১॥

তাহার পর অভিমন্যু একটা ক্ষুরপ্র-(বাণবিশেষ) দ্বারা মার্ত্তিকাবতদেশীয় গজধ্বজ ভোজকে তাড়ন করিয়া বাণক্ষেপ করতঃ সিংহনাদ করিয়া উঠিলেন ॥৩২॥

(২৮) তাবুভৌ শরচিত্রাঙ্গৌ...বা নি। (৩১) মাগধস্য তথা পুত্রম্...বা নি।

তস্য দৌঃশাসনির্বিদ্ধা চতুর্ভিশ্চতুরো হয়ান্ ।
সূতমেকেন বিব্যাধ দশভিশ্চার্জ্জুনাত্মজম্ ॥৩৩॥
ততো দৌঃশাসনিং কার্ষ্ণির্বিদ্ধা সপ্তভিরাশুগৈঃ ।
সংরম্ভাদ্রক্তনয়নো বাক্যমুচ্চৈরথাব্রবীৎ ॥৩৪॥
পিতা তবাহবং ত্যক্ত্বা গতঃ কাপুরুষো যথা ।
দিষ্ট্যা ত্বমপি জানীষে যোদ্ধুং ন ত্বদ্য মোক্ষ্যসে ॥৩৫॥
এতাবদুক্ত্বা বচনং কর্ম্মারপরিমার্জিতম্ ।
নারাচং বিসসর্জ্জাস্মৈ তং দ্রৌণিস্ত্রিভিরচ্ছিনৎ ॥৩৬॥
তস্যার্জ্জুনির্ধ্বজং ছিত্ত্বা শল্যং ত্রিভিরতাড়য়ৎ ।
তং শল্যো নবভির্ব্বাণৈর্গার্দ্ধ্রপত্রৈরতাড়য়ৎ ।
হৃষ্যসংভ্রান্তবদ্রাজন্ ! তদদ্ভুতমিবাভবৎ ॥৩৭॥

তস্যেতি। দৌঃশাসনির্দুঃশাসনপুত্রঃ, চতুর্ভিঃ শরৈঃ। সূতং সারথিম্ ॥৩৩॥
তত ইতি। কার্ষ্ণিরভিমন্যুঃ। আশুগৈর্বাণৈঃ। সংরম্ভাৎ ক্রোধাৎ ॥৩৪॥
পিতেতি। আহবং রণস্থলম্। দিষ্ট্যা ভাগ্যেন। মোক্ষ্যসে মম হস্তাৎ ॥৩৫॥
এতাবদিতি। কর্ম্মারপরিমার্জিতং শিল্পিপরিষ্কৃতম্। দ্রৌণিরশ্বত্থামা ॥৩৬॥
তস্যেতি। গৃধ্রাণামিমানীতি গার্দ্ধ্রাণি পত্রাণি পক্ষা যেষু তৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

তখন দুঃশাসনের পুত্র যাইয়া চারিটা বাণদ্বারা অভিমন্যুর চারিটা অশ্বকে এবং একটা বাণদ্বারা সারথিকে বিদ্ধ করিয়া দশ দশটা বাণদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিলেন ॥৩৩॥

তদনন্তর অভিমন্যুও সাতটা বাণদ্বারা দুঃশাসনের পুত্রকে বিদ্ধ করিয়া ক্রোধে আরক্তনয়ন হইয়া উচ্চস্বরে এই কথা বলিলেন—॥৩৪॥

'তোমার পিতা কাপুরুষের ন্যায় রণস্থল পরিত্যাগ করিয়া গিয়াছেন। ভাগ্যবশতঃ তুমিও যুদ্ধ করিতে জান বটে, তবে আজ আমার হাত হইতে মুক্তি লাভ করিতে পারিবে না' ॥৩৫॥

এই পর্য্যন্ত বাক্য বলিয়াই অভিমন্যু শিল্পিপরিমার্জিত একটা নারাচ দুঃশাসনের পুত্রের উপরে নিক্ষেপ করিলেন; তখন অশ্বত্থামা তিনটা বাণদ্বারা সেটাকে ছেদন করিলেন ॥৩৬॥

পরে অভিমন্যু অশ্বত্থামার ধ্বজ ছেদন করিয়া তিনটা বাণদ্বারা শল্যকে তাড়ন করিলেন। রাজা! তখন শল্য অবিচলিতের ন্যায় থাকিয়া গৃধ্রপক্ষযুক্ত

(৩৬)···ত্রিভিরাচ্ছিনৎ—বা ব রা নি।

তস্যার্জ্জুনির্ধ্বজং ছিত্ত্বা হত্বোভৌ পার্ষ্ণিসারথী।
তং বিব্যাধায়সৈঃ ষড়্‌ভিঃ সোঽপাক্রামদ্রথান্তরম্ ॥৩৮॥
শত্রুঞ্জয়ং চন্দ্রকেতুং মেঘবেগং সুবর্চ্চসম্।
সূর্য্যভাসঞ্চ পঞ্চৈতান্ হত্বা বিব্যাধ সৌবলম্ ॥৩৯॥
তং সৌবলস্ত্রিভির্বিদ্ধা দুর্য্যোধনমথাব্রবীৎ।
সর্ব এনং প্রমথ্নীমঃ পুরৈকৈকং হিনস্তি নঃ ॥৪০॥
অথাব্রবীত্তথা দ্রোণং কর্ণো বৈকর্ত্তনো রণে।
পুরা সর্ব্বান্ প্রমথ্নাতি ব্রূহ্যস্য বধমাশু নঃ ॥৪১॥
ততো দ্রোণো মহেষ্বাসঃ সর্ব্বাংস্তান্ প্রত্যভাষত।
অস্তি বাঽস্যান্তরং কিঞ্চিৎ কুমারস্যাথ পশ্যত ॥৪২॥

তস্যেতি। আয়সৈর্লৌহময়ৈর্বাণৈঃ। অপাক্রামৎ অপসৃত্যাগচ্ছৎ ॥৩৮॥
শত্রুঞ্জয়মিতি। বিব্যাধ অভিমন্যুরেব, সৌবলং সুবলপুত্রং শকুনিম্ ॥৩৯॥
তমিতি। পুরা আগামিনি কালে, হিনস্তি বিনাশয়িষ্যতি, নঃ অস্মাকম্ ॥৪০॥
অথেতি। বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রঃ। পুরা পরস্মিন্ কালে। বধং বধোপায়ম্ ॥৪১॥
তত ইতি। অন্তরং ছিদ্রং প্রহারাবকাশ ইত্যর্থঃ ॥৪২॥

নয়টা বাণদ্বারা অভিমন্যুর হৃদয়ে পীড়ন করিলেন; সেটা যেন আশ্চর্য্যের ন্যায় হইল ॥৩৭॥

ক্রমে অভিমন্যু শল্যের ধ্বজ ছেদন এবং পৃষ্ঠবর্ত্তী সারথি দুই জনকে বধ করিয়া ছয়টা লৌহময় বাণদ্বারা শল্যকে বিদ্ধ করিলেন। তখন শল্য অপসৃত হইয়া অন্যরথে গমন করিলেন ॥৩৮॥

তদনন্তর অভিমন্যু—শত্রুঞ্জয়, চন্দ্রকেতু, মেঘবেগ, সুবর্চ্চা ও সূর্য্যভাস এই পাঁচ জন বীরকে বধ করিয়া শকুনিকে বিদ্ধ করিলেন ॥৩৯॥

তখন শকুনি তিনটা বাণদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিয়া দুর্য্যোধনকে বলিলেন—'আমরা সকলে মিলিয়া ইহাকে বধ করি। না হইলে, এ পরে আমাদের এক এক জনকে বধ করিবে' ॥৪০॥

তাহার পর সূর্য্যপুত্র কর্ণও দ্রোণকে সেইরূপই বলিলেন—'আচার্য্য! হয় ত অভিমন্যু পরে আমাদের সকলকেই যুদ্ধে বধ করিবে। অতএব আপনি সত্বর উহার বধের উপায় আমাদের নিকট বলুন' ॥৪১॥

(৪০)···সর্ব এনং নিমথ্নীমঃ···বা,···সর্ব্ব এনং বিমথ্নীমঃ—ব নি। (৪২)···অস্তি বোঽস্যান্তরং কশ্চিৎ কুমারস্য প্রপশ্যতি—পি ব।

অন্বস্য পিতরঞ্চাদ্য চরতঃ সর্ব্বতো দিশম্ ।
শীঘ্রতাং নরসিংহস্য পাণ্ডবেয়স্য পশ্যত ॥৪৩॥
ধনুর্মণ্ডলমেবাস্য রথমার্গেষু দৃশ্যতে ।
সন্দধানস্য বিশিখান্ শীঘ্রঞ্চৈব বিমুঞ্চতঃ ॥৪৪॥
আরুজন্নপি মে প্রাণান্ মোহয়ন্নপি সায়কৈঃ ।
প্রহর্ষয়তি মাং ভূয়ঃ সৌভদ্রঃ পরবীরহা ॥৪৫॥
অতি মাং নন্দয়ত্যেষ সৌভদ্রো বিচরন্ রণে ।
অন্তরং যস্য সংরব্ধা ন পশ্যন্তি মহারথাঃ ॥৪৬॥
অস্যতো লঘুহস্তস্য দিশঃ সর্ব্বা মহেষুভিঃ ।
ন বিশেষং প্রপশ্যামি রণে গাণ্ডীবধন্বনঃ ॥৪৭॥
অথ কর্ণঃ পুনর্দ্রোণমাহার্জ্জুনিশরাহতঃ ।
স্থাতব্যমিতি তিষ্ঠামি পীড্যমানোঽভিমন্যুনা ॥৪৮॥

অন্বিতি। অস্য পিতরমর্জ্জুনম্ অনু তৎসদৃশস্তেত্যর্থঃ। শীঘ্রতামস্ত্রক্ষেপে ॥৪৩॥
ধনুরিতি। ধনুর্মণ্ডলং মণ্ডলীভূতং ধনুরেব। বিশিখান্ বাণান্ ॥৪৪॥
আরুজন্নিতি। আরুজন্ সম্যগ্ ব্যথয়ন্। ভূয়ঃ সাতিশয়ম্ ॥৪৫॥
অতীতি। অতিনন্দয়তীতি সম্বন্ধঃ। অন্তরং ছিদ্রম্, সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ ॥৪৬॥
অস্যত ইতি। অস্যতঃ ক্ষিপতো ব্যাপ্নুবত ইত্যর্থঃ। বিশেষং বৈষম্যম্ ॥৪৭॥
অথেতি। আহ ব্রবীতি স্ম, আর্জ্জুনেরভিমন্যোঃ শরৈরাহতঃ ॥৪৮॥

তাহার পর মহাধনুর্দ্ধর দ্রোণ তাঁহাদের সকলকে বলিলেন—'এই কুমারটীর কোন ছিদ্র (ফাঁক্) আছে বা আপনারা দেখিতেছেন কি ? ॥৪২॥

এই নরশ্রেষ্ঠ পাণ্ডবনন্দনটী উহার পিতার ন্যায়ই আজ সকল দিকে বিচরণ করিতেছে ; এই অবস্থায় উহার শীঘ্রতা দেখুন ॥৪৩॥

এ—যে দ্রুত বাণসন্ধান ও বাণক্ষেপ করিতেছে, এ অবস্থায় রথপথে উহার কেবল মণ্ডলীভূত ধনুখানাই দেখা যাইতেছে ॥৪৪॥

বিপক্ষবীরহন্তা এই সুভদ্রানন্দন বাণদ্বারা আমার প্রাণ ব্যথিত বা আমাকে মোহিত করিয়াও আমাকে অত্যন্ত আনন্দিত করিতেছে ॥৪৫॥

এই অভিমন্যু যুদ্ধে বিচরণ করিতে থাকিয়া আমার অত্যন্ত আনন্দ জন্মাইতেছে ; ক্রুদ্ধ মহারথেরা যাহার কোন ছিদ্র দেখিতেছেন না ॥৪৬॥

লঘুহস্ত অভিমন্যু বাণদ্বারা সকল দিক্ ব্যাপ্ত করিতেছে। সুতরাং যুদ্ধে অর্জ্জুন হইতে উহার কোন বৈষম্য দেখিতেছি না ॥৪৭॥

(৪৩)…পিতরং হৃদ্য…পি ব। (৪৬) অতিমানং দধাত্যেষঃ…বা নি।

তেজস্বিনঃ কুমারস্য শরাঃ পরমদারুণাঃ।
ক্ষিণ্বন্তি হৃদয়ং মেঽদ্য ঘোরাঃ পাবকতেজসঃ ॥৪৯॥
তমাচার্য্যোঽব্রবীৎ কর্ণং শনকৈঃ প্রহসন্নিব।
অভেদ্যমস্য কবচং যুবা চাশুপরাক্রমঃ ॥৫০॥
উপদিষ্টা ময়া চাস্য পিতুঃ কবচধারণা।
তামেষ নিখিলাং বেত্তি ধ্রুবং পরপুরঞ্জয়ঃ ॥৫১॥
শক্যন্ত্বস্য ধনুশ্ছেত্তুং জ্যা চ বাণৈঃ সমাহিতৈঃ।
অভীষবো হয়াশ্চৈব তথোভৌ পার্ষ্ণিসারথী ॥৫২॥
এতৎ কুরু মহেষ্বাস! রাধেয়! যদি শক্যতে।
অথৈনং বিমুখীকৃত্য পশ্চাৎ প্রহরণং কুরু ॥৫৩॥

তেজস্বিন ইতি। ক্ষিণ্বন্তি বিদারয়ন্তি। পাবকস্য বহ্নেরিব তেজো যেষাং তে ॥৪৯॥
তমিতি। অতঃ কবচভেদেন দেহভেদঃ শস্ত্রসম্ভব এবেতি ভাবঃ ॥৫০॥
নন্বীদৃশমস্যাভেদ্যং কবচং কুত ইত্যাহ উপেতি। পিতুরর্জ্জুনস্য ॥৫১॥
শক্যমিতি। জ্যা চ ছেত্তুং শক্যেত্যাদিকমূহনীয়ম্। অভীষবঃ অশ্বমুখরজ্জবঃ ॥৫২॥
এতদিতি। হে রাধেয়! কর্ণ!। পশ্চাৎ পৃষ্ঠতঃ ॥৫৩॥

তদনন্তর অভিমন্যুর বাণে আহত কর্ণ পুনরায় দ্রোণকে বলিলেন—'আচার্য্য! অভিমন্যু যেরূপ পীড়ন করিতেছে, তাহাতে আমি-থাকিতে হয় বলিয়া থাকিতেছি ॥৪৮॥

এই তেজস্বী কুমারের অতিদারুণ ও অগ্নির ন্যায় ওজস্বী বিশাল বাণগুলি আজ আমার হৃদয় বিদীর্ণ করিয়াছে' ॥৪৯॥

তখন দ্রোণাচার্য্য মৃদু মৃদু হাস্য করতই যেন কর্ণকে বলিলেন—'ইহার কবচ অভেদ্য, এ—যুবক এবং ইহার পরাক্রমও দ্রুতকার্য্যকারী ॥৫০॥

আমিই ইহার পিতাকে কবচধারণের নিয়ম বলিয়া দিয়াছিলাম; শত্রুনগর-বিজয়ী এই অভিমন্যু নিশ্চয়ই সে সমস্ত জানে ॥৫১॥

বিশেষসন্ধানপূর্ব্বক বাণদ্বারা উহার ধনু, গুণ ও ঘোড়ার লাগাম ছেদন করা যাইতে পারে এবং ঘোড়াগুলিকে ও পিছনের সারথি দুই জনকে বধ করাও সম্ভবপর ॥৫২॥

অতএব মহাধনুর্দ্ধর কর্ণ! যদি পার, তবে ইহা কর; তাহার পর উহাকে বিমুখ করিয়া পিছনের দিক্ হইতে প্রহার করিতে থাক ॥৫৩॥

(৫২)…জ্যাঞ্চ বাণৈঃ সমাহিতৈঃ। অভীষূংশ্চ হয়াংশ্চৈব…বা নি।

সধনুষ্কো ন শক্যোঽয়মপি জেতুং সুরাসুরৈঃ।
বিরথং বিধনুষ্কঞ্চ কুরুষ্বৈনং যদীচ্ছসি ॥৫৪॥
তদাচার্য্যবচঃ শ্রুত্বা কর্ণো বৈকর্ত্তনস্ত্বরন্।
অস্যতো লঘুহস্তস্য পৃষ্ঠতো ধনুরচ্ছিনৎ ॥৫৫॥
অশ্বানস্যাবধীদ্‌দ্রোণো গৌতমঃ পার্ষ্ণিসারথী।
শেষাস্তু চ্ছিন্নধন্বানং শরবর্ষৈরবাকিরন্ ॥৫৬॥
ত্বরমাণাস্ত্বরাকালে বিরথং ষণ্মহারথাঃ।
শরবর্ষৈরকরুণা বালমেকমবাকিরন্ ॥৫৭॥
স চ্ছিন্নধন্বা বিরথঃ স্বধর্ম্মমনুপালয়ন্।
খড়্গচর্ম্মধরঃ শ্রীমানুৎপপাত বিহায়সা ॥৫৮॥

সেতি। যদীচ্ছসি হন্তুমিতি শেষঃ। কূটনীতিরিয়মাচার্য্যস্য নিতরামন্যায্যা ॥৫৪॥
তদিতি। বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রঃ, ত্বরন্ ত্বরমাণঃ। অস্যতো বাণান্ ক্ষিপতঃ ॥৫৫॥
অশ্বানিতি। গৌতমঃ কৃপঃ। শেষা দুর্য্যোধনাদয়ঃ ॥৫৬॥
ত্বরেতি। দ্রোণঃ, কৃপঃ, কর্ণঃ, অশ্বত্থামা, দুর্য্যোধনঃ, শকুনিশ্চেতি ষণ্মহারথাঃ ॥৫৭॥
স ইতি। স্বধর্ম্মং ক্ষত্রিয়নিয়মম্। শ্রীমান্ বীরশোভাবান্, উৎপপাত রথাৎ ॥৫৮॥

ও যদি ধনুর্যুক্ত থাকে, তবে দেব-দানবেরাও উহাকে জয় করিতে পারেন না। সুতরাং যদি উহাকে বধ করিতে ইচ্ছা কর, তবে উহাকে রথবিহীন ও ধনুশূন্য কর' ॥৫৪॥

সূর্য্যনন্দন কর্ণ দ্রোণাচার্য্যের সেই কথা শুনিয়া ত্বরান্বিত হইলেন এবং অভিমন্যু দ্রুতহস্তে বাণক্ষেপ করিতেছিলেন, সেই সময়ে পিছনের দিক্ হইতে তাঁহার ধনু ছেদন করিলেন ॥৫৫॥

দ্রোণ অভিমন্যুর অশ্বগুলিকে এবং কৃপ তাঁহার পৃষ্ঠবর্ত্তী সারথি দুই জনকে বধ করিলেন; আর অবশিষ্ট মহারথেরা ছিন্নকার্ম্মুক অভিমন্যুর উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥৫৬॥

নির্দ্দয় দ্রোণ, কৃপ, কর্ণ, অশ্বত্থামা, দুর্য্যোধন এবং শকুনি এই ছয় জন মহারথ ত্বরার সময়ে ত্বরান্বিত হইয়া রথবিহীন, বালক ও একাকী অভিমন্যুর উপরে বাণ বর্ষণ করিতে থাকিলেন ॥৫৭॥

তখন ছিন্নকার্ম্মুক, রথবিহীন, অথ চ বীরশোভায় শোভিত অভিমন্যু ক্ষত্রিয়ধর্ম্ম রক্ষা করতঃ খড়্গ ও চর্ম্ম ধারণ করিয়া আকাশপথে রথ হইতে লাফ দিয়া উঠিলেন ॥৫৮॥

(৫৫)…পৃষৎকৈর্ধনুরচ্ছিনৎ—পি বা ব। (৫৬) অশ্বানস্যাবধীদ্ভোজঃ…পি বা ব।

মার্গৈঃ স কৌশিকাদ্যৈশ্চ লাঘবেন বলেন চ।
আর্জ্জুনির্ব্যচরদ্ব্যোম্নি ভৃশং বৈ পক্ষিরাড়িব ॥৫৯॥
ময্যেব নিপতত্যেষ সাসিরিত্যূর্দ্ধদৃষ্টয়ঃ।
বিব্যধুস্তং মহেষ্বাসং সমরে ছিদ্রদর্শিনঃ ॥৬০॥
তস্য দ্রোণোঽচ্ছিনন্মুষ্টৌ খড়্গং মণিময়ত্সরুম্।
ক্ষুরপ্রেণ মহাতেজাস্ত্বরমাণঃ সপত্নজিৎ ॥৬১॥
ব্যসিচর্ম্মেষুপূর্ণাঙ্গঃ সোঽন্তরিক্ষাৎ পুনঃ ক্ষিতিম্।
আস্থিতশ্চক্রমুদ্যম্য দ্রোণং ক্রুদ্ধোঽভ্যধাবত ॥৬২॥
স চক্ররেণূজ্জ্বলশোভিতাঙ্গো বভাবতীবোজ্জ্বলচক্রপাণিঃ।
রণেঽভিমন্যুঃ ক্ষণমাস রৌদ্রঃ স বাসুদেবানুকৃতিং প্রকুর্বন্ ॥৬৩॥

মার্গৈরিতি। কৌশিকাদয়ো মার্গা যুদ্ধশাস্ত্রে প্রসিদ্ধাঃ, লাঘবেন দ্রুততয়া ॥৫৯॥
ময়ীতি। অসিনা সহেতি সাসিঃ, ঊর্দ্ধদৃষ্টয়ো দ্রোণাদয়ঃ ॥৬০॥
তস্যেতি। মণিময়ঃ ত্সরুর্ম্মুষ্টিদেশো যস্য তম্। সপত্নজিৎ শত্রুবিজয়ী ॥৬১॥
ব্যসীতি। ছেদনাৎ বিগতে অসিচর্ম্মণী যস্য স ব্যসিচর্ম্মা, ইষুপূর্ণাঙ্গো বাণব্যাপ্তগাত্রঃ ॥৬২॥
স ইতি। চক্রেণ রেণুভির্ধূলিভিশ্চ যথাক্রমম্ উজ্জ্বলানি শোভিতানি চ অঙ্গানি যস্যঃ সঃ, তথা অতীবোজ্জ্বলং চক্রং পাণৌ যস্য স তাদৃশশ্চ, সোঽভিমন্যুর্বভৌ। কিঞ্চ সোঽভিমন্যুঃ, বাসুদেবানুকৃতিং চক্রধারণেন কৃষ্ণানুকরণং প্রকুর্বন্, ক্ষণম্, রণে, রৌদ্রো ভয়ঙ্করশ্চ, আস বভূব। "শেষাঙ্গনির্ম্মাণবিধৌ বিধাতুর্লাবণ্য উৎপাদ্য ইবাস যত্নঃ" ইতি কুমারসম্ভবপ্রয়োগবৎ অস্তের্ভূরাদেশাভাব আর্ষঃ ॥৬৩॥

ক্রমে তিনি পেচকপ্রভৃতির গতির নিয়মে শীঘ্রতা ও শক্তির গুণে গরুড়ের ন্যায় আকাশপথে (ভূতল অপেক্ষা) অধিক বিচরণ করিতে লাগিলেন ॥৫৯॥

তখন 'তরবারিধারী অভিমন্যু আমার উপরেই পতিত হইবে' ইহা ভাবিয়া সেই মহারথেরা ঊর্দ্ধদৃষ্টি হইয়া ছিদ্র (ফাঁক্) দেখিয়া সেই মহাধনুর্দ্ধর অভিমন্যুকে বাণদ্বারা বিদ্ধ করিতে থাকিলেন ॥৬০॥

ক্রমে মহাতেজা ও শত্রুবিজয়ী দ্রোণ ত্বরান্বিত হইয়া একটা ক্ষুরপ্র- (বাণবিশেষ) দ্বারা অভিমন্যুর তরবারির মণিময় মুষ্টিদেশ ছেদন করিলেন ॥৬১॥

সেই সময়ে অভিমন্যুর অসি ও চর্ম্ম নষ্ট হইয়া গেল, সমস্ত অঙ্গও বাণে পরিপূর্ণ হইয়া পড়িল; তথাপি তিনি ক্রুদ্ধ হইয়া পুনরায় আকাশ হইতে ভূতলে আসিয়া চক্র উত্তোলন করিয়া দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৬২॥

(৬২)···সোঽন্তরিক্ষাচ্চ্যুতঃ ক্ষিতিম্—পি।

সৃতরুধিরকৃতৈকরাগবস্ত্রো ভৃকুটিপুটাকুটিলোঽতিসিংহনাদঃ।
প্রভুরমিতবলো রণেঽভিমন্যুর্নৃপবরমধ্যগতো বিরাজতে স্ম ॥৬৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে অভিমন্যুপরাক্রমে দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ।

———(:*:)———

সঞ্জয় উবাচ।

বিষ্ণোঃ স্বসুর্নন্দকরঃ স বিষ্ণ্বায়ুধভূষিতঃ।
ররাজাতিরথঃ সংখ্যে জনার্দ্দন ইবাপরঃ ॥১॥

স্রুতেতি। স্রুতৈর্গাত্রাদ্‌গলিতৈঃ রুধিরৈঃ কৃত একোঽদ্বিতীয়ো রাগো রঞ্জনং যস্য তত্তাদৃশং বস্ত্রং যস্য সঃ, ভৃকুটিপুটেন আকুটিলঃ অতীবকুটিলবদনঃ, অতি মহান্ সিংহনাদো যস্য সঃ, প্রভুঃ অস্ত্রপ্রভাবশালী, অমিতবলশ্চাভিমন্যুঃ, রণে তত্র সমরাঙ্গনে, বিপক্ষাণাং নৃপবরাণাং মধ্যগতঃ সন্ বিরাজতে স্ম ॥৬৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

বিষ্ণোরিতি। বিষ্ণোঃ কৃষ্ণস্য, স্বসুর্ভগিন্যাঃ সুভদ্রায়া নন্দকরঃ পুত্রত্বাদানন্দজনকঃ, বিষ্ণোঃ কৃষ্ণস্য আয়ুধেন চক্রেণ ভূষিতঃ। অতিরথোঽভিমন্যুঃ ॥১॥

তৎকালে অভিমন্যুর অঙ্গ সকল চক্রের কিরণে উজ্জ্বল এবং ধূলিজালে শোভিত হইয়াছিল। সুতরাং অত্যন্তোজ্জ্বলচক্রধারী অভিমন্যু শোভা পাইতে লাগিলেন। আবার চক্র ধারণ করায় কৃষ্ণের অনুকরণ করিতে থাকিয়া তিনি ক্ষণকাল রণস্থলে রৌদ্রমূর্ত্তিও হইলেন ॥৬৩॥

অভিমন্যুর পরিধানের বস্ত্রখানি গলিত রক্তের ধারায় রঞ্জিত হইয়াছিল, ভ্রূকুটি করায় মুখমণ্ডল বিশেষ কুটিল দেখা যাইতেছিল এবং তিনি গুরুতর সিংহনাদ করিতেছিলেন। এই অবস্থায় অস্ত্রপ্রভাবসম্পন্ন ও মহাবল অভিমন্যু সমরাঙ্গনে বিপক্ষ রাজাদের মধ্যে প্রকাশ পাইতে থাকিলেন' ॥৬৪॥

(৬৪) ক্ষতরুধিরকৃতৈকরাগবস্ত্রঃ...পি। * '...সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '...অষ্ট-চত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি। (১) ·বিষ্ণোঃ সমানন্দকরঃ...পি,...স বিষ্ণ্বায়ুধভূষণঃ...বা নি।

মারুতোদ্ধূতকেশান্তমুদ্যতারবরায়ুধম্।
বপুঃ সমীক্ষ্য পৃথ্বীশা দুঃসমীক্ষ্যং সুরৈরপি ॥২॥
তচ্চক্রং ভৃশমুদ্বিগ্নাঃ সংচিচ্ছিদুরনেকধা।
মহারথস্ততঃ কার্ষ্ণিঃ স জগ্রাহ মহাগদাম্ ॥৩॥ (যুগ্মকম্)
বিধনুঃস্যন্দনাসিস্তৈর্বিচক্রশ্চারিভিঃ কৃতঃ।
অভিমন্যুর্গদাপাণিরশ্বত্থামানমার্দ্দয়ৎ ॥৪॥
স গদামুদ্যতাং দৃষ্ট্বা জ্বলন্তীমশনীমিব।
অপাক্রামদ্রথোপস্থাদ্বিক্রমাংস্ত্রীন্ নরর্ষভঃ ॥৫॥
তস্যাশ্বান্ গদয়া হত্বা তথোভৌ পার্ষ্ণিসারথী।
শরাচিতাঙ্গঃ সৌভদ্রঃ শ্বাবিদ্বৎ সমদৃশ্যত ॥৬॥

মারুতেতি। মারুতেন বায়ুনা উদ্ধূতৈঃ সঞ্চালিতৈঃ কেশৈরন্তং বিশেষসুন্দরম্, উদ্যতমুত্তোলিতম্ অরৈঃ অন্তর্গততির্য্যক্‌কাষ্ঠৈর্বরং শ্রেষ্ঠমায়ুধং চক্রং যেন তৎ, বপুঃ অভিমন্যোঃ শরীরম্। কার্ষ্ণিরভিমন্যুঃ। "অন্তঃ প্রান্তেঽন্তিকে নাশে স্বরূপেঽতিমনোহরে" "অরং শীঘ্রে চ চক্রাঙ্গে শীঘ্রগে পুনরন্যবৎ" ইত্যুভয়ত্রাপি বিশ্বঃ ॥২—৩॥

বিধনুরিতি। তৈর্দ্রোণাদিভিররিভিঃ, বিগতা ধনুঃ স্যন্দনো রথঃ অসিশ্চ তে যস্য সঃ, বিচক্রশ্চ কৃতোঽভিমন্যুঃ, গদাপাণিঃ সন্, অশ্বত্থামানম্, আর্দ্দয়ৎ পীড়য়িতুমগচ্ছৎ ॥৪॥

স ইতি। সঃ অশ্বত্থামা। অশনীং বজ্রম্। ত্রীন্ বিক্রমান্ প্রলম্ফান্ কৃত্বা ॥৫॥

সঞ্জয় বলিলেন—'কৃষ্ণভগিনী সুভদ্রার আনন্দজনক, চক্রশোভিত ও অতিরথ অভিমন্যু দ্বিতীয় কৃষ্ণের ন্যায় সমরাঙ্গনে শোভা পাইতে লাগিলেন ॥১॥

তৎকালে বায়ু তাঁহার কেশকলাপ সঞ্চালন করিতে থাকায় তাঁহার দেহটী বড়ই সুন্দর দেখাইতেছিল, আবার চক্রটীর ভিতরের তেরচা কাঠগুলি সুন্দর সাজান থাকায় তাহাও উত্তম বলিয়া ধারণা হইতেছিল, সেই চক্রটী তিনি তুলিয়া ধরিয়াছিলেন। সুতরাং তাঁহার সে আকৃতির দিকে দৃষ্টিপাত করা দেবগণেরও দুষ্কর হইয়াছিল। সেই আকৃতি দেখিয়া রাজারা অত্যন্ত উদ্বিগ্ন হইয়া সেই চক্রটীকে বহুখণ্ডে ছেদন করিয়া ফেলিলেন। তাহার পর মহারথ অভিমন্যু বিশাল গদা ধারণ করিলেন ॥২—৩॥

সেই শত্রুরা অভিমন্যুর ধনু, রথ, তরবারি ও চক্র বিনষ্ট করিলে, তিনি গদা ধারণ করিয়া অশ্বত্থামাকে আঘাত করিবার জন্য ধাবিত হইলেন ॥৪॥

তখন অশ্বত্থামা বজ্রের ন্যায় উজ্জ্বল ও উদ্যত গদা দেখিয়া রথ হইতে নামিয়া তিন লাফে সরিয়া গেলেন ॥৫॥

(২)…উদ্যতাসিবরায়ুধাঃ…পি,…উদ্যতাসিবরায়ুধম্…ব,…উদ্যতারিবধায়ুধম্…নি।

ততঃ সুবলদায়াদং কালিকেয়মপোথয়ৎ।
জঘান চাস্যানুচরান্ গান্ধারান্ সপ্তসপ্ততিম্।
পুনশ্চৈব বসাতীয়ান্ জঘান রথিনো দশ ॥৭॥
কেকয়ানাং রথান্ সপ্ত হত্বা চ দশ কুঞ্জরান্।
দৌঃশাসনিরথং সাশ্বং গদয়া সমপোথয়ৎ ॥৮॥
ততো দৌঃশাসনিঃ ক্রুদ্ধো গদামুদ্যম্য মারিষ!।
অভিদুদ্রাব সৌভদ্রং তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৯॥
তাবুদ্যতগদৌ বীরাবন্যোন্যবধকাঙ্ক্ষিণৌ।
ভ্রাতরৌ সম্প্রজহ্রাতে পুরেব ত্র্যম্বকান্ধকৌ ॥১০॥
তাবন্যোন্যং গদাগ্রাভ্যামাহত্য পতিতৌ ক্ষিতৌ।
ইন্দ্রধ্বজাবিবোৎসৃষ্টৌ রণমধ্যে পরন্তপৌ ॥১১॥

তস্যেতি। শরৈরাচিতাঙ্গো ব্যাপ্তগাত্রঃ। শ্বানং বিধ্যতীতি শ্বাবিৎ শল্যস্তদ্বৎ ॥৬॥
তত ইতি। সুবলস্য দায়াদং পুত্রম্। বসাতীয়ান্ বসাতিদেশীয়ান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥
কেকয়ানামিতি। দৌঃশাসনের্দুঃশাসনপুত্রস্য রথম্, অশ্বৈঃ সহেতি সাশ্বম্ ॥৮॥
তত ইতি। উদ্যম্য উত্তোল্য, হে মারিষ! আর্য! "আর্যাস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥৯॥
তাবিতি। ত্র্যম্বকান্ধকৌ মহাদেবান্ধকাসুরৌ ॥১০॥
তাবিতি। উৎসৃষ্টৌ পূজান্তে নিপাতিতৌ ॥১১॥

ক্রমে অভিমন্যু গদাদ্বারা অশ্বত্থামার চারিটা অশ্ব ও পৃষ্ঠসারথি দুই জনকে বধ করিয়া বাণব্যাপ্তদেহ থাকায় শেজারুর ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥৬॥
তাহার পর অভিমন্যু গদাদ্বারা সুবলপুত্র কালিকেয়কে নিষ্পেষিত করিলেন এবং তাঁহার অনুচর সপ্তসপ্ততিসংখ্যক গান্ধারদেশীয় বীরকে বধ করিলেন, আবার বসাতিদেশীয় দশ জন রথীকে সংহার করিলেন ॥৭॥
তৎপরে তিনি গদাদ্বারা কেকয়দিগের সাত জন রথীকে এবং দশটা হাতীকে বধ করিয়া দুঃশাসনপুত্রের অশ্বগুলির সহিত রথখানাকে চূর্ণ করিলেন ॥৮॥
মাননীয় রাজা! তদনন্তর দুঃশাসনের পুত্র ক্রুদ্ধ হইয়া গদা উত্তোলন করিয়া অভিমন্যুর দিকে ধাবিত হইলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥৯॥
পূর্ব্বকালে মহাদেব ও অন্ধকাসুরের ন্যায় পরস্পর বধাকাঙ্ক্ষী সেই বীর ভ্রাতারা দুই জন গদা উত্তোলন করিয়া পরস্পর প্রহার করিতে লাগিলেন ॥১০॥

দৌঃশাসনিরথোত্থায় কুরূণাং কীর্ত্তিবর্দ্ধনঃ।
উত্তিষ্ঠমানং সৌভদ্রং গদয়া মূর্দ্ধ্ন্যতাড়য়ৎ ॥১২॥
গদাবেগেন মহতা ব্যায়ামেন চ মোহিতঃ।
বিচেতা ন্যপতদ্ভূমৌ সৌভদ্রঃ পরবীরহা ॥১৩॥
এবং বিনিহতো রাজন্নেকো বহুভিরাহবে।
ক্ষোভয়িত্বা চমূং সর্ব্বাং নলিনীমিব কুঞ্জরঃ ॥১৪॥
অশোভত হতো বীরো ব্যাধৈর্ব্বনগজো যথা।
তং তথা পতিতং দৃষ্ট্বা তাবকাঃ পর্য্যবারয়ন্ ॥১৫॥
দাবং দগ্ধ্বা যথা শান্তং পাবকং শিশিরাত্যয়ে।
বিমৃদ্য তরুশৃঙ্গাণি সন্নিবৃত্তমিবানিলম্ ॥১৬॥

দৌরিতি। কুরূণাং কীর্ত্তিবর্দ্ধন ইতি সোল্লুণ্ঠনোক্তিঃ, নিতান্তক্লান্তস্য তাড়নাৎ ॥১২॥
গদেতি। ব্যায়ামেন দীর্ঘকালযুদ্ধকরণাৎ পরিশ্রমেণ। বিচেতা অচৈতন্যঃ সন্ ॥১৩॥
এবমিতি। ক্ষোভয়িত্বা স্থিত একোঽভিমন্যুঃ। নলিনীং পদ্মসরসীম্ ॥১৪॥
অশোভতেতি। তাবকাস্তৎপক্ষীয়া বীরাঃ, পর্য্যবারয়ন্ দর্শনায় পর্য্যবেষ্টন্ত ॥১৫॥
দাবমিতি। দাবং বনম্, শান্তং নির্ব্বাণম্। বিমৃদ্য বিভজ্য, তরূণাং শৃঙ্গাণি উচ্চশাখাঃ।

ক্রমে শত্রুসন্তাপকারী সেই বীরেরা দুই জন গদার অগ্রদেশদ্বারা পরস্পর আঘাত করিয়া দুইটা ইন্দ্রধ্বজের ন্যায় সমরমধ্যে ভূতলে পতিত হইলেন ॥১১॥

তাহার পর কুরুবংশের কীর্ত্তিবর্দ্ধক দুঃশাসনপুত্র পূর্ব্বে উঠিয়া গদাদ্বারা উত্তিষ্ঠমান অভিমন্যুর মস্তকে আঘাত করিলেন ॥১২॥

বিপক্ষবীরহন্তা অভিমন্যু দীর্ঘকাল যুদ্ধ করায় পরিশ্রমে পূর্ব্বেই বিশেষ ক্লান্ত ছিলেন, তাহাতে আবার সেই গুরুতর গদাঘাত পাওয়ায় অচৈতন্য হইয়া ভূতলে পতিত হইলেন ॥১৩॥

রাজা! হস্তী যেমন পদ্মসরোবর আলোড়ন করে, সেইরূপ অভিমন্যু সমগ্র কৌরববাহিনী আলোড়ন করিতেছিলেন; সেই অবস্থায় বহুতর বীর মিলিত হইয়া যুদ্ধে এইভাবে এক অভিমন্যুকে বধ করিলেন ॥১৪॥

তখন ব্যাধনিহত বন্য হস্তীর ন্যায় অভিমন্যু নিহত হইয়া শোভা পাইতে লাগিলেন। ক্রমে তাঁহাকে সেইভাবে পতিত দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারা যাইয়া পরিবেষ্টন করিলেন ॥১৫॥

ভরতনন্দন! পরে বসন্তকালে অগ্নি যেমন বন দগ্ধ করিয়া নির্ব্বাণ হয়,

(১৬)…বিমৃদ্য নগশৃঙ্গানি…বা নি।

অস্তং গতমিবাদিত্যং তপ্ত্বা ভারত ! বাহিনীম্ ।
উপপ্লুতং যথা সোমং সংশুষ্কমিব সাগরম্ ॥১৭॥
পূর্ণচন্দ্রাভবদনং কাকপক্ষাবৃতাক্ষিকম্ ।
তং ভূমৌ পতিতং দৃষ্ট্বা তাবকাস্তে মহারথাঃ ।
মুদা পরময়া যুক্তাশ্চুক্রুশুঃ সিংহবন্মুহুঃ ॥১৮॥ (বিশেষকম্)
আসীৎ পরমকো হর্ষস্তাবকানাং বিশাংপতে ! ।
ইতরেষান্তু বীরাণাং নেত্রেভ্যঃ প্রাপতজ্জলম্ ॥১৯॥
অন্তরীক্ষে চ ভূতানি প্রাক্রোশন্ত বিশাংপতে ! ।
দৃষ্ট্বা নিপতিতং বীরং চ্যুতং চন্দ্রমিবাম্বরাৎ ॥২০॥
দ্রোণকর্ণমুখৈঃ ষড়্‌ভির্ধার্ত্তরাষ্ট্রৈর্মহারথৈঃ ।
একোঽয়ং নিহতঃ শেতে নৈষ ধর্ম্মো মতো হি নঃ ॥২১॥

বাহিনীং জগতীমিব কৌরবসেনাম্। উপপ্লুতং রাহুগ্রস্তম্। কাকপক্ষাভ্যাং কর্ণান্তিকবর্ত্তি-কেশগুচ্ছাভ্যাম্ আবৃতে অক্ষিণী চক্ষুষী যস্য তম্। চুক্রুশুর্নেদুঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬—১৮॥

আসীদিতি। উভয়ত্রাপি অভিমন্যুবধেনেতি ভাবঃ ॥১৯॥

অন্তরীক্ষ ইতি। ভূতানি দেবাদয়ঃ প্রাণিনঃ, প্রাক্রোশন্ত বিষাদকোলাহলং চক্রুঃ ॥২০॥

অথ তদানীং যুষ্মাকং কিমপি মন্তব্যমাসীন্ন বেত্যাহ দ্রোণেতি। ধর্ম্মো ন্যায়ঃ ॥২১॥

বায়ু যেমন বৃক্ষের শাখা মর্দ্দন করিয়া নিবৃত্তি পায়, জগৎ সন্তপ্ত করিয়া সূর্য্য যেমন অস্তমিত হন, রাহুগ্রস্ত চন্দ্র যেমন হইয়া থাকেন এবং শুষ্ক সমুদ্র যেমন অবস্থা প্রাপ্ত হয়, সেইরূপ কৌরববাহিনী সন্তপ্ত করিয়া পূর্ণচন্দ্রবদন ও কাকপক্ষ-(জুল্‌পি) সংবৃতনয়ন অভিমন্যু ভূতলে পতিত রহিলেন ; সেই অবস্থায় তাঁহাকে দেখিয়া আপনার পক্ষের সেই মহারথেরা অত্যন্ত আনন্দিত হইয়া মুহুর্মুহু সিংহনাদ করিতে লাগিলেন ॥১৬—১৮॥

নরনাথ ! তৎকালে আপনার পক্ষের বীরগণের পরম আনন্দ হইল এবং অপর পক্ষের বীরদিগের নয়নজল পতিত হইতে থাকিল ॥১৯॥

রাজা ! আকাশচ্যুত চন্দ্রের ন্যায় বীর অভিমন্যুকে নিপতিত দেখিয়া আকাশস্থ ব্যক্তিরাও বিষাদকোলাহল করিতে লাগিলেন ॥২০॥

দ্রোণ ও কর্ণপ্রভৃতি দুর্য্যোধনপক্ষীয় ছয় জন মহারথকর্ত্তৃক নিহত হইয়া সেই এক জন যে শয়ন করিয়াছিলেন, ইহা আমাদের ন্যায়সঙ্গত হইয়াছে বলিয়া মনে হয় নাই ॥২১॥

(১৮)···কাকপক্ষাবৃতাক্ষকম্··· পি, কাকপক্ষাবৃতালিকম্···নি ।

তস্মিন্ বিনিহতে বীরে বহ্বশোভত মেদিনী।
দ্যৌর্যথা পূর্ণচন্দ্রেণ নক্ষত্রগণমালিনী ॥২২॥
রুক্মপুঙ্খৈশ্চ সংপূর্ণা রুধিরৌঘপরিপ্লুতা।
উত্তমাঙ্গৈশ্চ শূরাণাং ভ্রাজমানৈঃ সকুণ্ডলৈঃ ॥২৩॥
বিচিত্রৈশ্চ পরিস্তোমৈঃ পতাকাভিশ্চ সংবৃতা।
চামরৈশ্চ কুথাভিশ্চ প্রবিদ্ধৈশ্চাম্বরোত্তমৈঃ ॥২৪॥
রথাশ্বনরনাগানামলঙ্কারৈশ্চ সুপ্রভৈঃ।
খড়্গৈঃ সুনিশিতৈঃ পীতৈর্নির্ম্মুক্তৈর্ভুজগৈরিব ॥২৫॥
চাপৈশ্চ বিবিধৈশ্ছিন্নৈঃ শক্ত্যৃষ্টিপ্রাসকম্পনৈঃ।
বিবিধৈশ্চায়ুধৈশ্চান্যৈঃ সংবৃতা ভূরশোভত ॥২৬॥ (কলাপকম্)
বাজিভিশ্চাপি নির্জীবৈঃ শ্বসদ্ভিঃ শোণিতোক্ষিতৈঃ।
সারোহৈর্বিষমা ভূমিঃ সৌভদ্রেণ নিপাতিতৈঃ ॥২৭॥
সাঙ্কুশৈঃ সমহামাত্রৈঃ সবর্ম্মায়ুধকেতুভিঃ।
পর্ব্বতৈরিব বিধ্বস্তৈর্বিশিখৈর্মথিতৈর্গজৈঃ ॥২৮॥

তস্মিন্নিতি। নক্ষত্রগণমালিনীত্যনেন মেদিন্যাঃ পতিতবীরাস্তরবত্ত্বং সূচিতম্ ॥২২॥
রুক্মেতি। রুক্মপুঙ্খৈঃ শরৈঃ। উত্তমাঙ্গৈঃ শিরোভিঃ। পরিস্তোমৈঃ অশ্বপৃষ্ঠাস্তরণৈঃ। কুথাভির্গজপৃষ্ঠাস্তরণৈঃ, প্রবিদ্ধৈঃ পতিতৈঃ। পীতৈঃ প্রাক্‌পীতরক্তৈঃ। ভূঃ সমরভূমিঃ ॥২৩-২৬॥
বাজিভিরিতি। সারোহৈরারোহিসহিতৈঃ, বিষমা উচ্চাবচা অভবৎ ॥২৭॥
সাঙ্কুশৈরিতি। সমহামাত্রৈর্হস্তিপকসহিতৈঃ। বিশিখৈরিতি বিধ্বংসমথনয়োঃ করণম্।

সেই বীর নিহত হইয়া পতিত হইলে, পূর্ণচন্দ্রদ্বারা নক্ষত্রগণযুক্ত আকাশের ন্যায় সমরভূমি শোভা পাইতে লাগিল ॥২২॥

রক্তপ্রবাহে সংসিক্তা, স্বর্ণপুঙ্খ বাণ এবং কুণ্ডলযুক্ত ও শোভমান বীরগণের মস্তকে পরিপূর্ণা; বিচিত্র অশ্বপৃষ্ঠের আস্তরণ, গজপৃষ্ঠের আস্তরণ, পতাকা, চামর ও উত্তম উত্তম বস্ত্রে আবৃতা; আর হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণের উজ্জ্বল অলঙ্কার সকল, চর্ম্মনির্ম্মুক্ত সর্পের ন্যায় পীতরক্ত ও নিশিত তরবারি, ছিন্ন নানাবিধ ধনু, শক্তি, ঋষ্টি, প্রাস, কম্পন ও অন্য বহুবিধ অস্ত্রে আচ্ছাদিতা সমরভূমি বিশেষ শোভা ধারণ করিল ॥২৩—২৬॥

অভিমন্যু আরোহীদের সহিত যে সকল অশ্বকে নিপাতিত করিয়াছিলেন, প্রাণহীন নিশ্বাসকারী ও রক্তসিক্ত সেই সকল অশ্বে সমরভূমি উঁচু-নীচু হইয়াছিল ॥২৭॥

পৃথিব্যামনুকীর্ণৈশ্চ ব্যশ্বসারথিযোধিভিঃ।
হ্রদৈরিব প্রক্ষুভিতৈর্হতনাগৈ রথোত্তমৈঃ ॥২৯॥
পদাতিসংঘৈশ্চ হতৈর্বিবিধায়ুধভূষণৈঃ।
ভীরূণাং ত্রাসজননী ঘোররূপাভবন্মহী ॥৩০॥ (বিশেষকম্)
তং দৃষ্ট্বা পতিতং ভূমৌ চন্দ্রার্কসদৃশদ্যুতিম্।
তাবকানাং পরা প্রীতিঃ পাণ্ডূনাঞ্চাভবদ্ব্যথা ॥৩১॥
অভিমন্যৌ হতে রাজন্! শিশুকেঽপ্রাপ্তযৌবনে।
সংপ্রাদ্রবচ্চমূঃ সর্ব্বা ধর্ম্মরাজস্য পশ্যতঃ ॥৩২॥
দীর্য্যমাণং বলং দৃষ্ট্বা সৌভদ্রে বিনিপাতিতে।
অজাতশত্রুস্তান্ বীরানিদং বচনমব্রবীৎ ॥৩৩॥
স্বর্গমেষ গতঃ শূরো যো হতো ন পরাঙ্মুখঃ।
সংস্তম্ভয়ত মা ভৈষ্ট বিজেষ্যামো রণে রিপূন্ ॥৩৪॥

অনুকীর্ণৈর্বিক্ষিপ্তৈঃ। বিগতা অশ্বাঃ সারথয়ো যোধিনশ্চ যেষাং তৈঃ। অতএব হতা নাগাঃ সর্পা যেষাং তৈঃ, প্রক্ষুভিতৈর্হ্রদৈরিব স্থিতৈঃ। মহী সা সমরভূমিঃ ॥২৮—৩০॥

তমিতি। তমভিমন্যুম্। পরা সাতিশয়া, পাণ্ডূনাং পাণ্ডবানাম্ ॥৩১॥

অভীতি। শিশুক ইতি দয়ায়াং কপ্রত্যয়ঃ। সংপ্রাদ্রবৎ পলায়ত ॥৩২॥

দীর্য্যেতি। দীর্য্যমাণং ভয়েন ভজ্যমানম্। অজাতশত্রুর্যুধিষ্ঠিরঃ ॥৩৩॥

স্বর্গমিতি। সংস্তম্ভয়ত মনাংসি স্থিরীকুরুত ॥৩৪॥

পর্ব্বতের ন্যায় হস্তী সকল বাণদ্বারা নিহত ও মথিত হইয়া অঙ্কুশ, হস্তিপক, বর্ম্ম, অস্ত্র ও ধ্বজের সহিত পতিত ছিল; হতসর্প উদ্বেলিত হ্রদসমূহের তুল্য উত্তম উত্তম রথগুলি অশ্ব, সারথি ও যোদ্ধৃশূন্য হইয়া ভূতলে বিক্ষিপ্ত রহিয়াছিল এবং নানাবিধ অস্ত্র ও অলঙ্কারযুক্ত পদাতি সকল নিহত হইয়া শয়িত ছিল; তাঁহাতে সেই সমরভূমি ভয়ঙ্করমূর্ত্তি ধারণ করিয়া ভীরুগণের ভয় জন্মাইতে লাগিল ॥২৮—৩০॥

চন্দ্র ও সূর্য্যের ন্যায় তেজস্বী অভিমন্যুকে ভূতলে পতিত দেখিয়া কৌরবপক্ষের অত্যন্ত আনন্দ এবং পাণ্ডবপক্ষের গুরুতর বিষাদ জন্মিল ॥৩১॥

রাজা! বালক বা অপ্রাপ্তযৌবন অভিমন্যু নিহত হইলে, যুধিষ্ঠিরের সমক্ষেই তাঁহাদের সমস্ত সৈন্য পলায়ন করিতে লাগিল ॥৩২॥

অভিমন্যু নিহত হইলে, সৈন্যগণ ভগ্ন হইতেছে দেখিয়া যুধিষ্ঠির সেই বীরগণকে এই কথা বলিলেন—॥৩৩॥

(২৯) ··অশ্বসারথিযোধিভিঃ·· নি। (৩৩) ··অজাতশত্রুঃ স্বান্ বীরান্···পি।

ইত্যেবং স মহাতেজা দুঃখিতেভ্যো মহাদ্যুতিঃ।
ধর্ম্মরাজো যুধাং শ্রেষ্ঠো ব্রুবন্ দুঃখমপানুদৎ ॥৩৫॥
যুদ্ধে হ্যাশীবিষাকারান্ রাজপুত্রান্ রণে বহূন্।
পূর্ব্বং নিহত্য সংগ্রামে পশ্চাদার্জ্জুনিরন্বগাৎ ॥৩৬॥
হত্বা দশ সহস্রাণি কৌশল্যঞ্চ মহারথম্।
কৃষ্ণার্জ্জুনসমঃ কার্ষ্ণিঃ শক্রলোকং গতো ধ্রুবম্ ॥৩৭॥
রথাশ্বনরমাতঙ্গান্ বিনিহত্য সহস্রশঃ।
অবিতৃপ্তঃ স সংগ্রামাদশোচ্যঃ পুণ্যকর্ম্মকৃৎ।
গতঃ পুণ্যকৃতাং লোকান্ শাশ্বতান্ পুণ্যনির্জ্জিতান্ ॥৩৮॥

সঞ্জয় উবাচ।

বয়ন্তু প্রবরং হত্বা তেষাং তৈঃ শরপীড়িতাঃ।
নিবেশায়াভ্যুপায়ামঃ সায়াহ্নে রুধিরোক্ষিতাঃ ॥৩৯॥

ইতীতি। দুঃখমাত্মনঃ শোকম্, অপানুদৎ তৎকালমপাসারয়ৎ ॥৩৫॥
যুদ্ধ ইতি। আশীবিষাকারান্ তীক্ষ্ণবিষসর্পতুল্যান্ ভীষণান্। অন্বগাৎ তানেব ॥৩৬॥
হত্বেতি। কৌশল্যং কোশলরাজং বৃহদ্বলম্। কার্ষ্ণিরভিমন্যুঃ ॥৩৭॥
রথেতি। অবিতৃপ্তঃ অপূর্ণাকাঙ্ক্ষঃ। শাশ্বতান্ চিরস্থায়িনঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮॥

'যিনি পরাঙ্মুখ হইয়া নিহত হন নাই, সেই বীর স্বর্গে গমন করিয়াছেন। সুতরাং আপনারা মন স্থির করুন, ভয় করিবেন না, আমরা যুদ্ধে শত্রুগণকে জয় করিব' ॥৩৪॥

মহাতেজা, মহোৎসাহ ও যোদ্ধৃশ্রেষ্ঠ যুধিষ্ঠির দুঃখিত যোদ্ধাদের নিকটে এইরূপ বলিয়া নিজের দুঃখও দূর করিলেন, (পরে আবার বলিলেন—') ॥৩৫॥

'যুদ্ধে তীক্ষ্ণবিষ সর্পের তুল্য ভীষণ এবং যুদ্ধে সমবেত বহুতর রাজপুত্রকে যুদ্ধে প্রথমে বধ করিয়া পরে অভিমন্যু তাঁহাদের অনুসরণ করিয়াছেন ॥৩৬॥

কৃষ্ণ ও অর্জ্জুনের তুল্য যোদ্ধা অভিমন্যু দশ সহস্র সৈন্য ও মহারথ বৃহদ্বলকে বধ করিয়া নিশ্চয়ই ইন্দ্রলোকে গমন করিয়াছেন ॥৩৭॥

পুণ্যকর্ম্মকারী অভিমন্যু সহস্র সহস্র হস্তী, অশ্ব, রথ এবং পদাতি সংহার করিয়াও যুদ্ধে তৃপ্তিলাভ না করিয়া পুণ্যকারিগণের পুণ্যনির্জ্জিত স্থায়ী লোকে গমন করিয়াছেন। সুতরাং তাঁহার জন্য শোক করা উচিত নহে' ॥৩৮॥

(৩৬)···রণে রিপূন্···আর্জ্জুনিরভ্যয়াৎ—বা নি। (৩৭)···শক্রসদ্ম গতো ধ্রুবম্—পি ব। (৩৮) শ্লোকাৎ পরম্ '···একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বা নি।

নিরীক্ষমাণাস্তু বয়ং পরে চায়োধনং শনৈঃ।
অপযাতা মহারাজ! গ্লানিং প্রাপ্তা বিচেতসঃ ॥৪০॥
ততো নিশায়া দিবসস্য চাশিবঃ শিবারুতৈঃ সন্ধিরবর্ত্ততাদ্ভুতঃ।
কুশেশয়াপীড়নিভে দিবাকরে বিলম্বমানেঽস্তমুপেত্য পর্ব্বতম্ ॥৪১॥
বরাসিশক্ত্যৃষ্টিবরূথচর্ম্মণাং বিভূষণানাঞ্চ সমাক্ষিপন্ প্রভাঃ।
দিবঞ্চ ভূমিঞ্চ সমানয়ন্নিব প্রিয়াং তনুং ভানুরুপৈতি পাবকম্ ॥৪২॥

বয়মিতি। তেষাং পাণ্ডবানাং পক্ষে, প্রবরমন্যতমং প্রধানং বীরম্। নিবেশায় শিবিরে ॥৩৯॥

নিরিতি। আয়োধনং রণাঙ্গনম্। বিচেতসঃ শোকাদচৈতন্যপ্রায়াঃ ॥৪০॥

তত ইতি। ততঃ, কুশেশয়াপীড়নিভে অস্তপর্বতস্যৈব রক্তপদ্মরচিতশেখরতুল্যে, দিবাকরে সূর্য্যে, অস্তং পর্ব্বতমুপেত্য, বিলম্বমানে তস্মাদপ্যবতরতি সতি, শিবারুতৈঃ শৃগালরবৈঃ অশিবঃ অমঙ্গলসূচকঃ, অদ্ভুতঃ নানাভাবোপগমাদাশ্চর্য্যঃ, নিশায়া দিবসস্য চ সন্ধিঃ সন্ধ্যাকালঃ অবর্ত্তত অভবৎ ॥৪১॥

বরেতি। ভানুঃ সূর্য্যঃ, বরাণি উত্তমানি যানি অসয়ঃ শক্তয়ঃ ঋষ্টয়শ্চাস্ত্রবিশেষাঃ বরূথচর্ম্মাণি রথাবরণীভূতব্যাঘ্রচর্ম্মাণি তেষাম্, বিভূষণানামলঙ্কারাণাঞ্চ, প্রভা দ্যুতীঃ, সমাক্ষিপন্ স্বপ্রভাপ্রাধান্যেন তিরোদধৎ, তথা দিবমাকাশং ভূমিঞ্চ, সমানয়ন্ নিজকিরণানাং সমানপাতেন সমানীকুর্বন্নিব চ, প্রিয়াং তনুং নিজমূর্ত্তিম্, পাবকমগ্নিম্, উপৈতি প্রবিশতি স্ম, "আদিত্যো বা সায়মগ্নিং প্রবিশতি" ইতি শ্রুতেরিতি ভাবঃ ॥৪২॥

সঞ্জয় বলিলেন—'তখন আমরা বিপক্ষের মধ্যে একজন প্রধান বীরকে বধ করিয়া তাহাদের বাণে পীড়িত ও রুধিরসিক্ত হইয়া সায়াহ্নকালে শিবিরে প্রবেশ করিবার জন্য প্রস্থান করিলাম ॥৩৯॥

মহারাজ! তৎকালে আমরা এবং পরাজয়নিবন্ধন আত্মগ্লানিযুক্ত ও অভিমন্যুর শোকে অচৈতন্যপ্রায় পাণ্ডবেরা সমরাঙ্গন দর্শন করিতে করিতে ধীরে ধীরে গমন করিতে লাগিলাম ॥৪০॥

তাহার পর (অস্তপর্ব্বতেরই মস্তকের) পদ্মমালার তুল্য সূর্য্য অস্তপর্ব্বতে যাইয়া ঝুলিতে লাগিলে, শৃগালের রবে অমঙ্গলসূচক এবং নানাপ্রকারে আশ্চর্য্য রাত্রি ও দিনের সন্ধিসময় উপস্থিত হইল ॥৪১॥

ক্রমে সূর্য্য-উত্তম তরবারি, শক্তি, ঋষ্টি ও রথাবরণচর্ম্মের এবং অলঙ্কারসমূহের প্রভাকে তিরোহিত করিয়া, আর আকাশ ও ভূতলকে যেন সমান করিতে থাকিয়া নিজের প্রিয়মূর্ত্তি অগ্নিতে যাইয়া প্রবেশ করিলেন ॥৪২॥

মহাভ্রকূটাচলশৃঙ্গসন্নিভৈর্গজৈরনেকৈরিব বজ্রপাতিতৈঃ।
সবৈজয়ন্ত্যঙ্কুশবর্ম্মযন্তৃভির্নিপাতিতৈর্নষ্টগতিশ্চিতা ক্ষিতিঃ ॥৪৩॥
হতেশ্বরৈশ্চূর্ণিতচক্রকূবরৈর্হতাশ্বসূতৈর্বিপতাককেতুভিঃ।
মহারথৈর্ভূঃ শুশুভে বিচূর্ণিতৈঃ পুরৈরিবামিত্রহতৈর্নরাধিপ ! ॥৪৪॥
রথাশ্ববৃন্দৈঃ সহসাদিভির্হতৈঃ প্রবিদ্ধভাণ্ডাভরণৈঃ পৃথগ্বিধৈঃ।
নিরস্তজিহ্বাদশনান্ত্রলোচনৈর্ধরা বভৌ ঘোরবিরূপদর্শনা ॥৪৫॥

মহেতি। ক্ষিতিঃ সমরভূমিঃ, মহান্তি বিশালানি যানি অভ্রকূটানি মেঘসমূহাঃ অচলানাং পর্বতানাং শৃঙ্গাণি চ তৎসন্নিভৈঃ, বজ্রপাতিতৈরিব অনেকৈর্গজৈঃ, বীরগণেন নিপাতিতৈঃ, বৈজয়ন্ত্যঃ পতাকাশ্চ অঙ্কুশাশ্চ বর্ম্মাণি চ যন্তারঃ সারথয়শ্চ তৈঃ সহেতি তৈঃ, রথৈরিতি শেষঃ, চিতা ব্যাপ্তা সতী, নষ্টা গতির্গমনং যস্যাং সা তাদৃশী অভবৎ ॥৪৩॥

হতেতি। হে নরাধিপ ! ভূঃ সমরভূমিঃ, অমিত্রৈঃ শত্রুভির্হতানি বিধ্বংসিতানীতি তৈঃ পুরৈর্নগরৈরিব স্থিতৈঃ, হতা ঈশ্বরা আরোহিণো যেষাং তৈঃ, চূর্ণিতানি চক্রাণি কূবরাণি যুগন্ধরাখ্যদারূণি চ যেষাং তৈঃ, হতা অশ্বাঃ সূতাঃ সারথয়শ্চ যেষাং তৈঃ, বিগতাঃ পতাকা যেষাং তাদৃশাঃ কেতবো যেষু তৈঃ, বিচূর্ণিতৈশ্চ, মহারথৈঃ, শুশুভে ॥৪৪॥

রথেতি। ধরা রণভূমিঃ, সাদিভিরারোহিভিঃ সহেতি তৈঃ, হতৈঃ প্রবিদ্ধানি পতিতানি ভাণ্ডানি অশ্বালঙ্কারা আভরণানি রথালঙ্কারাশ্চ যেষাং তৈঃ, "ভাণ্ডং পাত্রে মূলবণিগ্ধনে ভূষাশ্বভূষয়োঃ" ইতি মেদিনী, পৃথগ্বিধৈর্নানাপ্রকারৈঃ, নিরস্তানি অস্ত্রৈশ্ছিন্না বিক্ষিপ্তানি জিহ্বা দশনা দন্তা অন্ত্রাণি নাড়ীবিশেষা লোচনানি চ যেষাং তৈঃ, রথানামশ্বানাঞ্চ বৃন্দৈঃ, ঘোরং বিরূপং বিকৃতঞ্চ দর্শনং যস্যাঃ সা তাদৃশী সতী বভৌ ॥৪৫॥

ওদিকে মহামেঘ ও পর্ব্বতশৃঙ্গের তুল্য বিশাল এবং বজ্রনিপাতিতের ন্যায় ভূতলপতিত বহুতর হস্তীতে, আর পতাকা, অঙ্কুশ, বর্ম্ম ও সারথির সহিত নিপাতিত অসংখ্য রথে ব্যাপ্ত থাকায় সমরভূমিতে গমনাগমন অসম্ভব হইয়া গেল ॥৪৩॥

রাজা ! তখন আরোহী, অশ্ব ও সারথি সকল নিহত, চক্র ও কূবর (তেরচা কাঠ) চূর্ণিত এবং ধ্বজগুলি পতাকাশূন্য অবস্থায় রহিলে, শত্রুবিধ্বস্ত নগরের ন্যায় বিচূর্ণিত বিশাল বিশাল রথদ্বারা সমরভূমি শোভা পাইতে লাগিল ॥৪৪॥

আরোহিগণ নিহত, রথসমূহ ভগ্ন ও অশ্ব সকল নিহত হইয়া পতিত ছিল এবং তাহাদের নানাবিধ অলঙ্কার, জিহ্বা, দন্ত, নাড়ী ও নয়ন ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া পড়িয়াছিল। তাহাতে সমরভূমির অবস্থা ভয়ঙ্কর ও বিকৃত হইয়াছিল ॥৪৫॥

(৪৩)…দ্বিপৈরনেকৈরিব রুদ্রপাতিতৈঃ…নিপাতিতৈর্নিষ্টনতীব গৌশ্চিতা—পি।

প্রবিদ্ধবর্ম্মাভরণাম্বরায়ুধা বিপন্নহস্ত্যশ্বরথানুগা নরাঃ।
মহার্হশয্যাস্তরণোচিতাস্তদা ক্ষিতাবনাথা ইব শেরতে হতাঃ ॥৪৬॥
অতীব হৃষ্টাঃ শ্বশৃগালবায়সা বকাঃ সুপর্ণাশ্চ বৃকাস্তরক্ষবঃ।
বয়াংস্যসৃক্পান্যথ রক্ষসাং গণা পিশাচসংঘাশ্চ সুদারুণা রণে ॥৪৭॥
ত্বচো বিনির্ভিদ্য পিবন্ বসামসৃক্ তথৈব মজ্জাঃ পিশিতানি চাশ্নুবন্।
বপাং বিলুম্পন্তি হসন্তি রাক্ষসাঃ প্রকর্ষমাণাঃ কুণপান্যনেকশঃ ॥৪৮॥
শরীরসংঘাতবহা হ্যসৃগ্জলা রথোড়ুপা কুঞ্জরশৈলসঙ্কটা।
মনুষ্যশীর্ষোপলমাংসকর্দ্দমা প্রবিদ্ধনানাবিধশস্ত্রমালিনী ॥৪৯॥
ভয়াবহা বৈতরণীব দুস্তরা প্রবর্ত্তিতা যোধবরৈস্তদা নদী।
উবাহ মধ্যেন রণাজিরে ভৃশং ভয়াবহা দীনমৃতপ্রবাহিনী ॥৫০॥ (যুগ্মকম্)

প্রবিদ্ধেতি। মহার্হাণি মহামূল্যানি যানি শয্যাস্তরণানি তেষু উচিতাঃ শয়নে যোগ্যাঃ, নরাঃ সৈন্যাঃ, প্রবিদ্ধানি পতিতানি বর্ম্মাণি আভরণানি অম্বরাণি আয়ুধানি চ যেষাং তে, বিপন্নান্ মৃতান্ ভগ্নাংশ্চ হস্তিনঃ অশ্বান্ রথাংশ্চ অনুগচ্ছন্তি সহাবতিষ্ঠন্ত ইতি তে তাদৃশাঃ, হতাশ্চ সন্তঃ, তদা অনাথা ইব, ক্ষিতৌ সমরভূমৌ শেরতে স্ম ॥৪৬॥

অতীবেতি। শ্বানঃ কুকুরাঃ শৃগালাঃ বায়সাঃ কাকাশ্চ তে, বকাঃ, সুপর্ণা গরুড়জাতীয়াঃ পক্ষিণঃ, বৃকাস্তরক্ষবশ্চ ব্যাঘ্রবিশেষাঃ, অথ অসৃক্পানি রক্তপায়ীনি, বয়াংসি অপরে পক্ষিণঃ, সুদারুণাঃ, রক্ষসাং রাক্ষসানাং গণাঃ পিশাচসংঘাশ্চ, রণে খাদ্যপেয়লাভাদতীবহৃষ্টা অভবন্ ॥৪৭॥

ত্বচ ইতি। ত্বচশ্চর্ম্মাণি বিনির্ভিদ্য, বসাং ধাতুবিশেষম্, অসৃক্ রক্তঞ্চ পিবন্, তথৈব মজ্জাঃ পিশিতানি মাংসানি চ, অশ্নুবন্ ভক্ষয়ন্, অভবৎ শ্বশৃগালাদিগণ ইতি শেষঃ। তথা রাক্ষসাঃ, অনেকশঃ কুণপানি শবান্ প্রকর্ষমাণাঃ সন্তঃ, বপাং বসাম্, বিলুম্পন্তি পিবন্তি স্ম, হসন্তি স্ম চ ॥৪৮॥

মহামূল্য শয্যা ও আস্তরণের উপরে শয়ন করিবার যোগ্য লোকেরা তখন মৃত হস্তী ও অশ্বগণের এবং ভগ্ন রথসমূহের নিকটে নিকটে অনাথের ন্যায় ভূতলে শয়ন করিয়া রহিয়াছিলেন; তৎকালে তাঁহাদের বর্ম্ম, অলঙ্কার, বস্ত্র ও অস্ত্র সকল ইতস্ততঃ বিক্ষিপ্ত ছিল ॥৪৬॥

কুকুর, শৃগাল, কাক, বক, গরুড়জাতীয় পক্ষী, চিতাবাঘ, কুকুরাকৃতি বাঘ, রক্তপায়ী পক্ষী সকল এবং অতিভয়ঙ্কর রাক্ষসগণ ও পিশাচগণ অত্যন্ত আনন্দিত হইয়া সমরভূমিতে বিচরণ করিতেছিল ॥৪৭॥

আর তাহারা চর্ম্ম ভেদ করিয়া বসা ও রক্ত পান করিতেছিল এবং মজ্জা ও মাংস ভক্ষণ করিতেছিল। বিশেষতঃ রাক্ষসেরা বহুতর শব আকর্ষণ করিয়া করিয়া সেগুলির বসা পান করিতেছিল, আর হাসিতেছিল ॥৪৮॥

(৫০) মহাভয়া বৈতরণীব ··জীবমৃতপ্রবাহিনী—পি বা ব।

পিবন্তি চাশ্নন্তি চ যত্র দুর্দ্দৃশাঃ পিশাচসংঘাশ্চ নদন্তি ভৈরবাঃ।
সুনন্দিতাঃ প্রাণভৃতাং ভয়ঙ্করাঃ সমানভক্ষাঃ শ্বশৃগালপক্ষিণঃ ॥৫১॥
তথা তদায়োধনমুগ্রদর্শনং নিশামুখে পিতৃপতিরাষ্ট্রবর্দ্ধনম্।
নিরীক্ষমাণাঃ শনকৈর্জহুর্নরাঃ সমুত্থিতোন্নৃত্যকবন্ধসঙ্কুলম্ ॥৫২॥

যুগ্মকেন রক্তনদীং বর্ণয়তি শরীরেতি। শরীরাণাং সংঘাতং সমূহং বহতীতি সা, অসৃঙ্ক্ষি রক্তান্যেব জলানি যস্যাঃ সা, রথা এব উড়ুপানি প্লবা যস্যাঃ সা, কুঞ্জরা গজা এব শৈলাঃ পর্ব্বতাস্তৈঃ সঙ্কটা ব্যাপ্তা। মনুষ্যাণাং শীর্ষাণি শিরাংস্যেব উপলাঃ পাষাণা যস্যাঃ সা চাসৌ মাংসান্যেব কর্দ্দমা যস্যাঃ সা চেতি সা, প্রবিদ্ধানাং পতিতানাং নানাবিধানাং শস্ত্রাণাং শৈবলরূপাণাং মালা অস্যা অস্তীতি সা, দীনান্ অস্ত্রঘাতাদিনা পতিতাবসন্নান্ মৃতাংশ্চ প্রবহতীতি সা, ভয়াবহা দুস্তরা চ বৈতরণী নদীব, তদা যোধবরৈঃ প্রধানযোদ্ধৃভিঃ প্রবর্ত্তিতা, ভয়াবহা কাচন নদী, রণাজিরে সমরাঙ্গনে মধ্যেন, ভৃশম্, উবাহ বহতি স্ম ॥৪৯—৫০॥

পিবন্তীতি। ভৈরবা ভীষণমূর্ত্তয়ঃ, অতএব প্রাণভৃতামপি ভয়ঙ্করাঃ, দুঃখেন দৃশ্যন্ত ইতি দুর্দ্দৃশাঃ। খলাপি গুণাভাব আর্ষঃ। সমানো ভক্ষঃ খাদ্যং যেষাং তে, শ্বশৃগালপক্ষিণঃ পিশাচসংঘাশ্চ, সুনন্দিতা অতীবহৃষ্টাঃ সন্তঃ, যত্র রক্তনদ্যাম্, রক্তানি পিবন্তি স্ম চ, মাংসাদীনি অশ্নন্তি ভক্ষয়ন্তি স্ম চ ॥৫১॥

তথেতি। নরা উভয়পক্ষীয়া এব লোকাঃ, নিশামুখে সন্ধ্যায়াম্, তথা উগ্রদর্শনম্, পিতৃপতের্যমস্য রাষ্ট্রবর্দ্ধনম্, সমুত্থিতৈঃ উন্নৃত্যং নৃত্যং যেষাং তৈস্তাদৃশৈশ্চ কবন্ধৈঃ সঙ্কুলং ব্যাপ্তঞ্চ তৎ আয়োধনং সমরভূমিম্, নিরীক্ষমাণাঃ সন্তঃ, শনকৈঃ জহুস্তদেব তত্যজুঃ ॥৫২॥

তৎকালে মহাযোদ্ধারা সমরভূমির মধ্যে বৈতরণীনদীর ন্যায় ভয়ঙ্কর ও দুস্তর একটা রক্তের নদী প্রবর্ত্তিত করিয়া দিয়াছিলেন; সেটা মহাবেগে চলিতেছিল, শরীরসমূহ বহন করিতেছিল, পতিত ও মৃত লোকদের দেহগুলি লইয়া চলিয়াছিল এবং হস্তিশরীররূপ পর্ব্বতে ব্যাপ্ত ছিল; আর রক্ত ছিল তাহার জল, রথ ছিল ক্ষুদ্র নৌকা, মনুষ্যের মস্তক ছিল প্রস্তরখণ্ড, মাংস ছিল কর্দ্দম এবং নিপতিত নানাবিধ অস্ত্র ছিল তাহার শৈবলমালা ॥৪৯—৫০॥

খাদ্য যাহাদের সমান, সেই কুকুর, শৃগাল ও পক্ষিগণ এবং ভীষণমূর্ত্তি ও দুর্দৃশ্য পিশাচগণ প্রাণিগণের ভয় জন্মাইতে থাকিয়া ও বিশেষ আনন্দিত হইয়া যে নদীতে রক্তপান ও মাংস ভক্ষণ করিতেছিল ॥৫১॥

সেই সন্ধ্যাকালে উভয়পক্ষের লোকেরাই সেইরূপ উগ্রদর্শন, যমরাজ্যবর্দ্ধক এবং উত্থিত ও নৃত্যকারী কবন্ধগণে পরিব্যাপ্ত সেই সমরভূমি দর্শন করিতে করিতে তাহা পরিত্যাগ করিয়া ধীরে ধীরে যাইতে লাগিল ॥৫২॥

(৫১) পিবন্তি চ স্বাস্তি চ···প্রাণভৃতাং ক্ষয়ঙ্করাঃ···নি। (৫২)···সমুত্থিতানৃত্ত···বা নি।

প্রবিদ্ধবর্ম্মাভরণাম্বরায়ুধা বিপন্নহস্ত্যশ্বরথানুগা নরাঃ।
মহার্হশয্যাস্তরণোচিতাস্তদা ক্ষিতাবনাথা ইব শেরতে হতাঃ ॥৪৬॥
অতীব হৃষ্টাঃ শ্বশৃগালবায়সা বকাঃ সুপর্ণাশ্চ বৃকাস্তরক্ষবঃ।
বয়াংস্যসৃক্‌পান্যথ রক্ষসাং গণা পিশাচসংঘাশ্চ সুদারুণা রণে ॥৪৭॥
ত্বচো বিনির্ভিদ্য পিবন্ বসামসৃক্ তথৈব মজ্জাঃ পিশিতানি চাশ্নুবন্।
বপাং বিলুম্পন্তি হসন্তি রাক্ষসাঃ প্রকর্ষমাণাঃ কুণপান্যনেকশঃ ॥৪৮॥
শরীরসংঘাতবহা হ্যসৃগ্‌জলা রথোড়ুপা কুঞ্জরশৈলসঙ্কটা।
মনুষ্যশীর্ষোপলমাংসকর্দ্দমা প্রবিদ্ধনানাবিধশস্ত্রমালিনী ॥৪৯॥
ভয়াবহা বৈতরণীব দুস্তরা প্রবর্ত্তিতা যোধবরৈস্তদা নদী।
উবাহ মধ্যেন রণাজিরে ভৃশং ভয়াবহা দীনমৃতপ্রবাহিনী ॥৫০॥ (যুগ্মকম্)

প্রবিদ্ধেতি। মহার্হাণি মহামূল্যানি যানি শয্যাস্তরণানি তেষু উচিতাঃ শয়নে যোগ্যাঃ, নরাঃ সৈন্যাঃ, প্রবিদ্ধানি পতিতানি বর্ম্মাণি আভরণানি অম্বরাণি আয়ুধানি চ যেষাং তে, বিপন্নান্ মৃতান্ ভগ্নাংশ্চ হস্তিনঃ অশ্বান্ রথাংশ্চ অনুগচ্ছন্তি সহাবতিষ্ঠন্ত ইতি তে তাদৃশাঃ, হতাশ্চ সন্তঃ, তদা অনাথা ইব, ক্ষিতৌ সমরভূমৌ শেরতে স্ম ॥৪৬॥

অতীবেতি। শ্বানঃ কুক্কুরাঃ শৃগালাঃ বায়সাঃ কাকাশ্চ তে, বকাঃ, সুপর্ণা গরুড়জাতীয়াঃ পক্ষিণঃ, বৃকাস্তরক্ষবশ্চ ব্যাঘ্রবিশেষাঃ, অথ অসৃক্‌পানি রক্তপায়ীনি, বয়াংসি অপরে পক্ষিণঃ, সুদারুণাঃ, রক্ষসাং রাক্ষসানাং গণাঃ পিশাচসংঘাশ্চ, রণে খাদ্যপেয়লাভাদতীবহৃষ্টা অভবন্ ॥৪৭॥

ত্বচ ইতি। ত্বচশ্চর্ম্মাণি বিনির্ভিদ্য, বসাং ধাতুবিশেষম্, অসৃক্ রক্তঞ্চ পিবন্, তথৈব মজ্জাঃ পিশিতানি মাংসানি চ, অশ্নুবন্ ভক্ষয়ন্, অভবং শ্বশৃগালাদিগণ ইতি শেষঃ। তথা রাক্ষসাঃ, অনেকশঃ কুণপানি শবান্ প্রকর্ষমাণাঃ সন্তঃ, বপাং বসাম্, বিলুম্পন্তি পিবন্তি স্ম, হসন্তি স্ম চ ॥৪৮॥

মহামূল্য শয্যা ও আস্তরণের উপরে শয়ন করিবার যোগ্য লোকেরা তখন মৃত হস্তী ও অশ্বগণের এবং ভগ্ন রথসমূহের নিকটে নিকটে অনাথের ন্যায় ভূতলে শয়ন করিয়া রহিয়াছিলেন; তৎকালে তাঁহাদের বর্ম্ম, অলঙ্কার, বস্ত্র ও অস্ত্র সকল ইতস্ততঃ বিক্ষিপ্ত ছিল ॥৪৬॥

কুকুর, শৃগাল, কাক, বক, গরুড়জাতীয় পক্ষী, চিতাবাঘ, কুক্কুরাকৃতি বাঘ, রক্তপায়ী পক্ষী সকল এবং অতিভয়ঙ্কর রাক্ষসগণ ও পিশাচগণ অত্যন্ত আনন্দিত হইয়া সমরভূমিতে বিচরণ করিতেছিল ॥৪৭॥

আর তাহারা চর্ম্ম ভেদ করিয়া বসা ও রক্ত পান করিতেছিল এবং মজ্জা ও মাংস ভক্ষণ করিতেছিল। বিশেষতঃ রাক্ষসেরা বহুতর শব আকর্ষণ করিয়া করিয়া সেগুলির বসা পান করিতেছিল, আর হাসিতেছিল ॥৪৮॥

(৫০) মহাভয়া বৈতরণীব ··জীবমৃতপ্রবাহিনী—পি বা ব।

পিবন্তি চাশ্নন্তি চ যত্র দুর্দ্দৃশাঃ পিশাচসংঘাশ্চ নদন্তি ভৈরবাঃ।
সুনন্দিতাঃ প্রাণভৃতাং ভয়ঙ্করাঃ সমানভক্ষাঃ শ্বশৃগালপক্ষিণঃ ॥৫১॥
তথা তদায়োধনমুগ্রদর্শনং নিশামুখে পিতৃপতিরাষ্ট্রবর্দ্ধনম্।
নিরীক্ষমাণাঃ শনকৈর্জহুর্নরাঃ সমুত্থিতোন্মৃত্যকবন্ধসঙ্কুলম্ ॥৫২॥

যুগ্মকেন রক্তনদীং বর্ণয়তি শরীরেতি। শরীরাণাং সংঘাতং সমূহং বহতীতি সা, অসৃঙ্গি রক্তান্যেব জলানি যস্যাঃ সা, রথা এব উড়ুপানি প্লবা যস্যাঃ সা, কুঞ্জরা গজা এব শৈলাঃ পর্ব্বতাস্তৈঃ সঙ্কটা ব্যাপ্তা। মনুষ্যাণাং শীর্ষাণি শিরাংস্যেব উপলাঃ পাষাণা যস্যাঃ সা চাসৌ মাংসান্যেব কর্দ্দমা যস্যাঃ সা চেতি সা, প্রবিদ্ধানাং পতিতানাং নানাবিধানাং শস্ত্রাণাং শৈবলরূপাণাং মালা অস্যা অস্তীতি সা, দীনান্ অস্ত্রঘাতাদিনা পতিতাবসন্নান্ মৃতাংশ্চ প্রবহতীতি সা, ভয়াবহা দুস্তরা চ বৈতরণী নদীব, তদা যোধবরৈঃ প্রধানযোদ্ধৃভিঃ প্রবর্ত্তিতা, ভয়াবহা কাচন নদী, রণাজিরে সমরাঙ্গনে মধ্যেন, ভৃশম্, উবাহ বহতি স্ম ॥৪৯—৫০॥

পিবন্তীতি। ভৈরবা ভীষণমূর্ত্তয়ঃ, অতএব প্রাণভৃতামপি ভয়ঙ্করাঃ, দুঃখেন দৃশ্যন্ত ইতি দুর্দ্দৃশাঃ। খল্যপি গুণাভাব আর্ষঃ। সমানো ভক্ষঃ খাদ্যং যেষাং তে, শ্বশৃগালপক্ষিণঃ পিশাচসংঘাশ্চ, সুনন্দিতা অতীবহৃষ্টাঃ সন্তঃ, যত্র রক্তনদ্যাম্, রক্তানি পিবন্তি স্ম চ, মাংসাদীনি অশ্নন্তি ভক্ষয়ন্তি স্ম চ ॥৫১॥

তথেতি। নরা উভয়পক্ষীয়া এব লোকাঃ, নিশামুখে সন্ধ্যায়াম্, তথা উগ্রদর্শনম্, পিতৃপতের্যমস্য রাষ্ট্রবর্দ্ধনম্, সমুত্থিতৈঃ উদ্ভূতং নৃত্যং যেষাং তৈস্তাদৃশৈশ্চ কবন্ধৈঃ সঙ্কুলং ব্যাপ্তঞ্চ তৎ আয়োধনং সমরভূমিম্, নিরীক্ষমাণাঃ সন্তঃ, শনকৈঃ জহুস্তদেব তত্যজুঃ ॥৫২॥

তৎকালে মহাযোদ্ধারা সমরভূমির মধ্যে বৈতরণীনদীর ন্যায় ভয়ঙ্কর ও দুস্তর একটা রক্তের নদী প্রবর্ত্তিত করিয়া দিয়াছিলেন; সেটা মহাবেগে চলিতেছিল, শরীরসমূহ বহন করিতেছিল, পতিত ও মৃত লোকদের দেহগুলি লইয়া চলিয়াছিল এবং হস্তিশরীররূপ পর্ব্বতে ব্যাপ্ত ছিল; আর রক্ত ছিল তাহার জল, রথ ছিল ক্ষুদ্র নৌকা, মনুষ্যের মস্তক ছিল প্রস্তরখণ্ড, মাংস ছিল কর্দ্দম এবং নিপতিত নানাবিধ অস্ত্র ছিল তাহার শৈবলমালা ॥৪৯—৫০॥

খাদ্য যাহাদের সমান, সেই কুকুর, শৃগাল ও পক্ষিগণ এবং ভীষণমূর্ত্তি ও দুর্দৃশ্য পিশাচগণ প্রাণিগণের ভয় জন্মাইতে থাকিয়া ও বিশেষ আনন্দিত হইয়া যে নদীতে রক্তপান ও মাংস ভক্ষণ করিতেছিল ॥৫১॥

সেই সন্ধ্যাকালে উভয়পক্ষের লোকেরাই সেইরূপ উগ্রদর্শন, যমরাজ্যবর্দ্ধক এবং উত্থিত ও নৃত্যকারী কবন্ধগণে পরিব্যাপ্ত সেই সমরভূমি দর্শন করিতে করিতে তাহা পরিত্যাগ করিয়া ধীরে ধীরে যাইতে লাগিল ॥৫২॥

---

(৫১) পিবন্তি চ স্নান্তি চ···প্রাণভৃতাং ক্ষয়ঙ্করাঃ···নি। (৫২)···সমুত্থিতানৃত্ত···বা নি।

অপেতবিধ্বস্তমহার্হভূষণং নিপাতিতং শক্রসমং মহারথম্।
রণেঽভিমন্যুং দদৃশুস্তদা জনা ব্যপোঢ়হব্যং সদসীব পাবকম্ ॥৫৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে অভিমন্যুপতনে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ।

——(:*:)——

সঞ্জয় উবাচ।

তস্মিংস্তু নিহতে বীরে সৌভদ্রে রথযূথপে।
বিমুক্তরথসন্নাহাঃ সর্বে নিক্ষিপ্তকার্ম্মুকাঃ ॥১॥
উপোপবিষ্টা রাজানং পরিবার্য্য যুধিষ্ঠিরম্।
তদেব দুঃখং ধ্যায়ন্তঃ সৌভদ্রগতমানসাঃ ॥২॥ (যুগ্মকম্)

অপেতেতি। তদা কিয়ন্তো জনাশ্চ, সদসি যজ্ঞসভায়াম্, ব্যপোঢ়ং নিবৃত্তপ্রক্ষেপং হব্যং ঘৃতাদিকং যস্য তং তাদৃশম্, পাবকমগ্নিমিব, অপেতানি ইতস্ততো বিক্ষিপ্তানি বিধ্বস্তানি চ মহার্হাণি মহামূল্যানি ভূষণানি যস্য তম্, নিপাতিতং শক্রসমম্, মহারথমভিমন্যুং রণে দদৃশুঃ ॥৫৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

তস্মিন্নিতি। রথানাং যূথং সমূহং পাতি রক্ষতীতি তস্মিন্। বিমুক্তাস্ত্যক্তা রথাঃ সন্নাহা যুদ্ধসজ্জাশ্চ যৈস্তে। পরিবার্য্য পরিবেষ্ট্য। উপোপবিষ্টা নিকটে নিকটে নিষণ্ণাঃ ॥১—২॥

আবার অনেক লোক সমরে নিপাতিত, ইন্দ্রের তুল্য বীর ও মহারথ অভিমন্যুকে দেখিতে থাকিল। তখন তিনি যজ্ঞসভায় ঘৃতাহুতিশূন্য অগ্নির ন্যায় নিস্তেজ হইয়া রহিয়াছিলেন এবং তাঁহার মহামূল্য অলঙ্কারগুলি ইতস্ততঃ বিক্ষিপ্ত ও বিধ্বস্ত অবস্থায় পড়িয়া ছিল' ॥৫৩॥

——০:::০——

সঞ্জয় বলিলেন—'মহারাজ! রথসমূহরক্ষক সেই বীর অভিমন্যু নিহত হইলে, পাণ্ডবপক্ষের যোদ্ধারা সকলে রথ, যুদ্ধসজ্জা ও ধনু পরিত্যাগ করিয়া

(৫৩)···শক্রসমং মহাবলম্···বা নি। * '···অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '···পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বা রা নি। (১) হতে তস্মিন্ মহাবীর্য্যে···বা নি।

ততো যুধিষ্ঠিরো রাজা বিললাপ সুদুঃখিতঃ।
অভিমন্যৌ হতে বীরে ভ্রাতুঃ পুত্রে মহারথে ॥৩॥
দ্রোণানীকমসংবাধং মম প্রিয়চিকীর্ষয়া।
ভিত্ত্বা ব্যূহং প্রবিষ্টোঽসৌ গোমধ্যমিব কেশরী ॥৪॥
যস্য শূরা মহেষ্বাসাঃ প্রত্যনীকগতা রণে।
প্রভগ্না বিনিবর্ত্তন্তে কৃতাস্ত্রা যুদ্ধদুর্ম্মদাঃ ॥৫॥
অত্যন্তশত্রুরস্মাকং যেন দুঃশাসনঃ শরৈঃ।
ক্ষিপ্রং হ্যভিমুখঃ সংখ্যে বিসংজ্ঞো বিমুখীকৃতঃ ॥৬॥
স তীর্ত্বা দুস্তরং বীরো দ্রোণানীকমহার্ণবম্।
প্রাপ্য দৌঃশাসনিং কার্ষ্ণিঃ প্রাপ্তো বৈবস্বতক্ষয়ম্ ॥৭॥ (বিশেষকম্)
কথং দ্রক্ষ্যামি কৌন্তেয়ং সৌভদ্রে নিহতেঽর্জ্জুনম্।
সুভদ্রাং বা মহাভাগাং প্রিয়ং পুত্রমপশ্যতীম্ ॥৮॥

তত ইতি। বিললাপ বক্ষ্যমাণপ্রকারেণেত্যাশয়ঃ ॥৩॥
দ্রোণেতি। দ্রোণস্য অনীকং সৈন্যম্, অসংবাধম্ অপ্রতিবন্ধং যথা স্যাত্তথা ॥৪॥
যস্যেতি। শূরাঃ কর্ণাদয়ঃ, প্রত্যনীকগতা বিপক্ষবর্ত্তিনঃ। কৃতাস্ত্রাঃ শিক্ষিতাস্ত্রাঃ। সংখ্যে যুদ্ধে, বিসংজ্ঞঃ অচৈতন্যঃ। দৌঃশাসনিং দুঃশাসনপুত্রম্, কার্ষ্ণিরভিমন্যুঃ, বৈবস্বতক্ষয়ং যমালয়ম্ ॥৫—৭॥
কথমিতি। কথং দ্রক্ষ্যামি, দারুণশোকলজ্জোদয়াদিতি ভাবঃ ॥৮॥

সেই দুঃখই চিন্তা করিতে থাকিয়া রাজা যুধিষ্ঠিরকে পরিবেষ্টনপূর্ব্বক অভিমন্যুগতচিত্তে নিকটে নিকটে উপবেশন করিলেন ॥১—২॥

তাহার পর ভ্রাতার পুত্র বীর ও মহারথ অভিমন্যু নিহত হওয়ায় অত্যন্তদুঃখিত হইয়া রাজা যুধিষ্ঠির বিলাপ করিতে লাগিলেন—॥৩॥

'হায়! সিংহ যেমন গোসমূহমধ্যে প্রবেশ করে, সেইরূপ অভিমন্যু আমার প্রিয়কার্য্য করিবার ইচ্ছায় ব্যূহ ভেদ করিয়া অবাধে দ্রোণসৈন্যমধ্যে প্রবেশ করিয়াছিলেন ॥৪॥

মহাধনুর্দ্ধর, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত ও যুদ্ধদুর্দ্ধর্ষ বিপক্ষবীরেরা যুদ্ধে যাঁহার নিকটে পরাজিত হইয়া নিবৃত্তি পাইয়াছিলেন এবং আমাদের মহাশত্রু দুঃশাসন যুদ্ধে সম্মুখবর্ত্তী হইলে, যিনি বাণদ্বারা সত্বরই তাঁহাকে বিমুখ ও অচৈতন্য করিয়াছিলেন; সেই বীর অভিমন্যু দুস্তর দ্রোণসৈন্যসাগর উত্তীর্ণ হইয়া দুঃশাসনপুত্রের নিকটে যাইয়া যমালয়ে চলিয়া গিয়াছেন ॥৫—৭॥

কিংস্বিদ্বয়মপেতার্থমশ্লিষ্টমসমঞ্জসম্ ।
তাবুভৌ প্রতি বক্ষ্যামো হৃষীকেশধনঞ্জয়ৌ ॥৯॥
অহমেব সুভদ্রায়াঃ কেশবার্জ্জুনয়োরপি ।
প্রিয়কামো জয়াকাঙ্ক্ষী কৃতবানিদমপ্রিয়ম্ ॥১০॥
ন লুব্ধো বুধ্যতে দোষান্ লোভান্মোহাৎ প্রবর্ত্ততে ।
মধুলিপ্সুর্হি নাপশ্যং প্রপাতমহমীদৃশম্ ॥১১॥
যো হি ভোজ্যে পুরস্কার্য্যো যানেষু শয়নেষু চ ।
ভূষণেষু চ সোঽস্মাভির্ব্বালো যুধি পুরস্কৃতঃ ॥১২॥
কথং হি বালস্তরুণো যুদ্ধানামবিশারদঃ ।
সদশ্ব ইব সংবাধে বিষমে ক্ষেমমর্হতি ॥১৩॥

কিমিতি। অপেতার্থং নিরর্থকম্, অশ্লিষ্টমযুক্তম্, অসমঞ্জসং সর্বদেশেষসম্ভবম্ ॥৯॥
ব্যক্তং শিবং তব ভ্রাতুঃ সামাত্যস্য ভবিষ্যতি।
মা শুচঃ কিঞ্চিদেবান্যত্তত্রানিষ্টং ভবিষ্যতি ॥৭॥

সঞ্জয় উবাচ।

ততঃ সন্ধ্যামুপাস্যৈব বীরৌ বীরাবসাদনে।
কথয়ন্তৌ রণে বৃত্তং প্রয়াতৌ রথমাস্থিতৌ ॥৮॥
ততঃ স্বশিবিরং প্রাপ্তৌ হতানন্দং হতত্বিষম্।
বাসুদেবোঽর্জ্জুনৌ চৈব কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্ ॥৯॥

ভারতকৌমুদী

অনিষ্টমিতি। অনিষ্টমনিষ্টাশঙ্কা, শ্লিষ্টং দৃঢ়সম্বদ্ধম্। উৎপাতা ভূকম্পাদয়ঃ ॥৫॥

দ্রোণপ্রতিজ্ঞাস্মরণাৎ সম্ভাব্যমানং যুধিষ্ঠিরস্যানিষ্টং সূচয়ন্নাহ বহ্বিতি। বহুপ্রকারা উৎপাতা ইত্যনুবৃত্তিঃ। অঘশংসিনঃ অমঙ্গলসূচকাঃ। স্বস্তি মঙ্গলম্, "স্বস্ত্যাশীঃক্ষেমপুণ্যাদৌ" ইত্যমরঃ, রাজ্ঞো যুধিষ্ঠিরস্য, গুরোর্জ্যেষ্ঠভ্রাতুঃ ॥৬॥

ব্যক্তমিতি। ব্যক্তং ধ্রুবম্, শিবং মঙ্গলম্, ভ্রাতুর্যুধিষ্ঠিরস্য ॥৭॥

তত ইতি। বীরৌ কৃষ্ণার্জ্জুনৌ, বীরা অবসাদ্যন্তে বিনাশ্যন্তে অস্মিন্নিতি তস্মিন্ ॥৮॥

দৃঢ়সংলগ্ন অনিষ্টাশঙ্কা আমার হৃদয় হইতে যাইতেছে না এবং ভূমি, আকাশ ও সকল দিকে ভয়ঙ্কর উৎপাত সকল আমাকে বিত্রস্ত করিয়া তুলিতেছে! ॥৫॥

বহুপ্রকার উৎপাত দেখিতেছি, সে সকলগুলিই আবার অমঙ্গলসূচনা করিতেছে!। অতএব অমাত্যবর্গের সহিত আমার জ্যেষ্ঠভ্রাতা রাজা যুধিষ্ঠিরের মঙ্গল হইবে ত? ॥৬॥

কৃষ্ণ বলিলেন—'অর্জ্জুন! নিশ্চয়ই অমাত্যবর্গের সহিত তোমার ভ্রাতার মঙ্গল হইবে। সুতরাং তুমি উদ্বিগ্ন হইও না; হয় ত সেখানে সামান্য কোন অনিষ্ট হইয়া থাকিবে ॥৭॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর কৃষ্ণ ও অর্জ্জুন সন্ধ্যোপাসনা করিয়াই রথে আরোহণপূর্ব্বক বীরবিনাশক যুদ্ধের আলোচনা করিতে করিতে গমন করিতে লাগিলেন ॥৮॥

(৯)...হতামিত্রৌ হতদ্বিষৌ...নি।

ধ্বস্তাকারং সমালক্ষ্য শিবিরং পরবীরহা।
বীভৎসুরব্রবীৎ কৃষ্ণমস্বস্থহৃদয়স্ততঃ ॥১০॥
নদন্তি নাদ্য তূর্য্যাণি মঙ্গল্যানি জনার্দ্দন !।
মিশ্রা দুন্দুভিনির্ঘোষৈঃ শঙ্খাশ্চাড়ম্বরৈঃ সহ।
বীণা বা নাদ্য বাদ্যন্তে শম্যাতালস্বনৈঃ সহ ॥১১॥
মঙ্গল্যানি চ গীতানি গায়ন্তি ন পঠন্তি চ।
স্তুতিযুক্তানি রম্যাণি সর্বানীকেষু বন্দিনঃ ॥১২॥
যোধাশ্চাপি চ মাং দৃষ্ট্বা নিবর্ত্তন্তে হ্যধোমুখাঃ।
কর্ম্মাণি চ যথাপূর্ব্বং কৃত্বা নাভিবদন্তি মাম্ ॥১৩॥
অপি স্বস্তি ভবেদদ্য ভ্রাতৃভ্যো মম মাধব !।
নহি শুধ্যতি মে ভাবো দৃষ্ট্বা স্বজনমাকুলম্ ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। হতা নিবৃত্তা ত্বিয়া প্রদীপদীপ্তির্যত্র তৎ। ত্বিষেতি ক্ষুধেতিবৎ টাবন্তঃ ॥৯॥
ধ্বস্তেতি। বীভৎসুরর্জ্জুনঃ। অস্বস্থহৃদয় উদ্বিগ্নচিত্তঃ ॥১০॥
নদন্তীতি। শঙ্খাঃ শঙ্খরবাঃ, আড়ম্বরৈস্তূর্য্যরবৈঃ। শম্যা ঢক্কা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥
মঙ্গল্যানীতি। স্তুতিযুক্তানি বাক্যানীতি শেষঃ, সর্বানীকেষু সর্ব্ববিধসৈন্যেষু ॥১২॥
যোধা ইতি। নিবর্ত্তন্তে অপসরন্তি। কর্ম্মাণি অভিবাদনাদীনি ॥১৩॥

তদনন্তর কৃষ্ণ ও অর্জ্জুন যুদ্ধে অতিদুষ্কর কার্য্য করিয়া নিরানন্দ ও আলোক-শূন্য আপন শিবিরে যাইয়া উপস্থিত হইলেন ॥৯॥

তৎপরে বিপক্ষবীরহন্তা অর্জ্জুন শিবিরটাকে বিকৃতরূপ দেখিয়া উদ্বিগ্নচিত্ত হইয়া কৃষ্ণকে বলিলেন—॥১০॥

'জনার্দ্দন ! আজ মাঙ্গলিক তূর্য্য বাজিতেছে না, দুন্দুভিধ্বনি ও তূর্য্যধ্বনির সহিত শঙ্খধ্বনিও হইতেছে না, কিংবা ঢাক ও করতালশব্দের সহিত বীণাও বাজাইতেছে না ! ॥১১॥

স্তুতিপাঠকেরা সর্ব্বসৈন্যমধ্যে মাঙ্গলিক গান গাহিতেছে না এবং স্তুতিযুক্ত মনোহর শ্লোক সকলও পাঠ করিতেছে না ! ॥১২॥

যোদ্ধারাও আমাকে দেখিয়া অধোমুখ হইয়া সরিয়া যাইতেছে; কিন্তু পূর্ব্বের ন্যায় অভিবাদন করিয়া আমার নিকট যুদ্ধের বৃত্তান্ত বলিতেছে না ! ॥১৩॥

(১০) ধ্বস্তাকারমিবালেখ্যং সংবীক্ষ্য শিবিরং স্বকম্…নি,…অসুস্থহৃদয়স্ততঃ—পি।

অপি পাঞ্চালরাজস্য বিরাটস্য চ মানদ!।
সর্ব্বেষাঞ্চৈব যোধানাং সামগ্র্যং স্যান্মমাচ্যুত! ॥১৫॥
ন চ মামদ্য সৌভদ্রঃ প্রহৃষ্টো ভ্রাতৃভিঃ সহ।
রণাদায়ান্তমুচিতং প্রত্যুদ্‌যাতি হসন্নিব ॥১৬॥
এবং সংকথয়ন্তৌ তৌ প্রবিষ্টৌ শিবিরং স্বকম্।
দদৃশাতে ভৃশাস্বস্থান্ পাণ্ডবান্ নষ্টচেতসঃ ॥১৭॥
দৃষ্ট্বা ভ্রাতৄংশ্চ পুত্ত্রাংশ্চ বিমনা বানরধ্বজঃ।
অপশ্যংশ্চৈব সৌভদ্রমিদং বচনমব্রবীৎ ॥১৮॥
মুখবর্ণোঽপ্রসন্নো বঃ সর্ব্বেষামেব লক্ষ্যতে।
অভিমন্যুং ন পশ্যামি ন চ মাং প্রতিনন্দথ ॥১৯॥

ভারতকৌমুদী

অপীতি। স্বস্তি মঙ্গলম্। ভ্রাতৃভ্য ইতি "নমঃ স্বস্তি" ইত্যাদিনা চতুর্থী। ভাবো মনঃ ॥১৪॥
অপীতি। হে মানদ! মান্যানাং সম্মানকারক!। সামগ্র্যং সাকল্যেন জীবনম্ ॥১৫॥
নেতি। সৌভদ্রোঽভিমন্যুঃ, ভ্রাতৃভিঃ প্রতিবিন্ধ্যাদিভিঃ। উচিতং ন্যায্যম্ ॥১৬॥
এবমিতি। ভৃশাস্বস্থান্ অতীবাকুলান্, নষ্টচেতসো বিগতচেতনানিব ॥১৭॥
দৃষ্ট্বেতি। বিমনা বিষণ্ণচিত্তঃ, বানরধ্বজঃ অর্জ্জুনঃ ॥১৮॥
মুখেতি। অপ্রসন্নো মলিনঃ, বো যুষ্মাকম্। প্রতিনন্দথ আদ্রিয়ধ্বে যূয়ম্ ॥১৯॥

কৃষ্ণ! আজ আমার ভ্রাতাদের মঙ্গল হইবে ত? আত্মীয়গণকে আকুল দেখিয়া আমার মন যে প্রসন্ন হইতেছে না ॥১৪॥

মাননীয়গণের সম্মানকারী কৃষ্ণ! দ্রুপদ, বিরাট ও অন্যান্য যোদ্ধারা সকলে বাঁচিয়া আছেন ত? ॥১৫॥

আজ আমি যুদ্ধ হইতে আসিতে লাগিলে, অভিমন্যু অপর ভ্রাতাদের সহিত মিলিত হইয়া অন্যান্য দিনের ন্যায় প্রহৃষ্ট চিত্তে হাসিতে হাসিতেই যেন কর্ত্তব্য প্রত্যুদ্‌গমন করিতেছে না' ॥১৬॥

কৃষ্ণ ও অর্জ্জুন এইরূপ আলোচনা করিতে করিতে আপন শিবিরে প্রবেশ করিয়া দেখিলেন—অত্যন্ত অসুস্থ পাণ্ডবেরা যেন অচৈতন্য হইয়া রহিয়াছেন ॥১৭॥

তখন অর্জ্জুন—ভ্রাতৃগণ ও অপর পুত্ত্রগণকে দেখিয়া এবং অভিমন্যুকে না দেখিয়া বিষণ্ণচিত্ত হইয়া এই কথা বলিলেন—॥১৮॥

(১৬) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' বা বঙ্গ বর্দ্ধ নি। (১৭)···ভৃশাসুস্থান্···পি।

ময়া শ্রুতশ্চ দ্রোণেন চক্রব্যূহো বিনির্ম্মিতঃ।
ন চ বস্তস্য ভেত্তাস্তি বিনা সৌভদ্রমর্ভকম্ ॥২০॥
ন চোপদিষ্টস্তস্যাসীন্ময়ানীকাদ্বিনির্গমঃ।
কচ্চিন্ন বালো যুষ্মাভিঃ পরানীকং প্রবেশিতঃ ॥২১॥
ভিত্ত্বানীকং মহেষ্বাসঃ পরেষাং বহুশো যুধি।
কচ্চিন্ন নিহতঃ শেতে সৌভদ্রঃ পরবীরহা ॥২২॥
লোহিতাক্ষং মহাবাহুং জাতং সিংহমিবাদ্রিষু।
উপেন্দ্রসদৃশং ব্রূত কথমায়োধনে হতঃ ॥২৩॥
সুকুমারং মহেষ্বাসং বাসবস্যাত্মজাত্মজম্।
সদা মম প্রিয়ং ব্রূত কথমায়োধনে হতঃ ॥২৪॥

ভারতকৌমুদী

অভিমন্যোরদর্শনাৎ কারণান্তরব্যূহসত্ত্বাচ্চ তদ্বিনাশমেবাশঙ্কতে ত্রিভিঃ। ময়েতি। বো যুষ্মাকং মধ্যে কশ্চিদপি। সৌভদ্রমভিমন্যুম্, অর্ভকং বালকম্ ॥২০॥

নেতি। অনীকাদ্বিপক্ষসৈন্যাৎ। বিনির্গম ইত্যনেন প্রবেশ উপদিষ্ট ইতি সূচিতম্ ॥২১॥

ভিত্ত্বেতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। পরবীরান্ হন্তীতি পরবীরহা ॥২২॥

অভিমন্যুবিনাশমেব নিশ্চিত্যাহ লোহিতেতি। উপেন্দ্রসদৃশং কৃষ্ণতুল্যম্, আয়োধনে যুদ্ধে ॥২৩॥

সুকুমারমিতি। বাসবস্য ইন্দ্রস্য আত্মজোঽর্জ্জুন এব তস্যাত্মজম্ ॥২৪॥

'আপনাদের সকলেরই মুখবর্ণ মলিন দেখিতেছি, অভিমন্যুকে দেখিতেছি না, আপনারাও আমার অভিনন্দন করিতেছেন না! ॥১৯॥

ওদিকে আমি শুনিয়াছি—দ্রোণ চক্রব্যূহ নির্ম্মাণ করিয়াছিলেন; অথ চ বালক অভিমন্যু ব্যতীত আপনাদের মধ্যে অপর কেহই তাহা ভেদ করিতে সমর্থ ছিলেন না ॥২০॥

আমি অভিমন্যুকে বিপক্ষসৈন্যমধ্যে প্রবেশের প্রণালী শিক্ষা দিয়াছিলাম বটে, কিন্তু তাহা হইতে নির্গমের প্রণালী শিক্ষা দি নাই। সে যাহা হউক, আপনারা সেই বালককে শত্রুসৈন্যমধ্যে প্রবেশ করাইয়া দেন নাই ত? ॥২১॥

মহাধনুর্দ্ধর ও বিপক্ষবীরহন্তা অভিমন্যু যুদ্ধে বিপক্ষের বহুসৈন্য ভেদ করিয়া যাইয়া নিহত হইয়া শয়ন করে নাই ত? ॥২২॥

পর্ব্বতজাত সিংহের ন্যায় রক্তনয়ন, মহাবাহু ও কৃষ্ণের তুল্য বিক্রমশালী অভিমন্যুর বিষয় আপনারা বলুন—সে কি করিয়া যুদ্ধে নিহত হইল? ॥২৩॥

(২২) ..পরেষাং বহুভির্যুধি···নিহতঃ সংখ্যে···নি।

সুভদ্রায়াঃ প্রিয়ং পুত্রং দ্রৌপদ্যাঃ কেশবস্য চ।
অম্বায়াশ্চ প্রিয়ং নিত্যং কোঽবধীৎ কালচোদিতঃ ॥২৫॥
সদৃশো বৃষ্ণিসিংহস্য কেশবস্য মহাত্মনঃ।
বিক্রমশ্রুতিমাহাত্ম্যৈঃ কথমায়োধনে হতঃ ॥২৬॥
বার্ষ্ণেয়ীদয়িতং শূরং ময়া সততলালিতম্।
যদি পুত্রং ন পশ্যামি যাস্যামি যমসাদনম্ ॥২৭॥
মৃদুকুঞ্চিতকেশান্তং বালং বালমৃগেক্ষণম্।
মত্তদ্বিরদবিক্রান্তং শালপোতমিবোদ্গতম্ ॥২৮॥
স্মিতাভিভাষিণং শান্তং গুরুবাক্যকরং সদা।
বাল্যেঽপ্যবালকর্ম্মাণং প্রিয়বাক্যমমৎসরম্ ॥২৯॥

ভারতকৌমুদী

সুভদ্রায়া ইতি। অম্বায়াঃ কুন্ত্যাঃ। কালচোদিত ইত্যনেনাত্মনা তদ্বধঃ সূচিতঃ ॥২৫॥ সদৃশ ইতি। বিক্রমঃ অতিশক্তিতা শ্রুতিঃ শাস্ত্রজ্ঞানং মাহাত্ম্যমৌদার্য্যঞ্চ তৈঃ, সদৃশঃ ॥২৬॥ বার্ষ্ণেয়ীতি। বার্ষ্ণেয়ী বৃষ্ণিবংশীয়া সুভদ্রা তস্যা দয়িতং প্রিয়ম্। যাস্যামি শোকাৎ ॥২৭॥ অথ পঞ্চভিঃ কুলকেনাভিমন্যোর্গুণান্ বর্ণয়ন্ শোচতি মৃদ্বিতি। বালমৃগস্যেব ঈক্ষণে চক্ষুষী যস্য তম্। শালপোতং নবীনশালবৃক্ষমিব উদ্গতমুন্নতম্। স্মিতেন মন্দহাস্যেন

সুকুমার, মহাধনুর্দ্ধর, ইন্দ্রের পুত্রের পুত্র এবং সর্ব্বদা আমার প্রিয় অভিমন্যুর সংবাদ আপনারা বলুন—সে কি প্রকারে যুদ্ধে নিহত হইল ? ॥২৪॥

সুভদ্রার প্রিয়পুত্র এবং দ্রৌপদী, কৃষ্ণ ও মাতৃদেবীর (কুন্তীর) সর্ব্বদা প্রিয় অভিমন্যুকে কোন্ ব্যক্তি কালপ্রেরিত হইয়া বধ করিল ? ॥২৫॥

বিক্রম, শাস্ত্রজ্ঞান ও ঔদার্য্যগুণে বৃষ্ণিবংশশ্রেষ্ঠ মহাত্মা কৃষ্ণের তুল্য অভিমন্যু কি প্রকারে যুদ্ধে নিহত হইল ? ॥২৬॥

হায়! যে, সুভদ্রার প্রিয় ও বীর ছিল এবং আমি যাহাকে সর্বদা লালন করিতাম, সেই পুত্রকে যদি দেখিতে না পাই, তবে আমিও যমভবনে যাইব ॥২৭॥

যাহার কেশকলাপের প্রান্তভাগ কোমল ও কুঞ্চিত, নয়নযুগল হরিণশাবকের নয়নের ন্যায় চঞ্চল, মত্তহস্তীর তুল্য বিক্রম এবং দেহ নবীন শালবৃক্ষের সমান উন্নত ছিল; যে বালক মৃদু হাস্য করিয়া কথা বলিত, সর্ব্বদা গুরুজনের বাক্য

(২৫)···কালমোহিতঃ—বা নি। (২৬)···বৃষ্ণিবীরস্য ··বিক্রমশ্রুতমাহাত্ম্যৈঃ···বা নি। (২৮)···মহাদ্বিরদবিক্রান্তম্···পি। (২৯) স্মিতাবলোকনকরম্···পি।

মহোৎসাহং মহাবাহুং দীর্ঘরাজীবলোচনম্ ।
ভক্তানুকম্পিনং দান্তং ন চ নীচানুসারিণম্ ॥৩০॥
কৃতজ্ঞং জ্ঞানসম্পন্নং কৃতাস্ত্রমনিবর্ত্তিনম্ ।
যুদ্ধাভিনন্দিনং নিত্যং দ্বিষতাং শোকবর্দ্ধনম্ ॥৩১॥
স্বেষাং প্রিয়হিতে যুক্তং পিতৃণাং জয়গৃদ্ধিনম্ ।
ন চ পূর্ব্বপ্রহর্ত্তারং সংগ্রামে নষ্টসংভ্রমম্ ।
যদি পুত্রং ন পশ্যামি যাস্যামি যমসাদনম্ ॥৩২॥ (কুলকম্)
রথেষু গণ্যমানেষু গণিতং তং মহারথম্ ।
মমাধ্যর্দ্ধগুণং সংখ্যে তরুণং বাহুশালিনম্ ॥৩৩॥
প্রদ্যুম্নস্য প্রিয়ং শিষ্যং কেশবস্য মমৈব চ ।
যদি পুত্রং ন পশ্যামি যাস্যামি যমসাদনম্ ॥৩৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অভিভাষত ইতি তম্। অবালকর্ম্মাণং পূর্ণবয়স্কবৎ কার্য্যকারিণম্, অমৎসরং পরদ্বেষরহিতম্। দীর্ঘে রাজীবে পদ্মে ইব চ লোচনে যস্য তম্। দান্তমিন্দ্রিয়দমনশালিনম্। কৃতাস্ত্রং শিক্ষিত-সর্বাস্ত্রম্, অনিবর্ত্তিনং যুদ্ধাৎ। স্বেষামাত্মীয়ানাম্। জয়গৃদ্ধিনং জয়েচ্ছুম্। নষ্টসম্ভ্রমমব্যস্তম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮—৩২॥

রথেম্বিতি। গণ্যমানেষু ভীষ্মেণ। অধি অধিকঃ অর্দ্ধগুণো যস্মিন্ তং যুদ্ধে মদপেক্ষয়া অর্দ্ধগুণাধিকমিত্যর্থঃ। তরুণং যৌবনবয়সি কৃতস্পর্শম্। প্রদ্যুম্নস্য কৃষ্ণপুত্রস্য ॥৩৩—৩৪॥

পালন করিত, বাল্যবয়সেও পূর্ণবয়স্কের ন্যায় কার্য্য করিয়া যাইত, সকলেরই প্রিয়বাক্য বলিত এবং কাহারও প্রতি বিদ্বেষ করিত না; যাহার উৎসাহ প্রবল, বাহুযুগল সবল এবং নয়নযুগল দীর্ঘ ও পদ্মের তুল্য সুন্দর ছিল; যে— ভক্তের প্রতি দয়া করিত, ইন্দ্রিয়গুলিকে দমনে রাখিত, নীচলোকের অনুসরণ করিত না, কৃতজ্ঞ ও বুদ্ধিমান্ ছিল, সমস্ত অস্ত্র শিক্ষা করিয়াছিল, যুদ্ধে পলায়ন করিত না, যুদ্ধ দেখিয়া আনন্দিত হইত, সর্ব্বদা শত্রুপক্ষের শোকবৃদ্ধি করিত, আত্মীয়গণের প্রিয় ও হিতকার্য্যে নিরত থাকিত এবং পিতৃগণের জয় কামনা করিত; আর যে বালক যুদ্ধে প্রথমে প্রহার করিত না এবং ব্যস্তও হইত না, সেই শান্তস্বভাব পুত্র অভিমন্যুকে যদি দেখিতে না পাই, তবে আমি তাহার শোকে যমভবনে গমন করিব ॥২৮—৩২॥

ভীষ্ম রথিপ্রভৃতি গণনা করিবার সময়ে যাহাকে মহারথ বলিয়া গণনা

(৩১)···দ্বিষতামঘবর্দ্ধনম্—পি, দ্বিষতাং ভয়বর্দ্ধনম্—বা নি। (৩২) ন চ পূর্ব্বং প্রহর্ত্তারম্···পি·বা নি।

স্থনসং স্থললাটান্তং স্বক্ষিভ্রূদশনচ্ছদম্।
অপশ্যতস্তদ্বদনং কা শান্তির্হৃদয়স্য মে ॥৩৫॥
তন্ত্রীস্বনসুখং রম্যং পুংস্কোকিলসমধ্বনিম্।
অশৃণ্বতঃ স্বরং তস্য কা শান্তির্হৃদয়স্য মে ॥৩৬॥
রূপঞ্চাপ্রতিমং তস্য ত্রিদশেষ্বপি দুর্লভম।
অপশ্যতোঽস্য বীরস্য কা শান্তির্হৃদয়স্য মে ॥৩৭॥
অভিবাদনদক্ষং তং পিতৃণাং বচনে রতম্।
নাদ্যাহং যদি পশ্যামি কা শান্তির্হৃদয়স্য মে ॥৩৮॥
সুকুমারঃ সদা বীরো মহার্হশয়নোচিতঃ।
ভূমাবনাথবচ্ছেতে নূনং নাথবতাং বরঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

স্থনসমিতি। শোভনা নাসা যত্র তৎ, শোভনেন ললাটেন অন্তং বম্যম্, তথা শোভনা অক্ষিণী ভ্রুবৌ দশনচ্ছদৌ ওষ্ঠৌ চ তে যত্র তৎ। তস্যাভিমন্যোর্বদনম্ ॥৩৫॥

তন্ত্রীতি। তন্ত্রীস্বনবৎ সুখং সুখকরম্, পুমাংশ্চাসৌ কোকিলশ্চেতি তস্য সমো ধ্বনির্যত্র তম্ ॥৩৬॥

রূপমিতি। ত্রিদশেষু দেবেষ্বপি দুর্লভম্, অতএব অপ্রতিমং নিরুপমম্ ॥৩৭॥

অভীতি। পিতৃণামিতি গুরুজনমাত্রপরম্। বচনে আদেশপালনে ॥৩৮॥

করিয়াছিলেন, যে—যুদ্ধে আমা অপেক্ষা অর্দ্ধগুণ অধিক ছিল এবং প্রত্যুম্ন, কৃষ্ণ ও আমার প্রিয়শিষ্য ছিল, সেই তরুণ ও বাহুশালী পুত্রকে যদি দেখিতে না পাই, তবে আমি তাহার শোকে যমভবনে গমন করিব ॥৩৩—৩৪॥

সুন্দর নাসিকা, সুন্দর ললাট, সুন্দর নয়ন, সুন্দর ভ্রূ ও সুন্দর ওষ্ঠযুক্ত অভিমন্যুর মুখখানি না দেখিতে পাইলে, আমার মনের কি শান্তি হইবে ॥৩৫॥

তন্ত্রীর শব্দের ন্যায় সুখজনক এবং পুরুষজাতীয় কোকিলের স্বরের ন্যায় মনোহর অভিমন্যুর কণ্ঠস্বর শুনিতে না পাইলে, আমার মনের কি শান্তি হইবে ॥৩৬॥

দেবগণের মধ্যেও দুর্লভ সেই বীরের অতুলনীয় রূপ দেখিতে না পাইলে, এখন আমার মনের কি শান্তি হইবে ॥৩৭॥

গুরুজনকে নমস্কার করিতে নিপুণ এবং তাঁহাদের আদেশপালনে নিরত সেই অভিমন্যুকে আজ আমি যদি দেখিতে না পাই, তবে আমার মনের কি শান্তি হইবে ॥৩৮॥

---

(৩৬)…অশৃণ্বতঃ স্বনং তস্য…বা নি। (৩৭)…ত্রিদশৈশ্চাপি দুর্লভম্…বা নি।

শয়ানং সমুপাসন্তি যং পুরা পরমস্ত্রিয়ঃ।
তমদ্য বিপ্রবিদ্ধাঙ্গমুপাসন্ত্যশিবাঃ শিবাঃ ॥৪০॥
যঃ পুরা বোধ্যতে সুপ্তঃ সূতমাগধবন্দিভিঃ।
বোধয়ন্ত্যদ্য তং নূনং শ্বাপদা বিকৃতৈঃ স্বরৈঃ ॥৪১॥
ছত্রচ্ছায়াসমুচিতং তস্য তদ্বদনং শুভম্।
নূনমদ্য রজোধ্বস্তং রণরেণুঃ করিষ্যতি ॥৪২॥
হা পুত্রকাবিতৃপ্তস্য সততং পুত্রদর্শনে।
ভাগ্যহীনস্য কালেন যথা ত্বং নীয়সে বলাৎ ॥৪৩॥
সাদ্য সংযমনী নূনং সদা সুকৃতিনাং গতিঃ।
স্বভাভির্ভাসিতা রম্যা ত্বয়াত্যর্থং বিরাজতে ॥৪৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সুকুমার ইতি। মহার্হশয়নোচিতঃ মহামূল্যশয্যায়াং শয়নযোগ্যঃ। নাথঃ সহায়ঃ ॥৩৯॥

শয়ানমিতি। সমুপাসন্তি সমুপাসতে। বিপ্রবিদ্ধাঙ্গং শরস্যূতগাত্রম্, অশিবা অমঙ্গল-সূচিকাঃ, শিবাঃ শৃগালাঃ, উপাসন্তি মাংসভোজনায় সেবন্তে ॥৪০॥

য ইতি। বোধ্যতে জাগর্য্যতে। বোধয়ন্তীব মৃতত্বাৎ। শ্বাপদা হিংস্রজন্তবঃ ॥৪১॥

ছত্রেতি। রজসা পরাগেণেব ধ্বস্তং নষ্টকান্তি, রণরেণুঃ সমরভূমিধূলিঃ ॥৪২॥

হেতি। কালেন যমেন, যথা যেন হেতুনা। যথেত্যুক্তত্বাৎ তথেতি পূরণীয়ম্। তথা তেন হেতুনা, সা প্রসিদ্ধা, সংযমনী নাম যমপুরী। গম্যত ইতি গতিঃ। স্বভাভির্নিজ-দ্যুতিভিঃ ॥৪৩—৪৪॥

হায়! সুকুমারদেহ অথ চ মহাবীর, মহামূল্যশয্যায় শয়ন করিবার যোগ্য এবং সহায়শালী লোকদিগের মধ্যে প্রধান অভিমন্যু আজ নিঃসহায়ের ন্যায় ভূমিতে শয়ন করিয়া রহিয়াছে ॥৩৯॥

পূর্ব্বে শয়িত অবস্থায় উত্তম রমণীরা যাইয়া যাহার সেবা করিত, আজ সে শরবিদ্ধ দেহে শয়ন করিয়া রহিয়াছে এবং অমাঙ্গলিক শৃগালেরা তাহার সেবা করিতেছে ॥৪০॥

পূর্বে নিদ্রিত হইলে, সূত, মাগধ ও বন্দীরা যাহাকে জাগাইত, আজ নিশ্চয়ই হিংস্র জন্তুরা বিকট শব্দে তাহাকে যেন জাগাইতেছে ॥৪১॥

ছত্রদ্বারা ছায়া করিবার যোগ্য অভিমন্যুর সুন্দর মুখখানিকে আজ নিশ্চয়ই সমরাঙ্গনের ধূলিজাল আবৃত করিবে ॥৪২॥

হা পুত্র! আমি ভাগ্যহীন, তাই সর্ব্বদা তোমাকে দেখিয়াও তৃপ্তিলাভ করিতে পারি নাই। এই অবস্থায় আমার নিকট হইতে যম যখন বলপূর্ব্বক

নূনং বৈবস্বতশ্চ ত্বাং বরুণশ্চ প্রিয়াতিথিম্।
শতক্রতুর্ধনেশশ্চ প্রাপ্তমর্চ্চন্ত্যভীরুকম্ ॥৪৫॥
এবং বিলপ্য বহুধা ভিন্নপোতো বণিগ্‌যথা।
দুঃখেন মহতাবিষ্টো যুধিষ্ঠিরমপৃচ্ছত ॥৪৬॥
কচ্চিৎ স কদনং কৃত্বা পরেষাং কুরুনন্দন!।
স্বর্গতোঽভিমুখঃ সংখ্যে যুধ্যমানো নরর্ষভৈঃ ॥৪৭॥
স নূনং বহুভির্যত্তৈর্যুধ্যমানো নরর্ষভঃ।
অসহায়ঃ সহায়ার্থী মামনুধ্যাতবান্ ধ্রুবম্ ॥৪৮॥
পীড্যমানঃ শরৈস্তীক্ষ্ণৈঃ কর্ণদ্রোণকৃপাদিভিঃ।
নানালিঙ্গৈঃ সুধৌতাগ্রৈর্মম পুত্ত্রোঽল্পচেতনঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

নূনমিতি। বৈবস্বতো যমঃ। শতক্রতুরিন্দ্রঃ, ধনেশঃ কুবেরঃ, প্রাপ্তমাগতম্ ॥৪৫॥
এবমিতি। ভিন্নঃ পাষাণাদিনা বিদীর্ণঃ পোতো জলযানং যস্য সঃ ॥৪৬॥
কচ্চিদিতি। কদনং নিপীড়নম্। সংখ্যে যুদ্ধে ॥৪৭॥
স ইতি। যত্তৈর্জয়ায় যত্নবদ্ভিঃ। অনুধ্যাতবান্ স্মৃতবান্ ॥৪৮॥

তোমাকে নিয়াছেন, তখন নিশ্চয়ই পুণ্যবান্‌দিগের গম্যস্থান, আপন কান্তিদ্বারা উদ্ভাসিত ও মনোহর সেই সংযমনীপুরী (যমের পুরী) আজ তোমাদ্বারা অত্যন্ত শোভা পাইতেছে ॥৪৩—৪৪॥

বৎস! তুমি নির্ভয়চিত্তে যাইয়া উপস্থিত হইয়াছ; অমনি যম, বরুণ, ইন্দ্র ও কুবের তোমাকে প্রিয় অতিথিরূপে পাইয়া তোমার বিশেষ আদর করিতেছেন' ॥৪৫॥

পোত (বৃহৎ জলযান) বিদীর্ণ হইয়া গেলে বণিকের ন্যায় মহাদুঃখিত অর্জ্জুন এইরূপ বহুপ্রকারে বিলাপ করিয়া যুধিষ্ঠিরের নিকট জিজ্ঞাসা করিলেন—॥৪৬॥

'কুরুনন্দন! অভিমন্যু বিপক্ষদিগকে গুরুতর নিপীড়িত করিয়া সমরাঙ্গনে নরশ্রেষ্ঠগণের সহিত যুদ্ধ করিতে থাকিয়া অভিমুখ অবস্থায় স্বর্গে গমন করিয়াছে ত? ॥৪৭॥

হায়! নিশ্চয়ই সেই নরশ্রেষ্ঠ (অভিমন্যু) নিঃসহায় অবস্থায় যত্নবান্ বহু যোদ্ধার সহিত যুদ্ধ করিতে থাকিয়া সহায়ার্থী হইয়া নিশ্চয়ই আমাকে স্মরণ করিয়াছিল ॥৪৮॥

(৪৫)···প্রাপ্তমর্চ্চন্ত্যভীতকম্···বর্দ্ধ। ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি। (৪৮)···যুধ্যমানো নরর্ষভৈঃ···বা নি।

ইহ মে স্যাৎ পরিত্রাণং পিতেতি স পুনঃ পুনঃ।
ইতি বিপ্রলপন্ মন্যে নৃশংসৈর্ভুবি পাতিতঃ ॥৫০॥ (যুগ্মকম্)
অথবা মৎপ্রসূতঃ স স্বস্রীয়ো মাধবস্য চ।
সুভদ্রায়াঞ্চ সম্ভূতো নৈবং বক্তুমিহার্হতি ॥৫১॥
বজ্রসারময়ং নূনং হৃদয়ং সুদৃঢ়ং মম।
অপশ্যতো দীর্ঘবাহুং রক্তাক্ষং যন্ন দীর্য্যতে ॥৫২॥
কথং বালে মহেষ্বাসা নৃশংসা মর্ম্মভেদিনঃ।
স্বস্রীয়ে বাসুদেবস্য মম পুত্রেঽক্ষিপন্ শরান্ ॥৫৩॥
যো মাং নিত্যমদীনাত্মা প্রত্যুদ্‌গম্যাভিনন্দতি।
উপায়ান্তং রিপূন্ হত্বা সোঽদ্য মাং কিং ন পশ্যতি ॥৫৪॥

ভারতকৌমুদী

পীড্যেতি। নানা বহুবিধানি লিঙ্গানি চিহ্নানি যেষু তৈঃ, সুধৌতাগ্রৈঃ শিলাঘর্ষণেন পরিষ্কৃতাগ্রভাগৈঃ। অল্পা প্রহারাতিরেকেণ অল্পাবশিষ্টা চেতনা যস্য সঃ। পরিত্রাণং পরিত্রাণকর্ত্তা ॥৪৯—৫০॥

অথবেতি। ময়া প্রসূতো জনিতঃ, স্বস্রীয়ো ভাগিনেয়ঃ। ন বক্তুমর্হতি কাতর্য্যাসম্ভবাৎ ॥৫১॥

বজ্রেতি। বজ্রসারময়ং কুলিশস্যাপি কঠিনাংশঘটিতম্। দীর্ঘবাহুমভিমন্যুম্ ॥৫২॥

কথমিতি। তেষাং নির্দ্দয়ত্বং সাহসঞ্চানির্বচনীয়মেবেতি ভাবঃ ॥৫৩॥

আমি মনে করি—কর্ণ, দ্রোণ ও কৃপপ্রভৃতি যোদ্ধারা নানাবিধচিহ্নযুক্ত, পরিষ্কৃতমুখ ও তীক্ষ্ণ বাণসমূহদ্বারা পীড়ন করিতে থাকিলে আমার পুত্রের চৈতন্য অল্পমাত্রই অবশিষ্ট ছিল এবং সেই অবস্থায় সে 'এখন আমার পিতা আসিয়া আমাকে যদি রক্ষা করিতেন' এইভাবে বার বার বিলাপ করিতেছিল; সেই সময়ে নৃশংসেরা তাহাকে নিপাতিত করিয়াছে ॥৪৯—৫০॥

অথবা আমার পুত্র, কৃষ্ণের ভাগিনেয় এবং সুভদ্রার গর্ভজাত অভিমন্যু এরূপ বিলাপ করিতে পারে না ॥৫১॥

হায়! আমার হৃদয় নিশ্চয়ই বজ্রসারঘটিত বলিয়া অত্যন্তদৃঢ়। যে হেতু দীর্ঘবাহু ও রক্তনয়ন অভিমন্যুকে না দেখা অবস্থাতেও বিদীর্ণ হইতেছে না ॥৫২॥

উঃ! একে বালক, তাহাতে আবার কৃষ্ণের ভাগিনেয় এবং আমার পুত্র; এহেন অভিমন্যুর উপরে কি করিয়া মহাধনুর্দ্ধর নৃশংসেরা মর্ম্মভেদী বাণ সকল নিক্ষেপ করিল! ॥৫৩॥

(৫৪) যো মাং নিত্যমনিন্দ্যাত্মা···পি।

নূনং স পতিতঃ শেতে ধরণ্যাং রুধিরোক্ষিতঃ।
শোভয়ন্ মেদিনীং গাত্রৈরাদিত্য ইব পাতিতঃ ॥৫৫॥
সুভদ্রামনুশোচামি যা পুত্রমপলায়িনম্।
রণে বিনিহতং শ্রুত্বা শোকার্ত্তা বৈ বিনঙ্ক্ষ্যতি ॥৫৬॥
সুভদ্রা বক্ষ্যতে কিং মামভিমন্যুমপশ্যতী।
দ্রৌপদী চৈব দুঃখার্ত্তে তে চ বক্ষ্যামি কিং ন্বহম্ ॥৫৭॥
বজ্রসারময়ং নূনং হৃদয়ং যন্ন যাস্যতি।
সহস্রধা বধূং দৃষ্ট্বা রুদতীং শোককর্ষিতাম্ ॥৫৮॥
দৃপ্তানাং ধার্ত্তরাষ্ট্রাণাং সিংহনাদো ময়া শ্রুতঃ।
যুযুৎসুশ্চাপি কৃষ্ণেন শ্রুতো বীরানুপালভন্ ॥৫৯॥

ভারতকৌমুদী

য ইতি। অদীনাত্মা অকাতরচিত্তঃ। কিং ন পশ্যতি, যেন নাগচ্ছতীত্যাশয়ঃ ॥৫৪॥
নূনমিতি। রুধিরেণ উক্ষিতঃ সিক্তদেহঃ ॥৫৫॥
সুভদ্রামিতি। বিনঙ্ক্ষ্যতি মরণেনৈবাদর্শনং গমিষ্যতি ॥৫৬॥
সুভদ্রেতি। অপশ্যতী অপশ্যন্তী। দ্রৌপদী চৈব বক্ষ্যত ইতি সম্বন্ধঃ ॥৫৭॥
বজ্রেতি। সহস্রধা বিদীর্ণং সদিতি শেষঃ, বধূং স্নুষামুত্তরাম্ ॥৫৮॥
দৃপ্তানামিতি। যুযুৎসুর্ধার্ত্তরাষ্ট্রো বৈশ্যাপুত্রঃ, শ্রুতঃ সর্ব্বজ্ঞতয়া জ্ঞাতঃ, বীরান্ অভিমন্যু-

হায়! যে—আনন্দিত চিত্তে প্রত্যহ প্রত্যুদ্গমন করিয়া আমাকে অভিনন্দিত করিত, আজ কি সে—শত্রুসংহারের পরে সমাগত আমাকে দেখিতেছে না ॥৫৪॥

ও! নিশ্চয়ই আজ সে—নিপাতিত সূর্য্যের ন্যায় অঙ্গ সকল দ্বারা ভূমির শোভা জন্মাইতে থাকিয়া রক্তসিক্ত অবস্থায় ভূতলে পতিত হইয়া শয়ন করিয়া রহিয়াছে ॥৫৫॥

যিনি, অপলায়ী পুত্রকে যুদ্ধে নিহত শুনিয়া শোকার্ত্ত হইয়া বিনষ্ট হইবেন, আমি সেই সুভদ্রার বিষয়েই শোক করিতেছি ॥৫৬॥

সুভদ্রা ও দ্রৌপদী অভিমন্যুকে না দেখিয়া আমাকে কি বলিবেন, আমিই বা দুঃখার্ত্তা সুভদ্রা ও দ্রৌপদীকে কি বলিব ॥৫৭॥

আমার হৃদয় নিশ্চয়ই বজ্রসারঘটিত। যে হেতু শোকার্ত্তা ও রোদনপরায়ণা বধূ উত্তরাকে দেখিয়াও সহস্রধা বিদীর্ণ হইয়া যাইবে না ॥৫৮॥

---

(৫৭)···দ্রৌপদ্যুম্বে চ দুঃখার্ত্তে·· পি,···দ্রৌপদীঞ্চৈব দুঃখার্ত্তাং কিংবা বক্ষ্যামি তামহম্—নি।

অশক্নুবন্তো বীভৎসুং বালং হত্বা মহারথাঃ ! ।
কিং নদধ্বমধর্ম্মজ্ঞাঃ ! পাণ্ডবং দৃশ্যতাং বলম্ ॥৬০॥
কিং তয়োর্বিপ্রিয়ং কৃত্বা কেশবার্জ্জুনয়োর্ম্মৃধে ।
সিংহবন্নদথ প্রীতাঃ শোককাল উপস্থিতে ॥৬১॥
আগমিষ্যতি বঃ ক্ষিপ্রং ফলং পাপস্য কর্ম্মণঃ ।
অধর্ম্মো হি কৃতস্তীব্রঃ কথং স্যাদফলশ্চিরম্ ॥৬২॥
ইতি তান্ প্রতি ভাষন্ বৈ বৈশ্যাপুত্রো মহামতিঃ ।
অপায়াচ্ছস্ত্রমুৎসৃজ্য রোষদুঃখসমন্বিতঃ ॥৬৩॥
কিমর্থং নৈবমাখ্যাতং ত্বয়া কৃষ্ণ ! রণে মম ।
অধক্ষ্যং তানহং সর্বাংস্তদা ক্রূরান্ মহারথান্ ॥৬৪॥

ভারতকৌমুদী

হস্ত্বন্ দ্রোণাদীন্, উপালভন্ নিন্দন্। এতত্তু যুদ্ধাদাগত্য কৃষ্ণেনার্জ্জুনায়োক্তমিতি বোধ্যম্। বক্ষ্যতি চ তৎ ॥৫৯॥

যুযুৎসুকৃতমুপালম্ভমনুবদতি অশক্নুবন্ত ইতি। বীভৎসুং জেতুমিতি শেষঃ, বালমভিমন্যুম্ ॥৬০॥

কিমিতি। শোককালে উপস্থিতে, অর্জ্জুনেন যুষ্মাকং সর্ব্বেষামেব সংহারসম্ভবাৎ ॥৬১॥

আগমিষ্যতীতি। হি যস্মাৎ, কৃতো যুষ্মাভিঃ। অফলঃ ফলস্যাজনকঃ ॥৬২॥

ইতীতি। তান্ কৌরবান্ প্রতি, ভাষন্ ভাষমাণঃ। অপায়াৎ সমরস্থলাদাগচ্ছৎ ॥৬৩॥

যুদ্ধাদাগত্য কৃষ্ণেন যদুক্তং তজ্জ্ঞাপয়তি কিমিতি। অধক্ষ্যং দগ্ধানকরিষ্যম্ ॥৬৪॥

আমি দর্পান্বিত ধার্ত্তরাষ্ট্রগণের সিংহনাদ শুনিয়াছিলাম এবং যুযুৎসু যে কৌরববীরগণকে নিন্দা করিতেছিলেন, তাহা কৃষ্ণ শুনিয়াছিলেন ॥৫৯॥

(অভিমন্যুকে বধ করার পরে যুযুৎসু কর্ণপ্রভৃতিকে বলিতেছিলেন—) 'হে অধর্ম্মজ্ঞ মহারথগণ! আপনারা অর্জ্জুনকে জয় করিতে না পারিয়া একটী বালককে বধ করিয়া কেন এত সিংহনাদ করিতেছেন, পাণ্ডবদের শক্তি দেখুন ॥৬০॥

আপনারা যুদ্ধে সেই কৃষ্ণ ও অর্জ্জুনের অপ্রিয় কার্য্য করিয়া শোকের সময়ে আনন্দিত হইয়া কেন এত সিংহনাদ করিতেছেন? ॥৬১॥

সত্বরই আপনাদের পাপকর্ম্মের ফল আসিবে। কারণ, আপনারা গুরুতর অধর্ম্ম করিয়াছেন; তাহা চিরকাল নিষ্ফল থাকিবে কেন' ॥৬২॥

মহামতি যুযুৎসু ক্রুদ্ধ ও দুঃখিত হইয়া অস্ত্র পরিত্যাগ করিয়া কর্ণপ্রভৃতির প্রতি এইরূপ বলিতে বলিতে চলিয়া আসিয়াছেন ॥৬৩॥

সঞ্জয় উবাচ।

পুত্রশোকার্দ্দিতং পার্থং ধ্যায়ন্তং সাশ্রুলোচনম্।
নিগৃহ্য বাসুদেবস্তং পুত্রাধিভিরভিপ্লুতম্।
মৈবমিত্যব্রবীৎ কৃষ্ণস্তীব্রশোকসমন্বিতম্ ॥৬৫॥
সর্ব্বেষামেষ বৈ পন্থাঃ শূরাণামনিবর্ত্তিনাম্।
ক্ষত্রিয়াণাং বিশেষেণ যেষাং যুদ্ধেন জীবিকা ॥৬৬॥
এষা বৈ যুধ্যমানানাং শূরাণামনিবর্ত্তিনাম্।
বিহিতা ধর্ম্মশাস্ত্রজ্ঞৈর্গতির্গতিমতাং বর। ॥৬৭॥
ধ্রুবং হি যুদ্ধে মরণং শূরাণাং কুরুনন্দন!।
গতঃ পুণ্যকৃতাল্লোঁকানভিমন্যুর্ন সংশয়ঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

পুত্রেতি। নিগৃহ্য ধৃত্বা। পুত্রাধিভিঃ পুত্রসম্বন্ধিনীভির্মনোব্যথাভিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৫॥

সর্ব্বেষামিতি। অনিবর্ত্তিনাং যুদ্ধাদপলায়িনাম্ ॥৬৬॥

এষেতি। গম্যত ইতি গতিরবস্থা ॥৬৭॥

ধ্রুবমিতি। সম্মুখযুদ্ধমৃত্যুনা যৎ পুণ্যং তেন কৃতান্, লোকান্ স্বর্গান্ ॥৬৮॥

কৃষ্ণ! তুমি যুদ্ধস্থলে একথা আমার নিকট বল নাই কেন? তাহা হইলে আমি তখনই সেই নৃশংস সমস্ত মহারথকে দগ্ধ করিয়া ফেলিতাম' ॥৬৪॥

সঞ্জয় বলিলেন—'অর্জ্জুন পুত্রশোকে পীড়িত হইয়া সাশ্রুনয়নে চিন্তা করিতেছিলেন, পুত্রের বিষয়ে মনের পীড়ায় আক্রান্ত হইয়াছিলেন এবং তীব্র-শোক অনুভব করিতেছিলেন; তখন কৃষ্ণ তাঁহাকে ধরিয়া বলিলেন—'অর্জ্জুন! এরূপ করিও না ॥৬৫॥

যুদ্ধ হইতে অনিবর্ত্তী সমস্ত বীরেরই এই পথ; বিশেষতঃ ক্ষত্রিয়গণের, যাঁহাদের যুদ্ধদ্বারাই জীবিকানির্ব্বাহ হইয়া থাকে ॥৬৬॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ! ধর্ম্মশাস্ত্রজ্ঞেরা যুদ্ধোপজীবী অথ চ অপলায়ী বীরগণের এই গতিই বিধান করিয়াছেন ॥৬৭॥

কুরুনন্দন! বীরগণের যুদ্ধে মরণই নিশ্চিত। সুতরাং অভিমন্যু আপন পুণ্যসম্পাদিত লোকে গমন করিয়াছে, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৬৮॥

(৬৮)...শূরাণামনিবর্ত্তিনাম্...পি বা বঙ্গ বর্দ্ধ নি।

এতচ্চ সর্ববীরাণাং কাঙ্ক্ষিতং ভরতর্ষভ ! ।
সংগ্রামেঽভিমুখো মৃত্যুং প্রাপ্নুয়ামিতি মানদ ! ॥৬৯॥
স চ বীরান্ রণে হত্বা রাজপুত্রান্ মহাবলান্ ।
বীরৈরাকাঙ্ক্ষিতং মৃত্যুং সংপ্রাপ্তোঽভিমুখো রণে ॥৭০॥
মা শুচঃ পুরুষব্যাঘ্র ! পূর্বৈরেষ সনাতনঃ ।
ধর্ম্মকৃদ্ভিঃ কৃতো ধর্ম্মঃ ক্ষত্রিয়াণাং রণে ক্ষয়ঃ ॥৭১॥
ইমে তে ভ্রাতরঃ সর্বে দীনা ভরতসত্তম ! ।
ত্বয়ি শোকসমাবিষ্টে নৃপাশ্চ সুহৃদস্তব ॥৭২॥
এতাংস্ত্বং বচসা সাম্না সমাশ্বাসয় মানদ ! ।
বিদিতং বেদিতব্যং তে ন শোকং কর্ত্তুমর্হসি ॥৭৩॥
এবমাশ্বাসিতঃ পার্থঃ কৃষ্ণেনাদ্ভুতকর্ম্মণা ।
ততোঽব্রবীত্তদা ভ্রাতৄন্ সর্ব্বান্ পার্থঃ সগদ্গদম্ ॥৭৪॥

ভারতকৌমুদী

এতদিতি। মানং মাননীয়ানাং গৌরবং দদাতীতি সঃ, তৎসম্বোধনম্ ॥৬৯॥
সম্ভাব্যমানমাহ স ইতি। সঃ অভিমন্যুঃ ॥৭০॥
মেতি। মা শুচঃ শোকং মা কার্ষীঃ। ধর্ম্মকৃদ্ভির্মন্বাদিভিঃ ॥৭১॥
ইম ইতি। দীনাঃ শোকেন কাতরাঃ সঞ্জাতা ইতি শেষঃ ॥৭২॥
এতানিতি। সাম্না সান্ত্বনাজনকেন। বেদিতব্যং শোকস্য নিষ্ফলত্বাদিকম্ ॥৭৩॥

মাননীয়গণের সম্মানকারী ভরতশ্রেষ্ঠ! সকল বীরেরই এইরূপ আকাঙ্ক্ষা থাকে যে, 'আমি যেন সম্মুখযুদ্ধে মৃত্যু লাভ করি' ॥৬৯॥

অতএব অভিমন্যু যুদ্ধে বীর ও মহাবল রাজপুত্রগণকে বধ করিয়া বীরগণের আকাঙ্ক্ষিত সম্মুখযুদ্ধে মৃত্যু লাভ করিয়াছে ॥৭০॥

সুতরাং পুরুষশ্রেষ্ঠ! তুমি শোক করিও না। প্রাচীন ধর্ম্মশাস্ত্রকারেরা এই ক্ষত্রিয়গণের যুদ্ধে মৃত্যুরূপ সনাতন ধর্ম্ম নির্দ্দিষ্ট করিয়া গিয়াছেন ॥৭১॥

ভরতশ্রেষ্ঠ! তুমি শোকে কাতর হইয়াছ বলিয়া তোমার এই ভ্রাতারা, রাজারা এবং তোমার বন্ধুরাও কাতর হইয়াছেন ॥৭২॥

অতএব মাননীয়গণের সম্মানকারী অর্জ্জুন! তুমি সান্ত্বনাজনক বাক্যদ্বারা ইঁহাদিগকে আশ্বস্ত কর। সমস্ত জ্ঞাতব্য বিষয়ই তোমার জানা আছে; অতএব তুমি শোক করিতে পার না' ॥৭৩॥

(৭২)···নৃপাশ্চ সুহৃদশ্চ হ—বঙ্গ বর্দ্ধ।

স দীর্ঘবাহুঃ পৃথ্বংসো দীর্ঘরাজীবলোচনঃ।
অভিমন্যুর্যথা বৃত্তঃ শ্রোতুমিচ্ছাম্যহং তথা ॥৭৫॥
সনাগস্যন্দনহয়ান্ দ্রক্ষ্যধ্বং নিহতান্ ময়া।
সংগ্রামে সানুবন্ধাংস্তান্ মম পুত্রস্য বৈরিণঃ ॥৭৬॥
কথঞ্চ বঃ কৃতাস্ত্রাণাং সর্ব্বেষাং শস্ত্রপাণিনাম্।
সৌভদ্রো নিধনং গচ্ছেদ্বজ্রিণাপি সমাগতঃ ॥৭৭॥
যদ্যেবমহমজ্ঞাস্যমশক্তান্ রক্ষণে মম।
পুত্রস্য পাণ্ডুপাঞ্চালান্ ময়া গুপ্তো ভবেত্ততঃ ॥৭৮॥
কথঞ্চৈব রথস্থানাং শরবর্ষাণি মুঞ্চতাম্।
নীতোঽভিমন্যুর্নিধনং কদর্থীকৃত্য বঃ পরৈঃ ॥৭৯॥

ভারতকৌমুদী

এবমিতি। অদ্ভুতকর্ম্মত্বাদেবাল্পায়াসেনৈবাশ্বাসয়িতুং সমর্থ আসীদিত্যাশয়ঃ ॥৭৪॥
স ইতি। পৃথ্বংসঃ পীবরস্কন্ধঃ। বৃত্তো মৃতঃ, "বৃত্তং বৃত্তৌ দৃঢ়ে মৃতে" ইতি বিশ্বঃ ॥৭৫॥
সেতি। নাগৈর্গজৈঃ স্যন্দনৈ রথৈঃ হয়ৈরশ্বৈশ্চ সহেতি তান্। সানুবন্ধান্ সানুচরান্ ॥৭৬॥
কথমিতি। শস্ত্রাণি পণন্তে ব্যবহরন্তীতি শস্ত্রপাণিনস্তেষাম্। পণধাতোর্ণিনি রূপম্ ॥৭৭॥
যদীতি। গুপ্তো রক্ষিতঃ, ততস্তদা ॥৭৮॥

অদ্ভুতকর্ম্মা কৃষ্ণ এইভাবে অর্জ্জুনকে আশ্বস্ত করিলেন। তাহার পর অর্জ্জুন তখন গদ্গদস্বরে সমস্ত ভ্রাতাকে বলিলেন—॥৭৪॥

'দীর্ঘবাহু, স্থূলস্কন্ধ এবং পদ্মতুল্য-সুন্দর-দীর্ঘনয়ন অভিমন্যু যেভাবে মৃত্যুমুখে পতিত হইল, তাহা আমি শুনিতে ইচ্ছা করি ॥৭৫॥

হস্তী, অশ্ব, রথ ও অনুচরবর্গের সহিত আমার পুত্রের সেই শত্রুগণকে আমি যুদ্ধে নিহত করিব আপনারা দেখিবেন ॥৭৬॥

সমস্ত অস্ত্রে সুশিক্ষিত এবং চিরকাল অস্ত্রব্যবহারী আপনাদের সকলের সমক্ষে অভিমন্যু ইন্দ্রের সহিত যুদ্ধে সম্মিলিত হইয়াও কি প্রকারে মৃত্যুমুখে পতিত হইতে পারে? ॥৭৭॥

আমি যদি পূর্ব্বে এরূপ জানিতে পারিতাম যে, পাণ্ডব ও পাঞ্চালেরা আমার পুত্রকে রক্ষা করিতে অসমর্থ হইবেন, তবে আমি তাহাকে রক্ষা করিতাম ॥৭৮॥

(৭৬)···প্রেক্ষধ্বং নিহতান্ ময়া···পি, · সংগ্রামে নিহতান্ ময়া। ক্ষিপ্রং দ্রক্ষ্যন্তি তে নূনং মম পুত্রং নিহত্য বৈ—নি। (৭৯) কথঞ্চ বঃ কৃতাস্ত্রাণাম্···বা, কথঞ্চ বৈ···বঙ্গ বর্দ্ধ, কথঞ্চ বো রথস্থানাম্···নি।

অহো বঃ পৌরুষং নাস্তি ন চ বোঽস্তি পরাক্রমঃ।
যত্রাভিমন্যুঃ সমরে পশ্যতাং বো নিপাতিতঃ ॥৮০॥
আত্মানমেব গর্হেয়ং যদহং বৈ সুদুর্ব্বলান্।
যুষ্মানাজ্ঞায় নির্যাতো ভীরূনকৃতনিশ্চয়ান্ ॥৮১॥
আহোস্বিদ্ভূষণার্থানি বর্ম্মশস্ত্রায়ুধানি বঃ।
বাচশ্চ বক্তুং সংসৎসু মম পুত্রমরক্ষতাম্ ॥৮২॥
এবমুক্ত্বা ততো বাক্যং তিষ্ঠংশ্চাপবরাসিমান্।
ন স্মাশক্যত বীভৎসুঃ কেনচিৎ প্রসমীক্ষিতুম্ ॥৮৩॥
তমন্তকমিব ক্রুদ্ধং নিশ্বসন্তং মুহুর্মুহুঃ।
পুত্রশোকাভিসন্তপ্তমশ্রুপূর্ণমুখং তথা ॥৮৪॥

ভারতকৌমুদী

কথমিতি। কদর্থীকৃত্য বহুভিরেকেন সহ যুদ্ধকরণাদ্যুদ্ধনীতিমবজ্ঞায়, বো যুষ্মাকম্ ॥৭৯॥
অহো ইতি। পৌরুষং পররক্ষণাত্মকঃ পুরুষকারঃ। যত্র যেন হেতুনেত্যর্থঃ ॥৮০॥
আত্মানমিতি। আজ্ঞায় যুধিষ্ঠিররক্ষণায়াদিশ্য। অকৃতনিশ্চয়ান্ অকৃতরক্ষ্যরক্ষান্ ॥৮১॥
আহোস্বিদিতি। সন্নিধৌ হিংসাসাধনং শস্ত্রং কৃপাণাদি, দূরে হিংসাসাধনমায়ুধং বাণাদীতি ভেদঃ। বাচশ্চ কেবলং ভূষণার্থা ইতি সম্বন্ধঃ ॥৮২॥
এবমিতি। চাপবরং গাণ্ডীবম্ অসিশ্চাস্যাস্তীতি সঃ। বীভৎসুরর্জ্জুনঃ ॥৮৩॥

আপনারা রথে আরোহণ করিয়া বাণ বর্ষণ করিতেছিলেন, সেই অবস্থায় আপনাদের সমক্ষে কি প্রকারে শত্রুরা যুদ্ধনীতি লঙ্ঘন করিয়া অভিমন্যুকে নিহত করিল? ॥৭৯॥

কি আশ্চর্য্য! আপনাদের পুরুষকারও নাই, পরাক্রমও নাই। যে হেতু আপনাদের সমক্ষেই শত্রুরা যুদ্ধে অভিমন্যুকে নিপাতিত করিয়াছে ॥৮০॥

আমি নিজেকেই নিন্দা করি, যে হেতু অতিদুর্ব্বল, ভীরু এবং অকৃতনিশ্চয় আপনাদিগকে যুধিষ্ঠিররক্ষার জন্য আদেশ করিয়া নির্গত হইয়াছিলাম ॥৮১॥

অথবা আপনারা আমার পুত্রকে রক্ষা করিতে না পারায় আপনাদের বর্ম্ম, অস্ত্র ও শস্ত্র কেবল ভূষণের জন্য এবং সভাতে বীরের বাক্য বলাও কেবল মুখে বীরত্বপ্রকাশের নিমিত্ত' ॥৮২॥

অর্জ্জুন এইরূপ বাক্য বলিয়া তৎপরে উত্তম ধনু ও তরবারি ধারণ করিয়া দাঁড়াইলে, অপর কোন ব্যক্তিই তাঁহার প্রতি দৃষ্টিপাত করিতে পারিল না ॥৮৩॥

(৮২) আহোস্বিদ্ভূষণার্থায়···বা বঙ্গ বৰ্দ্ধ নি।

ন ভাষিতুং শক্নুবন্তি প্রষ্টুং বা সুহৃদোঽর্জ্জুনম্।
অন্যত্র বাসুদেবাদ্বা জ্যেষ্ঠাদ্বা পাণ্ডুনন্দনাৎ ॥৮৫॥ (যুগ্মকম্)
সর্ব্বাস্ববস্থাসু হি তাবর্জ্জুনস্য মনোঽনুগৌ।
বহুমানাৎ প্রিয়ত্বাচ্চ তাবেনং বক্তুমর্হতঃ ॥৮৬॥
ততস্তং পুত্রশোকেন ভৃশং পীড়িতমানসম্।
রাজীবলোচনং ক্রুদ্ধং রাজা বচনমব্রবীৎ ॥৮৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়ামর্জ্জুনবিলাপে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——***——

ভারতকৌমুদী

তমিতি। অন্তকং যমম্। অন্যত্র অন্যঃ, জ্যেষ্ঠাৎ পাণ্ডুনন্দনাদ্যুধিষ্ঠিরাৎ ॥৮৪—৮৫॥

সর্ব্বাস্বিতি। তৌ কৃষ্ণযুধিষ্ঠিরৌ। বহুমানাৎ অর্জ্জুনেন তয়োরতিসম্মানকরণাৎ ॥৮৬॥

তত ইতি। রাজীবলোচনং ক্রোধেনারক্তলোচনত্বাৎ, রাজা যুধিষ্ঠিরঃ ॥৮৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

তখন অর্জ্জুন পুত্রশোকে অত্যন্ত সন্তপ্ত, অশ্রুপূর্ণবদন ও যমের ন্যায় ক্রুদ্ধ হইয়া মুহুর্মুহু নিশ্বাস ত্যাগ করিতে লাগিলে, কৃষ্ণ বা যুধিষ্ঠির ব্যতীত অন্য বন্ধুবর্গ তাঁহাকে কোন কথা বলিতে বা জিজ্ঞাসা করিতে পারিলেন না ॥৮৪—৮৫॥

কারণ, কৃষ্ণ ও যুধিষ্ঠির সমস্ত অবস্থাতেই অর্জ্জুনের মনের অনুকূল রহিয়াছেন; বিশেষতঃ অর্জ্জুন তাঁহাদের অত্যন্ত সম্মান করেন এবং তাঁহারাও অর্জ্জুনের সাতিশয় প্রিয়ভাবে চলেন। সুতরাং তাঁহারা অর্জ্জুনকে বলিতে পারেন ॥৮৬॥

তাহার পর পুত্রশোকে অত্যন্ত পীড়িতচিত্ত, ক্রুদ্ধ এবং পদ্মের ন্যায় আরক্ত-নয়ন অর্জ্জুনকে যুধিষ্ঠির এই কথাগুলি বলিলেন' ॥৮৭॥

———:০:———

(৮৫)···দ্রষ্টুং বা··· শ্রেষ্ঠাদ্বা পাণ্ডুনন্দনাৎ—পি,···দ্রষ্টুং বা···বা নি। (৮৭) ততস্তু··· পি। * '···সপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '· দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

ত্বয়ি যাতে মহাবাহো! সংশপ্তকবলং প্রতি।
প্রযত্নমকরোত্তীব্রমাচার্য্যো গ্রহণে মম ॥১॥
ব্যূঢ়ানীকং বয়ং দ্রোণং বারয়ামঃ স্ম সর্ব্বশঃ।
প্রতিব্যূহ্য রথানীকং যতমানং তথা রণে ॥২॥
স বার্য্যমাণো রথিভির্ময়ি চাপি সুরক্ষিতে।
অস্মানভিজগামাশু পীড়য়ন্ নিশিতৈঃ শরৈঃ ॥৩॥
তে পীড্যমানা দ্রোণেন দ্রোণানীকং ন শক্নুমঃ।
প্রতিবীক্ষিতুমপ্যাজৌ ভেত্তুং তৎ কুত এব তু ॥৪॥

ভারতকৌমুদী

ত্বয়ীতি। সংশপ্তকবলং প্রতি সংশপ্তকসৈন্যবিনাশায়। আচার্য্যো দ্রোণঃ ॥১॥
ব্যূঢ়েতি। ব্যূঢ়ং ব্যূহরূপেণ সন্নিবেশিতম্ অনীকং সৈন্যং যেন তম্ ॥২॥
স ইতি। স দ্রোণঃ। নিশিতৈঃ শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতৈঃ ॥৩॥
ত ইতি। তে বয়ম্। আজৌ যুদ্ধে। কুত এব তু শক্নুমঃ, কুতোঽপি নেত্যর্থঃ ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—'মহাবাহু! তুমি সংশপ্তকসৈন্যের দিকে চলিয়া গেলে, দ্রোণ আমাকে ধরিবার জন্য গুরুতর চেষ্টা করিতে লাগিলেন ॥১॥

দ্রোণ সমরাঙ্গনে আপন সৈন্যদিগকে ব্যূহরূপে সন্নিবেশিত করিয়া সেইরূপ চেষ্টা করিতে লাগিলে, আমরাও পাণ্ডবসৈন্যগণকে প্রতিব্যূহরূপে স্থাপিত করিয়া সর্বপ্রকারে তাঁহাকে বারণ করিতে লাগিলাম ॥২॥

ক্রমে আমাদের পক্ষের রথীরা তাঁহাকে বারণ করিতে থাকিলে এবং আমাকেও সুরক্ষিত করিলে, তিনি নিশিত শরসমূহদ্বারা পীড়ন করিতে করিতে সত্বর আমাদের দিকে আসিতে লাগিলেন ॥৩॥

(২) ব্যূঢ়ানীকং স্বয়ং দ্রোণম্…বা, ব্যূঢ়ানীকং তথা দ্রোণং যতমানং মহামৃধে। প্রতিব্যূহ্য সহানীকাঃ প্রত্যরুন্ধ্ম বয়ং বলাৎ—নি। (৩)…ময়ি বাপি…পি,…অভিজঘানাশু…পি বঙ্গ বৰ্দ্ধ।

বয়ং ত্বপ্রতিমং বীর্য্যে সর্ব্বে সৌভদ্রমাত্মজম্।
উক্তবন্তঃ স্ম তং তাত! ভিন্ধ্যনীকমিতি প্রভো! ॥৫॥
স তথা চোদিতোঽস্মাভিঃ সদশ্ব ইব বীর্য্যবান্।
অসহ্যমপি তং ভারং বোঢ়ুমেকঃ প্রচক্রমে ॥৬॥
স তবাস্ত্রোপদেশেন বীর্য্যেণ চ সমন্বিতঃ।
প্রাবিশত্তদ্বলং বালঃ সুপর্ণ ইব সাগরম্ ॥৭॥
তেঽনুযাতা বয়ং বীরং সাত্বতীপুত্রমাহবে।
প্রবেষ্টুকামাস্তেনৈব যেন স প্রাবিশচ্চমূম্ ॥৮॥
ততঃ সৈন্ধবকো রাজা ক্ষুদ্রস্তাত! জয়দ্রথঃ।
বরদানেন রুদ্রস্য সর্বান্ নঃ সমবারয়ৎ ॥৯॥

ভারতকৌমুদী

বয়মিতি। সৌভদ্রমভিমন্যুম্। ভিন্ধি বিদারয়, অনীকং দ্রোণসৈন্যম্ ॥৫॥
স ইতি। স সৌভদ্রঃ, চোদিতঃ প্রেরিতঃ, সদশ্বঃ সুশিক্ষিতো ঘোটকঃ ॥৬॥
স ইতি। তদ্বলং কৌরবসৈন্যম্, সুপর্ণো গরুড়ঃ ॥৭॥
ত ইতি। সাত্বত্যাঃ সাত্বতবংশীয়ায়াঃ সুভদ্রায়াঃ পুত্রম্। তেনৈব পথা, যেন পথা ॥৮॥
তত ইতি। সৈন্ধবকঃ কুৎসিতঃ সিন্ধুরাজঃ কুৎসায়াং কপ্রত্যয়ঃ ॥৯॥

দ্রোণ আমাদিগকে পীড়ন করিতে লাগিলে, আমরা রণস্থলে দ্রোণসৈন্যের দিকে দৃষ্টিপাতও করিতে পারিলাম না, তাহা ভেদ করিতে আর সমর্থ হইব কিরূপে ॥৪॥

তখন আমরা সকলে বলে অতুলনীয় সেই পুত্র অভিমন্যুকে বলিলাম—'প্রভাবশালী বৎস! তুমি দ্রোণসৈন্য বিদারণ কর' ॥৫॥

আমরা সেইভাবে আদেশ করিলে, সুশিক্ষিত অশ্বের ন্যায় বলবান্ অভিমন্যু একাকী সেই অসহ্য ভারও বহন করিবার উপক্রম করিল ॥৬॥

তৎপরে গরুড় যেমন সমুদ্রে প্রবেশ করেন, সেইরূপ তোমার দত্ত অস্ত্রশিক্ষায় শিক্ষিত এবং বলবান্ সেই বালক যাইয়া কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিল ॥৭॥

তখন সে—যে পথে যাইয়া প্রবেশ করিয়াছিল, আমরাও সেই পথেই প্রবেশ করিবার ইচ্ছা করিয়া তাহার পিছনে পিছনে চলিলাম ॥৮॥

বৎস! তাহার পর ক্ষুদ্র সিন্ধুরাজ জয়দ্রথ মহাদেবের বরপ্রভাবে আমাদের সকলকেই বারণ করিল ॥৯॥

ততো দ্রোণঃ কৃপঃ কর্ণো দ্রৌণিঃ কৌশল্য এব চ।
কৃতবর্ম্মা চ সৌভদ্রং ষড্‌রথাঃ পর্য্যবারয়ন্ ॥১০॥
পরিবার্য্য তু তৈঃ সর্ব্বৈর্যুধি বালো মহারথৈঃ।
যতমানঃ পরং শক্ত্যা বহুভির্বিরথীকৃতঃ ॥১১॥
ততো দৌঃশাসনিঃ ক্ষিপ্রং তথা তৈর্বিরথীকৃতম্।
সংশয়ং পরমং প্রাপ্য দিষ্টান্তেনাভ্যযোজয়ৎ ॥১২॥
স তু হত্বা সহস্রাণি নরাশ্বরথদন্তিনাম্।
অষ্টৌ রথসহস্রাণি নব দন্তিশতানি চ।
রাজপুত্রসহস্রে দ্বে বীরাংশ্চালক্ষিতান্ বহূন্ ॥১৩॥
বৃহদ্বলঞ্চ রাজানং স্বর্গেণাজৌ প্রযোজ্য হ।
ততঃ পরমধর্ম্মাত্মা দিষ্টান্তমুপজগ্মিবান্ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। দ্রৌণিরশ্বত্থামা, কৌশল্যঃ কোশলরাজো বৃহদ্বলঃ ॥১০॥
পরীতি। যতমান আত্মনঃ সর্বোপকরণরক্ষায়াং যত্নং কুর্বন্, পরমত্যন্তম্ ॥১১॥
তত ইতি। সংশয়মভিমন্যোঃ প্রহারেণাত্মজীবনে। দিষ্টঃ কাল আয়ুস্তদন্তেন ॥১২॥
স ইতি। অলক্ষিতান্ অস্মাভিরদৃষ্টান্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। দিষ্টান্তমায়ুঃশেষম্ ॥১৩—১৪॥

তৎপরে দ্রোণ, কৃপ, কর্ণ, অশ্বত্থামা, বৃহদ্বল ও কৃতবর্ম্মা এই ছয় জন রথী আসিয়া অভিমন্যুকে পরিবেষ্টন করিলেন ॥১০॥

ক্রমে সেই মহারথেরা সকলে যুদ্ধে পরিবেষ্টন করিলে এবং বালক অভিমন্যু শক্তি অনুসারে আত্মরক্ষায় বিশেষ চেষ্টা করিতে লাগিলে, বহুতর বীর তাহাকে রথবিহীন করিয়া ফেলিলেন ॥১১॥

তদনন্তর দুঃশাসনের পুত্র সত্বর আসিয়া নিজের জীবনে অত্যন্ত সন্দিগ্ধ হইয়া রথবিহীন অভিমন্যুকে সংহার করিল ॥১২॥

হায়! পরমধর্ম্মাত্মা কুমার অভিমন্যু প্রথমে বহুসহস্র হস্তী, অশ্ব, রথী ও পদাতিকে, পরে আবার অষ্ট সহস্র রথী নব শত হস্তী, দুই সহস্র রাজপুত্র এবং অলক্ষিত বহু বীরকে বধ করিয়া, আর রাজা বৃহদ্বলকে স্বর্গে পাঠাইয়া দিয়া, তৎপরে নিজে স্বর্গে গমন করিয়াছে ॥১৩—১৪॥

(১২) তদা দৌঃশাসনিঃ--পি।

এতাবদেব নির্ব্বৃত্তমস্মাকং শোকবর্দ্ধনম্।
স চৈবং পুরুষব্যাঘ্রঃ স্বর্গলোকমবাপ্তবান্॥১৫॥
ততোঽর্জ্জুনো বচঃ শ্রুত্বা ধর্ম্মরাজেন ভাষিতম্।
হা পুত্র ইতি নিশ্বস্য ব্যথিতো ন্যপতদ্ভুবি॥১৬॥
বিষণ্ণবদনাঃ সর্ব্বে পরিগৃহ্য ধনঞ্জয়ম্।
নৈত্রৈরনিমিষৈর্দীনাঃ প্রত্যবৈক্ষন্ পরস্পরম্॥১৭॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং বাসবিঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
কম্পমানো জ্বরেণেব নিশ্বসংশ্চ মুহুর্মুহুঃ॥১৮॥
পাণিং পাণৌ বিনিষ্পিষ্য শ্বসমানোঽশ্রুনেত্রবান্।
উন্মত্ত ইব বিপ্রেক্ষন্নিদং বচনমব্রবীৎ॥১৯॥ (যুগ্মকম্)
সত্যং বঃ প্রতিজানামি শ্বোঽস্মি হন্তা জয়দ্রথম্।
ন চেদ্বধভয়াদ্ভীতো ধার্ত্তরাষ্ট্রান্ প্রহাস্যতি॥২০॥

ভারতকৌমুদী

এতাবদিতি। নির্ব্বৃত্তং নিষ্পন্নম্। এবং দৌঃশাসনিপ্রহারেণ॥১৫॥
তত ইতি। ব্যথিতঃ শোকার্ত্তঃ সন্॥১৬॥
বিষণ্ণেতি। দীনাঃ শোককাতরাঃ সন্তঃ, প্রত্যবৈক্ষন্ অবালোকয়ন্ত॥১৭॥
প্রতীতি। বাসবস্যাপত্যমিতি বাসবিরর্জ্জুনঃ। বিপ্রেক্ষন্ বিকৃতং পশ্যন্॥১৮—১৯॥

অর্জ্জুন! এই পর্য্যন্তই আমাদের শোকবৃদ্ধিজনক ব্যাপার নিষ্পন্ন হইয়াছে এবং এইভাবেই সেই পুরুষশ্রেষ্ঠ কুমার স্বর্গলাভ করিয়াছে'॥১৫॥

তাহার পর অর্জ্জুন যুধিষ্ঠিরোক্ত বাক্য সকল শুনিয়া 'হা পুত্র' বলিয়া নিশ্বাস ত্যাগ করিয়া শোকবেদনায় ভূতলে নিপতিত হইলেন॥১৬॥

তখন সকলেই শোকে কাতর ও বিষণ্ণবদন হইয়া অর্জ্জুনকে ধরিয়া অনিমিষ নয়নে পরস্পর অবলোকন করিতে লাগিলেন॥১৭॥

তদনন্তর অর্জ্জুন চৈতন্য লাভ করিয়া, ক্রোধে মূর্চ্ছিত হইয়া, জ্বররোগেই যেন কাঁপিতে থাকিয়া, মুহুর্মুহু নিশ্বাস ত্যাগ করতঃ, হস্তে হস্ত নিষ্পেষণপূর্ব্বক, উন্মত্তের ন্যায় বিকৃত দৃষ্টিপাত সহকারে ও সাশ্রুনেত্রে এই সকল কথা বলিলেন—॥১৮—১৯॥

(১৭)…পরিবার্য্য ধনঞ্জয়ম্…পি। (১৯)…সংপ্রেক্ষন্…বঙ্গ বর্দ্ধ। ইতঃ পরম্ 'অর্জ্জুন উবাচ' বা বঙ্গ বর্দ্ধ নি।

ন চাস্মান্ শরণং গচ্ছেৎ কৃষ্ণং বা পুরুষোত্তমম্।
ভবন্তং বা মহারাজ ! শ্বোঽস্মি হন্তা জয়দ্রথম্ ॥২১॥
ধার্ত্তরাষ্ট্রপ্রিয়করং ময়ি বিস্মৃতসৌহৃদম্।
পাপং বালবধে হেতুং শ্বোঽস্মি হন্তা জয়দ্রথম্ ॥২২॥
রক্ষমাণাশ্চ তং সংখ্যে যে মাং যোৎস্যন্তি কেচন।
অপি দ্রোণকৃপৌ রাজন্ ! ছাদয়িষ্যামি তান্ শরৈঃ ॥২৩॥
যদ্যেতদেবং সংগ্রামে ন কুর্য্যাং পুরুষর্ষভাঃ !।
মাস্ম পুণ্যকৃতাল্লোঁকান্ প্রাপ্নুয়াং শূরসম্মতান্ ॥২৪॥
যে লোকা মাতৃহন্তৃণাং যে চাপি পিতৃঘাতিনাম্।
গুরুদাররতানাং যে পিশুনানাঞ্চ যে তথা ॥২৫॥

ভারতকৌমুদী

সত্যমিতি। বো যুষ্মাকমন্তিকে, শ্বঃ পরদিনে। প্রহাস্যতি প্রহায় যাস্যতি। অগ্নিঃ প্রথমোপস্থিতং কাষ্ঠমিব ধনঞ্জয়প্রতিজ্ঞা প্রথমাপরাধিনং জয়দ্রথমেব বিষয়ীচকার ॥২০

নেতি। "বাস্মদশ্চ" ইতি বৈকল্পিকবহুবচনাৎ অস্মান্ মামিত্যর্থঃ ॥২১॥

ধার্ত্তেতি। বালবধে হেতুম্, তেন পাণ্ডববলানিবারণে তৎপ্রবেশেন তদ্বধাসম্ভবাৎ ॥২২॥

রক্ষেতি। তং জয়দ্রথম্, সংখ্যে যুদ্ধে। দ্রোণকৃপৌ গুরূ অপীতি ভাবঃ ॥২৩॥

যদীতি। এতৎ জয়দ্রথহননম্, এবং পরদিবসীয়যুদ্ধ এব ॥২৪॥

'বীরগণ ! আমি আপনাদের নিকট সত্য প্রতিজ্ঞা করিতেছি, জয়দ্রথ যদি বধের ভয়ে ভীত হইয়া ধার্ত্তরাষ্ট্রগণকে পরিত্যাগ করিয়া না যায়, তবে আমি আগামী কল্যই তাহাকে বধ করিব ॥২০॥

মহারাজ ! জয়দ্রথ যদি আমার, কিংবা পুরুষোত্তম কৃষ্ণের, অথবা আপনার শরণাপন্ন না হয়, তবে আগামী কল্যই তাহাকে বধ করিব ॥২১॥

যে, দুর্য্যোধনের প্রিয় কার্য্য করিতেছে; আমার সৌহার্দ্দ বিস্মৃত হইয়াছে এবং বালকবধের কারণ হইয়া দাঁড়াইয়াছে; সেই পাপাত্মা জয়দ্রথকে আগামী কল্যই বধ করিব ॥২২॥

রাজা ! সমরাঙ্গনে যে কেহ জয়দ্রথকে রক্ষা করিতে থাকিয়া আমার সহিত যুদ্ধ করিবেন, তাঁহারা যদি দ্রোণ-কৃপও হন, তথাপি আমি বাণদ্বারা তাঁহাদিগকে আবৃত করিব ॥২৩॥

পুরুষশ্রেষ্ঠগণ ! আমি যদি যুদ্ধে ইহা এইরূপই করিতে না পারি, তবে আমি যেন বীরগণের অভিমত পুণ্যসম্পাদিত লোক লাভ না করি ॥২৪॥

(২৩)…অপি দ্রোণকৃপৌ বীরৌ…বঙ্গ বর্দ্ধ।

সাধূনসূয়তাং যে চ যে চাপি পরিবাদিনাম্।
যে চ নিক্ষেপহর্ত্তৄণাং যে চ বিশ্বাসঘাতিনাম্ ॥২৬॥
ভুক্তপূর্ব্বাং স্ত্রিয়ং যে চ নিন্দতামযশস্বিনাম্।
ব্রহ্মঘ্নানাঞ্চ যে লোকা যে চ গোঘাতিনামপি ॥২৭॥
পায়সং বা যবান্নং বা শাকং কৃশরমেব বা।
সংযাবাপূপমাংসানি যে চ লোকা বৃথাশ্নতাম্।
তানহ্নৈবাধিগচ্ছেয়ং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্ ॥২৮॥ (কলাপকম্)
বেদাধ্যায়িনমত্যর্থং শংসিতং বা দ্বিজোত্তমম্।
অবমন্যমানো যান্ যাতি বৃদ্ধান্ সাধূংস্তথা গুরূন্ ॥২৯॥
স্পৃশতো ব্রাহ্মণান্ গাশ্চ পাদেনাগ্নিঞ্চ যা ভবেৎ।
অপ্সু শ্লেষ্মপুরীষং বা মূত্রং বা মুঞ্চতাং গতিঃ।
তাং গচ্ছেয়ং গতিং ঘোরাং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্ ॥৩০॥

ভারতকৌমুদী

য ইতি। লোকা নরকাঃ। পিশুনানাং খলানাম্। সাধূন্ অসূয়তাং সাধূনাং দোষাবিষ্কুর্বতাম্। পরিবাদিনাং পরাপবাদকারিণাম্। ভুক্তপূর্বায়াঃ স্ত্রিয়া নিন্দায়াং কৃতঘ্নতা স্যাদিত্যাশয়ঃ। শাকমুত্তমম্, কৃশরং তিলমিশ্রিতান্নম্। সংযাবো ঘৃতক্ষীরাদিপক্বগোধূমঃ। অস্য স্বরূপং ভাবপ্রকাশে দ্রষ্টব্যম্। বৃথা পরিজনান্ অতিথীন্ বা বঞ্চয়িত্বা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫—২৮॥

বেদেতি। অত্যর্থং শংসিতম্ অতীবদৃঢ়ব্রতম্, দ্বিজোত্তমং ব্রাহ্মণশ্রেষ্ঠম্। "তানহ্নৈবাধিগচ্ছেয়ং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্" ইত্যনুবৃত্তিঃ। যচ্ছব্দস্যোত্তরবাক্যগতত্বান্ন পূর্বাপেক্ষা। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥২৯॥

আমি যদি আগামী কল্য জয়দ্রথকে বধ করিতে না পারি, তবে—মাতৃহত্যাকারী, পিতৃঘাতী, গুরুপত্নীগামী, খল, সাধুলোকের দোষাবিষ্কারকারী, পরের অপবাদবাদী, গচ্ছিতদ্রব্যহারী, বিশ্বাসঘাতী, ভুক্তপূর্বা স্ত্রীর নিন্দাকরণনিবন্ধন অযশস্বী, ব্রহ্মহত্যাকারী এবং গোঘাতী, আর পরিজন বা অতিথিকে বঞ্চনা করিয়া পায়স, যবান্ন, উত্তম শাক, তিলান্ন, সংযাব, পিষ্টক ও মাংসভোজিগণের যে যে নরক হয়, আমি যেন অদ্যই সেই সকল নরকে গমন করি ॥২৫—২৮॥

আমি যদি জয়দ্রথকে (কল্যই) বধ করিতে না পারি, তাহা হইলে বেদপাঠী বা অত্যন্তব্রতপরায়ণ ব্রাহ্মণের, কিংবা বৃদ্ধ, সাধু ও গুরুজনের অবজ্ঞাকারী লোক যে নরকে গমন করে, আমি যেন অদ্যই সেই নরকে যাই ॥২৯॥

নগ্নস্য স্নায়মানস্য যা চ বন্ধ্যাতিথের্গতিঃ।
উৎকোচিনাং মৃষোক্তীনাং বঞ্চকানাঞ্চ যা গতিঃ।
আত্মাপহারিণাঞ্চৈব যা চ মিথ্যাভিশংসিনাম্ ॥৩১॥
ভৃত্যৈঃ সংবদমানানাং পুত্রদারাশ্রিতৈস্তথা।
অসংবিভজ্য ক্ষুদ্রাণাং যা গতির্মিষ্টমশ্নতাম্।
তাং গচ্ছেয়ং গতিং ঘোরাং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্ ॥৩২॥ (যুগ্মকম্)
শীতভীতাশ্চ যে বিপ্রা রণভীতাশ্চ ক্ষত্রিয়াঃ।
গচ্ছেয়ং তদ্গতিং ঘোরাং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

স্পৃশত ইতি। অপ্স স্নানাদৌ ব্যবহার্য্যে জলে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

নগ্নস্যেতি। স্নায়মানস্য স্নাতঃ। আর্ষোঽয়ং প্রয়োগঃ। বন্ধ্যো নিষ্ফলঃ অভুক্ত্বা গত ইত্যর্থঃ অতিথির্যস্য তস্য গৃহস্থস্য। উৎকোচিনামুৎকোচগ্রাহিণাম্, মৃষোক্তীনাং মিথ্যাবাদিনাম্। আত্মাপহারিণাং কার্পণ্যেনাত্মসুখনাশকানাম্, মিথ্যাভিশংসিনাং মিথ্যাসাক্ষ্যদাতৃণাম্। ষট্পাদঃ শ্লোকঃ। সংবদমানানাং সহচরভাবেন স্বৈরালাপং কুর্বতাম্। পুত্রাদিভিরপি তথা। দারপদমত্র পরদারাভিপ্রায়ম্, স্বদারৈঃ সহ স্বৈরালাপে দোষস্যাযুক্তত্বাৎ। অসংবিভজ্য সম্যগ্বিভজ্য পরিজনেভ্যঃ অদদতাম্। মিষ্টমুত্তমং খাদ্যম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১—৩২॥

শীতেতি। শীতভীতা মাঘমাসীয়প্রাতঃস্নানাদৌ। তেষাং গতিং স্থানম্ ॥৩৩॥

আমি যদি জয়দ্রথকে বধ করিতে না পারি, তাহা হইলে চরণদ্বারা ব্রাহ্মণ, গরু কিংবা অগ্নির স্পর্শকারী লোকের যে নরক হয়, কিংবা জলে শ্লেষ্মা, বিষ্ঠা ও মূত্র ত্যাগকারীর যে নরক হইয়া থাকে, আমি যেন সেই ভয়ঙ্কর নরকে গমন করি ॥৩০॥

আমি যদি জয়দ্রথকে বধ করিতে না পারি, তাহা হইলে—যে নগ্ন হইয়া স্নান করে, যাহার গৃহ হইতে অতিথি না খাইয়া যায়, যে উৎকোচ গ্রহণ করে (ঘুষ লয়), যে সাধারণভাবে মিথ্যা কথা বলে, যে পরের প্রতারণা করে, যে কৃপণতানিবন্ধন নিজের সুখ নষ্ট করে, যে মিথ্যা সাক্ষ্য দেয়, যে—ভৃত্য, পুত্র, পরস্ত্রী ও আশ্রিত লোকের সহিত ইয়াকির ভাবে কথা বলে, কিংবা যে বণ্টন-পূর্ব্বক পরিজনদিগকে না দিয়া উৎকৃষ্ট বস্তু ভক্ষণ করে, তাহাদের যে যে নরক হয়, আমি যেন সেই সকল ভয়ঙ্কর নরকে গমন করি ॥৩১—৩২॥

আমি যদি জয়দ্রথকে বধ করিতে না পারি, তাহা হইলে—যে সকল ব্রাহ্মণ

(৩২) ভৃত্যৈঃ সংদৃশ্যমানানাম্...পি বঙ্গ বর্দ্ধ নি

সংশ্রিতঞ্চাপি যস্ত্যক্ত্বা সাধুং তদ্বচনে রতম্।
ন বিভর্ত্তি নৃশংসাত্মা নিন্দতে চোপকারিণম্ ॥৩৪॥
অর্হতে প্রাতিবেশ্যায় শ্রাদ্ধং যো ন দদাতি চ।
অনর্হতে চ যো দদ্যাদ্‌বৃষলীপতয়ে তথা ॥৩৫॥
মদ্যপো ভিন্নমর্য্যাদঃ কৃতঘ্নো ভ্রাতৃনিন্দকঃ।
তেষাং গতিমিয়াং ক্ষিপ্রং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্ ॥৩৬॥ (বিশেষকম্)
ধর্ম্মাদপেতা যে চান্যে ময়া নাত্রানুকীর্ত্তিতাঃ।
যে চানুকীর্ত্তিতাঃ ক্ষিপ্রং গতিং তেষামবাপ্নুয়াম্ ॥৩৭॥
যদি ব্যুষ্টামিমাং রাত্রিং শ্বো ন হন্যাং জয়দ্রথম্।
ইমাঞ্চাপ্যপরাং ভূয়ঃ প্রতিজ্ঞাং মে নিবোধত ॥৩৮॥

ভারতকৌমুদী

সমিতি। তদ্বচনে রতং তদাদেশকারিণম্। অর্হতে বিদ্যাদিনা পূজনীয়ায়, প্রাতিবেশ্যায় একপল্লীবাসিনে ব্রাহ্মণায়। অনর্হতে মূর্খত্বাদিনা অযোগ্যায় ব্রাহ্মণায়, বৃষলীপতয়ে শূদ্রাভর্ত্রে ব্রাহ্মণায়। মদ্যপঃ সুরাপায়ী, ভিন্নমর্য্যাদঃ গুরূণাং গৌরবাতিক্রমী, কৃতঘ্ন উপকর্ত্তুরপকারী, ভ্রাতুর্নির্দ্দোষস্য নিন্দকঃ। গম্যত ইতি গতির্গন্তব্যস্থানং নরকমিত্যর্থঃ, ইয়াং গচ্ছেয়ম্ ॥৩৪-৩৬॥

ধর্ম্মাদিতি। অপেতা ভ্রষ্টাঃ। গতিং তেষামবাপ্নুয়াং ন চেদ্ধন্যাং জয়দ্রথমিত্যনুবৃত্তিঃ ॥৩৭॥

যদীতি। ব্যুষ্টাং প্রভাতামিমাং রাত্রিমতীত্য, শ্বঃ পরদিনে। নিবোধত শৃণুত ॥৩৮॥

শীতের ভয় করেন, কিংবা যে সকল ক্ষত্রিয় যুদ্ধে ভীত হইয়া থাকেন, তাঁহাদের গম্য ভয়ঙ্কর নরকে যেন আমি গমন করি ॥৩৩॥

যে নৃশংসপ্রকৃতি লোক আশ্রিত, সাধু ও আজ্ঞাবহ ব্যক্তিকে ত্যাগ করিয়া আর ভরণপোষণ করে না এবং উপকারীর নিন্দা করে; যে লোক প্রতিবেশী গুণবান্ ব্রাহ্মণকে শ্রাদ্ধীয় দ্রব্য দান করে না—অথ চ নির্গুণ ব্রাহ্মণকে কিংবা শূদ্রাপতিকে দান করে; আর যে লোক সুরা পান করে, গুরুজনের গৌরব লঙ্ঘন করে, উপকারীর অপকার করে এবং নির্দ্দোষ ভ্রাতার নিন্দা করে; আমি যেন সত্বরই তাহাদের গতি লাভ করি, যদি জয়দ্রথকে বধ করিতে না পারি ॥৩৪—৩৬॥

আমি ধর্ম্মভ্রষ্ট অন্য যাহাদের নাম এখানে করিলাম না, কিংবা যাহাদের নাম করিলাম, সত্বরই যেন তাহাদের গতি লাভ করি, যদি জয়দ্রথকে বধ করিতে না পারি ॥৩৭॥

---

(৩৫)·· অনর্হেভ্যশ্চ যো দদ্যাৎ···পি বা নি।

যদ্যস্মিন্নহতে পাপে সূর্য্যোঽস্তমুপযাস্যতি।
ইহৈব সংপ্রবেষ্টাস্মি জ্বলিতং জাতবেদসম্ ॥৩৯॥

অসুরসুরমনুষ্যাঃ পক্ষিণো বোরগা বা পিতৃরজনিচরা বা ব্রহ্মদেবর্ষয়ো বা।
চরমচরমপীদং যৎ পরঞ্চাপি তস্মাত্তদপি মম রিপুং তং রক্ষিতুং নৈব শক্তাঃ ॥৪০॥

যদি বিশতি রসাতলং তদগ্র্যং বিয়দপি দেবপুরং দিতেঃ পুরং বা।
তদপি শরশতৈরহং প্রভাতে ভৃশমভিপত্য রিপোঃ শিরোঽভিহর্ত্তা ॥৪১॥

এবমুক্ত্বা বিচিক্ষেপ গাণ্ডীবং সব্যদক্ষিণম্।
তস্য শব্দমতিক্রম্য ধনুঃশব্দোঽস্পৃশদ্দিবম্ ॥৪২॥

ভারতকৌমুদী

যদীতি। অস্মিন্ পাপে জয়দ্রথে অহতে। ইহৈব শিবিরে। জাতবেদসমগ্নিম্ ॥৩৯॥

অসুরেতি। উরগাঃ সর্পাঃ, পিতরঃ পিতৃলোকাঃ, রজনিচরা রাক্ষসাঃ। চরং জঙ্গমম্, অচরং স্থাবরম্। তস্মাৎ পরং চরাদচরাচ্চ ভিন্নং স্থিরাসনমুন্যাদি। তচ্চ চরং ন স্থিরত্বাৎ, অচরঞ্চ ন গমনযোগ্যত্বাৎ। নৈব শক্তা উক্তাঃ সর্ব্বেঽপি ॥৪০॥

যদীতি। তং প্রসিদ্ধম্, অগ্র্যং শ্রেষ্ঠম্, মণিরত্নাদিময়ত্বাৎ, বিয়দাকাশম্, দিতের্দৈত্যস্য। প্রভাতে প্রভাতাবধিপরদিবসে, অভিপত্য বলেনোপেত্য, রিপোর্জয়দ্রথস্য, অভিহর্ত্তা ছেৎস্যামি ॥৪১॥

এই রাত্রি প্রভাত হওয়ার পরে আগামী কল্য যদি জয়দ্রথকে বধ করিতে না পারি, তবে আমার আর একটা প্রতিজ্ঞার কথা আপনারা পুনরায় শ্রবণ করুন—॥৩৮॥

এই পাপাত্মা জয়দ্রথ নিহত না হওয়া অবস্থায় যদি কল্য সূর্য্য অস্ত যান, তাহা হইলে আমি এই শিবিরেই প্রজ্বলিত অগ্নিতে প্রবেশ করিব ॥৩৯॥

দেবতা, অসুর, মানুষ, পক্ষী, বা সর্প, অথবা পিতৃলোক, রাক্ষস, ব্রহ্মর্ষি ও দেবর্ষিরা, কিংবা স্থাবর ও জঙ্গমাত্মক এই জগৎ, অথবা তাহা ভিন্নও যাহা কিছু আছে, সে সমস্ত একত্র হইয়াও আমার হাত হইতে সেই শত্রুকে রক্ষা করিতে পারিবে না ॥৪০॥

জয়দ্রথ যদি সেই উত্তম পাতালে, আকাশে, দেবপুরে, কিংবা দৈত্যপুরে যাইয়া প্রবেশ করে, তথাপি আমি কল্য বলপূর্ব্বক উপস্থিত হইয়া বাণসমূহদ্বারা তাহার মস্তকচ্ছেদন করিব ॥৪১॥

(৩৯)…ইহৈব সম্প্রবেষ্টাহম্…পি বা নি। (৪১)…ভৃশমভিপদ্য রিপোঃ…বঙ্গ বর্দ্ধ…ভৃশমভিমন্যুরিপোঃ…বা নি।

অর্জ্জুনেন প্রতিজ্ঞাতে পাঞ্চজন্যং জনার্দ্দনঃ।
প্রদধ্মৌ তত্র সংক্রুদ্ধো দেবদত্তঞ্চ ফাল্গুনঃ ॥৪৩॥
স পাঞ্চজন্যোঽচ্যুতবক্ত্রবায়ুনা ভৃশং সুপূর্ণোদরনিঃসৃতধ্বনিঃ।
জগৎ সপাতালবিয়দ্দিগীশ্বরং প্রকম্পয়ামাস যুগাত্যয়ে যথা ॥৪৪॥
ততো বাদিত্রঘোষাশ্চ প্রাদুরাসন্ সমন্ততঃ।
সিংহনাদাশ্চ পাণ্ডূনাং প্রতিজ্ঞাতে মহাত্মনা ॥৪৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়ামর্জ্জুনপ্রতিজ্ঞায়াং পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———***———

ভারতকৌমুদী

এবমিতি। বিচিক্ষেপ আচকর্ষ, সব্যদক্ষিণং বামদক্ষিণৌ পার্শ্বৌ নীত্বেতি শেষঃ ॥৪২॥

অর্জ্জুনেনেতি। প্রদধ্মৌ বাদয়ামাস। পাঞ্চজন্যদেবদত্তৌ শঙ্খৌ। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥৪৩॥

স ইতি। সুপূর্ণং যদুদরমভ্যন্তরং তস্মান্নিঃসৃতো ধ্বনির্যস্য সঃ। পাতালেন বিয়তা গগনেন দিগ্ভিঃ তাসামীশ্বরৈর্দিক্পালৈশ্চ সহেতি তৎ। যুগাত্যয়ে প্রলয়কালে ॥৪৪॥

তত ইতি। বাদিত্রঘোষা নানাবাদ্যধ্বনয়ঃ। পাণ্ডূনাং পাণ্ডবযোধানাম্ ॥৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি প্রতিজ্ঞায়াং পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

অর্জ্জুন এইরূপ বলিয়া বাম ও দক্ষিণ পার্শ্বে নিয়া গাণ্ডীবধনুর টঙ্কার করিলেন; তখন সেই ধনুর শব্দ অর্জ্জুনের কণ্ঠশব্দকে অতিক্রম করিয়া যাইয়া আকাশস্পর্শ করিল ॥৪২॥

অর্জ্জুন ঐরূপ প্রতিজ্ঞা করিলে, অত্যন্তক্রুদ্ধ কৃষ্ণ পাঞ্চজন্যধ্বনি করিলেন এবং অর্জ্জুনও দেবদত্তশঙ্খ বাজাইলেন ॥৪৩॥

তখন কৃষ্ণের মুখবায়ুপূর্ণ পাঞ্চজন্যশঙ্খের ভিতর হইতে ধ্বনি নির্গত হইয়া পাতাল, আকাশ, দিক্ ও দিক্পালগণের সহিত জগৎটাকে প্রলয়কালের ন্যায় কাঁপাইতে লাগিল ॥৪৪॥

এবং মহাত্মা অর্জ্জুন সেইরূপ প্রতিজ্ঞা করিলে, সকল দিকে পাণ্ডবপক্ষ হইতে নানাবিধবাদ্যধ্বনি ও সিংহনাদ উঠিল ॥৪৫॥

———:০:———

(৪৫)…প্রাদুরাসন্ সহস্রশঃ…পি বা নি। * '…একসপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '…ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

ষট্ষষ্টিতমোঽধ্যায়ঃ।

———:-০-:———

সঞ্জয় উবাচ।

শ্রুত্বা তু তং মহাশব্দং পাণ্ডূনাং জয়গৃদ্ধিনাম্।
চারৈঃ প্রবোধিতে তত্র সমুত্থায় জয়দ্রথঃ ॥১॥
শোকসংমূঢ়হৃদয়ো দুঃখেনাভিপরিপ্লুতঃ।
মজ্জমান ইবাগাধে বিপুলে শোকসাগরে।
জগাম সমিতিং রাজ্ঞাং সৈন্ধবো বিমৃষন্ বহু ॥২॥ (যুগ্মকম্)
স তেষাং নরদেবানাং সকাশে পরিদেবয়ন্।
অভিমন্যোঃ পিতুর্ভীতঃ সব্রীড়ো বাক্যমব্রবীৎ ॥৩॥
যোঽসৌ পাণ্ডোঃ কিল ক্ষেত্রে জাতঃ শক্রেণ কামিনা।
স নিনীষতি দুর্বুদ্ধির্মাং কিলৈকং যমক্ষয়ম্।
তৎ স্বস্তি বোঽস্তু যাস্যামি স্বগৃহং জীবিতেপ্সয়া ॥৪॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। জয়গৃদ্ধিনাং জয়াভিলাষিণাম্। প্রবোধিতে বিজ্ঞাপিতে, তত্রার্জ্জুনপ্রতিজ্ঞানে। দুঃখেন কেবলে স্বস্মিন্নর্জ্জুনক্রোধাপাতাদিতি ভাবঃ। সৈন্ধবঃ সিন্ধুরাজঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১—২॥

স ইতি। নরদেবানাং রাজ্ঞাম্। সব্রীড়ঃ পলায়নস্য বক্তব্যত্বাৎ সলজ্জঃ ॥৩॥

সঞ্জয় বলিলেন—'জয়াভিলাষী পাণ্ডবগণের সেই মহাশব্দ শুনিয়া এবং গুপ্তচর আসিয়া সেই প্রতিজ্ঞার বিষয় জানাইলে, সিন্ধুরাজ জয়দ্রথ গাত্রোত্থান করিয়া, আত্মশোকে অধীর ও দুঃখিত হইয়া এবং বিশাল ও অগাধ শোকসাগরে যেন মগ্ন হইতে থাকিয়া নানাপ্রকার বিবেচনা করতঃ রাজসভায় যাইয়া উপস্থিত হইলেন ॥১—২॥

তিনি অভিমন্যুর পিতার ভয়ে ভীত হইয়া রাজাদের নিকটে বিলাপ করিতে থাকিয়া লজ্জার সহিত এই কথা বলিলেন—॥৩॥

(১)…পুত্রগৃদ্ধিনাম্…বা বঙ্গ বর্দ্ধ নি,…চারৈঃ প্রবেদিতে তত্র…বঙ্গ বর্দ্ধ বা, চারৈঃ প্রবেদিতস্তস্তঃ…নি। (২)…দুঃখেনাভিহতো ভৃশম্…বঙ্গ বর্দ্ধ,…দুঃখেনাভ্যাহতো ভৃশম্…নি।

অথবাস্ত্রপ্রতিবলাস্ত্রাত মাং ক্ষত্রিয়র্ষভাঃ ! ।
পার্থেন প্রার্থিতং বীরাস্তে সংদত্ত মমাভয়ম্ ॥৫॥
দ্রোণদুর্য্যোধনকৃপাঃ কর্ণমদ্রেশবাহ্লিকাঃ ।
দুঃশাসনাদয়ঃ শক্তাস্ত্রাতুমপ্যন্তকার্দ্দিতম্ ॥৬॥
কিমঙ্গ ! পুনরেকেন ফাল্গুনেন জিঘাংসতা ।
ন ত্রায়েয়ুর্ভবন্তো মাং সমস্তাঃ পতয়ঃ ক্ষিতেঃ ॥৭॥
প্রহর্ষং পাণ্ডবেয়ানাং শ্রুত্বা মম মহদ্ভয়ম্ ।
সীদন্তি মম গাত্রাণি মুমূর্ষোরিব পার্থিবাঃ ! ॥৮॥

ভারতকৌমুদী

য ইতি। ক্ষেত্রে পত্ন্যাম্। এতেনার্জ্জুনস্য জারজত্বং সূচিতম্। নিনীষতি নেতুমিচ্ছতি। যমক্ষয়ং যমালয়ম্। বহূনামপরাধে একং প্রত্যেব চ দণ্ডোদ্যমে দণ্ডয়িতা দুর্বুদ্ধিরেবেত্যাশয়ঃ। স্বস্তি মঙ্গলম্, বো যুষ্মভ্যম্। জীবিতেপ্সয়া জীবনরক্ষণেচ্ছয়া, অর্জ্জুনপ্রতিজ্ঞায়া ধ্রুবত্বাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

অথবেতি। অস্ত্রেষু প্রতিবলাঃ সমানবলা যূয়ম্। প্রার্থিতং হন্তুমিষ্টং মাম্ ॥৫॥

অভয়দানে সামর্থ্যমাহ দ্রোণেতি। মদ্রেশঃ শল্যঃ। অন্তকার্দ্দিতং যমগৃহীতমপি ॥৬॥

কিমিতি। অঙ্গ সম্বোধনে। ফাল্গুনেনার্জ্জুনেন, জিঘাংসতা হন্তুমিচ্ছতাক্রান্তম্ ॥৭॥

প্রহর্ষমিতি। মহদ্ভয়ং জাতমিতি শেষঃ ॥৮॥

সদাচার এবং পবিত্র চতুরাশ্রমীদিগের পুণ্য সুরক্ষিত করায় রাজাদের যে সনাতনী গতি হইয়া থাকে, কিংবা দীনজনের প্রতি দয়াকারীদের, উৎকৃষ্ট দ্রব্য বণ্টনপূর্ব্বক পরিজনদিগকে দানকারিগণের এবং খলতাশূন্য লোকদিগের যেরূপ গতি হয়, পুত্র! তুমি সেইরূপ গতি লাভ কর ॥২৬—২৭॥

ব্রতপরায়ণ, ধর্ম্মশীল, গুরুশুশ্রূষানিরত এবং অতিথিসৎকারকারী লোকদিগের যেরূপ গতি হইয়া থাকে, পুত্র! তুমি সেইরূপ গতি লাভ কর ॥২৮॥

কষ্ট, বিপদ্ ও শোকাগ্নিদগ্ধ অবস্থায় ধৈর্য্যশালী লোকদিগের যাদৃশ গতি হইয়া থাকে, পুত্র! তুমি তাদৃশ গতি লাভ কর ॥২৯॥

পিতুর্মাতুশ্চ শুশ্রূষাং কল্পয়ন্তীহ যে সদা।
স্বদারনিরতানাঞ্চ যা গতিস্তামবাপ্নুহি ॥৩০॥
ঋতুকালে স্বকাং পত্নীং গচ্ছতাং যা মনস্বিনাম্।
পরস্ত্রীভ্যো নিবৃত্তানাং তাং গতিং ব্রজ পুত্রক! ॥৩১॥
সাম্না যে সর্বভূতানি পশ্যন্তি গতমৎসরাঃ।
নারুন্তুদানাং ক্ষমিণাং যা গতিস্তামবাপ্নুহি ॥৩২॥
মধুমাংসনিবৃত্তানাং মদাদ্দম্ভাত্তথানৃতাৎ।
পরোপতাপত্যক্তানাং তাং গতিং ব্রজ পুত্রক! ॥৩৩॥
হ্রীমন্তঃ সর্ব্বশাস্ত্রজ্ঞা জ্ঞানতৃপ্তা জিতেন্দ্রিয়াঃ।
যাং গতিং সাধবো যান্তি তাং গতিং ব্রজ পুত্রক! ॥৩৪॥
এবং বিলপতীং দীনাং সুভদ্রাং শোককর্ষিতাম্।
অভ্যপদ্যত পাঞ্চালী বৈরাটীসহিতাং তদা ॥৩৫॥

ভারতকৌমুদী

পিতুরিতি। কল্পয়ন্তি কুর্বন্তি। স্বদারনিরতানাং পরদারবিমুখানামিত্যাশয়ঃ ॥৩০॥
ঋত্বিতি। স্বকাং স্বিকাং স্বকীয়াম্। "ঋতুকালাভিগামী স্যাৎ" ইতি স্মৃতেঃ ॥৩১॥
সাম্নেতি। সাম্না প্রিয়ভাবেনেত্যর্থঃ। গতমৎসরা দ্বেষশূন্যাঃ। নারুন্তুদানামমর্ম্মপীড়কানাম্ ॥৩২॥
মধ্বিতি। মধু মদ্যম্। মদাদ্দম্ভাত্তথানৃতান্মিথ্যাতঃ নিবৃত্তানামিত্যনুষঙ্গঃ ॥৩৩॥
হ্রীতি। হ্রীমন্তঃ অকার্য্যকরণে লজ্জাবন্তঃ ॥৩৪॥

যাঁহারা সর্বদা পিতা ও মাতার শুশ্রূষা করেন এবং যাঁহারা স্বদারমাত্রে নিরত থাকেন, তাঁহাদের যে গতি হয়, পুত্র! তুমি সেই গতি লাভ কর ॥৩০॥

পরস্ত্রীপরাঙ্মুখ এবং ঋতুকালে নিজপত্নীগামী মনস্বীদিগের যে গতি হইয়া থাকে, পুত্র! তুমি সেই গতি লাভ কর ॥৩১॥

বৎস! যাঁহারা পরবিদ্বেষবিহীন হইয়া প্রিয়ভাবে সমস্ত প্রাণীকে দেখেন, সেই অমর্ম্মপীড়ক ক্ষমাশীল লোকদিগের গতি তুমি প্রাপ্ত হও ॥৩২॥

মদ্য, মাংস, মত্ততা, অহঙ্কার, মিথ্যা ও পরসন্তাপকতাশূন্য মহাত্মাদের যেরূপ গতি হয়, পুত্র! তুমি সেইরূপ গতি লাভ কর ॥৩৩॥

লজ্জাশীল, সর্ব্বশাস্ত্রজ্ঞ, জ্ঞানতৃপ্ত ও জিতেন্দ্রিয় সাধুরা যাদৃশ গতি লাভ করেন, পুত্র! তুমি তাদৃশ গতি লাভ কর ॥৩৪॥

(৩০) মাতাপিত্রোশ্চ শুশ্রূষাম্...পি বা নি।

তাঃ প্রকামং রুদিত্বা চ বিলপ্য চ সুদুঃখিতাঃ।
উন্মত্তবত্তদা রাজন্! নিঃসংজ্ঞা ন্যপতন্ ক্ষিতৌ ॥৩৬॥
সোপচারস্তু তাঃ কৃষ্ণো দুঃখিতা ভৃশদুঃখিতঃ।
সিক্ত্বাম্ভসা সমাশ্বাস্য তত্তদুক্ত্বা হিতং বচঃ ॥৩৭॥
বিসংজ্ঞকল্পাং রুদতীং মর্ম্মবিদ্ধাং প্রবেপতীম্।
ভগিনীং পুণ্ডরীকাক্ষ ইদং বচনমব্রবীৎ ॥৩৮॥ (যুগ্মকম্)
সুভদ্রে! মা শুচঃ পুত্রং পাঞ্চাল্যাশ্বাসয়োত্তরাম্।
গতোঽভিমন্যুঃ প্রথিতাং গতিং ক্ষত্রিয়পুঙ্গবঃ ॥৩৯॥
যে চান্যেঽপি কুলে সন্তি পুরুষা নো বরাননে!।
অভিমন্যোর্গতিং যান্তু সর্ব্বে তে বৈ মনস্বিনঃ ॥৪০॥

ভারতকৌমুদী

এবমিতি। পাঞ্চালী দ্রৌপদী, বৈরাটীসহিতাম্ উত্তরয়া যুক্তাম্ ॥৩৫॥
তা ইতি। তা দ্রৌপদীসুভদ্রোত্তরাঃ, প্রকামং পর্য্যাপ্তম্, যথা স্যাত্তথা ॥৩৬॥
সেতি। উপচারেণ ব্যজনবাতেন সহেতি সঃ। প্রবেপতীং কম্পমানাম্ ॥৩৭—৩৮॥
সুভদ্র ইতি। হে পাঞ্চালি! দ্রৌপদি! উত্তরামভিমন্যুপত্নীম্, আশ্বাসয় ॥৩৯॥
বচোভঙ্গ্যা অভিমন্যুগতেঃ প্রাশস্ত্যং দ্যোতয়তি য ইতি। নঃ অস্মাকম্ ॥৪০॥

শোকার্ত্তা ও অবসন্না সুভদ্রা উত্তরার সহিত এইরূপ বিলাপ করিতেছিলেন, এমন সময়ে দ্রৌপদী সেখানে আগমন করিলেন ॥৩৫॥

রাজা! তখন তাঁহারা উন্মত্তের ন্যায় যথেষ্ট রোদন ও বিলাপ করিয়া অচৈতন্য হইয়া ভূতলে নিপতিত হইলেন ॥৩৬॥

তখন পদ্মনয়ন কৃষ্ণ অত্যন্ত দুঃখিত হইয়া অন্যান্য পরিচর্য্যার সহিত জলসেকে অতিদুঃখিতা দ্রৌপদী, সুভদ্রা ও উত্তরাকে আশ্বস্ত করিয়া সেই সেই হিতবাক্য বলিয়া অচেতনপ্রায়া, রোদনপরায়ণা, মর্ম্মপীড়িতা ও কম্পমানা ভগিনী সুভদ্রাকে এই কথা বলিলেন—॥৩৭—৩৮॥

সুভদ্রা! তুমি শোক করিও না, দ্রৌপদি! তুমি উত্তরাকে আশ্বস্ত কর। ক্ষত্রিয়শ্রেষ্ঠ অভিমন্যু প্রসিদ্ধ গতি লাভ করিয়াছে ॥৩৯॥

বরাননে! আমাদের বংশে অন্য যে সকল পুরুষ আছেন, সেই মনস্বীরা সকলেও যেন অভিমন্যুর গতি লাভ করেন ॥৪০॥

(৩৬) তাঃ প্রকাশং রুদিত্বা চ···পি।

কুর্য্যাম তদ্বয়ং কর্ম্ম ক্রিয়াস্থ সুহৃদশ্চ নঃ।
কৃতবান্ যাদৃশং হ্যেকস্তব পুত্রো মহাবলঃ ॥৪১॥
এবমাশ্বাস্য ভগিনীং দ্রৌপদীমপি চোত্তরাম্।
পার্থস্যৈব মহাবাহুঃ পার্শ্বমাগাদরিন্দমঃ ॥৪২॥
ততোঽভ্যনুজ্ঞায় নৃপান্ কৃষ্ণো বন্ধূংস্তথার্জ্জুনম্।
বিবেশান্তঃপুরং রাজন্! তে চ জগ্মুর্যথালয়ম্ ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি প্রতিজ্ঞায়াং সুভদ্রাবিলাপে ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০*০——

ভারতকৌমুদী

অভিমন্যুকার্য্যং স্পৃহয়তি কুর্য্যামেতি। তৎ তাদৃশম্। ক্রিয়াস্থ ইত্যাশীর্যুস্ বিসর্গলোপস্ত্বার্ষঃ ॥৪১॥

এবমিতি। ভগিনীং সুভদ্রাম্। মহাবাহুঃ কৃষ্ণঃ ॥৪২॥

তত ইতি। অভ্যনুজ্ঞায় বিশ্রামায়। তে চ নৃপাদয়ঃ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি প্রতিজ্ঞায়াম্ ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

সুভদ্রা! তোমার পুত্র মহাবল এক অভিমন্যু যেরূপ কার্য্য করিয়া গিয়াছে, আমরাও যেন সেইরূপ কার্য্য করিতে পারি এবং আমাদের সুহৃদ্‌গণও যেন সেইরূপ কার্য্য করিতে সমর্থ হন' ॥৪১॥

মহাবাহু ও শত্রুদমনকারী কৃষ্ণ এইরূপে সুভদ্রা, দ্রৌপদী ও উত্তরাকে আশ্বস্ত করিয়া অর্জ্জুনের নিকটেই চলিয়া আসিলেন ॥৪২॥

রাজা! তাহার পর কৃষ্ণ রাজগণ, বন্ধুগণ ও অর্জ্জুনকে বিশ্রাম করিতে যাইবার অনুমতি করিয়া নিজেও অন্তঃপুরে প্রবেশ করিলেন, তাঁহারাও যথাস্থানে চলিয়া গেলেন' ॥৪৩॥

———:*:———

(৪১)···কৃতবান্ যাদৃগস্ত্বেকস্তব পুত্রো মহারথঃ—পি বা নি। * '···ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

সপ্ততিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততোঽর্জ্জুনস্য ভবনং প্রবিশ্যাপ্রতিমং বিভুঃ।
স্পৃষ্ট্বাম্ভঃ পুণ্ডরীকাক্ষঃ স্থণ্ডিলে শুভলক্ষণে।
সন্তস্তার শুভাং শয্যাং দর্ভৈর্বৈদূর্য্যসন্নিভৈঃ ॥১॥
ততো মাল্যৈশ্চ বিধিবদ্‌গন্ধৈর্লাজৈঃ সুমঙ্গলৈঃ।
অলঞ্চকার তাং শয্যাং পরিবার্য্যায়ুধোত্তমৈঃ ॥২॥
ততঃ স্পৃষ্টোদকে পার্থে বিনীতাঃ পরিচারকাঃ।
দর্শয়ন্তোঽন্তিকে চক্রুর্নৈশং ত্রৈয়ম্বকং বলিম্ ॥৩॥
ততঃ প্রীতমনাঃ পার্থো গন্ধৈর্মাল্যৈশ্চ মাধবম্।
অলঙ্কৃত্যোপহারং তং নৈশং তস্মৈ ন্যবেদয়ৎ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। অম্ভঃ স্পৃষ্ট্বা আচম্য। বৈদূর্য্যসন্নিভৈর্নীলবর্ণৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥
তত ইতি। পরিবার্য্য পরিবেষ্ট্য, আয়ুধোত্তমৈঃ অস্ত্রশ্রেষ্ঠৈঃ ॥২॥
তত ইতি। স্পৃষ্টোদকে কৃতাচমনে। ত্রৈয়ম্বকং শিবসম্বন্ধিনম্, বলিং পূজোপহারম্ ॥৩॥
তত ইতি। তং পরিচারকসংগৃহীতম্, তস্মৈ ত্র্যম্বকায়। এতত্তু পাশুপতাস্ত্রস্মরণায় ॥৪॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর প্রভাবশালী কৃষ্ণ অর্জ্জুনের অতুলনীয় গৃহে প্রবেশ করিয়া জলস্পর্শপূর্বক শুভলক্ষণসম্পন্ন স্থণ্ডিলে বৈদূর্য্যমণির ন্যায় নীলবর্ণ কুশদ্বারা একটী মাঙ্গলিক শয্যা বিস্তৃত করিলেন ॥১॥

তৎপরে তিনি উত্তম অস্ত্রসমূহদ্বারা পরিবেষ্টন করিয়া যথাবিধানে মাঙ্গলিক মাল্য, গন্ধ ও লাজ-(খই) দ্বারা সেই শয্যাটীকে অলঙ্কৃত করিলেন ॥২॥

তদনন্তর অর্জ্জুন আচমন করিলে, শিক্ষিত পরিচারকেরা দেখাইয়া দেখাইয়া সেই শয্যার নিকটে রাত্রির শিবপূজার দ্রব্য সংগ্রহ করিল ॥৩॥

পরে অর্জ্জুন প্রফুল্লচিত্তে গন্ধ ও মাল্যদ্বারা কৃষ্ণকে অলঙ্কৃত করিয়া রাত্রির সেই উপহারগুলি শিবকে নিবেদন করিলেন ॥৪॥

(১)···স্থণ্ডিলে কৃতলক্ষণে···বর্দ্ধ।

স্ময়মানস্তু গোবিন্দঃ ফাল্গুনং প্রত্যভাষত।
সুপ্যতাং পার্থ! ভদ্রং তে কল্যাণায় ব্রজাম্যহম্ ॥৫॥
স্থাপয়িত্বা ততো দ্বাস্থান্ গোপ্তৄংশ্চাত্তায়ুধান্ নরান্।
দারুকানুগতঃ শ্রীমান্ বিবেশ শিবিরং স্বকম্।
শিশ্যেঽথ শয়নে শুভ্রে বহু কৃত্যং বিচিন্তয়ন্ ॥৬॥
পার্থায় সর্বং ভগবান্ শোকদুঃখাপহং বিধিম্।
ব্যদধাৎ পুণ্ডরীকাক্ষস্তেজোদ্যুতিবিবর্দ্ধনম্ ॥৭॥
যোগমাস্থায় যুক্তাত্মা সর্ব্বেষামীশ্বরেশ্বরঃ।
শ্রেয়স্কামঃ পৃথুযশা বিষ্ণুর্জিষ্ণোঃ প্রিয়ঙ্করঃ ॥৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স্ময়েতি। স্ময়মান ঈষদ্ধসন্, ফাল্গুনমর্জ্জুনম্। তে তব ভদ্রং মঙ্গলমস্তু ॥৫॥

স্থাপয়িত্বেতি। দ্বারি তিষ্ঠন্তীতি দ্বাস্থা দৌবারিকাস্তান্। "শিট্যঘোষে বিসর্জনীয়স্য" ইতি বিসর্গলোপঃ। গোপ্তৄন্ রক্ষকান্, আত্তায়ুধান্ গৃহীতাস্ত্রান্। দারুকঃ কৃষ্ণসারথিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

পার্থায়েতি। ভগবান্ সর্বাতিশায়িমাহাত্ম্যবান্, পুণ্ডরীকাক্ষঃ পদ্মনয়নঃ, পৃথুযশা বিশাল-কীর্ত্তিঃ, সর্বেষাং জগতাং যে ঈশ্বরা ইন্দ্রাদয়স্তেষামপীশ্বরঃ, যুক্তাত্মা অর্জ্জুনেন সহ মিলিতাত্মা "পাণ্ডবানাং ধনঞ্জয়ঃ" ইত্যুক্তেঃ, অতএব জিষ্ণোরর্জ্জুনস্য শ্রেয়স্কামঃ প্রিয়ঙ্করশ্চ, বিষ্ণুঃ কৃষ্ণঃ, যোগং ধ্যানম্, আস্থায় অবলম্ব্য, তেজোদ্যুতিবিবর্দ্ধনং শক্তিবীরশ্রীবৃদ্ধিকরম, শোকদুঃখাপহঞ্চ, সর্ব্বং বিধিং শিবোপাসনাপরিপাটীম্, পার্থায় অর্জ্জুনায়, ব্যদধাৎ উপাদিশৎ উপদিশ্য স্বশিবিরম-বিশদিত্যর্থঃ ॥৭—৮॥

তখন কৃষ্ণ ঈষৎ হাস্য করিয়া অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন! তুমি শয়ন কর, তোমার মঙ্গল হউক, আমি তোমার মঙ্গলের জন্য চলিলাম' ॥৫॥

তাহার পর মনোহরকান্তিসম্পন্ন কৃষ্ণ দৌবারিকগণ ও অস্ত্রধারী মনুষ্যগণকে যথাস্থানে স্থাপন করিয়া দারুকের সহিত যাইয়া আপন শিবিরে প্রবেশ করি-লেন এবং বহুতর কর্ত্তব্য বিষয় চিন্তা করতঃ শুভ্র শয্যায় শয়ন করিলেন ॥৬॥

সর্ব্বাতিরিক্তমাহাত্ম্যশালী, পদ্মনয়ন বিশালকীর্ত্তি, সমগ্র জগতের ঈশ্বর-গণেরও ঈশ্বর এবং অর্জ্জুনের অভিন্নাত্মা কৃষ্ণ অর্জ্জুনের মঙ্গলকামী ও প্রিয়কারী হইয়া ধ্যান করিয়া শোক ও দুঃখনাশক এবং তেজ ও বীরশ্রীবর্দ্ধক সমস্ত শিবোপাসনার প্রণালী অর্জ্জুনকে বলিয়া দিয়া আপন শিবিরে গিয়া-ছিলেন ॥৭—৮॥

---

(৬)…দ্বাঃস্থান্…বঙ্গ বর্দ্ধ।

ন পাণ্ডবানাং শিবিরে কশ্চিৎ সুষ্বাপ তাং নিশাম্।
প্রজাগরঃ সর্ব্বজনং হ্যাবিবেশ বিশাংপতে! ॥৯॥
পুত্রশোকাভিভূতেন প্রতিজ্ঞাতো মহাত্মনা।
সহসা সিন্ধুরাজস্য বধো গাণ্ডীবধন্বনা ॥১০॥
তৎ কথং নু মহাবাহুর্বাসবিঃ পরবীরহা।
প্রতিজ্ঞাং সফলাং কুর্য্যাদিতি তে সমচিন্তয়ন্ ॥১১॥
কষ্টং হীদং ব্যবসিতং পাণ্ডবেন মহাত্মনা।
স চ রাজা মহাবীর্য্যঃ পারয়ত্বর্জ্জুনঃ স্ম তাম্।
পুত্রশোকাভিতপ্তেন প্রতিজ্ঞা মহতী কৃতা ॥১২॥
ভ্রাতরশ্চাপি বিক্রান্তা বহুলানি বলানি চ।
ধৃতরাষ্ট্রস্য পুত্রেণ সর্ব্বং তস্মৈ নিবেদিতম্ ॥১৩॥

ভারতকৌমুদী

নেতি। নিশামিত্যত্যন্তসংযোগে দ্বিতীয়া। প্রজাগর উদ্বেগেন জাগরণম্ ॥৯॥

পুত্রেতি। সহসা স্বপরশক্ত্যাদিকমবিচিন্ত্য ॥১০॥

তদিতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিঃ ॥১১॥

কষ্টমিতি। কষ্টং কষ্টসাধ্যম্, ইদং সিন্ধুরাজহননম্, ব্যবসিতং সাধয়িতুমারব্ধম্। যেন হি স রাজা জয়দ্রথঃ, মহাবীর্য্যঃ। তথাপি অর্জ্জুনস্তাং প্রতিজ্ঞাম্, পারয়তু উত্তরতু। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥

ভ্রাতর ইতি। ধৃতরাষ্ট্রস্য পুত্রেণ দুর্য্যোধনেন, তস্মৈ জয়দ্রথায় ॥১৩॥

নরনাথ! ওদিকে পাণ্ডবপক্ষের কোন লোকই সে রাত্রিতে নিদ্রা যায় নাই; সকল লোকই উদ্বেগে জাগরিত ছিল ॥৯॥

'মহাত্মা অর্জ্জুন পুত্রশোকে অভিভূত হইয়া হঠাৎ জয়দ্রথবধের প্রতিজ্ঞা করিয়া ফেলিয়াছেন ॥১০॥

অতএব মহাবাহু ও বিপক্ষবীরহন্তা অর্জ্জুন কি করিয়া সেই প্রতিজ্ঞা সফল করিবেন' এইরূপ তাহারা চিন্তা করিতেছিল ॥১১॥

'মহাত্মা অর্জ্জুন পুত্রশোকে অভিভূত হইয়া এই কষ্টসাধ্য ব্যাপারে প্রবৃত্ত হইয়াছেন এবং গুরুতর প্রতিজ্ঞা করিয়া ফেলিয়াছেন। কারণ, জয়দ্রথও মহাবীর। তথাপি অর্জ্জুন সে প্রতিজ্ঞা উত্তীর্ণ হউন ॥১২॥

ওদিকে দুর্য্যোধন—বিক্রমশালী ভ্রাতৃগণ এবং বহুতর সৈন্য ইত্যাদি সমস্তই জয়দ্রথকে নিবেদন করিয়াছেন (তাঁহার সাহায্যার্থে নিযুক্ত করিয়াছেন) ॥১৩॥

স হত্বা সৈন্ধবং সংখ্যে পুনরেতু ধনঞ্জয়ঃ।
জিত্বা রিপুগণাংশ্চৈব পারয়ত্বর্জ্জুনো ব্রতম্ ॥১৪॥
অহত্বা সিন্ধুরাজং হি ধূমকেতুং প্রবেক্ষ্যতি।
ন হ্যসাবনৃতং কর্ত্তুমলং পার্থো ধনঞ্জয়ঃ ॥১৫॥
ধর্ম্মপুত্রঃ কথং রাজা ভবিষ্যতি মৃতেঽর্জ্জুনে।
তস্মিন্ হি বিজয়ঃ কৃৎস্নঃ পাণ্ডবেন সমাহিতঃ ॥১৬॥
যদি নঃ সুকৃতং কিঞ্চিদ্‌যদি দত্তং হুতং যদি।
ফলেন তেন সর্ব্বেণ সব্যসাচী জয়ত্বরীন্ ॥১৭॥
এবং কথয়তাং তেষাং জয়মাশংসতাং প্রভো!।
কৃচ্ছ্রেণ মহতা রাজন্! রজনী ব্যত্যবর্ত্তত ॥১৮॥

ভারতকৌমুদী

স ইতি। সৈন্ধবং সিন্ধুরাজম্। পারয়তু উত্তরতু, ব্রতং ব্রতমিব প্রতিজ্ঞাম্ ॥১৪॥
অহত্বেতি। ধূমকেতুমগ্নিম্, প্রবেক্ষ্যতি, তথৈব প্রতিজ্ঞানাৎ। অলং সমর্থঃ ॥১৫॥
ধর্ম্মেতি। পাণ্ডবেন ধর্ম্মপুত্রেণ, সমাহিতঃ স্থাপিতঃ ॥১৬॥
যদীতি। সুকৃতং পুণ্যমস্তি। তদা তেন তদীয়েন ॥১৭॥
এবমিতি। আশংসতাম্ আশীর্বিষয়ং কুর্ব্বতাম্। ব্যত্যবর্ত্তত অতীতা ॥১৮॥

তথাপি অর্জ্জুন যুদ্ধে জয়দ্রথকে বধ করিয়া পুনরায় আগমন করুন এবং অর্জ্জুন শত্রুগণকে জয় করিয়া ব্রতের ন্যায় প্রতিজ্ঞা উত্তীর্ণ হউন ॥১৪॥

যদি অর্জ্জুন জয়দ্রথকে বধ করিতে না পারেন, তবে তিনি নিশ্চয়ই অগ্নিতে প্রবেশ করিবেন। কেন না, পৃথানন্দন অর্জ্জুন নিজের কথা মিথ্যা করিতে পারিবেন না ॥১৫॥

অর্জ্জুন মরিয়া গেলে, যুধিষ্ঠির কি প্রকারে রাজা হইবেন? কেন না, যুধিষ্ঠির সমগ্র জয়ই অর্জ্জুনের উপরে স্থাপন করিয়াছেন ॥১৬॥

অতএব আমাদের যদি কিছু পুণ্য থাকে, আমরা যদি দান করিয়া থাকি, কিংবা যদি হোম করিয়া থাকি, তবে সেই সমস্তের ফলে অর্জ্জুন শত্রু জয় করুন' ॥১৭॥

প্রভু রাজা! পাণ্ডবপক্ষের সেই লোকেরা এইরূপ কথোপকথন করিতেছিল এবং জয়ের আশীর্ব্বাদ করিতেছিল, এই অবস্থায় অতিকষ্টে সেই রাত্রি অতীত হইল ॥১৮॥

(১৫)···অৰ্হঃ পার্থো ধনঞ্জয়ঃ—বঙ্গ বৰ্দ্ধ। (১৮) ··রজনিরভ্যবর্ত্তত—পি।

তস্যা রজন্যা মধ্যে তু প্রতিবুদ্ধো জনার্দ্দনঃ।
স্মৃত্বা প্রতিজ্ঞাং পার্থস্য দারুকং প্রত্যভাষত ॥১৯॥
অর্জ্জুনেন প্রতিজ্ঞাতমার্ত্তেন হতবন্ধুনা।
জয়দ্রথং হনিষ্যামি শ্বোভূত ইতি দারুক! ॥২০॥
তাস্তু দুর্য্যোধনঃ শ্রুত্বা মন্ত্রিভির্মন্ত্রয়িষ্যতি।
যথা জয়দ্রথং পার্থো ন হন্যাদিতি সংযুগে ॥২১॥
অক্ষৌহিণ্যো হি তাঃ সর্ব্বা রক্ষিষ্যন্তি জয়দ্রথম্।
দ্রোণশ্চ সহ পুত্রেণ সর্ব্বাস্ত্রবিধিপারগঃ ॥২২॥
একো বীরঃ সহস্রাক্ষো দৈত্যদানবমর্দ্দিতা।
সোঽপি তং নোৎসহেতাজৌ হন্তুং দ্রোণেন রক্ষিতম্ ॥২৩॥

ভারতকৌমুদী

তস্যা ইতি। প্রতিবুদ্ধো জাগরিতঃ। দারুকং তদাখ্যং স্বসারথিম্ ॥১৯॥
অর্জ্জুনেনেতি। হতবন্ধুনা হতপুত্রেণ। শ্বোভূতে পরদিনে জাতে ॥২০॥
তামিতি। তথা মন্ত্রয়িষ্যতি মন্ত্রয়েদিতি সম্ভাবনা ॥২১॥
অক্ষৌহিণ্য ইতি। দ্রোণশ্চ রক্ষিষ্যতীতি বচনবিপরিণামেনানুবৃত্তিঃ ॥২২॥
এক ইতি। সহস্রাক্ষ ইন্দ্রঃ। নোৎসহেত ন শক্নুয়াৎ, আজৌ যুদ্ধে ॥২৩॥

কিন্তু সেই রাত্রির মধ্যসময়ে কৃষ্ণ জাগরিত হইলেন এবং অর্জ্জুনের প্রতিজ্ঞা স্মরণ করিয়া দারুককে বলিলেন—॥১৯॥

'দারুক! অভিমন্যু নিহত হইলে, পুত্রশোকার্ত্ত অর্জ্জুন প্রতিজ্ঞা করিয়াছেন যে, আগামী কল্য জয়দ্রথকে বধ করিব ॥২০॥

দুর্য্যোধন সেই প্রতিজ্ঞা শুনিয়া মন্ত্রীদের সহিত সেইরূপ মন্ত্রণা করিবে, যাহাতে অর্জ্জুন যুদ্ধে জয়দ্রথকে বধ করিতে না পারেন ॥২১॥

সেই সমস্ত এগার অক্ষৌহিণী সৈন্য জয়দ্রথকে রক্ষা করিবে এবং সকল অস্ত্রপ্রয়োগে পারগামী দ্রোণও পুত্র অশ্বত্থামার সহিত মিলিত হইয়া তাহাকে রক্ষা করিবেন ॥২২॥

দৈত্য ও দানবগণের মর্দ্দনকারী একমাত্র বীর ইন্দ্র আছেন, তিনিও যুদ্ধে দ্রোণরক্ষিত জয়দ্রথকে বধ করিতে সমর্থ হইবেন না ॥২৩॥

(২০)…জয়দ্রথং বধিষ্যামি…পি। (২১) তন্তু দুর্য্যোধনঃ শ্রুত্বা…বা নি। (২৩)… দৈত্যদানবদর্পহা…বা নি।

সোঽহং শ্বস্তৎ করিষ্যামি যথা কুন্তীসুতোঽর্জ্জুনঃ।
অপ্রাপ্তেঽস্তং দিনকরে হনিষ্যতি জয়দ্রথম্ ॥২৪॥
নহি দারা ন মিত্রাণি জ্ঞাতয়ো ন চ বান্ধবাঃ।
কশ্চিদন্যঃ প্রিয়তমঃ কুন্তীপুত্রান্মমার্জ্জুনাৎ ॥২৫॥
অনর্জ্জুনমিমং লোকং মুহূর্ত্তমপি দারুক !।
উদীক্ষিতুং ন শক্তোঽহং ভবিতা ন চ তত্তথা ॥২৬॥
অহং বিজিত্য তান্ সর্ব্বান্ সহসা সহয়দ্বিপান্।
অর্জ্জুনার্থে হনিষ্যামি সকর্ণান্ সসুযোধনান্ ॥২৭॥
শ্বো নিরীক্ষন্তু মে বীর্য্যং ত্রয়ো লোকা মহাহবে।
ধনঞ্জয়ার্থে সমরে পরাক্রান্তস্য দারুক ! ॥২৮॥
শ্বো নরেন্দ্রসহস্রাণি রাজপুত্রশতানি চ।
সাশ্বদ্বিপরথান্যাজৌ বিদ্রবিষ্যন্তি দারুক ! ॥২৯॥

ভারতকৌমুদী

তর্হি তদ্বধে ক উপায় ইত্যাহ স ইতি। শ্বঃ পরদিনে ॥২৪॥
নম্বর্জ্জুনার্থে ত্বং কথং স্বপ্রতিজ্ঞাভঙ্গং করিষ্যসীত্যাহ নহীতি। দারাঃ কলত্রাণি ॥২৫॥
অনেতি। উদীক্ষিতুমবলোকয়িতুম্। তদ্ভুবনম্, তথা অনর্জ্জুনঞ্চ ন ভবিতা ॥২৬॥
অহমিতি। তান্ বিপক্ষান্ হয়ৈরশ্বৈঃ দ্বিপৈর্হস্তিভিশ্চ সহেতি তান্ ॥২৭॥
শ্ব ইতি। শ্বঃ পরদিনে, নিরীক্ষন্ত নিরীক্ষন্তাম্। সমরে মৃত্যুযুক্তে ॥২৮॥
শ্ব ইতি। অশ্বৈর্দ্বিপৈর্হস্তিভিঃ রথৈশ্চ সহেতি তানি, বিদ্রবিষ্যন্তি পলায়িষ্যন্তে ॥২৯॥

অতএব আমি আগামী কল্য তাহা করিব, যাহাতে কুন্তীনন্দন অর্জ্জুন সূর্য্য অস্ত যাইবার পূর্বে জয়দ্রথকে বধ করিতে পারেন ॥২৪॥

ভার্য্যা, মিত্র, জ্ঞাতি, কিংবা বন্ধু এমন কি কুন্তীনন্দন অর্জ্জুনভিন্ন অন্য কোন ব্যক্তিই আমার সেরূপ প্রিয়তম নহে ॥২৫॥

দারুক ! এমন কি, আমি মুহূর্ত্তকালও অর্জ্জুনশূন্য এই জগৎ দেখিতে সমর্থ নহি। তবে সে জগৎ সেরূপ হইবেও না ॥২৬॥

আমি জয় করিয়া অর্জ্জুনের জন্য শীঘ্রই কর্ণ, দুর্য্যোধন এবং তাহাদের হস্তী ও অশ্বপ্রভৃতির সহিত সমস্ত কৌরবপক্ষকে সংহার করিব ॥২৭॥

দারুক ! আগামী কল্য আমি অর্জ্জুনের জন্য মহাযুদ্ধে পরাক্রম প্রকাশ করিতে থাকিলে, ত্রিভুবনের লোক আমার শক্তি দর্শন করিবে ॥২৮॥

(২৫)…প্রিয়তরঃ…বা নি। (২৯)…বিদ্রবিষ্যামি দারুক !—বা নি।

শ্বস্তাং চক্রপ্রমথিতাং দ্রক্ষ্যসে নৃপবাহিনীম্।
ময়া ক্রুদ্ধেন সমরে পাণ্ডবার্থে নিপাতিতাম্ ॥৩০॥
শ্বঃ সদেবাঃ সগন্ধর্ব্বাঃ পিশাচোরগরাক্ষসাঃ।
জ্ঞাস্যন্তি লোকাঃ সর্ব্বে মাং সুহৃদং সব্যসাচিনঃ ॥৩১॥
যস্তং দ্বেষ্টি স মাং দ্বেষ্টি যস্তঞ্চানু স মামনু।
ইতি সঙ্কল্প্যতাং বুদ্ধ্যা শরীরার্দ্ধং মমার্জ্জুনঃ ॥৩২॥
তথা ত্বং মে প্রভাতায়ামস্যাং নিশি রথোত্তমম্।
কল্পয়িত্বা যথাশাস্ত্রমাদায় ব্রজ সংযতঃ ॥৩৩॥
গদাং কৌমোদকীং দিব্যাং শক্তিং চক্রং ধনুঃ শরান্।
আরোপ্য বৈ রথে সূত ! সর্ব্বোপকরণানি চ ॥৩৪॥

ভারতকৌমুদী

শ্ব ইতি। নৃপবাহিনীং দুর্য্যোধনসেনাম্ ॥৩০॥

শ্ব ইতি। সব্যসাচিনঃ সুহৃদং জ্ঞাস্যন্তি সর্ব্বথা তৎসাহায্যকরণাদিতি ভাবঃ ॥৩১॥

য ইতি। অনু ইত্থম্ভূতঃ প্রিয় ইত্যর্থঃ। কর্ম্মপ্রবচনীয়ে দ্বিতীয়া ॥৩২॥

তথেতি। কল্পয়িত্বা সজ্জীকৃত্য। সংযতঃ অশ্বচালনে সাবধানঃ ॥৩৩॥

গদামিতি। কৌমোদকীং নাম, "কৌমোদকী গদা" ইত্যমরঃ। সর্ব্বোপকরণানি অসিচর্ম্মাদীনি। রথস্য উপ উপরি তিষ্ঠতীতি তস্মিন্ বৈনতেয়স্য গরুড়স্য। জাম্বূনদানাং

দারুক ! আগামী কল্য হস্তী, অশ্ব ও রথের সহিত সহস্র সহস্র রাজা ও শত শত রাজপুত্র যুদ্ধে পলায়ন করিবেন ॥২৯॥

দারুক ! কাল তুমি দেখিবে—আমি ক্রুদ্ধ হইয়া পাণ্ডবগণের জন্য যুদ্ধে চক্রদ্বারা মথিত করিয়া দুর্য্যোধনের সৈন্য নিপাতিত করিব ॥৩০॥

দেব, গন্ধর্ব্ব, পিশাচ, নাগ, রাক্ষস ও সমস্ত লোক কাল আমাকে অর্জ্জুনের সুহৃদ্ বলিয়া জানিতে পারিবেন ॥৩১॥

যে অর্জ্জুনের দ্বেষ করে, সে আমারও দ্বেষ করে এবং যে অর্জ্জুনের প্রিয়, সে আমারও প্রিয় ; (স্থূল কথা—) অর্জ্জুন আমার অর্দ্ধ শরীর ইহা কাল সকলে বুদ্ধিদ্বারা অবগত হউক ॥৩২॥

দারুক ! এই রাত্রি প্রভাত হইলেই তুমি আমার উত্তম রথখানাকে যুদ্ধ-শাস্ত্র অনুসারে সাজাইয়া লইয়া সাবধানে যাইবে ॥৩৩॥

সারথি দারুক ! তুমি আমার কৌমোদকী গদা, দিব্য শক্তি, চক্র, ধনু, বাণ, ছত্র এবং অন্য সমস্ত উপকরণ রথে তুলিয়া লইয়া, ধ্বজের উপরে রথশোভা-

স্থানঞ্চ কল্পয়িত্বাথ রথোপস্থে ধ্বজোত্তমে।
বৈনতেয়স্য বীরস্য সমরে রথশোভিনঃ ॥৩৫॥
ছত্রং জাম্বূনদৈর্জালৈরর্কজ্বলনসন্নিভৈঃ।
বিশ্বকর্ম্মকৃতৈর্দ্দিব্যৈরশ্বানপি বিভূষিতান্ ॥৩৬॥
বলাহকং মেঘপুষ্পং শৈব্যং সুগ্রীবমেব চ।
যুক্ত্বা বাজিবরান্ যত্তঃ কবচী তিষ্ঠ দারুক! ॥৩৭॥ (কলাপকম্)
পাঞ্চজন্যস্য নির্ঘোষমার্ষভেণৈব পূরিতম্।
শ্রুত্বা সুভৈরবং নাদমুপযায়া জবেন মাম্ ॥৩৮॥
একাহ্নাহমমর্ষঞ্চ সর্ব্বদুঃখানি চৈব হ।
ভ্রাতুঃ পৈতৃষ্বস্রেয়স্য ব্যপনেষ্যামি দারুক! ॥৩৯॥
সর্ব্বোপায়ৈর্যতিষ্যামি যথা বীভৎসুরাহবে।
পশ্যতাং ধার্ত্তরাষ্ট্রাণাং হনিষ্যতি জয়দ্রথম্ ॥৪০॥

ভারতকৌমুদী

স্বর্ণানামিমানীতি জাম্বূনদানি তৈঃ, অর্কজ্বলনসন্নিভৈঃ সূর্য্যাগ্নিবদুজ্জ্বলৈঃ। বলাহকাদীনি চত্বারি চতুর্ণামশ্বনাং নামানি। তেষাং ব্যুৎপত্তয়স্ত প্রাগুক্তাঃ। যুক্ত্বা রথে সংযোজ্য, যত্তো রথচালনে যত্নবান্, কবচী বর্ম্মধারী চ সন্ তিষ্ঠ ॥৩৪—৩৭॥

পাঞ্চেতি। আর্ষভেণ ঋষভস্বরেণ, পূরিতং পূরণজনিতম্। নাদং কোলাহলঞ্চ ॥৩৮॥

একেতি। অমর্ষং ক্রোধম্। ভ্রাতুরর্জ্জুনস্য, পৈতৃষ্বস্রেয়স্য পিতৃষ্বসৃপুত্রস্য ॥৩৯॥

সর্বেতি। বীভৎসুরর্জ্জুনঃ। পশ্যতামিত্যনাদরে ষষ্ঠী ॥৪০॥

কারী বীর গরুড়ের স্থান কল্পনা করিয়া, বিশ্বকর্ম্মনির্ম্মিত, সূর্য্য ও অগ্নির ন্যায় উজ্জ্বল এবং দিব্য স্বর্ণজালে বিভূষিত বলাহক, মেঘপুষ্প, শৈব্য ও সুগ্রীবনামক চারিটী উত্তম অশ্বকে রথে সংযুক্ত করিয়া, কবচ ধারণপূর্ব্বক যত্নবান্ হইয়া থাকিও ॥৩৪—৩৭॥

তা'র পর ঋষভস্বরপূরণজনিত পাঞ্চজন্যশঙ্খের ধ্বনি এবং ভয়ঙ্কর কোলাহল শুনিয়া বেগে আমার নিকট আসিও ॥৩৮॥

দারুক! আমি একদিনেই পিতৃষ্বসৃপুত্র ভ্রাতা (পিস্‌তুত ভাই) অর্জ্জুনের ক্রোধ এবং সমস্ত দুঃখ দূর করিব ॥৩৯॥

আমি সমস্ত উপায়ে এমন চেষ্টা করিব, যাহাতে অর্জ্জুন যুদ্ধে ধার্ত্তরাষ্ট্রগণের সমক্ষেই জয়দ্রথকে বধ করিতে পারেন ॥৪০॥

(৩৫)…রথোপস্থে ধ্বজস্য মে…বঙ্গ বর্দ্ধ বা নি। (৩৬)…অশ্বানপি বিভূষয়…নি। (৩৭) …যত্তঃ! কবচী তিষ্ঠ··পি। (৩৮)…শ্রুত্বা চ ভৈরবং নাদম্…পি।

যস্য যস্য চ বীভৎসুর্বধে যত্নং করিষ্যতি।
আশংসে সারথে! তত্র ভবিতাস্য ধ্রুবো জয়ঃ ॥৪১॥

দারুক উবাচ।

জয় এব ধ্রুবস্তস্য কুত এব পরাজয়ঃ।
যস্য ত্বং পুরুষব্যাঘ্র! সারথ্যমুপজগ্মিবান্ ॥৪২॥
এবঞ্চৈতৎ করিষ্যামি যথা মামনুশাসসি।
সুপ্রভাতামিমাং রাত্রিং জয়ায় বিজয়স্য হি ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং কৃষ্ণদারুকসংভাষণে সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

যস্যেতি। বীভৎসুরর্জ্জুনঃ। তত্র তস্মিন্ তস্মিন্ শত্রৌ, অস্য বীভৎসোঃ ॥৪১॥

জয় ইতি। উপজগ্মিবান্ অঙ্গীকৃতবান্। পুরুষব্যাঘ্রত্বাদেবেতি ভাবঃ ॥৪২॥

এবমিতি। অনুশাসসি অনুশাস্সি উপদিশসি। বিকরণলোপাভাব আর্ষঃ। রাত্রিমিতি অত্যন্তসংযোগে দ্বিতীয়া। বিজয়স্য অর্জ্জুনস্য ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

সারথি! আমি আশা করি—অর্জ্জুন যাহার যাহার বধে যত্ন করিবেন, সেই সেই শত্রুর যুদ্ধেই অর্জ্জুনের নিশ্চিত জয় হইবে' ॥৪১॥

দারুক বলিল—'পুরুষশ্রেষ্ঠ! আপনি যাঁহার সারথ্য স্বীকার করিয়াছেন, নিশ্চয়ই তাঁহার জয় হইবে; পরাজয় কেন হইবে ॥৪২॥

সে যাহা হউক, আপনি আমাকে যেরূপ আদেশ করিলেন, আমি সেই ভাবেই অর্জ্জুনের জয়ের জন্য এই রাত্রিপ্রভাতে সে সমস্ত করিব' ॥৪৩॥

———:০:———

(৪২)…কুতস্তস্য পরাজয়ঃ—…বঙ্গ বর্দ্ধ। (৪৩)…যথা মামনুভাষসে…নি,…অপ্রভাতামিমাং রাত্রিম্…পি,…শ্বঃ প্রভাতামিমাং রাত্রিম্…বর্দ্ধ,…বিজয়স্য হ—পি। * 'সপ্ত-সপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…একোনাশীতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

একসপ্ততিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

কুন্তীপুত্রস্তু তং মন্ত্রং স্মরন্নেব ধনঞ্জয়ঃ।
প্রতিজ্ঞামাত্মনো রক্ষন্ মুমোহাচিন্ত্যবিক্রমঃ ॥১॥
তন্তু শোকেন সন্তপ্তং স্বপ্নে কপিবরধ্বজম্।
আসসাদ মহাতেজা ধ্যায়ন্তং গরুড়ধ্বজঃ ॥২॥
প্রত্যুত্থানন্তু কৃষ্ণস্য সর্ব্বাবস্থং ধনঞ্জয়ঃ।
ন লোপয়তি ধর্ম্মাত্মা ভক্ত্যা প্রেম্ণা চ সর্ব্বদা ॥৩॥
প্রত্যুত্থায় চ গোবিন্দং স তস্মা আসনং দদৌ।
ন চাসনে স্বয়ং বুদ্ধিং বীভৎসুর্ব্যদধাত্তদা ॥৪॥
ততঃ কৃষ্ণো মহাতেজা জানন্ পার্থস্য নিশ্চয়ম্।
কুন্তীপুত্রমিদং বাক্যমাসীনঃ স্থিতমব্রবীৎ ॥৫॥

ভারতকৌমুদী

কুন্তীতি। তং দ্বিতীয়বনবাসকালে ব্যাসপ্রদত্তম্, শিবস্য মন্ত্রম্। মুমোহ নিদদ্রৌ ॥১॥
তমিতি। কপিবরধ্বজমর্জ্জুনম্। ধ্যায়ন্তং শিবম্, গরুড়ধ্বজঃ কৃষ্ণঃ ॥২॥
প্রতীতি। ন লোপয়তি ন ত্যজতি। অধ্যায়সমাপ্তিং যাবৎ স্বপ্নবৃত্তান্তো জ্ঞেয়ঃ ॥৩॥
প্রতীতি। স্বয়ং বুদ্ধিম্ আত্মন উপবেশনেচ্ছাম্। স দণ্ডায়মান এবাসীদিত্যর্থঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ওদিকে অচিন্তনীয়বিক্রমশালী কুন্তীনন্দন অর্জ্জুন আপন প্রতিজ্ঞা রক্ষা করিবার জন্য সেই বেদব্যাসপ্রদত্ত শিবমন্ত্র স্মরণ করিতে করিতে নিদ্রিত হইয়া পড়িলেন ॥১॥

ক্রমে অর্জ্জুনের স্বপ্নমধ্যে শোকসন্তপ্ত ও শিবের ধ্যানকারী অর্জ্জুনের নিকটে মহাতেজা কৃষ্ণ আগমন করিলেন ॥২॥

কৃষ্ণ আগমন করিলে, ধর্ম্মাত্মা অর্জ্জুন ভক্তি ও প্রণয়বশতঃ সর্বদা সমস্ত অবস্থাতেই গাত্রোত্থান করিতেন ॥৩॥

সুতরাং তখনও অর্জ্জুন কৃষ্ণকে দেখিয়া গাত্রোত্থান করিয়া তাঁহাকে বসিবার আসন দিলেন, কিন্তু নিজে আসনে বসিবার ইচ্ছা করিলেন না, (দাঁড়াইয়াই রহিলেন) ॥৪॥

মা বিষাদে মনঃ পার্থ! কৃথাঃ কালো হি দুর্জয়ঃ।
কালঃ সর্ব্বাণি ভূতানি নিয়চ্ছতি পরে বিধৌ ॥৬॥
কিমর্থঞ্চ বিষাদস্তে তদ্‌ব্রূহি দ্বিপদাং বর!।
ন শোচিতব্যং বিদুষা শোকঃ কার্য্যবিনাশনঃ ॥৭॥
যত্তু কার্য্যং ভবেৎ কার্য্যং কর্ম্মণা তৎ সমাচর।
হীনচেষ্টস্য যঃ শোকঃ স হি শত্রুর্ধনঞ্জয়! ॥৮॥
শোচন্ নন্দয়তে শত্রূন্ কর্শয়ত্যপি বান্ধবান্।
ক্ষীয়তে চ নরস্তস্মান্ন ত্বং শোচিতুমর্হসি ॥৯॥
ইত্যুক্তো বাসুদেবেন বীভৎসুরপরাজিতঃ।
আবভাষে তদা বিদ্বানিদং বচনমর্থবৎ ॥১০॥

ভারতকৌমুদী

তত ইতি। আসীন উপবিষ্টঃ, স্থিতং দণ্ডায়মানম্ ॥৫॥
মেতি। ভূতানি প্রাণিনঃ, নিয়চ্ছতি প্রযোজয়তি, পরে বিধৌ কর্ম্মণি ॥৬॥
কিমিতি। বিষাদো জাত ইতি শেষঃ। হে দ্বিপদাং মনুষ্যাণাং বর! ॥৭॥
যদিতি। কার্য্যং কর্ম্ম, কার্য্যং কর্ত্তব্যম্। শত্রুঃ শত্রুস্বরূপঃ কার্য্যনাশকত্বাৎ ॥৮॥
শোচন্নিতি। কর্শয়তি দুঃখীকরোতি। ক্ষীয়তে ক্ষীণসম্পদ্ভবতি ॥৯॥
ইতীতি। বিদ্বান্ জ্ঞাতবস্তুতত্ত্বঃ। অর্থবৎ যুক্তিযুক্তম্ ॥১০॥

তাহার পর উপবিষ্ট মহাতেজা কৃষ্ণ অর্জুনের প্রতিজ্ঞার বিষয় স্মরণ করিয়া দণ্ডায়মান অবস্থাতেই তাঁহাকে এই কথা বলিলেন—॥৫॥

'অর্জ্জুন! বিষাদে মনোনিবেশ করিও না। কারণ, কাল—দুর্জ্জয়। সুতরাং কাল সকল প্রাণীকেই পর কর্ত্তব্যে নিযুক্ত করে ॥৬॥

মনুষ্যশ্রেষ্ঠ! কি জন্য তোমার বিষাদ জন্মিয়াছে, তাহা বল। দেখ—জ্ঞানী লোকের শোক করা উচিত নহে। কারণ, শোক কার্য্য নষ্ট করে ॥৭॥

অতএব অর্জুন! যে কার্য্য কর্ত্তব্য হইবে, চেষ্টা করিয়া তাহা সম্পাদন কর। নিশ্চেষ্টলোকের যে শোক, তাহা শত্রুস্বরূপ ॥৮॥

মানুষ শোক করিতে থাকিয়া শত্রুদিগকে আনন্দিত এবং বন্ধুদিগকে দুঃখিত করে, বিশেষতঃ নানাদিকে ক্ষতিগ্রস্ত হয়। অতএব তুমি শোক করিও না' ॥৯॥

কৃষ্ণ এইরূপ বলিলে, অপরাজিত ও বুদ্ধিমান্ অর্জুন তখন এই যুক্তিযুক্ত কথা বলিলেন—॥১০॥

(৭)...তদ্‌ব্রূহি বদতাং বর!...বর্দ্ধ।

ময়া প্রতিজ্ঞা মহতী জয়দ্রথবধে কৃতা।
শ্বোঽস্মি হন্তা দুরাত্মানং পুত্রঘ্নমিতি কেশব ! ॥১১॥
মৎপ্রতিজ্ঞাবিঘাতার্থং ধার্ত্তরাষ্ট্রৈঃ কিলাচ্যুত !।
পৃষ্ঠতঃ সৈন্ধবঃ কার্য্যঃ সর্ব্বৈর্গুপ্তো মহারথৈঃ ॥১২॥
দশ চৈকা চ তাঃ কৃষ্ণ ! অক্ষৌহিণ্যশ্চ দুর্জয়াঃ।
হতাবশেষাস্তত্রেমা দশ মাধব ! সংখ্যয়া ॥১৩॥
তাভিঃ পরিবৃতঃ সংখ্যে সর্ব্বৈশ্চৈব মহারথৈঃ।
কথং শক্যেত সংদ্রষ্টুং দুরাত্মা কৃষ্ণ ! সৈন্ধবঃ ॥১৪॥
প্রতিজ্ঞাপারণঞ্চাপি ন ভবিষ্যতি কেশব !।
প্রতিজ্ঞায়াঞ্চ হীনায়াং কথং জীবেত মদ্বিধঃ ॥১৫॥
দুঃখোপায়স্য মে বীর ! বিকাঙ্ক্ষা পরিবর্ত্ততে।
দ্রুতঞ্চ যাতি সবিতা তত এতদ্‌ব্রবীম্যহম্ ॥১৬॥

ভারতকৌমুদী

ময়েতি। শ্বঃ পরদিনে, অস্মি অহম্ ॥১১॥
মদিতি। সৈন্ধবো জয়দ্রথঃ, কার্য্যঃ কর্ত্তব্যঃ, গুপ্তো রক্ষিতঃ ॥১২॥
দশেতি। দশ চৈকা চাসন্। ইদানীন্তু দশাক্ষৌহিণ্যো বর্ত্তন্তে ॥১৩॥
তাভিরিতি। সংখ্যে রণাঙ্গনে। সৈন্ধবঃ সিন্ধুরাজঃ ॥১৪॥
অথ জয়দ্রথস্যাদর্শনে কা ক্ষতিরিত্যাহ প্রতিজ্ঞেতি। প্রতিজ্ঞায়াঃ পারণমুত্তরণম্ ॥১৫॥

'কৃষ্ণ ! জয়দ্রথ আমার পুত্রবধের কারণ বলিয়া আগামী কল্য সেই দুরাত্মাকে বধ করিব, এইরূপ আমি জয়দ্রথবধে গুরুতর প্রতিজ্ঞা করিয়াছি ॥১১॥

অথ চ কৃষ্ণ ! ধার্ত্তরাষ্ট্রেরা আমার প্রতিজ্ঞাভঙ্গ করিবার জন্য সমস্ত মহারথকর্ত্তৃক রক্ষিতভাবে জয়দ্রথকে পিছনে রাখিবে ॥১২॥

কৃষ্ণ ! মাধব ! কৌরবপক্ষে দুর্জয় এগার অক্ষৌহিণী সৈন্য ছিল ; এখন হতাবশিষ্ট দশ অক্ষৌহিণী রহিয়াছে ॥১৩॥

সুতরাং কৃষ্ণ ! দুরাত্মা জয়দ্রথ সেই দশ অক্ষৌহিণী সৈন্য ও সমস্ত মহারথগণকর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া রহিলে, আমরা কি প্রকারে তাহাকে দেখিতে সমর্থ হইব ॥১৪॥

কৃষ্ণ ! তাহাকে দেখিতে না পাইলে, প্রতিজ্ঞা হইতে উত্তীর্ণ হওয়াও আমার হইবে না। প্রতিজ্ঞাভঙ্গ হইলে আমার মত লোক কি করিয়া জীবিত থাকিবে ? ॥১৫॥

(১৩)···অক্ষৌহিণ্যঃ সুদুর্জয়াঃ···হন্ত মাধব !···নি। (১৫) প্রতিজ্ঞাপালনঞ্চাপি···পি।

শোকস্থানন্তু তচ্ছ্রুত্বা পার্থস্য দ্বিজকেতনঃ।
সংস্পৃশ্যাম্ভস্ততঃ কৃষ্ণঃ প্রাঙ্মুখঃ সমবস্থিতঃ ॥১৭॥
ইদং বাক্যং মহাতেজা বভাষে পুষ্করেক্ষণঃ।
হিতার্থং পাণ্ডুপুত্রস্য সৈন্ধবস্য বধে ধৃতঃ ॥১৮॥
পার্থ! পাশুপতং নাম পরমাস্ত্রং সনাতনম্।
যেন সর্ব্বান্ মৃধে দৈত্যান্ জঘ্নে দেবো মহেশ্বরঃ ॥১৯॥
যদি তদ্বিদিতং তেঽদ্য শ্বো হন্তাসি জয়দ্রথম্।
অথাজ্ঞাতং প্রপদ্যস্ব মনসা বৃষভধ্বজম্ ॥২০॥
তং দেবং মনসা ধ্যাত্বা জপন্নাস্স্ব ধনঞ্জয়!।
ততস্তস্য প্রসাদাত্ত্বং ভক্তঃ প্রাপ্স্যসি তন্মহৎ ॥২১॥

ভারতকৌমুদী

দুঃখেতি। দুঃখো দুষ্কর উপায়ো যস্য তাদৃশস্য জয়দ্রথবধস্য, বিকাঙ্ক্ষা প্রাগ্জাতা আকাঙ্ক্ষা, পরিবর্ত্ততে নিবর্ত্তত ইত্যর্থঃ। যাতি অস্তম্, মার্গশীর্ষমাসতয়া দিনমানস্যাল্পত্বাৎ। ততশ্চ দীর্ঘকালমন্বেষণমপি ন সম্ভবেদিতি ভাবঃ ॥১৬॥

শোকেতি। শোকস্য স্থানং কারণম্। দ্বিজঃ পক্ষী গরুড়ঃ কেতনে ধ্বজে যস্য সঃ। অম্ভঃ সংস্পৃশ্য আচম্য। আচমনং প্রাঙ্মুখতয়া সমবস্থানঞ্চ শিবস্মরণার্থম্ ॥১৭॥

ইদমিতি। পুষ্করেক্ষণঃ পদ্মনয়নঃ। সৈন্ধবস্য জয়দ্রথস্য, ধৃতঃ কৃতাগ্রহঃ ॥১৮॥

পার্থেতি। সনাতনম্ অনাশ্যম্। মৃধে যুদ্ধে ॥১৯॥

যদীতি। বিদিতং স্মৃতম্, প্রাগেব তৎপ্রাপ্তেঃ। অজ্ঞাতম্ অস্মৃতম্, প্রপদ্যস্ব আশ্রয় ॥২০॥

অতএব বীর! দুঃসাধ্য জয়দ্রথবধের আকাঙ্ক্ষা আমার পরিবর্ত্তিত হইয়াছে (উল্‌টিয়া গিয়াছে)। বিশেষতঃ বর্ত্তমান সময়ে সূর্য্য দ্রুত অস্ত যাইয়া থাকেন। সেই জন্যই আমি এই কথা বলিতেছি' ॥১৬॥

গরুড়ধ্বজ কৃষ্ণ অর্জুনের সেই শোকের কারণ শুনিয়া আচমন করিয়া পরে পূর্বমুখ হইয়া থাকিলেন ॥১৭॥

তৎপরে মহাতেজা কৃষ্ণ জয়দ্রথবধে আগ্রহান্বিত হইয়া অর্জুনের হিতের জন্য এই কথা বলিলেন—॥১৮॥

'অর্জুন! 'পাশুপত-'নামক পরমাস্ত্র চিরস্থায়ী। যাহাদ্বারা মহাদেব যুদ্ধে সমস্ত দৈত্য বধ করিয়াছিলেন ॥১৯॥

এখন যদি তোমার সেই অস্ত্রের স্মরণ থাকে, তবে কল্য জয়দ্রথকে বধ করিতে পারিবে; আর যদি স্মরণ না থাকে, তবে মনে মনে মহাদেবের শরণাপন্ন হও ॥২০॥

ততঃ কৃষ্ণবচঃ শ্রুত্বা সংস্পৃশ্যাম্ভো ধনঞ্জয়ঃ।
ভূমাবাসীন একাগ্রো জগাম মনসা ভবম্ ॥২২॥
ততঃ প্রণিহিতো ব্রাহ্মে মুহূর্ত্তে শুভলক্ষণে।
আত্মানমর্জ্জুনোঽপশ্যদ্‌গগনে সহকেশবম্ ॥২৩॥
পুণ্যং হিমবতঃ পাদং মণিমন্তঞ্চ পর্ব্বতম্।
জ্যোতির্ভিশ্চ সমাকীর্ণং সিদ্ধচারণসেবিতম্ ॥২৪॥ (যুগ্মকম্)
বায়ুবেগগতিঃ পার্থঃ খং ভেজে সহকেশবঃ।
কেশবেন গৃহীতঃ স দক্ষিণে বিভুনা ভুজে ॥২৫॥
প্রেক্ষমাণো বহূন্ ভাবান্ জগামাদ্ভুতদর্শনান্।
উদীচ্যাং দিশি ধর্ম্মাত্মা সোঽপশ্যচ্ছ্বেতপর্ব্বতম্ ॥২৬॥

ভারতকৌমুদী

তমিতি। আসস্ব তিষ্ঠ। মহৎ তৎ পাশুপতাস্ত্রম্, প্রাপ্স্যসি স্মরিষ্যসি ॥২১॥

তত ইতি। অম্ভঃ সংস্পৃশ্য আচম্য। মনসা ভবং জগাম শিবং দধ্যৌ ॥২২॥

তত ইতি। প্রণিহিতো ধ্যানস্থঃ। অপশ্যৎ স্বপ্ন এব, কেশবেন সহেতি সহকেশবস্তম্। পাদং প্রত্যন্তপর্ব্বতভূতম্, মণিমন্তং নাম পর্বতঞ্চাপশ্যৎ। জ্যোতির্ভিস্তেজোভিঃ ॥২৩—২৪॥

বায়্বিতি। বায়োরিব বেগেন গতির্যস্য সঃ, স্বাপ্নিকত্বাৎ, খমাকাশম্ ॥২৫॥

প্রেক্ষেতি। ভাবান্ পদার্থান্। স কৃষ্ণসহচরোঽর্জ্জুনঃ, অপশ্যৎ স্বপ্ন এব ॥২৬॥

অর্জুন! তুমি মনে মনে সেই মহাদেবকে ধ্যান করিতে থাকিয়া তাঁহার মন্ত্র জপ করিতে থাক। তাহা হইলেই তুমি তাঁহার ভক্ত বলিয়া তাঁহার অনুগ্রহে সেই মহাস্ত্র পাইবে (স্মরণ করিতে পারিবে)' ॥২১॥

তদনন্তর অর্জুন কৃষ্ণের বাক্য শুনিয়া আচমন করিয়া ভূতলে উপবিষ্ট হইয়া একাগ্রচিত্তে শিবের ধ্যান করিতে লাগিলেন ॥২২॥

তৎপরে ধ্যানস্থ অর্জুন শুভলক্ষণ ব্রাহ্মমুহূর্ত্তে আকাশে কৃষ্ণের সহিত আপনাকে দেখিতে পাইলেন এবং হিমালয়ের সন্নিকটে তেজে পরিপূর্ণ ও সিদ্ধ-চারণ-সেবিত পবিত্র মণিমান্ পর্বত দর্শন করিলেন ॥২৩—২৪॥

ক্রমে অর্জ্জুন কৃষ্ণের সহিত বায়ুর ন্যায় বেগে গমন করিয়া উচ্চ আকাশে উঠিলেন; তৎকালে ভগবান্ কৃষ্ণ অর্জ্জুনের দক্ষিণ বাহু ধারণ করিয়াছিলেন ॥২৫॥

পরে ধর্ম্মাত্মা অর্জ্জুন অদ্ভুতদর্শন বহুতর পদার্থ দর্শন করিতে করিতে উত্তর দিকে যাইতে লাগিলেন। ক্রমে তিনি শ্বেতপর্ব্বত দর্শন করিলেন ॥২৬॥

কুবেরস্য বিহারে চ নলিনীং পদ্মভূষিতাম্।
সরিচ্ছ্রেষ্ঠাঞ্চ তাং গঙ্গাং বীক্ষমাণো বহূদকাম্ ॥২৭॥
সদাপুষ্পফলৈর্ব্বৃক্ষৈরুপেতাং স্ফটিকোপমাম্।
সিংহব্যাঘ্রসমাকীর্ণাং নানামৃগসমাকুলাম্ ॥২৮॥
পুণ্যাশ্রমবতীং রম্যাং মনোজ্ঞাণ্ডজসেবিতাম্।
মন্দরস্য প্রদেশাংশ্চ কিন্নরোদ্‌গীতনাদিতান্ ॥২৯॥
হেমরূপ্যময়ৈঃ শৃঙ্গৈর্নানৌষধিবিভূষিতান্।
তথা মন্দারবৃক্ষৈশ্চ পুষ্পিতৈরুপশোভিতান্ ॥৩০॥ (কলাপকম্)
স্নিগ্ধাঞ্জনচয়াকারং সংপ্রাপ্তঃ কালপর্ব্বতম্।
ব্রহ্মতুঙ্গং নদীশ্চান্যাস্তথা জনপদানপি ॥৩১॥
সুশৃঙ্গং শতশৃঙ্গঞ্চ শর্যাতিবনমেব চ।
পুণ্যমশ্বশিরঃ স্থানং স্থানমাথর্ব্বণস্য চ ॥৩২॥
বৃষদংশঞ্চ শৈলেন্দ্রং মহামন্দরমেব চ।
অপ্সরোভিঃ সমাকীর্ণং কিন্নরৈশ্চোপশোভিতম্ ॥৩৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

কুবেরস্যেতি। বিহরত্যস্মিন্নিতি বিহার উদ্যানং তস্মিন্, নলিনীং পদ্মসরসীম্। সদা পুষ্পাণি ফলানি চ যেষু তৈঃ, স্ফটিকোপমাং স্ফটিকবৎ স্বচ্ছজলাম্। নানা মৃগৈঃ পশুভিঃ সমাকুলাং ব্যাপ্তাম্ মনোজ্ঞৈরণ্ডজৈঃ পক্ষিভিঃ সেবিতাম্। মন্দরস্য পর্ব্বতস্য কিন্নরাণামুদ্‌গীতৈ-রুচ্চস্বরগানৈর্নাদিতান্। নানা ওষধিভির্লতাভির্বিভূষিতান্। বীক্ষমাণো জগামেত্যনু-বৃত্তিঃ ॥২৭—৩০॥

স্নিগ্ধেতি। ব্রহ্মতুঙ্গং নাম পর্ব্বতম্। সুশৃঙ্গং শতশৃঙ্গঞ্চ পর্ব্বতম্। আথর্বণস্য ঋষেঃ। সমাকীর্ণং ব্যাপ্তম্ ॥৩১—৩৩॥

তাহার পরে তাঁহারা কুবেরের উদ্যানে একটী পদ্মভূষিত সরোবর এবং বহুজলপূর্ণ নদীশ্রেষ্ঠা গঙ্গাকে দর্শন করিলেন; তাহার জল স্ফটিকের ন্যায় নির্ম্মল এবং তীরে সর্ব্বদা পুষ্প-ফলান্বিত নানাবিধ বৃক্ষ ছিল; তাহার মধ্যে সিংহ, ব্যাঘ্র ও অন্যান্য নানাবিধ পশু বিচরণ করিতেছিল, পবিত্র আশ্রম সকল শোভা পাইতেছিল ও সুন্দর পক্ষী সকল উড়িয়া বেড়াইতেছিল। আর মন্দরপর্ব্বতের সন্নিহিত প্রদেশে কিন্নরেরা গান করিতেছিল এবং স্বর্ণময় ও রৌপ্যময় শৃঙ্গ, নানাবিধ লতা ও পুষ্পময় মন্দারবৃক্ষ সকল সে প্রদেশগুলির শোভা জন্মাইতে-ছিল ॥২৭—৩০॥

(২৮)…স্ফটিকোপলাম্…পি বা নি।

তস্মিন্ শৈলে ব্রজন্ পার্থঃ সকৃষ্ণঃ সমবৈক্ষত।
শুভৈঃ প্রস্রবণৈর্জুষ্টাং হেমধাতুবিভূষিতাম্ ॥৩৪॥
চন্দ্ররশ্মিপ্রকাশাঙ্গীং পৃথিবীং পুরমালিনীম্।
সমুদ্রাংশ্চাদ্ভুতাকারানপশ্যদ্বহুলাকরান্ ॥৩৫॥ (যুগ্মকম্)
বিয়দ্দ্যাং পৃথিবীঞ্চৈব তথা বিষ্ণুপদং ব্রজন্।
বিস্মিতঃ সহ কৃষ্ণেন ক্ষিপ্তো বাণ ইবাভ্যগাৎ ॥৩৬॥
গ্রহনক্ষত্রসোমানাং সূর্য্যাগ্ন্যোশ্চ সমত্বিষম্।
অপশ্যত তদা পার্থো জ্বলন্তমিব পর্ব্বতম্ ॥৩৭॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। জুষ্টাং সেবিতাম্। চন্দ্ররশ্মিপ্রকাশানি অঙ্গানি যস্যাস্তাম্ ॥৩৪—৩৫॥

বিয়দিতি। বিস্মিতঃ পার্থঃ কৃষ্ণেন সহ তথা বিষ্ণুপদমাকাশং ব্রজন্, ক্রমেণ পৃথিবীম্, দ্যাং স্বর্গম্, বিয়দাকাশঞ্চ, ক্ষিপ্তো বাণ ইব, অভ্যগাৎ স্বপ্নে অত্যক্রামৎ ॥৩৬॥

গ্রহেতি। গ্রহা বৃহস্পত্যাদয়ঃ। সমত্বিষং সমানদ্যুতিম্ ॥৩৭॥

ক্রমে কৃষ্ণ ও অর্জ্জুন যাইতে যাইতে স্নিগ্ধ কজ্জলরাশির ন্যায় কালপর্ব্বত, ব্রহ্মতুঙ্গপর্বত, অন্যান্য নদী, বহু জনপদ, সুশৃঙ্গ ও শতশৃঙ্গ পর্ব্বত, শর্য্যাতিবন, পবিত্র অশ্বশিরঃস্থান, আথর্বণঋষির তপোবন, বৃষদংশপর্ব্বত অতিক্রম করিয়া অপ্সরোগণব্যাপ্ত ও কিন্নরশোভিত পর্ব্বতশ্রেষ্ঠ মহামন্দরে যাইয়া উপস্থিত হইলেন ॥৩১—৩৩॥

কৃষ্ণ ও অর্জ্জুন সেই মহামন্দরপর্বতের উপর দিয়া যাইতে থাকিয়া দেখিলেন—নীচের দিকে স্বর্ণ ও নানাধাতুবিভূষিতা এবং নগরমালাশালিনী পৃথিবীর অঙ্গ সকল সুন্দর প্রস্রবণ (ঝরণা) পতিত হইতে থাকায় চন্দ্ররশ্মির ন্যায় প্রকাশ পাইতেছে; আরও দেখিলেন—বহু রত্নের আকর সমুদ্র সকল অদ্ভুত আকারে বিরাজ করিতেছে ॥৩৪—৩৫॥

অর্জ্জুন কৃষ্ণের সহিত সেইভাবে আকাশে গমন করিতে থাকিয়া বিস্ময়াপন্ন হইয়া নিক্ষিপ্ত বাণের ন্যায় দ্রুত পৃথিবী, স্বর্গ ও আকাশ অতিক্রম করিতে লাগিলেন ॥৩৭॥

ক্রমে তিনি—গ্রহ, নক্ষত্র, চন্দ্র, সূর্য্য ও অগ্নির ন্যায় উজ্জ্বল একটা পর্ব্বত দেখিতে পাইলেন ॥৩৭॥

---

(৩৫)···প্রভাসাঙ্গীম্··বর্দ্ধ।

সমাসাদ্য তু তং শৈলং শৈলাগ্রে সমবস্থিতম্।
তপোনিত্যং মহাত্মানমপশ্যদ্বৃষভধ্বজম্ ॥৩৮॥
সহস্রমিব সূর্য্যাণাং দীপ্যমানং স্বতেজসা।
শূলিনং জটিলং গৌরং বল্কলাজিনবাসসম্ ॥৩৯॥
নয়নানাং সহস্রৈশ্চ বিচিত্রাঙ্গং মহৌজসম্।
পার্ব্বত্যা সহিতং দেবং ভূতসংঘৈশ্চ ভাস্বরৈঃ ॥৪০॥
গীতবাদিত্রসংহ্রাদৈর্হাস্যলাস্যসমন্বিতৈঃ।
বল্গিতাস্ফোটিতোৎক্রুষ্টৈঃ পুণ্যৈর্গন্ধৈশ্চ শোভিতম্ ॥৪১॥
স্তূয়মানং স্তবৈর্দিব্যৈর্মুনিভির্ব্রহ্মবাদিভিঃ।
গোপ্তারং সর্ব্বভূতানামিষ্বাসধরমচ্যুতম্ ॥৪২॥ (কুলকম্)
বাসুদেবস্তু তং দৃষ্ট্বা জগাম শিরসা ক্ষিতিম্।
পার্থেন সহ ধর্ম্মাত্মা গৃণন্ ব্রহ্ম সনাতনম্ ॥৪৩॥

ভারতকৌমুদী

সমিতি। তপো নিত্যং সদাতনং যস্য তম্। বৃষভধ্বজং মহাদেবম্। জটিলং জটাধারিণম্, গৌরং শুভ্রবর্ণম্, বল্কলবং অজিনং ব্যাঘ্রচর্ম্ম বাসো যস্য তম্। ভূতসংঘৈঃ প্রমথগণৈঃ। গীতবাদিত্রয়োঃ সংহ্রাদৈর্মিলিতশব্দৈঃ, হাস্যম্ আমোদহাসঃ লাস্যং স্ত্রীনৃত্যম্, "পুংনৃত্যং তাণ্ডবং প্রাহুঃ স্ত্রীনৃত্যং লাস্যমুচ্যতে" ইতি সঙ্গীতনারায়ণধৃতনারদবচনাৎ তাভ্যাং সমন্বিতৈঃ। বল্গিতং তাণ্ডবম্ আস্ফোটিতং সশব্দং নৃত্যম্ উৎক্রুষ্টং তালানুসারী শব্দস্তৈঃ। ব্রহ্মবাদিভির্বেদবক্তৃভিঃ। গোপ্তারং রক্ষকম্, ইষ্বাসধরং ধনুর্দ্ধরম্, অচ্যুতং যোগাদভ্রষ্টম্ ॥৩৮—৪২॥

বাস্বিতি। শিরসা ক্ষিতিং জগাম ভূতলপর্য্যন্তং মস্তকং নমিতবান্। গৃণন্ স্তবন্ ॥৪৩॥

পরে কৃষ্ণ ও অর্জ্জুন সেই পর্ব্বতে উপস্থিত হইয়া তাহার উপরে অবস্থিত সর্ব্বদা তপস্যায় ব্যাপৃত মহাত্মা মহাদেবকে দর্শন করিলেন। তৎকালে সর্ব্বভূতের রক্ষক, শুভ্রবর্ণ, ধনুর্দ্ধারী ও যোগ হইতে অভ্রষ্ট মহাদেব আপন তেজে সহস্র সূর্য্যের ন্যায় দীপ্তি পাইতেছিলেন; তাঁহার হস্তে শূল, মস্তকে জটা ও পরিধানে বল্কলের ন্যায় ব্যাঘ্রচর্ম্ম ছিল; পার্বতীদেবী ও তেজস্বী প্রমথগণের সহিত তিনি উপবিষ্ট ছিলেন; তাঁহার সম্মুখে গীত ও বাদ্যধ্বনি হইতেছিল, তাহার সঙ্গে হাস্য ও স্ত্রীনৃত্য চলিতেছিল; প্রমথগণ উদ্ধত নৃত্য, সশব্দ নৃত্য ও তালে তালে শব্দ করিতেছিল, পবিত্র গন্ধ বাহির হইতেছিল এবং বেদবাদী মুনিরা দিব্য স্তুতিবাক্যদ্বারা তাঁহার স্তব করিতেছিলেন ॥৩৮—৪২॥

---

(৪০)···বিচিত্রাংশুম্···ভূতসংঘৈশ্চ ভাস্বরৈঃ—পি।

লোকাদিং বিশ্বকর্ম্মাণমজমীশানমব্যয়ম্ ।
মনসঃ পরমাং যোনিং খং বায়ুং জ্যোতিষাং নিধিম্ ॥৪৪॥
স্রষ্টারং বারিধারাণাং ভুবশ্চ প্রকৃতিং পরাম্ ।
দেবদানবযক্ষাণাং মানবানাঞ্চ সাধনম্ ॥৪৫॥
যোগানাঞ্চ পরং ব্রহ্ম দৃষ্টং ব্রহ্মবিদাং নিধিম্ ।
চরাচরস্য স্রষ্টারং প্রতিহর্ত্তারমেব চ ॥৪৬॥
কালকোপং মহাত্মানং শক্রসূর্য্যগুণোদয়ম্ ।
ববন্দে তং তদা কৃষ্ণো বাঙ্‌মনোবুদ্ধিকর্ম্মভিঃ ॥৪৭॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

লোকেতি। লোকানামাদিং নিত্যত্বাদুৎপত্তেঃ পূর্ব্বমপি স্থিতম্, বিশ্বং জগৎ কর্ম্ম সৃষ্টিবিষয়ো যস্য তম্, অজং জন্মরহিতম্, ঈশানং জগন্নিয়ন্তারম্, অব্যয়মবিনশ্বরম্, মনসো মনোবৃত্তেঃ পরমাং যোনিং প্রধানং হেতুম্, খম্ আকাশরূপং ব্যাপিত্বাৎ, বায়ুং সর্বগত্বাৎ, জ্যোতিষাং নিধিমাশ্রয়ং সূর্য্যাদীনামপি জ্যোতির্বিধানাৎ, বারিধারাণাং সমুদ্রাদীনাং স্রষ্টারম্, ভুবো ভূলোকস্য পরাং প্রকৃতিং কারণম্। দেবেত্যাদিকং প্রাণিমাত্রোপলক্ষণম্। সাধনং নিষ্পত্তেঃ কারণম্। যোগানাং চিত্তবৃত্তিনিরোধানাং পরং ধাম, দৃষ্টং সাক্ষাৎ ব্রহ্ম, ব্রহ্মবিদাং নিধিমাশ্রয়ম্। প্রতিহর্ত্তারং নাশয়িতারম্। কালো যম ইব কোপো যস্য তম্, শক্রস্য সূর্য্যস্য চ যে গুণাঃ শৌর্য্যতাপাদয়স্তেষামুদয় উৎপত্তির্যস্মাত্তম্। বুদ্ধিরত্র তদ্বিষয়ো দেহস্তস্য কর্ম্ম নমনম্ ॥৪৪—৪৭॥

ভারতভাবদীপঃ

কুন্তীতি ॥১—৩৫॥ তথা চ ব্রজন্ বিষ্ণুপদমাকাশমভ্যাগাদিত্যন্বয়ঃ ॥৩৬—৪০॥ লাস্যং নৃত্যম্, বল্গিতমিতস্ততঃ প্রচারঃ, আস্ফোটিতং ভুজাডম্বরঃ, উৎকৃষ্টমুচ্চৈঃ স্বনিতম্ ॥৪১—৪৩॥ লোকানামাদিমুপাদানং বিশ্বং জগৎ কর্ম্ম প্রাপ্যং যস্য ঈশানমপ্রতিহতেচ্ছম্ অব্যয়মবিকারং মনসঃ পরমং বৃত্তিনিবৃত্তিকারণম্, যোনিমুৎপত্তিস্থানঞ্চ জ্যোতিষাং তেজসাং নিধিমধিষ্ঠানম্ ॥৪৪॥ পরাং মূলভূতাম্, প্রকৃতিং প্রধানম্, সাধনং সিদ্ধের্নিধানম্ ॥৪৫॥ যোগিনাং যোগদর্শিনাং পরমাশ্রয়ং দৃষ্টং সাক্ষাদ্ভূতং ব্রহ্মতত্ত্বং ব্রহ্মবিদাং নিধিং রহস্যম্ ॥৪৬॥ কাল ইব কোপো যস্য শক্রস্য গুণা

অর্জ্জুনের সহিত ধর্ম্মাত্মা কৃষ্ণ তাঁহাকে দেখিয়া সেই সনাতন ব্রহ্মের স্তব করিতে থাকিয়া মস্তকদ্বারা ভূতলস্পর্শ করিলেন ॥৪৩॥

জগতের আদি, জগতের সৃষ্টিকর্ত্তা, জন্মরহিত, ঈশ্বর, অবিনশ্বর, মনোবৃত্তির প্রধান কারণ, আকাশ ও বায়ুস্বরূপ, তেজের আশ্রয়, জলের সৃষ্টিকর্ত্তা, পৃথিবীর প্রধান হেতু, দেব, দানব, যক্ষ ও মনুষ্যপ্রভৃতির সৃষ্টিকারী, যোগের আশ্রয়,

(৪৭)···অবন্দত তদা কৃষ্ণঃ···বর্দ্ধ,···ববন্দতুস্তদা কৃষ্ণৌ···নি।

যং প্রপশ্যন্তি বিদ্বাংসঃ সূক্ষ্মাধ্যাত্মপদৈষিণঃ।
তমজং কারণাত্মানং জগ্মতুঃ শরণং ভবম্ ॥৪৮॥
অর্জ্জুনশ্চাপি তং দেবং ভূয়ো ভূয়োঽভ্যবন্দত।
জ্ঞাত্বা তং সর্ব্বভূতাদিং ভূতভব্যভবোদ্ভবম্ ॥৪৯॥
ততস্তাবাগতৌ দৃষ্ট্বা নরনারায়ণাবুভৌ।
সুপ্রসন্নমনাঃ সর্বঃ প্রোবাচ স হসন্নিব ॥৫০॥
স্বাগতং বাং নরশ্রেষ্ঠাবুত্তিষ্ঠেতাং গতক্লমৌ।
কিঞ্চ বামীপ্সিতং বীরৌ! মনসঃ ক্ষিপ্রমুচ্যতাম্ ॥৫১॥

ভারতকৌমুদী

যমিতি। সূক্ষ্মং যদধ্যাত্মপদং পরং ব্রহ্ম তদিচ্ছন্তীতি তে, বিদ্বাংসো জ্ঞানিনঃ, যং প্রপশ্যন্তি প্রকর্ষেণ ধ্যানেনাবলোকয়ন্তি; তমজং জন্মরহিতম্, কারণাত্মানং জগৎকারণভূতম্, ভবং শিবম্, শরণং জগ্মতুঃ কৃষ্ণার্জ্জুনাবিতি শেষঃ ॥৪৮॥

অর্জ্জুন ইতি। ভূতানামতীতানাং ভব্যানাং ভবিষ্যতাং ভবানাং ভবতাঞ্চ উদ্ভবো যস্মাত্তম্ ॥৪৯॥

তত ইতি। নরনারায়ণৌ তয়োরবতারভূতৌ অর্জ্জুনকৃষ্ণৌ। সর্ব্বো মহাদেবঃ ॥৫০॥

স্বাগতমিতি। বাং যুবয়োঃ, হে নরশ্রেষ্ঠৌ! গতক্লমৌ ভবতম্। বাং যুবয়োঃ ॥৫১॥

প্রত্যক্ষ ব্রহ্ম, ব্রহ্মজ্ঞদিগের আশ্রয়, স্থাবর ও জঙ্গমের সৃষ্টিকর্ত্তা ও সংহর্ত্তা এবং যাঁহার ক্রোধ যমস্বরূপ, যাঁহার আত্মা (স্বরূপ) বিশাল, আর ইন্দ্র ও সূর্য্যের গুণগুলি যাঁহা হইতে উৎপন্ন হইয়াছে, সেই মহাদেবকে তখন কৃষ্ণ বাক্য, মন ও দেহের ব্যাপারদ্বারা নমস্কার করিলেন ॥৪৪—৪৭॥

ব্রহ্মপদাভিলাষী জ্ঞানীরা সর্বদা ধ্যানে যাঁহাকে দর্শন করেন, কৃষ্ণ ও অর্জ্জুন সেই জন্মরহিত ও জগতের কারণস্বরূপ মহাদেবের শরণাপন্ন হইলেন ॥৪৮॥

অর্জ্জুনও তাঁহাকে সমস্ত ভূতের আদি এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান পদার্থের সৃষ্টিকর্ত্তৃরূপে জানিয়া সেই মহাদেবকে বার বার নমস্কার করিলেন ॥৪৯॥

তাহার পর মহাদেব নর ও নারায়ণের অবতার সেই অর্জ্জুন ও কৃষ্ণকে আগত দেখিয়া অত্যন্তপ্রসন্নচিত্ত হইয়া হাসিতে হাসিতেই যেন বলিলেন—॥৫০॥

'নরশ্রেষ্ঠ দুই জন! তোমাদের সুখে আগমন হইয়াছে ত? তোমরা গাত্রোত্থান কর এবং পরিশ্রম দূর কর, আর তোমাদের মনের অভীষ্ট কি, তাহা সত্বর বল ॥৫১॥

(৪৯)...অপ্যবন্দত...পি। (৫০).. প্রহসন্নিব—পি।

যেন কার্য্যেণ সংপ্রাপ্তৌ যুবাং তৎ সাধয়াম্যহম্।
ব্রিয়তামাত্মনঃ শ্রেয়স্তৎ সর্ব্বং প্রদদামি বাম্ ॥৫২॥
ততস্তদ্বচনং শ্রুত্বা প্রত্যুত্থায় কৃতাঞ্জলী।
বাসুদেবার্জ্জুনৌ সর্ব্বং তুষ্টুবাতে মহামতী।
ভক্ত্যা স্তবেন দিব্যেন মহাত্মানাবনিন্দিতৌ ॥৫৩॥
বাসুদেবার্জ্জুনাবূচতুঃ। *
নমো ভবায় সর্ব্বায় রুদ্রায় বরদায় চ।
পশূনাং পতয়ে নিত্যমুগ্রায় চ কপর্দ্দিনে ॥৫৪॥
মহাদেবায় ভীমায় ত্র্যম্বকায় চ শান্তয়ে।
ঈশানায় মখঘ্নায় নমোঽস্ত্বন্ধকঘাতিনে ॥৫৫॥

ভারতকৌমুদী

যেনেতি। সংপ্রাপ্তৌ আগতৌ। শ্রেয়ো মঙ্গলম্। বাং যুবাভ্যাম্ ॥৫২॥

তত ইতি। সর্বং মহাদেবম্, তুষ্টুবাতে তুষ্টুবতুঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৩॥

নম ইতি। ভবত্যস্মাজ্জগদিতি ভবস্তস্মৈ, সর্ব্বায় সর্বব্যাপকায়, রুদ্রায় সংহারমূর্ত্তিত্বাৎ রোদনহেতবে, বরদায় ভক্তেম্বভীষ্টদাত্রে। পশূনাং জন্তূনাং পতয়ে রক্ষকায়, উগ্রায় সংহার-কালে ভীষণায়, কপর্দ্দিনে জটাজূটধারিণে, "কপর্দ্দোঽস্য জটাজটঃ" ইত্যমরঃ ॥৫৪॥

মহেতি। মহাদেবায় দেবেষু প্রধানায়, ভীমায় পাপিনাং ভয়হেতবে, ত্র্যম্বকায় শশি-সূর্য্যাগ্নিরূপত্রিনেত্রায়, শান্তয়ে শিবরূপেণ শান্তিহেতবে। ঈশানায় জগদীশ্বরায়, মখঘ্নায় দক্ষযজ্ঞনাশকায়, অন্ধকঘাতিনে অন্ধকাসুরনাশকায়, আবয়োর্নমোঽস্তু ॥৫৫॥

ভারতভাবদীপঃ

ঐশ্বর্য্যাদয়ঃ সূর্য্যস্য গুণাঃ প্রতাপাদয়ঃ তেষামুদয়ো যস্মাৎ ॥৪৭॥ কারণাত্মনং কারণিকস্বভাবম্ ॥৪৮—৫৩॥ ভবঃ সর্ব্বপ্রভুত্বাৎ, সর্ব্বঃ সংহারাৎ ॥৫৪॥ শান্তিং শমপ্রধানত্বাৎ ॥৫৫॥ হবিষ্যঃ

তোমরা যে কার্য্যের জন্য আসিয়াছ, তাহা আমি সম্পাদন করিব। অতএব তোমরা নিজেদের মঙ্গল প্রার্থনা কর, আমি তোমাদিগকে সে সমস্তই দান করিব' ॥৫২॥

তদনন্তর মহাবুদ্ধি, মহাত্মা ও অনিন্দিতস্বভাব কৃষ্ণ ও অর্জ্জুন মহাদেবের সেই কথা শুনিয়া, গাত্রোত্থান করিয়া, কৃতাঞ্জলি হইয়া ভক্তিভরে দিব্য স্তুতি-বাক্যদ্বারা মহাদেবের স্তব করিতে আরম্ভ করিলেন ॥৫৩॥

কৃষ্ণ ও অর্জ্জুন বলিলেন—'ভব, সর্ব, রুদ্র, বরদাতা, পশুপতি, উগ্র ও কপর্দ্দীকে সর্ব্বদা নমস্কার করি ॥৫৪॥

* কৃষ্ণার্জ্জুনাবূচতুঃ—বা নি। (৫৫)···ভগঘ্নায়···পি বর্দ্ধ।'

কুমারগুরবে নিত্যং নীলগ্রীবায় বেধসে।
পিনাকিনে হবিষ্যায় সত্যায় বিভবে সদা ॥৫৬॥
বিলোহিতায় ধূম্রায় ব্যাধায়ানপরাজিতে।
নিত্যং নীলশিখণ্ডায় শূলিনে দিব্যচক্ষুষে ॥৫৭॥
হন্ত্রে গোপ্ত্রে ত্রিনেত্রায় ব্যাধয়ে বসুরেতসে।
অচিন্ত্যায়াম্বিকাভর্ত্রে সর্ব্বদেবস্তুতায় চ ॥৫৮॥
বৃষধ্বজায় পিঙ্গায় জটিনে ব্রহ্মচারিণে।
তপ্যমানায় সলিলে ব্রহ্মণ্যায়াজিতায় চ ॥৫৯॥
বিশ্বাত্মনে বিশ্বসৃজে বিশ্বমাবৃত্য তিষ্ঠতে।
নমো নমস্তে সেব্যায় ভূতানাং প্রভবে সদা ॥৬০॥ (কুলকম্)

ভারতকৌমুদী

কুমারেতি। কুমারস্য কার্ত্তিকেয়স্য গুরবে পিত্রে, নিত্যং সর্বদা নীলা কালকূটবিষভক্ষণা-ন্নীলবর্ণা গ্রীবা যস্য তস্মৈ, বেধসে জগদ্বিধাত্রে। পিনাকিনে পিনাকাখ্যধনুর্ধারিণে, হবিষ্যায় অগ্নিরূপতয়া হবিঃপ্রক্ষেপস্থানায়, সত্যায় "সত্যং জ্ঞানমানন্দং ব্রহ্ম" ইতি শ্রুতের্ব্রহ্মণে, বিভবে জগদ্ব্যাপকায়। বিলোহিতায় সংহারকালে ক্রোধোত্তেজিতত্বাৎ বিশেষলোহিতবর্ণায়, ধূম্রায় ধূম্রবর্ণায় মহাকালরূপিণে "মহাকালং যজেদ্দেব্যা দক্ষিণে ধূম্রবর্ণকম্" ইতি তন্ত্রোক্তেঃ, ব্যাধায় মৃগরূপিণো বিরিঞ্চের্বধাৎ ব্যাধস্বরূপায়, ন বিদ্যতে পরাজিৎ পরাজয়ো যস্য তস্মৈ সর্বাভিভাবিত্বাৎ, নিত্যং নীলশিখণ্ডায় কৃষ্ণকেশগুচ্ছায় অতিপ্রাচীনত্বেঽপি অপক্ককেশায়েতি ভাবঃ, শূলিনে শূলধারিণে। ভক্তিনিবিষ্টমনস্কবক্তৃকতয়া পুনরুক্তির্ন দোষায়। দিব্যচক্ষুষে সর্বজ্ঞায়। হন্ত্রে সংহারকারিণে, গোপ্ত্রে রক্ষকায়, ত্রিনেত্রায় প্রাগুক্তরূপায়, ব্যাধয়ে সংহারমূর্ত্তিত্বাৎ রোগরূপায়,

ভারতভাবদীপঃ

হবিষ্যযোগ্যত্বাৎ, সত্যায় সদৈকস্বভাবত্বাৎ, বিভুর্ব্যাপকত্বাৎ ॥৫৬॥ ব্যাধায় মৃগহননাৎ দ্বিরুক্তি-র্দ্বিস্তথাকরণাৎ নাস্তি আত্মনঃ প্রাণিনঃ পরাজয় ইতি অনপরাজিতাৎ সর্ব্বভূতোত্তমত্বাৎ, নীলশিখণ্ডো নীলকেশত্বাৎ ॥৫৭॥ হোতা দীক্ষিতঃ, ভাবেন হরণশীলত্বাৎ, বসুরেতা অগ্নৌ রেতঃক্ষেপণাৎ ॥৫৮॥ মুণ্ডো দীক্ষিতত্বাৎ, ব্রহ্মচারী রেতোবিধানাৎ ॥৫৯॥ ভূতানাং প্রাণিনাং

মহাদেব, ভীম, ত্র্যম্বক, শান্তি, ঈশান, যজ্ঞনাশক ও অন্ধকাসুরহন্তাকে প্রণাম করি ॥৫৫॥

কার্ত্তিকের পিতা, সর্ব্বদা নীলকণ্ঠ, সৃষ্টিকর্ত্তা, পিনাকধনুর্দ্ধারী, হবিঃ-প্রক্ষেপের স্থান, সত্যস্বরূপ, সর্ব্বব্যাপক, বিশেষ লোহিতবর্ণ, ধূম্রবর্ণ, ব্যাধস্বরূপ, অপরাজিত, সর্বদা কৃষ্ণকেশ, শূলধারী, দিব্যচক্ষু, সংহারকর্ত্তা, রক্ষাকর্ত্তা, ত্রিনেত্র,

(৫৮)··ব্যাধায় বসুরেতসে···নি। (৫৯) বৃষধ্বজায় মুণ্ডায়···বা।

ব্রহ্মবক্ত্রায় সর্বায় শঙ্করায় শিবায় চ।
নমোঽস্তু বাচস্পতয়ে প্রজানাং পতয়ে নমঃ ॥৬১॥
নমো বিশ্বস্য পতয়ে মহতাং পতয়ে নমঃ।
নমঃ সহস্রশিরসে সহস্রভুজমন্যবে।
সহস্রনেত্রপাদায় নমোঽসংখ্যেয়কর্ম্মণে ॥৬২॥
নমো হিরণ্যবর্ণায় হিরণ্যকবচায় চ।
ভক্তানুকম্পিনে নিত্যং সিধ্যতাং নৌ বরঃ প্রভো! ॥৬৩॥

ভারতকৌমুদী

বসৌ অগ্নৌ রেতঃ কার্ত্তিকজন্মকালে শুক্রং যস্য তস্মৈ। অচিন্ত্যায় অনন্তরূপত্বাৎ, অম্বিকাপতয়ে পার্বতীভর্ত্রে, সর্ব্বদেবস্তুতায় তেষামপীশ্বরত্বাৎ। বৃষধ্বজায় যুদ্ধে রথারোহণকালে, পিঙ্গায় সংহারকালে ক্রোধেন পিঙ্গলবর্ণায়, জটিনে জটাধারিণে, ব্রহ্মচারিণে যোগাভ্যাসসময়ে। সলিলে শিরসি গঙ্গায়াঃ পতনকালেঽপি তপ্যমানায় তপশ্চরতে, ব্রহ্মণ্যায় বেদহিতায়, অজিতায় সর্ব্বাভিভাবিত্বাৎ। বিশ্বাত্মনে "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ সর্ব্বস্বরূপায়, বিশ্বসৃজে জগৎকর্তৃত্বাৎ, বিশ্বমাবৃত্য ব্যাপ্য তিষ্ঠতে "ঈশা বাস্যমিদং সর্ব্বম্" ইতি শ্রুতেঃ। সেব্যায় সর্বশ্রেষ্ঠত্বাৎ, ভূতানাং প্রমথানাং প্রভবে অধিপতয়ে চ তে সদা নমো নমঃ ॥৫৬—৬০॥

ব্রহ্মেতি। ব্রহ্ম বেদো বক্ত্রে যস্য তস্মৈ, সর্ব্বায় সর্ব্বস্বরূপায় "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ, শঙ্করায় ভক্তানাং মঙ্গলকরায়, শিবায় "শান্তং শিবমদ্বৈতং তুরীয়ং মন্যন্তে স আত্মা স বিজ্ঞেয়ঃ" ইতি শ্রুতেঃ তুরীয়ব্রহ্মরূপায়, বাচস্পতয়ে বাগধিষ্ঠাত্রে চ নমোঽস্তু, তথা প্রজানাং জগতাং পতয়ে চ নমঃ ॥৬১॥

নম ইতি। বিশ্বস্য জগতঃ পতয়ে নমঃ, মহতামিন্দ্রাদীনামপি পতয়ে নমঃ। সহস্রং শিরাংসি যস্য তস্মৈ বিরাড়্‌রূপায়, সহস্রং ভুজা বাহবো মন্যবঃ ক্রতবশ্চ যস্য তস্মৈ চ নমঃ। সহস্রং নেত্রাণি পাদাশ্চ যস্য তস্মৈ, "সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ" ইতি শ্রুতেঃ, অসংখ্যেয়ানি অন্ধকবধাদীনি কর্ম্মাণি যস্য তস্মৈ চ নমঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬২॥

ব্যাধিস্বরূপ, অগ্নিতে শুক্রক্ষেপী, অচিন্তনীয়, পার্বতীপতি, সর্ব্বদেবস্তুত, বৃষধ্বজ, পিঙ্গলবর্ণ, জটাধারী, ব্রহ্মচারী, জলে তপস্যাকারী, বেদহিতৈষী, অজিত, বিশ্বরূপী, বিশ্বসৃষ্টিকারী, বিশ্বব্যাপী, সেব্য ও ভূতপতি আপনাকে বার বার নমস্কার করি ॥৫৬—৬০॥

বেদমুখ, সর্ব্বস্বরূপ, শঙ্কর, শিব ও বাচস্পতিকে নমস্কার এবং প্রজাপতিকে নমস্কার করি ॥৬১॥

বিশ্বপতিকে নমস্কার, মহৎপতিকে নমস্কার, সহস্রমস্তক, সহস্রবাহু ও সহস্রযজ্ঞকে নমস্কার এবং সহস্রনেত্র, সহস্রচরণ ও অসংখ্যকর্ম্মাকে নমস্কার ॥৬২॥

(৬২) ··সহস্রভুজমৃত্যবে···নি।

সঞ্জয় উবাচ।

এবং স্তুত্বা মহাদেবং বাসুদেবঃ সহার্জ্জুনঃ।
প্রসাদয়ামাস ভবং তদা হ্যস্ত্রোপলব্ধয়ে ॥৬৪॥
ততোঽর্জ্জুনঃ প্রীতমনা ববন্দে বৃষভধ্বজম্।
দদর্শোৎফুল্লনয়নঃ সমস্তং তেজসাং নিধিম্ ॥৬৫॥
তঞ্চোপহারং স্বকৃতং নৈশং নৈত্যকমাত্মনা।
দদর্শ ত্র্যম্বকাভ্যাসে বাসুদেবনিবেদিতম্ ॥৬৬॥
ততোঽভিপূজ্য মনসা শর্ব্বং কৃষ্ণঞ্চ পাণ্ডবঃ।
ইচ্ছাম্যহং দিব্যমস্ত্রমিত্যভাষত শঙ্করম্ ॥৬৭॥

ভারতকৌমুদী

নম ইতি। হিরণ্যবর্ণায় অগ্নিরূপত্বে স্বর্ণবর্ণায়, হিরণ্যস্য স্বর্ণস্য কবচম্ অন্ধকবধকালে বর্ম্ম যস্য তস্মৈ, ভক্তানুকম্পিনে চ নমঃ। হে প্রভো! নৌ আবয়োঃ, বরঃ অভীষ্টম্, সিধ্যতাং তবানুগ্রহান্নিষ্পদ্যতাম্ ॥৬৩॥

এবমিতি। অর্জ্জুনেন সহেতি সহার্জ্জুনঃ। অস্ত্রোপলব্ধয়ে পাশুপতাস্ত্রস্মরণায় ॥৬৪॥

তত ইতি। ববন্দে ননাম। সমস্তং রাশীভূতমিত্যর্থঃ ॥৬৫॥

তমিতি। আত্মনা স্বয়ম্, স্বকৃতং সুষ্ঠু প্রদত্তম্, নৈশং পূর্ব্বরাত্রসম্বন্ধিনম্, নৈত্যকং প্রাত্যহিকম্, ত্র্যম্বকস্য শিবস্য অভ্যাসে সমীপে, বাসুদেবেন কৃষ্ণেন নিবেদিতং দর্শিতম্ ॥৬৬॥

তত ইতি। শর্ব্বং শিবম্। পাণ্ডবোঽর্জ্জুনঃ। অভাষত স্বপ্ন এব ॥৬৭॥

স্বর্ণবর্ণ, স্বর্ণকবচ ও ভক্তগণের প্রতি দয়াকারীকে সর্ব্বদা নমস্কার। প্রভু! আমাদের অভীষ্ট সিদ্ধ হউক' ॥৬৩॥

সঞ্জয় বলিলেন—'তখন অর্জ্জুনের পাশুপতাস্ত্রস্মরণের জন্য কৃষ্ণ ও অর্জ্জুন এইভাবে স্তব করিয়া জগতের সৃষ্টিকর্ত্তা মহাদেবকে প্রসন্ন করিলেন ॥৬৪॥

তৎপরে অর্জ্জুন প্রীতচিত্ত হইয়া পুনরায় মহাদেবকে প্রণাম করিলেন এবং উৎফুল্লনয়নে রাশীভূত তেজোনিধি মহাদেবকে দেখিতে লাগিলেন ॥৬৫॥

তদনন্তর কৃষ্ণ দেখাইয়া দিলে, অর্জ্জুন প্রথম রাত্রিতে নিজে যে প্রাত্যহিক উপহার মহাদেবকে দিয়াছিলেন, তাহা তাঁহার নিকটে দেখিতে পাইলেন ॥৬৬॥

তাহার পর অর্জ্জুন মনে মনে বাসুদেব ও মহাদেবের পূজা করিয়া মহাদেবকে এই কথা বলিলেন—'আমি আপনার দিব্য অস্ত্র স্মরণ করিতে ইচ্ছা করি' ॥৬৭॥

(৬৪) শ্লোকাৎ পরম্ '...অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বঙ্গ বর্দ্ধ, '...অশীতিতমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বা রা নি।

ততঃ পার্থস্য বিজ্ঞায় বরার্থে বচনং প্রভুঃ।
বাসুদেবার্জ্জুনৌ দেবঃ স্ময়মানোঽভ্যভাষত ॥৬৮॥
স্বাগতং বাং নরশ্রেষ্ঠৌ! বিজ্ঞাতং মনসেপ্সিতম্।
যেন কামেন সংপ্রাপ্তৌ ভবদ্ভ্যাং তং দদাম্যহম্ ॥৬৯॥
সরোঽমৃতময়ং দিব্যমভ্যাসে শত্রুসূদনৌ!।
তত্র মে তদ্ধনুর্দিব্যং শরশ্চ নিহিতঃ পুরা ॥৭০॥
যেন দেবারয়ঃ সর্ব্বে ময়া যুধি নিপাতিতাঃ।
তত আনীয়তাং কৃষ্ণৌ! সশরং ধনুরুত্তমম্ ॥৭১॥ (যুগ্মকম্)
তথেত্যুক্ত্বা তু তৌ বীরৌ শরার্থে পার্ষদৈঃ সহ।
প্রস্থিতৌ তৎসরো দিব্যং দিব্যাশ্চর্য্যশতৈর্বৃতম্ ॥৭২॥
নির্দ্দিষ্টং যদ্বৃষাঙ্কেন পুণ্যং সর্ব্বার্থসাধকম্।
তৌ জগ্মতুরসম্ভ্রান্তৌ নরনারায়ণাবৃষী ॥৭৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। দেবো মহাদেবঃ, স্ময়মান ঈষদ্ধসন্ ॥৬৮॥

স্বেতি। পুনঃ স্বাগতপ্রশ্ন আদরাতিশয়ার্থঃ। সংপ্রাপ্তৌ যুবামাগতৌ ॥৬৯॥

সর ইতি। অমৃতময়ং সুস্বাদুজলময়ম্, অভ্যাসে এতৎসমীপ এব। নিহিতঃ স্থাপিতঃ। ততঃ সরসঃ, হে কৃষ্ণৌ! কৃষ্ণার্জ্জুনৌ! ॥৭০—৭১॥

তথেতি। পার্ষদৈঃ শিবানুচরৈঃ। বৃষাঙ্কেন শিবেন। অসংভ্রান্তৌ অব্যস্তৌ ॥৭২—৭৩॥

তদনন্তর প্রভু মহাদেব অর্জ্জুনের বাক্য বরগ্রহণের জন্য ইহা বুঝিয়া ঈষৎ হাস্য করিয়া কৃষ্ণ ও অর্জ্জুনকে বলিলেন—॥৬৮॥

'নরশ্রেষ্ঠ দুই জন! তোমাদের সুখে আগমন হইয়াছে ত? তোমাদের মনের অভীষ্ট আমি বুঝিয়াছি; তোমরা যে উদ্দেশ্যে আসিয়াছ, তাহা আমি তোমাদিগকে দান করিব ॥৬৯॥

শত্রুবিজয়ী বীরদ্বয়! নিকটেই অমৃতময় দিব্য একটী সরোবর আছে, তাহাতে আমি সেই দিব্য ধনু ও বাণ পূর্বে রাখিয়াছিলাম, যাহাদ্বারা আমি যুদ্ধে সমস্ত অসুরকে নিপাত করিয়াছিলাম। কৃষ্ণ! অর্জ্জুন! তোমরা সেই সরোবর হইতে বাণের সহিত সেই উত্তম ধনু আনয়ন কর' ॥৭০—৭১॥

'তাহাই হউক' এই কথা বলিয়া নর ও নারায়ণ ঋষির অবতার বীর অর্জ্জুন ও কৃষ্ণ শিবের পার্ষদগণের সহিত স্থিরচিত্তে সেই ধনু ও বাণ আনয়ন করিবার

(৬৮)…বচনং তদা…বা নি। (৭২)…সর্বপারিষদৈঃ সহ…দিব্যৈশ্বর্য্যশতৈর্যুতম্—বা নি।

ততশ্চ তৎ সরো গত্বা সূর্য্যমণ্ডলসন্নিভম্।
নাগমন্তর্জলে ঘোরং দদৃশাতেঽর্জ্জুনাচ্যুতৌ ॥৭৪॥
দ্বিতীয়ঞ্চাপরং নাগং সহস্রশিরসং বরম্।
বমন্তং বিপুলাং জ্বালাং দদৃশাতেঽগ্নিবর্চ্চসম্ ॥৭৫॥
ততঃ কৃষ্ণশ্চ পার্থশ্চ সংস্পৃশ্যাম্ভঃ কৃতাঞ্জলী।
তৌ নাগাবুপতস্থাতে নমস্যন্তৌ বৃষধ্বজম্ ॥৭৬॥
গৃণন্তৌ বেদবিদ্বাংসৌ তদ্‌ব্রহ্ম শতরুদ্রিয়ম্।
অপ্রমেয়প্রমাণং তৌ গত্বা সর্ব্বাত্মনা ভবম্ ॥৭৭॥ (যুগ্মকম্)
ততস্তৌ রুদ্রমাহাত্ম্যাদ্ধিত্বা রূপং মহোরগৌ।
ধনুর্ব্বাণশ্চ তদ্দ্বন্দ্বং শত্রুঘ্নং সমপদ্যত ॥৭৮॥

ভারতকৌমুদী

তত ইতি। সূর্য্যমণ্ডলসন্নিভং, সূর্য্যমণ্ডলবদুজ্জ্বলম্। নাগং সর্পম্ ॥৭৪॥

দ্বিতীয়মিতি। বমন্তমুদ্‌গিরন্তম্, জ্বালামগ্নিশিখাম্, অগ্নিবর্চ্চসম্ অগ্নিবং পিঙ্গলম্ ॥৭৫॥

তত ইতি। অম্ভঃ সংস্পৃশ্য স্ববার্থমাচম্য। উপতস্থাতে আররধাতুঃ। গৃণন্তৌ উচ্চারয়ন্তৌ, ব্রহ্ম বেদম্, শতরুদ্রিয়ং তদাখ্যম্। অপ্রমেয়প্রমাণমজ্ঞেয়মহিমানম্ ॥৭৬—৭৭॥

তত ইতি। রূপং সর্পাকৃতিম্। দ্বন্দ্বং যুগলম্, সমপদ্যত সমজায়ত ॥৭৮॥

ভারতভাবদীপঃ

প্রমথাদীনাম্ ॥৬০॥ ব্রহ্মবক্ত্রো বেদপূর্ণমুখঃ মুখ্যত্বাৎ, সর্ব্বঃ সর্ব্বস্বরূপত্বাৎ, শিবো মোক্ষহেতুত্বাৎ, বাচস্পতির্বাঙ্ময়প্রবর্ত্তনাৎ ॥৬১॥ সহস্রং ভুজমন্যবশ্চ মন্যবে ইতি পাঠঃ ॥৬২—৭৭॥

জন্য বহু দিব্য আশ্চর্য্যযুক্ত সেই দিব্য সরোবরের দিকে প্রস্থান করিলেন, পবিত্র ও সর্বার্থসাধক যে সরোবরের কথা মহাদেব বলিয়াছিলেন ॥৭২—৭৩॥

তৎপরে কৃষ্ণ ও অর্জ্জুন সূর্য্যমণ্ডলের ন্যায় উজ্জ্বল সেই সরোবরের নিকট যাইয়া তাহার জলের ভিতরে ভয়ঙ্কর একটা সাপ দেখিতে পাইলেন ॥৭৪॥

কৃষ্ণ ও অর্জ্জুন আবার দেখিলেন—অগ্নির ন্যায় পিঙ্গলবর্ণ ও সহস্রমস্তক আর একটা ভীষণ সর্প মুখ হইতে প্রচুর অগ্নিশিখা নিঃসারণ করিতেছে ॥৭৫॥

তদনন্তর বেদবিৎ কৃষ্ণ ও অর্জ্জুন আচমন করিয়া কৃতাঞ্জলি হইয়া সর্বপ্রযত্নে অজ্ঞেয়স্বভাব শিবের ধ্যান ও তাঁহাকে নমস্কার করিয়া প্রসিদ্ধ শতরুদ্রিয় বেদ পাঠ করিতে থাকিয়া সেই সর্পদ্বয়ের আরাধনা করিতে লাগিলেন ॥৭৬—৭৭॥

---

(৭৭)…অপ্রমেয়ং প্রণমন্তৌ…বঙ্গ বর্দ্ধ।

তৌ তজ্জগৃহতুঃ প্রীতৌ ধনুর্ব্বাণঞ্চ সুপ্রভম্ ।
আজহ্রতুর্মহাত্মানৌ দদতুশ্চ মহাত্মনে ॥৭৯॥
ততঃ পার্শ্বাদ্‌বৃষাঙ্কস্য ব্রহ্মচারী ন্যবর্ত্তত ।
পিঙ্গাক্ষস্তপসঃ ক্ষেত্রং বলবান্ নীললোহিতঃ ॥৮০॥
স তদ্‌গৃহ্য ধনুঃ শ্রেষ্ঠং তস্থৌ স্থানং সমাহিতঃ ।
বিচকর্ষাথ বিধিবচ্ছাঙ্করং ধনুরুত্তমম্ ॥৮১॥
তস্য মৌর্বীঞ্চ মুষ্টিঞ্চ স্থানঞ্চালক্ষ্য পাণ্ডবঃ ।
শ্রুত্বা মন্ত্রং ভবপ্রোক্তং জগ্রাহাচিন্ত্যবিক্রমঃ ॥৮২॥

ভারতকৌমুদী

তাবিতি । আজহ্রতুঃ আনিন্যতুঃ । মহাত্মনে মহাদেবায় ॥৭৯॥
তত ইতি । বৃষাঙ্কস্য শিবস্য, ন্যবর্ত্তত আবিরভবৎ । ক্ষেত্রমাধারঃ, নীললোহিতস্তদ্বর্ণঃ ॥৮০॥
স ইতি । স ব্রহ্মচারী । স্থানং তদ্ধনুর্দ্ধরপ্রকারো যথা স্যাত্তথা । শিক্ষাদানার্থমেতৎ ॥৮১॥
তস্যেতি । মৌর্বীং ধনুর্গুণম্, স্থানমবস্থিতিপ্রকারম্ । ভবপ্রোক্তং শিবোচ্চারিতম্ ॥৮২॥

ভারতভাবদীপঃ

দ্বন্দ্বং যুগলম্ ॥৭৮—৭৯॥ নীললোহিতঃ ভগবতোঽপরা তনুঃ ॥৮০॥ স্থানং স্থাপনকম্ ॥৮১॥ জগ্রাহ মনসি কৃতবান্ ॥৮২—৮৮॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭১॥

তাহার পর সেই সাপ দুইটা রুদ্রের মাহাত্ম্যে সর্পরূপ পরিত্যাগ করিয়া শত্রুনাশক ধনু ও বাণ হইয়া গেল ॥৭৮॥

তখন মহাত্মা কৃষ্ণ ও অর্জ্জুন আনন্দিত হইয়া সেই উজ্জ্বল ধনু ও বাণ গ্রহণ ও আনয়ন করিয়া মহাদেবের নিকট অর্পণ করিলেন ॥৭৯॥

তৎপরে পিঙ্গলবর্ণ, পিঙ্গলনয়ন, তপস্যার আধার ও বলবান্ একজন ব্রহ্মচারী শিবের পার্শ্ব হইতে নির্গত হইলেন ॥৮০॥

তিনি সেই উত্তম ধনু গ্রহণ করিয়া একাগ্রচিত্তে ধনুর্দ্ধরের প্রকারে অবস্থান করিলেন এবং যথাবিধানে শিবের সেই উত্তম ধনু আকর্ষণ করিলেন ॥৮১॥

তখন অচিন্তনীয়বিক্রমশালী অর্জ্জুন সেই ব্রহ্মচারীর অবস্থানপ্রকার, ধনুর গুণ ও মুষ্টি (ধনু ধরিবার কায়দা) দেখিয়া এবং শিবের উচ্চারিত মন্ত্র শুনিয়া সে সমস্তই গ্রহণ করিলেন (শিক্ষা করিলেন) ॥৮২॥

(৭৯)···জগৃহতুর্বীরৌ···বঙ্গ বর্দ্ধ। (৮১)···ব্যাকর্ষচ্চাপি বিধিবৎ সশরং ধনুরুত্তমম্-বঙ্গ বর্দ্ধ।

স সরস্যেব তং বাণং মুমোচাতিবলঃ প্রভুঃ।
চকার চ পুনর্বীরস্তস্মিন্ সরসি তদ্ধনুঃ ॥৮৩॥
ততঃ প্রীতং ভবং জ্ঞাত্বা স্মৃতিমানর্জ্জুনস্তদা।
বরমারণ্যকে দত্তং দর্শনং শঙ্করস্য চ।
মনসা চিন্তয়ামাস তন্মে সংপদ্যতামিতি ॥৮৪॥
তস্য তন্মতমাজ্ঞায় প্রীতঃ প্রাদাদ্বরং ভবঃ।
তচ্চ পাশুপতং ঘোরং প্রতিজ্ঞায়াশ্চ পারণম্ ॥৮৫॥
ততঃ পাশুপতং দিব্যমবাপ্য পুনরীশ্বরাৎ।
সংহৃষ্টরোমা দুর্দ্ধর্ষঃ কৃতং কার্য্যমমন্যত ॥৮৬॥
ববন্দতুশ্চ সংহৃষ্টৌ শিরোভ্যাং তং মহেশ্বরম্।
অনুজ্ঞাতৌ ক্ষণে তস্মিন্ ভবেনার্জ্জুনকেশবৌ ॥৮৭॥

ভারতকৌমুদী

স ইতি। স ব্রহ্মচারী। চকার চিক্ষেপ। "কৃ বিক্ষেপে" ইত্যস্য রূপম্ ॥৮৩॥
তত ইতি। ভবং শিবম্। আরণ্যকে বনবাসকালে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৪॥
তস্যেতি। পাশুপতং পাশুপতাস্ত্রস্মরণম্। পারণমুত্তরণম্ ॥৮৫॥
তত ইতি। দুর্দ্ধর্ষোঽর্জ্জুনঃ, কার্য্যং জয়দ্রথবধং কৃতমমন্যত ॥৮৬॥
ববন্দতুরিতি। অনুজ্ঞাতৌ স্বস্থানগমনায়। ভবেন শিবেন ॥৮৭॥

তখন মহাবল, প্রভাবশালী ও বীর ব্রহ্মচারী সেই বাণটাকে সরোবরেই ত্যাগ করিলেন এবং সেই ধনুখানাকেও সেই সরোবরেই নিক্ষেপ করিলেন ॥৮৩॥

তৎপরে অর্জ্জুন মহাদেবকে সন্তুষ্ট জানিয়া পূর্ব্বের ঘটনা স্মরণ করিলেন এবং বনবাসের সময়ে মহাদেবের দর্শন ও তাঁহার প্রদত্ত বর অর্জ্জুনের স্মৃতি-পথে উদিত হইল। সুতরাং তিনি ভাবিলেন—'তাহাই আমার সম্পন্ন হউক' ॥৮৪॥

অর্জ্জুনের সেই মত জানিয়া মহাদেব সন্তুষ্ট হইয়া তাঁহাকে বর দিলেন যে, 'তোমার সেই ভয়ঙ্কর পাশুপত অস্ত্রের স্মরণ এবং প্রতিজ্ঞার পূরণ হইবে' ॥৮৫॥

তাহার পর দুর্দ্ধর্ষ অর্জ্জুন পুনরায় মহাদেবের নিকট অলৌকিক পাশুপত অস্ত্র লাভ করিয়া আনন্দে রোমাঞ্চিত হইয়া জয়দ্রথকে বধ করিয়াছেন বলিয়া মনে করিলেন ॥৮৬॥

পরে কৃষ্ণ ও অর্জ্জুন আনন্দিত হইয়া মস্তকদ্বারা মহাদেবকে নমস্কার করিলেন; মহাদেবও তাঁহাদিগকে যাইবার অনুমতি দিলেন ॥৮৭॥

প্রাপ্তৌ স্বশিবিরং বীরৌ মুদা পরময়া যুতৌ।
তথা ভবেনানুমতৌ মহাসুরনিপাতিনৌ।
ইন্দ্রবিষ্ণূ যথা যাতৌ জম্ভস্য বধকাঙ্ক্ষিণৌ ॥৮৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং স্বপ্নে পার্থপাশুপতাস্ত্রপ্রাপ্তৌ একসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—*—

দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তয়োঃ সংবদতোরেবং কৃষ্ণদারুকয়োস্তদা।
সাত্যগাদ্রজনী রাজন্! অথ রাজান্ববুধ্যত ॥১॥

ভারতকৌমুদী

প্রাপ্তাবিতি। বীরৌ কৃষ্ণার্জ্জুনৌ। জম্ভস্য তদাখ্যস্যাসুরস্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়ামেকসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

—(::)—

ইত্থমর্জ্জুনস্য স্বপ্নে পাশুপতাস্ত্রস্মরণমভিধায়েদানীং প্রকৃতকৃষ্ণদারুকসংবাদপ্রসঙ্গেন রাত্রি-প্রভাতমভিধত্তে তয়োরিতি। অত্যগাদতীতা। রাজা যুধিষ্ঠিরঃ, অন্ববুধ্যত জাগরিতবান্ ॥১॥

তখন মহাসুরহন্তা বিষ্ণু ও ইন্দ্র যেমন শিবের অনুমতি পাইয়া জম্ভাসুর-বধার্থী হইয়া গমন করিয়াছিলেন, সেইরূপ কৃষ্ণ ও অর্জ্জুন শিবের অনুমতি পাইয়া পরম আনন্দিত হইয়া আপন শিবিরের দিকে গমন করিলেন' ॥৮৮॥

—:০:—

সঞ্জয় বলিলেন—'রাজা! তখন কৃষ্ণ ও দারুক ঐরূপ কথোপকথন করিতেছিলেন, সেই অবস্থায় সে রাত্রি প্রভাত হইল; পরে যুধিষ্ঠির জাগরিত হইলেন ॥১॥

* '…একোনাশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…একাশীতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

(১) তয়োঃ সংবদতোরেব…নি।

পঠন্তি পাণিস্বনিকা মাগধা মধুপর্কিকাঃ।
বৈতালিকাশ্চ সূতাশ্চ তুষ্টুবুঃ পুরুষর্ষভম্ ॥২॥
নর্ত্তকাশ্চাপ্যনৃত্যন্ত জগুর্গীতানি গায়নাঃ।
কুরুবংশস্তবার্থানি মধুরং রক্তকণ্ঠিনঃ ॥৩॥
মৃদঙ্গা ঝর্ঝরা ভের্য্যঃ পণবানকগোমুখাঃ।
আড়ম্বরাশ্চ শঙ্খাশ্চ দুন্দুভ্যশ্চ মহাস্বনাঃ ॥৪॥
এবমেতানি সর্ব্বাণি তথান্যান্যপি ভারত!।
বাদয়ন্তি সুসংহৃষ্টাঃ কুশলাঃ সাধুশিক্ষিতাঃ ॥৫॥ (যুগ্মকম্)
স মেঘসমনির্ঘোষো মহান্ শব্দঃ স্পৃশন্ দিবম্।
পার্থিবপ্রবরং সুপ্তং যুধিষ্ঠিরমবোধয়ৎ ॥৬॥

ভারতকৌমুদী

পঠন্তীতি। পঠন্তি স্তুতিশ্লোকানিতি শেষঃ। পাণিস্বনিকাঃ তালে তালে করতলধ্বনি-কারকাঃ, মধুপর্কিকা মধুপর্কলাভেন স্তুতিকারিণঃ। অপরে প্রাগ্‌ব্যুৎপাদিতাঃ। পুরুষর্ষভং যুধিষ্ঠিরম্ ॥২॥

নর্ত্তকা ইতি। গায়না গানশিল্পিনঃ। "ণ্যুট্ চ" ইতি ণ্যুট্। রক্তকণ্ঠিনঃ শ্রব্যকণ্ঠাঃ ॥৩॥

মৃদঙ্গা ইতি। ঝর্ঝরাদীনি তদানীন্তনানি বাদ্যানি। অন্যান্যপি বাদ্যানি ॥৪—৫॥

স ইতি। মেঘসমনির্ঘোষো মেঘনির্ঘোষসম ইত্যর্থঃ। সুপ্তং নিদ্রিতম্ ॥৬॥

ভারতভাবদীপঃ

তয়োরিতি ॥১॥ মধুপর্কিকাঃ মঙ্গল্যোপস্থাপকাঃ ॥২॥ রক্তকণ্ঠিনো রঞ্জকস্বরাঃ ॥৩॥ ঝর্ঝরা ঝিল্লিকাঃ, ভের্য্যো বৃহড্ঢক্কাঃ, পণবা মুরজাঃ, আনকাঃ পটহাঃ, গোমুখা ত্রাগড়াঃ, আড়ম্বরা ক্ষুদ্র-পটহাঃ, দুন্দুভ্যো ঢক্কাঃ, পণববাদনিকহস্তেন তালস্বনং কুর্ব্বতে, মধুপর্কিকাঃ মধুসময়ে পঠন্ত

সেই সময়ে পাণিস্বনিক, মাগধ ও মধুপর্কিকেরা স্তুতিশ্লোক পাঠ করিতে লাগিল এবং বৈতালিক ও সূতেরা যুধিষ্ঠিরের স্তব করিতে থাকিল ॥২॥

নর্ত্তকেরা নৃত্য করিতে লাগিল এবং সুকণ্ঠ গাথকগণ মধুরস্বরে কুরুবংশের স্তুতিবোধক গান গাহিতে থাকিল ॥৩॥

ভরতনন্দন! সুশিক্ষিত ও বাদননিপুণ বাদকেরা আনন্দিত হইয়া মৃদঙ্গ, ঝর্ঝর, ভেরী, পণব, আনক, গোমুখ, আড়ম্বর, শঙ্খ ও মহাশব্দকারী দুন্দুভি এই সকল বাদ্য ও অন্যান্য বাদ্য বাজাইতে লাগিল ॥৪—৫॥

তখন মেঘনির্ঘোষের তুল্য সেই মহাশব্দ আকাশস্পর্শ করিতে থাকিয়া নিদ্রিত রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠিরকে জাগরিত করিল ॥৬॥

(৬)…মহান্ শব্দোঽস্পৃশদ্দিবম্…পি বা।

প্রতিবুদ্ধঃ সুখং সুপ্তো মহার্হশয়নোত্তমে।
উত্থায়াবশ্যকার্য্যার্থং যযৌ স্নানগৃহং নৃপঃ ॥৭॥
ততঃ শুক্লাম্বরাঃ স্নাতাস্তরুণাঃ শতমষ্ট চ।
স্নাপকাঃ কাঞ্চনৈঃ কুম্ভৈঃ পূর্ণৈঃ সমুপতস্থিরে ॥৮॥
ভদ্রাসনে সূপবিষ্টঃ পরিধায়াম্বরং লঘু।
সস্নৌ চন্দনসংযুক্তৈঃ পানীয়ৈরভিমন্ত্রিতৈঃ ॥৯॥
উৎসাদিতঃ কষায়েণ বলবদ্ভিঃ সুশিক্ষিতৈঃ।
আপ্লুতঃ সাধিবাসেন জলেন স সুগন্ধিনা ॥১০॥
রাজহংসনিভং প্রাপ্য উষ্ণীষং শিথিলার্পিতম্।
জলক্ষয় নিমিত্তং বৈ বেষ্টয়ামাস মূর্দ্ধনি ॥১১॥

ভারতকৌমুদী

প্রতীতি। প্রতিবুদ্ধো জাগরিতঃ, সুখং সুপ্তো নিদ্রিতঃ, বীরাণাং শোকবৈক্লব্যাভাবাৎ, মহার্হশয়নোত্তমে মহামূল্যশয্যাশ্রেষ্ঠে। অবশ্যকার্য্যার্থং সন্ধ্যাবন্দনাদ্যর্থম্ ॥৭॥

তত ইতি। স্নাপকাঃ স্নপনকারকাঃ। পূর্ণৈর্জলপূর্ণৈঃ ॥৮॥

ভদ্রেতি। ভদ্রাসনে চতুষ্কোণাসনে। অম্বরং বস্ত্রম্, লঘু ক্ষুদ্রম্। কাদম্বর্য্যামপ্যেবমেব প্রায়েণ বাণভট্টঃ শূদ্রকরাজস্নানং বর্ণিতবান্ ॥৯॥

উদিতি। উৎসাদিতো গাত্রে মার্জ্জিতঃ, কষায়েণ বকুলাদিবল্কলকৃতেন, বলবদ্ভির্ভৃত্যৈঃ, অন্যথা কুম্ভোত্তোলনাদ্যসম্ভব ইতি ভাবঃ। অধিবাস্যতে অনেনেত্যধিবাসো হরিদ্রাদ্রবঃ ॥১০॥

রাজেতি। রাজহংসনিভং শুভ্রমিত্যর্থঃ। জলক্ষয়নিমিত্তং স্নানজলশোষণার্থম্ ॥১১॥

যুধিষ্ঠির মহামূল্য ও উৎকৃষ্ট শয্যায় শয়ন করিয়া সুখে নিদ্রা গিয়াছিলেন, পরে জাগরিত হইয়া গাত্রোত্থান করিয়া স্নানগৃহে গমন করিলেন ॥৭॥

তদনন্তর শুক্লবস্ত্রপরিধায়ী ও স্নাত একশত আট জন স্নপনকারী যুবক জলপূর্ণ স্বর্ণকুম্ভ লইয়া উপস্থিত হইল ॥৮॥

পরে রাজা ক্ষুদ্র বস্ত্র পরিধান করিয়া ভদ্রাসনে উপবেশনপূর্ব্বক চন্দনযুক্ত ও মন্ত্রপূত জলদ্বারা স্নান করিলেন ॥৯॥

এই সময়ে বলবান্ ও সুশিক্ষিত ভৃত্যেরা আসিয়া কষায়দ্রব্যদ্বারা গাত্র-মার্জন করিয়া তরলহরিদ্রাযুক্ত সুগন্ধিজলদ্বারাও তাঁহাকে স্নান করাইয়া দিল ॥১০॥

তৎপরে তিনি জলশোষণের জন্য রাজহংসের ন্যায় শুভ্রবর্ণ ও শিথিলভাবে ভাজ করা একটী উষ্ণীষ মস্তকে বেষ্টন করিলেন ॥১১॥

(৯) ভদ্রাসনেষূপবিষ্টঃ...পি বঙ্গ বর্দ্ধ।

হরিণা চন্দনেনাঙ্গমুপলিপ্য মহাভুজঃ।
স্রগ্বী চাক্লিষ্টবসনঃ প্রাঙ্মুখঃ প্রাঞ্জলিঃ স্থিতঃ ॥১২॥
জজাপ জপ্যং কৌন্তেয়ঃ সতাং মার্গমনুষ্ঠিতঃ।
ততোঽগ্নিশরণং দীপ্তং প্রবিবেশ বিনীতবৎ ॥১৩॥ (যুগ্মকম্)
সমিদ্ভিঃ সপবিত্রাভিরগ্নিমাহুতিভিস্তথা।
মন্ত্রপূতাভিরর্চ্চিত্বা নিশ্চক্রাম গৃহাত্ততঃ ॥১৪॥
দ্বিতীয়াং পুরুষব্যাঘ্রঃ কক্ষাং নিষ্ক্রম্য পার্থিবঃ।
তত্র বেদবিদো বৃদ্ধানপশ্যদ্‌ব্রাহ্মণর্ষভান্ ॥১৫॥
দান্তান্ বেদব্রতস্নাতান্ স্নাতানবভৃথেষু চ।
সহস্রানুচরান্ সৌরান্ সহস্রঞ্চাষ্ট চাপরান্ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

হরিণেতি। হরিণা শ্বেতেন। স্রগ্বী মালাবান্, অক্লিষ্টং ক্লেশাজনকং সূক্ষ্মমিত্যর্থঃ বসনং যস্য সঃ। "প্রাকপশ্চিমোদগাস্যশ্চ প্রাতঃ সায়ং নিশাসু চ।" ইত্যাহ্নিকতত্ত্বধৃতস্মৃতেঃ প্রাঙ্মুখত্বম্। জপ্যং গায়ত্র্যাদিমন্ত্রম্। অনুষ্ঠিত আশ্রিতঃ। অগ্নিশরণং হোমগৃহম্ ॥১২—১৩॥

সমিদ্ভিরিতি। সমিদ্ভির্যজ্ঞকাষ্ঠৈঃ, পবিত্রং সাগ্রকুশপত্রদ্বয়ং তৎসহিতাভিঃ সপবিত্রাভিঃ। "অনন্তর্গর্ভিণং সাগ্রং কৌশং দ্বিদলমেব চ। প্রাদেশমাত্রং বিজ্ঞেয়ং পবিত্রং যত্র কুত্রচিৎ॥" ইতি শ্রাদ্ধতত্ত্বধৃতস্মৃতেঃ। অগ্নিমর্চ্চিত্বেতি সম্বন্ধঃ। ততঃ অগ্নিশরণাৎ ॥১৪॥

দ্বিতীয়ামিতি। কক্ষাং ভবনভাগবিশেষম্। দান্তান্ জিতেন্দ্রিয়ান্, বেদেন বেদপাঠেন ব্রতেন তদনুষ্ঠানেন চ স্নাতান্ ধৌতপাপমলান্, অবভৃথেষু যজ্ঞশেষেষু স্নাতাংশ্চ, সহস্রম্ অনুচরাঃ শিষ্যা যেষাং তান্, সৌরান্ গায়ত্র্যুপাসকতয়া অন্যথা বা সূর্য্যোপাসকান্, সহস্রম্, অপরান্ অষ্ট অষ্টৌ চ ব্রাহ্মণর্ষভানপশ্যৎ, "লোকেঽস্মিন্ মঙ্গলান্যষ্টৌ ব্রাহ্মণো গৌর্হুতাশনঃ। হিরণ্যং সর্পিরাদিত্য আপো রাজা তথাষ্টমঃ॥ এতানি সততং পশ্যেন্নমস্যেদর্চ্চয়েত্তু যঃ। প্রদক্ষিণঞ্চ কুর্বীত তস্য চায়ুর্ন হীয়তে॥" ইতি শুদ্ধিতত্ত্বধৃতস্মৃতেঃ ॥১৫—১৬॥

তদনন্তর মহাবাহু যুধিষ্ঠির অঙ্গে শ্বেতচন্দন মাখিয়া, মালা ও সূক্ষ্মবস্ত্র পরিধান করিয়া, কৃতাঞ্জলিপুটে পূর্ব্বমুখ হইয়া থাকিয়া, সজ্জনের পদ্ধতি অনুসারে গায়ত্রীপ্রভৃতি মন্ত্র জপ করিলেন; তৎপরে বিনীতের ন্যায় উজ্জ্বল হোমগৃহে প্রবেশ করিলেন ॥১২—১৩॥

তৎপরে তিনি মন্ত্রপূত পবিত্রযুক্ত সমিধ্ ও আহুতিদ্বারা অগ্নির অর্চ্চনা করিয়া সেই হোমগৃহ হইতে নির্গত হইলেন ॥১৪॥

তদনন্তর পুরুষশ্রেষ্ঠ যুধিষ্ঠির দ্বিতীয় কক্ষায় (মহলে) নির্গত হইয়া

(১৬)…সহস্রানুচরান্ পৌরান্…বর্দ্ধ।

অক্ষতৈঃ সুমনোভিশ্চ বাচয়িত্বা মহাভুজঃ ।
তান্ দ্বিজান্ মধুসর্পির্ভ্যাং ফলৈশ্চেষ্টৈঃ সুমঙ্গলৈঃ ॥১৭॥
প্রাদাৎ কাঞ্চনমেকৈকং নিষ্কং বিপ্রায় পাণ্ডবঃ ।
অলঙ্কৃতঞ্চাশ্বশতং বাসাংসীষ্টাশ্চ দক্ষিণাঃ ॥১৮॥ (যুগ্মকম্)
তথা গাঃ কপিলা দোগ্ধ্রীঃ সবৎসাঃ পাণ্ডুনন্দনঃ ।
হেমশৃঙ্গা রূপ্যখুরা দত্ত্বা চক্রে প্রদক্ষিণম্ ॥১৯॥
স্বস্তিকান্ বর্দ্ধমানাংশ্চ নন্দ্যাবর্ত্তাংশ্চ কাঞ্চনান্ ।
মাল্যঞ্চ জলকুম্ভাংশ্চ জ্বলিতঞ্চ হুতাশনম্ ॥২০॥

ভারতকৌমুদী

অক্ষতৈরিতি। অক্ষতৈস্তণ্ডুলৈঃ, সুমনোভিঃ পুষ্পৈঃ তেষাং হস্তেষু তদ্দানৈরিত্যর্থঃ, বাচয়িত্বা স্বস্তীতি শেষঃ, মহাভুজো যুধিষ্ঠিরঃ। মধ্বাদিভিরপি দত্তৈরিতি তাৎপর্য্যম্। কাঞ্চনং স্বর্ণময়ম্, নিষ্কং মুদ্রাম্, বিপ্রায় একৈকস্মৈ। অশ্বশতং বিভজ্য ॥১৭—১৮॥

তথেতি। কপিলাঃ স্বর্ণবর্ণাঃ "দোগ্ধ্রীর্বহুক্ষীরাঃ" ইতি প্রায়শ্চিত্ততত্ত্বে স্মার্ত্তঃ॥ ১৯॥

স্বস্তিকানিতি। কাঞ্চনান্ স্বর্ণনির্ম্মিতান্, স্বস্তিকান্ ত্রিকোণাকারান্ পদার্থান্, বর্দ্ধমানান্ শরাবান্, "শরাবো বর্দ্ধমানকঃ" ইত্যমরঃ, নন্দ্যাবর্ত্তান্ দেবগৃহবিশেষান্, "দক্ষিণানুগতালিন্দত্রয়ং

ভারতভাবদীপঃ

ইতি দেববোধঃ ॥৪—৮॥ ভদ্রাসনে চতুঃসমাসনে ॥৯॥ কষায়েণ সর্ব্বৌষধ্যাদিকল্কেন ॥১০—১১॥ অক্লিষ্টম্ অনুপহতং বসনং যস্য ॥১২॥ দীপ্তং জলদগ্নিম্ ॥১৩—১৪॥ সৌরান্ সূর্য্যোপাসকান্ ॥১৬—১৮॥ প্রদক্ষিণং কৃত্বেতি শেষঃ ॥১৯॥ স্বস্তিকানালিঙ্গনানি বর্দ্ধমানান্ শরাবান্ নন্দ্যা-

জিতেন্দ্রিয়, বেদাধ্যায়ী, ব্রতপরায়ণ, যজ্ঞান্তস্নায়ী, সহস্রশিষ্যসমন্বিত, সূর্য্যোপাসক এবং বৃদ্ধ একসহস্র অষ্টসংখ্যক শ্রেষ্ঠ ব্রাহ্মণের সহিত সাক্ষাৎ করিলেন ॥১৫—১৬॥

তাহার পর মহাবাহু যুধিষ্ঠির অক্ষত (তণ্ডুল), পুষ্প, মধু, ঘৃত, ফল এবং অভীষ্ট মাঙ্গলিক দ্রব্য দিয়া সেই ব্রাহ্মণগণদ্বারা স্বস্তিপাঠ করাইয়া প্রত্যেক ব্রাহ্মণকে এক একটী স্বর্ণমুদ্রা, এক একখানি বস্ত্র, অভীষ্ট দক্ষিণা এবং বিভাগপূর্ব্বক অলঙ্কৃত একশত অশ্ব দান করিলেন ॥১৭—১৮॥

এবং তিনি স্বর্ণবর্ণা, বহুক্ষীরা, সবৎসা, স্বর্ণশৃঙ্গা ও রৌপ্যখুরা বহুসংখ্যক গো দান করিয়া সেগুলিকে প্রদক্ষিণ করিলেন ॥১৯॥

অনন্তর স্বর্ণনির্ম্মিত স্বস্তিক, শরাব ও দেবগৃহ এবং মাল্য, জলপূর্ণ কুম্ভ,

(১৯)···হেমশৃঙ্গীঃ···বর্দ্ধ।

পূর্ণান্যক্ষতপাত্রাণি রুচকং রোচনাং তথা।
স্বলঙ্কতাঃ শুভাঃ কন্যা দধিসর্পির্মধূদকম্ ॥২১॥
মঙ্গল্যান্ পক্ষিণশ্চৈব যচ্চান্যদপি পূজিতম্।
দৃষ্ট্বা স্পৃষ্ট্বা চ কৌন্তেয়ো বাহ্যাং কক্ষামুপাগমৎ ॥২২॥ (বিশেষকম্)
ততস্তস্য মহাবাহোস্তিষ্ঠতঃ পরিচারকাঃ।
সৌবর্ণং সর্বতোভদ্রং মুক্তাবৈদূর্য্যমণ্ডিতম্ ॥২৩॥
পরার্দ্ধ্যাস্তরণাস্তীর্ণং সোত্তরচ্ছদমৃদ্ধিমৎ।
বিশ্বকর্ম্মকৃতং দিব্যমুপজহ্রুর্বরাসনম্ ॥২৪॥ (যুগ্মকম্)
তত্র তস্যোপবিষ্টস্য ভূষণানি মহাত্মনঃ।
উপজহ্রুর্মহার্হাণি প্রেষ্যাঃ শুভ্রাণি সর্ব্বশঃ ॥২৫॥

ভারতকৌমুদী

যৎ পশ্চিমামুখম্। পূজনীযোত্তরচ্ছায়ং নন্দ্যাবর্ত্তং বদন্তি তৎ॥" ইতি ভরতধৃতসাঙ্খবচনম্। রুচকং শ্রীনাম্না প্রসিদ্ধং মঙ্গলদ্রব্যম্, "রুচকং মঙ্গলদ্রব্যে" ইত্যাদি বিশ্বঃ, রোচনাং গোরোচনাম্। অন্যৎ ধান্যদূর্বাদিকম্। দৃষ্ট্বা কন্যাদি, স্পৃষ্ট্বা স্বস্তিকাদি ॥২০—২২॥

তত ইতি। তিষ্ঠতো দণ্ডায়মানস্য। সর্বতোভদ্রং নাম কিঞ্চিদুচ্চং গোলাকারম্। পরার্দ্ধ্যেন উত্তমেন আস্তরণেন আস্তীর্ণমাবৃতম্, উত্তরচ্ছদেন উপরিগতমসৃণবস্ত্রেণ সহেতি তৎ, ঋদ্ধিমৎ সৌন্দর্য্যসম্পন্নম্। বিশ্বকর্ম্মণা তদাবিষ্কৃতপ্রকারেণ শিল্পিভিঃ কৃতম্ ॥২৩—২৪॥

তত্রেতি। মহার্হাণি মহামূল্যানি, প্রেষ্যা দাসাঃ ॥২৫॥

প্রজ্বলিত অগ্নি, পূর্ণ অক্ষতপাত্র, শ্রী, গোরোচনা, সুন্দর অলঙ্কৃতা ও সুলক্ষণা কন্যা, দধি, ঘৃত, মধু, জল, মাঙ্গলিক পক্ষী, আর অন্য যে যে মাঙ্গলিক দ্রব্য হইতে পারে, সেই সকল দ্রব্য যথাসম্ভব দর্শন ও স্পর্শন করিয়া যুধিষ্ঠির বাহ্য কক্ষায় গমন করিলেন ॥২০—২২॥

মহাবাহু যুধিষ্ঠির সেখানে যাইয়া দাঁড়াইলে, ভৃত্যেরা স্বর্ণনির্ম্মিত, মুক্তা ও বৈদূর্য্যমণিমণ্ডিত, উত্তম আস্তরণে আবৃত, উপরে মসৃণবস্ত্রযুক্ত, সৌন্দর্য্যসম্পন্ন এবং বিশ্বকর্ম্মার আবিষ্কৃত প্রকারে নির্ম্মিত 'সর্বতোভদ্র'-নামক উত্তম আসন আনয়ন করিল ॥২৩—২৪॥

মহাত্মা যুধিষ্ঠির সেই আসনে উপবেশন করিলে, ভৃত্যেরা মহামূল্য ও শুভ্রবর্ণ সর্ব্বপ্রকার অলঙ্কার আনয়ন করিল ॥২৫॥

---

(২২)···বাহ্যাং কক্ষাং ততোঽগমৎ—পি বা নি। (২৩) ততস্তস্যাম্···বা নি।

মুক্তাভরণবেশস্য কৌন্তেয়স্য মহাত্মনঃ।
রূপমাসীন্মহারাজ! দ্বিষতাং শোকবর্দ্ধনম্ ॥২৬॥
পাণ্ডুরৈশ্চন্দ্ররশ্ম্যাভৈর্হেমদণ্ডৈশ্চ চামরৈঃ।
দোধূয়মানৈঃ শুশুভে সবিদ্যুদিব তোয়দঃ ॥২৭॥
সংস্তূয়মানঃ সূতৈশ্চ বন্দ্যমানশ্চ বন্দিভিঃ।
উপগীয়মানো গন্ধর্ব্বৈরাস্তে স্ম কুরুনন্দনঃ ॥২৮॥
ততো মুহূর্ত্তাদাসীত্তু দন্তিনাং নিস্বনো মহান্।
নেমিঘোষশ্চ রথিনাং খুরঘোষশ্চ বাজিনাম্ ॥২৯॥
হ্রাদেন গজঘণ্টানাং শঙ্খানাং নিনদেন চ।
নরাণাং পদশব্দেন কম্পতীব স্ম মেদিনী ॥৩০॥

ভারতকৌমুদী

মুক্তেতি। দ্বিষতাং শোকবর্দ্ধনং নিরতিশয়সম্পৎসম্পাদিতত্বাৎ ॥২৬॥

পাণ্ডুরৈরিতি। পাণ্ডরৈঃ শুভ্রৈঃ। দোধূয়মানৈঃ পুনঃ পুনরান্দোল্যমানৈঃ। হেমদণ্ডানাং বিদ্যুতা সাম্যম্। তোয়দশ্চ শরন্মেঘঃ। এবঞ্চ গৌরবর্ণস্য যুধিষ্ঠিরস্য সাদৃশ্যমুপপদ্যতে ॥২৭॥

সমিতি। গন্ধর্ব্বৈর্গন্ধর্ব্ববৎ সুকণ্ঠৈর্গায়নৈঃ, আস্তে উপবিশতি স্ম ॥২৮॥

তত ইতি। নেমিঘোষো রথচক্রপ্রান্তশব্দঃ ॥২৯॥

হ্রাদেনেতি। হ্রাদেন শব্দেন। নরাণাং পদাতিসৈন্যানাম্ ॥৩০॥

মহারাজ! মহাত্মা যুধিষ্ঠির সেই মুক্তাময় অলঙ্কার পরিধান করিলে, তাঁহার রূপটী শত্রুগণের ক্ষোভজনকই হইয়া পড়িল ॥২৬॥

তৎপরে ভৃত্যেরা চন্দ্রকিরণের ন্যায় শুভ্রবর্ণ ও স্বর্ণদণ্ড চামর আন্দোলন করিতে লাগিলে, যুধিষ্ঠির—বিদ্যুৎসমন্বিত শরৎকালীয় মেঘের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥২৭॥

ক্রমে স্তুতিপাঠকেরা স্তব করিতে লাগিল, বন্দীরা বন্দনা করিতে থাকিল এবং গন্ধর্ব্বের ন্যায় সুকণ্ঠ গাথকেরা গান ধরিল; সেই অবস্থায় যুধিষ্ঠির উপবিষ্ট রহিলেন ॥২৮॥

তৎপরে মুহূর্ত্তকালমধ্যেই হস্তিগণের বিশাল বৃংহিতধ্বনি, রথীদিগের রথ-চক্রের শব্দ এবং অশ্বগণের হ্রেষারব হইতে লাগিল ॥২৯॥

ক্রমে গজঘণ্টার শব্দে, শঙ্খের নিনাদে ও পদাতিগণের পদশব্দে পৃথিবী যেন কাঁপিয়া উঠিল ॥৩০॥

---

(২৭)…বিদ্যুদ্ভিরিব তোয়দঃ—বা নি।

ততঃ শুদ্ধান্তমাসাদ্য জানুভ্যাং ভূতলে স্থিতঃ।
শিরসা বন্দনীয়ং তমভিবন্দ্য জগৎপতিম্ ॥৩১॥
কুণ্ডলী বদ্ধনিস্ত্রিংশঃ সন্নদ্ধকবচো যুবা।
অপি প্রণম্য শিরসা দ্বাস্থো ধর্ম্মাত্মজায় বৈ।
ন্যবেদয়দ্ধৃষীকেশমুপায়াতং মহাত্মনে ॥৩২॥ (যুগ্মকম্)
সোঽব্রবীৎ পুরুষব্যাঘ্রঃ স্বাগতেনৈব মাধবম্।
অর্ঘ্যঞ্চৈবাসনঞ্চাস্মৈ দীয়তাং পরমার্চ্চিতম্ ॥৩৩॥
ততঃ প্রবেশ্য বার্ষ্ণেয়মুপবেশ্য বরাসনে।
সৎকৃতস্তেন সৎকৃত্য পর্য্যপৃচ্ছদ্যুধিষ্ঠিরঃ ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং যুধিষ্ঠিরসজ্জায়াং দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। শুদ্ধান্তং তন্নির্জনকক্ষাভ্যন্তরম্, "শুদ্ধান্তোঽন্তঃপুরে স্মাভৃদ্রহঃকক্ষান্তরেঽপি চ" ইতি মেদিনী। জগৎপতিং ভূপতিম্। বদ্ধনিস্ত্রিংশো ধৃতাসিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১-৩২॥

স ইতি। স্বাগতেনৈব স্বাগতপ্রশ্নেনৈব, মাধবং কৃষ্ণমানীয়েতি শেষঃ ॥৩৩॥

তত ইতি। বার্ষ্ণেয়ং কৃষ্ণম্। সৎকৃতো নমস্কৃতঃ, তেন কৃষ্ণেন, সৎকৃত্য আদৃত্য ॥৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

বর্ত্তান্ সম্পুটিতান্যর্দ্ধপাত্রাণি ॥২০॥ রুচকং মাতুলিঙ্গকম্ ॥২১—২৩॥ বিশ্বকর্ম্মকৃতং বিশ্বকর্ম্ম-প্রণীতেন বিধিনা নির্ম্মিতম্ ॥২৪—৩০॥ শুদ্ধান্তং কক্ষাভ্যন্তরম্ ॥৩১—৩২॥ স্বাগতং প্রতিবদ্ধা-গমনেন মহালিঙ্গনানাময়স্মরণে যাত্রাস্থিতিঃ ॥৩৩—৩৪॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭২॥

তদনন্তর কুণ্ডল, তরবারি ও কবচধারী একজন যুবক দ্বারপাল সেই নির্জন কক্ষায় উপস্থিত হইয়া ভূতলে জানুযুগল পাতিয়া মস্তক অবনমনপূর্ব্বক বন্দনীয় রাজা যুধিষ্ঠিরকে বন্দনা ও প্রণাম করিয়া সেই মহাত্মা ধর্ম্মপুত্রকে জানাইল যে, 'কৃষ্ণ আসিয়াছেন' ॥৩১—৩২॥

তখন পুরুষশ্রেষ্ঠ যুধিষ্ঠির বলিলেন—'স্বাগতপ্রশ্নপূর্ব্বক কৃষ্ণকে প্রবেশ করাইয়া উঁহাকে উত্তম অর্ঘ্য ও আসন প্রদান কর' ॥৩৩॥

(৩১) ..অভিপ্রণম্য শিরসা...বা বঙ্গ বর্দ্ধ নি। * '...অশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ।

———:-০-:———

সঞ্জয় উবাচ।

ততো যুধিষ্ঠিরো রাজা প্রতিনন্দ্য জনার্দ্দনম্।
উবাচ পরমপ্রীতঃ কৌন্তেয়ো দেবকীসুতম্ ॥১॥
সুখেন রজনী ব্যুষ্টা কচ্চিত্তে মধুসূদন!।
কচ্চিজ্‌জ্ঞানানি সর্বাণি প্রসন্নানি তবাচ্যুত! ॥২॥
বাসুদেবোঽপি তদ্‌যুক্তং পর্য্যপৃচ্ছদ্‌যুধিষ্ঠিরম্।
ততঃ ক্ষত্তা প্রকৃতয়ো ন্যবেদয়দুপস্থিতাঃ ॥৩॥
অনুজ্ঞাতশ্চ রাজ্ঞা স প্রাবেশয়ত তং জনম্।
বিরাটং ভীমসেনঞ্চ ধৃষ্টদ্যুম্নঞ্চ সাত্যকিম্ ॥৪॥
চেদিপং ধৃষ্টকেতুঞ্চ দ্রুপদঞ্চ মহারথম্।
শিখণ্ডিনং যমৌ চৈব চেকিতানং সকেকয়ম্ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রতিনন্দ্য চিবুকস্পর্শেন প্রত্যাদৃত্য। পরমপ্রীতঃ, তদ্দর্শনাদেব ॥১॥

সুখেনেতি। ব্যুষ্টা প্রভাতা। জ্ঞানানি কর্ত্তব্যবিষয়কাণি, প্রসন্নানি আত্মনি প্রকাশিতানি ॥২॥

বাস্বিতি। তদ্‌যুক্তং তদুচিতম্। ক্ষত্তা দ্বারপালঃ, প্রকৃতয়ঃ অমাত্যাঃ, ইতি ন্যবেদয়ং ॥৩॥

তৎপরে সেই দ্বারপাল কৃষ্ণকে প্রবেশ করাইয়া উত্তম আসনে বসাইয়া সরিয়া গেলে, কৃষ্ণ যুধিষ্ঠিরকে প্রণাম করিলেন, যুধিষ্ঠিরও আদর করিয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন' ॥৩৪॥

———:০:———

সঞ্জয় বলিলেন—'তাহার পর কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির অত্যন্ত আনন্দিত হইয়া দেবকীনন্দন কৃষ্ণের প্রত্যাদর করিয়া বলিলেন—॥১॥

'কৃষ্ণ! রাত্রিটা তোমার সুখে প্রভাত হইয়াছে ত? অচ্যুত! তোমার সমস্ত কর্ত্তব্য বিষয়ের স্মরণ হইতেছে ত?' ॥২॥

তখন কৃষ্ণও যুধিষ্ঠিরের নিকট উপযুক্ত বিষয় জিজ্ঞাসা করিলেন। তদনন্তর দ্বারপাল আসিয়া জানাইল যে, 'অমাত্যেরা উপস্থিত হইয়াছেন' ॥৩॥

(৩)···ততশ্চ প্রকৃতীঃ ক্ষত্তা ন্যবেদয়দুপস্থিতাঃ—বা নি।

যুযুৎসুশ্চৈব কৌরব্যং পাঞ্চাল্যঞ্চোত্তমৌজসম্।
যুধামন্যুং সুবাহুঞ্চ দ্রৌপদেয়াংশ্চ সর্ব্বশঃ ॥৬॥ (বিশেষকম্)
এতে চান্যে চ বহবঃ ক্ষত্রিয়াঃ পাণ্ডবর্ষভম্।
উপতস্থুর্মহাত্মানং বিবিশুশ্চাসনে শুভে ॥৭॥
একস্মিন্নাসনে বীরাবুপবিষ্টৌ মহাবলৌ।
কৃষ্ণশ্চ যুযুধানশ্চ মহাত্মানৌ মহাদ্যুতী ॥৮॥
ততো যুধিষ্ঠিরস্তেষাং শৃণ্বতাং মধুসূদনম্।
অব্রবীৎ পুণ্ডরীকাক্ষমাভাষ্য মধুরং বচঃ ॥৯॥
একং ত্বাং বয়মাশ্রিত্য সহস্রাক্ষমিবামরাঃ।
প্রার্থয়ামো জয়ং সংখ্যে শাশ্বতানি সুখানি চ ॥১০॥

ভারতকৌমুদী

অন্বিতি। রাজ্ঞা যুধিষ্ঠিরেণ, স ক্ষত্তা। জনং লোকসমূহম্। চেদিপং চেদিরাজম্। যমৌ নকুলসহদেবৌ। যুযুৎসুং তদাখ্যম্, কৌরব্যং ধার্ত্তরাষ্ট্রং যুধিষ্ঠিরাহ্বানেন তৎপক্ষাগতম্। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্ ॥৪—৬॥

এত ইতি। পাণ্ডবর্ষভং যুধিষ্ঠিরম্। বিবিশুঃ উপবিষ্টবন্তঃ ॥৭॥

একস্মিন্নিতি। যুযুধানঃ সাত্যকিঃ, মহাদ্যুতী মহাতেজসৌ ॥৮॥

তত ইতি। পুণ্ডরীকাক্ষং পদ্মনয়নম্, আভাষ্য সম্বোধ্য ॥৯॥

একমিতি। সহস্রাক্ষমিন্দ্রম্। সংখ্যে যুদ্ধে, শাশ্বতানি চিরস্থায়ীনি ॥১০॥

তখন যুধিষ্ঠির অনুমতি করিলে, দ্বারপাল সেই লোকদিগকে প্রবেশ করাইল। বিরাট, ভীমসেন, ধৃষ্টদ্যুম্ন, সাত্যকি, চেদিরাজ ধৃষ্টকেতু, মহারথ দ্রুপদ, শিখণ্ডী, নকুল, সহদেব, চেকিতান, কেকয়গণ, ধৃতরাষ্ট্রপুত্র যুযুৎসু, পাঞ্চালবীর উত্তমৌজা, যুধামন্যু, সুবাহু ও দ্রৌপদীর সমস্ত পুত্র ক্রমে উপস্থিত হইলেন ॥৪—৬॥

ইঁহারা এবং অন্যও বহুতর ক্ষত্রিয় মহাত্মা যুধিষ্ঠিরের নিকটে উপস্থিত হইলেন এবং সুন্দর সুন্দর আসনে উপবেশন করিলেন ॥৭॥

তখন বীর, মহাবল, মহাত্মা ও মহাতেজা কৃষ্ণ এবং সাত্যকি এক আসনে বসিলেন ॥৮॥

তদনন্তর যুধিষ্ঠির সেই বীরগণের সমক্ষে পদ্মনয়ন কৃষ্ণকে সম্বোধন করিয়া এই মধুর বাক্য বলিলেন—॥৯॥

(৮)…যুযুধানশ্চ বেদ্যামিব হুতাশনৌ—নি।

ত্বং হি রাজ্যবিনাশঞ্চ দ্বিষদ্ভিশ্চ নিরাক্রিয়াম্।
ক্লেশাংশ্চ বিবিধান্ কৃষ্ণ! সর্বাংস্তানপি বেৎসি নঃ ॥১১॥
ত্বয়ি সর্ব্বেশ! সর্ব্বেষামস্মাকং ভক্তবৎসল!।
সুখমায়ত্তমত্যর্থং যাত্রা চ মধুসূদন! ॥১২॥
স তথা কুরু বার্ষ্ণেয়! যথা মম মনস্ত্বয়ি।
অর্জ্জুনস্য যথা সত্যা প্রতিজ্ঞা স্যাচ্চিকীর্ষিতা ॥১৩॥
স ভবাংস্তারয়ত্বস্মান্ দুঃখামর্ষমহার্ণবাৎ।
পারং তিতীর্ষতামদ্য প্লবো নো ভব মাধব! ॥১৪॥
ন হি তৎ কুরুতে সংখ্যে রথী রিপুবধোদ্যতঃ।
যথা বৈ কুরুতে কৃষ্ণ! সারথির্যত্নমাস্থিতঃ ॥১৫॥

ভারতকৌমুদী

নন্বেকস্য মমাশ্রয়ে কো হেতুরিত্যাহ ত্বমিতি। হি যস্মাৎ। নিরাক্রিয়াং দেশান্নির্যাপণম্ ॥১১॥

ত্বয়ীতি। আয়ত্তমধীনম্। যাত্রা বৃত্তিঃ, "যাত্রোৎসবে গতৌ বৃত্তৌ" ইতি হেমচন্দ্রঃ ॥১২॥

স ইতি। চিকীর্ষিতা সফলতয়া কর্ত্তুমিষ্টা ॥১৩॥

স ইতি। অমর্ষঃ ক্রোধঃ। তিতীর্ষতাং তর্ত্তুমিচ্ছতাম্, প্লবো নৌকা, নঃ অস্মাকম্ ॥১৪॥

'কৃষ্ণ! দেবতারা যেমন এক ইন্দ্রকে অবলম্বন করিয়া যুদ্ধে জয় ও স্থায়ী সুখ প্রার্থনা করেন, আমরাও সেইরূপ একমাত্র তোমাকে অবলম্বন করিয়া যুদ্ধে জয় ও স্থায়ী সুখ প্রার্থনা করি ॥১০॥

কারণ, কৃষ্ণ! তুমি আমাদের রাজ্যনাশ, শত্রুকর্ত্তৃক দেশ হইতে নির্বাসন ও নানাবিধ কষ্টভোগ, সে সমস্তই জান ॥১১॥

সর্বেশ্বর! ভক্তবৎসল! মধুসূদন! আমাদের সকলের সুখ ও জীবিকা তোমারই একান্ত অধীন ॥১২॥

বৃষ্ণিনন্দন! যে হেতু আমার মন তোমাতে রহিয়াছে, সেই হেতু তুমি তাহা কর, যাহাতে অর্জ্জুনের চিকীর্ষিত প্রতিজ্ঞা সত্য হয় ॥১৩॥

মাধব! তুমি আমাদিগকে দুঃখ ও ক্রোধরূপ মহাসমুদ্র হইতে উদ্ধার কর; আমরা দুঃখসাগরের পারে যাইতে ইচ্ছা করিতেছি, তুমি আজ তাহাতে আমাদের ভেলা হও ॥১৪॥

(১১)…বেদ নঃ—বা,· ·বেত্থ নঃ—নি। (১৩)…যথা ত্বয়ি মনো মম…বা নি। (১৪… তারয়ত্বস্মাৎ…বা নি। (১৫) নহি তৎ কুরুতে যোধঃ কার্ত্তবীর্য্যসমোঽপি যঃ। যুধি যৎ কুরুষে কৃষ্ণ! সারথ্যং ত্বং সমাশ্রিতঃ ॥—নি।

যথৈব সর্ব্বাস্বাপৎসু পাসি বৃষ্ণীন্ জনার্দ্দন!।
তথৈবাস্মান্ মহাবাহো! বৃজিনাত্ত্রাতুমর্হসি ॥১৬॥
ত্বমগাধেঽপ্লবে মগ্নান্ পাণ্ডবান্ কুরুসাগরে।
তারয়াদ্য প্লবো ভূত্বা শঙ্খচক্রগদাধর! ॥১৭॥
নমস্তে দেবদেবেশ! সনাতন! বিশাতন!।
বিষ্ণো! জিষ্ণো! হরে! কৃষ্ণ! বৈকুণ্ঠ! পুরুষোত্তম! ॥১৮॥
নারদস্ত্বাং সমাচখ্যৌ পুরাণমৃষিসত্তমম্।
বরদং শার্ঙ্গিণং দেবং তৎ সত্যং কুরু মাধব! ॥১৯॥
ইত্যুক্তঃ পুণ্ডরীকাক্ষো ধর্ম্মরাজেন সংসদি।
ওঘমেঘস্বনো বাগ্মী প্রত্যুবাচ যুধিষ্ঠিরম্ ॥২০॥

ভারতকৌমুদী

নন্বু সারথিমাত্রোঽহং কিং কর্ত্তুমর্হামীত্যাহ নেতি। কুরুতে কর্ত্তুং শক্নোতি ॥১৫॥
যথেতি। পাসি রক্ষসি। বৃজিনাৎ পাপাৎ পাপজনিতদুঃখাৎ ॥১৬॥
ত্বমিতি। অগাধে অতলস্পর্শে, অপ্লবে আশ্রয়রহিতে, কুরুসাগরে কৌরবাব্ধৌ ॥১৭॥
নম ইতি। হে বিশাতন! শত্রুনাশক!। হে জিষ্ণো! জয়শীল! ॥১৮॥
নারদ ইতি। পুরাণং প্রাচীনম্, ঋষিসত্তমং নারায়ণম্। তৎ অর্জ্জুনপ্রতিজ্ঞানম্ ॥১৯॥
ইতীতি। ওঘস্য সমূহভাবমাপন্নস্য মেঘস্যেব স্বনো যস্য সঃ ॥২০॥

কৃষ্ণ! যুদ্ধে যত্নবান্ সারথি যেরূপ কার্য্য করিতে পারে, শত্রুবধে উদ্যত রথীও সেরূপ কার্য্য করিতে পারেন না ॥১৫॥

মহাবাহু জনার্দ্দন! তুমি বৃষ্ণিবংশীয়গণকে যেমন সমস্ত বিপদে রক্ষা কর, আমাদিগকেও সেইরূপই দুঃখ হইতে রক্ষা কর ॥১৬॥

হে শঙ্খচক্রগদাধর! পাণ্ডবেরা অতলস্পর্শ ও আশ্রয়শূন্য কৌরবসমুদ্রে মগ্ন হইতে চলিয়াছে, তুমি আজ আশ্রয় হইয়া তাহাদিগকে উদ্ধার কর ॥১৭॥

দেবদেবেশ্বর! সনাতন! শত্রুসংহারক! বিষ্ণু! জিষ্ণু! হরি! কৃষ্ণ! বৈকুণ্ঠনাথ! পুরুষোত্তম! তোমাকে নমস্কার করি ॥১৮॥

মাধব! দেবর্ষি নারদ তোমাকে প্রাচীন ঋষিশ্রেষ্ঠ, বরদাতা, শার্ঙ্গধনুর্দ্ধর ও দেবতা বলিয়াছেন। অতএব তুমি অর্জ্জুনের প্রতিজ্ঞা সত্য কর' ॥১৯॥

যুধিষ্ঠির বীরসভায় এইরূপ বলিলে, বাগ্মী কৃষ্ণ ঘনীভূতমেঘগম্ভীরস্বরে তাঁহার প্রত্যুত্তর করিলেন ॥২০॥

(১৭)···সমুদ্ধর প্লবো ভূত্বা···বা নি। (১৯)···শার্ঙ্গিণং শ্রেষ্ঠম্···বা নি। (২০)··· তোয়মেঘস্বনঃ···বা নি।

বাসুদেব উবাচ।

সামরেষ্বপি লোকেষু সর্ব্বেষু ন তথাবিধঃ।
শরাসনধরঃ কশ্চিদ্‌যথা পার্থো ধনঞ্জয়ঃ ॥২১॥
বীর্য্যবানস্ত্রসম্পন্নঃ পরাক্রান্তো মহাবলঃ।
যুদ্ধশৌণ্ডঃ সদামর্ষী তেজসা পরমো নৃণাম্ ॥২২॥
স যুবা বৃষভস্কন্ধো দীর্ঘবাহুর্মহাবলঃ।
সিংহর্ষভগতিঃ শ্রীমান্ দ্বিষতস্তে হনিষ্যতি ॥২৩॥ (যুগ্মকম্)
অহঞ্চ তৎ করিষ্যামি যথা কুন্তীসুতোঽর্জ্জুনঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য সৈন্যানি ধক্ষ্যত্যগ্নিরিবেন্ধনম্ ॥২৪॥
অদ্য তং পাপকর্ম্মাণং ক্ষুদ্রং সৌভদ্রঘাতিনম্।
অপুনর্দর্শনং মার্গমিষুভিঃ ক্ষেপ্স্যতেঽর্জ্জুনঃ ॥২৫॥
তস্যাদ্য গৃধ্রাঃ শ্যেনাশ্চ বৃকা গোমায়বস্তথা।
ভক্ষয়িষ্যন্তি মাংসানি যে চান্যে পুরুষাদকাঃ ॥২৬॥

ভারতকৌমুদী

সামরেম্বিতি। সামরেষু দেবসহিতেষু। শরাসনধরো ধনুর্দ্ধরঃ ॥২১॥

বীর্য্যবানিতি। বীর্য্যবান্ মানসিকবলশালী। যুদ্ধে শৌণ্ডো মত্তঃ। বৃষভস্যেব স্কন্ধো উন্নতৌ যস্য সঃ। সিংহস্যেব ঋষভস্য বৃষস্যেব চ গতির্যস্য সঃ, শ্রীমান্ বীরশোভাবান্ ॥২২-২৩॥

অহমিতি। ধক্ষ্যতি দগ্ধানি করিষ্যতি, ইন্ধনং কাষ্ঠম্ ॥২৪॥

অদ্যেতি। ন বিদ্যতে পুনর্দর্শনং যস্য তম্। ক্ষেপ্স্যতে নেষ্যতে। নয়ত্যর্থত্বাদ্দ্বিকর্ম্মকতা ॥২৫॥

কৃষ্ণ বলিলেন—'মহারাজ! পৃথানন্দন অর্জ্জুন যেরূপ ধনুর্দ্ধর, সেরূপ ধনুর্দ্ধর দেবলোকপ্রভৃতি সমস্ত লোকে অন্য কেহ নাই ॥২১॥

মানসিকবল ও দৈহিকবলশালী, নানাবিধ অস্ত্রজ্ঞ, পরাক্রমী, যুদ্ধে মত্ত, সর্ব্বদা ক্রোধী, মনুষ্যমধ্যে পরম তেজস্বী, বৃষের ন্যায় উন্নতস্কন্ধ, সিংহ ও বৃষের ন্যায় গমনকারী, বীরশোভায় শোভিত ও যুবা অর্জ্জুন আপনার শত্রুগণকে বিনাশ করিবেন ॥২২—২৩॥

আমিও সেইরূপ কার্য্য করিব, যাহাতে অগ্নি যেমন কাষ্ঠ দগ্ধ করে, সেইরূপ অর্জ্জুন দুর্য্যোধনসৈন্য দগ্ধ করিতে পারেন ॥২৪॥

আজ অর্জ্জুন বাণদ্বারা পাপকারী, ক্ষুদ্রস্বভাব ও অভিমন্যুবধের হেতু জয়দ্রথকে সেই পথে প্রেরণ করিবেন, যে পথের পুনরায় দর্শন হয় না ॥২৫॥

(২৬)···বলা গোমায়বস্তথা···পি।

যদ্যস্য দেবা গোপ্তারঃ সেন্দ্রাঃ সর্ব্বে যুধিষ্ঠির!।
রাজধানীং যমস্যাদ্য হতঃ প্রাপ্স্যতি সংযুগে ॥২৭॥
নিহত্য সৈন্ধবং জিষ্ণুরদ্য ত্বামুপযাস্যতি।
বিশোকো বিজ্বরো রাজন্! ভব শান্তিপুরস্কৃতঃ ॥২৮॥

সঞ্জয় উবাচ।

তথা সংভাষতাং তেষাং প্রাদুরাসীদ্ধনঞ্জয়ঃ।
দিদৃক্ষুর্ভরতশ্রেষ্ঠং রাজানং সসুহৃদ্গণম্ ॥২৯॥
তং প্রবিষ্টং শুভাং কক্ষামভিবাদ্যাগ্রতঃ স্থিতম্।
সমুত্থায়ার্জ্জুনং প্রেম্ণা সস্বজে পাণ্ডবর্ষভঃ ॥৩০॥

ভারতকৌমুদী

তস্যেতি। বৃকা ব্যাঘ্রবিশেষাঃ. গোমায়বঃ শৃগালাঃ। পুরুষাদকা নরভক্ষকাঃ ॥২৬॥
যদীতি। গোপ্তারো রক্ষিতারো ভবিষ্যন্তি, তথাপীতি শেষঃ ॥২৭॥
নিহত্যেতি। সৈন্ধবং জয়দ্রথম্, জিষ্ণুরর্জ্জুনঃ। বিজ্বরো মনঃসন্তাপশূন্যঃ ॥২৮॥
তথেতি। সংভাষতাং সমালপতাম্। দিদৃক্ষুর্দ্রষ্টুমিচ্ছুঃ ॥২৯॥
তমিতি। শুভাং হিতৈষিপূর্ণত্বাৎ শুভজনিকাম্। সস্বজে আলিলিঙ্গ ॥৩০॥

গৃধ্র, শ্যেন, চিতাবাঘ, শৃগাল ও অন্য যে সকল নরমাংসভোজী জন্তু আছে, তাহারা আজ জয়দ্রথের মাংস ভক্ষণ করিবে ॥২৬॥

মহারাজ! ইন্দ্রের সহিত সমস্ত দেবতাও যদি জয়দ্রথের রক্ষক হন, তথাপি আজ সে যুদ্ধে নিহত হইয়া যমের রাজধানীতে যাইবে ॥২৭॥

রাজা! অর্জ্জুন আজ জয়দ্রথকে বধ করিয়া আপনার নিকট আসিবেন। অতএব আপনি শোকবিহীন, সন্তাপশূন্য ও শান্তিসম্পন্ন হউন' ॥২৮॥

সঞ্জয় বলিলেন—'তাঁহারা সেইরূপ আলাপ করিতেছিলেন, এমন সময়ে বন্ধুবর্গের সহিত সম্মিলিত ভরতশ্রেষ্ঠ যুধিষ্ঠিরের সহিত সাক্ষাৎ করিবার জন্য অর্জ্জুন উপস্থিত হইলেন ॥২৯॥

অর্জ্জুন মঙ্গলময় কক্ষায় প্রবেশপূর্বক যুধিষ্ঠিরকে অভিবাদন করিয়া সম্মুখে দাঁড়াইলে, যুধিষ্ঠির গাত্রোত্থান করিয়া স্নেহবশতঃ অর্জ্জুনকে আলিঙ্গন করিলেন ॥৩০॥

(২৮)···ভব ভূতিপুরস্কৃতঃ—পি বা বঙ্গ বৰ্দ্ধ। ইতঃ পরম্ 'একাশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '···ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ' বা রা নি। (২৯) তথা তু বদতাম্···বা নি। (৩০)··· অভিবন্দ্যাগ্রতঃ স্থিতম্। তমুত্থায়ার্জ্জুনম্···বা নি।

মূর্দ্ধ্নি চৈনমুপাঘ্রায় পরিষ্বজ্য চ বাহুনা।
আশিষঃ পরমাঃ প্রোচ্য স্ময়মানোঽভ্যভাষত ॥৩১॥
ব্যক্তমর্জ্জুন! সংগ্রামে ধ্রুবস্তে বিজয়ো মহান্।
যাদৃগ্রূপা হি তে চ্ছায়া প্রসন্নশ্চ জনার্দ্দনঃ ॥৩২॥
তমব্রবীত্ততো জিষ্ণুর্মহদাশ্চর্য্যমুত্তমম্।
দৃষ্টবানস্মি ভদ্রং তে কেশবস্য প্রসাদজম্ ॥৩৩॥
ততস্তৎ কথয়ামাস যথাদৃষ্টং ধনঞ্জয়ঃ।
আশ্বাসনার্থং সুহৃদাং ত্র্যম্বকেণ সমাগমম্ ॥৩৪॥
ততঃ শিরোভিরবনীং স্পৃষ্ট্বা সর্ব্বে সুবিস্মিতাঃ।
নমস্কৃত্য বৃষাঙ্কায় সাধু সাধ্বিত্যথাব্রুবন্ ॥৩৫॥
অনুজ্ঞাতাস্ততঃ সর্ব্বে সুহৃদো ধর্ম্মসূনুনা।
ত্বরমাণাঃ সুসংরব্ধা হৃষ্টা যুদ্ধায় নির্যযুঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

মূর্দ্ধ্নীতি। এনমর্জ্জুনম্, পরিষ্বজ্য আলিঙ্গ্য। স্ময়মান ঈষদ্ধসন্ ॥৩১॥
ব্যক্তমিতি। ধ্রুবো নিশ্চিতঃ। ছায়া বীরকান্তিঃ ॥৩২॥
তমিতি। জিষ্ণুরর্জ্জুনঃ। দৃষ্টবান্ স্বপ্নম্। তে তব, ভদ্রং মঙ্গলমস্তু ॥৩৩॥
তত ইতি। ত্র্যম্বকেণ শিবেন সহ, সমাগমং স্বপ্নে সম্মেলনম্ ॥৩৪॥
তত ইতি। বৃষাঙ্কায় শিবায়। সাধু সাধু, পুণ্যাতিরেকাদিত্যাশয়ঃ ॥৩৫॥

এবং তিনি অর্জ্জুনের মস্তকাঘ্রাণ ও বাহুদ্বারা তাঁহাকে আলিঙ্গন করিয়া উত্তম আশীর্ব্বাদ জানাইয়া সহাস্য মুখে বলিলেন—॥৩১॥

'অর্জ্জুন! তোমার যেরূপ বীরশ্রী দেখা যাইতেছে এবং কৃষ্ণও যেরূপ প্রসন্ন হইয়াছেন, তাহাতে স্পষ্টই বুঝা যাইতেছে যে, যুদ্ধে তোমার বিশিষ্টরূপ জয়লাভ নিশ্চিত' ॥৩২॥

তদনন্তর অর্জ্জুন যুধিষ্ঠিরকে বলিলেন—'মহারাজ! আপনার মঙ্গল হউক। আমি আজ কৃষ্ণের অনুগ্রহে গুরুতর আশ্চর্য্য উত্তম স্বপ্ন দেখিয়াছি' ॥৩৩॥

তাহার পর অর্জ্জুন বন্ধুবর্গকে আশ্বস্ত করিবার জন্য যথাযথভাবে স্বপ্নে সেই শিবের সহিত সম্মেলনের বিষয় বলিলেন ॥৩৪॥

তৎপরে সকলে অত্যন্ত বিস্ময়াপন্ন হইয়া মস্তকদ্বারা ভূতলস্পর্শপূর্বক মহাদেবকে নমস্কার করিয়া 'সাধু সাধু' এইরূপ বলিলেন ॥৩৫॥

(৩২…তাদৃগ্রূপা…নি। (৩৫)…সর্ব্বে চ বিস্মিতাঃ…বা নি। (৩৬)…ত্বরমাণাঃ সুসন্নদ্ধাঃ…বা নি।

অভিবাদ্য তু রাজানং যুযুধানাচ্যুতার্জ্জুনাঃ।
হৃষ্টা বিনির্যযুস্তে বৈ যুধিষ্ঠিরনিবেশনাৎ ॥৩৭॥
রথেনৈকেন দুর্দ্ধর্ষৌ যুযুধানজনার্দ্দনৌ।
জগ্মতুঃ সহিতো বীরাবর্জ্জুনস্য নিবেশনম্ ॥৩৮॥
তত্র গত্বা হৃষীকেশঃ কল্পয়ামাস সূতবৎ।
রথং রথবরস্যাজৌ বানরর্ষভলক্ষণম্ ॥৩৯॥
স মেঘসমনির্ঘোষস্তপ্তকাঞ্চনসুপ্রভঃ।
বভৌ রথবরঃ কৢপ্তঃ শিশুর্দিবসকৃদ্‌যথা ॥৪০॥

ভারতকৌমুদী

অন্বিতি। ধর্ম্মসূনুনা যুধিষ্ঠিরেণ। সুসংরব্ধা অতীবোৎসাহিনঃ ॥৩৬॥

অভীতি। যুযুধানঃ সাত্যকিঃ। যুধিষ্ঠিরস্য নিবেশনাৎ শিবিরাৎ ॥৩৭॥

রথেনেতি। নিবেশনং কিয়দ্দূরস্থং শিবিরম্। অর্জ্জুনোঽপি তত্র জগামেতি বোধ্যম্ ॥৩৮॥

তত্রেতি। রথবরস্য রথিশ্রেষ্ঠস্যার্জ্জুনস্য, বানরর্ষভলক্ষণং হনূমচ্চিহ্নিতম্ ॥৩৯॥

স ইতি। মেঘস্য মেঘনির্ঘোষস্য সমঃ সমানো নির্ঘোযো যস্য সঃ, তপ্তকাঞ্চনেন তন্ময়ত্বেন শোভনা প্রভা যস্য সঃ। কৢপ্তঃ সজ্জিতঃ, শিশুর্নবোদিতঃ, দিবসকৃৎ সূর্য্যঃ ॥৪০॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১৫॥ বৃজিনাৎ ব্যসনাৎ ॥১৬—১৭॥ সনাতনঃ অনাদিনিধনঃ, বিশাতনঃ সংহর্ত্তা, কৃষ্ণঃ পুরুষোত্তমঃ পরমাত্মা ॥১৮—২১॥ যুদ্ধশৌণ্ডঃ যুদ্ধপ্রবীণঃ ॥২২—৪০॥ সজ্জপুরঃ-

তদনন্তর যুধিষ্ঠির অনুমতি করিলে, সমস্ত বন্ধুবর্গ সত্বর, অত্যন্তোৎসাহী ও আনন্দিত হইয়া যুদ্ধের জন্য নির্গত হইলেন ॥৩৬॥

কিন্তু কৃষ্ণ, অর্জ্জুন ও সাত্যকি যুধিষ্ঠিরকে অভিবাদন করিয়া আনন্দিত হইয়া যুধিষ্ঠিরের শিবির হইতে বাহির হইলেন ॥৩৭॥

তৎপরে দুর্দ্ধর্ষ বীর কৃষ্ণ ও সাত্যকি মিলিত হইয়া (অর্জ্জুনকে লইয়া) এক-রথে অর্জ্জুনের শিবিরে গমন করিলেন ॥৩৮॥

সেখানে যাইয়া (অর্জ্জুন আহ্নিক করিতে গেলে,) কৃষ্ণ সারথির ন্যায় রথিশ্রেষ্ঠ অর্জ্জুনের বানরশ্রেষ্ঠচিহ্নিত রথখানাকে সজ্জিত করিলেন ॥৩৯॥

তখন মেঘের ন্যায় গম্ভীরধ্বনিকারী ও তপ্তকাঞ্চনময় বলিয়া বিশেষদীপ্তি-শালী সুসজ্জিত সেই উত্তম রথখানা নবোদিত সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৪০॥

(৩৯)…কল্পয়ামাস শাস্ত্রবিৎ…নি। (৪০)…তপ্তকাঞ্চনসপ্রভঃ…পি বা নি।

ততঃ পুরুষশার্দ্দূলঃ সজ্জং সজ্জপুরঃসরঃ।
কৃতাহ্নিকায় পার্থায় ন্যবেদয়ত তং রথম্ ॥৪১॥
তস্তু লোকবরঃ শ্রীমান্ কিরীটী হেমবর্ম্মভৃৎ।
চাপবাণধরো বাহং প্রদক্ষিণমবর্ত্তত ॥৪২॥
ততো বিদ্যাবয়োবৃদ্ধৈঃ ক্রিয়াবদ্ভির্জিতেন্দ্রিয়ৈঃ।
স্তূয়মানো জয়াশীর্ভিরারুরোহ মহারথম্ ॥৪৩॥
জৈত্রৈঃ সাংগ্রামিকৈর্ম্মন্ত্রৈঃ পূর্ব্বমেব রথোত্তমম্।
অভিমন্ত্রিতমর্চ্চিষ্মানুদয়ং ভাস্করো যথা ॥৪৪॥
স রথে রথিনাং শ্রেষ্ঠঃ কাঞ্চনে কাঞ্চনাবৃতঃ।
বিবভৌ বিমলোঽর্চ্চিষ্মান্ মেরাবিব দিবাকরঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

তত ইতি। সজ্জানাং সন্নদ্ধানাং পুরঃসরঃ কৃষ্ণঃ। ন্যবেদয়ত সজ্জিতত্বেন ॥৪১॥
তমিতি। শ্রীমান্ বীরশোভাবান্। বাহং যানং রথম্, অবর্ত্তত অকরোৎ ॥৪২॥
তত ইতি। ক্রিয়াবদ্ভির্বৈধকর্ম্মানুষ্ঠায়িভিঃ। আরুরোহ পার্থ ইত্যনুবৃত্তিঃ ॥৪৩॥
উক্তমেবার্থং প্রকারান্তরেণাহ জৈত্রৈরিতি। জৈত্রৈর্জয়সাধনৈঃ। অর্চ্চিষ্মান্ তেজস্বী ॥৪৪॥
স ইতি। কাঞ্চনে কাঞ্চনময়ে, কাঞ্চনেন স্বর্ণময়েন বর্ম্মণা আবৃতঃ ॥৪৫॥

তাহার পর যুদ্ধসজ্জায় সজ্জিতদিগের অগ্রগণ্য পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ যাইয়া কৃতাহ্নিক অর্জ্জুনকে জানাইলেন যে 'রথ সজ্জিত হইয়াছে' ॥৪১॥

তখন লোকশ্রেষ্ঠ, বীরশোভাসম্পন্ন, কিরীটশালী, স্বর্ণবর্ম্মসন্নদ্ধ এবং ধনুর্বাণ-ধারী অর্জ্জুন আসিয়া সেই রথখানাকে প্রদক্ষিণ করিলেন ॥৪২॥

তদনন্তর বিদ্যায় ও বয়সে বৃদ্ধ, সৎকর্ম্মান্বিত এবং জিতেন্দ্রিয় লোকেরা জয়াশীর্ব্বাদ করিয়া স্তব করিতে লাগিলে, অর্জ্জুন সেই মহারথে আরোহণ করিলেন ॥৪৩॥

পূর্ব্বেই যুদ্ধজয়সাধক মন্ত্রদ্বারা সেই উত্তম রথখানাকে অভিমন্ত্রিত করা হইয়াছিল; পরে—সূর্য্য যেমন উদয়পর্ব্বতে আরোহণ করেন, সেইরূপ তেজস্বী অর্জ্জুন সেই রথে আরোহণ করিলেন ॥৪৪॥

ক্রমে নির্ম্মল ও তেজস্বী সূর্য্য যেমন সুমেরুপর্বতে প্রকাশ পান, সেইরূপ স্বর্ণময়বর্ম্মাবৃতদেহ ও রথিশ্রেষ্ঠ অর্জ্জুন সেই স্বর্ণময় রথে প্রকাশ পাইতে লাগিলেন ॥৪৫॥

(৪২) তস্তু লোকে বরঃ পুংসাম্···পি তস্তু লোকববঃ পুংসাম্ ·বা, স তু লোকবরঃ পুংসাম্···নি। (৪৫)···বিবভৌ বিমলেঽর্চ্চিষ্মান্···বঙ্গ বর্দ্ধ।

অন্বারুরুহতুঃ পার্থং যুযুধানজনার্দ্দনৌ।
শর্যাতের্যজ্ঞমায়ান্তং যথেন্দ্রং দেবমশ্বিনৌ ॥৪৬॥
অথ জগ্রাহ গোবিন্দো রশ্মীন্ রশ্মিবতাং বরঃ।
মাতলির্ব্বাসবস্যেব বৃত্রং হন্তুং প্রযাস্যতঃ ॥৪৭॥
স তাভ্যাং সহিতঃ পার্থো রথপ্রবরমাস্থিতঃ।
সহিতো বুধশুক্রাভ্যাং তমো নিঘ্নন্ যথা শশী ॥৪৮॥
সৈন্ধবস্য বধং প্রেপ্সুঃ প্রয়াতঃ শত্রুপূগহা।
সহাম্বুপতিমিত্রাভ্যাং যথেন্দ্রস্তারকাময়ে ॥৪৯॥
ততো বাদিত্রঘোষৈশ্চ মঙ্গল্যৈশ্চ স্তবৈঃ শুভৈঃ।
প্রয়ান্তমর্জ্জুনং সূতা মাগধাশ্চৈব তুষ্টুবুঃ ॥৫০॥

ভারতকৌমুদী

অন্বিতি। অনু সহ। পার্থমিতি কর্ম্মপ্রবচনীয়যোগে দ্বিতীয়া। শর্যাতে রাজ্ঞঃ ॥৪৬॥

অথেতি। রশ্মীন্ প্রগ্রহান্, রশ্মিবতাং কিরণবতাম্। মোপধত্বাদ্বত্বঃ ॥৪৭॥

স ইতি। আস্থিত আরূঢ়ঃ। তমঃ তামসিকং শত্রুবর্গমন্ধকারঞ্চ ॥৪৮॥

সৈন্ধবস্যেতি। শত্রুপূগহা শত্রুসমূহহন্তা পার্থঃ, সৈন্ধবস্য জয়দ্রথস্য বধং প্রেপ্সুঃ চিকীর্ষুঃ সন্, তারকেণ তদাখ্যেনাসুরেণ আময়ঃ পীড়নং যত্র তাদৃশে যুদ্ধে, অম্বুপতির্বরুণঃ মিত্রশ্চ দেবতাবিশেষঃ তাভ্যাং সহ ইন্দ্রো যথা, তথা প্রয়াতঃ প্রস্থিতঃ ॥৪৯॥

তত ইতি। বাদিত্রঘোষৈর্বাদ্যধ্বনিভিঃ, মঙ্গল্যৈর্মঙ্গলজনকৈঃ ॥৫০॥

শর্যাতিরাজার যজ্ঞে আসিবার কালে অশ্বিনীকুমারদ্বয় যেমন ইন্দ্রের সহিত এক বিমানে আরোহণ করিয়াছিলেন, সেইরূপ কৃষ্ণ ও সাত্যকি অর্জ্জুনের সহিত সেই একরথে আরোহণ করিলেন ॥৪৬॥

তাহার পর বৃত্রাসুরকে বধ করিবার জন্য প্রস্থানকারী ইন্দ্রের অশ্বরশ্মি যেমন মাতলি গ্রহণ করিয়াছিলেন, তেমন তেজস্বিশ্রেষ্ঠ কৃষ্ণ অর্জ্জুনের অশ্বরশ্মি (ঘোড়ার লাগাম) গ্রহণ করিলেন ॥৪৭॥

তখন অন্ধকারনাশক চন্দ্র যেমন বুধ ও শুক্রের সহিত একরাশিতে অবস্থান করেন, তেমন অর্জ্জুন কৃষ্ণ ও সাত্যকির সহিত সেই উত্তম রথে অবস্থান করিতে লাগিলেন ॥৪৮॥

পরে ইন্দ্র যেমন বরুণ ও মিত্রের সহিত তারকাসুরের যুদ্ধে প্রস্থান করিয়াছিলেন, তেমন শত্রুসমূহহন্তা অর্জ্জুন জয়দ্রথবধার্থী হইয়া কৃষ্ণ ও সাত্যকির সহিত প্রস্থান করিলেন ॥৪৯॥

(৪৭)···রশ্মিবিদাং বরঃ···বা নি,···রশ্মিভৃতাং বরঃ · বঙ্গ বৰ্দ্ধ।

সজয়াশীঃ সপুণ্যাহঃ সূতমাগধনিস্বনঃ।
যুক্তো বাদিত্রঘোষেণ তেষাং রতিকরোঽভবৎ ॥৫১॥
তমনুপ্রবণো বায়ুঃ পুণ্যগন্ধবহঃ শিবঃ।
ববৌ সংহর্ষয়ন্ পার্থং দ্বিষতশ্চাস্য শোষয়ন্ ॥৫২॥
ততস্তস্মিন্ ক্ষণে রাজন্! বিবিধানি শুভানি চ।
প্রাদুরাসন্ নিমিত্তানি বিজয়ায় বহূনি চ।
পাণ্ডবানাং ত্বদীয়ানাং বিপরীতানি মারিষ! ॥৫৩॥
দৃষ্ট্বার্জ্জুনো নিমিত্তানি বিজয়স্য প্রদক্ষিণম্।
যুযুধানং মহেষ্বাসমিদং বচনমব্রবীৎ ॥৫৪॥
যুযুধানাদ্য যুদ্ধে মে দৃশ্যতে বিজয়ো ধ্রুবঃ।
তথাহীমানি লিঙ্গানি দৃশ্যন্তে শিনিপুঙ্গব! ॥৫৫॥

ভারতকৌমুদী

সেতি। জয়াশিষা সহেতি সঃ। রতিকরঃ সমরানুরাগজনকঃ ॥৫১॥
তমিতি। অনুপ্রবণঃ অনুকূলঃ। শিবঃ শুভসূচকঃ। শোষয়ন্নিব ॥৫২॥
তত ইতি। নিমিত্তানি লক্ষণানি। হে মারিষ! আর্য্য!। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৩॥
দৃষ্ট্বেতি। প্রদক্ষিণং দক্ষিণদিগ্বর্ত্তিনম্। যুযুধানং সাত্যকিম্ ॥৫৪॥
যুযুধানেতি। দৃশ্যতে সম্ভাব্যতে। লিঙ্গানি চিহ্নানি ॥৫৫॥

তদনন্তর বাদ্যকারেরা মঙ্গলজনক বাদ্যধ্বনিদ্বারা এবং সূত ও মাগধগণ শুভসূচক স্তবদ্বারা প্রস্থানকালে অর্জ্জুনকে সন্তুষ্ট করিতে লাগিল ॥৫০॥

জয়াশীর্ব্বাদ, পুণ্যাহশব্দ ও বাদ্যধ্বনির সহিত সূত-মাগধগণের সেই কণ্ঠ-ধ্বনি কৃষ্ণ, অর্জ্জুন ও সাত্যকির যুদ্ধানুরাগ জন্মাইতে লাগিল ॥৫১॥

ক্রমে পবিত্রগন্ধবাহী ও শুভসূচক অনুকূল বায়ু অর্জ্জুনের আনন্দ এবং তাঁহার শত্রুপক্ষের শোষণ করিতে থাকিয়াই যেন বহিত হইতে থাকিল ॥৫২॥

মাননীয় রাজা! তৎপরে সেই সময়ে পাণ্ডবপক্ষের জয় ও আপনার পক্ষের পরাজয় সূচনা করিবার জন্য নানাপ্রকার বহুতর শুভলক্ষণ ও দুর্লক্ষণ প্রাদুর্ভূত হইতে লাগিল ॥৫৩॥

তখন অর্জ্জুন জয়সূচক লক্ষণ সকল দেখিয়া দক্ষিণদিগ্বর্ত্তী মহাধনুর্দ্ধর সাত্যকিকে এই কথা বলিলেন—॥৫৪॥

(৫২) তমনুপ্রয়তো বায়ুঃ···পি বা বঙ্গ বর্দ্ধ,···দ্বিষতশ্চাপি শোষয়ন্—বা নি। (৫৪)··· বিজয়ায় প্রদক্ষিণম্·· বা নি।

সোঽহং তত্র গমিষ্যামি যত্র সৈন্ধবকো নৃপঃ।
যিযাসুর্যমলোকায় মম বীর্য্যং প্রতীক্ষতে ॥৫৬॥
যথা পরমকং কৃত্যং সৈন্ধবস্য বধো মম।
তথৈব সুমহৎ কৃত্যং ধর্ম্মরাজস্য রক্ষণম্ ॥৫৭॥
স ত্বমদ্য মহাবাহো! রাজানং পরিপালয়!।
যথৈব হি ময়া গুপ্তস্ত্বয়া গুপ্তো ভবেত্তথা ॥৫৮॥
নহি পশ্যামি তং লোকে যস্ত্বাং যুধি পরাজয়েৎ।
বাসুদেবসমং সংখ্যে স্বয়মপ্যমরেশ্বরঃ ॥৫৯॥
ত্বয়ি বাহং পরাশ্বস্তঃ প্রদ্যুম্নে বা মহারথে।
শক্নুয়াং সৈন্ধবং হন্তুমনপেক্ষো নরর্ষভ! ॥৬০॥

ভারতকৌমুদী

স ইতি। কুৎসিতঃ সৈন্ধব ইতি সৈন্ধবকো জয়দ্রথঃ। যিযাসুর্যাতুমিচ্ছুঃ ॥৫৬॥
যথেতি। কৃত্যং কার্য্যম্। উভয়মপ্যবশ্যকর্ত্তব্যমিত্যাশয়ঃ ॥৫৭॥
স ইতি। রাজানং যুধিষ্ঠিরম্। গুপ্তো রক্ষিতঃ ॥৫৮॥
নহীতি। স্বয়মমরেশ্বর ইন্দ্রোঽপি ন পরাজয়েত্তেত্যর্থঃ ॥৫৯॥

'শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি! আজ যুদ্ধে আমারই নিশ্চিত জয় হইবে বলিয়া মনে হইতেছে। যে হেতু এই সকল শুভলক্ষণ দেখা যাইতেছে ॥৫৫॥

অতএব দুরাত্মা সিন্ধুরাজ জয়দ্রথ যমলোকে যাইবার ইচ্ছা করিয়া যেখানে থাকিয়া আমার শক্তির প্রতীক্ষা করিতেছে, আমি সেইখানে যাইব ॥৫৬॥

জয়দ্রথকে বধ করা যেমন আমার কর্ত্তব্য, তেমন ধর্ম্মরাজকে রক্ষা করাও আমার অতিপ্রধান কর্ত্তব্য ॥৫৭॥

অতএব মহাবাহু! আজ তুমি ধর্ম্মরাজকে রক্ষা কর। কেন না, তাঁহাকে আমার রক্ষা করা যেমন, তোমার রক্ষা করাও তেমনই হইবে ॥৫৮॥

আমি জগতে তেমন লোক দেখি না, যে তোমাকে যুদ্ধে পরাজয় করিতে পারে। কেন না, তুমি যুদ্ধে কৃষ্ণের তুল্য। সুতরাং স্বয়ং ইন্দ্রও তোমাকে পরাজয় করিতে পারেন না ॥৫৯॥

নরশ্রেষ্ঠ! তোমার উপরে কিংবা মহারথ প্রদ্যুম্নের উপরে ভার অর্পণ করিয়া আমি বিশেষ আশ্বস্ত হইয়া, রাজাকে রক্ষা করিবার অপেক্ষা না রাখিয়া জয়দ্রথকে বধ করিতে পারিব ॥৬০॥

---

(৬০) ত্বয়ি [illegible] পরাশ্বস্ত...পি বর্দ্ধ।

ময্যপেক্ষা ন কর্ত্তব্যা কথঞ্চিদপি সাত্বত !।
রাজন্যেব পরা গুপ্তিঃ কার্য্যা সর্ব্বাত্মনা ত্বয়া ॥৬১॥
নহি যত্র মহাবাহুর্ব্বাসুদেবো ব্যবস্থিতঃ।
কিঞ্চিদ্ব্যাপদ্যতে তত্র যত্রাহমপি চ ধ্রুবম্ ॥৬২॥
এবমুক্তস্তু পার্থেন সাত্যকিঃ পরবীরহা।
তথেত্যুক্ত্বাগমত্তত্র যত্র রাজা যুধিষ্ঠিরঃ ॥৬৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়ামর্জ্জুনবাক্যে ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——***——

ভারতকৌমুদী

ত্বয়ীতি। পরাশ্বস্তো ভারার্পণেনাতীবাশ্বস্তঃ। অনপেক্ষো রাজরক্ষাপেক্ষারহিতঃ ॥৬০॥
ময়ীতি। অপেক্ষা সাহায্যাকাঙ্ক্ষা। গুপ্তিঃ রক্ষা, সর্ব্বাত্মনা সর্বপ্রযত্নেন ॥৬১॥
নহীতি। তত্র ব্যাপদ্যতে বিপদাশঙ্কা স্যাৎ। যত্রাহমপি চ নহি ব্যবস্থিতঃ ॥৬২॥
এবমিতি। পরবীরহা বিপক্ষবীরহন্তা ॥৬৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

ভারতভাবদীপঃ

সরঃ সামগ্রীসমগ্রঃ। ॥৪১॥ ততো মৃদুচ্ছন্দানুবর্ত্তিতং প্রদক্ষিণম্ ॥৪২—৬০॥ অপেক্ষা অনুরোধঃ ॥৬১—৬৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৩॥

——০*০——

সাত্বতবংশীয়! তুমি আমার কোন অপেক্ষা করিও না, তুমি সর্ব্বপ্রযত্নে কেবল রাজাকে রক্ষা করিবে ॥৬১॥

কারণ, যেখানে মহাবাহু কৃষ্ণ থাকিবেন না, কিংবা আমিও থাকিব না, সেখানে অবশ্যই কোন বিপদ্ হইবার সম্ভাবনা আছে' ॥৬২॥

অর্জ্জুন এইরূপ বলিলে, বিপক্ষবীরহন্তা সাত্যকি 'তাহাই হইবে' এই কথা বলিয়া—যেখানে রাজা যুধিষ্ঠির ছিলেন, সেইখানে চলিয়া গেলেন' ॥৬৩॥

——:০:——

* '…দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '…চতুরশীতিতমোঽধ্যায়ঃ' না রা নি।